(2) Provisions of rule 26(2), (3), (4) shall apply, mutatis mutandis, in such cases.

Note: ¹Amended vide S.R.O. No. 288-Law/2007-CD-4/1/2007-Rules, Dated 10 December 2007.

CHAPTER V MISCELLANEOUS PROVISIONS

28. **Protection and communication of official information.**—(1) No information acquired directly or indirectly from official documents or relating to official matters shall be communicated by a Government servant to the press, to non-official or even officials belonging to other Government offices, unless he has been generally or specially, empowered to do so.

(2) Detailed instructions shall be issued by Cabinet Division for treatment and custody of state documents.

(3) Ordinarily all official news and information shall be conveyed to the press and the public through Information Ministry or any office subordinate to it. The manner in which this may be done shall be prescribed by general or special orders to be issued by the Information Ministry.

(4) Ministers shall act as official spokesmen of the Government in respect of their Ministries. Secretaries and such other officers, as may be authorized by the Government, may act as official spokesmen. No statement involving foreign policy shall normally be made by a person, other than the Prime Minister and the Foreign Minister, without prior consultation with the Ministry of Foreign Affairs.

29. **Channels of communication with foreign government/agencies.**—(1) Except as provided in sub-rule (3) below all correspondence made by a Ministry/Division/ Attached Department with the Government of a foreign country or a foreign mission in Bangladesh or an international organization shall normally be conducted through the Ministry of Foreign Affairs except in matters relating to the utilization of agreed foreign assistance concerning the Ministry/Division:

Provided that by means of general or special orders to be issued by the Ministry of Foreign Affairs direct correspondence may be allowed under such conditions and circumstances as may be specified from time to time.

(2) For direct contact by Ministries with foreign missions located in Bangladesh, the following points are to be carefully observed :

- (i) Representatives of foreign missions are required to call on officials of the host Government and never *vice versa*;
- (ii) Ministers, Ministers of State and Deputy Ministers should normally receive only Heads of Missions, *i.e.*, Ambassadors/High Commissioners or Charge d' Affaires;
- (iii) Secretaries/Heads of Attached Department/Heads of Autonomous Bodies should receive Heads of Missions, *i.e.*, Ambassadors, High Commissioners or Charge d' Affaires. When the Head of a Mission is not in Dhaka the second official of the Mission in order of hierarchy may be received provided such officials are not below the rank of Counselor or First Secretary, and the business at hand is of urgent nature.
- (iv) Normally contacts with foreign missions should be limited to the level of Joint Secretaries who should receive the second official of the mission in order of hierarchy. They may receive the next official in rare cases provided such officials carry the rank of First Secretary.

(3) All requests to a foreign government or an international organization for economic or technical assistance shall be made through the Economic Relation Division or Finance Division, as the case may be, which shall correspond with the foreign government and other international agencies, except in matters relating to the utilization of the agreed foreign assistance concerning the Ministry/Division.

30. **Correspondence with Defence Headquarters.**—All correspondence with the Headquarters of Defence, Forces or their subordinate formations shall normally be conducted through the Ministry of Defence/Armed Forces Division as the case may be :

Provided that by means of general or special orders to be issued by the Ministry of Defence/Armed Forces Division concerning them, direct correspondence may be allowed under such conditions and circumstances as may be specified;

Provided further that the provisions of this rule shall not affect normal communications between a Service Commander and Civil authorities or inter departmental discussions in which service representatives are required to take part.

31. **Correspondence by Defence Headquarters with Ministry/Division.**—Correspondence from the Defence Headquarters with other Ministry/Division shall be made through the Ministry of Defence/Armed Forces Division.

¹[31A. **Pre-Publication of draft rule and regulation.**— (1) Where the Government decides to pre-publish draft proposal for making or amending any rule or regulation, such rule or regulation shall be published in the official Gazette as well as Website of the concerned Ministry or Division with a notice specifying at least three weeks time for seeking public opinion. The Ministry/Division shall send a notice regarding the pre-publication of the rule or regulation in their Website along with the Website address to at least three Daily Newspapers to print.

(2) Where any opinion is received under this rule, such opinion shall be taken into consideration, and the draft rule or regulation shall be amended or modified, if deemed necessary, upon such consideration.]

32. **General.**—(1) The Secretary of the Ministry/Division concerned shall be responsible for careful observance of these Rules in his jurisdiction and where he considers that there has been any material departure from them, he shall bring the matter to the notice of the Minister-in-charge and, if necessary, to Cabinet Division.

(2) If any doubt arises as to the interpretation of these Rules it shall be referred to Cabinet Division. Cabinet Division shall obtain orders of the Prime Minister where necessary, and its decision shall be final.

(3) Instruction ancillary to these Rules shall, whenever considered necessary, be issued by the Cabinet Division.

(4) No officer below the rank of a Joint Secretary shall take initiative in approaching a Minister in connection with official business. A Minister may, if he so desires, call any officer of his Ministry for oral discussion.

(5) Whenever the Head of an Attached Department, Autonomous Body or Corporation or any officer holds oral discussion with his Minister, shall communicate the points made during discussion to his Secretary at the first possible opportunity.

33. **Departure from Rules.**—The Prime Minister may, in any case or classes of cases, permit or condone a departure from these Rules to the extent he deems necessary.

²[34. *** ***)

By order of the President
19 October 1996

SYED AHMED
Cabinet Secretary.

Note : ¹Amended vide S.R.O No 276-Law/2008-CD-19/1/2007-Rules, Dated 30 September 2008.

²Omitted vide S.R.O No 325-Law/2011, Dated 24 October 2011.

SCHEDULE-I

Allocation of Business among the different Ministries and Divisions

(Printed separately in the form of a booklet)

SCHEDULE-II

[Rule 5 (ii)]

List of officers authorized to make and execute orders and other instruments in the name of the President

- (1) Secretary, Additional Secretary, Joint Secretary, Deputy Secretary, Senior Assistant Secretary, Assistant Secretary to the Government of the People's Republic of Bangladesh or an officer who is granted one of these ranks ex-officio, Director-General, Director, Prime Minister's Office/Ministry of Foreign Affairs. Director-General/Director/Deputy Director/Assistant Director/Research Officer, IMED, Chief, Joint Chief, Deputy Chief, Assistant Chief, Research Officer of the Planning Commission or Ministry/Division.
- (2) In respect of the matters within their jurisdiction :
 - (a) Director-General or Additional Director-General, Bangladesh Post Office Department and Chairman or Member or Chief Engineer, Bangladesh Telegraph and Telephone Board.
 - (b) Other Officers of Agencies/Departments of the Government as may be notified by the Government from time to time.
- (3) Military Secretary to the President or Deputy Secretary or Senior Assistant Secretary or Assistant Secretary in the President's Office.
- (4) Any other officer authorized as such by the respective Ministry after due consultation with the Cabinet Division.

SCHEDULE-III

[Rule 6 (i)]

List of cases to be submitted to the President directly

Serial No.	Nature of Cases	Article of the Constitution
CABINET DIVISION		
1.	Appointment and resignation of the Prime Minister	56(3)/57, 48(3)
²[MINISTRY OF LAW, JUSTICE AND PARLIAMENTARY AFFAIRS; LAW AND JUSTICE DIVISION]		
2.	Appointment and resignation of the Chief Justice of Bangladesh.	95(1), 48(3)

Note: ² Amended vide S.R.O No 273-Law/2009-CD-4(1)/2009-Rules, Dated 23 December 2009.

SCHEDULE-IV

[Rule 7]

List of cases to be submitted to the Prime Minister and the President

Serial No.	Nature of Cases	Article of the Constitution
PRESIDENT'S OFFICE		
1.	Appointment of secretariat staff of the President (officers only) and appointment of Military Secretary and ADC and other officers in the Office of the Military Secretary to the President.	
CABINET DIVISION		
2.	President's emoluments, allowances, privileges and official residences.	147
3.	Appointment and resignation of Ministers, Ministers of State and Deputy Ministers.	56(1), 56(2)
4.	The President's Addresses and messages to the Parliament.	73
5.	Framing of the Rules for Allocation and Transaction of Business of the Government.	55(6)
6.	Alteration and amendment of the Rules for Allocation and Transaction of Business.	55(6)
7.	Determination alteration and amendment in the Warrant of Precedence.	
8.	Declaration of War.	63(1)
¹ [8A.	Appointment, resignation and determination of conditions of service of the Chief Election Commissioner and other Election Commissioners.	118(1), (5) & (6)
8B.	Removal of the Chief Election Commissioner and Election Commissioners.	118(5) & 96(2)
8C.	Making available to the Election Commission on its request, such staff as may be necessary.]	120
²[MINISTRY OF PUBLIC ADMINISTRATION]		
9.	Appointment and resignation of Chairman and members of the Bangladesh Public Service Commission.	138(1) 139(3)
10.	Condition of services of Chairman and Members of Bangladesh Public Service Commission until Parliament by law makes provision for the same.	138(2)
11.	Removal of Chairman and Members of the Bangladesh Public Service Commission.	139(2) & 96(2)
12.	Proposals not to accept any recommendation of the Bangladesh Public Service Commission on matters in respect of which the Commission was consulted as required under Article 140(2) of the Constitution.	140(2)

Note: ¹Amended vide S.R.O No 319-Law/2008-CD-4/2/2007-Rules, Dated 25 November 2008.

²Amended vide S.R.O No 82-Law/2012, Dated 29 March 2012

Serial No.	Nature of Cases	Article of the Constitution
13.	Subject to provisions of any law/regulation reference to the Bangladesh Public Service Commission for advice on any matter on which the commission is required to be consulted under Article 140(2).	140(2)
14.	Annul report and memorandum on the performance and functions of the Bangladesh Public Service Commission.	141
15.	First appointment to any post belonging to any regularly constituted cadre service.	
16.	First appointment to any service or post which under the recruitment rules are required to be submitted for approval of the President.	
17.	Cases of dismissal, removal, compulsory retirement, reduction in rank of officers of whom the President is the appointing authority.	
18.	Making of rules regulating appointments and conditions of service of persons in the service of the Republic until such appointment are regulated by law of the Parliament.	133
19.	To dispense with opportunity of showing cause to persons holding civil posts in the service of the Republic against dismissal, removal or reduction of the rank in the interest of the security of the State.	135(2) (iii)
MINISTRY OF DEFENCE		
20.	Appointment of chiefs of staff of the Defense Services (Army, Navy and Air force) and their salaries and allowances.	62(1)(c)
21.	Grant of Commissions in the Armed Forces and in the Reserves of the Armed Forces, to direct recruits or persons already enlisted.	62(1)(a)(b)
22.	Making of orders in regard to raising and maintaining of the Defense Services of Bangladesh and of their Reserves.	62(1)(a)
23.	Dismissal, otherwise than by sentences of Courts Martial, of Commissioned Officers of the Armed Forces of Bangladesh (other than Junior Commissioned Officers).	
24.	Petitions against sentences of dismissal, cashiering imprisonment or death awarded by Courts Martial to Commissioned Officers of the Armed Forces of Bangladesh (other than Junior Commissioned Officers).	
MINISTRY OF HOME AFFAIRS		
25.	Grant of pardons, reprieves, respites, suspensions, remission or commutation of any sentence passed by any court, tribunal or other authority.	49
26.	Proclamation of Emergency and revocation of Emergency.	141A
27.	Suspension of enforcement of Fundamental Rights during Emergency.	141C(1)
MINISTRY OF FOREIGN AFFAIRS		
28.	Appointment and removal of Ambassadors/High Commissioners, Ministers and Charge d' Affaires of Bangladesh to foreign countries.	
29.	Accreditation of Ambassadors/High Commissioners/ Charge d' Affaires of foreign country in Bangladesh.	
30.	Messages to Heads of Foreign Countries.	
31.	Title, honour, award or decoration of Bangladesh nationals by any foreign countries.	30
32.	Accreditation of Ambassadors, High Commissioners and Charge d' Affaires of Bangladesh.	
33.	Grant or refusal of agreement for persons proposed to be accredited as head of foreign Diplomatic Mission/High Commissions and declaring them <i>Persona non-grata</i> .	

Serial No.	Nature of Cases	Article of the Constitution
FINANCE DIVISION		
34.	¹ [Recommendation of the President for introduction of Money Bill or any Bill which involves expenditure from public moneys, excluding the Money Bill relating to the subjects administered by the internal Resources Division.]	82
35.	Making of rules for custody of public money their payments into the consolidated fund, etc. until regulated by an Act of Parliament.	85
36.	Recommendation of the President to demand for grant.	89(3)
37.	Authorization of expenditure from the consolidated fund and proposal for causing to be laid before the Parliament a supplementary and/or excess financial statement.	91
38.	Appointment and resignation of the Comptroller and Auditor-General of Bangladesh.	127(1)
39.	Determining conditions of service of the Auditor-General, until Parliament by law makes provision for the same.	127(2)
40.	Making provisions by order for prescribing functions of the Auditor-General, in addition to those specified in Article 128(1) until Parliament by law makes provision for the same.	128(3)

Note: ¹Amended vide Cabinet Division Notification No. CD-4/1/98-Rules/132, Dated 17 November 1999.

Serial No.	Nature of Cases	Article of the Constitution
41.	Removal of the Comptroller and Auditor-General of Bangladesh.	96(2) & 129(2)
42.	Appointment of acting Comptroller and Auditor-General of Bangladesh.	130
43.	Form and manner of keeping Public Accounts proposed to prescribed by the Auditor-General.	131
44.	The report of the Comptroller and Auditor-General relation to Public Accounts of the Republic before its submission to the Parliament.	132
³ [BANK AND FINANCIAL INSTITUTIONS DIVISION]		
45.	Appointment of Governor, Bangladesh Bank.	

Note: ³Amended vide S.R.O No. 07-Law/2010-CD-4(6)/2009-Rules, Dated 06 January 2010.

⁴[INTERNAL RESOURCES DIVISION

- 45.A Recommendation of the President for introduction of Money Bill relating to the subjects administered by the Internal Resources Division.] 82

⁵[LAW AND JUSTICE DIVISION

46. Appointment of the Attorney-General for Bangladesh. 64
47. Assignment of duties of the Attorney-General, determination of his remuneration and termination of his office. 64(2) & (4)
48. Appointment and resignation of the Judges of the Supreme Court of Bangladesh. 95(1)
49. Removal of the Judges of Supreme Court of Bangladesh. 96(2)
50. Framing of rules on pay, allowances and privileges of Judges of the Supreme Court until determined by or made under an Act of Parliament. 147
51. Performance of the duties of the Chief Justice by the next Senior Judge of the Appellate Division of the Supreme Court. 97
52. Appointment and resignation of Additional Judges of the Supreme Court. 98
53. Holding of Sessions of High Court Division at places other than the Capital. 100
54. Obtaining opinion of the Supreme Court on a question of law. 106
55. Rules made for regulating practices and procedures of each division of the Supreme Court and of any court sub-ordinate to it, subject to any law made by Parliament.] 107(1)

⁶ [LEGISLATIVE AND PARLIAMENTARY AFFAIRS DIVISION

56. Making of rules specifying the manner in which orders and other instruments made in the name of the President should be attested or authenticated. 55(5)
57. Promulgation of Ordinances.] 93(1) & (3)

⁷ [** ** **]

PARLIAMENT SECRETARIAT

61. Summoning, prorogation and dissolution of Parliament. 72(1), 57(2)
62. Recalling and summoning of Parliament that stands dissolved. 72(4)
63. Bills passed by Parliament for the President's assent. 80(2)

⁴Amended vide Cabinet Division Notification No. CD-4/1/98-Rules 132, Dated 17 November 1999.

⁵Amended vide S.R.O No. 273-Law/2009-CD-4(1)/2009-Rules, Dated 23 December 2009.

Note: ⁶Amended vide S.R.O No. 273-Law/2009-CD-4(1)/2009-Rules Dated 23 December 2009.

⁷'ELECTION COMMISSION SECRETARIAT' heading, serial No 58, 59 and 60 and its entries deleted vide S.R.O No 319-Law/2008-CD-4/2/2007-Rules, Dated 25 November 2008.

SCHEDULE-V

[Rule 8]

List of cases to be submitted to the Prime Minister

Serial No.	Nature of Cases	Article of the Constitution
⁸[MINISTRY OF PUBLIC ADMINISTRATION]		
1.	Appointment, resignation and removal of Chairmen and Members of any Non-statutory Commissions.	
2.	Framing of rules on pay, allowances, privileges of members of Non-statutory Commissions.	
3.	Nomination of Bangladesh citizens to important posts on executive and other organs of international bodies such as the International Monetary Fund, the World Bank, etc.	
4.	Secretariat appointments of the ranks of Deputy Secretary to Secretary.	
5.	Transfer and posting of and above the rank of Joint Secretary in the Secretariat.	
6.	Appointments of Chairman and Members of the Land Appeal Board and Land Reforms Board.	
7.	Appointment to the post of Chairman/Managing Director of Statutory Bodies, other than the Chairman/Managing Director of Financial Institution and Chairman of Education Boards.	
8.	Appointment, transfer and posting of Divisional Commissioners, Addl. Commissioners and Deputy Commissioners.	
MINISTRY OF DEFENCE		
9.	All promotions to the ranks of Colonel and above in Army and equivalent ranks in Navy and Air Force.	
MINISTRY OF HOME AFFAIRS		
10.	Appointment to posts of equivalent rank of Lt. Colonel and above in Ansars and VDP.	
11.	Appointment, transfer and posting of officers of the rank of Superintendent of Police and above in the Police Department.	
MINISTRY OF FOREIGN AFFAIRS		
12.	Messages to Heads of Foreign Government.	
⁹[BANK AND FINANCIAL INSTITUTION DIVISION]		
13.	Appointment to the post of Chairman/Managing Director of State owned banks, Insurance & development financial institutions.	
EDUCATION DIVISION		
14.	Appointment to the post of Chairman of Education Boards.	
ALL MINISTRIES/DIVISIONS		
15.	Appointment to the posts of Executive Director/ Member/ Director of statutory bodies by whatever name called. Provided that appointment of Director (Administration), Director (Finance), Secretary of the statutory bodies shall be consulted with Ministry of Public Administration.	

Note: ⁸Amended vide S.R.O No. 82-Law/2012, Dated 29 March 2012.

Note: ⁹Amended vide S.R.O No. 07-Law/2010-CD-4(6)/2009-Rules, Dated 06 January 2010.

Serial No.	Nature of Cases	Article of the Constitution
16	Appointment of Head of Attached department.	
17	All appointments in attached departments and subordinate offices in the NPS-3 and above.	
18	Cases of suspension of officer holding posts to the scales of NPS-3 and above.	
19	Delegation to International Assemblies and Conferences.	
20	Grant of permission on special consideration for treatment abroad, to the members of staff/officers of the Autonomous, Semi-Autonomous and Nationalized Organizations, if expenditure to be incurred for such treatment is borne either fully or partly by the Government or Autonomous Bodies/Organizations concerned.	
21	Any other matter which the Prime Minister may from time to time by general or special order, specify.	

SCHEDULE-VI

[Rule-6(ii)]

[Article-48(5) of the Constitution]

Periodical Reports and other papers which shall be laid before the President for information.

Serial No	Nature of cases
1	Periodical reports of activities of Ministries/Divisions.
2	Decisions of the Cabinet meetings.
3	Agreements and treaties concluded with foreign countries and International Organizations.
4	Report of the Statutory Commissions and other Committees/ Commissions.
5	Periodical intelligence reports.
6	Copies of important communications between Ministry of Foreign Affairs and Bangladesh missions abroad.

SCHEDULE-VII

[Rule-8(ii)]

Periodical reports and other papers which shall be laid before the Prime Minister.

Serial No	Nature of cases
1	Periodical reports of activities of Ministries/Divisions.
2	Decisions of the Cabinet meetings.
3	Decisions of the Cabinet Committees along with Summaries and other connected papers.
4	Monthly/quarterly summaries and such other periodical reports as are required to be submitted by Ministries/Divisions to the Cabinet.
5	Agreements and treaties concluded with foreign countries and International Organizations.
6	Reports of the Statutory Commissions and other Committees/ Commissions.
7	Daily/weekly and other intelligence summaries from all intelligence agencies.
8	Any other report as considered necessary by the Prime Minister.

B.G.P-2011/12-7027 Com(C-2)—500 Books, 2012.

২.০ বাণিজ্য মন্ত্রণালয় :

বাণিজ্য মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর মন্ত্রণালয়। স্বাধীনতা উত্তর বাংলাদেশে ১৯৭২ খ্রিস্টাব্দে বাণিজ্য মন্ত্রণালয়ের যাত্রা শুরু হয়। ১৯৮১ খ্রিস্টাব্দে বাণিজ্য মন্ত্রণালয়কে বাণিজ্য বিভাগ ও বৈদেশিক বাণিজ্য বিভাগ নামে দু'টি বিভাগে বিভক্ত করা হয়। ১৯৮২ খ্রিস্টাব্দে শিল্পের সাথে একীভূত হয়ে শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয় হিসেবে আত্মপ্রকাশ করে। সে সময় বাণিজ্য বিভাগ, শিল্প বিভাগ এবং পাট বিভাগ এ মন্ত্রণালয়ের আওতাভুক্ত করা হয়। ১৯৮৫ খ্রিস্টাব্দ থেকে বাণিজ্য মন্ত্রণালয় হিসেবে পুনঃকার্যক্রম শুরু হয়। ১৯৫৬-৫৭ খ্রিস্টাব্দে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান অন্যান্য মন্ত্রণালয়ের সাথে বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

সরকারি কার্যপ্রণালী বিধিতে বাণিজ্য এবং বাণিজ্যের সাথে সম্পর্কিত ৩১ ধরনের কাজকে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাভুক্ত করা হয়েছে। এ কাজগুলো মূলতঃ অভ্যন্তরীণ ব্যবসা-বাণিজ্য চলমান রাখা এবং সম্প্রসারণে সহায়তা, আমদানি বাণিজ্যকে নিয়ন্ত্রণ করা, দ্রব্যমূল্য পরিস্থিতি স্বাভাবিক ও সহনীয় পর্যায়ে রাখা, পণ্য ও সেবা রপ্তানির বাজার সম্প্রসারণ, আন্তর্জাতিক বাণিজ্যের সাথে সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ ও রপ্তানির স্বার্থে দরকষাকষি করা, ব্যবসা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক চুক্তি সম্পাদন, পণ্যের ট্যারিফ নির্ধারণ, বাণিজ্য সংক্রান্ত গবেষণা কার্যক্রম, তথ্য-উপাত্ত সংরক্ষণ, বিসিএস (ট্রেড) ক্যাডার কর্মকর্তাদের প্রশাসনিক নিয়ন্ত্রণ ইত্যাদি। বাণিজ্য মন্ত্রণালয়ের উপর অর্পিত এ সকল কার্যক্রম পরিচালনার জন্য বেশ কয়েকটি অধীনস্ত দপ্তর/সংস্থা রয়েছে। এগুলো হচ্ছে :

- ১। রপ্তানী উন্নয়ন ব্যুরো
- ২। আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
- ৩। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
- ৪। যৌথমূলধন কোম্পানী ও ফার্ম সমূহের নিবন্ধকের কার্যালয়
- ৫। বাংলাদেশ চা বোর্ড
- ৬। ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
- ৭। বাংলাদেশ ট্যারিফ কমিশন
- ৮। বিজনেস প্রমোশন কাউন্সিল
- ৯। কম্পিটিশন কমিশন

২.১ প্রশাসন অনুবিভাগ :

বাণিজ্য মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ ০৯ (নয়) টি শাখা/অধিশাখার সমন্বয়ে গঠিত। অনুবিভাগের প্রধান হিসেবে একজন অতিরিক্ত সচিব/যুগ্মসচিব দায়িত্বে রয়েছেন। প্রতিটি শাখা/অধিশাখায় ১ জন প্রশাসনিক কর্মকর্তা, ১ জন অফিস সহকারী এবং ১ জন অফিস সহায়ক নিয়ে কার্যক্রম সম্পাদন করা হয়ে থাকে। নিম্নে সম্পাদিত কার্যাবলির সংক্ষিপ্ত বিবরণ উল্লেখ করা হলো।

প্রশাসন অনুবিভাগের কার্যাবলি :

- বাণিজ্য মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর, অধিদপ্তর ও সংস্থার কর্মকর্তাগণের পদায়ন ও প্রশাসনিক কার্যাদি;
- বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মচারীদের নিয়োগ বদলি ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম;
- বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্মচারীদের অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলি;
- বিদেশস্থ বাণিজ্যিক মিশনসমূহে কর্মকর্তা/কর্মচারী (২য় ও ৩য় শ্রেণি) নিয়োগ ও তাদের প্রশাসনিক কার্যাবলি;
- জাতীয় সংসদ ও সংসদীয় স্থায়ী কমিটি সংক্রান্ত কার্যাবলি;
- বাজেট ও অডিট সংক্রান্ত কার্যাবলি;
- ক্রয় ও সেবা সংক্রান্ত কার্যাবলি;
- বাণিজ্য মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার দেওয়ানি ও ফৌজদারি মোকদ্দমা সংক্রান্ত কার্যক্রম;
- প্রটোকল সংক্রান্ত কার্যক্রম।

বাণিজ্য মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোর পদ বিন্যাস :

অনুমোদিত পদের সংখ্যা					কর্মরত পদের সংখ্যা					শূন্য পদের সংখ্যা				
১ম	২য়	৩য়	৪র্থ	মোট	১ম	২য়	৩য়	৪র্থ	মোট	১ম	২য়	৩য়	৪র্থ	মোট
৬৬	৭৫	৫৮	৫৮	২৫৭	৬৩	৫৮	৫১	৫৩	২২৫	০৩	১৭	০৭	০৫	৩২

২.২ রপ্তানি অনুবিভাগ :

মুক্ত বাজার অর্থনীতির ক্রমবিকাশে বিশ্ববাণিজ্য ব্যবস্থায় প্রতিনিয়ত ব্যাপক পরিবর্তন ও পরিবর্তন হচ্ছে। দ্রুত পরিবর্তনশীল ও প্রতিযোগিতামূলক বিশ্ববাণিজ্য ব্যবস্থায় টিকে থাকার জন্য বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল ও বহিমুখী করে তোলা বাণিজ্য মন্ত্রণালয়ের রপ্তানি অনুবিভাগ এর মুখ্য উদ্দেশ্য। ফলে রপ্তানি নীতি প্রণয়ন, বিদেশে বাণিজ্য প্রতিনিধি প্রেরণ, বিভিন্ন দেশের সঙ্গে বাণিজ্য চুক্তি সম্পাদন, আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ, পণ্য বহুমুখীকরণ, রপ্তানিযোগ্য পণ্যের শুদ্ধমুক্ত প্রবেশাধিকার প্রভৃতি লক্ষ্যে এ অনুবিভাগ থেকে বিভিন্ন বাস্তবধর্মী কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে।

রপ্তানি অনুবিভাগের কার্যাবলি :

- প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্য ব্যবস্থায় বাংলাদেশের রপ্তানি প্রবৃদ্ধিকে সুসংহত ও টেকসই রাখা এবং রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে রপ্তানি নীতি প্রণয়ন;
- রপ্তানি বৃদ্ধির ধারাবাহিকতা রক্ষার স্বার্থে রপ্তানির লক্ষ্যমাত্রা নির্ধারণ ও মনিটরিং;
- বাণিজ্য সম্প্রসারণ এবং দু'দেশের মধ্যে বাণিজ্যিক ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে দ্বি-পাক্ষিক বাণিজ্য চুক্তি সম্পাদন;
- পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণসহ বিশ্বের বিভিন্ন দেশে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণ;
- রপ্তানি বিষয়ে সামগ্রিক সহায়তা প্রদান ও বাণিজ্য সম্প্রসারণে বৈদেশিক বাণিজ্যিক উইং স্থাপন;
- প্রতিযোগিতার মাধ্যমে রপ্তানি বাজারে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রতি বছর ব্যক্তি/প্রতিষ্ঠানকে সিআইপি কার্ড ও রপ্তানি ট্রফি প্রদান;
- দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত ও প্রতিযোগি করার লক্ষ্যে কতিপয় নির্দিষ্ট পণ্যের ক্ষেত্রে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদান;
- বাংলাদেশ চা বোর্ডের ব্যবস্থাপনায় চা শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে নানাবিধ কার্যক্রম গ্রহণ;
- দেশীয় পণ্যের মান উন্নয়ন এবং এর প্রতিযোগিতার সক্ষমতা তৈরীর লক্ষ্যে দেশের অভ্যন্তরে আন্তর্জাতিক মেলার আয়োজন;
- রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ এবং বাণিজ্য ঘাটতি কমিয়ে আনার লক্ষ্যে বিভিন্ন দেশে শুল্ক ও কোটামুক্ত সুবিধা অর্জনে কার্যক্রম গ্রহণ।

২.২.১

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর, ৯, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৩ শাখা

নং বাম/সিই/১(১১১)/সিআইপি নীতিমালা/র-৩/২০১০/৬১৭

তারিখঃ ৩০-১০-২০১৩ খ্রিঃ

সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩

- সংক্ষিপ্ত শিরোনাম : বর্তমানে প্রচলিত সিআইপি (রপ্তানি) সংক্রান্ত বিধি-বিধানকে যুগোপযোগী করার লক্ষ্যে এই নীতিমালা প্রবর্তন করা হলো। এই নীতিমালা সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ নামে অভিহিত হবে।
- সিআইপি (রপ্তানি) এর সংখ্যা :
 - বাণিজ্য মন্ত্রণালয়ের সিআইপিগণ দু'টি ক্যাটাগরীতে বিভক্ত হবেন- (১) সিআইপি (পণ্য রপ্তানি) এবং (২) সিআইপি (ট্রেড)। পদাধিকারবলে নির্বাচিত সিআইপিগণ সিআইপি (ট্রেড) এবং পণ্য ভিত্তিক সিআইপিগণ সিআইপি (পণ্য রপ্তানি) হিসাবে পরিচিত হবেন।
 - সিআইপি (রপ্তানি) এর মোট সংখ্যা ১৮৮ (একশত আটাত্তিশ) জন যার মধ্যে ৪৮ (আটচল্লিশ) জন নির্বাচিত হবেন পদাধিকারবলে সিআইপি (ট্রেড) হিসাবে ও বাকী ১৪০ (একশত চল্লিশ) জন বিভিন্ন পণ্যখাত থেকে রপ্তানি যোগ্যতা অনুযায়ী নির্বাচিত হবেন। তবে ১৪০ জন (পণ্য রপ্তানি) সিআইপি এর মধ্যে ৫ (পাঁচ) জন ইপিজেডভুক্ত 'সি' ক্যাটাগরীর রপ্তানিকারকগণের মধ্য থেকে নির্বাচিত হবেন।
- বার্ষিক রপ্তানি আয়ের ভিত্তিতে খাতভিত্তিক রপ্তানিকারক সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচিত হবেন।

(৯৬২৯)

মূল্য : টাকা ১২.০০

৪. (১) পদাধিকারবলে নিম্নোক্ত ব্যক্তিবর্গ সিআইপি (ট্রেড) হিসেবে নির্বাচিত হবেনঃ
- (ক) চেম্বার গ্রুপ হতে নির্বাচিত এফবিসিসিআই এর পরিচালক ১৫ জন
- (খ) এসোসিয়েশন গ্রুপ হতে নির্বাচিত এফবিসিসিআই এর পরিচালক ১৫ জন
- (গ) নিম্নোক্ত চেম্বারসমূহ কর্তৃক মনোনীত এফবিসিসিআই এর পরিচালক ০৯ জন
- (১) ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (২) চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (৩) রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (৪) খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (৫) সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (৬) বরিশাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (৭) মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা;
- (৮) বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (৯) রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ঘ) নিম্নোক্ত এসোসিয়েশনসমূহ কর্তৃক মনোনীত এফবিসিসিআই এর পরিচালক ০৯ জন
- (১) বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (২) বাংলাদেশ ট্রেজারিটাইল মিলস এসোসিয়েশন;
- (৩) বাংলাদেশ ফ্লেজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (৪) বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন;
- (৫) বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি;
- (৬) বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস;
- (৭) বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন;
- (৮) বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (৯) বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সী'জ।

মোট = ৪৮ জন

- (২) সিআইপি (ট্রেড) হিসাবে মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনের নির্বাচিত কার্যনির্বাহী কমিটি থাকতে হবে এবং কোন বাণিজ্য সংগঠনের সভাপতি এফবিসিসিআই এর পরিচালক হিসেবে বহাল থাকলে উক্ত বাণিজ্য সংগঠন থেকে সংশ্লিষ্ট বছরে আর সিআইপি (রপ্তানি) মনোনয়ন দেয়া যাবে না।

৫. (ক) পণ্যভিত্তিক বিভাজন : সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচনের জন্য রপ্তানি পণ্যসমূহকে ২২ টি ক্যাটাগরীতে ভাগ করা হলো :-

- (১) কাঁচা পাট
- (২) পাটজাত দ্রব্য (জুট ইয়ার্ন ও টোয়াইন, জুট কার্পেট, জুন ম্যানুফেকচারার্স)
- (৩) চামড়া (ক্রাস্ট/ফিনিশড)
- (৪) চামড়াজাত দ্রব্য (চামড়ার জুতা, ব্যাগ, ওয়ালেট, বেল্ট, জ্যাকেট ইত্যাদি)
- (৫) হিমায়িত খাদ্য
- (৬) চা
- (৭) ওভেন গার্মেন্টস
- (৮) কৃষিজাত দ্রব্য (শাকসবজী, ফলমূল, পান, আলু ও অন্যান্য)
- (৯) এগ্রোপ্রসেসিং (প্রসেসড, জ্যাম, জেলী, আচার, মশলা, চিপস, চিড়া, মুড়ি জাতীয় পণ্য)
- (১০) লাইট ইঞ্জিনিয়ারিং প্রোডাক্টস
- (১১) ফার্মাসিউটিক্যাল প্রোডাক্টস
- (১২) হস্তশিল্পজাত দ্রব্য
- (১৩) স্পেশালইজড টেক্সটাইল/হোম টেক্সটাইল (সকল ধরনের টাওয়েল, বাথরোব, ডোরকার্টেন, কুশন কাভার, বেডশীট, বেড কাভার, পিলো কাভার ইত্যাদি)।
- (১৪) নীট ওয়্যার গার্মেন্টস
- (১৫) সিরামিক টেবিল ওয়্যার/অন্যান্য সিরামিক পণ্য
- (১৬) প্লাস্টিকজাত পণ্য
- (১৭) মেলামাইন পণ্য
- (১৮) টেক্সটাইল ফেব্রিক
- (১৯) কম্পিউটার সফটওয়্যার, কম্পিউটার সেবা, ডাটা প্রসেসিং ইত্যাদি
- (২০) জাহাজ নির্মাণ শিল্প
- (২১) আসবাবপত্র
- (২২) বিবিধ (বৈদ্যুতিক সরঞ্জামাদি, জুয়েলারী, কটন ইয়ার্ন, হ্যাট ও ক্যাপ, টয়লেট্রিজ, আর্টিফিশিয়্যাল ও ন্যাচারাল ফ্লাওয়ার এবং অন্যান্য)।

(খ) প্রতি বছর সিআইপি নির্বাচনকালে প্রাপ্ত আবেদনের সংখ্যা এবং আবেদনকারীদের অর্জিত রপ্তানি আয়ের ভিত্তিতে পণ্যওয়ারী বিভাজন বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজন অনুযায়ী কম বা বেশী করতে পারবে। বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজনে বাণিজ্য মন্ত্রীর অনুমোদনক্রমে নতুন পণ্যখাত সংযোজন করতে পারবে এবং অপ্রয়োজনীয় পণ্যখাত বিলুপ্ত করতে পারবে।

(গ) অনুঃ (৫) এর ৮, ৯, ১০, ১২, ১৬, ১৭, ১৯, ২২ খাতে সিআইপি (রপ্তানি) এর জন্য আবেদনকারীর নূন্যতম রপ্তানি ও প্রচলন রপ্তানি আয় ০.১৫ (দশমিক এক পাঁচ) মিঃ মার্কিন ডলার হতে

হবে। বাকী খাতগুলোর জন্য আবেদনকারীদের ন্যূনতম রপ্তানি ও প্রচলন রপ্তানি আয় ১.৫ (এক দশমিক পাঁচ) মিঃ মার্কিন ডলার হতে হবে।

৫. সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচনের মানদণ্ডঃ

- ক. একটি ক্যালেন্ডার বৎসরের জন্য সিআইপি নির্বাচনকালে পূর্ববর্তী অর্থ বছরের রপ্তানি আয় বিবেচনা করা হবে। Proceeds Realisation Certificate (PRC) এর ভিত্তিতে আবেদনকারীদের রপ্তানি আয় বিবেচনা করা হবে;
- খ. রপ্তানিকারক বিবেচ্য অর্থ বছরে কোন নতুন বাজার সম্প্রসারণে সক্ষম হয়েছেন কি-না তা বিবেচনা করা হবে: (EU, USA, Canada ব্যতীত) এবং
- গ. রপ্তানির পরিমাণ এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় পরীক্ষা করে কমিটি সিআইপি নির্বাচন করবে।

৭. সিআইপি (রপ্তানি) নির্বাচনের যোগ্যতা ও অযোগ্যতা :

- ক. যোগ্যতা : ন্যূনতম রপ্তানি আয় থাকলে ২২টি পণ্য খাতের মধ্য থেকে এক বা একাধিক উপ-খাতের জন্য দেশীয় রপ্তানিকারকগণ সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচিত হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। ইপিজেডভুক্ত 'সি' ক্যাটাগরীর রপ্তানিকারকগণ তাঁদের জন্য নির্ধারিত ৫ (পাঁচ)টি সিআইপি পদের জন্য আবেদন করতে পারবেন।

খ. অযোগ্যতা :

(১) ঋণখেলাপী ও কর বকেয়া থাকলে সিআইপি (রপ্তানি) নির্বাচনের জন্য বিবেচিত হবেন না। যে বৎসরের জন্য সিআইপি নির্বাচন করা হবে তার পূর্ববর্তী বৎসরের জুন মাস পর্যন্ত সংশ্লিষ্ট আবেদনকারীর খেলাপী ঋণ ও কর বকেয়া আছে কি-না, বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ড তাদের প্রতিবেদনে তা নিশ্চিত করবে। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে কর বকেয়া নেই মর্মে জাতীয় রাজস্ব বোর্ড থেকে প্রত্যয়নপত্র সংগ্রহক্রমে দাখিল করতে হবে।

(২) বৈদেশিক ক্রেতার সাথে বাণিজ্য বিরোধ সমাধানে আত্মহী না হলে বা দীর্ঘ সুত্রিতার পথ অবলম্বন করলে সিআইপি (রপ্তানি) নির্বাচনের জন্য অযোগ্য বিবেচিত হবেন। বাণিজ্য বিরোধ সংক্রান্ত তথ্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সরবরাহ করবে, তবে বাণিজ্য বিরোধের ক্ষেত্রে রপ্তানিকারক দায়ী না হলে দায়মুক্ত বলে বিবেচিত হবেন;

(৩) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত অথবা অন্য কোন কারণে অব্যক্তিগত বিবেচিত ব্যক্তি সিআইপি হওয়ার যোগ্য হবেন না। তবে সাজা ভোগ করার ৫ (পাঁচ) বছর অহিবাহিত হওয়ার পর সাজাপ্রাপ্ত ব্যক্তি নির্বাচনের যোগ্য বলে বিবেচিত হবেন;

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, নভেম্বর ৯, ২০১৩

৯৬৩৩

(৪) সিআইপি হিসাবে আবেদনকারী ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে এবং তা প্রমাণিত হলে ঐ আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বৎসর সিআইপি নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না। এছাড়াও সিআইপি হিসেবে নির্বাচিত ব্যক্তির প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে তাঁর

মনোনয়ন বাতিল করা হবে এবং পরবর্তী ৩ (তিন) বৎসর সিআইপি হিসাবে মনোনয়ন পাবেন না;

(৫) সিআইপি আবেদনপত্রে আবেদনকারীকে তাঁর পিতার ও মাতার পূর্ণ নাম, TIN & BIN উল্লেখ করতে হবে এবং তাতে কোন অবস্থাতেই সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাবে না। কোন প্রকার সংক্ষিপ্ত নাম ব্যবহার করলে (যথা-গোলাম মাওলা খান এর পরিবর্তে "জি এম খান" লিখলে) তাঁর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

৮. (১) সিআইপি (রপ্তানি) নির্বাচন কমিটি : বাণিজ্য মন্ত্রণালয় ২ (দুই) টি কমিটির মাধ্যমে সিআইপি (রপ্তানি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবে:

(ক) প্রাথমিক বাছাই কমিটি :

(১)	মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা	আহবায়ক
(২)	বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি	সদস্য
(৩)	জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধি	সদস্য
(৪)	যুগ্ম-সচিব/উপ-সচিব (রপ্তানি-১), বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(৫)	এফবিসিসিআই এর প্রতিনিধি	সদস্য
(৬)	পরিচালক (পণ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো	সদস্য সচিব

প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশসহ চূড়ান্ত বাছাই কমিটি বরাবরে প্রেরণ করবে :

(খ) চূড়ান্ত বাছাই কমিটি :

(১)	অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয়	সভাপতি
(২)	মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো	সদস্য
(৩)	পরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(৪)	জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধি	সদস্য
(৫)	বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি	সদস্য
(৬)	পরিচালক (পণ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো	সদস্য
(৭)	এফবিসিসিআই এর প্রতিনিধি	সদস্য
(৮)	যুগ্ম-সচিব/উপ-সচিব (রপ্তানি-১), বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য-সচিব

৯৬৩৪

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, নভেম্বর ৯, ২০১৩

(২) চূড়ান্ত বাছাই কমিটি প্রণীত সুপারিশ মাননীয় বাণিজ্য মন্ত্রীর অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর সিআইপি কার্ড বাণিজ্য মন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হবে।

৯. সিআইপি (রপ্তানি) নির্বাচন সংক্রান্ত অন্যান্য বিষয়ঃ

- (১) বাণিজ্য মন্ত্রণালয় গঠিত চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক সুপারিশের ভিত্তিতে সিআইপি (রপ্তানি) নির্বাচন করা হবে;
- (২) সিআইপিদের তালিকা প্রস্তুত করে চূড়ান্ত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/এনবিআর হতে ছাড়পত্র/মতামত গ্রহণ করতে হবে। এ বিষয়ে ত্রিশ দিনের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট আবেদনকারীদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই বলে বিবেচিত হবে;
- (৩) গ্রুপভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান একই পণ্য উৎপাদন করলে ঐ সকল প্রতিষ্ঠানের পক্ষে মাত্র একজন সিআইপি (পণ্য রপ্তানি) এর জন্য আবেদন করা যাবে;
- (৪) একক মালিকানাধীন প্রতিষ্ঠান হলে স্বত্বাধিকারী ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/চীফ এক্সিকিউটিভ অফিসার/পরিচালক/মনোনীত পরিচালক সিআইপি (পণ্য রপ্তানি) এর জন্য আবেদন করতে পারবেন;
- (৫) কোন ব্যক্তি একই সাথে সিআইপি (রপ্তানি), সিআইপি (এনআরবি) ও সিআইপি (শিল্প) নির্বাচিত হলে তাঁর পছন্দমত যে কোন একটির জন্য তাঁকে সিআইপি নির্বাচন করা হবে;
- (৬) একই ব্যক্তি একাধিক পণ্যখাত হতে সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচনের জন্য বিবেচিত হলে বাছাই কমিটি যে কোন একটি খাত হতে তাঁকে সিআইপি (রপ্তানি) নির্বাচন করবেন;
- (৭) সিআইপি (রপ্তানি)-এর জন্য প্রচলিত আবেদনপত্রে প্রয়োজনীয় পরিবর্তন এবং নতুন কলাম সংযোজন করা যাবে। যেমন আবেদনকারী অন্য কোন খাতে সিআইপি নির্বাচনের জন্য আবেদন করেছে কি না।
- (৮) সিআইপি (ট্রেড) নির্বাচনের ক্ষেত্রে নূতন পদাধিকারী দায়িত্বভার গ্রহণের সাথে সাথে সংশ্লিষ্ট সংগঠন সরাসরি বাণিজ্য মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করবে। এ নীতিমালায় বর্ণিত নির্বাচন প্রক্রিয়া সম্পাদন করে তাদেরকে সিআইপি (ট্রেড) কার্ড প্রেরণ করা হবে। তবে এ ক্ষেত্রে আনুষ্ঠানিকতা ছাড়াই কার্ড বিতরণ করা যাবে।
- (৯) কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর সিআইপি মনোনয়নের জন্য আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১০. সিআইপি (রপ্তানি) নির্বাচন ক্যালেন্ডার : নিম্নলিখিত "ক্যালেন্ডার" মোতাবেক সিআইপি (রপ্তানি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হবে :

ক্রঃ নং	কাজের বিবরণ	সময়সূচী
(ক)	বাণিজ্য মন্ত্রণালয়/রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার এবং দরখাস্ত আহবান ও গ্রহণ।	যে বছরের সিআইপি ঘোষিত হবে তার পূর্ব বছরের ১ আগস্ট হতে ৩১ আগস্ট
(খ)	প্রাথমিক বাছাই কমিটির কার্যক্রম (বাণিজ্য বিরোধ বিবেচনাসহ)।	১ সেপ্টেম্বর হতে ১৫ সেপ্টেম্বর
(গ)	চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ এবং সিআইপি (রপ্তানি) এর তালিকা ছাড়পত্র/মতামতের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ।	১৬ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর
(ঘ)	বাংলাদেশ ব্যাংক, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ থেকে ছাড়পত্র/মতামত বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ	১ অক্টোবর হতে ৩১ অক্টোবর
(ঙ)	বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সিআইপি (রপ্তানি) নির্বাচন প্রক্রিয়া চূড়ান্তকরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।	১ নভেম্বর হতে ১৫ নভেম্বর
(চ)	মন্ত্রিপরিষদ বিভাগের কার্যক্রম ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ।	১৬ নভেম্বর হতে ১৫ ডিসেম্বর
(ছ)	সিআইপি (রপ্তানি) কার্ড বিতরণ	১৫ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর

১১. প্রজ্ঞাপন জারী : নির্বাচিত সিআইপি (রপ্তানি)-গণের তালিকা প্রজ্ঞাপন জারীর মাধ্যমে সরকারি গেজেটে প্রকাশ করা হবে।

১২. সিআইপি (রপ্তানি)-র প্রাপ্য সুযোগ-সুবিধা : সিআইপি (রপ্তানি)-গণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাবেন :

- (১) একজন সিআইপিকে প্রদত্ত সুবিধাদি তার মেয়াদকাল পর্যন্ত বহাল থাকবে;
- (২) সিআইপি (রপ্তানি)-গণ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশ ও গাড়ীর স্টীকার পাবেন;
- (৩) বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ও মিউনিসিপ্যাল কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সম্বর্ধনায় আমন্ত্রণ পাবেন;

- (৪) ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জলপথে সরকারি যানবাহনে আসন সংরক্ষণ অগ্রাধিকার পাবেন;
- (৫) একজন সিআইপি'র ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশে ভ্রমণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ভিসা প্রাপ্তির নিমিত্তে সংশ্লিষ্ট দূতাবাসকে উদ্দেশ্য করে Letter of Introduction ইস্যু করবে;
- (৬) একজন সিআইপি তার স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন; এবং
- (৭) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার সুবিধা পাবেন।

১৩. সিআইপি (রপ্তানি) এর মেয়াদ :

- (ক) সিআইপি (রপ্তানি) এর মেয়াদ ১ (এক) বৎসর। এক বছর অতিক্রান্ত হওয়ার পরে পরবর্তী বছরে সিআইপি ঘোষণা না হওয়া পর্যন্ত সিআইপি'র মেয়াদ বলবৎ থাকবে। তবে সিআইপিদের (ট্রেড) মেয়াদ তাদের সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনের পদে বহাল থাকা অথবা পরবর্তী সিআইপি ঘোষণা যেটি আগে হয় সে পর্যন্ত কার্যকর থাকবে।
- (খ) সিআইপি কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার পর এক সপ্তাহের মধ্যে তা বাণিজ্য মন্ত্রণালয়ে জমা দিতে হবে; এবং
- (গ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কাউকে প্রদত্ত সিআইপি সুবিধাদি প্রত্যাহার করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

১৪. রহিতকরণ : এতদ্বারা ৩০ মার্চ, ২০০৬ সালের বাম/র-৩/৮৯/৯৬(অংশ-২)/১০৭ নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে জারিকৃত নীতিমালাটি সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ প্রবর্তনের উদ্দেশ্যে রহিত করা হইল। তবে সিআইপি (রপ্তানি)-২০১২ নির্বাচনের কার্যক্রম সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ অনুসরণ করে সম্পন্ন করা যাবে।

মাহবুব আহমেদ
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

২.২.২

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা

গেজেট

রবিবার, ডিসেম্বর, ২০১৩

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

রপ্তানি-৩ শাখা

বিজ্ঞপ্তি

তারিখ, ০৪ ডিসেম্বর ২০১৩ খ্রিঃ

নং ২৬.০০.০০০০.১০২.৪৯.০১.১৩/৬৮২-যেহেতু, জাতীয় অর্থনীতিকে সমৃদ্ধ ও সুসংহত করিবার স্বার্থে রপ্তানি বাণিজ্য উন্নয়ন, সম্প্রসারণ এবং রপ্তানির প্রকৃতি ও পরিমাণ ব্যাপকতর করিবার লক্ষ্যে বাংলাদেশী রপ্তানিকারক প্রতিষ্ঠান ও উদ্যোক্তাদেরকে সহায়তা ও উৎসাহ প্রদান;

এবং যেহেতু বাংলাদেশের রপ্তানি বৃদ্ধিতে যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান এবং সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখিতেছে তাহাদিগকে যথোপযুক্ত রাষ্ট্রীয় পর্যায়ে পুরস্কারে ভূষিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ সংশোধিত নীতিমালা (Policy) প্রণয়ন করা হইলঃ-

১। শিরোনাম।- এই নীতিমালা 'জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০১৩' নামে অভিহিত হইবে।

২। পুরস্কার (ট্রফি ও সনদ) প্রদানঃ-

- (১) বাংলাদেশের রপ্তানি বৃদ্ধিতে যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখিবেন তাহাদের অবদানের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রীয় পর্যায়ে জাতীয় রপ্তানি ট্রফি ও সনদ প্রদান করা হইবে।
- (২) রপ্তানি ট্রফি প্রতি অর্থ বৎসরের জন্য প্রদান করা হইবে এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত হইবে।
- (৩) ট্রফি পণ্য ও সেবা রপ্তানিভিত্তিক হইবে।

(১৪৩০১)

মূল্য ৪ টাকা ১২.০০

১৪৩০২

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ডিসেম্বর ২৯, ২০১৩

- (৪) সকল রপ্তানি পণ্য ও সেবাকে টেবিলে উল্লিখিত বত্রিশটি পণ্য ও সেবা খাতে বিভক্ত করা হইবে। প্রতিটি খাতের বিপরীতে উল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় অর্জনকারী রপ্তানিকারকগণ ট্রফির জন্য আবেদন করিতে পারিবেন, যথাঃ

ক্রমিক নং	পণ্য ও সেবা খাত	ন্যূনতম আয় (মিলিয়ন মার্কিন ডলার)
(১)	তৈরি পোশক (ওভেন)	২৮.০০
(২)	তৈরি পোশক (নিটওয়্যার)	২৪.০০
(৩)	সকল ধরণের সুতা	১০.০০
(৪)	টেক্সটাইল ফেব্রিক্স	১০.০০
(৫)	হোম ও স্পেশালাইজড টেক্সটাইল	২০.০০
(৬)	টেরিটাওয়েল	৫.০০
(৭)	হিমায়িত খাদ্য	১০.০০
(৮)	কাঁচা পাট	৫.০০
(৯)	পাটজাত দ্রব্য	১০.০০
(১০)	চামড়া (ক্রাস্ট/ফিনিশ্ড)	১০.০০
(১১)	চামড়াজাত পণ্য	২.০০
(১২)	ফুটওয়্যার (সকল)	৪.০০
(১৩)	চা	২.০০
(১৪)	কৃষিজ পণ্য (তামাক ব্যতীত)	১.০০
(১৫)	এথ্রোপ্রসেসিং পণ্য (তামাকজাত পণ্য ব্যতীত)	১.০০
(১৬)	ফুল-ফলিয়েজ	১.০০
(১৭)	হস্তশিল্পজাত পণ্য	০.২৫
(১৮)	মেলামাইন	২.০০
(১৯)	প্লাস্টিক পণ্য	২.০০
(২০)	সিরামিক সামগ্রী	৩.০০
(২১)	লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য	১.৫০
(২২)	ইলেকট্রিক ও ইলেকট্রোনিক্স পণ্য	১.৫০
(২৩)	জাহাজ	৩০.০০
(২৪)	অন্যান্য শিল্পজাত পণ্য	২.০০
(২৫)	ফার্মাসিউটিক্যাল পণ্য	২.০০
(২৬)	কম্পিউটার সফটওয়্যার	২.০০


ক্রমিক নং	পণ্য ও সেবা খাত	নূন্যতম আয় (মিলিয়ন মার্কিন ডলার)
(২৭)	ইপিজেডভুক্ত ১০০% বাংলাদেশী মালিকানাধীন ('সি' ক্যাটাগরী) তৈরী পোশাক শিল্প (নীট ও ওভেন)	৩০.০০
(২৮)	ইপিজেডভুক্ত ১০০% বাংলাদেশী মালিকানাধীন ('সি' ক্যাটাগরী) অন্যান্য পণ্য ও সেবা খাত	১০.০০
(২৯)	প্যাকেজিং ও এক্সেসরিজ পণ্য	৪.০০
(৩০)	অন্যান্য প্রাথমিক পণ্য	০.৫০
(৩১)	অন্যান্য সেবা খাত	২.০০
(৩২)	নারী উদ্যোক্তা/রপ্তানিকারকগণের (প্রকৃত ব্যবসায়ী ও ব্যবসায়ী কর্মকাণ্ডে সরাসরি সম্পৃক্ততা থাকতে হবে) জন্য সংরক্ষিত (উৎপাদিত পণ্য ও সেবা)	০.৫০

বিশেষ দ্রষ্টব্য : রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রকাশিত পরিসংখ্যানের অন্যান্য প্রাথমিক পণ্য (Other Primary Commodity) এবং অন্যান্য শিল্প পণ্য (Other Manufacturing Commodity) হিসেবে বিবেচিত পণ্যাদিই ৩০ ও ২৪ নং খাতের পণ্য হিসেবে বিবেচিত হইবে।

- (৫) সাধারণভাবে প্রতিটি পণ্য ও সেবা খাতে ১টি স্বর্ণ, ১টি রৌপ্য এবং ১টি ব্রোঞ্জ ট্রফি প্রদান করা হইবে। তবে কোন নির্দিষ্ট পণ্য ও সেবার ক্ষেত্রে যদি উল্লেখযোগ্য সংখ্যক আবেদন না থাকে তাহা হইলে তিনটি ট্রফির স্থলে অবস্থাবিশেষে স্বল্প সংখ্যক ট্রফি প্রদান করা যাইতে পারে।
- (৬) ট্রফির ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক প্রতিষ্ঠান ও বেসরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে সমভাবে বিবেচনা করা হইবে, অর্থাৎ মালিকানার কারণে সরকারি ও বেসরকারি খাতের মধ্যে কোন বৈষম্য করা যাইবে না।
- (৭) যে সকল পণ্য ও সেবা খাতের রপ্তানি শুধুমাত্র সরকারি খাতের জন্য সংরক্ষিত থাকিবে সেই সকল খাতে ট্রফি প্রদান করা হইবে না।
- (৮) পণ্য ও সেবা খাত নির্বিশেষে সর্বোচ্চ রপ্তানি আয়ের ভিত্তিতে বৎসরের সেরা রপ্তানিকারক প্রতিষ্ঠান বা সংস্থাকে একটি স্বর্ণের ট্রফি ও সনদ প্রদান করা হইবে। এক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানকে ঐ পণ্য বা সেবা খাতের রপ্তানি সাফল্যের জন্য ট্রফি প্রদান ব্যাহত করিবে না।
- (৯) নারী উদ্যোক্তা/রপ্তানিকারকদের ক্ষেত্রে আবেদনকারীর নামে ট্রেড লাইসেন্স থাকিতে হইবে এবং প্রকৃত নারী উদ্যোক্তা হিসাবে সংশ্লিষ্ট ব্যবসায়ী সমিতির সনদপত্র প্রয়োজন হইবে।

৩। ট্রফির বিবরণ, উপাদান, ইত্যাদি।-

- (১) ট্রফির ডিজাইন হইবে, নিম্নরূপ যথাঃ-



- (২) ট্রফির গায়ে জাতীয় রপ্তানি ট্রফি, জাতীয় ফুলের প্রতিকৃতি, ধাতুভিত্তিক ট্রফির শ্রেণি বিন্যাস (স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ) এবং ট্রফি প্রদানের বৎসর খোদিত থাকিবে।
- (৩) স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ ট্রফি ফলকের প্রতিটিতে যথাক্রমে এক তোলা করিয়া খাঁটি স্বর্ণ (২২ ক্যারেট) রৌপ্য ও ব্রোঞ্জ থাকিবে।
- (৪) বৎসরের সেরা রপ্তানিকারককে প্রদেয় ট্রফির গায়ে “বৎসরের সেরা রপ্তানিকারক” কথাটি লিপিবদ্ধ থাকিবে।
- (৫) ট্রফির নিম্নাংশের কাঠের কাঠামোর গায়ে জাতীয় রপ্তানি ট্রফি, ট্রফির শ্রেণি বিন্যাস, ট্রফি প্রাপ্তির বৎসর এবং ট্রফি প্রাপক প্রতিষ্ঠান বা সংস্থার নাম ও ঠিকানা ইংরেজিতে লিখিত থাকিবে।
- (৬) ট্রফি স্বচ্ছ মোড়কে পৃথক বাক্সে প্রদান করা হইবে।
- (৭) ট্রফির সাইজ হইবে ৭"×১০" এবং ইহার ডায়ামিটার হইবে ৫.৫" এবং ইহার কাঠ ও প্লাস্টিক ভিত্তির স্বর্ণের প্লেটিং ও মিনার কাজ থাকিবে।

৪। ট্রফি প্রদান।- অসাধারণ এবং উল্লেখযোগ্য রপ্তানি সাফল্যের জন্য জাতীয় স্বীকৃতিস্বরূপ প্রতি বৎসর রপ্তানিকারক হিসেবে বাংলাদেশে নিবন্ধিত কোন প্রতিষ্ঠান বা সংস্থাকে ট্রফি প্রদান করা যাইবে।

৫। বাতিলকরণ, পুনরুদ্ধার।-(১) সরকার যে কোন প্রতিষ্ঠান বা সংস্থাকে প্রদত্ত ট্রফি বাতিল করিতে পারিবে এবং উক্তরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা প্রাপ্ত ট্রফি সরকারের নিকট প্রত্যর্পণ করিতে বাধ্য থাকিবে এবং উক্ত প্রতিষ্ঠান বা সংস্থার নাম ট্রফির রেজিস্টার হইতে খারিজ করা হইবে, তবে সরকার প্রধান যথাযথ বলিয়া বিবেচনা করিলে বাতিলকৃত ট্রফি পুনঃপ্রদান করিতে পারিবেন এবং সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার নাম পুনরায় ট্রফি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

৬। ট্রফির প্রতিকৃতি ব্যবহার।- ট্রফি প্রাপ্তির তারিখ হইতে তিন বৎসর প্রাপক প্রতিষ্ঠান বা সংস্থা তাহার পণ্য প্যাকেজ এবং লেটার হেডে ট্রফির প্রতিকৃতি ব্যবহার করিতে পারিবেন।

৭। ট্রফি প্রাপক নির্বাচন।- ট্রফি প্রাপক ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা নির্বাচনের জন্য সরকার একটি ট্রফি নির্বাচনী কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটির সুপারিশক্রমে ট্রফি প্রদান করা হইবে। কমিটিকে উহার কাজে সহায়তা প্রদানের জন্য কমিটি প্রয়োজনবোধে উপ-কমিটি গঠন করিতে পারিবে।

৮। গেজেট বিজ্ঞপ্তি।- ট্রফি প্রদান, বাতিলকরণ বা পুনঃপ্রদান গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করিতে হইবে।

৯। রেজিস্টার।- ট্রফি প্রাপকের নাম একটি রেজিস্টারে লিপিবদ্ধ থাকিবে।

১০। ট্রফি প্রাপক নির্বাচন।-

(১) ট্রফি প্রাপক ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থা নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত নির্ণায়কসমূহ বিবেচনা করিতে হইবেঃ-

- (ক) সংশ্লিষ্ট অর্থ বৎসরে বিবেচ্য ব্যক্তি, প্রতিষ্ঠান/সংস্থার মোট রপ্তানি আয়;
- (খ) পূর্ববর্তী অর্থ বৎসরের তুলনায় সংশ্লিষ্ট অর্থ বৎসরের আয়গত রপ্তানি প্রবৃদ্ধি (ডলার);
- (গ) রপ্তানিকারক সংশ্লিষ্ট বৎসরে নতুন বাজারে কোন পণ্য বিপণনে সক্ষম হইয়াছে কিনা;
- (ঘ) রপ্তানিকারক সংশ্লিষ্ট বৎসরে রপ্তানি বাজারে সাফল্যের সাথে নতুন পণ্য সংযোজন করিয়াছেন কিনা;
- (ঙ) সংশ্লিষ্ট অর্থ বৎসরে শিল্প প্রতিষ্ঠানের compliance সমূহ রপ্তানিকারক প্রতিষ্ঠান প্রতিপালন করিয়াছে কিনা; এক্ষেত্রে compliance Format (চেকলিস্ট) মানদণ্ড হিসেবে বিবেচনা করিতে হইবে (পরিশিষ্ট-ক)।

(২) নির্ণায়কসমূহের জন্য পূর্ণমান ১০০ বিবেচনাপূর্বক উপ-দফা (১) এর জন্য ৬০ নম্বর, (খ) এর জন্য ১০ নম্বর (গ) এর জন্য ১০ নম্বর, (ঘ) এর জন্য ১০ নম্বর এবং (ঙ) এর জন্য ১০ নম্বর বণ্টন করা হইবে।

(৩) নির্ধারিত ৩২ টি পণ্য ও সেবা খাতের প্রতিটি খাতের সর্বোচ্চ রপ্তানি আয় এবং সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জনকারী প্রতিষ্ঠান বা সংস্থাকে পূর্ণ নম্বর প্রদান করিতে হইবে এবং আনুপাতিক হারে অন্যান্য প্রতিষ্ঠান বা সংস্থাকে নম্বর প্রদান করিতে হইবে।

- (৪) উপ-দফা (১) এ উল্লিখিত নির্ণায়কগুলোর মূল্যায়নের ভিত্তিতে সংশ্লিষ্ট পণ্য ও সেবা খাতে সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে স্বর্ণ, দ্বিতীয় সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে রৌপ্য ও তৃতীয় সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে ব্রোঞ্জ ট্রফি প্রদান করা হইবে।
- (৫) সর্বক্ষেত্রে প্রসিডস্ রিয়লাইজেশন সার্টিফিকেট (পিআরসি) ভিত্তিতে আবেদনকারী প্রতিষ্ঠান/সংস্থার রপ্তানি আয় বিবেচনা করা হইবে। পিআরসি যাচাই-এর সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত Export Proceeds Realisation Certificate ফরম (পরিশিষ্ট-খ) যথাযথভাবে পূরণ করিয়া আবেদনের সাথে দাখিল করিতে হইবে।
- (৬) রপ্তানিকারক-এর ব্যাংকের লেটার হেড প্যাডে রপ্তানিকারক প্রতিষ্ঠানের নাম, পণ্যের নাম, FOB (Free on Board) মূল্যে অর্থ বৎসরের মোট প্রত্যাভাসিত রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার উল্লেখপূর্বক পৃথকভাবে এক পাতার পিআরসি দাখিল করিতে হইবে। উল্লিখিত পিআরসি অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক-এর প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নাম, পি.এ নম্বর সিলসহ এবং ফোন নম্বর উল্লেখ করিতে হইবে।
- (৭) যে সকল প্রতিষ্ঠানের খেলাপী বা অনাদায়ী ব্যাংক ঋণ, আয়কর অথবা মূল্য সংযোজন কর আপীলেত ট্রাইব্যুনাল বা আদালতে বিচারাধীন থাকিবে সে সকল প্রতিষ্ঠানের আবেদন বিবেচনা করা যাইবে।

১১। প্রতি ৫ (পাঁচ) বছর পরপর নীতিমালা পর্যালোচনাপূর্বক সংশোধন করিতে হইবে। এক্ষেত্রে নীতিমালা সংশোধন প্রক্রিয়া চলমান থাকিলে প্রচলিত নীতিমালা অনুযায়ী ট্রফি প্রাপক প্রতিষ্ঠান নির্বাচন করিতে হইবে এবং ট্রফি প্রদান করা হইবে।

১২। রহিতকরণ।-এতদ্বারা ৬ অগ্রহায়ণ ১৪১৩/২১ নভেম্বর ২০০৬ সালের বাম/র-৩/জাঃরঃট্রঃ(১২)/২০০৩/৩৮২-নম্বর বিজ্ঞপ্তি এবং ডিসেম্বর ৪, ২০১১ সালের বাম/সিই/১(১০৫)/জাঃরঃট্রঃ/নীতিমালা/২০১১(অংশ-১)/৬৮৯ বিজ্ঞপ্তির মাধ্যমে জারিকৃত জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০০৬ রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মাহবুব আহমেদ
সচিব।

কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের পরিদর্শন টিম
কর্তৃক গার্মেন্টস কারখানা পরিদর্শন

পূর্ণ নম্বর : ১০০

প্রতিদফায় নম্বর : ২

- ১। কারখানার নাম ও ঠিকানা নাম :
ঠিকানা :
ফোন : ফ্যাক্স : ই-মেইল :
- ২। (ক) চেয়ারম্যান/মালিকের নাম :
মোবাইল নম্বর :
টেলিফোন নম্বর :
(খ) ব্যবস্থাপনা পরিচালকের নাম :
মোবাইল নম্বর :
টেলিফোন নম্বর :
(গ) পরিচালকের নাম :
মোবাইল নম্বর :
টেলিফোন নম্বর :
(ঘ) ব্যবস্থাপকের নাম :
মোবাইল নম্বর :
টেলিফোন নম্বর :
- ৩। কারখানাটি প্রতিষ্ঠার তারিখ :
- ৪। ক) পরিদর্শনের তারিখ : খ) পূর্ব পরিদর্শনের তারিখ :
- ৫। কারখানার রেজিস্ট্রেশন ও নবায়ন সংক্রান্ত :
(ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর প্রদত্ত (খ) পেশাগত সংগঠন প্রদত্ত

বিজিএমইএ	বিকেএমইএ	সদস্য নয়
----------	----------	-----------

লাইসেন্স নম্বর : রেজিস্ট্রেশন নম্বর :

তারিখ : তারিখ :

নবায়ন : নাবয়ন :

- ৬। প্রধান উৎপাদিত পণ্য :

নীট	ওভেন	সোয়েটার	অন্যান্য

৭। শ্রমিক সংখ্যা : (ক) মহিলা..... (খ) পুরুষ..... মোট

৮। কর্মচারীর সংখ্যা : (ক) মহিলা..... (খ) পুরুষ..... মোট

৯। কারখানা ভবনটির Structural Design উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক (রাজউক, পিডব্লিউডি, এলজিইডি, ক্যান্টনমেন্ট বোর্ড) অনুমোদনের তারিখ :

- ১০। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর কর্তৃক কারখানা নক্সা (Factory Layout Plan) অনুমোদনের তারিখ :
- ১১। কারখানা ভবনটি কি কোন পর্যায়ে সম্প্রসারিত করা হয়েছে :
- ১২। কারখানাটি কি ১ম তলা/বহুতলা/বহুতল ভবনের..... ফ্লোরে অবস্থিত :
- ১৩। কারখানায় মোট সিঁড়ির সংখ্যা কত :
- ১৪। কারখানায় জরুরী বহির্গমনের জন্য মোট কয়টি সিঁড়ি/দরজা আছে :
- ১৫। কারখানার বহির্গমন পথে Collapsible Gate আছে কিনা :
- ১৬। জেনারেটর নিরাপদ বেষ্টনী দেওয়াল দ্বারা আবদ্ধ কিনাঃ
- ১৭। কারখানার বয়লার নিরাপদ দেওয়াল দ্বারা আবদ্ধ কিনা এবং নিয়মিতভাবে রক্ষনাবেক্ষণ করা হয় কিনা :
- ১৮। বৈদ্যুতিক সাব-স্টেশন কারখানা ভবনের বাহিরে/ভিতরে অবস্থিত :
- ১৯। বৈদ্যুতিক সাব-স্টেশন নিরাপদ বেষ্টনী দেওয়াল দ্বারা আবদ্ধ কিনা :
- ২০। কারখানার গোড়াউন কারখানার ভিতরে/বাহিরে অবস্থি কিনা এবং ভিতরে হলে কোন ফ্লোরে :

ক্রঃ নং	বিষয়		
		হ্যাঁ/না	প্রাপ্ত নম্বর
	কারখানা ভবন সংক্রান্ত		
(১)	কারখানা পরিদর্শন পরিদপ্তর কর্তৃক অনুমোদিত কারখানা নক্সা (Factory Layout Plan) এর সাথে বর্তমান কারখানা ভবন এবং মেশিন লে-আউট প্লানের (Machine Layout Plan) আছে কিনা?		
(২)	ভবনটি কি কারখানা হিসেবে ব্যবহারের জন্য নির্মিত ?		
(৩)	সম্প্রসারিত ভবনের কারখানা নক্সা (Factory Layout Plan) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর কর্তৃক অনুমোদিত কিনা?		
(৪)	কারখানার ফায়ার সার্ভিসের গাড়ী যাতায়াতের জন্য প্রশস্ত রাস্তা আছে কিনা?		
(৫)	বহির্গমনের সিঁড়ি দিয়ে সরাসরি বাহিরে যাওয়া যায় কিনা?		
(৬)	কারখানার অভ্যন্তরে চলাচল পথ ও আভ্যন্তরীণ সিঁড়ি নিরাপদ ও প্রশস্ত কিনা?		
(৭)	কারখানার ছাদে ন্যূনতম ২৫% খোলা জায়গা আছে কিনা?		
(৮)	কারখানার ছাদে নিরাপদে গমনাগমনের ব্যবস্থা আছে কিনা?		
(৯)	লাল রং দ্বারা এবং বাংলা অক্ষরে বহির্গমনের পথ তীর চিহ্নিত করা আছে কিনা?		
(১০)	কর্মকালীন সময় ফটক এবং দরজাগুলো খোলা থাকে কিনা?		

ক্রঃ নং	বিষয়	হ্যাঁ/না	প্রাপ্ত নম্বর
	অগ্নি প্রতিরোধ সংক্রান্ত		
(১)	কারখানাটির ফায়ার লাইসেন্স হালনাগাদ নবায়ন করা আছে কিনা ?		
(২)	কারখানায় নিয়মিত অগ্নিনির্বাপন মহড়া অনুষ্ঠিত হয় কিনা ?		
(৩)	অগ্নিনির্বাপন মহড়া বিষয়ে নির্ধারিত রেকর্ড বুক সংরক্ষণ করা হয় কিনা ?		
(৪)	ব্যবহার উপযোগী অগ্নি নির্বাপক সরঞ্জামাদি আছে কিনা ?		
(৫)	অগ্নি নির্বাপক সরঞ্জামাদি সম্পর্কে শ্রমিক-কর্মচারীরা প্রশিক্ষণপ্রাপ্ত কিনা ?		
(৬)	কারখানা ভবনের ছাদে অগ্নি নির্বাপন কাজে ব্যবহারের জন্য পানিপূর্ণ পাকা জলাধার (পানির সংযোগ লাইনসহ) আছে কিনা ?		
(৭)	কারখানা ভবনের নিচে ভূগর্ভস্থ পাকা জলাধার মেইন ফায়ার পাম্পের সাথে সংযুক্ত আছে কিনা ?		
(৮)	প্রতি ফ্লোরে প্রয়োজনীয় সংখ্যক হোজরিল এর ব্যবস্থা আছে কিনা?		
	বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত		
(১)	কারখানার বৈদ্যুতিক লাইনসমূহ নিরাপদভাবে কনসিল করা আছে কিনা ?		
(২)	বৈদ্যুতিক লাইনসমূহ নিয়মিত পরীক্ষা করা হয় কিনা এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করা হয় কিনা ?		
(৩)	প্রধান বৈদ্যুতিক সুইচ মেইন বিল্ডিং এর বাইরে অবস্থিত কিনা ?		
(৪)	বিদ্যমান মেইন সুইচটির সামনে কোন প্রতিবন্ধকতা আছে কিনা ?		
(৫)	গোড়াউনের ভিতরে কোন বিদ্যুৎ সংযোগ আছে কিনা ?		
(৬)	আপৎকালীন সময়ে ব্যবহারের জন্য নির্দেশিকাসহ বর্হিগমন পথে ও সিঁড়িতে বিকল্প আলোর (IPS/Charger) ব্যবস্থা আছে কিনা ?		
(৭)	অগ্নিকাণ্ড বা বিপদের সময় হুঁশিয়ার করার জন্য শ্রবণযোগ্য হুঁশিয়ারি সংকেত (এলার্ম) ও Storbe এর ব্যবস্থা আছে কিনা?		
(৮)	জরুরী অবস্থায় বিদ্যুৎ বিচ্ছিন্ন করার জন্য প্রত্যেক কক্ষে যথাযথ ব্যবস্থা আছে কিনা ?		
	সাধারণ বিষয়াবলী সংক্রান্ত		
(১)	শ্রমিক/কর্মচারীদের নিয়োগপত্র প্রদান করা হয় কিনা ?		
(২)	শ্রমিক/কর্মচারীদেরকে ছবিসহ পরিচয়পত্র প্রদান করা হয় কিনা ?		
(৩)	শ্রমিক/কর্মচারীদের চাকুরি বহি সংরক্ষণ করা হয় কিনা?		
(৪)	শ্রমিক/কর্মচারীদের রেজিস্টার ও হাজিরা কার্ড সংরক্ষণ করা হয় কিনা ?		
(৫)	মজুরি নিয়মিত পরিশোধ করা হয় কিনা ?		
(৬)	সরকার ঘোষিত মজুরী কাঠামো অনুসরণ করা হয় কিনা ?		

ক্রঃ নং	বিষয়	হ্যাঁ/না	প্রাপ্ত নম্বর
	সাধারণ বিষয়াবলী সংক্রান্ত		
(৭)	অধিকাল ভাতা নিয়ম মোতাবেক পরিশোধ করা হয় কিনা ?		
(৮)	কাজের সময়সূচি পরিদর্শক কর্তৃক অনুমোদিত কিনা ?		
(৯)	ছুটির বিধান অনুসরণ করা হয় কিনা ?		
(১০)	প্রসূতি কল্যাণ ছুটি ও ভাতা প্রদান করা হয় কিনা ?		
(১১)	পুরুষ শ্রমিক ও মহিলা শ্রমিকদের জন্য প্রয়োজনীয় সংখ্যক Toilet আছে কিনা ?		
(১২)	কারখানায় শিশু শ্রমিক কর্মরত আছে কিনা ?		
(১৩)	প্রয়োজনীয় সরঞ্জামসহ ডে-কেয়ার সেন্টার আছে কিনা ?		
(১৪)	প্রশিক্ষণপ্রাপ্ত যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে নির্ধারিত সরঞ্জামাদিসহ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা আছে কিনা ?		
(১৫)	বিশুদ্ধ পানি পান করার ব্যবস্থা আছে কিনা ?		
(১৬)	পার্টিসিপেশন কমিটি আছে কিনা ?		
(১৭)	ট্রেড ইউনিয়ন আছে কিনা ?		
(১৮)	দুর্ঘটনা সংক্রান্ত নোটিশ প্রেরণ এবং এতদসংক্রান্ত রেকর্ড এবং রেজিস্টার সংরক্ষণ করা হয় কিনা ?		
(১৯)	শ্রমিকদের নিরাপত্তার জন্য ব্যক্তিগত সরঞ্জাম সরঞ্জামাদি Personal Protective Equipment (PPE) ব্যবহার করা হয় কিনা ?		
(২০)	কারখানার প্রতি ফ্লোরে পর্যাপ্ত আলো ও বায়ু চলাচলের ব্যবস্থা আছে কিনা ?		
(২১)	সেইফটি রেকর্ড বুক ও সেইফটি বোর্ড সংরক্ষণ করা হয় কিনা ?		
(২২)	প্রতিষ্ঠানে কোন সেইফটি কমিটি আছে কিনা ?		
(২৩)	কারখানার শ্রমিক-কর্মচারী জীবন বীমা কর্মসূচীর আওতাভুক্ত কিনা ?		

মোট প্রাপ্ত নম্বর :

প্রতিষ্ঠান সম্পর্কে মন্তব্য

কারখানা কর্তৃপক্ষের স্বাক্ষর

পরিদর্শকের স্বাক্ষর

Sep Chapter 22 | Para 22

Export Proceeds Realisation Certificate

Name and address of the Exporter

Export Registration Certificate No.....

Export Form no. 'Exp'	Description of Commodity Exported	B/L No/ & date and Country of destination	Invoice Value No. & Date	Amount realised		Date of realisation	1. Feight 2. Commission 3. Insurance	Net Fob Value		Date of Submission of triplicate copy/copies to the Control	Reference of the Schedule statement in which transaction has been or will be reported to the control
				Foreign Currency	Bangladesh Taka			Foreign Currency	Bangladesh Taka		
1	2	3	4	5	6	7	8	9	10	11	12

FOR USE OF THE BANGLADESH BANK

Checked and found correct

Countersigned subject to detailed post facto check on receipt of the relevant schedule/statement from the Authorised Dealer Concerned

Signature with date and seal

We hereby certify that the particular's m
undertake that in case any discrepar
mentioned in this certificate is detected,
same and shall abide by any decision ta
regard. We further undertake that if any
relating to the export indicated in the Pro
we shall abide by any decision of the
appropriate amount from any future Pro
Signature of the Authorised D

২.২.৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রশাসন-৭ শাখা

নং-বাম/রপ্তানি-৭/১(৫)/২০০৯/২৬৯

তারিখঃ ০৫-০৯-২০১০ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে বিদেশে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপন নীতিমালা।

রপ্তানি সম্প্রসারণের উদ্দেশ্যে বিদেশে বেসরকারী উদ্যোগে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপনের/অনুমতি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করা হবে।

০২. বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপন/ অনুমোদন প্রক্রিয়া :

ক) বাংলাদেশের রপ্তানি সম্প্রসারণে সম্পূর্ণ বেসরকারী অর্থায়নে বিদেশে এ ধরনের ট্রেড সেন্টার স্থাপিত হবে। এর সাথে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;

খ) কোন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন বিবেচনা করে বা রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক এক্সপ্রেশন অব ইন্টারেস্ট (EOI) আহবানের মাধ্যমে কোন নির্দিষ্ট দেশের জন্য কোন একটি প্রতিষ্ঠানকে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপনের অনুমতি প্রদানের জন্য বাছাই করা হবে;

গ) ট্রেড সেন্টারের জন্য আবেদীত প্রতিষ্ঠানকে নির্ধারিত প্রফর্মা/ছকে (সংযোজনী-ক) প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে এবং বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, রপ্তানী উন্নয়ন ব্যুরো এবং প্রাইভেট সেক্টরের একজন করে প্রতিনিধি সমন্বয়ে গঠিত একটি কমিটি উক্ত আবেদন/আবেদনসমূহ বাছাই করবে;

ঘ) অনুমতি প্রাপ্তির পর সংশ্লিষ্ট দেশের আইন-কানুন যথাযথ অনুসরণ করে নির্ধারিত সময়ের (নতুন ইমারত নির্মাণের প্রয়োজন হলে ১ বৎসরের মধ্যে আর ভাড়াকৃত/পূর্ব নির্মিত ইমারতে হলে ৬ মাসের) মধ্যে বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপন করতে হবে;

ঙ) বাংলাদেশ ট্রেড সেন্টারে কেবলমাত্র বাংলাদেশে উৎপাদিত বৈধ পণ্য সামগ্রী প্রদর্শন করা যাবে। বিদেশী বা কোন প্রকার অবৈধ পণ্য প্রদর্শন করা যাবে না এবং পণ্য প্রদর্শন ও প্রচারে কোন প্রকার অশ্লিলতার আশ্রয় নেয়া যাবে না;

চ) বিদ্যমান রপ্তানি নীতি অনুসরণ করে বাংলাদেশ ট্রেড সেন্টারের জন্য বাংলাদেশী প্রকৃত রপ্তানিকারকগণের নিকট হতে বাংলাদেশী পণ্যের নমুনা সংগ্রহ করে প্রদর্শন করা যাবে;

ছ) বাংলাদেশ ট্রেড সেন্টারে বিক্রয়কৃত পণ্যের উপর নমুনা/পণ্য শ্রেণিকারী প্রতিষ্ঠানের সাথে ট্রেড সেন্টারের স্বত্বাধিকারী সমঝোতার ভিত্তিতে সার্ভিস চার্জ গ্রহণ করতে পারবে এবং বৈধ পছন্দ/চ্যানেলে পণ্যের মালিককে বাকী অর্থ ফেরৎ প্রদান করতে হবে;

জ) বাংলাদেশ ট্রেড সেন্টারে প্রদর্শিত পণ্যের ভিত্তিতে বাংলাদেশী রপ্তানিকারক কোন রপ্তানি আদেশ পেলে উক্ত রপ্তানি আদেশের উপর অনধিক ১% কমিশন ট্রেড সেন্টারের স্বত্বাধিকারী গ্রহণ করতে পারবে;

ঝ) স্থাপিত বাংলাদেশ ট্রেড সেন্টারের ভাড়াসহ পরিচালনার যাবতীয় খরচ এবং সংশ্লিষ্ট দেশের করাদি অনুমোদিত প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকবে। এর জন্য বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ বা দায় সৃষ্টি হবে না;

চলমান পাতা/২

- এও) বাংলাদেশ দূতাবাস/হাই কমিশন বাংলাদেশ ট্রেড সেন্টার পরিদর্শন অস্ত্রে প্রয়োজনীয় সুপারিশ করতে পারবে এবং সুপারিশ প্রতিপালনে ট্রেড সেন্টার কর্তৃপক্ষ আন্তরিক হবেন;
- ট) বাংলাদেশ ট্রেড সেন্টার স্থাপনের স্থান উপযুক্ত বাণিজ্যিক এলাকায় হতে হবে;
- ঠ) যে দেশে ট্রেড সেন্টার স্থাপন করা হবে সে দেশের সকল প্রচলিত আইনকানুন ও রীতি নীতি ট্রেড সেন্টার কর্তৃপক্ষ মেনে চলবেন;
- ড) বাংলাদেশের এবং সংশ্লিষ্ট দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোন আচরণ ও প্রদর্শনী ট্রেড সেন্টারে করা যাবে না;
- ন) বিদেশে একটি শহরে একের অধিক বাংলাদেশ ট্রেড সেন্টারের অনুমতি প্রদান করা হবে না; এবং
- ত) সরকার যৌক্তিক কারণে সংশ্লিষ্টদের ৩০(ত্রিশ) দিনের কারণ দর্শানোর মাধ্যমে পূর্ব ইস্যুকৃত অনুমতিপত্র স্থগিত অথবা বাতিল করতে পারবে।

০৩. এ নীতিমালা ভঙ্গকারীর বিরুদ্ধে সরকার আইনানুগ সকল ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

স্বাক্ষরিত-

৫/৯/২০১০

(এস, এম, মাসুদুর রহমান)

পরিচিতি নং-৫৪৬০

সিনিয়র সহকারী সচিব

ফোন ৭১৭১৬২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ২। মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার,.....
- ৩। ভাইস-চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ৪। কনসাল জেনারেল, বাংলাদেশ কনসুলেট জেনারেল.....
- ৫। মিনিষ্টার কমার্শিয়াল, বাংলাদেশ দূতাবাস.....
- ৬। কমার্শিয়াল কাউন্সেলর, বাংলাদেশ দূতাবাস/হাই কমিশন.....
- ৭। সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।
- ৮। সভাপতি.....চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি.....
- ৯। সভাপতি, বিকেএমইএ/বিজিএমইএ/.....

পরিপত্র

বিষয় ঃ- বাণিজ্য মেলা আয়োজন সম্পর্কিত বিধানাবলী।

দেশের শিল্পায়নসহ উৎপাদিত বিভিন্ন ধরণের পণ্য সামগ্রী প্রদর্শনের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য বাংলাদেশের বিভিন্ন বিভাগীয় শহর, জেলা শহর, উপজেলা সমূহে বাণিজ্য মেলা (Trade Fair) আয়োজন করা হয়। এসব মেলা সুষ্ঠুভাবে আয়োজনের নিমিত্ত বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮ জানুয়ারি, ২০০৪ এবং ৪ এপ্রিল, ২০০৪ তারিখের পরিপত্র যথাক্রমে বাম/বস্তুসেল/২৪(০২)/২০০২/৫১ এবং বাম/বস্তুসেল/২৪(০২)/২০০২/২২৯ বাতিলপূর্বক এ পরিপত্র জারী করা হলোঃ

১। সংজ্ঞা ঃ

(ক) বাণিজ্য মেলাঃ বাংলাদেশের অভ্যন্তরে যে কোন স্থানে বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত মেলা যে কোন নামেই আয়োজন করা হয়ে থাকুক না কেন, যদি সেখানে প্রদর্শিত দ্রব্যাদি বিক্রয়ের বা বিনিময়ের ব্যবস্থা থাকে তবে তা বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে। তবে বাংলাদেশের ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন পর্বে অনুষ্ঠিত মেলা যেমন- 'বৈশাখী মেলা', 'চৈত্র সংক্রান্তী মেলা', অথবা ধর্মীয় আচার অনুষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত মেলা যেমন- 'মহররমের মেলা' অথবা ইতিহাস ঐতিহ্যের সাথে জড়িত মেলা যেমন- আন্তর্জাতিক মাতৃ ভাষা ও শহীদ দিবস উপলক্ষে আয়োজিত 'বই মেলা' অথবা রাষ্ট্রীয় কোন প্রতিষ্ঠান আয়োজিত মেলা যেমন- জাতীয় গ্রন্থ কেন্দ্র আয়োজিত ঢাকা বই মেলা বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে না।

(খ) আন্তর্জাতিক বাণিজ্য মেলাঃ- বিদেশী সংস্থা/প্রতিষ্ঠানের অংশগ্রহণে কিংবা বিদেশী মিশন/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বাণিজ্য মেলা "আন্তর্জাতিক বাণিজ্য মেলা" হিসেবে গণ্য হবে।

(গ) স্থানীয় বাণিজ্য মেলা ঃ- বাংলাদেশের অভ্যন্তরে শুধুমাত্র বাংলাদেশী ব্যবসায়ী/প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে অনুষ্ঠিত বাণিজ্য মেলা "স্থানীয় বাণিজ্য মেলা" হিসেবে গণ্য হবে।

২। বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ও পরামর্শে রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) প্রতি বছর 'ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা' মেলা আয়োজন করবে। এ মেলা আয়োজনের জন্য কোন ফি প্রদানের প্রয়োজন হবে না।

৩। (ক) দেশের ৫টি বিভাগীয় শহর যথা-চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট ও বরিশাল এবং ২টি জেলা শহর যথা-বগুড়া ও তিনটি পার্বত্য জেলার মধ্যে পর্যায়ক্রমে একটি জেলা শহরে আন্তর্জাতিক বাণিজ্য মেলা অনুষ্ঠানের নিমিত্ত প্রতি অর্থ বছরের শুরুতে মেলার সময়সূচী নির্ধারণপূর্বক বাণিজ্য মন্ত্রণালয় একটি মেলা ক্যালেন্ডার প্রণয়ন করে সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করবে। প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট জেলার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি স্থানীয় পুলিশ বিভাগের এবং জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় অত্র পরিপত্রের ৬ নং অনুচ্ছেদের শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে উক্ত মেলার আয়োজন করবে। তবে,

(খ) উক্ত মেলা অনুষ্ঠানের সম্ভাব্য তারিখের ন্যূনতম ১ (এক) মাস পূর্বে আয়োজনকারী সংশ্লিষ্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কর্তৃপক্ষকে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুকূলে অফেরৎযোগ্য ৭৫(পঁচাত্তর) মার্কিন ডলার এর সমপরিমাণ বাংলাদেশী টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করে লিখিত অবগত করতে হবে।

৪। (ক) বাংলাদেশের যে কোন স্থানে অনুচ্ছেদ ২ ও ৩ এ উল্লেখিত মেলা ব্যতীত কোন "আন্তর্জাতিক বাণিজ্য মেলা" আয়োজনের ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুকূলে অফেরৎযোগ্য ৭৫ (পঁচাত্তর) মার্কিন ডলার এর সমপরিমাণ বাংলাদেশী টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদানপূর্বক ন্যূনতম ১ (এক) মাস পূর্বে অনুমতির জন্য লিখিত আবেদন করতে হবে।

চলমান পাতা/২

(খ) বাণিজ্য মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইসহ প্রয়োজনে সংশ্লিষ্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/ইপিবি/স্থানীয় প্রশাসন/ সংশ্লিষ্ট পুলিশ বিভাগের মতামত গ্রহণ করে সন্তোষজনক পাওয়া গেলে ৬ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে মেলার অনুমতি প্রদান করবে। কোন আবেদন সন্তোষজনক বিবেচিত না হলে সংশ্লিষ্ট সংস্থাকে লিখিতভাবে জানিয়ে দেওয়া হবে।

৫। “স্থানীয় বাণিজ্য মেলা” আয়োজনের ক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর নামে ৫০০ (পাঁচশত) টাকা এবং বাণিজ্য মন্ত্রণালয়ের অনুকূলে ২০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদানপূর্বক উক্ত চেম্বারের সুপারিশের ভিত্তিতে স্থানীয় পুলিশ বিভাগের মতামত গ্রহণ করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অনধিক ১ (এক) মাসের জন্য ৬ অনুচ্ছেদের শর্তাবলী সাপেক্ষে বাণিজ্য মেলা আয়োজনের জন্য অনুমতি প্রদান করতে পারবে।

৬। বাণিজ্য মেলা আয়োজনের শর্তাবলী :

- (ক) মেলায় আমদানী নিষিদ্ধ বা অবৈধ পণ্য প্রদর্শন করা যাবে না;
- (খ) মেলায় অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;
- (গ) জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থী কোন কিছু প্রদর্শন করা যাবে না;
- (ঘ) মেলা আয়োজনের নিমিত্ত মাঠ/স্থান ব্যবহারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে পৃথকভাবে অনুমতি গ্রহণ করতে হবে।
- (ঙ) মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানের পর অথবা মেলা চলাকালীন সময়ে প্রয়োজনে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচী পরিবর্তন বা মেলার সকল কার্যক্রম বন্ধ রাখার এখতিয়ার সংরক্ষণ করবে।

৭। এ পরিপন্থে বর্ণিত বিধান লংঘন/অমান্য করে কেহ বাণিজ্য মেলা আয়োজন করতে পারবে না। যদি কেহ এরূপ কাজে লিপ্ত থাকে তা হলে স্থানীয় প্রশাসন মেলার আয়োজন বন্ধ করাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে এবং বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করবে।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত-

১২/০৬/২০০৭

(এস এম মাসুদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব।

বিতরণঃ

- ১। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।
- ৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।
- ৪। জেলা প্রশাসক(সকল)।
- ৫। পুলিশ সুপার(সকল)।
- ৬। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৭। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মাননীয় বাণিজ্য উপদেষ্টার একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (রপ্তানী) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

রপ্তানি নীতি ২০১৫-২০১৮

বিষয় সূচি

অধ্যায়	অধ্যায়ের শিরোনাম/বিষয়	পৃষ্ঠা
	প্রস্তাবনা	১-২
প্রথম অধ্যায়	শিরোনাম, লক্ষ্য, কলা-কৌশল, প্রয়োগ ও পরিধি	৩-৭
দ্বিতীয় অধ্যায়	রপ্তানির সাধারণ বিধানাবলী	৭-১১
তৃতীয় অধ্যায়	রপ্তানি বহুমুখীকরণ	১২-১৫
চতুর্থ অধ্যায়	রপ্তানির সাধারণ সুযোগ- সুবিধা	১৬-২৩
পঞ্চম অধ্যায়	রপ্তানির পণ্যভিত্তিক সুবিধাদি	২৪-৩২
ষষ্ঠ অধ্যায়	সেবা খাত	৩৩
সপ্তম অধ্যায়	রপ্তানি উন্নয়নের বিবিধ পদক্ষেপসমূহ	৩৪
পরিশিষ্ট-১	রপ্তানি নিষিদ্ধ পণ্য তালিকা	৩৫-৩৬
পরিশিষ্ট-২	শর্ত সাপেক্ষে রপ্তানি পণ্য তালিকা	৩৭

রপ্তানি নীতি ২০১৫-২০১৮

প্রস্তাবনা

দেশের ব্যাপক জনগোষ্ঠির কর্মসংস্থান ও ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার উদ্দেশ্যে রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনয়ন ও প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে বাংলাদেশের স্থান সুদৃঢ়করণসহ দেশের অর্থনৈতিক কর্মকান্ডকে বিকশিত করার ক্ষেত্রে রপ্তানি নীতির ভূমিকা অনস্বীকার্য। রপ্তানিমুখী শিল্পের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি, রপ্তানি পণ্যের গুণগতমান ও প্রতিযোগী মূল্য নিশ্চিত করা, পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ, সম্ভাবনাময় তথ্যপ্রযুক্তি ভিত্তিক পণ্য ও সেবা রপ্তানির প্রতি বিশেষ গুরুত্ব প্রদান, প্রাধিকার নির্ধারণ, রপ্তানি সম্প্রসারণে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসে ফোকাল পয়েন্ট নির্ধারণ, বাণিজ্যিক উইংসমূহের কার্যক্রমকে গতিশীল করা, সংশ্লিষ্ট দেশের সরকারি ও ব্যবসা প্রতিষ্ঠানের সাথে নিবিড় সম্পর্ক গড়ে তোলার বিষয়ে রপ্তানি নীতি ২০১৫-২০১৮-এ গুরুত্বারোপ করা হয়েছে।

দেশের রপ্তানি বাণিজ্য প্রসারে সরকার সহায়ক ভূমিকা পালন করে থাকে। এ উদ্দেশ্যে দেশে অধিক পরিমাণে শ্রম নির্ভর রপ্তানি শিল্প স্থাপন, শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির জন্য ব্যাপক ও সময়োপযোগী প্রশিক্ষণ প্রদান, রপ্তানিকে উৎসাহিত করার জন্য বিভিন্ন ধরনের প্রণোদনা প্রদান, সহজ শর্তে ও স্বল্প সুদে ঋণ প্রদান, অবকাঠামোগত উন্নয়ন, রপ্তানিমুখী শিল্পে আন্তর্জাতিক মানের কমপ্লায়েন্স নিশ্চিত করা, গ্যাস, বিদ্যুৎ, পানি ইত্যাদি সরবরাহের ব্যবস্থা সহজীকরণ, রপ্তানি পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য অত্যাধুনিক পরীক্ষাগার স্থাপন, পণ্য ভিত্তিক শিল্প এলাকা বা ক্লাস্টার গড়ে তোলা, রপ্তানি শিল্পের পশ্চাৎ ও অগ্রসংযোগ শিল্প স্থাপনে সহায়তা প্রদান, বাজার সম্প্রসারণের জন্য বিভিন্ন দেশে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণসহ বিভিন্ন কর্মসূচীর আয়োজন, রপ্তানিকারকদেরকে তাঁদের পণ্য উৎপাদনের ক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তির তথ্য ও বিভিন্ন বাজার সম্পর্কে হালনাগাদ তথ্য নিয়মিতভাবে সরবরাহকরণ, সহজভাবে রপ্তানি পণ্যের কাঁচামাল সংগ্রহের ব্যবস্থা, চট্টগ্রাম ও মংলা সামুদ্রিক বন্দরের সামগ্রিক উন্নয়নসহ মালামাল খালাস ও গ্রহণ পদ্ধতি সহজীকরণ, পানগাঁওসহ অন্যান্য নদী বন্দরের উন্নয়ন ও চালু করার ব্যবস্থা গ্রহণ এবং রপ্তানি বাণিজ্যের সকল কার্যক্রম সহজীকরণের বিষয় রপ্তানি নীতি ২০১৫-২০১৮ তে অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, এবারের নীতিতে ICT, ঔষধ, লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য, এগ্রো-প্রডাক্ট, ভেষজ সামগ্রী, জাহাজ নির্মাণ শিল্পকে উদীয়মান সম্ভাবনাময় খাত হিসাবে গণ্য করে এসকল বিষয়ে গৃহীত নীতিমালা পৃথক পৃথক উপ অধ্যায়ে সন্নিবেশিত করা হয়েছে।

দেশের নানা প্রতিকূল অবস্থা ও কমপ্লায়েন্স ইস্যুতে বৈশ্বিক চাপেও ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থ বছরে বাংলাদেশের রপ্তানি আয় যথাক্রমে ৫.৯৯%, ১১.২২% ও ১১.৬৯% বৃদ্ধি পেয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে নানা প্রতিকূলতার কারণে রপ্তানি কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় না পৌঁছালেও বিগত বছরের তুলনায় রপ্তানি আয় বৃদ্ধি পেয়েছে। রপ্তানি বৃদ্ধির ক্ষেত্রে সরকারের সহায়ক রপ্তানি নীতি ২০১২-২০১৫ এর অনুসরণ এবং সরকারি-বেসরকারি অংশীজনের আন্তরিক প্রচেষ্টার কারণেই এ সাফল্য অর্জিত হয়েছে। রপ্তানি বৃদ্ধির এ গতিধারা অব্যাহত রাখার লক্ষ্যে দেশের প্রধান প্রধান শিল্প ও বণিক সমিতি, প্রধান প্রধান পণ্য ভিত্তিক সমিতি, বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য ব্যাংক, গবেষণা সংস্থা, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সরকারি বিভাগ ও সংস্থার সমন্বয়ে গঠিত পরামর্শ-প্রসূত সুপারিশের ভিত্তিতে রপ্তানি নীতি ২০১৫-২০১৮ প্রণীত হয়েছে। আশা করা যায়, এ রপ্তানি নীতির আলোকে বাংলাদেশের রপ্তানি বাণিজ্য পরিচালিত হলে দেশের ব্যাপক জনগোষ্ঠির কর্মসংস্থানসহ ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্য আয়ের দেশে উন্নীতকরণের লক্ষ্য অর্জিত হবে।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছিলেন। সে স্বপ্ন বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা রূপকল্প ২০২১ ঘোষণা করেছেন। রূপকল্প ২০২১ এর পরিপ্রেক্ষিতে গৃহীত রপ্তানি কৌশলের আলোকে প্রণীত ২০১৫-১৮ অর্থ বছরের রপ্তানি নীতির মূল লক্ষ্য হলো:-

- ১। বিশ্ব বাণিজ্য সংস্থা, চার দেশীয় (বাংলাদেশ-ভারত-নেপাল-ভূটান) সম্ভাব্য উপ-আঞ্চলিক যোগাযোগ (Connectivity), বৈশ্বিক অবস্থার প্রেক্ষিত ও প্রয়োজনের সাথে সংগতি রেখে বাণিজ্য ব্যবস্থাকে (Trade regime) যুগোপযোগী ও উদারীকরণ করা;
- ২। আগামী ২০২১ সনের মধ্যে রপ্তানি আয় ৬০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীতকরণের লক্ষ্য্যভিমুখী কার্যক্রম গ্রহণ;
- ৩। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্য আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে ষষ্ঠ ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং প্রেক্ষিত পরিকল্পনার আলোকে রপ্তানি বৃদ্ধি, পণ্য বাজার সম্প্রসারণ ও পণ্য বহুমুখীকরণ এবং বিভিন্ন দেশের সাথে যৌক্তিকভাবে বাণিজ্য ভারসাম্যের উন্নয়ন;
- ৪। দেশের ব্যাপক জনগোষ্ঠির কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য, অপ্রচলিত পণ্যসহ সব ধরনের পণ্য রপ্তানি বৃদ্ধি। কন্সট্রাক্ট ফার্মিং-এর মাধ্যমে একটি কমপ্লায়েন্ট সরবরাহ চেইন প্রতিষ্ঠা করা;

- ৫। প্রতিযোগী মূল্যে মানসম্মত পণ্য রপ্তানির ব্যবস্থা করা, মান যাচাই পদ্ধতির বিশ্বমানে উন্নয়ন সাধনের বিষয়ে সমন্বিত কার্যক্রম গ্রহণ, পণ্যের মান উন্নয়ন, উন্নত, লাগসই ও পরিবেশ বান্ধব প্রযুক্তির ব্যবহার উৎসাহিতকরণ, উচ্চমূল্যের রপ্তানি পণ্য উৎপাদন ও ডিজাইনের উৎকর্ষ সাধন;
- ৬। রপ্তানিমুখী শিল্পের কমপ্লায়েন্স নিশ্চিত করার মাধ্যমে রপ্তানি বাণিজ্য নির্বিল্লকরণ ও প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে বাংলাদেশের অবস্থান সুদৃঢ়করণ;
- ৭। রপ্তানিতে ICT সহ সেবা খাতের অংশ বৃদ্ধি, ই-কমার্স ও ই-গভর্নেন্স ব্যবহার করে রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনয়ন;
- ৮। শ্রমনির্ভর রপ্তানি পণ্য উৎপাদনে উৎসাহিত করা। রপ্তানিমুখী শিল্প ও বাণিজ্যে নারীদের সম্পৃক্ততা বৃদ্ধি;
- ৯। রপ্তানি বৃদ্ধির সুবিধার্থে বিদ্যুৎ, পানি, গ্যাসসহ অবকাঠামোগত সুবিধা সহজলভ্য করা, বন্দরসমূহের সক্ষমতা বৃদ্ধি ও বন্দরমুখী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;
- ১০। সরকারি-বেসরকারি অংশীদারিত্ব, রপ্তানি বহুমুখীকরণ ও প্রাতিষ্ঠানিকরণের জন্য ইতোমধ্যে প্রতিষ্ঠিত বিজনেস প্রমোশন কাউন্সিলের সংখ্যা বৃদ্ধি ও কার্যক্রম জোরদার করা;
- ১১। বৈদেশিক মিশনসমূহকে অধিকতর বাণিজ্যবান্ধব করে তোলা;
- ১২। বাংলাদেশের পণ্যের ব্রান্ডিং করা;
- ১৩। বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে অধিকতর বাণিজ্যবান্ধব ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলা এবং রপ্তানি বাণিজ্যে অর্থায়নের ক্ষেত্রে ফ্যাক্টরিং সার্ভিসকে উৎসাহিত করা;
- ১৪। আমদানি বিকল্প শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলে রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণ; এবং
- ১৫। রপ্তানি বাণিজ্য বৃদ্ধিতে রপ্তানি নির্ভর বৈদেশিক বিনিয়োগ উৎসাহিতকরণ।

প্রথম অধ্যায়
শিরোনাম, লক্ষ্য, কলা-কৌশল, প্রয়োগ ও পরিধি

১.০ শিরোনাম

এ নীতি রপ্তানি নীতি ২০১৫-১৮ নামে অভিহিত হবে।

১.১ রপ্তানি নীতির লক্ষ্য (Objectives):

- ১.১.১ বিশ্ব বাণিজ্য সংস্থা, চার দেশীয় (বাংলাদেশ-ভারত-নেপাল-ভূটান) সম্ভাব্য উপ-আঞ্চলিক যোগাযোগ (connectivity), বৈশ্বিক অবস্থার প্রেক্ষিত ও প্রয়োজনের সাথে সংগতি রেখে বাণিজ্য ব্যবস্থাকে (trade regime) যুগোপযোগী ও উদারীকরণ করা;
- ১.১.২ আগামী ২০২১ সনের মধ্যে রপ্তানি আয় ৬০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীতকরণের লক্ষ্যাভিমুখী কার্যক্রম গ্রহণ;
- ১.১.৩ ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্য আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে ষষ্ঠ ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং প্রেক্ষিত পরিকল্পনার আলোকে রপ্তানি বৃদ্ধি, পণ্য বাজার সম্প্রসারণ ও পণ্য বহুমুখীকরণ এবং বিভিন্ন দেশের সাথে যৌক্তিকভাবে বাণিজ্য ভারসাম্যের উন্নয়ন;
- ১.১.৪ দেশের ব্যাপক জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য, অপ্রচলিত পণ্যসহ সব ধরনের পণ্য রপ্তানি বৃদ্ধি। কন্ট্রাক্ট ফার্মিং-এর মাধ্যমে একটি কমপ্লায়েন্ট সরবরাহ চেইন প্রতিষ্ঠা করা;
- ১.১.৫ প্রতিযোগী মূল্যে মানসম্মত পণ্য রপ্তানির ব্যবস্থা করা, মান যাচাই পদ্ধতি বিশ্বমানে উন্নীত করার বিষয়ে সমন্বিত কার্যক্রম গ্রহণ, পণ্যের মান উন্নয়ন, উন্নত, লাগসই ও পরিবেশ বান্ধব প্রযুক্তির ব্যবহার উৎসাহিতকরণ, উচ্চমূল্যের রপ্তানি পণ্য উৎপাদন ও ডিজাইনের উৎকর্ষ সাধন;
- ১.১.৬ রপ্তানিমুখী শিল্পের কমপ্লায়েন্স নিশ্চিত করার মাধ্যমে রপ্তানি বাণিজ্য নির্বিঘ্নকরণ ও প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে বাংলাদেশের অবস্থান সুদৃঢ়করণ;
- ১.১.৭ রপ্তানিতে ICT সহ সেবা খাতের অংশ বৃদ্ধি, ই-কমার্স ও ই-গভর্নেন্স ব্যবহার করে রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনয়ন;
- ১.১.৮ শ্রমনির্ভর রপ্তানি পণ্য উৎপাদনে উৎসাহিত করা। রপ্তানিমুখী শিল্প ও বাণিজ্যে নারীদের সম্পৃক্ততা বৃদ্ধি;
- ১.১.৯ রপ্তানি বৃদ্ধির সুবিধার্থে বিদ্যুৎ, পানি, গ্যাসসহ অবকাঠামোগত সুবিধা সহজলভ্য করা, বন্দরসমূহের সক্ষমতা বৃদ্ধি ও বন্দরমুখী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;
- ১.১.১০ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব, রপ্তানি বহুমুখীকরণ ও প্রাতিষ্ঠানিকরণের জন্য ইতোমধ্যে প্রতিষ্ঠিত বিজনেস প্রমোশন কাউন্সিলের সংখ্যা বৃদ্ধি ও কার্যক্রম জোরদার করা;
- ১.১.১১ বৈদেশিক মিশনসমূহকে অধিকতর বাণিজ্যবান্ধব করে তোলা;
- ১.১.১২ বাংলাদেশের পণ্যের ব্রান্ডিং করা;
- ১.১.১৩ বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে অধিকতর বাণিজ্যবান্ধব ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলা এবং রপ্তানি বাণিজ্যে অর্থায়নের ক্ষেত্রে ফ্যাক্টরিং সার্ভিসকে উৎসাহিত করা;
- ১.১.১৪ আমদানি বিকল্প শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলে রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণ;
- ১.১.১৫ রপ্তানি বাণিজ্য বৃদ্ধিতে রপ্তানি নির্ভর বৈদেশিক বিনিয়োগ উৎসাহিতকরণ;

- ১.১.১৬ রপ্তানি পণ্য উৎপাদনে দেশি-বিদেশি উৎস হতে কাঁচামাল প্রাপ্তি সহজলভ্য করা;
- ১.১.১৭ উৎপাদনশীলতা বৃদ্ধি ও পণ্যের বহুমুখীকরণ;
- ১.১.১৮ রপ্তানি পণ্যের বাজার সম্প্রসারণের জন্য নতুন বাজার অনুসন্ধান, নতুন কৌশল অবলম্বন ও আন্তর্জাতিক বাজার সম্পর্কীয় তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ;
- ১.১.১৯ রপ্তানিযোগ্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে উৎসাহিত করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো এবং ক্ষেত্রবিশেষে ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড লিংকেজ গড়ে তুলতে সাহায্য করা;
- ১.১.২০ নতুন নতুন রপ্তানিকারক সৃষ্টি ও বিদ্যমান রপ্তানিকারকদেরকে সর্বতোভাবে সহায়তা প্রদান করা;
- ১.১.২১ উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনার জন্য দক্ষ জনশক্তি গড়ে তুলতে সাহায্য করা; এবং
- ১.১.২২ পরিবর্তনশীল আন্তর্জাতিক বাণিজ্য রীতিনীতি সম্পর্কে বণিক সমিতি, ব্যবসায়ী সংগঠন, ব্যবসায়ী ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সম্যক ধারণা প্রদান করা।
- ১.২ বাস্তবায়ন কৌশল (Implementation Strategy) :**
- ১.২.১ রপ্তানী উন্নয়ন ব্যুরো'র (ইপিবি) প্রাতিষ্ঠানিক দক্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধি, কাস্টমস কর্তৃপক্ষ, সমুদ্র ও স্থল বন্দর কর্তৃপক্ষ, মৎস্য অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিএসটিআই, চা বোর্ড এবং বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের সক্ষমতা বিনির্মাণে সহায়তা প্রদান করা এবং সমন্বিত কার্যক্রম গ্রহণ;
- ১.২.২ বিএফটিআই-এর উন্নয়ন সাধন;
- ১.২.৩ গবেষণা কার্যক্রমে বাংলাদেশ ট্যারিফ কমিশনের সংযোগ সৃষ্টি;
- ১.২.৪ ইকোনমিক ডিপ্লোমেসি জোরদার করে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহকে আধুনিকায়ন ও যুগোপযোগী করা;
- ১.২.৫ রপ্তানি সম্ভাবনাময় পণ্যের উৎপাদন ও রপ্তানি উৎসাহিত করার জন্য সরকারি ও বেসরকারি খাতের যৌথ উদ্যোগে উৎপাদন, পণ্যের ব্যবসা ও বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে পণ্য ভিত্তিক গঠিত ৬টি বিজনেস প্রমোশন কাউন্সিলের কার্যক্রম গতিশীল করার পাশাপাশি প্লাস্টিক পণ্যসহ অন্যান্য পণ্যের জন্যেও প্রয়োজনানুযায়ী বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন করা;
- ১.২.৬ বিদেশে পণ্যের চাহিদা সংক্রান্ত মার্কেট ইন্টেলিজেন্স সম্পর্কিত তথ্য, প্রতিযোগিতামূলক মূল্য, বাজার সম্প্রসারণ, উচ্চতর মূল্য প্রাপ্তি প্রভৃতি ক্ষেত্রে উৎপাদনকারী ও রপ্তানিকারকদেরকে সহায়তা প্রদান করা এবং রপ্তানী উন্নয়ন ব্যুরোতে শক্তিশালী গবেষণা ও প্রাতিষ্ঠানিক কাঠামো গঠন;
- ১.২.৭ অটোমেশন ও ই-গভর্নেন্স প্রবর্তনের মাধ্যমে রপ্তানি সহযোগী প্রতিষ্ঠানসমূহের কর্মদক্ষতা বৃদ্ধিতে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সহযোগিতা প্রদান করা;
- ১.২.৮ ব্যবসার ব্যয় কমিয়ে রপ্তানি পণ্যসমূহকে অধিকতর প্রতিযোগী করা, উৎপাদন বৃদ্ধি, বাজার সম্প্রসারণ এবং লীড টাইম কমিয়ে আনার লক্ষ্যে ই-কমার্সসহ সকল আধুনিক প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সামগ্রিক বাণিজ্য ব্যবস্থাকে যুগোপযোগী ও আধুনিকীকরণে সহায়তা প্রদান করা;
- ১.২.৯ রপ্তানি বহুমুখীকরণে রপ্তানি বাজার ও প্রযুক্তি সম্পর্কে রপ্তানিকারকদেরকে হালনাগাদ তথ্য সরবরাহ করা;
- ১.২.১০ উৎপাদনশীলতা বৃদ্ধির উদ্দেশ্যে শ্রমিক, কর্মচারী ও ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্টদের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং আরো খাতভিত্তিক প্রশিক্ষণ ইনস্টিটিউট গড়ে তোলা;
- ১.২.১১ ট্রেডিং হাউস ও রপ্তানি হাউসসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রাতিষ্ঠানিক সুবিধা বৃদ্ধির মাধ্যমে রপ্তানি উন্নয়নে উৎসাহ প্রদান করা;
- ১.২.১২ পণ্যের মান নিশ্চিত করার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত সার্টিফিকেশন ব্যবস্থা প্রতিষ্ঠায় সহযোগিতা প্রদান করা;
- ১.২.১৩ শ্রমিকদের কর্মস্থলের নিরাপত্তাসহ শ্রমিকদের অধিকারের বিষয়ে গুরুত্বারোপ করা;
- ১.২.১৪ পণ্যের ডিজাইন উন্নয়নে পণ্যভিত্তিক ডিজাইন সেন্টার স্থাপনে উৎসাহিত করা;
- ১.২.১৫ আন্তর্জাতিক ভাবে প্রচলিত বাণিজ্যিক/ব্যবসায়িক সুঅভ্যাস/সুরীতি (good practice/ethical business) অনুসরণে উৎসাহিত করা;
- ১.২.১৬ আন্তর্জাতিক বাণিজ্যকে সহায়তা করার লক্ষ্যে একক বাতায়ন সেবা কেন্দ্র (Single Window Service Centre) প্রবর্তন;
- ১.২.১৭ রপ্তানিকারকদেরকে organic পণ্য উৎপাদনের জন্য সার্বিক সহায়তা প্রদান করা;
- ১.২.১৮ ক্ষুদ্র ও মাঝারী শিল্পকে বিশেষ সহায়তা প্রদানের ব্যবস্থা করা;
- ১.২.১৯ আমদানিকারক দেশসমূহের কর্মপদ্ধতির সংগে রপ্তানিকারকদের পরিচিতি বৃদ্ধিতে সহায়তা প্রদান করা;

- ১.২.২০ অপেক্ষাকৃত নিম্ন সুদ হারে রপ্তানি ঋণ প্রদানসহ রপ্তানিকারকদেরকে বিভিন্ন আর্থিক ও আর্থিক প্রণোদনা (incentive) প্রদান করা;
- ১.২.২১ রপ্তানিতে লীড টাইম কমিয়ে আনার জন্য বন্দর ব্যবস্থাপনার উন্নয়ন, অবকাঠামো উন্নয়ন, পণ্য খালাস পদ্ধতি সহজীকরণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করা এবং ওয়ানস্টপ সার্ভিস প্রবর্তন করে ব্যবসার ব্যয় (cost of doing business) কমিয়ে আনার মাধ্যমে রপ্তানিকারকদের প্রতিযোগিতার শক্তি বৃদ্ধির সহায়ক পদক্ষেপ নেয়া;
- ১.২.২২ পণ্য পরিচিতি (product branding) ও বহুমুখীকরণ (diversification)-এর জন্য নতুন নতুন বাজার অন্বেষণ উদ্যোগের আওতায় বিভিন্ন দেশে বাংলাদেশী পণ্যের একক মেলা আয়োজন ও আন্তর্জাতিক মেলায় যোগদানের ক্ষেত্রে রপ্তানিকারকদেরকে সহায়তা প্রদান করা, বিদেশে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণ করা, বিদেশ হতে আগত ক্রেতা প্রতিষ্ঠান/ব্যবসায়ী সংগঠনের সমন্বয়ে গঠিত বাণিজ্যিক মিশন গ্রহণ এবং পণ্যের বাজার study করার ব্যবস্থা গ্রহণ করা;
- ১.২.২৩ বিদেশে বাংলাদেশী পণ্য ও সেবা খাতের বাজার সম্প্রসারণের জন্য যুক্তরাষ্ট্রসহ অন্যান্য উন্নত ও উন্নয়নশীল দেশে শুল্কমুক্ত বাজার সুবিধা পাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করা;
- ১.২.২৪ দক্ষিণ এশিয়া ও মধ্যপ্রাচ্যসহ এশিয়ার অন্যান্য দেশ ও আফ্রিকার বিভিন্ন দেশ, ব্রাজিল, মেক্সিকো, চিলি, দক্ষিণ আফ্রিকা, রাশিয়াসহ বিভিন্ন সিআইএস দেশ, সার্কভুক্ত দেশ, এসএডিসিভুক্ত (South African Developing Countries) দেশে পণ্য ও সেবা খাতে রপ্তানি বৃদ্ধিতে বিশেষ উদ্যোগ নেয়া, প্রবাসী বাংলাদেশীদের নিকট সমাদৃত পণ্যের রপ্তানি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করা;
- ১.২.২৫ নতুন নতুন পণ্য উৎপাদন, পণ্য বহুমুখীকরণ, অধিক পণ্য রপ্তানি ইত্যাদি কর্মকান্ডের জন্য বিভিন্ন খাতে প্রতি বছর শ্রেষ্ঠ রপ্তানিকারকদেরকে সিআইপি মর্যাদা ও জাতীয় রপ্তানি ট্রফি প্রদান করা;
- ১.২.২৬ “রপ্তানি সংক্রান্ত জাতীয় কমিটি” কর্তৃক প্রতি বছর নিয়মিতভাবে এক বা একাধিকবার দেশের রপ্তানি পরিস্থিতি পর্যালোচনা করা এবং বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা;
- ১.২.২৭ “রপ্তানি সংক্রান্ত জাতীয় কমিটি” এর সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গঠিত ‘টাস্ক ফোর্স’ কর্তৃক নিয়মিতভাবে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং ও মূল্যায়ন করা;
- ১.২.২৮ ভাইস-চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো-এর সভাপতিত্বে এফবিসিসিআইসহ বেসরকারী খাতের প্রতিনিধি সমন্বয়ে গঠিত ‘রপ্তানি মনিটরিং কমিটি’ কর্তৃক রপ্তানির বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও তা সমাধানের উপায় সম্পর্কে সুপারিশ প্রণয়নপূর্বক বাস্তবায়নের উদ্দেশ্যে উচ্চতর পর্যায়ে উপস্থাপন করা; এবং
- ১.২.২৯ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ ও শীর্ষ ব্যবসায়িক সংগঠনের প্রতিনিধিদের সমন্বয়ে রপ্তানি নীতি ২০১৫-২০১৮ মনিটরিং-এর জন্য “রপ্তানি নীতি মনিটরিং কমিটি” গঠন, কমিটি কর্তৃক রপ্তানি নীতির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, প্রয়োজনীয় সুপারিশ প্রদান; এবং
- ১.২.৩০ বাণিজ্য মন্ত্রণালয়ে রপ্তানি সেল প্রতিষ্ঠা।
- ১.৩ প্রয়োগ ও পরিধিঃ**
- ১.৩.১ ভিন্নরূপ উল্লিখিত না হলে রপ্তানি নীতি ২০১৫-১৮ বাংলাদেশ হতে সকল ধরনের পণ্য ও সেবা রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ১.৩.২ রপ্তানি নীতি ২০১৫-২০১৮ প্রকাশের দিন হতে ৩০ জুন, ২০১৮ পর্যন্ত বলবৎ থাকবে। তবে পরবর্তী রপ্তানি নীতি জারি না হওয়া পর্যন্ত এ রপ্তানি নীতি কার্যকর থাকবে;
- ১.৩.৩ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল ও বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা ছাড়া বাংলাদেশের অন্যান্য সকল এলাকায় নীতি প্রযোজ্য হবে;
- ১.৩.৪ শুল্ক ও কর সংক্রান্ত কোন বিষয়ে জাতীয় বাজেট ও জাতীয় রাজস্ব বোর্ড ঘোষিত সিদ্ধান্ত রপ্তানি নীতির উপর প্রাধান্য পাবে;
- ১.৩.৫ এ নীতিতে যা কিছু থাকুক না কেন, অন্য কোন সরকারি আদেশে রপ্তানি সংক্রান্ত সুনির্দিষ্ট কোন সিদ্ধান্ত জারি করা হলে তা যদি এ রপ্তানি নীতির কোন বিধানের সহিত অসংগতিপূর্ণ হয়, তবে উক্ত সরকারি আদেশ রপ্তানি নীতির উপর প্রাধান্য পাবে; এবং

- ১.৩.৬ সরকার বছরে অন্ততঃ একবার নীতি পর্যালোচনা করবে এবং প্রয়োজনে নীতির যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবে।

দ্বিতীয় অধ্যায় রপ্তানির সাধারণ বিধানাবলী

২.০ পণ্য রপ্তানিতে প্রতিপালনীয় বিধি-বিধান-

বাংলাদেশ হতে পণ্য রপ্তানির ক্ষেত্রে নীতিতে বর্ণিত অথবা এতদবিষয়ক অন্য কোন আইনে বর্ণিত শর্তাবলী, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বৈদেশিক মুদ্রা বিনিময় সংক্রান্ত বিধি-বিধান ও নিয়মাবলী পালন এবং এর আওতায় নির্ধারিত দলিলাদি দাখিল করতে হবে।

২.১ পণ্য রপ্তানি নিয়ন্ত্রণঃ এ নীতির অধীনে পণ্যের রপ্তানি নিম্নরূপভাবে নিয়ন্ত্রিত হবে, যথাঃ-

২.১.১ রপ্তানি নিষিদ্ধ পণ্য- ভিন্নরূপ উল্লিখিত না হলে, এ নীতিতে উল্লিখিত রপ্তানি নিষিদ্ধ পণ্য সামগ্রী রপ্তানি করা যাবে না। রপ্তানি নিষিদ্ধ পণ্যের তালিকা পরিশিষ্ট-১ এ প্রদত্ত হয়েছে; এবং

২.১.২ শর্ত সাপেক্ষে রপ্তানি- যে সকল পণ্য কতিপয় শর্ত পালন সাপেক্ষে রপ্তানিযোগ্য সে সকল পণ্য উক্ত বিধান পালন সাপেক্ষে রপ্তানি করা যাবে। শর্ত সাপেক্ষে রপ্তানিযোগ্য পণ্যের তালিকা পরিশিষ্ট-২ এ দেখানো হলো।

২.২ রপ্তানিযোগ্য পণ্যঃ ভিন্নরূপ উল্লিখিত না হলে, পরিশিষ্ট-১ এ উল্লিখিত রপ্তানি নিষিদ্ধ পণ্য এবং পরিশিষ্ট-২ এ যে সকল পণ্য কতিপয় বিধান পালন সাপেক্ষে রপ্তানির কথা বলা হয়েছে সে সকল পণ্য ব্যতীত অন্যান্য পণ্য অবাধে রপ্তানিযোগ্য হবে।

২.২.১ এ নীতিতে বর্ণিত বিধি-বিধান নিম্ন বর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হবে না-

২.২.১.১ বিদেশগামী জাহাজ, যান অথবা বিমানের ভান্ডার (store), যন্ত্রপাতি (equipment) অথবা মেশিনের যন্ত্রাংশ এবং রন্ধনশালার অংশ হিসাবে ঘোষিত পণ্য অথবা নাবিক অথবা উক্ত জাহাজ, যান অথবা বিমানের ক্রু ও যাত্রীদের সংগে বহনকৃত ব্যাগেজ;

২.২.১.২ নিম্নোক্ত শর্তাদি পালন সাপেক্ষে নমুনা (sample) রপ্তানি-

(অ) নিষিদ্ধ তালিকা বহির্ভূত সকল পণ্য;

(আ) এফওবি (Freight on Board) মূল্যের ভিত্তিতে প্রতি রপ্তানিকারক কর্তৃক বার্ষিক সর্বাধিক ১০,০০০/- মার্কিন ডলারের পণ্য (ঔষধ ব্যতীত);

(ই) নমুনা হিসাবে বিনা মূল্যে প্রেরিত পণ্য, তবে শর্ত থাকে যে, ঔষধের ক্ষেত্রেঃ

(১) রপ্তানি এলসি (Letter of Credit) বা ঋণপত্র ব্যতিরেকে কোনো নিবন্ধিত রপ্তানিকারক, যারা নিবন্ধিত রপ্তানিকারক এসোসিয়েশনের সদস্য, বছরে সর্বোচ্চ ৭০,০০০ মার্কিন ডলার, অথবা

(২) প্রতি এলসি বা ঋণপত্রের বিপরীতে মোট এলসি/ ঋণপত্র মূল্যের ১০% বা সর্বোচ্চ ১৫,০০০ মার্কিন ডলারের ঔষধ যেটি কম হবে;

(৩) প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কেস টু কেস পরীক্ষা করে এ সীমা বৃদ্ধি করতে পারবে।

(ঈ) বাংলাদেশ ব্যাংকের সম্মতি সাপেক্ষে ১০০% রপ্তানিমুখী পোশাক শিল্প কর্তৃক বার্ষিক সর্বোচ্চ ১৫,০০০/- মার্কিন ডলার মূল্যের তৈরী পোশাকের নমুনা;

(উ) জাতীয় রাজস্ব বোর্ডের অধীন কাস্টমস বন্ড কমিশনারেট হতে বন্ড লাইসেন্স প্রাপ্ত বন্ডেড হীরা প্রক্রিয়াকারক প্রতিষ্ঠান অথবা মূসক (ভ্যাট) কমিশনারেট হতে উৎপাদক হিসাবে মূসক নিবন্ধিত হীরা/হীরা খচিত স্বর্ণালংকার প্রক্রিয়াকারক প্রতিষ্ঠান বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ অথবা রপ্তানি বাজার উন্নয়নকল্পে প্রদর্শনীর নিমিত্ত বার্ষিক ৬০,০০০(ষাট হাজার) মার্কিন ডলার মূল্যের কাট ও পলিশড হীরা এবং হীরা খচিত স্বর্ণালংকার নমুনা হিসেবে প্রেরণ করতে পারবে এবং প্রদর্শনী শেষে তা দেশে ফেরৎ আনতে হবে। তবে প্রদর্শনী শেষে-তা বিক্রয় করা হলে বিক্রিত অর্থ বৈধ ব্যাংকিং চ্যানেলে দেশে প্রত্যাবাসন করতে হবে। প্রত্যাবাসিত অর্থের পরিমাণ নমুনা হিসাবে প্রেরিত মূল্যের কম হতে পারবে না;

(উ) প্রমোশনাল মেটেরিয়ালের (ব্রশিউয়্যার, পোস্টার, লিফলেট, ব্যানার ইত্যাদি) ক্ষেত্রে যে কোন মূল্য বা ওজন;

(ঋ) ২,০০০/- (দুই হাজার) মার্কিন ডলার বা সমপরিমাণ টাকার উপহার সামগ্রী বা গিফট পার্সেল;

(এ) বাংলাদেশের বাইরে ভ্রমণকারী ব্যক্তির বৈধ (bonafide) ব্যাগেজ; এবং

(ঐ) সরকার কর্তৃক ত্রাণ সামগ্রী হিসাবে রপ্তানি পণ্য।

২.২.২ “নমুনা” বা স্যাম্পল বলতে বাণিজ্যিক মূল্যহীন সহজে সনাক্তযোগ্য সীমিত পরিমাণ পণ্যকে বুঝাবে; এবং

২.২.৩ “গিফট পার্সেল” বলতে By Air, ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন উপহার সামগ্রীকে বুঝাবে।

- ২.৩ রপ্তানি নিয়ন্ত্রণ শিথিল করার ক্ষমতাঃ উপযুক্ত কারণ দেখিয়ে সরকার পরিশিষ্ট-১ এ বর্ণিত কোন নিষিদ্ধ পণ্য রপ্তানির অনুমতি প্রদান করতে পারবে। এ ছাড়া সরকার বিশেষ বিবেচনায় কোন পণ্য রপ্তানি, রপ্তানি-কাম-আমদানি অথবা পুনঃরপ্তানির অনুমতিপত্র (authorization) জারি করতে পারবে।
- ২.৪ **অন্ট্রাপো ও পুনঃরপ্তানিঃ**
- ২.৪.১ “অন্ট্রাপো বাণিজ্য” অর্থ এরূপ বাণিজ্য যে ক্ষেত্রে আমদানিকৃত কোন পণ্যের গুণগতমান, পরিমাণ, আকৃতিসহ কোন প্রকার পরিবর্তন ব্যতিরেকে পণ্য মূল্য অন্যান্য ৫% এর অধিক মূল্যে তৃতীয় কোন দেশে রপ্তানি করা হয়, যা বন্দর সীমানার বাইরে আনা যাবে না, তবে অন্য কোন বন্দরের মাধ্যমে রপ্তানির উদ্দেশ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এক বন্দর হতে অন্য বন্দরে পণ্য পরিবহন করা যেতে পারে;
- ২.৪.২ অন্ট্রাপো বাণিজ্যের লক্ষ্যে আমদানিঃ আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে প্রদত্ত import permit on returnable basis এর মাধ্যমে ক্রেতা কর্তৃক প্রদেয় ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে অন্ট্রাপো বাণিজ্যের নিমিত্ত পণ্য আমদানি করা যাবে এবং উক্তরূপ অন্ট্রাপো আমদানির ক্ষেত্রে পণ্যের ঘোষণায় অন্ট্রাপো বা সাময়িক আমদানি (Temporary Import) কথাটি উল্লেখ থাকতে হবে;
- ২.৪.৩ আমদানি ও রপ্তানি বন্দর একই হলে আমদানিকৃত পণ্য বন্দরের বাইরে নেয়া যাবে না;
- ২.৪.৪ আমদানি ও রপ্তানি বন্দর ভিন্ন হলে ডিউটি ড্র-ব্যাকের আওতায় শুল্ককর পরিশোধ অথবা ১০০% ব্যাংক গ্যারান্টির বিপরীতে শুল্ক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রপ্তানি বন্দরে স্থানান্তর পূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে পণ্য রপ্তানি করতে হবে;
- ২.৪.৫ অন্ট্রাপো’র আওতায় “আমদানি মূল্য” বলতে বাংলাদেশের বন্দরে আমদানিকৃত পণ্যের ঘোষিত সিএফআর (Cost and Freight) মূল্যকে বুঝাবে;
- ২.৪.৬ “পুনঃরপ্তানি” অর্থ স্থানীয়ভাবে পুনঃপ্রক্রিয়াকরণের মাধ্যমে পণ্যের গুণগত মান বা আকৃতির যে কোন একটির অথবা উভয়ের পরিবর্তনপূর্বক আমদানিকৃত পণ্যের মূল্যের সাথে ন্যূনতম ১০% মূল্য সংযোজনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে পণ্য রপ্তানি করাকে বুঝাবে;
- ২.৪.৭ এক্ষেত্রে আমদানি মূল্য বলতে পুনঃরপ্তানির জন্য বাংলাদেশের বন্দরে আমদানিকৃত পণ্যের সিএফআর মূল্যকে বুঝাবে;
- ২.৪.৮ তৈরী পোশাক রপ্তানির পর ত্রুটিপূর্ণ হওয়ায় তা ফেরত আসলে বন্দর হতে খালাস ও পুনঃরপ্তানির ক্ষেত্রেঃ
- (১) বন্ডেড ওয়্যারহাউসের ক্ষেত্রে যে সকল তৈরী পোশাক রপ্তানি করা হয়েছে তা ত্রুটিযুক্ত হওয়ায় অথবা অন্য কোন কারণে তা ফেরত আসার প্রেক্ষিতে বন্দর হতে খালাস ও পুনঃরপ্তানির ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) কর্তৃক তা খালাস ও পুনঃ রপ্তানির জন্য ছাড়পত্র প্রদান করা হবে।
- (২) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স বিহীন অথবা স্থানীয় কাঁচামাল ব্যবহারপূর্বক রপ্তানিকৃত ত্রুটিযুক্ত তৈরী পোশাক ফেরত আসলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ১ (এক) বছরের মধ্যে পুনঃরপ্তানি করার অঙ্গীকারনামার ভিত্তিতে প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের ছাড়পত্র গ্রহণপূর্বক রপ্তানিকৃত পণ্য ফেরত আনা যাবে। তবে, অঙ্গীকারনামা অনুযায়ী পণ্য পুনঃরপ্তানি করতে ব্যর্থ হলে প্রচলিত মূসক আইন অনুযায়ী স্থানীয় পর্যায়ে মূসক প্রদান সাপেক্ষে মূসক-১১ অনুযায়ী গৃহীত রেয়াতের সমপরিমাণ মূসক পরিশোধ সাপেক্ষে (শুধুমাত্র স্থানীয় কাপড়ের ক্ষেত্রে) স্থানীয় বাজারে বিক্রি করা যাবে।
- ২.৪.৯ ত্রুটিযুক্ত কাপড় ফেরত প্রদানের ক্ষেত্রেঃ
- (১) যে সকল ত্রুটিযুক্ত কাপড় সরবরাহকারী/রপ্তানিকারক কর্তৃক ফেরত নিতে আগ্রহী এবং বাংলাদেশ হতে কোন বৈদেশিক মুদ্রা প্রেরণ করা হয়নি সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) পুনঃরপ্তানির জন্য ছাড়পত্র প্রদান করবেন;
- (২) যে সকল ত্রুটিযুক্ত কাপড় সরবরাহকারী/রপ্তানিকারক ফেরত নিতে আগ্রহী এবং ইতোমধ্যে বাংলাদেশ হতে বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধ করা হয়ে থাকলে Buyer-Seller এর দ্বিপাক্ষিক সম্মতিতে inventory প্রস্তুতের ভিত্তিতে ত্রুটিযুক্ত কাপড়ের পরিমাণ নির্দিষ্ট করতঃ তৎবাবদ বৈদেশিক মুদ্রা T/T অথবা At sight LC এর মাধ্যমে পরিশোধ অথবা সমপরিমাণ পণ্য প্রতিস্থাপনের পর সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক ত্রুটিযুক্ত কাপড় পুনঃ রপ্তানির ছাড়পত্র প্রদান করবেন।
- ২.৫ ভিন্নরূপ উল্লিখিত না হলে বিদেশী ক্রেতা কর্তৃক প্রতিষ্ঠিত ঋণপত্রের (এলসি) বিপরীতে রপ্তানি করা যাবে :

- ২.৫.১ ঋণপত্র (এলসি) ছাড়া রপ্তানির সুযোগঃ এলসি ছাড়াও বাইয়িং কন্ট্রাক্ট, চুক্তি, পার্চেজ অর্ডার কিংবা এ্যাডভান্সড পেমেণ্টের বিপরীতে ব্যাংক হতে Exp (Export Permit) সংগ্রহের ভিত্তিতে রপ্তানি করা যাবে; অগ্রিম নগদায়নের ক্ষেত্রে কনসাইনমেন্ট ভিত্তিতে সকল প্রকার পণ্য এলসি ছাড়া রপ্তানির অনুমোদন দেয়া হবে। অগ্রিম নগদায়নের আওতায় TTও অন্তর্ভুক্ত থাকবে; এবং
- ২.৫.২ “বাইয়িং কন্ট্রাক্ট” বলতে কোন পণ্য রপ্তানির উদ্দেশ্যে রপ্তানিকারক ও আমদানিকারকের মধ্যে স্বাক্ষরিত চুক্তিকে বুঝাবে।
- ২.৬ **পুনঃ আমদানির জন্য সাময়িক রপ্তানিঃ**
- ২.৬.১ (১) মেশিনারী, ইকুইপমেন্ট বা সিলিন্ডার মেরামত, রি-ফিলিং বা মেইনটেইন্যান্স ইত্যাদির জন্য বিদেশে প্রেরণের ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষের নিকট পণ্যের সমমূল্যের ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে। এক্ষেত্রে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের (সিসিআইএন্ডই) নিকট হতে রপ্তানি-কাম-আমদানি পারমিট গ্রহণ করতে হবে;
- (২) উপর্যুক্ত বিধানাবলী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং উক্তরূপ প্রযোজ্যতার ক্ষেত্রে পোষক (sponsor) কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক অজ্ঞীকারনামা দাখিল করতে হবে; এবং
- (৩) বিদ্যুৎ উৎপাদনে সক্ষম টারবাইন (গিয়ারবক্সসহ বা ছাড়া) বা সমজাতীয় মেশিনারীর ক্ষেত্রে টারবাইন উৎপাদনকারী অথবা ওভারহলকারী (overhauling) প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তিপত্রে শর্ত/ঋণপত্র মোতাবেক টারবাইন (গিয়ারবক্সসহ বা ছাড়া) ও অন্যান্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি করে তা প্রতিস্থাপন (replacement) পূর্বক মেয়াদ উত্তীর্ণ টারবাইন (গিয়ারবক্সসহ বা ছাড়া) সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি করার জন্য আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের (সিসিআইএন্ডই) নিকট হতে রপ্তানি-কাম-আমদানি পারমিট গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ওভারহলকারী (overhauling) প্রতিষ্ঠানের সাথে চুক্তি মোতাবেক ঋণপত্র প্রতিষ্ঠার মাধ্যমে সার্ভিস চার্জ/প্রতিস্থাপন ব্যয় পরিশোধ করা যাবে।
- ২.৬.২ আমদানিকৃত পণ্য মেরামত, প্রতিস্থাপন অথবা শুধুমাত্র পুনঃভর্তির (refilling) উদ্দেশ্যে সিলিন্ডার ও আইএসও ট্যাংক সাময়িকভাবে রপ্তানি করা যাবে। তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে প্রয়োজনীয় কার্যাদি সম্পাদনের পর পণ্য আমদানি করা হবে মর্মে রপ্তানিকালে কাস্টমস কর্তৃপক্ষের নিকট ইন্ডেমনিটি বন্ড (indemnity bond) প্রদান করতে হবে;
- ২.৬.৩ বিক্রয় চুক্তি অনুযায়ী রপ্তানিকৃত পণ্যে ত্রুটি পাওয়া গেলে বাংলাদেশী রপ্তানিকারককে উক্ত পণ্যের প্রতিস্থাপক পণ্য রপ্তানির অনুমতি দেয়া হবে। তবে রপ্তানিকারককে নিম্নোক্ত দলিল কাস্টমস কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবেঃ
- (ক) বিক্রয় চুক্তির কপি;
- (খ) ত্রুটির নিকট হতে ত্রুটিযুক্ত পণ্যের বিবরণসম্বলিত পত্র; এবং
- (গ) কাস্টমস আইনের আওতায় পূরণীয় অন্য কোন শর্ত।
- ২.৬.৪ কাস্টমস কর্তৃপক্ষ অথবা অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত carnet de passage অথবা কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত উপযুক্ত ইন্ডেমনিটি বন্ডের বিপরীতে পুনঃ আমদানির শর্তে কোন ব্যক্তি বিদেশ ভ্রমণের উদ্দেশ্যে যানবাহন সংগে নিতে পারবেন।
- ২.৬.৫ ফ্রাস্ট্রেটেড কার্গো (frustrated cargo) পুনঃরপ্তানি- কাস্টমস্ এ্যাক্ট ১৯৬৯ এর বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে ফ্রাস্ট্রেটেড কার্গো পুনঃরপ্তানি করা যাবে।
- ২.৬.৬ নির্মাণ, প্রকৌশল ও বৈদ্যুতিক কোম্পানী চুক্তি অনুসারে কার্য সম্পাদনের নিমিত্ত মেশিনারী ও সাজ-সরঞ্জামাদি নিম্নোক্ত শর্তসাপেক্ষে সাময়িকভাবে রপ্তানি-কাম-আমদানি করতে পারবেঃ
- (ক) কাস্টমস কর্তৃপক্ষের নিকট সংশ্লিষ্ট চুক্তি ও এওয়ার্ডের কপি দাখিল করতে হবে; এবং
- (খ) কাজ শেষে মেশিনারী ফেরৎ আনবে মর্মে প্রয়োজনীয় ইন্ডেমনিটি বন্ড প্রদান করতে হবে।
- ২.৭ **প্রাক-জাহাজীকরণ বাধ্যবাধকতাঃ** অন্যবিধ শর্ত না থাকলে পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রাক-জাহাজীকরণ সনদপত্র গ্রহণ বাধ্যতামূলক নয়।
- ২.৮ **মান নিয়ন্ত্রণ সনদপত্রঃ** যে সকল পণ্য রপ্তানির ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ সনদপত্র গ্রহণ বাধ্যতামূলক, সে সকল পণ্য রপ্তানিকালে যথোপযুক্ত কর্তৃপক্ষ (Bangladesh Standards And Testing Institution/ Department of Fisheries/ Department of Agricultural Extension/ Bangladesh Council of Scientific and Industrial Research/ অন্যান্য) কর্তৃক ইস্যুকৃত মান নিয়ন্ত্রণ সনদপত্র কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

তৃতীয় অধ্যায়
রপ্তানি বহুমুখীকরণ

৩.১ পণ্য ও সেবাখাত ভিত্তিক বিজনেস প্রমোশন কাউন্সিল গঠনঃ

৩.১.১ বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে রপ্তানি বহুমুখীকরণ, পণ্যের মান উন্নয়ন ও নিশ্চিতকরণ, উপযুক্ত প্রযুক্তি আহরণ, কমপ্লায়েন্স প্রতিপালন, পণ্য বিপণন ইত্যাদি বিষয়ে সরকারি ও বেসরকারি খাতের যৌথ উদ্যোগে কোম্পানী এ্যাক্ট ১৯৯৪-এর আওতায় কয়েকটি খাত (পণ্য ও সেবা) ভিত্তিক বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন করা হয়েছে। এ কাউন্সিলগুলোর কর্মকান্ড জোরদার ও সুসংহত করা ছাড়াও আরো কাউন্সিল গঠনে উৎসাহিত করার প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে। পণ্য ও সেবা খাতভিত্তিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য প্রয়োজনে উন্নয়ন সহযোগীদের সাথে যৌথভাবে বিভিন্ন উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হবে। বাণিজ্য মন্ত্রণালয়ের বর্ণিত উদ্যোগ রপ্তানি উন্নয়ন ব্যুরো'র রপ্তানি উন্নয়ন ও রপ্তানি প্রসার কর্মকান্ডের পরিপূরক হিসেবে বিবেচিত হবে।

৩.২ পণ্য ও সেবা খাতসমূহের শ্রেণীবিন্যাসঃ

৩.২.১ উৎপাদন ও সরবরাহ স্তর, রপ্তানি ক্ষেত্রে সম্ভাবনাময় অবদান, আন্তর্জাতিক বাজারের চাহিদা সর্বোপরি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখার ক্ষমতা বিবেচনায় এনে কতিপয় পণ্যকে “সর্বোচ্চ অগ্রাধিকার খাত” এবং অন্য কতিপয় পণ্যকে “বিশেষ উন্নয়নমূলক খাত” হিসেবে চিহ্নিত করা হয়। সরকার কর্তৃক সময় সময় এ তালিকার পরিবর্তন এবং এ সকল পণ্যের রপ্তানিকে উৎসাহিত করার লক্ষ্যে বিশেষ সুবিধা প্রদান করা যাবে।

৩.৩ সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত খাতঃ

৩.৩.১ সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত খাত বলতে সে সকল খাতকে বুঝাবে যেখানে রপ্তানির বিশেষ সম্ভাবনা রয়েছে অথচ বিবিধ কারণে এ সম্ভাবনাকে তেমন কাজে লাগানো যায়নি, তবে প্রয়োজনীয় সহযোগিতা দিলে অধিকতর সাফল্য অর্জন করা সম্ভব। যথাঃ

- (১) অধিকমূল্য সংযোজিত তৈরী পোশাক এবং গার্মেন্টস এক্সেসরিজ
- (২) সফটওয়্যার ও আইটি এনাবল সার্ভিসেস, আইসিটি পণ্য;
- (৩) ফার্মাসিউটিক্যাল পণ্য;
- (৪) জাহাজ নির্মাণ;
- (৫) জুতা ও চামড়াজাত পণ্য;
- (৬) পাটজাত পণ্য;
- (৭) প্লাস্টিক পণ্য;
- (৮) এগ্রো-প্রোডাক্টস ও এগ্রো-প্রসেসড পণ্য;
- (৯) ফার্নিচার;
- (১০) হোম টেক্সটাইল ও টেরিটাওয়েল;
- (১১) হোম ফার্নিশিং; এবং
- (১২) লাগেজ।

৩.৪ সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহকে প্রদেয় সুযোগ-সুবিধাঃ

- ৩.৪.১ অগ্রাধিকার ভিত্তিতে হ্রাসকৃত সুদ হারে প্রকল্প ঋণ প্রদান করা;
- ৩.৪.২ আয়কর রেয়াত প্রদান করা;
- ৩.৪.৩ বিদ্যুৎ, পানি, গ্যাস ইত্যাদি ইউটিলিটি সার্ভিসের ক্ষেত্রে ডব্লিউটিও'র এগ্রিমেন্ট অন এগ্রিকালচার এবং এগ্রিমেন্ট অন সাবসিডিজ এন্ড কাউন্টার ভেইলিং মেজারস্-এর সাথে সংগতিপূর্ণ সম্ভাব্য আর্থিক সুবিধা বা ভর্তুকি প্রদান করা;
- ৩.৪.৪ সহজ শর্তে ও হ্রাসকৃত সুদ হারে রপ্তানি ঋণ প্রদান করা;
- ৩.৪.৫ অগ্রাধিকার ভিত্তিতে বিমানে পরিবহনের সুযোগ প্রদান করা;
- ৩.৪.৬ শুল্ক প্রত্যর্পণ/বন্ড সুবিধা প্রদান করা;
- ৩.৪.৭ উৎপাদন ব্যয় সংকোচনের উদ্দেশ্যে অবকাঠামোগত উন্নয়নসহ সহায়ক শিল্প স্থাপনে সুবিধা প্রদান করা;
- ৩.৪.৮ পণ্যের মানোন্নয়ন ও নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও কারিগরী সুবিধা সম্প্রসারণ করা;
- ৩.৪.৯ কমপ্লায়েন্ট শিল্প স্থাপনে বিনা শুল্কে ইকুইপমেন্ট আমদানির ব্যবস্থা করা;
- ৩.৪.১০ পণ্য উৎপাদনে ও বাজারজাতকরণে সহায়তা প্রদান করা;
- ৩.৪.১১ বহির্বিদেশে বাজার অন্বেষণে সহায়তা প্রদান করা; এবং
- ৩.৪.১২ বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করার ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

৩.৫ বিশেষ উন্নয়নমূলক খাতঃ

- ৩.৫.১ যে সকল পণ্যের রপ্তানি সম্ভাবনা রয়েছে অথচ পণ্যগুলোর উৎপাদন, সরবরাহ এবং রপ্তানি ভিত্তি সুসংহত নয় সে সকল পণ্যের রপ্তানি ভিত্তি সুদৃঢ়করণের লক্ষ্যে বিশেষ উন্নয়নমূলক খাতের অন্তর্ভুক্ত করা হবে;

৩.৫.২ নিম্নলিখিত পণ্যসমূহ বিশেষ উন্নয়নমূলক খাত হিসাবে অন্তর্ভুক্ত হবেঃ

- (১) বহুমুখী পাটজাত পণ্য;
- (২) ইলেকট্রিক ও ইলেক্ট্রনিক পণ্য;
- (৩) সিরামিক পণ্য;
- (৪) লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য (অটো-পার্টস ও বাইসাইকেলসহ) ;
- (৫) মূল্য সংযোজিত হিমায়িত মৎস্য;
- (৬) পাপড়;
- (৭) প্রিন্টিং এন্ড প্যাকেজিং;
- (৮) অমসৃণ হীরা ও জুয়েলারি;
- (৯) পেপার ও পেপার প্রোডাক্টস;
- (১০) রাবার;
- (১১) রেশম সামগ্রী;
- (১২) হস্ত ও কারু পণ্য;
- (১৩) লুজিসহ তীত শিল্পজাত পণ্য ; এবং
- (১৪) নারিকেল ছোবড়া।

৩.৫.৩ বিশেষ উন্নয়নমূলক সেবা খাতঃ

- (১) পর্যটন শিল্প
- (২) আর্কিটেকচার, ইঞ্জিনিয়ারিং ও কনসালটেন্সী সার্ভিসেস।

৩.৬ বিশেষ উন্নয়নমূলক খাতকে প্রদেয় সুযোগ-সুবিধাঃ

- ৩.৬.১ অগ্রাধিকার ভিত্তিতে অপেক্ষাকৃত হ্রাসকৃত হার সুদে প্রকল্প ঋণ প্রদান করা;
- ৩.৬.২ সহজ শর্তে ও অপেক্ষাকৃত হ্রাসকৃত হার সুদে রপ্তানি ঋণ প্রদানের বিষয় বিবেচনা করা;
- ৩.৬.৩ ডব্লিউটিও'র এগ্রিমেন্ট অন এগ্রিকালচার এবং এগ্রিমেন্ট অন সাবসিডিজ এন্ড কাউন্টার ভেইলিং মেজারস্-এর সাথে সংগতিপূর্ণ ভর্তুকি প্রদান করা;

- ৩.৬.৪ রেয়াতী হারে বিমানে পণ্য পরিবহনে প্রয়োজনীয় সুযোগ প্রদান করা;
- ৩.৬.৫ শুল্ক প্রত্যর্পণ/বন্দ সুবিধা প্রদান করা;
- ৩.৬.৬ উৎপাদন ব্যয় সংকোচনের লক্ষ্যে সহায়ক শিল্প স্থাপনের সুবিধাসহ বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন সংযোগ প্রাপ্তিতে অগ্রাধিকার প্রদান করা;
- ৩.৬.৭ পণ্যের মানোন্নয়নের জন্য কারিগরী সুবিধা সম্প্রসারণ করা;
- ৩.৬.৮ পণ্যের বাজারজাতকরণে সহায়তা প্রদান করা;
- ৩.৬.৯ বহির্বিশ্বে বাজার অন্বেষণে সুবিধা প্রদান করা;
- ৩.৬.১০ বিদ্যুৎ, পানি, গ্যাস ইত্যাদি ইউটিলিটি সার্ভিসের ক্ষেত্রে সম্ভাব্য আর্থিক সুবিধা প্রদান করা;
- ৩.৬.১১ বিশেষ উন্নয়নমূলক সেবা খাতকে এগিয়ে নেয়ার সুবিধা প্রদান করা; এবং
- ৩.৬.১২ বিদেশী বিনিয়োগ (এফডিআই) আকৃষ্ট করার ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।
- ৩.৭ **পণ্য বহুমুখীকরণের লক্ষ্যে আন্তঃখাত প্রকল্পঃ**
- ৩.৭.১ পণ্য বহুমুখীকরণের লক্ষ্যে আন্তঃখাত প্রকল্প গ্রহণ করা হবে। উক্ত প্রকল্পের আওতায় রপ্তানি মূল্য প্রতিযোগিতামূলক পর্যায়ে রাখার লক্ষ্যে বন্দ ব্যবস্থা, ডিউটি-ড্র-ব্যাক, সাবসিডি ইত্যাদি বিষয় পর্যালোচনা করে দেখা হবে। অনুরূপভাবে এই প্রকল্পের আওতায় পণ্য উন্নয়ন ও বাজার সম্প্রসারণ, বাণিজ্য সহযোগিতা এবং রপ্তানি বাণিজ্যের অবকাঠামোগত প্রতিবন্ধকতা পরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে উন্নত প্রযুক্তি গ্রহণে প্রকল্প নেয়া;
- ৩.৭.২ অঞ্চলভিত্তিক দেশজ কাঁচামাল নির্ভর প্রতিযোগী মূল্যে পণ্য উৎপাদনের লক্ষ্যে ‘এক জেলা এক পণ্য’ কর্মসূচী জোরদার করা;
- ৩.৭.৩ পণ্য বহুমুখীকরণের লক্ষ্যে ট্র্যাভেলিং ব্যাগ্‌স্ (Travelling Bags), খেলনা (Toys), হোম এ্যাপ্লায়েন্স, চশমার ফ্রেম ইত্যাদি পণ্য রপ্তানির উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ; এবং
- ৩.৭.৪ দেশে উৎপাদিত সম্ভাবনাময় রপ্তানি পণ্যের আন্তর্জাতিক বাজারে প্রবেশ ও গ্রহণযোগ্যতা বৃদ্ধির উপায় উদ্ভাবন।
- ৩.৮ **পণ্য ও সেবা খাত ভিত্তিক বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন :**
- ৩.৮.১ বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে রপ্তানি বহুমুখীকরণ, পণ্যের মান উন্নয়ন ও নিশ্চিতকরণ, উপযুক্ত প্রযুক্তি আহরণ, কমপ্লায়েন্স প্রতিপালন, পণ্য বিপণন ইত্যাদি বিষয়ে সরকারি ও বেসরকারি খাতের যৌথ উদ্যোগে কোম্পানী এ্যাক্ট ১৯৯৪-এর আওতায় কয়েকটি খাত (পণ্য ও সেবা) ভিত্তিক বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন করা হয়েছে। এ কাউন্সিলগুলোর কর্মকান্ড জোরদার ও সুসংহত করা ছাড়াও আরো কাউন্সিল গঠন করা হবে।

চতুর্থ অধ্যায়
রপ্তানির সাধারণ সুযোগ- সুবিধা

৪.১ রপ্তানি থেকে অর্জিত বৈদেশিক মুদ্রার ব্যবহারঃ

৪.১.১ রপ্তানিকারক রপ্তানি আয়ের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ তাদের রিটেনশন কোটায় বৈদেশিক মুদ্রা একাউন্টে জমা রাখতে পারেন, যার পরিমাণ সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক নির্ধারণ করবে। বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় রপ্তানিকারক প্রতিষ্ঠান রিটেনশন কোটা হিসাবের স্থিতি দ্বারা প্রকৃত ব্যবসায়িক ব্যয় (bonafide business expenses) যেমন ব্যবসায়িক ভ্রমণ, আন্তর্জাতিক বাণিজ্য মেলা ও সেমিনারে অংশ গ্রহণ, বিদেশে অফিস স্থাপন ও পরিচালন, উৎপাদন উপকরণাদি/মূলধনী যন্ত্রপাতি আমদানি প্রভৃতি নির্বাহ করতে পারবে। এ ছাড়াও রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের নিমিত্ত আবশ্যিক ব্যয় হিসেবে বিদেশস্থ বিপণন প্রতিনিধির পারিশ্রমিক কিংবা বিদেশী এজেন্টের কমিশন রিটেনশন কোটা হিসাবের স্থিতি দ্বারা নির্বাহ করা যাবে।

৪.২ রপ্তানি উন্নয়ন তহবিলঃ

ইপিবিতে একটি রপ্তানি উন্নয়ন তহবিল (ইপিএফ) থাকবে। এ তহবিল থেকে রপ্তানিকারকদেরকে নিম্নোক্ত সুযোগ-সুবিধা প্রদান করা হবেঃ

৪.২.১ পণ্য উৎপাদনের জন্য হ্রাসকৃত সুদে ও সহজ শর্তে ভেঞ্চার-ক্যাপিটাল প্রদান;

৪.২.২ পণ্যের উন্নয়ন ও বহুমুখীকরণের ক্ষেত্রে বিদেশী কারিগরী পরামর্শ এবং সেবা ও প্রযুক্তি গ্রহণে সহায়তা প্রদান;

৪.২.৩ বিদেশে বিপণন মিশন প্রেরণ ও আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণে সহায়তা প্রদান;

৪.২.৪ সম্ভাব্য ক্ষেত্রে বিদেশে প্রদর্শনী-কাম-বিক্রয় কেন্দ্র স্থাপন এবং ওয়ারহাউজিং সুবিধা সৃষ্টিতে সহায়তা প্রদান;

৪.২.৫ কারিগরী দক্ষতা ও বিপণন ক্ষেত্রে উৎকর্ষ অর্জনের উদ্দেশ্যে বিদেশে পণ্য উন্নয়ন ও বাজারজাতকরণ বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণে সহায়তা প্রদান; এবং

৪.২.৬ পণ্য ও সেবাসহ বাজার উন্নয়ন ও সম্প্রসারণের সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমে সহায়তা প্রদান।

৪.৩ অন্যান্য আর্থিক সুবিধাঃ

৪.৩.১ রপ্তানিকারকদের নগদ সহায়তার পরিবর্তে বিদ্যুৎ, পানি, গ্যাস ইত্যাদি সার্ভিস খাতে প্রদেয় অর্থ রেয়াতী হারে পরিশোধের সুযোগ, সাবসিডি বা ভর্তুকি দেয়া যায় কিনা তা পরীক্ষা করে দেখা হবে;

৪.৩.২ সকল রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নির্মাণের উদ্যোগ নেয়া হবে;

৪.৩.৩ ইন্ডাস্ট্রিয়াল ব্যবহারের ক্ষেত্রে বিদ্যুৎ, পানি ও গ্যাস চার্জ যৌক্তিক পর্যায়ে নির্ধারণের উদ্যোগ নেয়া হবে;

৪.৩.৪ রপ্তানির উদ্দেশ্যে উদ্ভিদজাত পণ্য প্যাকেজিং-এর ক্ষেত্রে নতুন কার্টন (CFB) ব্যবহার করা হলে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে; এবং

৪.৩.৫ WTO এর বিধান এর সাথে সংগতি রেখে রপ্তানি সম্ভাবনাময় (emerging) খাত অর্থাৎ যে সকল খাত বর্তমানে পণ্য উৎপাদনে সক্ষম এবং আন্তর্জাতিক বাজারেও তাদের চাহিদা রয়েছে সে সব খাত-এ নগদ সহায়তা প্রদান বিবেচনা করা হবে। তবে বর্তমানে প্রদেয় নগদ সহায়তা পণ্যওয়ারী পর্যালোচনাপূর্বক সংযোজন ও বিয়োজনের ব্যবস্থা নেয়া হবে।

৪.৪ রপ্তানির অর্থ সংস্থানঃ

৪.৪.১ রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে রপ্তানি উন্নয়ন তহবিল (Export Promotion Fund-EPF বা Export Development Fund-EDF) থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করা হবে। EDF fund এর অর্থ পর্যায়ক্রমে বৃদ্ধির ব্যবস্থা নেয়া হবে;

৪.৪.২ তৈরী পোশাক ছাড়াও অন্যান্য রপ্তানি পণ্যের ক্ষেত্রে ব্যাক-টু ব্যাক ঋণপত্র খোলার সুবিধা দেয়ার উদ্যোগ নেয়া হবে; এবং

৪.৪.৩ রপ্তানি উন্নয়নের স্বার্থে ক্যাপিটাল মেশিনারীজ ও কাঁচামাল আমদানির ক্ষেত্রে হ্রাসকৃত সুদ ও সহজ শর্তে ঋণ প্রদান করা হবে।

৪.৫ রপ্তানি ঋণঃ

৪.৫.১ প্রত্যাহার অযোগ্য ঋণপত্র (irrevocable letter of credit) অথবা নিশ্চিত চুক্তির (confirmed contract) অধীনে রপ্তানিকারকগণ যাতে ঋণপত্র অথবা চুক্তিতে বর্ণিত অর্থের শতকরা ৯০ ভাগ ঋণ পেতে পারে, এ বিষয়টি বাণিজ্যিক ব্যাংকগুলি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করবে;

- ৪.৫.২ রপ্তানি সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পাদন এবং ব্যাংকিং খাতে স্বচ্ছতা আনয়নের জন্য অনলাইন ব্যবস্থা বিস্তৃত করা হবে;
- ৪.৫.৩ রপ্তানি খাতে স্বাভাবিক ঋণ প্রবাহ অব্যাহত রাখার জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- ৪.৫.৪ পূর্ববর্তী বছরের রপ্তানি আয়ের সাফল্যের ভিত্তিতে ও ব্যাংক-গ্রাহক সম্পর্কের উপর নির্ভর করে রপ্তানি বৃদ্ধির বাস্তব ভিত্তিক সম্ভাবনা/পরিচালনার আলোকে ব্যাংক কর্তৃক রপ্তানিকারকের ক্যাশ ক্রেডিটসীমা নির্ধারণ করা হবে;
- ৪.৫.৫ প্রত্যাহার অযোগ্য ঋণপত্রের অধীনে সাইট-পেমেন্টের ভিত্তিতে যদি পণ্য রপ্তানি করা হয়, সে ক্ষেত্রে রপ্তানিকারককে প্রয়োজনীয় রপ্তানি দলিলপত্র জমা দেয়ার শর্তে বাণিজ্যিক ব্যাংক ওভারডিউ সুদ ধার্য করবে না;
- ৪.৫.৬ রপ্তানি খাতের উন্নয়নের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের নিমিত্ত বাংলাদেশ ব্যাংক একটি “এক্সপোর্ট ক্রেডিট সেল” চালু করতে পারে। একইভাবে বাণিজ্যিক ব্যাংকগুলো রপ্তানির অর্থ সংস্থানের জন্য “বিশেষ ক্রেডিট ইউনিট” স্থাপন করবে;
- ৪.৫.৭ একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন “রপ্তানি ঋণ মনিটরিং কমিটি” থাকবে এবং কমিটি রপ্তানি ঋণের চাহিদার পরিমাণ নির্ধারণ, ঋণ প্রবাহ পর্যালোচনা ও মনিটর করবে। বাংলাদেশ ব্যাংকের নেতৃত্বে এই “রপ্তানি ঋণ মনিটরিং কমিটি”র কার্যক্রম পরিচালিত হবে। কমিটিতে শীর্ষ ব্যবসায়িক সংগঠনের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা যেতে পারে;
- ৪.৫.৮ ব্যাংকসমূহের সার্ভিস চার্জ যৌক্তিক পর্যায়ে নির্ধারণের প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে;
- ৪.৫.৯ রাশিয়াসহ অন্যান্য সিআইএস দেশসমূহ, মিয়ানমার এবং ভারতের উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলোর সাথে বাণিজ্যিক সম্পর্ক প্রসারের প্রয়োজনে ব্যাংকিং সুবিধা স্থাপন/জোরদারকরণের উদ্যোগ নেয়া হবে;
- ৪.৫.১০ “এক্সপোর্ট ক্রেডিট গ্যারান্টি স্কীম (ECGS)” এর অনুরূপ ফান্ড গঠন করে তার আওতায় ক্ষতিগ্রস্ত রপ্তানি প্রতিষ্ঠানকে যথাশীঘ্র আর্থিক ক্ষতিপূরণ প্রদানের উদ্যোগ নেয়া হবে;
- ৪.৫.১১ অনুমোদিত ডিলার মূল ঋণপত্রের অধীনে স্থানীয় কাঁচামাল সরবরাহকারীদের অনুকূলে অভ্যন্তরীণ ব্যাংক-টু ব্যাংক এলসি খুলতে পারবে;
- ৪.৫.১২ রপ্তানি ক্ষেত্রে ব্যাংকসমূহের সুদের হার, এলসি কমিশন, বিবিধ সার্ভিস চার্জ, ব্যাংক গ্যারান্টি, কমিশন ইত্যাদি বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা মোতাবেক সর্বনিম্ন পর্যায়ে রাখা হবে;
- ৪.৫.১৩ রপ্তানিমুখী শিল্পে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে এসএমই ক্রেডিট গ্যারান্টি স্কিম চালু করার উদ্যোগ নেয়া হবে; এবং
- ৪.৫.১৪ রপ্তানিমুখী এসএমই-এর উন্নয়নের জন্য অত্যন্ত স্বল্প সুদে ঋণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং এসএমই ফাউন্ডেশন উদ্যোগ গ্রহণ করবে।
- ৪.৬ **রেয়াতী বীমা প্রিমিয়ামঃ**
- ৪.৬.১ রপ্তানিমুখী শিল্পে বিশেষ রেয়াতী হারে অগ্নি ও নৌ-বীমার প্রিমিয়াম নির্ধারণসহ তা সহজে দেয়ার ব্যবস্থা থাকবে। এ ব্যবস্থায় রপ্তানিকারক জাহাজীকরণের পর প্রিমিয়াম পরিশোধে রেয়াত পেতে পারে।
- ৪.৭ **নতুন শিল্পজাত পণ্য রপ্তানিতে উৎসাহব্যঞ্জক সুবিধা প্রদানঃ**
- ৪.৭.১ নতুন শিল্পের পণ্য রপ্তানির ক্ষেত্রে উৎসাহব্যঞ্জক সুবিধা দেয়া হবে এবং এ ক্ষেত্রে মূল্য সংযোজনের হার কমপক্ষে শতকরা ৪০ ভাগ হতে হবে; এবং
- ৪.৭.২ নতুন রপ্তানিমুখী শিল্পে বিশেষ রেয়াতী হারে অগ্নি ও নৌ বীমার প্রিমিয়াম নির্ধারণ করা হবে।
- ৪.৮ **রপ্তানি শিল্পের ক্ষেত্রে বন্ড সুবিধাঃ**
- ৪.৮.১ রপ্তানিমুখী শিল্প হিসেবে বিবেচিত সকল শিল্পের জন্য বন্ডেড ওয়ারহাউস সুবিধা দেয়ার বিষয় জাতীয় রাজস্ব বোর্ড বিবেচনা করবে।
- ৪.৯ **নেইম-এর প্রচলনঃ** অধিক মূল্য প্রাপ্তির লক্ষ্যে পণ্যের ব্রান্ড নেইম-এর প্রচলন উৎসাহিত করা হবে। ‘মইড ইন বাংলাদেশ’ ব্রান্ডকে সারা বিশ্বে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে প্রচার প্রচারণায় উৎসাহিত করা হবে।
- ৪.১০ **শুল্ক বন্ড অথবা ডিউটি-ফ্রি ব্যাক এর পরিবর্তে রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাত, পোশাক এবং গার্মেন্টস এক্সসরিজের অনুকূলে বিকল্প সুবিধা প্রদানঃ**
- ৪.১০.১ সরকার শুল্ক বন্ড অথবা ডিউটি-ফ্রি ব্যাক-এর পরিবর্তে রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাত ও পোশাক শিল্পের অনুকূলে বিকল্প সুবিধা হিসেবে সাবসিডি (নগদ সহায়তা) দিতে পারে। সহায়তার হার সরকার কর্তৃক নির্ধারিত হবে। এ সুবিধা অন্যান্য খাতেও সম্প্রসারণ করা যেতে পারে।
- ৪.১১ **রপ্তানি সহায়ক সার্ভিসের ওপর ভ্যাট প্রত্যর্পণ সহজীকরণঃ**
- ৪.১১.১ রপ্তানি সহায়ক সার্ভিস যেমন, সি এন্ড এফ সেবা, টেলিফোন, টেলেক্স, ফ্যাক্স, বিদ্যুৎ, গ্যাস, বীমা- প্রিমিয়াম, শিপিং এজেন্ট কমিশন/বিলের ওপর পরিশোধিত ভ্যাট প্রত্যর্পণ করার সহজ পন্থা উদ্ভাবন করা হবে।
- ৪.১২ **রপ্তানিমুখী শিল্পের জন্য সাধারণ সুযোগ-সুবিধাঃ**

- 8.১২.১ উৎপাদিত পণ্যের ন্যূনতম ৮০% রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠান রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে গণ্য হবে এবং এগুলো ব্যাংক-ঋণসহ অন্যান্য আর্থিক সুবিধা পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবে;
- 8.১২.২ উৎপাদিত পণ্যের ন্যূনতম ৮০% রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠানকে অবশিষ্ট ২০% পণ্যের শুল্ক ও কর নিরূপণ পদ্ধতি সহজীকরণের পদক্ষেপ গ্রহণ করা হবে এবং শুল্ক ও কর পরিশোধের পর উক্ত ২০ % পণ্য স্থানীয় বাজারে বাজারজাতকরণের সুযোগ প্রদান করা হবে;
- 8.১২.৩ অধিকতর compliant হওয়ার জন্য রপ্তানিকারকদেরকে কমপ্লায়েন্স সহায়ক যন্ত্রপাতি আমদানির জন্য কম সুদে সহজ শর্তে ঋণ প্রদান এবং বিনা শুল্কে আমদানির সুযোগ প্রদান করা হবে;
- 8.১২.৪ Effluent Treatment Plant (ETP) স্থাপনের জন্য বিনা শুল্কে ইকুপমেন্ট আমদানি এবং ETP প্লান্টে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যাদি ও অন্যান্য উপাদান আমদানিতে সহায়তা প্রদান করা হবে; সেন্ট্রাল ETP করার ক্ষেত্রে সংশ্লিষ্টদের স্বল্পসুদে ও সহজ শর্তে ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা নেয়া হবে;
- 8.১২.৫ বিনা শুল্কে ফায়ার ডোর, অগ্নি নিয়ন্ত্রণ ও অগ্নি নির্বাপক যন্ত্রসহ অগ্নি নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্যবহৃত যন্ত্রাদি আমদানির সুযোগ প্রদান করা হবে;
- 8.১২.৬ প্রধানতঃ রপ্তানিমুখী শিল্পের জন্য মূলধনী যন্ত্রপাতির ১০% খুচরা যন্ত্রাংশ প্রতি ২ বছর অন্তর শুল্কমুক্ত আমদানির সুযোগ দেয়া হবে; এবং
- 8.১২.৭ রপ্তানিমুখী শিল্পে বিদ্যুৎ, গ্যাসসহ ইউটিলিটি সার্ভিসসমূহ অগ্রাধিকার ও জরুরি ভিত্তিতে সংযোগসহ সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
- 8.১৩ **আকাশপথে শাক-সজিসহ প্লান্ট, ফল-মূল, ফুল ও বিশেষ সুবিধাপ্রাপ্ত পণ্য রপ্তানির ক্ষেত্রে হ্রাসকৃত হারে বিমান ভাড়ার সুবিধা প্রদানঃ**
- 8.১৩.১ শাক-সজিসহ প্লান্ট, ফল-মূল, ফুল ও বিশেষ সুবিধাপ্রাপ্ত পণ্য রপ্তানির ক্ষেত্রে হ্রাসকৃত হারে বিমান ভাড়ার সুবিধা দেয়ার বিষয়ে এয়ারলাইন্সসমূহ বিবেচনা করবে। তাছাড়া এ সকল পণ্য পরিবহনের জন্য কার্গো সার্ভিস চালু করা;
- 8.১৩.২ চুক্তিবদ্ধ চাষ ও উত্তম কৃষি পদ্ধতির ভিত্তিতে মাঠ থেকে বাজার (farm to market) নীতি অনুসরণ করার উদ্যোগ গ্রহণ করা;
- 8.১৩.৩ পঁচনশীল পণ্য হিসাবে তাজা শাক-সজী, ফল-মূল ও ফুল এর সজিবতা অক্ষুণ্ন রাখার নিমিত্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ অন্যান্য আন্তর্জাতিক বিমান বন্দরে শীতাতপ নিয়ন্ত্রিত ব্যবস্থা নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা;
- 8.১৩.৪ পরিবহন ব্যবস্থা সহজলভ্য এবং সুলভ করার নিমিত্ত এয়ার কার্গো ভাড়ার উদ্যোগ গ্রহণ করা হবে; এবং
- 8.১৩.৫ রপ্তানি পণ্যের গুণগতমান অক্ষুণ্ন রাখতে সকল রপ্তানিকারক কর্তৃক আন্তর্জাতিক মান সম্পন্ন একই ধরনের কার্টুন CFB (Corrugated Fibre Board) ব্যবহার নিশ্চিত করা এবং এ খাতে সরকারি সহায়তা নিশ্চিত করা।
- 8.১৪ **রপ্তানির ক্ষেত্রে বিদেশী এয়ার-লাইন্স-এর কার্গো সার্ভিস সুবিধা সম্প্রসারণের জন্য রয়্যালটি প্রত্যাহারঃ**
- 8.১৪.১ শাক-সজি পরিবহনের রয়্যালটি গ্রহণ করা হয় না। একই ধরনের সুবিধা পান, ফুল ও ফল-মূলসহ বিশেষ সুবিধা প্রাপ্ত উদ্ভিদজাত পণ্যের ক্ষেত্রে বহাল রাখার উদ্যোগ নেয়া হবে; এবং
- 8.১৪.২ বিদেশী এয়ার লাইন্স-এর কার্গো সার্ভিসে স্পেস বৃদ্ধি এবং যুক্তিসঙ্গত ভাড়া ফুল, ফল-মূল, শাক-সজি ও অন্যান্য উদ্ভিদজাত পণ্য বহন করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে।
- 8.১৫ **রপ্তানিমুখী ছোট ও মাঝারী খামারকে ভেঞ্চার ক্যাপিটাল সুবিধা প্রদানঃ**
- 8.১৫.১ রপ্তানির উদ্দেশ্যে শাক-সজি, ফল-মূল, তাজা ফুল, অর্কিড, অর্নামেন্টাল প্লান্ট প্রভৃতি উৎপাদন ও রপ্তানির লক্ষ্যে উৎসাহ প্রদানকল্পে ন্যূনতম ৫ (পাঁচ) একর পর্যন্ত কৃষি খামারকে ভেঞ্চার ক্যাপিটাল সুবিধা দেয়া হবে;
- 8.১৫.২ পণ্যের দ্রুত পঁচনরোধে কুলিং চেইন (cooling chain) স্থাপনকে উৎসাহিত করা হবে। এ ক্ষেত্রে রিফার ভ্যান ও রিফার কনটেইনার আমদানিকে উৎসাহিত করা হবে।
- 8.১৬ **গবেষণা এবং উন্নয়নঃ**
- 8.১৬.১ রপ্তানি প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা ও উন্নয়নের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামের আমদানি করমুক্ত রাখার বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড পরীক্ষা করে দেখবে। রপ্তানী উন্নয়ন ব্যুরো'র সুপারিশক্রমে গবেষণা প্রতিষ্ঠানসমূহ এ সুবিধা ভোগের যোগ্য বিবেচিত হতে পারে।
- 8.১৭ **সাব-কন্ট্রাক্টিং ভিত্তিক রপ্তানিতে উৎসাহ ও সুবিধাঃ**
- 8.১৭.১ প্রকৃত কার্যাদেশ লাভের পূর্বে যোগাযোগ, প্রতিনিধি প্রেরণ, বিদেশ ভ্রমণ, টেন্ডার ডকুমেন্ট ক্রয় ইত্যাদির জন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক সর্বোচ্চ বার্ষিক-ব্যয়ের পরিমাণ নির্ধারণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সময় সময় প্রয়োজনীয় আদেশ জারি করবে;
- 8.১৭.২ বিদেশে অফিস স্থাপন ও কর্মচারী নিয়োগের অনুমতি প্রদান; এবং

- ৪.১৭.৩ প্রকল্প বিশেষজ্ঞদের অনুকূলে ব্যক্তিগত প্রফেশনাল গ্যারান্টি/বীমা প্রদান করা হবে।
- ৪.১৮ **মাল্টিপল-এন্ট্রি ভিসা ও প্রাসংগিক সহায়তা প্রদানঃ**
- ৪.১৮.১ বিদেশী বিনিয়োগকারী ও বাংলাদেশী পণ্যের আমদানিকারককে মাল্টিপল-এন্ট্রি ভিসা প্রদান করা হবে। এক্ষেত্রে প্রয়োজনে বাণিজ্য মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনের বাণিজ্যিক কর্মকর্তাগণকে এবং পররাষ্ট্র মন্ত্রণালয়/দূতাবাসে সুপারিশ প্রেরণ করতে পারবে। বাণিজ্য মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয় যদি প্রয়োজন মনে করে, সে ক্ষেত্রে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সুপারিশ গ্রহণ করতে পারে;
- ৪.১৮.২ বাংলাদেশী রপ্তানিকারক/ব্যবসায়ীদের অন্য দেশের ভিসা প্রাপ্তিতে ইপিবি প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। এ লক্ষ্যে ইপিবি-তে হেল্প ডেস্ক খোলা হবে; এবং
- ৪.১৮.৩ বিদেশস্থ বাংলাদেশ মিশন এবং কমার্শিয়াল কাউন্সিলরগণ রপ্তানি বৃদ্ধির জন্য তাদের কার্যক্রম আরোও গতিশীল করবেন, দেশীয় রপ্তানিকারকদের সাথে বিদেশী আমদানিকারকদের নিবিড় সম্পর্ক গড়ে তুলতে সহায়তা জোরদার করবেন।
- ৪.১৯ **বৈদেশিক বাণিজ্য বিষয়ক প্রশিক্ষণঃ**
- ৪.১৯.১ বৈদেশিক বাণিজ্য বিষয়ক প্রশিক্ষণ দেয়ার জন্য বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে বিভিন্ন ব্যবসা সংক্রান্ত বিশেষতঃ ডব্লিউটিও বিষয়ে পর্যাপ্ত সংখ্যক ওয়ার্কশপ ও সেমিনার আয়োজনের ব্যবস্থা নেয়া হবে।
- ৪.২০ **বিদেশে আন্তর্জাতিক বাণিজ্য মেলা ও একক প্রদর্শনী আয়োজন এবং অন্যান্য বাজার উন্নয়ন কর্মসূচীতে অংশগ্রহণঃ**
- ৪.২০.১ বিভিন্ন দেশে অনুষ্ঠেয় আন্তর্জাতিক বাণিজ্য মেলা, একক দেশীয় প্রদর্শনী ও অন্যান্য বাজার উন্নয়ন কর্মসূচীতে এবং বিদেশে সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ে একক বাণিজ্য মেলা আয়োজনে উৎসাহব্যঞ্জক সুবিধা দেয়া হবে।
- ৪.২১ **রপ্তানি বিষয়ক প্রশিক্ষণ জোরদারঃ**
- ৪.২১.১ রপ্তানি বাণিজ্যের বিধি-বিধান সম্পর্কে রপ্তানিকারককে অবহিত করার লক্ষ্যে রপ্তানী উন্নয়ন ব্যুরো দেশের বিভিন্ন স্থানে প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার আয়োজন করবে।
- ৪.২২ **স্থায়ী মেলা কমপ্লেক্স ও বিশ্ব বাণিজ্য কেন্দ্র নির্মাণঃ**
- ৪.২২.১ রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের জন্য ঢাকা ও চট্টগ্রামে স্থায়ী মেলা কমপ্লেক্স ও বিশ্ব বাণিজ্য কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগ ত্বরান্বিত করা হবে;
- ৪.২২.২ বাজার অনুসন্ধান ও বিপণন দক্ষতা বৃদ্ধির মাধ্যমে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ ও সুসংহত করার জন্য বিশ্ব বাণিজ্য কেন্দ্র থেকে সকল সহায়তা দেয়া হবে; এবং
- ৪.২৩ **সাধারণ ও পণ্য ভিত্তিক মেলাঃ**
- ৪.২৩.১ বিদেশী ক্রেতাদের সমাগম ও তাদের নিকট রপ্তানি পণ্যের পরিচিতি বাড়ানোসহ ক্রেতা ও বিক্রেতার মধ্যে সংযোগ স্থাপনের জন্য দেশে আন্তর্জাতিক মানের সাধারণ এবং পণ্যভিত্তিক মেলার আয়োজন করা হবে।
- ৪.২৪ **পণ্য জাহাজীকরণঃ**
- ৪.২৪.১ পণ্য জাহাজীকরণ/পরিবহন ব্যবস্থা সহজ করার ব্যবস্থা নেয়া হবে। কেউ বিমান চার্টার করতে চাইলে সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা দেয়া হবে; এবং
- ৪.২৪.৩ আমদানি ও রপ্তানি পণ্য খালাসের ক্ষেত্রে শুল্কায়ন সম্পর্কিত সেবাসমূহ দ্রুততর করার নিমিত্ত ওয়ান স্টপ ব্যবস্থাসহ অটোমেশন ও আধুনিক প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার আরো বৃদ্ধি করা হবে।
- ৪.২৫ **সরাসরি বিমান-বুকিং ব্যবস্থাঃ**
- ৪.২৫.১ দেশের উত্তরাঞ্চলের টাটকা শাক-সজি ও অন্যান্য পঁচনশীল পণ্য যাতে সহজে গন্তব্যস্থলে পৌঁছানো যায় এবং পণ্যের গুণগতমান অক্ষুণ্ণ থাকে তার সুবিধার্থে রাজশাহী ও সৈয়দপুর বিমান বন্দর থেকে ঐ সকল পণ্যের সরাসরি বুকিং সুবিধা অব্যাহত থাকবে।
- ৪.২৬ **অধিক হারে দেশীয় কাঁচামাল ব্যবহারে উৎসাহ প্রদানঃ**
- ৪.২৬.১ কম্পোজিট নিট/হোসিয়ারী বস্ত্র ও পোশাক প্রস্তুতকারী ইউনিটগুলোকে অধিক হারে দেশীয় কাঁচামাল ব্যবহারে উৎসাহ প্রদান করা হবে। এছাড়া অন্যান্য শিল্পকেও অধিক হারে দেশীয় কাঁচামাল ব্যবহারে উৎসাহ প্রদান করা হবে।
- ৪.২৭ **ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) স্থাপনঃ**
- ৪.২৭.১ রপ্তানিকারকগণ যাতে সহজে প্রয়োজনীয় তথ্য পেতে পারেন সেজন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর ট্রেড ইনফরমেশন সেন্টার (টিআইসি) কে আরও জোরদার ও আধুনিকীকরণ করা হবে।
- ৪.২৮ **প্রচ্ছন্ন রপ্তানি-সুবিধাঃ**

- ৪.২৮.১ প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রত্যক্ষ রপ্তানিকারকের ন্যায় ডিউটি ডু-ব্যাকসহ রপ্তানির সকল সুযোগ-সুবিধা পাবে। রপ্তানি পণ্য উৎপাদনের জন্য ব্যবহৃত স্থানীয় কাঁচামাল এবং বৈদেশিক বিনিয়োগে স্থাপিত শিল্প/ প্রকল্পে ব্যবহৃত স্থানীয় দ্রব্য ও কাঁচামাল “প্রচ্ছন্ন রপ্তানি” বলে বিবেচিত হবে; এবং
- ৪.২৮.২ টেন্ডার ব্যতিরেকে ফ্রেতার নিকট সরাসরি বৈদেশিক মুদ্রায় বিক্রয়কে “প্রচ্ছন্ন রপ্তানি” গণ্য করে প্রয়োজনীয় সুযোগ প্রদানের ব্যবস্থা নেয়া হবে।
- ৪.২৯ **বিবিধঃ**
- ৪.২৯.১ ঢাকায় একটি ট্রেড ফ্যাসিলিটেশন সেন্টার স্থাপনের ব্যবস্থা নেয়া হবে;
- ৪.২৯.২ বিদেশে বিশেষ ধরনের ওয়ার হাউস স্থাপনসহ ট্রেডিং হাউস, এক্সপোর্ট হাউস, বাণিজ্য কেন্দ্র স্থাপন উৎসাহিত করা হবে;
- ৪.২৯.৩ রপ্তানির ক্ষেত্রে বাণিজ্য বিরোধ নিষ্পত্তিকল্পে রপ্তানি উন্নয়ন ব্যুরো’র সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেয়া হবে;
- ৪.২৯.৪ পণ্য ও সেবা খাতভিত্তিক উন্নয়ন ইনস্টিটিউট/কাউন্সিল স্থাপনে পদক্ষেপ নেয়া হবে। তাছাড়া বিভিন্ন কলেজ ও ইউনিভার্সিটির বিভিন্ন কোর্সে রপ্তানি পণ্য ও সেবা খাত উন্নয়নের বিষয় অন্তর্ভুক্তির ব্যবস্থা নেয়া হবে;
- ৪.২৯.৫ বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি ব্যতিরেকে রপ্তানিকারক কর্তৃক বিদেশে এজেন্সী নিয়োগ করার ব্যবস্থা নেয়া হবে;
- ৪.২৯.৬ ডব্লিউটিও-এর নীতিমালায় স্বল্পোন্নত দেশগুলোকে প্রদত্ত সুবিধা চিহ্নিতকরণ এবং তা সংশ্লিষ্ট সকলকে অবহিত করার ব্যবস্থা নেয়া হবে;
- ৪.২৯.৭ রপ্তানিকারক প্রতিষ্ঠানকে গুণগতমান অর্জনের জন্য আইএসও ৯০০০ এবং পরিবেশগত বিধি-নিষেধ সংক্রান্ত আইএসও ১৪০০০, খাদ্য নিরাপত্তা (FSMS) সংক্রান্ত আইএসও ২২,০০০ এবং জ্বালানী ও শক্তি সংক্রান্ত আইএসও ৫০০১ অর্জনে উৎসাহ প্রদান করা হবে;
- ৪.২৯.৮ আমদানি ও রপ্তানি সংক্রান্ত এলসি ও ইএক্সপি ফরমে বিশ্ব বাণিজ্য সংস্থা অনুসৃত হারমোনাইজড কোড ব্যবহারের লক্ষ্যে রপ্তানি পণ্যের পূর্ণাঙ্গ বর্ণনা সম্বলিত কোড ব্যবহার নিশ্চিত করা হবে;
- ৪.২৯.৯ আর্থিক ও রাজস্ব সুযোগ-সুবিধাগুলি সময়ে সময়ে পর্যালোচনা করা হবে এবং প্রয়োজনমত ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৪.২৯.১০ কমলাপুর আইসিডি’র মাধ্যমে পণ্য রপ্তানির ক্ষেত্রে বিশেষ ব্যবস্থায় দিনের বেলায় কাভার্ড ভ্যান চলাচলের সুযোগ প্রদান করা হবে;
- ৪.২৯.১১ এগ্রো প্রোডাক্টস ও এগ্রো-প্রসেসড পণ্যসমূহের রপ্তানির লক্ষ্যে অভ্যন্তরীণ পরিবহনের ক্ষেত্রে নৌ-পথ, রেলপথ ও সড়ক পথে বিশেষ পরিবহনের ব্যবস্থা করা হবে;
- ৪.২৯.১২ বাণিজ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ও উদ্যোগে সংশ্লিষ্ট সকল সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় এবং জাতীয় ট্রেড পোর্টালের আওতায় একটি ডাটাব্যাংক প্রতিষ্ঠা ও পরিচালনা করা হবে। এই ডাটাব্যাংক রপ্তানিকারক, আমদানিকারক, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ, জাতীয় রাজস্ব বোর্ড এবং অন্যান্য সরকারি - বেসরকারি স্টেকহোল্ডারদেরকে তথ্য প্রদানের মাধ্যমে সহায়তা করবে। এই ডাটাব্যাংকে নিম্নলিখিত বিষয়সমূহের তথ্য-উপাত্ত থাকবেঃ
- পণ্যভিত্তিক মূল্যমান এবং পরিমাণসহ রপ্তানি উপাত্ত ;
 - রপ্তানি মূল্য এবং খাতওয়ারী রপ্তানি আয় ;
 - দেশভিত্তিক পণ্য আমদানির পরিমাণ ও ব্যয়;
 - দেশভিত্তিক উৎপাদিত বিভিন্ন পণ্যের (যেগুলো বাংলাদেশ উৎপাদন ও রপ্তানি করে থাকে) উৎপাদনের উপাত্ত;
 - আমদানি ও রপ্তানি মূল্য সূচক ;
 - বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ও প্রভাবশালী বিপণনকারীদের তালিকা;
 - পণ্যভিত্তিক চাহিদা ও সরবরাহের পার্থক্য;
 - খাতওয়ারী বিনিয়োগ ও অর্থায়নের উপাত্ত;
 - বিভিন্ন দেশে WTO, APTA, SAFTA-এর আওতায় প্রাপ্ত GSP সুবিধা;
 - বুলস্ অব অরিজিন এর শর্তসমূহ;
 - স্যানিটারি ও ফাইটোস্যানিটারির শর্তসমূহ;
 - বিভিন্ন দেশের হালনাগাদ ট্যারিফ হার;

পঞ্চম অধ্যায়

রপ্তানির পণ্যভিত্তিক সুবিধাদি

৫.১ তৈরী পোশাক শিল্পঃ

- ৫.১.১ বন্দর ব্যবস্থাপনার উন্নয়ন, এলসিএল পণ্যসহ সকল পণ্য খালাস ও জাহাজীকরণ পদ্ধতি সহজীকরণ, বিদ্যুৎ ও গ্যাস সমস্যার সমাধান ইত্যাদি কর্মকান্ডের মাধ্যমে তৈরী পোশাক রপ্তানির 'লীড টাইম' কমিয়ে আনার পদক্ষেপ গ্রহণ করা হবে;
- ৫.১.২ উপযুক্ত অবকাঠামোগত ও ইউটিলিটি সুবিধাসহ একাধিক উপযুক্ত স্থানে বিশেষায়িত অঞ্চল/ 'পোশাক পল্লী' স্থাপনের উদ্যোগ নেয়া হবে;
- ৫.১.৩ পোশাক শিল্প পল্লীতে বর্জ্য পানি শোধন প্ল্যান্ট (waste water treatment plant) স্থাপনের পদক্ষেপ গ্রহণ করা হবে;
- ৫.১.৪ তৈরী পোশাক কারখানার কর্ম পরিবেশ উন্নয়ন, দুর্ঘটনাজনিত ঝুঁকি হ্রাসকরণ এবং কারখানা পর্যায়ে কমপ্লায়েন্স শর্ত প্রতিপালনে সহযোগিতা প্রদান করা হবে। তাছাড়া সকল স্টেকহোল্ডারদের সাথে নিয়ে একটি সমন্বিত ও যৌক্তিক কমপ্লায়েন্স নীতিমালা তৈরীর উদ্যোগ নেয়া হবে;
- ৫.১.৫ পোশাক শিল্পে কর্মরত শ্রমিক ও কর্মচারীদের উৎপাদনশীলতা বৃদ্ধি ও পণ্য বহুমুখীকরণের জন্য বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণের উদ্যোগ নেয়া হবে;
- ৫.১.৬ শ্রমিক ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, পণ্য বাজার তথ্য ও প্রযুক্তি সম্পর্কে উদ্যোক্তাদের তথ্য সরবরাহের মাধ্যমে পণ্য বহুমুখীকরণের উপর গুরুত্ব দেয়া হবে;
- ৫.১.৭ তৈরী পোশাকের বাজার সম্প্রসারণ ও সুসংহতকরণের জন্য ব্রাজিল, মেক্সিকো, দঃ আফ্রিকা, তুরস্ক, রাশিয়াসহ সিআইএসভুক্ত দেশ ও এসএডিসিভুক্ত বিভিন্ন দেশসহ বিদেশে বিপণন মিশন প্রেরণ, একক দেশীয় বস্ত্র ও তৈরী পোশাক মেলার আয়োজন, আন্তর্জাতিক মেলার আয়োজন ও অংশ গ্রহণের ব্যবস্থা করা হবে;
- ৫.১.৮ ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড লিংকেজ শিল্প স্থাপনে উৎসাহ প্রদান করা হবে;
- ৫.১.৯ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত কাঁচামালের জন্য শুল্কের সমপরিমাণ ব্যাংক-গ্যারান্টি প্রদান সাপেক্ষে প্রাকৃতিক ও কৃত্রিম উল (artificial wool) দ্বারা বস্ত্র লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানকে বস্ত্রবহির্ভূত এলাকায় হাতে বোনা সোয়েটার রপ্তানির উদ্দেশ্যে উৎপাদনের সুযোগ দেয়া হবে;
- ৫.১.১০ দেশে তুলা সরবরাহ নির্বিঘ্ন ও নিশ্চিত রাখার লক্ষ্যে সরকারি ও বেসরকারি সদস্যদের সমন্বয়ে একটি পরামর্শক পরিষদ গঠন করা হবে;
- ৫.১.১১ বিভিন্ন উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান প্রদত্ত রপ্তানি উন্নয়ন সংক্রান্ত আর্থিক ও কারিগরি সহযোগিতা বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত করার উদ্যোগ নেয়া হবে;
- ৫.১.১২ দেশের সকল তৈরী পোশাক কারখানার জন্য বিভিন্ন দেশের এবং বিভিন্ন ধরনের ক্রেতাদের চাহিদা সমন্বয় করে ন্যূনতমভাবে পালনযোগ্য একটি Standard Unified Code of Compliance প্রণয়নের লক্ষ্যে সরকার উদ্যোগ গ্রহণ করবে; এবং
- ৫.১.১৩ তৈরী পোশাক ও গার্মেন্টস এক্সেসরিজসহ সকল রপ্তানি পণ্য উন্নয়ন ও ভবিষ্যত প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধিতে গবেষণা ও উন্নয়ন (research & development) কার্যক্রমের উপর জোর দিয়ে গবেষণার উদ্যোগ নেয়া হবে।

৫.২ হিমায়িত মৎস্য ও মৎস্য পণ্য শিল্পঃ

- ৫.২.১ প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে উন্নত সনাতনী পদ্ধতি (improved extensive) ও আধা নিবিড় (semi intensive) চিংড়ি ও মৎস্য চাষের পদ্ধতি অবলম্বন করে চিংড়ি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য চিংড়ি ও মৎস্য চাষীদেরকে স্বল্প সুদে সহজ কিস্তিতে পরিশোধযোগ্য ঋণ প্রদান করা হবে;
- ৫.২.২ হিমায়িত খাদ্য খাতে মূল্য-সংযোজিত পণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ ও রপ্তানির লক্ষ্যে ভেঞ্চার-ক্যাপিটাল প্রদান করা হবে;
- ৫.২.৩ পণ্যের উন্নতমান এবং এসপিএস (Sanitary and Phyto-sanitary) সংশ্লিষ্ট মান নিশ্চিতকরণের জন্য সরকারি ও বেসরকারি বা যৌথ উদ্যোগে আন্তর্জাতিক মানসম্পন্ন accredited টেস্টিং ল্যাবরেটরী প্রতিষ্ঠাসহ সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে;
- ৫.২.৪ হিমায়িত খাদ্যের মান নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে বিনা শুল্কে অপরিহার্য মান নিয়ন্ত্রণ যন্ত্রপাতি আমদানি উৎসাহিত করা হবে। মৎস্য অধিদপ্তর ও বিসিএসআইআর তাদের accredited টেস্টিং ল্যাবরেটরী উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করবে;

- ৫.২.৫ হ্যাচিং থেকে মৎস্য উৎপাদন, প্রক্রিয়াকরণ ও প্যাকেজিং-এর সকল পর্যায়ে একটি বিশেষ তদারকি ব্যবস্থা বা ট্রেসেব্যালিটি (traceability) সিস্টেম গড়ে তোলা হবে যাতে করে দূষিত (contaminated) হিমায়িত খাদ্য রপ্তানির আশংকা কমিয়ে আনা যেতে পারে;
- ৫.২.৬ হিমায়িত খাদ্যের বাজার সম্প্রসারণ ও সুসংহতকরণের জন্য বিদেশে বিপণন মিশন প্রেরণ, বিদেশে একক দেশীয় মেলার আয়োজন, দেশে ও বিদেশে আন্তর্জাতিক মেলার আয়োজন ও অংশ গ্রহণের ব্যবস্থা করা হবে;
- ৫.২.৭ আমদানিকৃত ফিশ-ফিড ব্যবহারের উপযোগী কি-না এবং তাতে কোন দূষিত বা নিষিদ্ধ উপাদান বা সাবস্টেন্স আছে কিনা, তা পণ্য চালান খালাসের পূর্বে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত হতে হবে। BSTI ও মৎস্য অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে; মান যাচাই ব্যবস্থা উন্নততর ও বিস্তৃত করার জন্য মৎস্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ৫.২.৮ রপ্তানির উদ্দেশ্যে আহরণোত্তর স্বাস্থ্যসম্মত চিংড়ি ও মৎস্য নিরাপত্তায় প্রক্রিয়াকরণ কারখানায় দ্রুত পৌঁছার জন্য চিংড়ি ও মৎস্য উৎপাদন এলাকায় Common Receiving Centre স্থাপনে প্রয়োজনীয় খাসজমি বরাদ্দ ও অবকাঠামো নির্মাণে স্বল্প সুদে ঋণের ব্যবস্থা করা হবে;
- ৫.২.৯ চিংড়ি ও মৎস্য চাষ ঝুঁকিপূর্ণ বিধায় কৃষি শস্যের অনুরূপ চিংড়ি ও মৎস্য বীমা চালু করা হবে;
- ৫.২.১০ চিংড়ি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চাষাঞ্চলে বাঁধ সংস্কার, খাল খননসহ অন্যান্য অবকাঠামো তৈরিতে পানি উন্নয়ন বোর্ড ও মৎস্য অধিদপ্তর কর্তৃক বিশেষ প্রকল্প গ্রহণ করা;
- ৫.২.১১ চিংড়ি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিকল্পে পোনা, খাদ্য, বিদ্যুৎ ও কেমিক্যাল ইত্যাদিতে শুল্ক ও ভ্যাট প্রত্যাহারের ব্যবস্থা নেয়া হবে;
- ৫.২.১২ চিংড়ি ও মৎস্য চাষীদেরকে উন্নত সনাতনী চিংড়ি ও মৎস্য চাষ ও আধা নিবিড় চিংড়ি ও মৎস্য চাষে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধির জন্য কর্মকৌশল গ্রহণ করা হবে;
- ৫.২.১৩ চিংড়ি ও মৎস্য চাষের উন্নয়নের মাধ্যমে দেশের জনগণের প্রোটিন চাহিদা পূরণের পাশাপাশি ২০২১ সালের মধ্যে রপ্তানি আয় ৫০ হাজার কোটি টাকায় উন্নীত করার লক্ষ্যে মৎস্য ব্যাংক প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া;
- ৫.২.১৪ Specific Pathogen Free (SPF) বা ভাইরাসমুক্ত চিংড়ি ও মৎস্য পোনা সরবরাহে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করা হবে;
- ৫.২.১৫ Specific Pathogen Free (SPF) বা ভাইরাসমুক্ত চিংড়ি ও মৎস্য পোনা বিনা শুল্কে আমদানির ব্যবস্থা নেয়া হবে;
- ৫.২.১৬ দারিদ্র বিমোচনের জন্য নিবন্ধিত ক্ষুদ্র চিংড়ি ও মৎস্য চাষীদের স্বল্প সুদে ঋণ সুবিধা দেয়া হবে;
- ৫.২.১৭ বাংলাদেশের বাগদা চিংড়ি (Black Tiger)-কে “জাতীয় ব্রান্ড” হিসেবে বিশ্বে তুলে ধরার উদ্যোগ গ্রহণ করা হবে;
- ৫.২.১৮ রপ্তানিতে ব্যাপক চাহিদা থাকায় প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে কঁকড়া (Crab) ও কুঁচে (Eel) চাষের উদ্যোগ গ্রহণ করা হবে। এ ছাড়া এ দু’টি ক্ষেত্রে প্রক্রিয়াকরণ কারখানা গড়ে তোলার লক্ষ্যে সহায়তা প্রদান করা হবে;
- ৫.২.১৯ ফরমালিন ও অন্যান্য কেমিক্যালমুক্ত চিংড়ি ও মৎস্য উৎপাদন ও বিপণনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৫.২.২০ আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় টিকে থাকা ও Cost of Production নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে চিংড়ি রপ্তানীতে ব্যাংক প্রদত্ত চলতি মূলধন ঋণের সুদের হার সর্বোচ্চ ৯% নির্ধারণ করার উদ্যোগ গ্রহণ করা হবে; এবং
- ৫.২.২১ রুগ্ন অথচ কর্মক্ষম চিংড়ি এবং মৎস্য প্রক্রিয়াজাতকারী কারখানাগুলোকে পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ করা হবে।
- ৫.৩ দেশীয় উপাদানে তৈরি হস্তশিল্পঃ**
- ৫.৩.১ ঢাকাসহ অন্যান্য স্থানে কারুপল্লী স্থাপনের পদক্ষেপ গ্রহণ করা হবে;
- ৫.৩.২ হস্তশিল্পজাত পণ্যের কাঁচামাল সহজলভ্য করার জন্য বাঁশ, বেত, নারিকেল, তাল, কাঠ ইত্যাদি উপাদানের বাণিজ্যিক উৎপাদন উৎসাহিত করা হবে;
- ৫.৩.৩ বাঁশ, বেত, কচুরীপানা, নারিকেলের ছোবড়াসহ অন্যান্য দেশীয় উপাদান দ্বারা তৈরি মূল্য সংযোজিত পণ্য রপ্তানিকে উৎসাহিত করা হবে;
- ৫.৩.৪ হস্তশিল্পজাত পণ্যের উৎপাদনে নতুনত্ব ও বৈচিত্র্যতা আনয়নের জন্য ডিজাইন বা নক্সা উন্নয়নে সহায়তা প্রদান করা হবে। একটি নকশা কেন্দ্র স্থাপনের বিষয়ে সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে ব্যবস্থা নেয়া হবে। হস্তশিল্পজাত পণ্য রপ্তানির বিষয়ে বহুমাত্রিক প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হবে;
- ৫.৩.৫ হস্তশিল্পজাত পণ্যের বাজার সম্প্রসারণ ও সুসংহতকরণের জন্য বিদেশে বিপণন মিশন প্রেরণ, দেশে ও বিদেশে আন্তর্জাতিক মেলার আয়োজন ও অংশ গ্রহণের ব্যবস্থা করা;

- ৫.৩.৬ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে হস্ত শিল্পজাত পণ্যের ডিসপ্লে সেন্টার স্থাপনের উদ্যোগ নেয়া হবে; এবং
- ৫.৩.৭ হস্তশিল্পজাত পণ্যের উৎকর্ষ সাধনের জন্য সরকারি ও বেসরকারি উদ্যোগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫.৪ **চা শিল্পঃ**
- ৫.৪.১ চা বাগানের আওতাধীন অনাবাদি জমি চাষের আওতায় আনার উদ্যোগ নেয়া হবে;
- ৫.৪.২ রুগ্ন চা বাগানগুলোর পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৫.৪.৩ মূল্য প্রতিযোগী করার লক্ষ্যে চা বাগানগুলোর মধ্যে গ্যাস সংযোগের পদক্ষেপ গ্রহণ করা হবে;
- ৫.৪.৪ যে সকল চা বাগানের ইজারা কার্যক্রম এখনও সম্পাদিত হয়নি, তা দ্রুত সম্পাদনে সার্বিক সহযোগিতা দেয়া হবে;
- ৫.৪.৫ আন্তর্জাতিক বাজারে টিকে থাকার লক্ষ্যে চায়ের গুণগতমান উন্নয়ন ও চায়ের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য এবং চা কারখানা আধুনিকীকরণের জন্য সহজ শর্তে ঋণ প্রদানে ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ৫.৪.৬ দারিদ্র বিমোচনের জন্য ক্ষুদ্রাকার খামারে চা উৎপাদনকারীদের ঋণ সুবিধাসহ অন্যান্য সুবিধা দেয়া হবে;
- ৫.৪.৭ প্যাকেট-চা রপ্তানিকে উৎসাহ প্রদানের লক্ষ্যে আমদানিকৃত মোড়ক সামগ্রীর জন্য এফওবি মূল্যের ওপর বিধি মোতাবেক ডিউটি-ডু-ব্যাক সুবিধা/বন্ড সুবিধা প্রদান করা হবে। এ ছাড়াও ব্যাংক গ্যারান্টির মাধ্যমে বিনা শুল্কে মোড়ক সামগ্রী আমদানির সুযোগ দেয়া হবে;
- ৫.৪.৮ বিদেশে চায়ের বাজার সম্প্রসারণ ও সুসংহতকরণের জন্য বিদেশে বিপণন মিশন প্রেরণ, বিদেশে আন্তর্জাতিক মেলায় অংশ গ্রহণের ব্যবস্থা করা হবে;
- ৫.৪.৯ বিদেশে বাংলাদেশী চা বাজারজাতকরণে “শ্রীমঞ্জল টি” ব্র্যান্ড নেইম প্রতিষ্ঠার বিষয়ে বাংলাদেশ টি বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং
- ৫.৪.১০ চা রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্রায়তন চা চাষ সম্প্রসারণে সহায়তা প্রদান করা হবে।
- ৫.৫ **পাট শিল্পঃ**
- ৫.৫.১ বিদেশে পাট ও পাটজাত দ্রব্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে বৈদেশিক মিশন সমূহকে গতিশীল করা, বিদেশে বিপণন মিশন প্রেরণ ও আন্তর্জাতিক মেলায় অংশ গ্রহণের ব্যবস্থা করা;
- ৫.৫.২ মংলা বন্দর হতে বিভিন্ন রুটে ফিডার ভেসেল চালু করার ব্যবস্থা গ্রহণ করা;
- ৫.৫.৩ পাট পণ্যের রপ্তানিকারকদের বাণিজ্যিক ব্যাংক ঋণ সুবিধার ব্যবস্থা করবে;
- ৫.৫.৪ পাটজাত পণ্যের উন্নয়ন ও বহুমুখীকরণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম জোরদার ও পাটকল বিএমআরই ও অন্যান্য ব্যবস্থা গ্রহণের মাধ্যমে পাট শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য সমন্বিত ‘প্ল্যান অব এ্যাকশন’ গ্রহণ করা হবে;
- ৫.৫.৫ বিভিন্ন দেশে পাট ও পাটজাত পণ্য রপ্তানির প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করে তা দূরীকরণের পদক্ষেপ নেয়া হবে;
- ৫.৫.৬ বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে পাটের পরিবেশ সহায়ক গুণাগুণ তুলে ধরে পাটের ব্যবহার আন্তর্জাতিক বাজারে জনপ্রিয় করার উদ্যোগ গ্রহণ করা হবে;
- ৫.৫.৭ বাজার সৃষ্টির লক্ষ্যে পাট ও পাট পণ্যের রপ্তানিকারকদের আন্তর্জাতিক বাণিজ্য মেলা ও প্রদর্শনীতে যোগদানে সহায়তা দেয়া হবে;
- ৫.৫.৮ পাটজাত পণ্যে বৈচিত্র আনার লক্ষ্যে ডিজাইন সেন্টার স্থাপনে সরকারি সহায়তা প্রদান করা; এবং
- ৫.৫.৯ পাট পণ্যকে কৃষি পণ্যের ন্যায় সুযোগ প্রদানের উদ্যোগ নেয়া।
- ৫.৬ **চামড়া শিল্পঃ**
- ৫.৬.১ রুগ্ন চামড়া শিল্প কারখানাগুলোকে পলিসি সাপোর্টের মাধ্যমে ঋণ পুনঃতফশিলিকরণ সুবিধা প্রদান করা হবে;
- ৫.৬.২ উৎপাদনশীলতা বৃদ্ধি ও পণ্য উন্নয়ন কার্যক্রম গ্রহণের মাধ্যমে আন্তর্জাতিক বাজারে চামড়া ও চামড়া জাত পণ্যের প্রতিযোগিতা (competition) করার শক্তি বৃদ্ধি করে রপ্তানি প্রসারের উদ্যোগ নেয়া হবে;
- ৫.৬.৩ আমদানি বিকল্প চামড়া প্রক্রিয়াকরণের জন্য আমদানি বিকল্প প্রয়োজনীয় কেমিক্যাল তৈরী শিল্প, জুতার বিভিন্ন কম্পোনেন্ট ও চামড়া শিল্পের বিভিন্ন উপকরণ (accessories) দেশীয়ভাবে উৎপাদনে উৎসাহিত করা হবে। এক্ষেত্রে বিদেশী বিনিয়োগ বা যৌথ বিনিয়োগ উৎসাহিত করা হবে;
- ৫.৬.৪ পশুর শরীর থেকে চামড়া খালাস পদ্ধতি, প্রিজারভেশন, পরিবহন, সংরক্ষণ ইত্যাদির বিষয়ে বিভিন্ন প্রচারণা ও সচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেয়া হবে যাতে করে চামড়া আহরণ, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ পর্যায়ের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা যায়। এক্ষেত্রে পৃথকভাবে কসাই ও চামড়া ব্যবসায়ীদের জন্য প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার আয়োজন অব্যাহত থাকবে;
- ৫.৬.৫ লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল এ শিল্পের সামগ্রিক উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নিবে;
- ৫.৬.৬ চামড়া জাত পণ্য ও জুতা শিল্পে বৈদেশিক বিনিয়োগ ও জয়েন্ট ভেঞ্চার ইনভেস্টমেন্টকে উৎসাহিত করা হবে;

- ৫.৬.৭ ১০০% রপ্তানিমুখী চামড়া শিল্পের জন্য বিদ্যমান বন্ড সুবিধা অধিকতর সহজ ও সমন্বয়যোগী করার উদ্যোগ গ্রহণ করা হবে;
- ৫.৬.৮ বিদ্যমান শুল্ক ও কর প্রত্যর্পণ পদ্ধতি সহজ করা হবে;
- ৫.৬.৯ চামড়াজাত পণ্যের উন্নয়ন ও বহুমুখীকরণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম জোরদার ও রুগ্ন চামড়া শিল্পে বিএমআরই ও অন্যান্য ব্যবস্থা গ্রহণের মাধ্যমে চামড়া শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য সমন্বিত 'প্ল্যান অব এ্যাকশন' গ্রহণ করা হবে;
- ৫.৬.১০ বাজার সৃষ্টির লক্ষ্যে উদ্যোক্তাদের আন্তর্জাতিক মেলা ও প্রদর্শনীতে যোগদানে সহায়তা দেয়া হবে;
- ৫.৬.১১ দেশের প্রধান প্রধান শহরে পৌর/সিটি কর্তৃপক্ষের সংশ্লিষ্ট বিভাগের সহায়তা নিয়ে উন্নত পদ্ধতিতে পশু জবাই এর মাধ্যমে উন্নত চামড়া প্রাপ্তির ব্যবস্থা নেয়া হবে;
- ৫.৬.১২ সাভারে নির্মাণাধীন চামড়া শিল্প পল্লীতে শিল্প ইউনিট স্থানান্তরে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদান করা হবে;
- ৫.৬.১৩ সাভারস্থ চামড়া শিল্প পল্লীতে কেন্দ্রীয়ভাবে ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্ট স্থাপনের উদ্যোগ নেয়া হবে এবং ক্লীন টেকনোলজি স্থাপনে উৎসাহিত করা হবে;
- ৫.৬.১৪ চামড়া ও চামড়াজাত পণ্যের গুণগতমান নিশ্চিত করার জন্য উন্নত রসায়নাগার স্থাপনসহ সার্ভিস সেন্টার স্থাপনের উদ্যোগ বাস্তবায়ন করা হবে;
- ৫.৬.১৫ চামড়া শিল্পের ব্যবস্থাপনা সংকট উত্তরণের উদ্দেশ্যে উদ্যোক্তাদের জন্য দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে;
- ৫.৬.১৬ কাঁচা চামড়া সহজলভ্য করার জন্য দেশে গবাদি পশু পালন এবং লীন সিজনে (lean season) কাঁচা চামড়া আমদানি উৎসাহিত করা হবে;
- ৫.৬.১৭ চামড়া শিল্পে নিম্ন হারযুক্ত নাইট্রোজেন ও সোডিয়াম ক্লোরেট ব্যবহার উৎসাহিত করা হবে;
- ৫.৬.১৮ ট্যানারী মালিক ও এজেন্টদের মধ্যকার ব্যবসায়িক সম্পর্ক উন্নয়নে সহায়তা করা হবে যাতে করে ট্যানারী মালিকদের সেলস নেগোশিয়েশন ও মার্কেটিং ক্যাপাসিটি বৃদ্ধি পায়;
- ৫.৬.১৯ হাজারীবাগ থেকে সাভার ট্যানারী পল্লীতে শিল্প ইউনিট স্থানান্তরে এবং ট্যানারী মালিকদের ক্রাস্ট লেদার থেকে ফিনিশড লেদার উৎপাদনে সহায়তা করা হবে;
- ৫.৬.২০ জুতা ও চামড়াজাত পণ্যের বৈচিত্র আনার লক্ষ্যে ডিজাইন ডেভেলপমেন্ট সেন্টারটিকে আরো গতিশীল করার উদ্যোগ নেয়া হবে;
- ৫.৬.২১ রপ্তানিমুখী চামড়াজাত পণ্যের উন্নয়ন ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে ডিজাইন ও ফ্যাশন ইনস্টিটিউট স্থাপনসহ লেদার টেকনোলজি কলেজকে যুগোপযোগী করার পদক্ষেপ গ্রহণ করা হবে;
- ৫.৬.২২ বাজার সৃষ্টির লক্ষ্যে উদ্যোক্তাদের আন্তর্জাতিক বাণিজ্য মেলা ও প্রদর্শনীতে যোগদানে সহায়তা দেয়া হবে; এবং
- ৫.৬.২৩ চামড়া শিল্পের জন্য কেমিক্যাল ও অন্যান্য উপকরণ প্রাপ্তি সহজ ও নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫.৭ **মৃৎ শিল্পঃ**
- ৫.৭.১ দেশের বিভিন্ন স্থানে ঐতিহ্যবাহী মৃৎশিল্প উৎপাদন ও রপ্তানিতে উৎসাহ প্রদান করা হবে;
- ৫.৭.২ মৃৎ শিল্প উৎপাদনে নতুনত্ব ও বৈচিত্রময়তা আনায়নের লক্ষ্যে ডিজাইন ও নকশা প্রণয়নে বিসিক সহায়তা প্রদান করবে; এবং
- ৫.৭.৩ মৃৎ শিল্প উন্নয়নের জন্য চারুকলা ইনস্টিটিউটসহ অন্যান্য প্রতিষ্ঠানের সহযোগিতায় মৃৎ শিল্পীদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫.৮ **কৃষি খাতঃ**
- ৫.৮.১ উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্যের মান যাচাই ও নিয়ন্ত্রণ ব্যবস্থা উন্নয়নের জন্য পথ নকশা তৈরী করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ বিভাগ এবং বিএসটিআই-সহ অন্যান্য মান নিয়ন্ত্রণ সংস্থার সক্ষমতা বৃদ্ধি করার ব্যবস্থা নেয়া হবে;
- ৫.৮.২ রপ্তানিযোগ্য শাক-সজি, আলু, পান ও আমসহ ফল-মূল, উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য উৎপাদনের জন্য কণ্ট্রোল্ড ফার্মিংকে উৎসাহিত করা হবে;
- ৫.৮.৩ শাক-সজি, ফুল ও ফল-মূল ফলিয়েজ এবং উৎপাদনের জন্য উদ্যোগী রপ্তানিকারকের অনুকূলে প্রাপ্যতা সাপেক্ষে সরকারি খাসজমি বরাদ্দ দেয়া এবং রপ্তানি পল্লী গঠনে উৎসাহিত করা হবে;
- ৫.৮.৪ শাক-সজি, ফুল ও ফলিয়েজ এবং ফল-মূল রপ্তানির জন্য প্রয়োজনীয় আধুনিক ও বিজ্ঞানসম্মত প্যাকেজিং সামগ্রী উৎপাদনকে উৎসাহিত করা হবে;
- ৫.৮.৫ আলু, পান, আম ও অন্যান্য ফল-মূল ও শাক-সবজি রপ্তানিতে আমদানিকারক দেশের আমদানি চাহিদা (Phyto-sanitary Requirement) পূরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

- ৫.৮.৬ শাক-সজি, ফুল ও ফলিয়েজ এবং ফলমূল উৎপাদক ও রপ্তানিকারকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা অব্যাহত থাকবে;
- ৫.৮.৭ কৃষিভিত্তিক পণ্য রপ্তানির ক্ষেত্রে সকল প্রকার সংক্রমণমুক্ত পণ্য রপ্তানির জন্য উদ্যোগ নেয়া হবে। এক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মূল ভূমিকা পালন করবে;
- ৫.৮.৮ পান রপ্তানির ক্ষেত্রে স্যালমোনিলা মুক্ত পান প্রাপ্তির বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ৫.৮.৯ Cool Chain System অনুসরণপূর্বক ঢাকার শ্যামপুরে Central Warehouse এবং প্যাকিং সেন্টার স্থাপনের উদ্যোগ নেয়া হবে;
- ৫.৮.১০ আমদানিকারক দেশের আমদানি শর্ত পূরণ ব্যতীত যাতে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য রপ্তানি না হয় সে জন্য যথাযথ উদ্যোগ নেয়া হবে এবং রপ্তানিকারক ও চাষীদের প্রশিক্ষণের মাধ্যমে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৫.৮.১১ রপ্তানিযোগ্য আলু, ফল-মূল ও শাক সবজি উৎপাদনের জন্য বালাইমুক্ত এলাকা (Pest Free Area-PFA) এবং কম বালাই এর উপস্থিতি আছে (Area of Low Pest Prevalence-ALPP) এমন এলাকা তৈরীর জন্য উদ্যোগ নেয়া হবে;
- ৫.৮.১২ উৎপাদন এলাকাভিত্তিক প্যাকিং হাউজ গড়ে তোলার উদ্যোগ নেয়া হবে; এবং
- ৫.৮.১৩ ফাইটোস্যানিটারি কার্যক্রমকে দক্ষ ও শক্তিশালী করে তোলার ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ই-ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রচলন ও বিস্তৃত করা হবে।
- ৫.৯ তথ্য প্রযুক্তিঃ**
- ৫.৯.১ তথ্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে দেশে আইসিটি'র সর্বাধিক ব্যবহার নিশ্চিত করা হবে;
- ৫.৯.২ আইটি খাতের রপ্তানি সম্প্রসারণের জন্য প্রবাসী বাংলাদেশীদের সংগে যোগাযোগ জোরদারকরাসহ বিদেশে বিপণন কেন্দ্র খোলার সম্ভাব্যতা যাচাই করে দেখা হবে;
- ৫.৯.৩ সফটওয়্যার উৎপাদন ও রপ্তানির জন্য দেশে একটি “আইটি ভিলেজ” স্থাপনের উদ্যোগ জোরদার করা হবে;
- ৫.৯.৪ ন্যাশনাল আইটি ব্যাক-বোন-এর সাথে সাব-মেরিন ফাইবার অপটিক ক্যাবল সংযোগ, হাই স্পীড ডাটা ট্রান্সমিশন লাইন সহজলভ্য করা এবং আঞ্চলিকভাবে আইটি খাতের ভিত্তি সুদৃঢ় করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৫.৯.৫ আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিলের মাধ্যমে আইসিটি খাতের উন্নয়নের জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধির ব্যবস্থা নেয়া হবে;
- ৫.৯.৬ আইটি খাতের রপ্তানি প্রসারের জন্য বাংলাদেশের ICT Industry Branding এর লক্ষ্যে ইপিবি ও বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহের মাধ্যমে প্রয়োজনীয় প্রচারের উদ্যোগ গ্রহণ করা হবে;
- ৫.৯.৭ আন্তর্জাতিক ও দর্শনীয় স্থানে আইটি মেলায় সফটওয়্যার প্রদর্শনের জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার ও ইকুপমেন্ট নিয়ে যাওয়া ও ফেরত আনার ব্যাপারে কাস্টমস, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এবং রপ্তানী উন্নয়ন ব্যুরো সহায়তা করবে;
- ৫.৯.৮ এলসি এবং চুক্তি সম্পাদনের মত সফটওয়্যার ও আইটি খাতে Confirmed Work Order এর মাধ্যমে ব্যাংক চ্যানেলে আগত বৈদেশিক মুদ্রাকে রপ্তানি আয় হিসেবে গ্রহণযোগ্য করা হবে; এবং
- ৫.৯.৯ সারাদেশে ইন্টারনেট ব্রড ব্যান্ড সংযোগ নিশ্চিত করা এবং ব্যান্ডউইথ এর মূল্য সারদেশে যৌক্তিক রাখার প্রচেষ্টা গ্রহণ করা হবে।
- ৫.১০ ঔষধঃ**
- ৫.১০.১ ঔষধ শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে পাসবুক পদ্ধতি অথবা ভিন্নতর পদ্ধতি চালু করা যায় কিনা তা পরীক্ষা করে দেখা হবে; এবং
- ৫.১০.২ ঔষধ খাতের রপ্তানি সম্ভাব্যতা বিবেচনায় এনে ঢাকা ও চট্টগ্রামে Active Pharmaceutical Ingredient পার্ক ও Common Lab প্রতিষ্ঠা করার উদ্যোগ নেয়া হবে।
- ৫.১১ লাইট ইঞ্জিনিয়ারিং পণ্যঃ**
- ৫.১১.১ হালকা প্রকৌশল (লাইট ইঞ্জিনিয়ারিং) শিল্পের উন্নয়নের জন্য ঢাকার অদূরে “লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার ভিলেজ” গড়ে তোলা হবে; এবং
- ৫.১১.২ হালকা প্রকৌশল খাতের উন্নয়নের জন্য একটি অত্যাধুনিক ল্যাবরেটরী ও কমন ফ্যাসিলিটিজ সেন্টার গড়ে তোলা হবে।
- ৫.১২ এগ্রো-প্রডাক্টসঃ**

- ৫.১২.১ কৃষি ও কৃষিজাত পণ্যের মানোন্নয়ন ও মান নিয়ন্ত্রণের জন্য “এগ্রো-প্রডাক্টস্ বিজনেস প্রমোশন কাউন্সিল” প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৫.১৩ **ভেষজ সামগ্রীঃ**
- ৫.১৩.১ ভেষজ উদ্ভিদজাত ঔষধ ও সামগ্রী উৎপাদন এবং রপ্তানিতে উৎসাহ প্রদান করা হবে। এ লক্ষ্যে আন্তর্জাতিক মান সম্পন্ন প্রয়োজনীয় এক্রিডেটেড সার্টিফিকেশন ল্যাবরেটরী স্থাপনের উদ্যোগ নেয়া হবে; এবং
- ৫.১৩.২ ভেষজ সামগ্রী খাতের সামগ্রিক উন্নয়নের জন্য ‘হারবাল প্রডাক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল’ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৫.১৪ **জাহাজ নির্মাণ শিল্পঃ**
- ৫.১৪.১ জাহাজ নির্মাণ শিল্পে ব্যাংক গ্যারান্টি কমিশনসহ অন্যান্য সার্ভিস চার্জ বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা মোতাবেক সর্বনিম্ন পর্যায়ে রাখা হবে; এবং
- ৫.১৪.২ জাহাজ নির্মাণ শিল্পে সহজ শর্তে স্বল্প সুদে ঋণ সরবরাহের উদ্যোগে নেয়া হবে।
- ৫.১৫ **অন্যান্য খাতঃ**
- ৫.১৫.১ প্লাস্টিক পণ্য ও গার্মেন্টস এক্সেসরিজ পণ্যের পরীক্ষা ও সনদ প্রদানের জন্য এক্রিডেটেড ল্যাবরেটরী স্থাপনের উদ্যোগ নেয়া হবে। এ ছাড়া BSTI এ সকল পণ্যের মান পরীক্ষার ব্যবস্থা নিবে;
- ৫.১৫.২ স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার রপ্তানি প্রসারের লক্ষ্যে অলঙ্কার সামগ্রীর কাঁচামাল আমদানির সহায়ক নীতিমালা প্রণয়নসহ এ শিল্পকে উৎসাহিত করা হবে;
- ৫.১৫.৩ আমদানিকৃত অমসৃণ হীরা প্রক্রিয়াকরণের পর রপ্তানিকে উৎসাহিত করা হবে;
- ৫.১৫.৪ খেলনা ও ইমিটেশনের গহনা উৎপাদন এবং রপ্তানিতে উৎসাহ ও সহায়তা প্রদান করা হবে;
- ৫.১৫.৫ রপ্তানিমুখী সিরামিক শিল্পকে অব্যাহত গ্যাস সরবরাহের ব্যবস্থা নেয়া হবে; এবং
- ৫.১৫.৬ মানসম্মত অর্গানিক উদ্ভিদজাত পণ্যসহ অর্গানিক প্রডাক্টস রপ্তানিতে উৎসাহ প্রদান করা হবে।

ষষ্ঠ অধ্যায়

সেবা খাতঃ

- ৬.০ সেবা খাত বলতে ডব্লিউটিও (WTO) এর General Agreement on Trade in Services (GATS) এর Mode-1, 2, 3, 4 এর অধীন নিম্নরূপ সেবাসমূহ বুঝাবে -
১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক কার্যক্রম;
 ২. কনস্ট্রাকশন বিজনেস;
 ৩. স্বাস্থ্য সেবা সংক্রান্ত যেমন, হাসপাতাল, ক্লিনিক, নার্সিং সেবা;
 ৪. হোটেল ও পর্যটন সংক্রান্ত সেবা;
 ৫. কনসাল্টিং সার্ভিসেস;
 ৬. ল্যাবরেটরী টেস্টিং;
 ৭. ফটোগ্রাফি কার্যক্রম;
 ৮. টেলিকমিউনিকেশনস্;
 ৯. পরিবহন ও যোগাযোগ;
 ১০. ওয়্যারহাউস ও কনটেইনার সার্ভিস;
 ১১. ব্যাংকিং কার্যক্রম;
 ১২. লিগ্যাল ও প্রফেশনাল সার্ভিস;
 ১৩. শিক্ষা সেবা;
 ১৪. সিকিউরিটি সার্ভিস;
 ১৫. প্রিশিপমেন্ট ইনস্পেকশন (পিএসআই);
 ১৬. আউটসোর্সিং এবং
 ১৭. ইন্ডেন্টিং সার্ভিসেস।
- ৬.১ রপ্তানী উন্নয়ন ব্যুরো সেবা খাতে রপ্তানি বৃদ্ধির জন্য বিভিন্ন দপ্তর সংস্থার সাথে সমন্বয়পূর্বক একটি সমন্বিত প্ল্যান অব এ্যাকশন প্রণয়ন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- ৬.২ রপ্তানী উন্নয়ন ব্যুরো পণ্য খাতের পাশাপাশি সেবা খাতের রপ্তানি পরিসংখ্যান তৈরীরও উদ্যোগ গ্রহণ করবে;
- ৬.৩ সেবা খাতে রপ্তানি উন্নয়নের জন্য বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেয়া হবে;
- ৬.৪ বিভিন্ন সেবা খাত ভিত্তিক বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন করা হবে;
- ৬.৫ বিএফটিআই প্রশিক্ষণের মাধ্যমে সেবা খাতের রপ্তানির প্রচারনার ব্যবস্থা করবে; এবং
- ৬.৬ সেবা খাতের বিভিন্ন সেবা রপ্তানির সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে বিএফটিআই সমীক্ষা পরিচালনা করবে।

সপ্তম অধ্যায়
রপ্তানি উন্নয়নের বিবিধ পদক্ষেপসমূহ

- ৭.১ ফ্রেইট ফরওয়ার্ডিং নিয়ন্ত্রণ সংক্রান্ত এসআরও নং ১৮-আইন/২০০৮/২১৭৪/শুল্ক, তারিখ ১৩-১-২০০৮ যোগে জারিকৃত ফ্রেইট ফরওয়ার্ডার্স(লাইসেন্সিং কার্য পরিচালনা) বিধিমালা, ২০০৮ অনুযায়ী ফ্রেইট ফরওয়ার্ডার্সগণ পরিচালিত হবে;
- ৭.২ অবকাঠামোগত উন্নয়ন সাধন, প্রাতিষ্ঠানিক সহায়তা নিশ্চিতকরণে বাংলাদেশ ব্যাংক, কাষ্টমস, চট্টগ্রাম ও মংলা সমুদ্র বন্দর আধুনিকীকরণ, স্থল বন্দর কর্তৃপক্ষের কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা হবে;
- ৭.৩ সকল রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ নিশ্চিত করার জন্য Express Line নির্মাণসহ প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নির্মাণের উদ্যোগ নেয়া হবে এবং শিল্পে ব্যবহারের ক্ষেত্রে বিদ্যুৎ, পানি ও গ্যাস চার্জ ভর্তুকি সহকারে যৌক্তিক পর্যায়ে নির্ধারণের উদ্যোগ গ্রহণ করা হবে;
- ৭.৪ গভীর সমুদ্র বন্দর, মংলা বন্দরে পর্যাপ্ত কন্টেইনার জাহাজ এবং ক্যাপিট্যাল ডেজিং-এর ব্যবস্থা করা হবে;
- ৭.৫ কৃষি পণ্য রপ্তানির জন্য বিমানে অতিরিক্ত স্পেস বরাদ্দসহ পৃথক কার্গো বিমানের ব্যবস্থা এবং বিমান ও জাহাজ ভাড়া যুক্তিসংগত হারে হ্রাস করা হবে;
- ৭.৬ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক ইউরোপের সাথে নিয়মিত “Cargo Freighter Service” প্রবর্তনের উদ্যোগ নেয়া হবে;
- ৭.৭ অঞ্চলভিত্তিক রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে এলাকার অবকাঠামোগত উন্নয়নের উপর গুরুত্ব দেয়া হবে;
- ৭.৮ পণ্য পরিবহনে রেল সার্ভিসকে উৎসাহিত করার জন্য বাংলাদেশ রেলওয়ে কর্তৃক আকর্ষণীয় ও প্রতিযোগিতামূলক ভাড়ার হার নির্ধারণের সম্ভাব্যতা পরীক্ষা করে দেখা হবে;
- ৭.৯ রপ্তানি ক্ষেত্রে মহিলা উদ্যোক্তাদের উৎসাহ প্রদানের লক্ষ্যে প্রতি বছর মহিলা সিআইপি নির্বাচন ও শ্রেষ্ঠ মহিলা উদ্যোক্তাদের রপ্তানি ট্রফি প্রদান করা হবে;
- ৭.১০ রপ্তানি উন্নয়নের জন্য বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেয়া হবে; এবং
- ৭.১১ পণ্য ভিত্তিক রপ্তানিকে উৎসাহিত করার জন্য প্রতিবছর একটি পণ্যকে “প্রডাক্ট অব দি ইয়ার (Product of the year)” ঘোষণা করা হবে।
- ৭.১২ **মূল্য সংযোজন হার যৌক্তিকীকরণঃ**
 - ৭.১২.১ একটি স্ট্যান্ডিং কমিটি সময় সময় তৈরী পোশাকসহ অন্যান্য পণ্যের মূল্য সংযোজন হার নির্ধারণ করবে;
 - ৭.১২.২ বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোন বিদেশী পতাকাবাহী জাহাজ মেরামত বাবদ প্রাপ্ত বৈদেশিক মুদ্রা বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রত্যাবাসিত হয়েছে শর্তে তা সেবা খাতে রপ্তানি আয় হিসেবে গণ্য করা হবে।

পরিশিষ্ট-১

রপ্তানি নিষিদ্ধ পণ্য তালিকা

- ৮.১ সয়াবিন তেল, পাম অয়েল।
- ৮.২ (ক) প্রাকৃতিক গ্যাস উদ্ভূত পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্য (যথাঃ ন্যাপথা, ফারনেস অয়েল, লুব্রিক্যান্ট অয়েল, বিটুমিন, কনডেনসেট, এমটিটি ও এমএস) ব্যতিরেকে সকল পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্য। তবে প্রডাকশন শেয়ারিং কন্ট্রাক্ট-এর আওতায় বিদেশী বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি মোতাবেক তাদের হিসাবের পেট্রোলিয়াম ও এলএনজি রপ্তানির ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।
- (খ) রপ্তানি নিষিদ্ধ ও শর্ত সাপেক্ষে রপ্তানিযোগ্য পণ্য ব্যতীত ব্যক্তিগত মালামালের অতিরিক্ত হিসেবে বাংলাদেশে তৈরী ২০০ (দুই শত) মার্কিন ডলার মূল্যমানের পণ্য কোন যাত্রী বিদেশে যাওয়ার সময় একোস্প্যানিড ব্যাগেজে সংগে নিতে পারবেন। এরূপে বিদেশে নেয়া পণ্যের বিপরীতে শুল্ক কর প্রত্যর্পণ/সমন্বয়, ভর্তুকি ইত্যাদি সুযোগ-সুবিধা প্রদানযোগ্য হবে না।
- ৮.৩ পাটবীজ ও শনবীজ।
- ৮.৪ গম।
- ৮.৫ চাল (সরকার হতে সরকার পর্যায়ে চাল এবং সুগন্ধি চাল ব্যতীত)।
- ৮.৬ ২০১২ সালের বণ্য প্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন (২০১২ সনের ৩০ নং আইন) এর ধারা ২৯ অনুযায়ী কোন ব্যক্তি-
- (ক) বহির্গমন শুল্ক বন্দর ব্যতীত অন্য কোন পথে;
- (খ) প্রযোজ্য ক্ষেত্রে, সাইটিস (CITES)সার্টিফিকেট ব্যতীত; এবং
- (গ) লাইসেন্স ব্যতীত-
- কোন বণ্যপ্রাণী বা তার অংশ, ট্রফি, অসম্পূর্ণ ট্রফি, অথবা তফসিল ৪ এ উল্লিখিত উদ্ভিদ বা তার অংশ বা তা হতে উৎপন্ন দ্রব্য রপ্তানি বা পুনঃ রপ্তানি করতে পারবেন না।
- ৮.৭ আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ ও সংশ্লিষ্ট উপকরণ।
- ৮.৮ তেজস্ক্রিয় পদার্থ।
- ৮.৯ পুরাতাত্ত্বিক দুর্লভ বস্তু।
- ৮.১০ মনুষ্যকঙ্কাল, রক্তের প্লাজমা অথবা মনুষ্য অথবা মনুষ্য রক্ত দ্বারা উৎপাদিত অন্য কোন সামগ্রী।
- ৮.১১ সকল প্রকার ডাল (প্রক্রিয়াজাত ডাল ব্যতীত)।
- ৮.১২ চিন্ড, হিমায়িত ও প্রক্রিয়াজাত ব্যতীত অন্যান্য চিংড়ি।
- ৮.১৩ পুঁয়াজ, রসুন ও আদা।
- ৮.১৪ হরিণা ও চাকাসহ অন্যান্য সামুদ্রিক প্রজাতির PUD, Cooked চিংড়ি ছাড়া 71/90 Count বা তার চেয়ে ছোট আকারের সামুদ্রিক চিংড়ি।
- ৮.১৫ বেত, কাঠ ও কাঠের গুড়ি/শুল কাষ্ঠ খন্ড (এই সব দ্বারা প্রস্তুতকৃত হস্তশিল্প সামগ্রী ব্যতীত)। তবে বনশিল্প কর্পোরেশন এর রাবার কাঠ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত ফার্নিচার শিল্পের উপাদান হিসেবে রপ্তানি করা যাবে যা প্রচ্ছন্ন রপ্তানি হিসেবে বিবেচিত হবে। উক্ত ফার্নিচার শিল্পসমূহকে বর্ণিত কাঠ দিয়ে প্রস্তুতকৃত ফার্নিচার রপ্তানির হিসাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- ৮.১৬ সকল প্রজাতির ব্যাঙ (জীবিত অথবা মৃত) ও ব্যাঙের পা।
- ৮.১৭ কাঁচা, ওয়েট-ব্লু চামড়া।

পরিশিষ্ট-২

শর্ত সাপেক্ষে রপ্তানি পণ্য তালিকা

- ৯.১ ইউরিয়া ফার্টিলাইজার-কাফকো ব্যতীত অন্যান্য ফ্যাক্টরীগুলিতে প্রস্তুতকৃত ইউরিয়া ফার্টিলাইজার শিল্প মন্ত্রণালয়ের অনুমতির ভিত্তিতে রপ্তানি করা যাবে।
- ৯.২ বিনোদনমূলক অনুষ্ঠান, গান, নাটক, ছায়াছবি, প্রামাণ্য চিত্র ইত্যাদি অডিও ক্যাসেট, ভিডিও ক্যাসেট, সিডি, ডিভিডি ইত্যাদি ফর্মে তথ্য মন্ত্রণালয়ের অনাপত্তি সাপেক্ষে রপ্তানি করা যাবে।
- ৯.৩ প্রাকৃতিক গ্যাস উদ্ভূত পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্য (যথাঃ- ন্যাপথা, ফারনেস অয়েল, বিটুমিন, কনডেনসেট, এমটিটি ও এমএস) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অনাপত্তি সাপেক্ষে রপ্তানি করা যাবে। তবে কোন প্রকার শর্ত ব্যতিরেকে লুব্রিকেটিং ওয়েল রপ্তানি করা যাবে এবং এ ক্ষেত্রে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগকে রপ্তানির পরিমাণ বিষয়ক তথ্য অবগত করতে হবে।
- ৯.৪ রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬ এর তফসিল ১, ২ ও ৩ এ বর্ণিত রাসায়নিক দ্রব্যাদি উক্ত আইনের ৯ ধারার বিধান মোতাবেক রপ্তানি নিষিদ্ধ বা রপ্তানিযোগ্য হবে।
- ৯.৫ চিনি।
- ৯.৬ ইলিশ মাছ।
- ৯.৭ বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে সুগন্ধি চাল রপ্তানি করা যাবে।
- ৯.৮ বাণিজ্যিক ভিত্তিতে ব্যক্তিগত বা যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত খামারে উৎপাদিত কুমিরের কাঁচা চামড়া ও মাংস পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সম্মতি/ অনাপত্তির ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয় রপ্তানির অনুমতি প্রদান করবে।

রপ্তানি নীতি ২০১৫-২০১৮-তে ব্যবহৃত সংক্ষিপ্ত রূপ এবং পূর্ণ রূপ

সংক্ষিপ্ত রূপ Abbreviation	পূর্ণ রূপ Elaboration
ALPP	Area of Low Pest Prevalence
APTA	The Asia-Pacific Trade Agreement
BCSIR	Bangladesh Council of Scientific and Industrial Research
BFLLFEA	Bangladesh Finished Leather, Leathergoods & Footwear Exporters Association
BFTI	Bangladesh Foreign Trade Institute
BMRE	Modernization, Rehabilitation and Expansion
BPC	Business Promotion Council
BSTI	Bangladesh Standards And Testing Institution
CCI & E	Chief Controller of Import & Export
CFB	Corrugated Fibre Board
CFR	Cost & Freight
CIP	Commercially Important Person
CIS	Commonwealth of Independent States
CITES	Convention on International Trade in Endangered Species (of Wild fauna and flora)
DAE	Department of Agricultural Extension
DoF	Department of Fisheries
ECGS	Export Credit Guarantee Scheme
EDF	Export Development Fund
EPB	Export Promotion Bureau
EPF	Export Promotion Fund
ETP	Effluent Treatment Plant
EXP	Export Permit
FBCCI	Federation of Bangladesh Chamber of Commerce and Industries
FDI	Foreign Direct Investment
FOB	Free on Board
FSMS	Food Safety Management System
GATS	General Agreement on Trade in Services
GATT	General Agreement on Tariffs and Trade
GSP	Generalized Systems of Preference
ICD	International Classification of Diseases
ICT	Information and Communication Technology
IT	Information Technology
LC	Letter of Credit
MIS	Management Information system
NBR	National Board of Revenue
PSI	Pre-Shipment Inspection
PUD	Peel & Undevain
SADC	South African Developing Countries
SAFTA	South Asian Free Trade Agreement
SME	Small and Medium Enterprises
SPF	Specific Pathogen Free
SPS	Sanitary and Phyto-Sanitary
TIC	Trade Information Center
TT	Telegraphic Transfer
VAT	Value Added Tax
WTO	World Trade Organization

এফটিএ অনুবিভাগ :

এফটিএ অনুবিভাগ বাণিজ্য মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ অনুবিভাগ। আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণে বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে অর্থনৈতিক ও বাণিজ্য কূটনীতির মাধ্যমে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য চুক্তি সম্পাদনসহ মুক্ত বাণিজ্য অঞ্চল গঠন, শুল্ক সুবিধা নিশ্চিত করণের মাধ্যমে বাংলাদেশের পণ্য ও সেবার জন্য আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ, অশুল্কবাধা দূরীকরণ ও বিভিন্ন আন্তর্জাতিক ট্রেড ফোরামে নেগোসিয়েশনে মাধ্যমে দেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক স্বার্থ সংরক্ষণে এফটিএ অনুবিভাগ কাজ করে থাকে।

এফটিএ অনুবিভাগের কার্যাবলি :

- ভারত, শ্রীলংকা, পাকিস্তান, মায়ানমার, ভুটান ও নেপাল এর সাথে দ্বিপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত কার্যাবলি ;
- সাউথ এশিয়ান ফ্রি ট্রেড এরিয়া (সাফটা), সার্ক প্রিফারেনশিয়াল ট্রেডিং এরেনজমেন্ট (সাপটা), এশিয়া প্যাসিফিক ট্রেড এগ্রিমেন্ট (আপটা), বে অব বেঙ্গল ইনিশিয়েটিভস ফর মাল্টিসেক্টরাল এ্যান্ড টেকনিক্যাল কো-অপারেশন (বিমসটেক) ও ইন্ডিয়ান ওশান রীম এসোসিয়েশন ফর রিজিওনাল কো-অপারেশন (আইওআর-এআরসি) সংক্রান্ত বিষয়াদি;
- বিশ্ব ব্যাংক, এডিবি, আইডিবি, আইএফসি, আইএমএফ সংক্রান্ত বিষয়াদি;
- কমন ফাড ফর কমোডিটিস (সিএফসি), ইউরোপিয়ান কমিশন (ইসি), United Nations Conference on Trade and Development (UNCTD), ইন্টারন্যাশনাল ট্রেড কমিশন (আইটিসি) ও বাংলাদেশ ফরেন ট্রেড ইন্সটিটিউট (বিএফটিআই) সংক্রান্ত যাবতীয় বিষয়াদি;
- United Nations Economic and Social Commission for Asia and the Pacific (UNESCAP) সংক্রান্ত বিষয়াদি;
- Standing Committee on Economic and Commercial Co-operation of OIC (COMCEC), Trade Preference System among OIC (TPS-OIC), ইসলামিক সেন্টার ফর ডেভেলপমেন্ট অব ট্রেড (আইসিডিটি) D-8, G-7 ও G-77 সংক্রান্ত যাবতীয় বিষয়াদি;
- Generalised System of Preference (জিএসপি), Global System of Tariff Preference (জিএসটিপি), রুলস অব অরিজিন ও সার্ক কিউমুলেশন সংক্রান্ত যাবতীয় বিষয়াদি;
- বৈদেশিক বিনিয়োগ ও ট্রেড ফেসিলিটেশন সংক্রান্ত যাবতীয় বিষয়াদি;
- বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত পরিসংখ্যান সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা ;
- বিভিন্ন দেশের সাথে দ্বিপাক্ষিক মুক্ত বাণিজ্য অঞ্চল গঠন সংক্রান্ত বিষয়াদি এবং
- ট্রানজিট ও ট্রান্সসিপমেন্ট সংশ্লিষ্ট বিষয়াদি।

Policy Guidelines On Free Trade Agreement, 2010

A. Preamble

1. In the wake of globalization, while World Trade Organization (WTO) plays an important role in securing market access and increasing competitiveness, free trade agreements (FTA) have become very effective instruments in reinforcing such market access and competitiveness through enhanced economic cooperation among the countries. FTAs have become very prominent features of the international trading system and an important national trade policy instrument. The surge in FTAs, which started in early 1990s, is still continuing amid the failure of WTO to conclude Doha Round of trade negotiations.

2. In tandem with the open economic policy adopted by most of the countries of the world in late 20th century, Bangladesh adopted an open market policy relying on private sector initiatives since early 90s. Since then export oriented growth has been one of major objectives of national economic policy. While Bangladesh has been successful in expanding its export in last two decades, its export base and export markets continue to be very limited. Market access of Bangladeshi products in developed countries has increased due to renewed initiative of the WTO, particularly the GSP facilities. However, market access has not sufficiently increased in the developing countries. Rather Bangladesh faces stiff competition in these markets with the countries having FTAs with them.

3. In recent years trade in services has expanded significantly throughout the world. However, service sector of Bangladesh is less exposed to international trade despite its highest contribution to the GDP.

4. Bangladesh's efforts to diversify export products and markets may be aptly supported by long term arrangements with its prospective trading partners, which have not been adequately explored so far. In the area of service sector Bangladesh has ample opportunity to gain provided this sector is developed in the right direction through enhanced cooperation with trading partners. Bangladesh can also enhance its international movement of natural persons through long term arrangements with the countries in need of human resources, scope of which is limited in the WTO.

5. Against this backdrop, it is believed that FTAs will open opportunities for Bangladesh to diversify and increase its exports and enhance competitiveness. It will also play a vital role to attract investment, develop service sector and increase manpower export. Besides, FTAs will strengthen economic and political ties with partner countries.

B. Objectives

6. Objectives of the Policy Guidelines are to provide a framework for:
 - a. Identification of potential countries for FTAs;
 - b. Coverage of FTAs to be negotiated; and
 - c. Procedures to be followed for initiating negotiations on FTA.

C. Potential countries for FTAs

7. Priorities for FTAs will be based on (i) economic strength and growth prospect of and potential demand and supply in the partner countries; (ii) geographical proximity and connectivity; (iii) market access condition of Bangladesh; (iv) willingness of the partner country; (v) scope for manpower exports in the partner countries; (vi) resource base of the partner country; (vii) diplomatic relationship; (viii) consideration to elevate bilateral cooperation to strategic level; (ix) future prospect of cooperation; and (x) overall economic benefit to Bangladesh.

8. Prioritizing the countries for FTAs may entail the following considerations:

- a. **Asian region:** Asia is considered as the growth centre of 21st century. Economic growth of Asian countries is driven not only by increased export but also by rapid growth of domestic demand. In foreseeable future, Asian countries are going to be lucrative place for selling goods and services.
- b. **South America:** A number of countries in South America with their sound economic scales are emerging as potential destinations for goods and services. There may be a number of sectors where scope for complimentary trade may exist.
- c. **African region:** Some African countries are witnessing increasing expansion of their economies, particularly of imports. Besides, many countries of Africa are important sources of commodities, cotton and basic raw materials. Therefore, selective African countries can be expected to be Prospective FTA partners of Bangladesh.
- d. **Countries with increasing demand in manpower:** Importance of countries falling under this category has increased substantially in our economic development through export of manpower. However, lack of long term arrangement with these countries regarding manpower export makes the manpower export vulnerable to frequent policy changes. Besides, potential to increase export of goods and other services to these countries has not been sufficiently explored.
(৪) উপ-ধারা (২) বা, ক্ষেত্রমত, উপ-ধারা (৩) এর অধীন কোন আবেদন মঞ্জুর করা হইলে উক্ত নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হইবে।

(৫) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বিলুপ্ত ইনস্টিটিউটের সদস্যগণকে আবেদন বা ফি প্রদান ব্যতিরেকে ইনস্টিটিউটের সদস্য হিসেবে রেজিস্টারে নাম অন্তর্ভুক্ত করা হইবে।

১৮। রেজিস্টার।---(১) সচিব, নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক, নির্ধারিত পদ্ধতিতে, সদস্যগণের নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত ও সংরক্ষণ করিবেন, যথা :-

(ক) সদস্য নম্বর;

(খ) সদস্যের নাম;

(গ) পিতার নাম, মাতার নাম এবং স্বামীর বা স্ত্রীর নাম;

(ঘ) জন্ম তারিখ ও জাতীয়তা;

(ঙ) জাতীয় পরিচিতি নম্বর;

(চ) টিআইএন নম্বর

(ছ) টেলিফোন, মোবাইল, ফ্যাক্স ও ই-মেইল নম্বরসহ (যদি থাকে) বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং পেশাগত কার্যালয়ের ঠিকানা;

(জ) রেজিস্টারে নাম অন্তর্ভুক্তির তারিখ;

(ঝ) শিক্ষাগত যোগ্যতা;

(ঞ) প্রাইভেট প্র্যাকটিস সনদপত্র (প্রয়োজ্য ক্ষেত্রে); এবং

(ট) আনুষঙ্গিক বিষয় ও নির্ধারিত অন্যান্য বিষয়।

(২) কোন ব্যক্তির নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকিলে তিনি ইনস্টিটিউটের সদস্য হইবেন এবং চার্টার্ড সেক্রেটারী নামে অভিহিত হইবেন।

(৩) প্রতি বৎসর জানুয়ারি মাসের এক তারিখে বা তৎপূর্বে, নির্ধারিত পদ্ধতিতে, ইনস্টিটিউট উহার সদস্যগণের তালিকা প্রকাশ করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন প্রকাশিত তালিকার কপি সদস্যগণ, নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে, ইনস্টিটিউট হইতে সংগ্রহ করিতে পারিবেন।

(৫) প্রত্যেক সদস্যকে, নির্ধারিত পদ্ধতিতে, বাৎসরিক সদস্য-ফি প্রদান করিতে হইবে।

১৯। প্রাইভেট প্র্যাকটিস (Private Practice)।---(১) ইনস্টিটিউট প্রদত্ত সনদপত্রের অধিকারী না হইলে কোন সদস্য বাংলাদেশের কোথাও প্রাইভেট প্র্যাকটিস করিতে পারিবেন না।

(২) কোন সদস্য প্রাইভেট প্র্যাকটিস করিতে আগ্রহী হইলে তাহাকে, নির্ধারিত ফিসহ নির্ধারিত ফরমে, সচিবের নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর সচিব উহা কাউন্সিলে উপস্থাপন করিবেন এবং কাউন্সিল, নির্ধারিত পদ্ধতিতে, উক্ত আবেদন মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন কোন আবেদন নামঞ্জুর করা হইলে উক্তরূপ নামঞ্জুরের ত্রিশ দিনের মধ্যে কাউন্সিলের নিকট বিষয়টি পুনর্বিবেচনার জন্য আবেদন করা যাইবে এবং কাউন্সিল উক্তরূপ আবেদনের পঁয়তাল্লিশ দিনের মধ্যে, নির্ধারিত পদ্ধতিতে, সংশ্লিষ্ট আবেদন নিষ্পত্তি করিবে।

(৫) উপ-ধারা (৩) বা, ক্ষেত্রমত, উপ-ধারা (৪) এর অধীন কোন আবেদন মঞ্জুর করা হইলে সচিব, ইনস্টিটিউটের পক্ষে, সংশ্লিষ্ট সদস্যের অনুকূলে প্রাইভেট প্র্যাকটিস সনদ ইস্যু করিবেন।

(৬) প্রাইভেট প্র্যাকটিস সনদধারী প্রত্যেক সদস্যকে, নির্ধারিত সময়সীমার মধ্যে, নির্ধারিত বাৎসরিক ফি প্রদান করিতে হইবে।

(৭) প্রাইভেট প্র্যাকটিসরত কোন চার্টার্ড সেক্রেটারী কোন কোম্পানীতে সার্বক্ষণিক চাকুরীতে নিয়োজিত হইতে পারিবেন না এবং কোন কোম্পানীতে সার্বক্ষণিক চাকুরীতে নিয়োজিত কোন চার্টার্ড সেক্রেটারী প্রাইভেট প্র্যাকটিস করিতে পারিবেন না।

(৮) এই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে, কোন সদস্য চার্টার্ড সেক্রেটারী পেশায় সার্বক্ষণিক চাকুরীতে নিয়োজিত না হইয়া ব্যক্তিগতভাবে নিম্নরূপ কোন কার্যাদির সহিত সম্পৃক্ত থাকিলে তিনি প্রাইভেট প্র্যাকটিস করেন বলিয়া গণ্য হইবে, যদি তিনি,---

(ক) ব্যক্তিগতভাবে চার্টার্ড সেক্রেটারী পেশায় নিযুক্ত অন্য কোন সদস্যের বা নির্ধারিত অন্য কোন পেশার সদস্যের অংশীদারী ফার্মে সম্মানীর বিনিময়ে কাজ করেন;

(খ) কোন কোম্পানীতে সার্বক্ষণিক চাকুরীরত না হইয়া চার্টার্ড সেক্রেটারী সংক্রান্ত পেশাগত সেবা প্রদান বা সেবা প্রদানে সহায়তা প্রদান করেন;

(গ) কোন কোম্পানী গঠন, নিগমবদ্ধকরণ, পুনর্গঠন, একত্রীকরণ বা বিলুপ্তিকরণের সহিত সংশ্লিষ্ট সেবা প্রদান করেন বা সেবা প্রদানে আগ্রহী হন;

-
- (ঘ) কোম্পানীর পক্ষে নিম্নবর্ণিত বিষয়ে সেবা প্রদান করেন বা সেবা প্রদানে আগ্রহী হন, যথা :-
- (অ) কোম্পানী পক্ষে উহার দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি হিসাবে কোম্পানীর ফরম, আবেদন এবং রিটার্নসহ রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট কোন দলিল জমাদান, নিবন্ধন, সত্যায়ন বা প্রত্যায়নের কাজ করেন;
- (আ) সিকিউরিটিজ ট্রান্সফার বা ট্রান্সমিশন সংক্রান্ত কাজ করেন;
- (ই) সিকিউরিটিজ বা বন্ড ইস্যু সংক্রান্ত কাজ করেন;
- (ঈ) শেয়ার ও স্টক ব্রোকার সংক্রান্ত কাজ করেন;
- (উ) আপাততঃ বলবৎ কোম্পানী আইন, সিকিউরিটিজ আইন বা Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) এর অধীনে কোন কোম্পানী পরিচালনায় উপদেষ্টা হিসাবে কাজ করেন;
- (ঊ) কোম্পানীর পক্ষে বা কোম্পানীর উদ্দেশ্য পূরণকল্পে সনদ ইস্যুর কাজ করেন;
- (ঋ) সেক্রেটারীয়েল অডিট বা কনসলটেন্ট হিসাবে কাজ করেন;
- (ঙ) চার্টার্ড সেক্রেটারী সংক্রান্ত পেশাগত সেবা প্রদান বা সেবা প্রদানে সহায়তা প্রদান করেন; এবং
- (চ) কাউন্সিলের বিবেচনায় অন্য কোন সেবা প্রদান করেন।

(৯) এই আইনে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে কর্মরত কোন কোম্পানী সেক্রেটারীর চাকুরী অব্যাহত থাকিবার ক্ষেত্রে চার্টার্ড সেক্রেটারী সনদ বা প্রাইভেট প্র্যাকটিস সনদ কোন বাধা হইবে না।

২০। পেশাগত অসদাচরণ।----- (১) কোন চার্টার্ড সেক্রেটারী পেশাগত অসদাচরণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি তিনি-----

- (ক) অন্য কোন ব্যক্তিকে তাহার নামে চার্টার্ড সেক্রেটারী হিসাবে প্র্যাকটিস করিতে অনুমতি প্রদান করেন;
- (খ) সদস্য নহেন এইরূপ কোন ব্যক্তিকে, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, তাহার পেশাগত কাজ বাবদ প্রাপ্ত ফি এর অংশবিশেষ হিস্যা, কমিশন, পারিশ্রমিক বা ব্রোকারেজ হিসাবে প্রদান করেন, প্রদান করিবার জন্য অনুমতি প্রদান করেন বা প্রদান করিতে সম্মত হন;
- (গ) পেশার কার্যক্রমে অংশীদার হইবার যোগ্যতা নাই এমন কোন ব্যক্তির মাধ্যমে বা চার্টার্ড সেক্রেটারীর জন্য শোভন নয় এমন কোন উপায়ে কোন পেশাগত কাজ অর্জন করেন;

- (ঘ) সার্কুলার, বিজ্ঞাপন, বা অনুরূপ কোন উপায়ে মক্কেল পাওয়ার জন্য বা পেশাগত কাজ পাইবার জন্য চেষ্টা করেন;
- (ঙ) পেশাগত সাফল্য প্রচারের উদ্দেশ্যে কোন দলিল, ভিজিটিং কার্ড, চিঠির প্যাড বা সাইন বোর্ডে এমন কোন ডিগ্রীর উল্লেখ করেন যাহার কোন আইনগত ভিত্তি নাই বা যাহা কাউন্সিল কর্তৃক অনুমোদিত নয়।
- (চ) ইতোপূর্বে অন্য কোন চার্টার্ড সেক্রেটারী কর্তৃক ধারণ করা হইয়াছে, এমন কোন পেশাগত দায়িত্ব প্রথমোক্ত চার্টার্ড সেক্রেটারীকে লিখিতভাবে অবগত না করিয়া গ্রহণ করেন;
- (ছ) কাউন্সিল কর্তৃক অননুমোদিত এবং চার্টার্ড সেক্রেটারী পেশার সহিত সম্পর্কিত নয়, এমন কোন ব্যবসা বা কাজে নিজেকে নিয়োজিত রাখেন;
- (জ) প্রাইভেট প্র্যাকটিসের অথচ সদস্য নহেন এমন কোন ব্যক্তিকে তাহার পক্ষে এমন কিছু দলিল সত্যায়িত বা সার্টিফাই করিবার জন্য অনুমতি দেন যাহা শুধুমাত্র চার্টার্ড সেক্রেটারীকেই সত্যায়িত বা সার্টিফাই করিতে হয়; এবং
- (ঝ) তাহার চাকুরী বা দায়িত্ব পালনের সুবাদের জানা এমন কোন গোপন তথ্য, প্রচলিত কোন আইন অনুযায়ী বা নিয়োগকারী কর্তৃক অনুমতিপ্রাপ্ত না হইয়া, ফাঁস করিয়া দেন।

(২) প্রাইভেট প্র্যাকটিস না করিয়া বা চার্টার্ড সেক্রেটারী হিসাবে কর্মরত না থাকিয়া অন্য কোন চাকুরীতে নিয়োজিত আছেন বা থাকেন, এমন কোন সদস্য অসদাচরণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি তিনি,-----

- (ক) কোন কোম্পানী, ফার্ম বা ব্যক্তির কর্মচারী হইয়া তাহার চাকুরীর বেতনের কোন অংশ, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, অন্য কোন ব্যক্তিকে প্রদান করেন, প্রদান করিবার অনুমতি দেন বা তাহাতে সম্মতি প্রদান করেন;
- (খ) দফা (ক) তে উল্লিখিত কোম্পানী, ফার্ম বা ব্যক্তি কর্তৃক নিযুক্ত আইনজীবী, চার্টার্ড সেক্রেটারী বা দালালের নিকট হইতে কমিশন বা বখশিস হিসাবে তাহার আয়ের কিছু অংশ গ্রহণ করেন বা করিতে সম্মত হন;

(৩) কোন সদস্য, পেশাগত অসদাচরণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি তিনি-----

- (ক) কাউন্সিলের নিকট প্রদত্ত কোন স্টেটমেন্ট, রিটার্ন বা ফরমে এমন কিছু বিবরণ অন্তর্ভুক্ত করেন, যাহা তিনি মিথ্যা বলিয়া জানেন;
- (খ) ফেলো না হইয়া নিজেকে ফেলো হিসাবে পরিচয় দেন;
- (গ) কাউন্সিল বা কমিটি কর্তৃক প্রার্থীত তথ্য সরবরাহ না করেন;

- (ঘ) পেশাগত দায়িত্ব পালনের সূত্রে প্রাপ্ত অর্থ আত্মসাৎ বা তসরুফ করেন;
- (ঙ) এই আইন বা তদধীন প্রণীত কোন প্রবিধানের কোন বিধান লঙ্ঘন করেন;
- (চ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত অন্য কোন কাজ করা হইতে বিরত থাকেন।

(৪) প্রাইভেট প্র্যাকটিসরত কোন চার্টার্ড সেক্রেটারী পেশাগত অসদাচরণ করিয়াছে বালিয়া গণ্য হইবে, যদি তিনি-----

- (ক) দায়িত্ব পালনের সূত্রে প্রাপ্ত কোন তথ্য নিয়োগকারীর সম্মতি ব্যতিরেকে, অন্য কোন ব্যক্তির নিকট প্রকাশ করেন;
- (খ) প্রাইভেট প্র্যাকটিস সম্পর্কিত কোন প্রতিবেদন, কোনরূপ পরীক্ষা-নিরীক্ষা না করিয়া, সত্যায়িত করেন;
- (গ) কোন ব্যবসায়ী প্রতিষ্ঠানকে এমন কোন প্রতিবেদন বা মতামত প্রদান করেন যাহাতে তাহার, তাহার ফার্ম বা তাহার ফার্মের কোন অংশীদারের স্বার্থ রহিয়াছে অথচ প্রতিবেদনে উহার উল্লেখ নাই;
- (ঘ) তাহার জানামতে কোন বাস্তব ঘটনা, প্রতিবেদন বা মতামত গোপন করিবার জন্য সাহায্য করেন, যদিও সংশ্লিষ্ট প্রতিবেদন বা মতামতকে বিভ্রান্তিমুক্ত করিবার জন্য উহা প্রকাশ করা প্রয়োজনীয় ছিল;
- (ঙ) প্রতিবেদনে তাহার জানামতে এমন কোন তথ্য প্রকাশ করিতে ব্যর্থ হন যাহার সহিত তিনি তাহার পেশাগত ক্ষমতার কারণে সংশ্লিষ্ট ছিলেন;
- (চ) তাহার পেশাগত দায়িত্ব পালনে গুরুতর অবহেলা করেন; এবং
- (ছ) তাহার মক্কেলের অর্থ কোন আলাদা হিসাবে জমা রাখিতে বা উক্ত টাকা যে উদ্দেশ্যে খরচ করার কথা সে উদ্দেশ্যে খরচ করিতে ব্যর্থ হন।

২১। পেশাগত অসদাচরণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।---(১) কোন তথ্য বা অভিযোগের ভিত্তিতে বা কাউন্সিল নিজ উদ্যোগে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন সদস্য পেশাগত বা অন্য কোনভাবে ধারা ২০ এর অধীন কোন অসদাচরণে লিপ্ত বা অসদাচরণের দায়ে অভিযুক্ত, তাহা হইলে কাউন্সিল বিষয়টি তদন্ত করিবার জন্য শৃঙ্খলা কমিটি গঠন করিতে পারিবেন এবং শৃঙ্খলা কমিটি, নির্ধারিত পদ্ধতিতে, তদন্তপূর্বক উহার তদন্তের প্রতিবেদন কাউন্সিলের নিকট পেশ করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর কাউন্সিল যদি এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করে যে, সংশ্লিষ্ট সদস্য কোন পেশাগত অসদাচরণের দায়ে দোষী নহেন, তাহা হইলে অভিযোগটি খারিজ করিয়া দিবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর যদি কাউন্সিল মনে করে যে, সংশ্লিষ্ট সদস্য কোন পেশাগত অসদাচরণের দায়ে দোষী, তাহা হইলে কাউন্সিল তাহাকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদানপূর্বক নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথা :---

- (ক) তিরস্কার;
- (খ) রেজিস্টার হইতে সাময়িকভাবে নাম অপসারণ; বা
- (গ) রেজিস্টার হইতে স্থায়ীভাবে নাম অপসারণ।

(৪) উপ-ধারা (৩) এরা অধীন কোন আদেশ প্রদান করা হইলে উক্ত আদেশ প্রাপ্তির তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট সদস্য সরকারের নিকট আপীল করিতে পারিবে এবং সরকার উক্ত আপীল দায়েরের তারিখ হইতে নব্বই দিনের মধ্যে আপীলটি নিষ্পত্তি করিবে এবং এই ক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৫) সরকার উপ-ধারা (৪) এর উল্লিখিত সময়ের মধ্যে আপীলটি নিষ্পত্তি করিতে না পারিলে উহা মঞ্জুর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২২। রেজিস্টার হইতে নাম অপসারণ।----(১) কোন সদস্য,-----

- (ক) মৃত্যুবরণ করিলে;
- (খ) স্থায়ী নাম অপসারণের জন্য কাউন্সিলের নিকট লিখিতভাবে অনুরোধ করিলে;
- (গ) নির্ধারিত সময়সীমার মধ্যে কোন নির্ধারিত ফি প্রদানে ব্যর্থ হইলে; বা
- (ঘ) এই আইনের অধীন কোন অযোগ্যতা থাকিলে বা অর্জন করিলে বা অন্য কোন কারণে রেজিস্টারে নাম বহাল রাখিবার অধিকার হারাইলে----

কাউন্সিল তাহার নাম রেজিস্টার হইতে অপসারণ করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) কাউন্সিল, উপ-ধারা (১) এর অধীন, কোন সদস্যের জন্য নাম রেজিস্টার হইতে অপসারণের নির্দেশ প্রদান করিলে, সচিব উক্ত সদস্যের নাম রেজিস্টার হইতে অপসারণ করিবেন।

চতুর্থ অধ্যায়

ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারী

২৩। সচিব এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী।----(১) কাউন্সিল, ইনস্টিটিউটের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, একজন সচিবসহ প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

(২) সচিব ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি, কাউন্সিলের সার্বিক তত্ত্বাবধানে, ইনস্টিটিউটের প্রশাসন পরিচালনার জন্য দায়ী থাকিবেন।

(৩) সচিবের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অন্য কোন কারণে সচিব তাহার দায়িত্ব পালনের অসমর্থ হইলে শূন্য পদে নব নিযুক্ত সচিব কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা সচিব পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত ইনস্টিটিউটে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে জ্যেষ্ঠ কর্মকর্তা সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।

পঞ্চম অধ্যায়

তহবিল, ঋণ গ্রহণ, বাজেট, হিসাবরক্ষণ, ইত্যাদি

২৪। তহবিল।---(১) ইনস্টিটিউটের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথাঃ-

- (ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;
- (খ) ইনস্টিটিউটের বিভিন্ন খাত হইতে প্রাপ্ত অর্থ;
- (গ) ইনস্টিটিউট কর্তৃক গৃহীত ঋণ;
- (ঘ) স্থানীয় কর্তৃপক্ষ বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;
- (ঙ) সরকারের পূর্বানুমোদনক্রমে, কোন বিদেশী সরকার, সংস্থা বা কোন আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;
- (চ) সদস্যগণের নিকট হইতে প্রাপ্ত সদস্য ফি এবং শিক্ষা ও প্রশিক্ষণ বাবদ প্রাপ্ত অর্থ;
- (ছ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত আয়।

(২) তহবিল, কাউন্সিলের অনুমোদনক্রমে, এক বা একধিক তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে এবং, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, উক্ত তহবিল হইতে অর্থ উত্তোলন করা যাইবে :

তবে শর্ত থাকে যে, প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিল কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে তহবিল হইতে অর্থ উত্তোলন করা যাইবে।

(৩) তহবিল হইতে, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ইনস্টিটিউটের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

২৫। হিসাবরক্ষণ ও নিরীক্ষা।----(১) ইনস্টিটিউট তহবিলের সঠিক ও যথাযথ হিসাবে সংরক্ষণ করিবে এবং আয়-ব্যয়ের হিসাব নির্ধারিত পদ্ধতিতে চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম দ্বারা নিরীক্ষা করাইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নিয়োগকৃত চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম ইনস্টিটিউটের হিসাব সংক্রান্ত যাবতীয় বই ও অন্যান্য দলিল পরীক্ষা-নিরীক্ষা করিতে পারিবে এবং প্রয়োজনবোধে কাউন্সিলের যে কোন সদস্য এবং ইনস্টিটিউটের যে কোন কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবে।

(৩) হিসাব নিরীক্ষার পর চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম ইনস্টিটিউটের নিকট নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবে এবং নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির পর ইনস্টিটিউট উহা প্রকাশ করিবে এবং উহার একটি কপি সরকার ও কাউন্সিলের প্রত্যেক সদস্যের নিকট প্রেরণ করিবে।

২৬। ট্রেজারার।----(১) তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য একজন ট্রেজারার থাকিবেন।

(২) ট্রেজারার কাউন্সিল কর্তৃক, উহার নির্বাচিত সদস্যগণের মধ্য হইতে, নিযুক্ত হইবেন এবং তাহার দায়িত্ব ও কার্যাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

ষষ্ঠ অধ্যায়
দন্ড, জরিমানা ও আপীল ইত্যাদি

২৭। মিথ্যা দাবীর দন্ড।----যদি কোন ব্যক্তি----

- (ক) সদস্য না হইয়াও সদস্য হিসাবে প্রতিনিধিত্ব করেন;
- (খ) চার্টার্ড সেক্রেটারী না হইয়াও চার্টার্ড সেক্রেটারী পদবী ব্যবহার করেন;
- (গ) এসোসিয়েট বা ফেলো না হইয়াও নামের পরে এসিএস বা এফসিএস পদবী ব্যবহার করেন;
- (ঘ) কোন সদস্যের প্রাইভেট প্র্যাকটিস সনদ না থাকা সত্ত্বেও এইভাবে প্রচার করেন যে তিনি প্রাইভেট প্রাকটিসে আছেন;
- (ঙ) সদস্য না হইয়াও চার্টার্ড সেক্রেটারী হিসাবে প্র্যাকটিস করেন;

তাহা হইলে তিনি প্রথমবার দোষী সাব্যস্ত হইলে অনধিক ছয় মাস কারাদন্ডে বা অনধিক পঁচিশ হাজার টাকা অর্থদন্ডে বা উভয় দন্ডে এবং পরবর্তীতে একই অপরাধের জন্য পুনরায় দোষী সাব্যস্ত হইলে প্রতিবারের জন্য অনধিক এক বৎসর কারাদন্ডে বা অনধিক এক লক্ষ টাকা অর্থদন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

২৮। ইনস্টিটিউটের নাম ব্যবহার ও চার্টার্ড সেক্রেটারী ডিগ্রী প্রদানের দন্ড।---(১) এই আইনে ভিন্নতর কিছু না থাকিলে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান----

- (ক) এমন কোন নাম বা সীলমোহর ব্যবহার করিবেন না যাহা ইনস্টিটিউটের নাম বা সাধারণ সীলমোহরের অনুরূপ; এবং
- (খ) এমন কোন ডিগ্রী, ডিপ্লোমা, সার্টিফিকেট বা পদবী প্রদান করিবেন না যাহা চার্টার্ড সেক্রেটারীর যোগ্যতার অনুরূপ বিবেচিত হয়।

(২) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য প্রথমবার দোষী সাব্যস্ত হইলে অনধিক ছয় মাস কারাদণ্ডে বা অনধিক পঁচিশ হাজার টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে এবং পরবর্তীতে একই অপরাধের জন্য পুনরায় দোষী সাব্যস্ত হইলে প্রতিবারের জন্য অনধিক এক বৎসর কারাদণ্ডে বা অনধিক এক লক্ষ টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২৯। লিমিটেড কোম্পানী কর্তৃক চার্টার্ড সেক্রেটারী হওয়ার ক্ষেত্রে বাধা নিষেধ।—(১) কোন লিমিটেড কোম্পানী, বাংলাদেশে নিবন্ধিত হউক বা না হউক, চার্টার্ড সেক্রেটারী হিসাবে প্র্যাকটিস করিতে পারিবে না।

(২) উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘনকারী কোন কোম্পানী প্রথমবার দোষী সাব্যস্ত হইলে অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড এবং পরবর্তীতে একই অপরাধ দোষী সাব্যস্ত হওয়ার ক্ষেত্রে অনধিক এক লক্ষ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবে।

(৩) এই আইনের অধীন কোন বিধান লঙ্ঘনকারী ব্যক্তি যদি কোম্পানী হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা প্রতিনিধি বিধানটি লঙ্ঘন করিয়াছে বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লঙ্ঘন তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত লঙ্ঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা : এই ধারায়-

- (ক) “কোম্পানী” বলিতে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান, সমিতি বা সংগঠনকে বুঝাইবে;
- (খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে “পরিচালক” বলিতে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদসকেও বুঝাইবে।

৩০। অপরাধ বিচারার্থ গ্রহণ।— ইনস্টিটিউট, কাউন্সিলের কোন সদস্য অথবা ইনস্টিটিউটের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তির লিখিত অভিযোগ ব্যতীত কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারের জন্য গ্রহণ করিবে না।

৩১। Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর প্রয়োগ, ইত্যাদি।—এই আইনের অধীন কৃত অপরাধের জন্য কোন অভিযোগ দাখিল, তদন্ত, শুনানী, আপীল দায়ের ও নিষ্পত্তি এবং বিচারের ক্ষেত্রে Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর বিধানাবলী অনুসরণ করা হইবে।

৩২। আপীল।—এই আইনের অধীন কোন আদালত কর্তৃক প্রদত্ত কোন রায় বা আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইল তিনি উক্ত রায় বা আদেশ প্রদত্ত হইবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে এখতিয়ার সম্পন্ন আদালতে আপীল দায়ের করিতে পারিবেন।

সপ্তম অধ্যায়
বিবিধ

৩৩। প্রবিধান প্রণয়ন।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ইনস্টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৩৪। ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।—(১) আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এ আইনের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

৩৫। বিলোপ ও হেফাজত।—(১) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন এর অধীন প্রতিষ্ঠিত Institute of Chartered Secretaries and Managers of Bangladesh, এতদ্বারা বিলুপ্ত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন, Institute of Chartered Secretaries and Managers of Bangladesh, বিলুপ্ত হইবার সংগে সংগে—

- (ক) বিলুপ্ত ইনস্টিটিউট সকল ফেলো ও এসোসিয়েট এই ইনস্টিটিউটের ফেলো ও এসোসিয়েট হিসেবে গণ্য হইবেন এবং তাহাদের নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত হইবে;
- (খ) বিলুপ্ত ইনস্টিটিউটের কাউন্সিল এবং কাউন্সিলের কমিটিসমূহ, ধারা ৮ এর উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, নতুন কাউন্সিল গঠিত না হওয়া পর্যন্ত ইনস্টিটিউটের কাউন্সিল এবং কাউন্সিলের কমিটি হিসেবে দায়িত্ব পালন করিবে;
- (গ) বিলুপ্ত ইনস্টিটিউট এর সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদী এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার ইনস্টিটিউটে হস্তান্তরিত হইবে এবং ইনস্টিটিউট উহার অধিকারী হইবে;
- (ঘ) বিলুপ্ত ইনস্টিটিউটের সকল ঋণ, দায় এবং দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি যথাক্রমে ইনস্টিটিউটের ঋণ, দায় এবং দায়িত্ব এবং উহার দ্বারা পক্ষে বা সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে।

- (ঙ) বিলুপ্ত ইনস্টিটিউট কর্তৃক উহার বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা-মোকদ্দমা ইনস্টিটিউট কর্তৃক বা উহার বিরুদ্ধে দায়েরকৃত মামলা-মোকদ্দমা বলিয়া গণ্য হইবে; এবং
- (চ) কোন চুক্তি, দলিল বা চাকুরীর শর্তে যাহা কিছুই থাকুন না কেন, বিলুপ্ত ইনস্টিটিউটের সকল কর্মকর্তা ও কর্মচারী ইনস্টিটিউটে বদলী হইবেন এবং তাহারা ইনস্টিটিউট কর্তৃক নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং উক্তরূপ বদলীর পূর্বে তাহারা যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, ইনস্টিটিউট কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত সেই একই শর্তে তাহারা ইনস্টিটিউটের চাকুরীতে নিয়োজিত থাকবেন।

(৩) উপ ধারা (২) এর বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিল, উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, লিখিত আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

আশফাক হামিদ
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব) উপ-পরিচালক, বাংলাদেশ সরকার মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১২, ২০১১

(বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ)
ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি)
কাকরাইল, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/৮ সেপ্টেম্বর ২০১১ (খ্রিস্টাব্দ)

এস. আর. ও নং ২৮৩-আইন/২০১১।-চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ (২০১০ সনের ২৫ নং আইন)
এর ধারা ৩৩ প্রদত্ত ক্ষমতাবলে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি), সরকারের
পূর্বানুমোদনক্রমে, নিম্নবর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথা:-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১: শিরোনাম ও প্রবর্তন:—(১) এই প্রবিধানমালা: চার্টার্ড সেক্রেটারীজ প্রবিধানমালা, ২০১১ নামে
অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(২) সংজ্ঞা।--বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) 'আইন' অর্থ চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ (২০১০ সনের ২৫ নং আইন);

(খ) 'ইনস্টিটিউট' অর্থ ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি);

(১৩৫৫৭)

মূল্য: টাকা ২০.০০

- (গ) 'কমিটি' অর্থ প্রবিধান ৪০ ও ৪১ এর অধীন গঠিত, ক্ষেত্রমত, কোন স্থায়ী কমিটি বা সাব-কমিটি;
- (ঘ) 'কমিশন' অর্থ প্রবিধান ২২ এর অধীন গঠিত নির্বাচন কমিশন;
- (ঙ) 'কাউন্সিল' অর্থ ধারা ৫ এ উল্লিখিত চার্টার্ড সেক্রেটারীজ কাউন্সিল;
- (চ) 'চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম' অর্থ এমন কোন ফার্ম যাহাতে একাধিক চার্টার্ড একাউন্টেন্ট নিযুক্ত থাকেন যাহারা হিসাব অডিট বা নিরীক্ষা সংক্রান্ত কার্য সম্পাদন করিয়া থাকেন;
- (ছ) 'তহবিল' অর্থ ধারা ২৪ এর অধীন গঠিত ইনস্টিটিউটের তহবিল;
- (জ) 'ধারা' অর্থ আইনের ধারা;
- (ঝ) 'নিবন্ধিত ছাত্র' অর্থ এই প্রবিধানমালা অনুযায়ী যিনি ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নাম নিবন্ধন করিয়াছেন বা আইন প্রণয়নের পূর্বে বিলুপ্ত ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নাম নিবন্ধন করিয়াছেন;
- (ঞ) 'নির্বাচন' অর্থ কাউন্সিল গঠনের নিমিত্ত অনুষ্ঠিত সাধারণ নির্বাচন বা, ক্ষেত্রমত, কাউন্সিলের এক বা একাধিক শূণ্য পদ পূরণের নিমিত্ত অনুষ্ঠিত উপ-নির্বাচন;
- (ট) 'নিরীক্ষক' বা 'নিরীক্ষক' ফার্ম অর্থ ধারা ২৫ এর বিধান অনুযায়ী ইনস্টিটিউটের হিসাব নিরীক্ষা করিবার নিমিত্ত নিয়োগকৃত চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম;
- (ঠ) 'প্রবিধান' অর্থ এই প্রবিধানমালার কোন প্রবিধান;
- (ড) 'প্র্যাকটিসিং সদস্য' অর্থ ইনস্টিটিউটের এমন কোন সদস্য যিনি এই প্রবিধানমালা অনুযায়ী প্রাইভেট প্র্যাকটিসের সনদ গ্রহণ করিয়া প্রাইভেট প্র্যাকটিস করেন;
- (ঢ) 'প্র্যাকটিসিং সনদ' বা 'প্র্যাকটিসের সনদ' অর্থ ধারা ১৯ এর উপ-ধারা (৫) এর উদ্দেশ্য পূরণকল্পে প্রবিধান ১৫ এর উপ-প্রবিধান (৮) ও (৯) মোতাবেক ইস্যুকৃত সনদ যাহার অধিকারী সদস্য চার্টার্ড সেক্রেটারী হিসাবে প্রাইভেট প্র্যাকটিস করিতে পারিবেন;
- (ণ) 'প্রেসিডেন্ট' অর্থ কাউন্সিলের প্রেসিডেন্ট এবং প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালনকারী ব্যক্তিও উহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ত) 'ফরম' অর্থ এই প্রবিধানমালার ফরম;
- (থ) 'সচিব' অর্থ ইনস্টিটিউটের সচিব;
- (দ) 'সদস্য' অর্থ ধারা ২ এর দফা (১৭) তে সংজ্ঞায়িত সদস্য;
- (ধ) 'সাধারণ সভা' অর্থ ইনস্টিটিউটের সদস্যগণের সভা; এবং
- (ন) 'হিসাব বৎসর' অর্থ খ্রিস্টাব্দ বৎসর।

দ্বিতীয় অধ্যায়
ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসন

৩। পরিচালনা ও প্রশাসন।—ইনস্টিটিউটের ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যাবলী কাউন্সিল কর্তৃক পরিচালিত হইবে।

৪। প্রেসিডেন্টের ক্ষমতা ও কার্যাবলী।—ধারা ৬ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে প্রেসিডেন্ট নিম্নরূপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবেন, যথা:-

- (ক) আইন ও প্রবিধান অনুযায়ী নির্ধারিত বা অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব ও কর্তব্য পালন;
- (খ) কাউন্সিল সভার আলোচ্য সূচী নির্ধারণ;
- (গ) কাউন্সিল সভা ও বাৎসরিক সাধারণ সভার কার্য-বিবরণীতে স্বাক্ষর প্রদান;
- (ঘ) কাউন্সিলের পক্ষে যে কোন কার্য সম্পাদনে বিষয়ে, সময়ে সময়ে, সচিবকে নির্দেশনা প্রদান;
- (ঙ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে তদ্ব্যবস্থাপক বিবেচিত সকল বা যে কোন বিষয় বিবেচনা বা পর্যালোচনার নিমিত্ত কাউন্সিল বা যে কোন কমিটির নিকট প্রেরণ;
- (চ) ইনস্টিটিউট ও কাউন্সিলের পক্ষে, তদ্ব্যবস্থাপক বিবেচিত, ইস্যুকৃতব্য পত্রে স্বাক্ষর করণ; এবং
- (ছ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন।

৫। ট্রেজারারের দায়িত্ব ও কার্যাবলী।—(১) ট্রেজারার ইনস্টিটিউটের তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করিবেন।

- (২) ধারা ২৬ এবং উপ-প্রবিধান (১) এর উদ্দেশ্য পূরণকল্পে ট্রেজারার নিম্নরূপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবেন, যথা:-
- (ক) ইনস্টিটিউটের আয়-ব্যয় ও জমা-খরচ সংক্রান্ত সকল ভাউচার, হিসাবের বহি ও সংশ্লিষ্ট দলিলাদিতে স্বাক্ষর প্রদান ও সংরক্ষণ;
- (খ) নিরীক্ষার প্রয়োজনে দফা (ক) তে বর্ণিত কাগজাদি হালনাগাদকরণ সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে, সচিবের মাধ্যমে নিরীক্ষকের নিকট সরবরাহকরণ;
- (গ) কাউন্সিলের চাহিদা মোতাবেক তহবিল সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও কাউন্সিল সভায় উপস্থাপন;
- (ঘ) ইনস্টিটিউটের বার্ষিক বাজেট প্রণয়ন করিয়া, বৎসর আরম্ভের পূর্বেই, কাউন্সিলের বিবেচনা ও অনুমোদনের নিমিত্ত উপস্থাপন;

- (ঙ) ইনস্টিটিউটের বার্ষিক হিসাব প্রতিবেদন প্রণয়ন করিয়া উহা কাউন্সিলের অনুমোদনের নিমিত্ত উপস্থাপন; এবং
- (চ) ইনস্টিটিউটের তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে প্রেসিডেন্ট, কাউন্সিল বা বিভিন্ন কমিটি কর্তৃক, সময়ে সময়ে, নির্দেশিত কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- (৩) পদত্যাগ না করিলে বা কাউন্সিল কর্তৃক বিপরীত সিদ্ধান্ত গ্রহণ করা না হইলে, কাউন্সিলের মেয়াদ উত্তীর্ণ হওয়া স্বত্বেও, ট্রেজারার তাঁহার উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।
- (৬)। সচিবের দায়িত্ব ও কার্যাবলী।—(১) সচিব ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন।
- (২) ধারা ২৩ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে সচিব নিম্নরূপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবেন, যথা:-
- (ক) কাউন্সিল ও বিভিন্ন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসরণ ও বাস্তবায়ন;
- (খ) দফা (ক) তে বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুতকরণ এবং অবাস্তবায়িত বিষয়াদি যুক্তিযুক্ত কারণ উল্লেখপূর্বক কাউন্সিল বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট কমিটির পরবর্তী সভায় উপস্থাপন ও করণীয় বিষয়াদি সম্পর্কে দিক-নির্দেশনা গ্রহণ;
- (গ) ইনস্টিটিউটের অফিস পরিচালনা ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন;
- (ঘ) প্রেসিডেন্ট ও কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী উহাদের পক্ষে সকল কার্যাদি সম্পন্নকরণ;
- (ঙ) প্রেসিডেন্ট বা কাউন্সিল কর্তৃক নির্দেশিত হইলে কাউন্সিল ও ইনস্টিটিউটের পক্ষে সকল প্রকার নোটিশ ও পত্রে স্বাক্ষরকরণ;
- (চ) আইন ও প্রবিধানমালা অনুযায়ী, তহবিল সংক্রান্ত রেজিস্টার ব্যতিরেকে, সকল রেজিস্টার, দলিলাদি ও ফরম রক্ষণাবেক্ষণ;
- (ছ) ইনস্টিটিউটের সকল সম্পদ ও সম্পত্তি রক্ষণাবেক্ষণ ;
- (জ) কাউন্সিল বা কোন কমিটির মঞ্জুরীকৃত সীমার মধ্যে নামিক ও মূলধনী খাতে ব্যয় নির্বাহকরণ;
- (ঝ) ইনস্টিউটের সকল অর্থ রসিদ ইস্যু করিয়া গ্রহণ;
- (ঞ) নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে ইনস্টিউটের নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদে মধ্যে দায়িত্ব বন্টন, তাহাদের নিয়ন্ত্রণ ও কার্যাদি তদারকি করা, তাহাদের উপর যাবতীয় শৃঙ্খলা আরোপ এবং তাহাদের বেতন-ভাতাসহ অন্যান্য পাওনাদি, যদি থাকে, পরিশোধ করা;
- (ট) ইনস্টিটিউটের আয়-ব্যয় ও জমা-খরচের হিসাব সংরক্ষণ;
- (ঠ) নিরীক্ষকের নিকট হিসাবের বহি সরবরাহ করা ও প্রয়োজনীয় তথ্য প্রদান করা;

- (ড) প্রেসিডেন্টের অনুমোদনক্রমে ইনস্টিটিউট বা কাউন্সিলের পক্ষে আইনজ্ঞ, পরামর্শক বা বিশেষজ্ঞ বা বিশেষজ্ঞ নিয়োগ করা এবং প্রয়োজনে চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজাদি সরবরাহ বা দাখিল করা; এবং
- (ঢ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে ইনস্টিটিউটের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ রক্ষা করা।

(৩) সচিব তাহার দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের প্রয়োজনে যে-কোন কর্মকর্তা বা কর্মচারীর সহায়তা গ্রহণ করিতে পারিবেন এবং কর্মকর্তা ও কর্মচারীগণ সচিবের নির্দেশনা অনুযায়ী সহায়তা প্রদানসহ প্রয়োজনীয় কার্য সম্পাদনে বাধ্য থাকিবেন।

(৪) সচিব, কাউন্সিলের সার্বিক তত্ত্বাবধানে, আইন ও এই প্রবিধানমালা উল্লেখিত তাঁহার উপর অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন এবং উক্তরূপ কার্যাবলীর জন্য প্রেসিডেন্টের নিকট দায়ী থাকিবেন।

৭। তহবিল পরিচালন, ইত্যাদি।—ধারা ২৪ এর উদ্দেশ্য পূরণকল্পে তহবিল পরিচালন এবং তহবিল হইতে ব্যয় নির্বাহের ক্ষেত্রে নিম্নরূপ নিয়াবলী অনুসরণ করিতে হইবে, যথা:-

- (ক) প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ট্রেজারারের যৌথ-স্বাক্ষরে ইনস্টিটিউটের ব্যাংক হিসাবসমূহ পরিচালিত হইবে এবং তাঁহাদের যে কোন দুইজনের যৌথ-স্বাক্ষরে ব্যাংক হইতে অর্থ উত্তোলন করা যাইবে;
- (খ) ইনস্টিটিউটের দৈনন্দিন আয় বা প্রাপ্তি হইতে দৈনন্দিন ব্যয় নির্বাহ করা যাইবে এবং দৈনন্দিন ব্যয় নির্বাহের নিমিত্ত কাউন্সিল কর্তৃক অনুমোদিত পরিমাণ নগদ অর্থ জমা রাখা যাইবে এবং উহার ব্যয় সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে;
- (গ) তহবিলের অর্থ কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে;
- (ঘ) ইনস্টিটিউটের চলতি দেনা বা অন্যান্য দেনা পরিশোধের বা মূলধনী খাতে ব্যয় করিবার নিমিত্ত কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, ব্যাংক বা সরকারের নিকট হইতে ধারা ২৪ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর বিধান অনুসারে প্রয়োজনীয় ঋণ গ্রহণ করা যাইবে;
- (ঙ) দফা (ঘ) তে বর্ণিত কোন ঋণ গ্রহণ করা হইলে উক্ত ঋণের অর্থ ব্যবহারের বিস্তারিত প্রতিবেদন সচিব কর্তৃক, ট্রেজারারের মাধ্যমে, কাউন্সিল সভায় উপস্থাপন করিতে হইবে; এবং
- (চ) কাউন্সিল ইনস্টিটিউটের বার্ষিক বাজেট অনুমোদন করিবে, প্রয়োজন মোতাবেক, উহা সংশোধন, হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে এবং উহা এক বা একাধিক খাতে বরাদ্দ প্রদান বা বাতিল করিতে পারিবে বা নূতন কোন খাতে বরাদ্দ প্রদান করিতে পারিবে।

৮। বাৎসরিক সাধারণ সভা।— (১) বাংলাদেশের যে কোন স্থানে, প্রতি খ্রিস্টাব্দ বৎসরে একবার, ইনস্টিটিউটের বাৎসরিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে।

(২) বাৎসরিক সাধারণ সভার আলোচ্যসূচী হইবে নিম্নরূপ, যথাঃ-

- (ক) কাউন্সিলের বাৎসরিক প্রতিবেদন বিবেচনা, পর্যালোচনা ও গ্রহণ,
- (খ) ইনস্টিটিউটের বাৎসরিক নিরীক্ষিত হিসাব প্রতিবেদন ও নিরীক্ষকের প্রতিবেদন বিবেচনা, পর্যালোচনা ও গ্রহণ,
- (গ) নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষকের ফি বা পারিশ্রমিক নির্ধারণ,
- (ঘ) আইন বা এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ যে কোন বিষয় কাউন্সিলের সুপারিশক্রমে পর্যালোচনা ও উহার উপর সিদ্ধান্ত গ্রহণ,
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, কাউন্সিলের সদস্যগণের নির্বাচন বা উপ-নির্বাচন।

(৩) কাউন্সিল বাৎসরিক সাধারণ সভার দিন, তারিখ, সময়, স্থান ও আলোচ্যসূচী নির্ধারণ করিবে।

(৪) সভা অনুষ্ঠানের অনূ্যন ১৪(চৌদ্দ) দিন পূর্বে ইনস্টিটিউটের প্রত্যেক সদস্য বরাবর সভার দিন, তারিখ, সময়, স্থান ও আলোচ্যসূচী উল্লেখপূর্বক সচিব কর্তৃক বাৎসরিক সাধারণ সভার নোটিশ প্রেরিত হইবে।

(৫) বাৎসরিক সাধারণ সভার নোটিশের সহিত ইনস্টিটিউটের প্রত্যেক সদস্য বরাবরে কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন, বার্ষিক হিসাব প্রতিবেদন ও নিরীক্ষা প্রতিবেদনসহ আলোচ্যসূচী সংশ্লিষ্ট সকল কাগজাদি প্রেরণ করিতে হইবে।

৯। সভার নোটিশ।—বাৎসরিক সাধারণ সভাসহ যেকোন সভার নোটিশ সংশ্লিষ্ট সদস্যের নিবন্ধিত ঠিকানায় সাধারণ ডাকে, বাহক মারফত, নিবন্ধিত ডাকে, কুরিয়ার সার্ভিসে, ফ্যাক্স বা ই-মেইলে প্রেরণ করা যাইবে।

[ব্যাখ্যা।—এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে ‘সদস্যের নিবন্ধিত ঠিকানা’ বলিতে সংশ্লিষ্ট সদস্য যদি প্র্যাকটিস করেন, তাহা হইলে তাঁহার প্র্যাকটিসের প্রধান স্থান, যদি চাকুরী করেন, তাহা হইলে তাঁহার কর্মস্থলের ঠিকানা এবং যদি প্র্যাকটিস ও চাকুরীর কোনটিই না করেন তাহা হইলে তাঁহার যে ঠিকানা তিনি সচিবকে যোগাযোগের জন্য সর্বশেষ প্রদান করিয়াছেন, তাহা বুঝাইবে।]

১০। নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষা পদ্ধতি।—(১) ধারা ২৫ এর উদ্দেশ্য পূরণকল্পে, ইনস্টিটিউটের প্রত্যেক হিসাব বৎসরের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষার জন্য, বাৎসরিক সাধারণ সভায় যুক্তিসঙ্গত ফি বা পারিশ্রমিক নির্ধারণপূর্বক কোন উপযুক্ত চার্টার্ড একাউন্টেন্টস ফার্মকে নিরীক্ষক হিসাবে নিয়োগ প্রদান করিতে হইবে।

(৩) একই চার্টার্ড একাউন্টেন্টস ফার্মকে একাধিক হিসাব বৎসরের জন্য নিরীক্ষক হিসাবে নিয়োগ প্রদান করা যাইবে এবং কোন নিরীক্ষক ফার্ম এর মেয়াদ সমাপ্ত হইবার পর, সংশ্লিষ্ট ফার্ম এর সম্মতি গ্রহণ সাপেক্ষে, তাহাকে পুনঃনিয়োগ করা যাইবে।

(৩) নিরীক্ষকের পদ সাময়িকভাবে শূণ্য হইলে সেই শূণ্য পদ কাউন্সিল কর্তৃক পূরণ করা যাইবে।

(৪) কাউন্সিল প্রত্যেক হিসাব বৎসর সমাপ্ত হইবার অনধিক ৩(তিন) মাসের মধ্যে সমাপ্ত হিসাব বৎসরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষককে নির্দেশ প্রদান করিবে এবং নিরীক্ষক উক্ত হিসাব নিরীক্ষা করিয়া কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবে।

(৫) কাউন্সিল নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির পর উহা নিরীক্ষিত হিসাবসহ বাৎসরিক সাধারণ সভায় উপস্থাপন করিবে এবং বাৎসরিক সাধারণ সভায় গৃহীত হইলে নিরীক্ষিত হিসাবসহ নিরীক্ষা প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করিবে।

(১১) সাধারণ সীল।— (১) ফেলো ও এসোসিয়েট সদস্যগণের সনদ, প্রাইভেট প্র্যাকটিসের সনদ ও চার্টার্ড সেক্রেটারী যোগ্যতার সনদ এবং কাউন্সিলের বিবেচনায় প্রয়োজনীয় বলিয়া গণ্য হয় এইরূপ সকল দলিলে ইনস্টিটিউটের সাধারণ সীল ব্যবহৃত হইবে।

(২) যে সনদ বা দলিলে সীল ব্যবহার করা হইবে সেই সনদ বা দলিল প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট এর যেকোন দুইজন এবং সচিব কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

(১২) ইনস্টিটিউটের বিভিন্ন সভায় উপস্থিতির জন্য প্রদেয় সম্মানী।— (১) ইনস্টিটিউটের বিভিন্ন সভায় উপস্থিতির জন্য কাউন্সিল সদস্য ও বিভিন্ন কমিটির সদস্যগণ নিম্নবর্ণিত হারে সম্মানী প্রাপ্ত হইবেন, যথাঃ

নং	সাভার ধরন	সম্মানীর পরিমাণ (টাকায়)
(১)	(২)	(৩)

(ক) কাউন্সিল সভা - সভা প্রতি ৩,০০০/- (তিন হাজার);

(খ) স্থায়ী কমিটির সভা - সভা প্রতি ২,০০০/- (দুই হাজার);

(গ) সাব-কমিটির সভা - সভা প্রতি ১,০০০/- (এক হাজার);

(২) কাউন্সিল, সময়ে সময়ে, উপ-প্রবিধান (১) এ উল্লিখিত সম্মানীর হার হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তৃতীয় অধ্যায়

সদস্যতা, প্রাইভেট প্র্যাকটিস, সনদ, শিক্ষা ও প্রশিক্ষণ, ইত্যাদি

১৩। সদস্য হইবার জন্য আবেদন ও সদস্য সনদ ইস্যুকরণ।— (১) সদস্য হইবার জন্য প্রবিধান ১৪ তে বর্ণিত ফর্মসহ 'ফর্ম-ক' অনুসারে সচিবের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সচিব উহা সদস্যতা ও নিবন্ধন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করতঃ উক্ত কমিটির সুপারিশসহ কাউন্সিলে উপস্থাপন করিবেন এবং কাউন্সিল উক্ত সুপারিশ বিবেচনা করিয়া যেকোন আবেদন মঞ্জুর বা না-মঞ্জুর করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন কোন আবেদন না-মঞ্জুর করা হইলে ধারা ১৭ এর উপ-ধারা (৩) এর অধীন বিষয়টি কাউন্সিলের পুনঃবিবেচনার জন্য উক্তরূপ না-মঞ্জুরের ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রেসিডেন্ট বরাবর আবেদন করা যাইবে।

(৪) উপ-প্রবিধান (৩) এর অধীন আবেদন প্রাপ্ত হইলে প্রেসিডেন্ট সংশ্লিষ্ট আবেদনের বিষয়ে অনধিক ১৫(পনের) দিনের মধ্যে মতামতসহ সুপারিশ প্রদানের জন্য আবেদনটি সদস্যতা ও নিবন্ধন কমিটির নিকট প্রেরণ করিবেন এবং উক্ত কমিটি উল্লিখিত সময়সীমার মধ্যে প্রেসিডেন্টের নিকট উহার মতামতসহ সুপারিশ প্রেরণ করিবে।

(৫) উপ-প্রবিধান (৪) এর অধীন সদস্যতা ও নিবন্ধন কমিটির মতামতসহ সুপারিশ প্রাপ্তির পর উহার উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য কাউন্সিলের সভায় উপস্থাপন করিবার লক্ষ্যে সচিব, প্রেসিডেন্টের সহিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সিদ্ধান্ত ধারা ১৭ এর উপ-ধারা (৩) এ নির্ধারিত ৪৫(পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কাউন্সিল কর্তৃক গৃহীত হইতে হইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর অধীন প্রদত্ত কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৭) কোন ব্যক্তির সদস্য হইবার আবেদন বা, ক্ষেত্রমত, পুনঃবিবেচনার আবেদন কাউন্সিল কর্তৃক মঞ্জুর করা হইলে সচিব তাঁহার নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত করিবেন এবং তাঁহার অনুকূলে ‘ফরম-খ’ তে চার্টার্ড সেক্রেটারী সনদ ইস্যু করিবেন।

১৪। সদস্যদের প্রদেয় ফি।— ১) ইনস্টিটিউটের সদস্যদের প্রদেয় বিভিন্ন ফি হইবে নিম্নরূপ, যথাঃ

নং	ফি এর ধরণ	ফি এর পরিমাণ (টাকায়)
(১)	(২)	(৩)
(ক)	ফেলো সদস্য হিসাবে অন্তর্ভুক্তির ফিস	- ১৪,০০০/- (চৌদ্দ হাজার);
(খ)	এসোসিয়েট সদস্য হিসাবে অন্তর্ভুক্তির ফিস	- ১০,০০০/- (দশ হাজার);
(গ)	ফেলো সদস্যের বাৎসরিক সদস্য-ফিস	- ৭,০০০/- (সাত হাজার);
(ঘ)	এসোসিয়েট সদস্যের বাৎসরিক সদস্য-ফিস	- ৫,০০০/- (পাঁচ হাজার);
(ঙ)	প্রাইভেট প্র্যাকটিস সনদপত্রের ফিস	- ৫০,০০০/- (পঞ্চাশ হাজার);
(চ)	বাৎসরিক প্রাইভেট প্র্যাকটিস ফিস	- ২৫,০০০/- (পঁচিশ হাজার);

(৩) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ১২(১১), ১৪(৪), ১৭(১), ১৮(৫), ১৯(২) এবং ১৯(৬) এর উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল, সময়ে সময়ে, উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত ফিস এর হার হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনঃনির্ধারণ করিতে বা নূতন ফিস নির্ধারণ করিতে পারিবে।

(৩) সদস্য হিসাবে অন্তর্ভুক্তির সময় উক্তরূপ অন্তর্ভুক্তির ফি এর সহিত প্রথম বৎসরের বাৎসরিক সদস্য-ফি এবং প্রাইভেট প্র্যাকটিসের সনদ গ্রহণের সময় উক্তরূপ সনদপত্রের ফি এর সহিত প্রথম বৎসরের প্রাইভেট প্র্যাকটিস ফি পরিশোধ করিতে হইবে।

(৪) প্রতি বৎসর জানুয়ারি মাসের ৩১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সদস্য কর্তৃক সকল বাৎসরিক ফিস প্রদান করিতে হইবে।

(৫) কোন সদস্য তাঁহার প্রদেয় বাৎসরিক ফিস জানুয়ারি মাসের ৩১ তারিখের মধ্যে পরিশোধ করিতে ব্যর্থ হইলে তাঁহাকে প্রতি মাসের বা তাহার অংশের জন্য ৫০০/- (পাঁচ শত) টাকা হারে জরিমানা প্রদান করিতে হইবে।

(৬) কোন সদস্য পর পর ৩ (তিন) বৎসর বাৎসরিক ফিস প্রদান করিতে ব্যর্থ হইলে তাঁহার সদস্য পদ বা সনদ বা, প্রযোজ্য ক্ষেত্রে, উভয়টি বাতিল করা হইবে।

১৫। প্রাইভেট প্র্যাকটিস সনদের জন্য আবেদন ও প্রাইভেট প্র্যাকটিস সনদ ইস্যুকরণ।—(১) প্রাইভেট প্র্যাকটিস করিতে আগ্রহী ফেলো সদস্যকে প্রবিধান ১৪ এর উপ-প্রবিধান (১) এর দফা (ঙ) তে বর্ণিত ফি'সহ 'ফরম-গ' অনুসারে সচিবের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সচিব অনধিক ৩০(ত্রিশ) দিনের মধ্যে এতদুদ্দেশ্যে গঠিত প্রাইভেট প্র্যাকটিস সাব-কমিটির মাধ্যমে পরীক্ষা করতঃ নির্বাহী কমিটির সুপারিশসহ বিষয়টি কাউন্সিলের অব্যবহিত পরবর্তী সভায় উপস্থাপন করিবেন এবং কাউন্সিল উক্ত সুপারিশ বিবেচনা করিয়া যেকোন আবেদন মঞ্জুর বা না-মঞ্জুর করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন কোন আবেদন না-মঞ্জুর করা হইলে উক্ত না-মঞ্জুর আদেশ দ্বারা কোন সদস্য সংস্কৃত হইলে সংশ্লিষ্ট সদস্য ধারা ১৯ এর উপ-ধারা (৪) এর বিধান অনুযায়ী আদেশ জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা কাউন্সিলের পুনঃবিবেচনার জন্য প্রেসিডেন্ট বরাবর আবেদন করিতে পারিবেন।

(৪) প্রেসিডেন্ট উপ-প্রবিধান (৩) এর অধীন উক্তরূপ আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত যৌক্তিকতা, সঠিকতা এবং তথ্যাদি যাচাই-বাছাই করিয়া অনধিক ১৫(পনের) দিনের মধ্যে কাউন্সিল বরাবরে সুপারিশসহ প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট নির্বাহী কমিটির নিকট প্রেরণ করিবেন এবং উক্ত কমিটি উল্লিখিত সময়সীমার মধ্যে উহার সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করিবে।

(৫) উপ-প্রবিধান (৪) অনুসারে নির্বাহী কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর উহার উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য কাউন্সিলের সভায় উপস্থাপন করিবার লক্ষ্যে সচিব, প্রেসিডেন্টের সহিত আলোচনাক্রমে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সিদ্ধান্ত ধারা ১৯ এর উপ-ধারা (৪) এ নির্ধারিত ৪৫(পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কাউন্সিল কর্তৃক গৃহীত হইতে হইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর অধীন প্রদত্ত কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হইবে।

(৭) ইনস্টিটিউটের ফেলো সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক কৃত প্রাইভেট প্র্যাকটিস সনদ প্রাপ্তির আবেদন মঞ্জুরের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

(৮) কোন আত্মহী সদস্যের আবেদন বা, ক্ষেত্রমত, পুনঃবিবেনার আবেদন কাউন্সিল কর্তৃক মঞ্জুর করা হইলে সচিব, কাউন্সিলের পক্ষে, ধারা ১৯ এর উপ-ধারা (৫) এর বিধান অনুসারে, সংশ্লিষ্ট সদস্যের অনুকূলে ‘ফরম-ঘ’ তে প্রাইভেট প্র্যাকটিস সনদ ইস্যু করিবেন।

(৯) বাৎসরিক ফিস প্রদান সাপেক্ষে প্রাইভেট প্র্যাকটিস সনদ নবায়নযোগ্য হইবে এবং এইরূপ কোন প্রাইভেট প্র্যাকটিস সনদ নবায়ন করা হইলে সংশ্লিষ্ট সদস্যের অনুকূলে ‘ফরম-ঙ’ তে প্রাইভেট প্র্যাকটিস নবায়ন সনদ পত্র ইস্যু করা হইবে।

১৬। প্রাইভেট প্র্যাকটিস।—(১) ধারা ১৯ এর উপ-ধারা (৮) এর দফা (চ) এর উদ্দেশ্য পূরণকল্পে উক্ত উপ-ধারার দফা (ক)-(ঙ) তে বর্ণিত সেবাসমূহ ছাড়াও কোন কোম্পানীর পক্ষে নিম্নোক্ত সেবাসমূহ প্রাইভেট প্র্যাকটিসের আওতাভুক্ত হইবে, যথাঃ

- (ক) কোন সরকারি, আধা-সরকারি স্বায়ত্বশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা বা কর্তৃপক্ষের নিকট প্রতিনিধি করা;
- (খ) বাণিজ্যিক বা শিল্প সম্পর্কীয় বা শ্রমিক সম্পর্কীয় বিবাদ নিষ্পত্তির নিমিত্ত প্রয়োজনীয় আরবিট্রেশন, নেগোশিয়েশন ও কনসিলিয়েশন সংশ্লিষ্ট সেবা প্রদান করা;
- (গ) বিভিন্ন কোয়াসি-জুডিশিয়াল বডি ও আরবিট্রেশন ট্রাইবুনালে কনসিলিয়েশন সেবা প্রদান করা;
- (ঘ) ইনটেলেকচুয়্যাল প্রপার্টি রাইট সংরক্ষণ, ব্যবস্থাপনা, মূল্যায়ন ও নিরীক্ষা সম্পর্কিত সেবা প্রদান করা;
- (ঙ) কর্পোরেট হিসাব রক্ষণ তদারককরণ ও আর্থিক প্রতিবেদন একত্রীকরণ (Compilation) এবং সংবিধিবদ্ধ হিসাব প্রতিবেদন প্রমাণীকরণ (Authentication), অডিট কমিটির সচিব হিসেবে দায়িত্ব পালন, কার্যকরী মূলধন ও তারল্য ব্যবস্থাপনা (Working Capital & Liquidity Management), উপযুক্ত মূলধন কাঠামো নির্ধারণ, প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়ন, বিনিয়োগ প্রস্তাব বিশ্লেষণ, ফিজিবিলিটি স্টাডি সম্পাদন, বাজেটীয় নিয়ন্ত্রণ, ইত্যাদি সেবা প্রদান করা;
- (চ) বিভিন্ন কোম্পানী বা সংস্থাকে আয়কর আইন এবং কাস্টমস্, এক্সাইজ ও মূল্য সংযোজন কর সম্পর্কিত আইনের আওতায় কর ব্যবস্থাপনা ও কর পরিকল্পনা সম্পর্কিত সেবা প্রদান করা, উক্ত আইনের আওতায় বিভিন্ন রিটার্ন প্রস্তুতকরণ, পরীক্ষাকরণ ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিলকরণ এবং উপযুক্ত কর্তৃপক্ষের সম্মুখে উপস্থিত হইয়া সংশ্লিষ্ট কোম্পানী বা সংস্থার প্রতিনিধিত্ব সেবা প্রদান করা;
- (ছ) বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য বা ব্যবসায় সংস্থার সহিত যোগাযোগ রক্ষা করা ও আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত বিষয়ে উপদেষ্টামূলক সেবা প্রদান করা;
- (জ) বিভিন্ন কোম্পানী বা সংস্থাকে স্ট্যাটেজিক ব্যবস্থাপনা, জনসংযোগ, মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন, শ্রম ও শিল্প সম্পর্কিত আইন প্রতিপালন ব্যবস্থাপনা ক্ষেত্রে কম্পিউটার ও তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কিত যাবতীয় বা যেকোন প্রকার উপদেষ্টামূলক সেবা প্রদান করা; এবং

খ. কোন কোম্পানীতে নিরপেক্ষ পরিচালক (Independent Director) হিসাবে নিয়োজিত হইয়া দায়িত্ব পালন কর

(২) যে কোন সদস্য বা নিবন্ধিত ছাত্র যেকোন প্র্যাকটিসিং সদস্যের অধীনে শিক্ষানবিস হিসাবে থাকিতে পারিবেন এবং যেকোন নিবন্ধিত ছাত্র চার্টার্ড সেক্রেটারী কোর্সের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইবার পর প্রযোজ্য বা আবশ্যিকীয় (Internship) প্রশিক্ষণ যেকোন প্র্যাকটিসিং সদস্যের অধীনে গ্রহণ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষানবিস বা প্রশিক্ষণার্থী সদস্য বা নিবন্ধিত ছাত্র প্র্যাকটিসিং চার্টার্ড সেক্রেটারী হিসাবে নিজ নাম ব্যবহার করিতে পারিবেন না।

(৩) শিক্ষানবিস বা প্রশিক্ষণার্থী সদস্য বা নিবন্ধিত ছাত্রদের ন্যূনতম সম্মানীর হার কাউন্সিল কর্তৃক, সময় সময়, নির্ধারিত হইবে।

(৪) কাউন্সিল, সময়ে সময়ে, প্রাইভেট প্র্যাকটিসিংসের আওতা সম্প্রসারণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১৭। সদস্যদের তালিকা প্রকাশ।— (১) ধারা ১৮ উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে ইনস্টিটিউটের ফেলো সদস্য ও এসোসিয়েট সদস্য এবং প্র্যাকটিসিং সদস্যগণের তালিকা তাঁহাদের ছবি, যোগাযোগের ঠিকানা, ফোন ও মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানাসহ সদস্যতা নম্বরের ক্রমানুসারে প্রতি বৎসর জানুয়ারি মাসের এক তারিখে বা তৎপূর্বে প্রকাশ করা হইবে।

(২) কোন সদস্য কর্তৃক তাঁহার ছবি, যোগাযোগের ঠিকানা, ফোন ও মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা ইত্যাদির যে কোনটি ইনস্টিটিউটের সচিবের নিকট যথাসময়ে সরবরাহ করা না হইলে তাহা প্রকাশ করিবার বিষয়ে ইনস্টিটিউট, কাউন্সিল বা সচিবকে দায়ী করা যাইবে না।

১৮। ছাত্র, পরীক্ষার্থী ও প্রশিক্ষণার্থী।— (১) ধারা ১২ তে প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল, সময়ে সময়ে,—

(ক) চার্টার্ড সেক্রেটারী কোর্সের জন্য ছাত্র ভর্তি, ছাত্রদের রেজিস্ট্রেশন, শিক্ষা প্রদান ও পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নীতিমালা ও পাঠক্রম প্রণয়ন এবং ছাত্রদের প্রদেয় রেজিস্ট্রেশন ফিস, বিষয় ভিত্তিক কোচিং ফিস, পরীক্ষা ফিস ও প্রযোজ্যমত অব্যাহতি (Exemption) ফিস নির্ধারণ করিবে এবং এই সকল বিষয় স্টুডেন্টস হ্যান্ডবুকে প্রকাশ করিবে।

(খ) ধারা ১৫ এর উপ-ধারা (১) এর দফা (খ) বা (গ) এর শর্ত মোতাবেক নিবন্ধিত ছাত্রদের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইবার পর প্রযোজ্য বা আবশ্যিকীয় প্রশিক্ষণ (Internship) সংক্রান্ত নীতিমালা ও ফিস নির্ধারণ করিবে; এবং

(গ) বিভিন্ন পেশাগত বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী, প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় নীতিমালা ও প্রশিক্ষণ প্রার্থীদের প্রদেয় ফিস নির্ধারণ করিবে।

(২) কাউন্সিল, সময়ে সময়ে, উপ-প্রবিধান (১) এ বর্ণিত উল্লিখিত ফিস হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনঃনির্ধারণ করিতে নূতন ফিস নির্ধারণ করিতে পারিবে।

১৯। ছাত্র হিসেবে নিবন্ধনের জন্য আবেদন।— (১) ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নিবন্ধিত হওয়ার জন্য প্রবিধান ১৮ এর অধীন নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে 'ফরম-৮' অনুসারে সচিব বরাবরে আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাই করিয়া এবং নিবন্ধনের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সচিব নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করিবে।

২০। ছাত্র হিসাবে নিবন্ধনের যোগ্যতা।—ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নিবন্ধন লাভের জন্য আবেদনকারীকে প্রবিধান ১৮ এর অধীন নির্ধারিত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন হইতে হইবে।

২১। পরীক্ষা, পরীক্ষায় কৃতকার্যতার সনদপত্র, ইত্যাদি।—(১) ইনস্টিটিউটের নিবন্ধিত ছাত্রদের পরীক্ষা, পরীক্ষার পদ্ধতি এবং এতদসংক্রান্ত বিষয়াদি কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রকে 'ফরম-ছ' অনুসারে সনদপত্র প্রদান করা হইবে।

চতুর্থ অধ্যায় কাউন্সিলের সাধারণ নির্বাচন ও উপ-নির্বাচন, ইত্যাদি

২২। নির্বাচন কমিশন গঠন।—(১) কাউন্সিলের সাধারণ নির্বাচন পরিচালনার নিমিত্ত কাউন্সিল ইনস্টিটিউটের জ্যেষ্ঠ ফেলো সদস্যগণের মধ্য হইতে একজনকে চেয়ারম্যান এবং অপর দুইজন ফেলো সদস্যকে সদস্য হিসাবে নিয়োগ করিয়া একটি নির্বাচন কমিশন গঠন করিবে।

(২) কমিশনের চেয়ারম্যান ও সদস্যদ্বয় কাউন্সিলের নির্বাচনে প্রার্থী হইতে বা কোন প্রার্থীকে মনোনয়ন প্রদান বা সমর্থন করিতে পারিবেন না, তবে কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের ভোটের হিসাবে ভোট প্রদান করিবার অধিকার থাকিবে।

(৩) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুন না কেন, ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুসারে কাউন্সিল সদস্যের এক বা একাধিক পদ শূন্য হইলে উক্ত শূন্য পদ বা পদসমূহ উপ-নির্বাচনের মাধ্যমে পূরণের জন্য ধারা ৯ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণার্থে কাউন্সিল উক্ত পদ বা পদসমূহ শূন্য ঘোষিত হইবার অনধিক ৩০(ত্রিশ) দিনের মধ্যে উপ-প্রবিধান (১) এর বিধান অনুসরণে একটি নির্বাচন কমিশন গঠন করিবে।

২৩। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ।—কাউন্সিল এর নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে কমিশন ইনস্টিটিউটের ফেলো সদস্যগণের মধ্য হইতে একজনকে রিটার্নিং অফিসার এবং ইনস্টিটিউটের সচিব, অন্য কোন কর্মকর্তা বা ইনস্টিটিউটের সদস্য নহেন এমন একজনকে সহকারী রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ প্রদান করিবে।

২৪। নির্বাচনের দিন, তারিখ ও তফসিল।—(১) সংশ্লিষ্ট বৎসরের সাধারণ সভার দিনে কাউন্সিলের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) প্রবিধান ২২ এর উপ-প্রবিধান (৩) অনুসারে গঠিত কমিশন এই প্রবিধানমালার বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক একটি তারিখ ঘোষণাক্রমে সংশ্লিষ্ট উপ-নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করিবে;

তবে শর্ত থাকে যে, নির্বাচন অনুষ্ঠানের সকল আনুষ্ঠানিকতা পদ শূন্য ঘোষণার বা, ক্ষেত্রমত, আইনের বিধান অনুসারে ঘোষিত হইবার তারিখ হইতে ৯০(নব্বই) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(৩) নির্বাচন কমিশন মনোনয়নপত্র দাখিল, মনোনয়নপত্র বাছাই, মনোনয়নপত্র প্রত্যাহার এবং ভোট গ্রহণের দিন, তারিখ ও সময়সূচী উল্লেখপূর্বক একটি নির্বাচনী তফসীল ঘোষণা করিবে।

২৫। সদস্যগণের ভোট প্রদানের যোগ্যতা।—ইনস্টিটিউটের কোন সদস্য নাম কাউন্সিল নির্বাচনের ৯০(নব্বই) দিন পূর্বে রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকিলে তিনি নির্বাচনে ভোট প্রদানের অধিকারী হইবেন এবং তাঁহার নাম সংশ্লিষ্ট নির্বাচনের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হইবে;

তবে শর্ত থাকে যে, কোন সদস্যের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইবে না যদি—

- (ক) ধারা ১৮ এর উপ-ধারা (৫) এর অধীন তাঁহার নির্ধারিত বাৎসরিক ফি অপরিশোধিত থাকে; বা
- (খ) নির্বাচনে পূর্বে কোন কারণবশতঃ তাঁহার নাম রেজিস্টার হইতে বাদ দেওয়া হয়।

২৬। নির্বাচন পদ্ধতি।—(১) নির্বাচনের তারিখ ঘোষিত হইলে কমিশন নোটিশ দ্বারা সদস্যগণকে উক্ত তারিখ সম্পর্কে অবহিত করিবে এবং নির্বাচনের অন্যান্য ৬০(ষাট) দিন পূর্বে শূন্য পদ ও যোগ্য ভোটারদের তালিকা সদস্যগণের নিকট প্রেরণ করিবে।

(২) কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী নির্বাচনে আগ্রহী প্রার্থীগণকে ‘ফরম-জ’ তে মনোনয়ন প্রদান করিয়া নির্বাচন কমিশনের নিকট দাখিল করিতে হইবে।

(৩) একজন সদস্য কোন প্রার্থীর নাম প্রস্তাব করিবেন, অপর দুইজন সদস্য উহা সমর্থন করিবেন এবং প্রার্থী নিজে লিখিতভাবে এই মর্মে ঘোষণা প্রদান করিবেন যে, তিনি প্রার্থী হইতে ইচ্ছুক এবং নির্বাচিত হইলে ইনস্টিটিউটের স্বার্থ সংরক্ষণ ও মর্যাদা রক্ষা এবং সকল দায়-দায়িত্ব পালনসহ ইনস্টিটিউটকে নিয়মানুযায়ী সেবা প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, প্রস্তাবক ও সমর্থনকারীকে সংশ্লিষ্ট নির্বাচনে ভোটার হইতে হইবে।

(৪) মনোনয়ন পত্রের বা ফরমের মূল্য হইবে ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরৎযোগ্য), তবে কাউন্সিল, সময়ে সময়ে, উক্ত ফরমের মূল্য হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনঃনির্ধারণ করিতে পারিবে।

২৭। মনোনীত প্রার্থীগণের তালিকা প্রকাশ।—মনোনয়নপত্র জমাদানের শেষ দিন অতিবাহিত হইবার পর তফসিল অনুযায়ী মনোনীত প্রার্থীগণের নাম, বিবরণ, প্রস্তাবক ও সমর্থনকারীগণের নাম এবং অন্যান্য তথ্যাদি সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোন নির্দিষ্ট স্থানে নোটিশ বোর্ডে স্থাপন করিতে হইবে।

২৮। মনোনয়নপত্র পরীক্ষণ ও বাছাই।----(১) রিটার্নিং অফিসার তফসিলে উল্লিখিত দিন ও সময়ে সদস্যগণের উপস্থিতিতে, যদি কেহ থাকেন, সকল মনোনয়নপত্র পরীক্ষা ও বাছাই করিবেন এবং কোন সদস্যের কোন মনোনয়নে আপত্তি উত্থাপিত হইলে তাহার সিদ্ধান্ত প্রদান করিবেন।

(২) প্রার্থীগণ, তাঁহাদের প্রস্তাবক ও সমর্থনকারীগণ এবং অন্য কোন সদস্য, প্রতি প্রার্থীর বিপরীতে দুইয়ের অধিক নহে, মনোনয়নপত্র বাছাই ও পরীক্ষা পর্বে উপস্থিত থাকিতে পারিবেন এবং রিটার্নিং অফিসার মনোনয়নপত্র বাছাই ও পরীক্ষণকালে যুক্তিসঙ্গত অভিযোগ উত্থাপন ও অভিযোগের ব্যাখ্যা দানের সুযোগ প্রদান করিবেন।

(৩) রিটার্নিং অফিসার স্বতঃপ্রণোদিত হইয়া বা কোন অভিযোগের ভিত্তিতে উপযুক্ত তদন্ত শেষে যে কোন মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন, যদি তিনি নিশ্চিত হন যে-

- (ক) প্রার্থীর কাউন্সিল নির্বাচনের যোগ্যতা নাই;
- (খ) প্রস্তাবক এবং সমর্থনকারী ভোটার নহেন;
- (গ) প্রার্থী কর্তৃক আইন বা এই প্রবিধানমালার কোন বিধান লঙ্ঘিত হইয়াছে; বা
- (ঘ) কোন প্রস্তাবক বা সমর্থকারীর স্বাক্ষর সঠিক নহে অথবা বলপূর্বক বা প্রতারণাপূর্বক তাহা আদায় করা হইয়াছে;

তবে শর্ত থাকে যে,

- (অ) রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র এমন কোন ত্রুটির কারণে বাতিল করিবেন না, যাহা মারাত্মক নহে এবং সঙ্গে সঙ্গে সংশোধন করা যায়; এবং
- (আ) রিটার্নিং অফিসার ভোটার তালিকায় কোন নামের শুদ্ধতা বা সঠিকতা যাচাই করিবেন না।

(৪) রিটার্নিং অফিসার প্রত্যেক মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল করিয়া স্বাক্ষর প্রদান করিবেন এবং বাতিলের ক্ষেত্রে কারণ উল্লেখ পূর্বক সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিবেন।

(৫) কোন প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল করা হইলে এইরূপ বাতিলের ৩(তিন) দিনের মধ্যে কমিশনের নিকট আপীল করা যাইবে এবং এতদ্বিষয়ে কমিশনের আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৯। বাছাইকৃত প্রার্থীগণের তালিকা প্রকাশ।-----প্রবিধান ২৮ অনুযায়ী প্রার্থী বাছাই শেষে কমিশন তফসিল অনুযায়ী যোগ্য মনোনীত প্রার্থীগণের নাম, সদস্য নম্বর ও ঠিকানা সহ পূর্ণ তালিকা নির্বাচনের জন্য প্রস্তুত ও প্রকাশ করিবে।

৩০। প্রার্থিতা প্রত্যাহার।----- (১) কোন প্রার্থীর মনোনয়নপত্র সঠিক বলিয়া গৃহীত হওয়ার পর তফসিলে উল্লিখিত সময়ের মধ্যে কমিশনের বরাবর লিখিত ও স্বয়ং স্বাক্ষরিত নোটিশের মাধ্যমে প্রার্থিতা প্রত্যাহার করা যাইবে।

- (২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত নোটিশ কোনক্রমেই প্রত্যাহার করা যাইবে না।

৩১। প্রতিদ্বন্দ্বিতাবিহীন নির্বাচন।----- (১) কোন নির্বাচনে বা উপ-নির্বাচনে যোগ্য প্রার্থীর সংখ্যা নির্বাচিত প্রার্থীর সংখ্যার সমান বা কম হইলে রিটার্নিং অফিসার এতদ্বিষয়ে একটি বিবরণী প্রস্তুতপূর্বক কমিশন সমীপে উপস্থাপন করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন রিটার্নিং অফিসারের নিকট হইতে বিবরণী প্রাপ্তির পর কমিশন, নির্বাচন অনুষ্ঠান ব্যতিরেকে, উপস্থাপিত বিবরণী অনুসারে যোগ্য প্রার্থী বা প্রার্থীগণকে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবে।

৩২। প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের তালিকা প্রকাশ।-----কোন নির্বাচনে বা উপ-নির্বাচনে যোগ্য প্রার্থীর সংখ্যা নির্বাচিতব্য প্রার্থীর সংখ্যা অপেক্ষা অধিক হইলে কমিশন প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের চূড়ান্ত তালিকা প্রস্তুত করিয়া উহা তফসিলে উল্লিখিত দিনে প্রকাশ করিবে।

৩৩। নির্বাচনের পূর্বে কোন সদস্যের মৃত্যু হইলে বা সদস্যপদ রহিত ইলে।-----মনোনয়নপত্র গৃহীত হওয়ার পর নির্বাচন অনুষ্ঠানের পূর্বে যদি কোন প্রার্থী মৃত্যুবরণ করেন বা কোন কারণে কোন প্রার্থীল সদস্যপদ রহিত বা বাতিল হয়, সেইক্ষেত্রে কেবল অবশিষ্ট প্রার্থীগণের প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন অনুষ্ঠিত হইবে।

৩৪। ভোটের পদ্ধতি।----- (১) নিম্নবর্ণিত পদ্ধতি অনুযায়ী ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে, যথাঃ---

(ক) কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত ভোটকেন্দ্রে সদস্যগণ সশরীর উপস্থিত হইয়া গোপন ব্যালটের মাধ্যমে ভোট প্রদান করিবেন।

(খ) নির্বাচনী তফসিল ঘোষণার পূর্বে দেশের বাহিরে অবস্থানকারী সদস্যগণের জন্য কমিশন কর্তৃক মর্তাবলী ও নিয়মাবলী নির্ধারণ করা হইলে তাঁহারা গোপন ডাক ব্যালটের মাধ্যমে বা অন-লাইনে ভোট প্রদান করিতে পারিবেন।

(২) প্রত্যেক ভোট কেন্দ্রের সহজে দৃশ্যমান হয় এইরূপ কোন স্থানে ভোট প্রদানের সাধারণ নিয়মাবলী ও পদ্ধতি প্রদর্শিত থাকিবে।

৩৫। ব্যালট পেপার।----- (১) নির্বাচন কমিশন ব্যালট পেপারের ফরম নির্ধারণ করিবে।

(২) ব্যালট পেপারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম সদস্যক্রম অনুযায়ী স্ট্যাম্প সাইজ ফটোসহ মুদ্রিত হইবে এবং প্রতিদ্বন্দ্বী প্রত্যেক প্রার্থীর নামের পার্শ্বে ভোট প্রদানের নিমিত্ত একটি বর্গাকার খালি জায়গা থাকিবে।

(৩) প্রত্যেক ব্যালট পেপারে নির্বাচন কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের স্বাক্ষর ও কমিশনের সীল থাকিবে।

৩৬। ভোট গণনা।----- (১) ভোট গ্রহণের সময়সীমা উত্তীর্ণ হইবার পর কমিশন,-----

(ক) ব্যালট বাক্স বা বাক্সসমূহ খুলিবে এবং ব্যালট পেপার গণনা আরম্ভ করিবে; এবং

(খ) একটি বিবরণী প্রস্তুত করিবে যাহাতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বীর প্রাপ্ত সঠিক ভোটের সংখ্যা ও বাতিলকৃত ভোটের সংখ্যা উল্লেখ থাকিবে।

(২) কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ এবং রিটার্নিং অফিসার উপ-প্রবিধান (১) এর দফা (খ) অনুসারে প্রস্তুতকৃত বিবরণীতে স্বাক্ষর প্রদান করিবেন।

৩৭। নির্বাচনী ফলাফল সম্পর্কিত সিদ্ধান্ত ও ঘোষণা।-----নির্বাচন কমিশন কাউন্সিলে যতগুলি সদস্য পদ শূন্য থাকিবে ততজন প্রার্থীকে প্রাপ্ত ভোট সংখ্যার ভিত্তিতে নির্বাচিত ঘোষণা করিবে এবং দুই বা ততোধিক প্রার্থী সম সংখ্যক ভোট প্রাপ্ত হইলে লটারির ভিত্তিতে নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা করিবে।

৩৮। নির্বাচনী ফলাফলের নোটিশ প্রদান।----নির্বাচনের অনধিক ৭(সাত) দিনের মধ্যে সচিব প্রবিধান ৩৭ অনুসারে ঘোষিত নির্বাচিত প্রার্থীগণের তালিকা অফিসিয়াল নোটিশ আকারে ইনস্টিটিউটের সদস্যগণের বরাবর করিবেন এবং নোটিশ বোর্ডে প্রদর্শন করিবেন।

৩৯। নির্বাচন সম্পর্কিত শৃঙ্খলা।----- (১) কোন প্রার্থীর নিম্নবর্ণিত এক বা একাধিক কার্য নির্বাচনী শৃঙ্খলা ভঙ্গ বলিয়া গণ্য হইবে, যথা-----

(ক) নির্বাচন প্রভাবিত করিবার উদ্দেশ্যে কোন সদস্যকে-----

(অ) ঘুষ প্রদান করা বা দান করা বা দান করার প্রস্তাব করা বা প্রতিজ্ঞা করা;

(আ) প্রার্থী হওয়া বা প্রার্থী না হওয়া বা প্রার্থিতা প্রত্যাহার করার প্রস্তাব করা;

(ই) ভোট প্রদান বা ভোট প্রদানে বিরত থাকার প্রস্তাব করা; বা

(ঈ) মেনিফেস্টো জাতীয় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া বা দল গঠন করতঃ ভোটারগণকে আনন্দ প্রদান করা।

(খ) নির্বাচনী অধিকার রক্ষার নামে অনুচিত প্রভাব বিস্তার করা;

[ব্যাখ্যাঃ-----অনুচিত প্রভাব অর্থ কোন প্রার্থীর পক্ষে বা বিপক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষ হস্তক্ষেপ করা বা করিবার প্রচেষ্টা; তবে পলিসি ঘোষণা বা আইনগত অধিকারের নামে হস্তক্ষেপ করিবার ইচ্ছা ব্যতীত কোন কাজের প্রতিজ্ঞা করা হস্তক্ষেপ হিসাবে গণ্য হইবে না।]

(গ) নির্বাচনে কোন প্রার্থীর ফলাফল বা ভাবমূর্তি বিনষ্ট করিবার উদ্দেশ্যে কোন মিথ্যা বিবৃতি প্রচার করা অথবা সত্য নহে ও মিথ্যা জানিয়াও কোন প্রার্থীর ব্যক্তিগত চরিত্র হনন বা প্রার্থিতা প্রত্যাহার সম্পর্কে মিথ্যা বিবৃতি প্রচার করা;

(ঘ) প্রার্থী স্বয়ং বা কোন প্রার্থীর যোগসাজসে কোন প্রার্থীর পক্ষে ভোট পাইতে বা ভোট সংগ্রহ করিতে অথবা নির্বাচনে কোন প্রার্থীর বিজয় নিশ্চিত করিতে পদক্ষেপ গ্রহণ করা;

- (ঙ) পুরস্কার হিসাবে কিছু গ্রহণ করা বা পাওয়ার নিমিত্ত নিম্নবর্ণিত যেকোন বিষয়ে অঙ্গীকার করা---
- (অ) নির্বাচনে প্রার্থী হওয়া বা প্রার্থী না হওয়া বা প্রার্থিতা প্রত্যাহার করা; বা
- (আ) কোন ভোটারকে ভোট প্রদান করিতে, ভোট দানে বিরত থাকিতে বা কোন প্রার্থীর প্রার্থিতা প্রত্যাহার করিতে প্ররোচিত করা বা প্ররোচনার প্রচেষ্টা চালানো; এবং
- (চ) এই অধ্যায়ের কোন বিধি পালন করিতে গিয়া অন্য কোন বিধি লঙ্ঘন বা অপব্যবহার করা বা মিথ্যা জানিয়া বা সত্য নয় জানিয়াও মিথ্যা বিবৃতি প্রদান করা।
- (২) উপ-প্রবিধান (১) এ বর্ণিত যেকোন কাজ নির্বাচনের কোন প্রার্থী বা কোন সদস্য বা সদস্য নহে এমন কোন ব্যক্তি কর্তৃক স্বয়ং বা কোন প্রার্থীর যোগসাজসে করা হইলে কাউন্সিল সেই সদস্যের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

পঞ্চম অধ্যায়

স্থায়ী কমিটি ও সাব-কমিটি গঠন ও পরিচালনা

৪০। স্থায়ী কমিটি গঠন।----- (১) ধারা ১৩ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল নিম্নবর্ণিত স্থায়ী কমিটিসমূহ গঠন করিতে পারিবে, যথাঃ-----

- (ক) নির্বাহী কমিটি (Executive Committee);
- (খ) সদস্যতা ও নিবন্ধন কমিটি (Membership & Registration Committee);
- (গ) শিক্ষা কমিটি (Education Committee);
- (ঘ) পরীক্ষা কমিটি (Exam committee);
- (ঙ) গবেষণা ও উন্নয়ন কমিটি (Research & Development ommittee);
- (চ) শৃঙ্খলা রক্ষা কমিটি (Disciplinary Committee);
- (ছ) অডিট কমিটি (Audit Committee); এবং
- (জ) প্রয়োজনীয় অন্য কোন স্থায়ী কমিটি।

(২) কাউন্সিলের নির্বাচিত ও মনোনিত সদস্যগণের মধ্য হইতে অনূন ৩(তিন) এবং অনধিক ৬(ছয়) জন সদস্য সমন্বয়ে প্রতিটি স্থায়ী কমিটি গঠিত হইবে এবং নির্বাহী কমিটি ব্যতীত অন্যান্য প্রতিটি স্থায়ী কমিটির চেয়ারম্যান কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে:

তবে শর্ত যে, প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট ও ট্রেজারার অডিট কমিটির চেয়ারম্যান বা সদস্য হইতে পারিবেন না।

(৩) প্রেসিডেন্ট নির্বাহী কমিটির চেয়ারম্যান হইবেন।

(৪) সচিব প্রতিটি স্থায়ী কমিটিতে সচিবের দায়িত্ব পালন করিবেন।

৪১। সাব-কমিটি গঠন।----- (১) ধারা ১৩ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল উহার স্থায়ী কমিটিসমূহের অধীনে নিম্নরূপ সাব-কমিটি গঠন করিতে পারিবে, যথাঃ-----

(ক) নির্বাহী কমিটির অধীনে-----

(অ) চার্টার্ড সেক্রেটারীজ রেগুলেশন্স সাব-কমিটি (Chartered Secretaries Regulations Sub-Committee);

(আ) জার্নাল ও পাবলিকেশন্স সাব-কমিটি (Journal & Publication Sub-Committee);

(ই) আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক সাব-কমিটি (Internaitonal Relations Sub-Committee); ও

(ঈ) সেক্রেটারীয়াল প্র্যাকটিস সাব-কমিটি (Secretarial Practice Sub-Committee);

(খ) শিক্ষা কমিটির অধীন-----

(অ) পেশাগত উন্নয়ন সাব-কমিটি (Profesional Development Sub-Committee);

(আ) সেমিনার ও কনফারেন্স সাব-কমিটি (Seminar & Conference Sub-Committee);

(ই) সিলেবাস ও পাঠ্যক্রম পর্যালোচনা সাব- কমিটি (Syllabu & Curriclmm Review Sub-Committee); ও

(ঈ) ইনফরমেশন টেকনোলজি বিষয়ক সাব-কমিটি (Information Technology Sub-Committee);

(গ) গবেষণা ও উন্নয়ন কমিটির অধীন-----

(অ) কর্পোরেট আইন পর্যালোচনা সাব-কমিটি (Corporate Laws Review Sub-Committee);

(আ) কর্পোরেট গভার্নেন্স এওয়ার্ড সাব-কমিটি (Corporate Governance Award Sub-Committee); ও

(ই) সদস্যদের কল্যাণ ও বিনোদন সাব- কমিটি (Member's Welfare & Recreation Sub-Committee); ও

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, সেপ্টেম্বর ১২, ২০১১

১৩৫৭৫

(২) কাউন্সিল, প্রয়োজনে, উপ-প্রবিধান (১) এ বর্ণিত সাব-কমিটিসমূহ ছাড়াও যে-কোন উদ্দেশ্যে উক্ত উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ এবং অন্যান্য সাব-কমিটির সহিত অসঙ্গতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, প্রয়োজনে অন্যান্য সাব-কমিটি গঠন করিতে পারিবে।

(৩) সংশ্লিষ্ট স্থায়ী কমিটির এক বা একাধিক সদস্য এবং প্রয়োজনীয় সংখ্যক ফেলো ও এসোসিয়েট সদস্য সমন্বয়ে প্রতিটি সাব-কমিটি গঠিত হইবে এবং প্রতিটি সাব-কমিটির চেয়ারম্যান ও সদস্য-সচিব কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) বিভিন্ন সাব-কমিটির কার্যপরিধি, সময়ে সময়ে, কাউন্সিল কর্তৃক নির্দিষ্টকৃত হইবে।

৪২। বিভিন্ন কমিটির সভার কার্য নির্বাহ করার পদ্ধতি, সময় ও স্থান।----(১) সাধারণভাবে বিভিন্ন কমিটির কার্যাবলী সংশ্লিষ্ট কমিটির সভায় নির্বাহ করা হইবে:

তবে শর্ত থাকে যে, জরুরী অবস্থায় কোন বিষয়ে দ্রুত সিদ্ধান্ত বা পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হইলে চেয়ারম্যান তাঁহার কমিটির সদস্যগণের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত ও পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন, যাহা সংশ্লিষ্ট কমিটির পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।

(২) সংশ্লিষ্ট কমিটির চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে উহার সভা অনুষ্ঠিত হইবে।

(৩) কমিটির চেয়ারম্যান কমিটির সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাঁহার অনুপস্থিতিতে কমিটির যেকোন সদস্যকে সভাপতি নির্বাচন করিয়া সভা সম্পন্ন করা যাইবে।

(৪) প্রতিটি কমিটির সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

(৫) স্থায়ী কমিটির প্রতিবেদন ও সুপারিশসমূহ কাউন্সিলে এবং সাব-কমিটির প্রতিবেদন ও সুপারিশসমূহ সংশ্লিষ্ট স্থায়ী কমিটিতে উপস্থাপন করিতে হইবে।

(৬) কমিটির দুইজন সদস্যের লিখিত অনুরোধ কমিটির চেয়ারম্যান যেকোন সময় কমিটির তলবী সভা আহ্বান করিতে পারিবেন, তবে কমিটির প্রত্যেক সদস্যকে কমপক্ষে ৫(পাঁচ) দিন পূর্বে এইরূপ সভার নোটিশ প্রদান করিতে হইবে।

(৭) কমিটির চেয়ারম্যান কমিটির যেকোন সভা বাতিল করিয়া যেকোন তারিখে বা স্থানে ঐ সভা আহ্বান করিতে পারিবেন।

(৮) উপ-প্রবিধান (৭) এর অধীন বাতিলকৃত সভার নোটিশ সাধারণতঃ কমপক্ষে ৫(পাঁচ) দিন পূর্বে কমিটির সদস্যগণের নিবন্ধিত ঠিকানায় প্রেরণ করিতে হইবে।

(৯) নির্বাহী কমিটির সভায় ৪(চার) জন ও অন্যান্য কমিটির সভায় ৩(তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম হইবে। নির্ধারিত সময়ের অর্ধ ঘণ্টার মধ্যে যদি কোরাম না হয় তাহা হইলে ঐ সভা মূলতবী হইবে এবং কমিটির চেয়ারম্যান যে তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিবেন সেই তারিখ, সময় ও স্থানে ঐ মূলতবী সভা অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিটির মূলতবী সভা অনুষ্ঠানের জন্য কোরামের প্রয়োজন হইবে না।

১৩৫৭৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, সেপ্টেম্বর ১২, ২০১১

(১০) কমিটির সকল সিদ্ধান্ত সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে গৃহীত হইবে; তবে ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যান, বা প্রয়োজন্য ক্ষেত্রে, সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক (Casting) ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(১১) কাউন্সিল যেকোন স্থায়ী বা সাব-কমিটির সিদ্ধান্ত পর্যালোচনা করিতে পারিবে এবং যেকোন বিষয়ে স্থায়ী বা সাব-কমিটির সিদ্ধান্ত ও কাউন্সিলের সিদ্ধান্তের মধ্যে বিরোধ দেখা দিলে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হইবে।

৪৩। বিভিন্ন কমিটির কার্যপরিধি।----- (১) নির্বাহী কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ---

--

- (ক) কাউন্সিলের অফিস রক্ষণাবেক্ষণ এবং তদুদ্দেশ্যে সচিব ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারী নিয়োগ প্রদান, বরখাস্তকরণ, ডিসচার্জকরণ বা পুনঃনিয়োগ প্রদান;
- (খ) প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট ও ট্রেজারার কর্তৃক এক বা একাধিক কাজ সম্পাদনের জন্য তাঁহাদিগকে সম্মানী ভাতা প্রদানের সুপারিশকরণ;
- (গ) কাউন্সিলের পক্ষে সচিবের সমুদয় কাজের জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- (ঘ) ইনস্টিটিউটের সকল সম্পদ ও তহবিল সংরক্ষণ ও নিয়ন্ত্রণ;
- (ঙ) ইনস্টিটিউটের বাৎসরিক বাজেট, বিভিন্ন খাতে বরাদ্দ হ্রাস-বৃদ্ধি, বিভিন্ন কাজের জন্য প্রস্তাবিত বিশেষ বাজেট এবং কাউন্সিলে ট্রেজারার ও সচিব কর্তৃক উপস্থাপিত বিভিন্ন প্রতিবেদন ও প্রস্তাবের উপর পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (চ) চার্টার্ড সেক্রেটারীজ রেগুলেশন্স, আন্তর্জাতিক সম্পর্ক প্রতিষ্ঠা, জার্নাল ও সাময়িকী প্রকাশ, সেক্রেটারীয়াল স্ট্যান্ডার্ড নির্ধারণ ও বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে কার্যাদি সম্পাদন নিশ্চিতকরণ;
- (ছ) কমিটির কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কাউন্সিল কর্তৃক গঠিত বা গঠিতব্য বিভিন্ন সাব-কমিটির কার্যাদি তদারককরণ ও তাঁহাদের প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে কাউন্সিল বরাবর প্রতিবেদন উপস্থাপন ও সুপারিশকরণ;
- (জ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(২) সদস্যতা ও নিবন্ধন কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ-----

- (ক) এসোসিয়েট ও ফেলো সদস্যের অন্তর্ভুক্তি সম্পর্কিত আবেদন পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (খ) প্রাইভেট প্র্যাকটিসের আবেদন পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (গ) রেজিস্টারে যেকোন সদস্যের নাম অপসারণ ও পুনঃঅন্তর্ভুক্তি সম্পর্কিত বিষয় পর্যালোচনা ও সুপারিশকরণ;

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, সেপ্টেম্বর ১২, ২০১১

১৩৫৭৭

- (ঘ) প্রাইভেট প্র্যাকটিসের সনদ রহিতকরণ সম্পর্কিত বিষয় পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (ঙ) সদস্যগণের তালিকা প্রকাশকরণ;
- (চ) সদস্যতার সনদ ও প্রাইভেট প্র্যাকটিসের সনদ ইস্যুকরণ;

(ছ) কাউন্সিলের পাওয়া তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট সদস্যের বিরুদ্ধে মামলা রুজুকরণ ও পরিচালনা;

(জ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৩) শিক্ষা কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ-----

(ক) কাউন্সিল নির্ধারিত নীতিমালা অনুসরণপূর্বক ছাত্রদের নিবন্ধন ও ভর্তিকরণ সম্পর্কিত বিষয় নিষ্পত্তিকরণ;

(খ) কাউন্সিল কর্তৃক পরীক্ষা গ্রহণ করা হইবে এমন সকল বিষয়ে নিবন্ধিত ছাত্রদের জন্য কোচিং ও অন্যান্য সুবিধা প্রদান;

(গ) লাইব্রেরী সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষনাবেক্ষণের নিমিত্ত প্রয়োজনীয় বই, ম্যাগাজিন, সরঞ্জামাদি ও বিভিন্ন উপকরণ ক্রয়;

(ঘ) প্রয়োজনে, সময়ে সময়ে, ইনস্টিটিউটের বিদ্যমান সিলেবাসের সংশোধনী বা পরিমার্জন সম্পর্কিত বিষয়ে সুপারিশকরণ;

(ঙ) ছাত্রদের নিবন্ধন ও ভর্তিকরণের ক্ষেত্রে সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট ও অন্যান্য কর্তৃপক্ষের অধীন উত্তীর্ণ শিক্ষার্থীদের অব্যাহতি (Exemption) প্রদানের বিষয়ে কাউন্সিল নির্ধারিত নীতিমালা অনুসরণ এবং এতদসংক্রান্ত নীতিমালা সংশোধনীর প্রয়োজন হইলে সেই বিষয়ে সুপারিশকরণ;

(চ) চার্টার্ড সেক্রেটারী পেশার উন্নয়নের নিমিত্ত পেশাগত প্রশিক্ষণ, সেমিনার ও কনফারেন্স আয়োজন, ইনফরমেশন টেকনোলজির ব্যবহার, কর্পোরেট আইন পর্যালোচনা, ইত্যাদি যাবতীয় কার্যাদি বাস্তবায়ন নিশ্চিতকরণ;

(ছ) বিভিন্ন সরকারি, আধা-সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গকে পেশাগত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থাকরণ;

(জ) উপরি-উক্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কাউন্সিল কর্তৃক গঠিত বা গঠিতব্য বিভিন্ন সাব-কমিটির কার্যাদি তদারককরণ ও তাঁহাদের প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে কাউন্সিল বরাবর প্রতিবেদন উপস্থাপন ও সুপারিশকরণ;

(ঝ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৪) পরীক্ষা কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ-----

- (ক) পরীক্ষা গ্রহণ সম্পর্কিত যাবতীয় কার্যাবলি সম্পন্ন করা, যথা-পরীক্ষার্থীদের নিবন্ধন, পরীক্ষার সময়সূচী নির্ধারণ, পরীক্ষা কেন্দ্র স্থিরকরণ, প্রত্যেক কেন্দ্রের জন্য তত্ত্বাবধায়ক (Superintendent) ও পরিদর্শক (Invigilator)-সহ প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান ও তাঁহাদের সম্মানী নির্ধারণ;
- (খ) বিষয়ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন, মডারেটরকরণ ও প্রস্তুতকরণ ও এতদুদ্দেশ্যে নিয়োগ প্রদানের নিমিত্ত প্রশ্নপত্র প্রণেতা ও মডারেটরগণের তালিকা চূড়ান্তকরণ এবং নিয়োগ প্রদানের নিমিত্ত প্রত্যেক বিষয়ের উত্তরপত্র পরীক্ষকের তালিকা চূড়ান্তকরণ ও তাঁহাদের সম্মানী নির্ধারণ;
- (গ) পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ ও কাউন্সিল কর্তৃক অনুমোদনের নিমিত্ত সুপারিশকরণ এবং কাউন্সিলের অনুমোদনক্রমে ফলাফল ঘোষণাদান;
- (ঘ) সাধারণভাবে পরীক্ষার সঠিক মান ও আচরণ নিশ্চিতকরণ;
- (ঙ) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা-বৃত্তি, পুরস্কার বা আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সুপারিশকরণ;
- (চ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৫) গবেষণা ও উন্নয়ন কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ-----

- (ক) চার্টার্ড সেক্রেটারী পেশার সহিত সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় গবেষণা কার্য পরিচালনার নিমিত্ত একটি গবেষণা স্কীম প্রণয়ন এবং গবেষণা ও উন্নয়ন কার্যের সকল বিষয়ে কাউন্সিলের নিকট সুপারিশকরণ;
- (খ) চার্টার্ড সেক্রেটারী পেশার সহিত সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় গবেষণা কার্য পরিচালনার জন্য সদস্যগণকে দিক্ নির্দেশনা ও উৎসাহ প্রদান এবং এতদুদ্দেশ্যে কাউন্সিল সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তিকে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সুপারিশকরণ;
- (গ) কাউন্সিলের অনুমতি সাপেক্ষে গবেষণা পুস্তিকা ও অন্যান্য সাহিত্য প্রকাশকরণ বা সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনার ব্যবস্থাকরণ;

- (ঘ) কর্পোরেট আইন, বিধি ও উপ-বিধি প্রয়োগ এবং প্রতিপালনে কর্পোরেট সেক্রেটারীয়ালা কাজে কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা, হিসাব ব্যবস্থাপনা এবং খরচ সংক্রান্ত বিষয়ে ব্যাখ্যা প্রদান;
- (ঙ) চার্টার্ড সেক্রেটারী পেশার উন্নয়নের নিমিত্ত পেশাগত প্রশিক্ষণ, সেমিনার ও কনফারেন্স আয়োজন, ইনফরমেশন টেকনোলজি ব্যবহার, আন্তর্জাতিক সম্পর্ক প্রতিষ্ঠা, সেক্রেটারীয়ালা স্ট্যান্ডার্ড নির্ধারণ ও বাস্তবায়ন, কর্পোরেট আইন পর্যালোচনা, কর্পোরেট গভার্নেন্স ও উৎকর্ষতা পর্যালোচনা এবং সদস্যদের কল্যাণ ও বিনোদন সম্পর্কিত প্রয়োজনীয় যাবতীয় কার্যাদি বাস্তবায়ন;
- (চ) কমিটির কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কাউন্সিল কর্তৃক গঠিত বা গঠিতব্য বিভিন্ন সাব-কমিটির কার্যাদি তদারককরণ ও বিভিন্ন সাব-কমিটির প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে কাউন্সিল বরাবর প্রতিবেদন উপস্থাপন ও সুপারিশকরণ;
- (ছ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।
- (৬) শৃঙ্খলা রক্ষা কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ----
- (ক) যে-কোন সদস্যের বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে তথ্য অনুসন্ধান ও তদন্ত কার্য পরিচালনা, এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে তদন্ত কমিটি গঠন, তদন্ত কমিটির কার্যপরিধি নির্ধারণ, তদন্ত কমিটির সুপারিশসহ প্রতিবেদন গ্রহণ এবং উক্ত সুপারিশের ভিত্তিতে পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে কাউন্সিল বরাবর সুপারিশ উপস্থাপন অথবা, প্রয়োজনে, পুনঃতদন্তের ব্যবস্থা গ্রহণ;
- (খ) আইনে উল্লিখিত কোন পেশাগত অসদাচারণ কোন সদস্য বা সদস্যগণের মধ্যে পরিলক্ষিত হয় কিনা সেই বিষয়ে, সময়ে সময়ে, তদন্তকরণ ও কাউন্সিলের নিকট গোপনীয়ভাবে তদন্ত প্রতিবেদন উপস্থাপন এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে তদন্ত কমিটি গঠন, তদন্ত কমিটির কার্যপরিধি নির্ধারণ ও তদন্ত কমিটির সুপারিশসহ প্রতিবেদন গ্রহণ এবং উক্ত সুপারিশের ভিত্তিতে পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে কাউন্সিল বরাবর সুপারিশ উপস্থাপন অথবা, প্রয়োজনে, পুনঃতদন্তের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কাউন্সিলের পক্ষে ধারা ২১ এর উদ্দেশ্য পূরণকল্পে যেকোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ;
- (ঘ) চার্টার্ড সেক্রেটারীগণের মধ্যে এবং ইনস্টিটিউটের শৃঙ্খলা রক্ষার বিষয়ে যেকোন সুপারিশ কাউন্সিলে উপস্থাপন;
- (ঙ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৭) অডিট কমিটি নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ-----

- (ক) ইনস্টিটিউটের হিসাব প্রতিবেদনসমূহ পর্যালোচনা করিয়া মতামত, পর্যবেক্ষণ ও সুপারিশ সংবলিত প্রতিবেদন কাউন্সিলে উপস্থাপন;
- (খ) নিরীক্ষক ফার্ম নিয়োগ, পুনঃনিয়োগ বা পরিবর্তন সম্পর্কিত বিষয়ে প্রয়োজনীয় উপদেশ ও সহায়তা প্রদান;
- (গ) নিরীক্ষক ফার্ম কর্তৃক উপস্থাপিত নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করিয়া উহাতে আপত্তি থাকিলে তাহা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন;
- (ঘ) কাউন্সিলের চাহিদা মোতাবেক বাৎসরিক, সাময়িক বা বিশেষ বাজেট পর্যালোচনা করিয়া প্রতিবেদন কাউন্সিলে উপস্থাপন;
- (ঙ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৮) সাব-কমিটিসমূহের কার্য-পরিধি, সময়ে সময়ে, কাউন্সিল কর্তৃক নির্ধারিত, অনুমোদিত বা পুনঃনির্ধারিত হইবে।

৪৪। ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ।----- এই প্রবিধানমালা প্রবর্তনের পর কাউন্সিল, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার বাংলা পাঠের ইংরেজিতে অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

ফরম-ক

[প্রবিধান ১৩(১) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ
কাকরাইল, ঢাকা।ইনস্টিটিউটের এসোসিয়েট/ফেলো সদস্য হইবার জন্য আবেদনপত্র
(অফিসের ব্যবহারের জন্য)

প্রাপ্তির তারিখ	আবেদন নং	সদস্য নং

সচিব,
ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ
কাকরাইল, ঢাকা।

প্রিয় মহোদয়,
আমি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশের একজন এসোসিয়েট/ফেলো সদস্য হিসাবে আমার নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করিতেছি।

অংশ-ক

- পূর্ণ নাম:-----
- পিতার নাম:-----
- মাতার নাম:-----
- ঠিকানা (এই ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে অনতিবিলম্বে ইনস্টিটিউটে জানাইতে হইবে):
(ক) স্থায়ী:-----
(খ) বর্তমান:-----
(গ) পেশাগত:-----
- জন্ম তারিখ: -----
- ধর্ম:-----
- জাতীয়তা: -----
- শিক্ষাগত যোগ্যতা (সনদ পত্রের অনুলিপি সংযুক্ত করিতে হইবে) :

ক্রমিক	পরীক্ষা	প্রতিষ্ঠান	বিভাগ/শ্রেণী	পাশের বছর

- পেশাগত যোগ্যতা (সনদপত্রের অনুলিপি জমা দিতে হইবে) :

ইনস্টিটিউটের নাম	পরীক্ষার নাম	রোল নং	পাশের মাস ও বছর

অংশ-খ

- বর্তমান চাকুরী:

- (ক) চাকুরীদাতার নাম:.....
- (খ) ঠিকানা:.....
- (গ) পদবী:.....
- (ঘ) প্রতিষ্ঠানের প্রকার (সরকারি/আধা-সরকারি/কর্পোরেশন/প্রাইভেট/বহুজাতিক/এনজিও/ অন্যান্য (নির্দিষ্ট করিয়া বলুন):
- (ঙ) প্রতিষ্ঠানের এমপ্লয়ীর সংখ্যা:.....
- (চ) আবেদনকারীর অধীন এমপ্লয়ীর সংখ্যা:.....
- (ছ) প্রধানের সহিত প্রার্থীর অবস্থান:.....
- (জ) বর্তমান পদে পদোন্নতির তারিখ:.....

১১. তিনজন রেফারীর নাম ও ঠিকানা (কমপক্ষে দুই জন ইনস্টিটিউটের সদস্য হইতে হইবে):

নাম	ঠিকানা	ইনস্টিটিউটের সদস্য নম্বর বা পদবী
(১)		
(২)		
(৩)		

১২. অন্যান্য তথ্য যাহা প্রার্থী প্রদান করিতে চান:.....

১৩. আমি টাকা -----/- (কথায়) এর ব্যাংক ড্রাফট/ক্রসড চেক নিম্নবর্ণিত ফি বাবত সংযুক্ত করিলাম:

(ক) ভর্তি ফি :-----টাকা:

(খ) বার্ষিক সদস্য ফি-----টাকা।

মোট টাকা-----।

১৪. ঘোষণা:

আমি,------(নিম্নস্বাক্ষরকারী) এই মর্মে ঘোষণা করিতেছি যে,

- (১) উপরোল্লিখিত বিবরণাদি সঠিক;
- (২) ইনস্টিটিউটের সদস্য হিসাবে নাম অন্তর্ভুক্ত হইবার পর আমি চার্টার্ড সেক্রেটারী আইন, ২০১০ এবং তদধীন প্রণীত প্রবিধানমালা মানিয়া চলিব;
- (৩) ইনস্টিটিউটের উদ্দেশ্য পূরণের জন্য আমি যথাযথ চেষ্টা করিব এবং আমার সদস্যকালীন সময়ে, সাধ্য অনুযায়ী সভা সমিতিতে উপস্থিত থাকিব।

আমি আরও ঘোষণা করিতেছি যে,-

- (১) আমি দেউলিয়া নই বা কখনও দেউলিয়া ছিলাম না;
- (২) আমি কখনও কোন উপযুক্ত আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অপরাধের দায়ে বা পেশাগত কোন অপরাধের জন্য দোষী সাব্যস্ত হই নাই।

আপনার বিশ্বস্ত

তারিখ:-----

প্রার্থীর স্বাক্ষর:-----

[বি.দ্র. বয়স প্রমাণের জন্য মেট্রিক/এস.এস.সি সনদপত্রসহ অন্যান্য যোগ্যতার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট সনদপত্রসমূহের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।]

নম্বর:.....

ইনস্টিটিউটের
সাধারণ সীল

ফরম-খ
[প্রবিধান ১৩(৭) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ
কাকরাইল, ঢাকা।

চার্টার্ড সেক্রেটারী সনদ

এতদ্বারা প্রত্যায়ণ করা যাইতেছে যে, জনাব -----
-----পিতার নাম:-----, মাতার
নাম:-----, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব
বাংলাদেশের একজন এসোসিয়েট/ফেলো সদস্য। ইনস্টিটিউট এর এসোসিয়েট/ফেলো সদস্য হিসাবে তাহার নাম
----- সালের ----- মাসের ----- তারিখের রেজিস্টারে অন্তর্ভুক্ত হইয়াছে।

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশের সাধারণ সীল সহকারে এই সনদ ----- সালের -----
মাসের ----- তারিখে ইস্যু করা হইল।

সচিব

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ভাইস
প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট

ফরম-গ
[প্রবিধান ১৫(১) দ্রষ্টব্য]

প্রাইভেট প্র্যাকটিসের সনদপত্র ইস্যু করার আবেদন

প্রতি
সচিব
ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ
কাকরাইল, ঢাকা।

মহোদয়,
আমি নিম্ন স্বাক্ষরকারী ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর একজন ফেলো সদস্য। আমি চার্টার্ড সেক্রেটারীজ প্রবিধানমালা, ২০১১ এর প্রবিধান ১৫(১) এর বিধান অনুসারে আমার অনুকূলে প্র্যাকটিসিং সনদ ইস্যু করিবার জন্য আবেদন জানাইতেছি। কাউন্সিলের প্রয়োজনে চার্টার্ড সেক্রেটারী হিসাবে প্র্যাকটিস করিবার জন্য আমি যাবতীয় তথ্য সরবরাহ করিতে সম্মত আছি।

উল্লেখ্য যে, আমি কখনও প্র্যাকটিস বন্ধ করিলে, ইনস্টিটিউটের বিধি-বিধান অনুযায়ী, উহা তৎক্ষণাৎ কাউন্সিলকে অবহিত করিতে বাধ্য থাকিবে।

আবেদন ফি হিসাবে -----টাকার ব্যাংক ড্রাফট/ক্রসড চেক নং ----- তাং -----
এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর:-----
নাম:-----

স্থান:----- তারিখ:-----		সদস্য নং:----- ফার্মের নাম ও ঠিকানা:-----
----------------------------	--	--

ইনস্টিটিউটের
সাধারণ সীল

নম্বর:.....

ফরম-ঘ

[প্রবিধান ১৫ (৮) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ
কাকরাইল, ঢাকা।

প্রাইভেট প্রাকটিস সনদ

এতদ্বারা প্রত্যয়ণ করা যাইতেছে যে, জনাব.....

.....পিতার নাম:,

মাতার নাম:....., ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব
বাংলাদেশের একজন ফেলো সদস্য। তিনি চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ এর ধারা ১৯ এর বিধান অনুযায়ী
চার্টার্ড সেক্রেটারী হিসাবে বাংলাদেশের সর্বত্র প্রাইভেট প্রাকটিস করিবার অধিকারী।

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশের সাধারণ সীল সহকারে এই সনদ

সালেরমাসের.....তারিখে ইস্যু করা হইল এবং ইহা.....সালের

মাসের.....তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

সচিব

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ভাইস

প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট

ইনস্টিটিউটের
সাধারণ সীল

নম্বর:.....

ফরম-৬

[প্রবিধান ১৫ (৯) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ
কাকরাইল, ঢাকা।

প্রাইভেট প্র্যাকটিস সনদ নবায়ন

এতদ্বারা জনাব.....পিতার নাম:.....

....., মাতার নাম:,

এর প্রাইভেট প্র্যাকটিস সনদ.....সালের.....মাসের.....তারিখ পর্যন্ত নবায়ন
করা হইল।

প্রাইভেট প্র্যাকটিস সনদ নম্বর ও ইস্যুর তারিখঃ

সচিব

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ভাইস
প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট

ইনস্টিটিউটের
সাধারণ সীল

নম্বর:.....

ফরম-চ

[প্রবিধান ১৯ (১) দ্রষ্টব্য]

ছাত্র হিসাবে নিবন্ধনের জন্য আবেদন

বরাবর

সচিব

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ

কাকরাইল, ঢাকা।

মহোদয়,

আমি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর ছাত্র হিসাবে নিবন্ধনের জন্য আবেদন করিতেছি। আমাকে ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নিবন্ধন প্রদান করা হইলে আমি ইনস্টিটিউটের সকল বিধি-বিধান মানিয়া চলিব।

পূর্ণ নাম :

পিতার নাম:

মাতার নাম:

জন্ম তারিখ :

ধর্ম:

জাতীয়তা.....

বর্তমান ও স্থায়ী ঠিকানা:

ফোন নং:.....

বর্তমান চাকুরীদাতার নাম, ঠিকানা ও ফোন নং :

পদবী:

চাকুরিতে যোগদান বা পদোন্নতির তারিখ :

শিক্ষাগত যোগ্যতা (মূল সনদপত্রের ফটোকপি সংযুক্ত করিতে হইবে):

ক্রমিক নং	পরীক্ষার নাম	বছর	প্রাপ্ত বিভাগ/শ্রেণী	বোর্ড/বিশ্ববিদ্যালয়
(১)				
(২)				
(৩)				
(৪)				

অতীত কাজের অভিজ্ঞতা (চাকুরীরত হইলে নিম্নের তথ্য পূরণ করিতে হইবে এবং চাকুরিদাতার মূল সনদপত্র সংযুক্ত করিতে হইবে) :

ক্রমিক নং	চাকুরিদাতার নাম	পদবী	হইতে	পর্যন্ত
(১)				
(২)				
(৩)				
(৪)				

আমি...../- (কথায়) টাকার ব্যাংক ড্রাফট/ক্রসড চেক নিম্নবর্ণিত ফি বাবদ সংযুক্ত করিলাম:

(ক) নিবন্ধন ফি বাবদ:টাকা;

(খ) বার্ষিক চাঁদা বাবদ.....টাকা।

মোট:/- টাকা।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

শুধু অফিসের ব্যবহারের জন্য

শাখার সীল

সনদপত্র সঠিক আছে

সহকারী পরিচালক/সচিব

ভর্তি মঞ্জুর করা হইল.....পরিচালক/সচিব.....

রেজিস্ট্রেশন নং.....তাং.....

প্রাপ্ত টাকার পরিমাণ..... রশিদ নং.....

এবং তারিখ

কোষাধ্যক্ষ

ছাত্রের কার্ড তৈরী হইল :.....

ঠিকানা প্লেট তৈরি হইল:

ছাত্রকে অবহিত করা হইল:

ইনস্টিটিউটের
সাধারণ সীল

ফরম-ছ

[প্রবিধান ২১ (২) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ
কাকরাইল, ঢাকা।

পরীক্ষায় কৃতকার্যতার সনদপত্র

এতদ্বারা প্রত্যয়ণ করা যাইতেছে যে, জনাব....., পিতা:
....., মাতা: ইনস্টিটিউট অব
চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ কর্তৃক গৃহীত চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।
পরীক্ষা অনুষ্ঠিত হইবার তারিখ:, ফল প্রকাশের তারিখ:
.....।
রোল নম্বর:, রেজিস্ট্রেশন নম্বর:।

সচিব

চেয়ারম্যান, পরীক্ষা কমিটি

ফরম-জ
[প্রবিধান ২৬ (২) দ্রষ্টব্য]

কাউন্সিল নির্বাচনে সদস্য পদের মনোনয়ন ফরম

‘ক’ অংশ

প্রতি

নির্বাচন কমিশন

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ,
কাকরাইল, ঢাকা।

প্রিয় মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর কাউন্সিল এর নির্বাচনে জনাব
....., এসোসিয়েট/ফেলো সদস্য নং.....কে সদস্য
হিসাবে নাম প্রস্তাব /মনোনয়ন প্রদান করিতেছি।

স্থান:.....	স্বাক্ষর:
তারিখ:	নাম:
	সদস্য নং:.....

আমরা নিম্নস্বাক্ষরকারীদ্বয় ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর কাউন্সিল এর নির্বাচনে সদস্য
হিসাবে জনাব.....এসোসিয়েট/ফেলো সদস্য নং.....
.....এর মনোনয়ন সমর্থন করি।

ক্রমিক নং	সমর্থনকারীর নাম	তারিখসহ স্বাক্ষর	সদস্য নং
১।			
২।			

(অন্যন দুইজন সদস্যের সমর্থন থাকিতে হইবে)

‘খ’ অংশ

এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, আমি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর কাউন্সিল এর নির্বাচনে সদস্য পদে প্রার্থী হইতে ইচ্ছুক। আমি নির্বাচিত হইলে ইনস্টিটিউটের স্বার্থ সংরক্ষণ ও মর্যাদা রক্ষা করিব এবং আমার উপর অর্পিত সকল দায়-দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করাসহ ইনস্টিটিউটকে সাধ্য অনুযায়ী সেবা প্রদান করিব।

স্থান:	স্বাক্ষর:
তারিখ:	নাম:.....
	সদস্য নং:

.....

কাউন্সিলের আদেশক্রমে

MOHAMMAD SANAULLAH FCS
PRESIDENT
Institute of Chartered Secretaries
of Bangladesh (ICSB)
107, Kakrail, Dhaka-1000.

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

Registered No. DA-1

The
Bangladesh  Gazette

**Extraordinary
Published by Authority**

THURSDAY, AUGUST 27, 1987

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF COMMERCE

ORDER

Dhaka, the 25th August, 1987

No. S. R. O. 177-L/87.—In exercise of the powers conferred by section 3 of the Control of Essential Commodities Act, 1956 (E. P. Act I of 1956), the Government is pleased to make the following Order, namely :--

1. Short title.—This Order may be called the Gold (Procurement, Storage and Distribution) Order, 1987.

2. Definitions.—In this Order, unless there is anything repugnant in the subject or context, —

(a) “article” means anything other than ornaments in a finished form made of, manufactured from or containing, gold and includes ;

- (i) any gold coin,
- (ii) broken pieces of an article,
- (iii) gold bullion;

(b) “Company” means a company as defined under the Companies Act, 1913 (VII of 1913) ;

(4925)

Price : 75 paisa

- (c) “dealer” means a person who, directly or otherwise, carries on the business of procuring, storing, distributing, making, melting, refining, processing, converting, gold or lending against gold and includes—
- (i) a company, bank, society registered under the Societies Registration Act, 1860 (XXI of 1860), co-operative society incorporated under any law with respect to co-operative societies, firm, money-lender or other association of persons which carries on such business; or—
 - (a) buys or accepts gold for the purpose of making ornaments, or
 - (b) makes, manufactures, prepares, repairs or polishes ornament; or
 - (c) processes, melts or converts gold for the purpose of making ornaments; or
 - (d) sells, supplies, or distributes ornaments or other gold for the purpose of making ornaments, to its members;
 - (ii) a commission agent, broker, auctioneer or other mercantile agent, who carries on such business on behalf of any principal;
- (d) “Director General” means the Director General of Prices and Market Intelligence and includes the Director or Deputy Director or Assistant Director or any other Officer authorised by the Director General to exercise all or any of his powers under this Order;
- (e) “gold” means gold, including its alloy (whether as ingot, melted or not less than nine carats and includes article and ornament whether plain or engraved with pearl real or imitation stone);
- (f) “Ornament” means a thing in a finished form, meant for personal adornment or for the adornment of any idol, deity or any other object or religious worship, made of, or manufactured from, gold, whether or not set with stones or gems, real or artificial, or with pearls, real, cultured or imitation or with all or any of them and includes parts, pendants or broken pieces of ornaments;
- (g) “Value” in relation to article or ornament, means the market price of gold at which it is ordinarily sold.
3. **Order not to apply to Bangladesh Bank** —This Order shall not apply to the Bangladesh Bank.
4. **Dealer** — (1) No dealer shall commence, or carry on, business or lend against gold unless a licence is obtained from the Director General under paragraph 5.
- (2) A dealer shall not, without the prior permission in writing of the Director General, carry on business in any premises other than the premises specified in his licence.
- (3) Every dealer shall stamp every piece of article or ornament made manufactured or prepared by him indicating the name or mark of the dealer.

No dealer, except banks, shall have, at any time in his possession or custody, gold except the quantity which could be accounted for in connection with the making, manufacturing or repairing of articles or ornaments.

5. **Grant or renewal of licence and licence fee** – (1) An application for a licence shall be made in Form A to the Director General who may, after making such enquiry as he deems fit, grant a licence in Form C on payment of the fees in the following categories:--

- (a) Category 'A'—Dealers having annual transactions exceeding 100 kgs. (1,00,000 grams) of gold;
- (b) Category 'B'—Dealers having annual transactions exceeding 50 kgs. (50,000 grams) but not exceeding 100 kgs. of gold;
- (c) Category 'C'—Dealers having annual transactions exceeding 20 kgs. (20,000 grams) but not exceeding 50 kgs. of gold;
- (d) Category 'D'—Dealers having annual transactions exceeding 20 kgs. (20,000 grams) of gold;

(2) Every dealer shall pay a licence fee as specified in the table below:--

Sl. No.	Category	Licence fee (in Taka)
1	A	1,000.00
2	B	500.00
3	C	300.00
4	D	200.00

(3) All applications for renewal of licence shall be made in Form B to the Director-General at least thirty days prior to the expiry of the validity period;

Provided that a dealer may, on payment of an additional fee at the rate of 25% of the renewal fee, submit his application after expiry of the validity of the licence upto ninety days and thereafter the late fee shall be realised at the rate of 100% of the renewal fee and the renewal licence shall be granted in Form C.

(4) The renewal fee shall be the same as that of licence fee.

(5) The licence fee and the renewal fee shall be deposited in the Bangladesh Bank or Government treasury or sub-treasury through challan under the Head "42-Trade and Commerce—licence fee for Distribution of Gold" and one copy of the challan shall be submitted along with the application form.

(6) All licences, unless suspended or cancelled, shall remain valid during the financial year, expiring on the thirtieth day of June every year.

6. **Power of the Director General to refuse to grant licence, etc.**—(1) The Director General may, after making a record in writing,--

- (a) refuse to grant a licence, or
- (b) refuse to renew a licence.

(2) Any person aggrieved by the refusal of the Director-General may prefer an appeal to the Government whose decision in this behalf shall be final.

7. **Declaration and returns**—(1) Every dealer shall make a monthly declaration in Form D.

(2) Declaration made under sub-paragraph (1) shall be made in duplicate one copy of which shall be signed by the Director General as a token of receipt and returned to the dealer making the declaration and the copy so returned shall be retained by the dealer as evidence of the declaration made by him.

(3) Every declaration shall be kept by the Director General in safe custody and the particulars thereof shall be entered in a register to be maintained for this purpose.

(4) No dealer shall own or have in his possession, custody or control any quantity of gold which is required to be included in the declaration,

8. **Display of licence**—Every dealer shall display his licence at a conspicuous place of the premises in which he carries on business.

9. **Cancellation and suspension of licence, etc.**—(1) The Director General may, if he has reasons to believe that the holder of any licence has made any statement in, or in relation to, any application for the issue or renewal of a licence which is incorrect or false in material particulars or has contravened any provision of this Order, suspend or cancel such licence pending completion of enquiry after giving the holder of such licence of opportunity of being heard.

(2) Every person whose licence has been suspended or cancelled shall immediately after such suspension or cancellation stop functioning as a dealer and shall not resume business until the order of such suspension has been vacated or the order of cancellation has been withdrawn.

(3) Every person who holds a licence which is suspended or cancelled shall immediately surrender such licence to the Director General.

(4) A dealer who discontinues or intends to discontinue business may make an application to the Director-General for the cancellation of his licence and thereupon the Director-General shall cancel the licence which was issued or renewed to such dealer.

(5) No change in the ownership or in the composition of partnership shall be made without the prior approval in writing of the Director-General.

10. **Succession**.—Where the business of a dealer is transmitted by succession the heir or legatee shall not carry on such business unless the heir or legatee has before the expiry of sixty days after the date of such transmission, made an application to the Director-General for obtaining his approval.

11. **Cash Memorandum**—(1) Every dealer shall, at the time of making any transaction like buying, selling making, repairing, polishing of gold, ornament or article, issue a cash memorandum in duplicate containing particulars of the

transaction including description, weight and value of the gold, ornament or article as the case may be, name, address and signature of the buyer or seller, as the case may be, and the duplicate copy of the cash memorandum shall be kept by the dealer.

- (2) The cash memorandum shall also indicate separately the ratio of pure gold (Tejabi), alloy (Khad), inlays (Meena), fillings (Panmora), stones, if any, duties and taxes, if any, and making or servicing charges.
- (3) In case of any dispute regarding any matter specified in subparagraph (2), it shall be referred to the Bangladesh Standard Institution and the decision of the Institution in this regard shall be final.

12. **Fixation of price**—The Director-General may, by notification in the official Gazette, fix the maximum price of gold above which no dealer shall sell gold.

13. **Price to be exhibited by the dealer.**—The dealer shall exhibit in a conspicuous place of the premises the price of gold.

14. **Restriction on business of gold, etc., within border belt**—No licence shall be issued to any person to deal in any business in gold, ornament or article and no dealer shall carry on such business in gold, ornament or article within the border belt.

Explanation, -- In this paragraph, the words “border belt” means the area extending upto five miles inside Bangladesh from its border but does not include any District or Upazila headquarter within such area.

15. **Restriction on movement of gold,**-- The Government may, by notification in the official Gazette, restrict the movement of gold, ornament or article within the country.

16. **Power of exemption,**-- The Government may, by notification in the official Gazette, exempt any person or class of persons from all or any of the provisions of this Order.

17. Power to search, inspect, etc.—The Director-General may--
 - (a) require any dealer to give such information in his possession with respect to any business carried on by him.
 - (b) inspect or cause to be inspected any book or other documents belonging to, or under the control of, any dealer;
 - (c) enter and search or authorise any person to enter and search any premises and seize and take into possession or authorise any person to seize or to take into possession any gold ornament or other article including the records connected therewith in respect of which he has reason to believe that the contravention of this Order has been or is being or is about to be committed.

18. **Forfeiture of gold, etc.**-- A court trying any contravention of this Order may, without prejudice to any other sentence which he may pass, direct that gold, ornament or article in respect of which it is satisfied that the contravention of this Order has been made, shall be forfeited to the Government.

19. **Repeals and savings.**—(1) The Gold (Procurement and Distribution) Order, 1958, is hereby *repealed*.

(2) Notwithstanding such repeal, anything done, any action taken, direction given, licence issued shall, in so far as it is not inconsistent with the provisions of this Order, be deemed to have been done, taken or issued, as the case may be, under the corresponding provisions of this Order.

FORM A

[See paragraph 5(1)]

Application from for grant of licence under Paragraph 5(1) of the Gold
(Procurement, Storage and Distribution) Order, 1987

1. Category of licence applied for.....
2. Treasury Challan No. and date on
which fee has been deposited.....
3. Particulars of the applicant to whom
the licence is to be issued :--
 - (a) Name.....
 - (b) Father's/Husband's name
 - (c) Address : (i) Permanent
 - (ii) Present
 - (d) Nationality
 - (e) Place of birth
4. Whether the applicant is a minor.....
5. Whether the applicant has any
other business or trade ? If
yes, give particulars.....
6. Address of place/intended place/
of business
7. Whether the premises proposed
to be used as a business place
is a rented or owned by the
applicant ? Rent receipt of the
premises or proof of ownership,
as the case may be, to be furnished.....
8. Whether the applicant possesses
any other licence to deal in
gold anywhere in Bangladesh.
If so, the number and date of
licence, address of the place
of business to be mentioned

9. Date or proposed date of commencement of business.....
10. Whether the applicant is an income tax payee ? If so, enclose the attested copy of the last assessment order
11. Number of trade licence, if any, (Enclose attested copy of the current licence)

I/We.....hereby solemnly declare that the statements made above are true and correct to the best of my/our knowledge and belief and I/We shall be liable to punishment for making false statment.

Dated :

*Signature of the applicant,
Full Address :*

Form of Receipt

Received from
.....an application for licence.....
together with Challan No.....dated.....
showing the deposits as required under paragraph 5(5).

Date :

Director-General

FORM B

[See paragraph 5(3)]

Application form for renewal of licence under Paragraph 5(3) of the Gold
(Procurement, Storage and Distribution) Order, 1987

1. Category of licence applied for.....
2. Number and date of the licence
expired (licence is to be enclosed).....
3. Treasury Challan No. and date.....
4. Particulars of the applicant to whom
the licence is to be issued :--
 - (a) Name.....
 - (b) Father's/Husband's name
 - (c) Address : (i) Permanent
 - (ii) Present
 - (d) Nationality
 - (e) Place of birth
5. Address of place of business
6. Transaction of gold during the
preceding year
7. Whether the applicant is an
income-tax payee ? If so,
enclose the attested copy of
the last assessment order
8. Number of trade licence, if any
(Enclose attested copy of the current licence).....

Signature of the applicant

Full Address :

Date

Form of Receipt

Received froman application for renewal of
licence Nodated.....together with Challan
No.....dated.....showing the deposits as required under
paragraph 5(5).

Date :

Director-General

FORM C

[See paragraph 5(1) and (3)]

Licence granted under Paragraph 5 of the Gold (Procurement, Storage and Distribution) Order, 1987

Licence No..... Dated.....

Mr./Mrs.....whose particulars are given below, is granted licence under the Gold (Procurement, Storage and Distribution) Order, 1987, the deal in gold business covered by Category.....

- (a) Address of the licence.....
(b) Particulars of place of business.....
2. The licence shall be valid upto the thirteenth day of June,.....
 3. The Licence shall abide by the provisions of the Gold (Procurement, Storage and Distribution) Order, 1987
 4. The licence shall be subject to the conditions stated below:

Director-General
(Seal and date)

Renewed for the year.....

Conditions

1. The licence shall be kept in the approved premises of business.
2. The licence shall issue to every buyer or seller, as the case may be, a cash memorandum giving his name, licence number, rate at which gold is sold or bought and the salesman's and buyer's or seller's signature, and shall keep duplicate copies of all such cash memorandam arranged serially to be available for inspection on demand by the Director-General or any officer authorised by him in writing in this behalf and shall preserve all such duplicate copies of cash memoranda.
3. The licence shall, in every month, submit a statement in Form D to the Director-General so as to reach his on or before the 7th day of the following month.
4. The licence is required to submit his application for renewal of his licence in Form B before the 31st May or every year.
5. The licence shall exhibit the price of gold in the approved premises of business.

FORM D

[See paragraph 7(1)]

Statement under Paragraph 7 of the Gold (Procurement, Storage and Distribution) Order, 1987, for the month of.....19.....

Quantity of gold acquired.	Quantity of gold disposed of.	Remarks.
----------------------------	-------------------------------	----------

I/We.....hereby solemnly declare that the statements made above are true and correct to the best of my/our knowledge and belief and I/We shall be liable to punishment for making false statement.

Signature of the applicant
Full Address :

Date

By order of the President
A.B.M. GHULAM MOSTAFA
Secretary.

Printed by Md. Siddiqur Rahman, Deputy Controller, Bangladesh Government Press
Dhaka.

Published by Md. Rabiul Hossain, Deputy Controller, Bangladesh Forms and Publications
office, Tejgaon, Dhaka.

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
শনিবার, এপ্রিল ১৫, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ২রা বৈশাখ, ১৩৯৬/১৫ই এপ্রিল, ১৯৮৯

এস, আর, ও ১০৮-আইন/৮৯--- Control of Essential Commodities Act, (E. P. Act I of 1956) এর Section-3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার Gold (Procurement Storage and Distribution) Order, 1987 এ নিম্নরূপ সংশোধন করিলেন, :---

উপরি-উক্ত Order এর,--

- (১) সর্বত্র “Director-General” শব্দগুলির পরিবর্তে “Deputy Commissioner concerned” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) paragraph 2 এর clause (d) এর পরিবর্তে নিম্নরূপ clause প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(d) “Deputy Commissioner” means the Deputy Commissioner of the district concerned and includes Additional Deputy Commissioner of that district and the Upazila Nirbahi Officer and Assistant Commissioner of the concerned Upazila and any other officer authorised by the Deputy Commissioner to exercise all or any of his powers under this Order.”;

(৩৫৬৯)

মূল্য : ৩০ পয়সা

(৩) paragraph (5) এর--

(ক) Sub-paragraph (1) এর পরিবর্তে sub-paragraph প্রতিস্থাপিত হইবে, যথাঃ--

“(1) An application for a licence shall be made by a dealer in Form A to the Deputy Commissioner concerned who may, after making such enquiry as he deems fit, grant a licence in Form C. The licence fee shall be,--

- (a) in the case of a dealer who buys or accepts gold for carrying on business as commission agent, broker, auction purchaser or as other merchantile agent or sells, supplies or distributes gold or gold ornaments, Taka 500.00; and
- (b) in the case of dealer who buys or accepts gold for the purpose of making ornaments or makes, manufactures, processes, repairs or polishes, melts or converts gold into ornaments, Taka 50.00.”;

Sub-paragraph (2) বিলুপ্ত হইবে।

নং এস, আর, ও ১০৯-আইন/৮৯-- Control of Essential Commodities Act, 1956 (E. P. Act I of 1956) এর section-3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার Essential Commodities Control Order, 1981 এ নিম্নরূপ সংশোধন করিলেন, যথা-

উপরি-উক্ত Order এর--

- (১) Paragraph 22 এর clause (2) তে বিধৃত টেবিলের প্রথম কলামের ক্রমিক নং (g) ও (h) এবং উহাদের বিপরীতে উল্লেখিত দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিগুলি বিলুপ্ত হইবে; Schedule এর ক্রমিক নং 4 এবং উহাতে উল্লেখিত এন্ট্রিগুলি বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, আর, খান
উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কমেন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খন্দকার মাহফুজুল করিম, ডেপুটি কমেন্ট্রোলার, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৮, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ আশ্বিন, ১৪১৯ বঙ্গাব্দ/০২ অক্টোবর, ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৪-আইন/২০১২--- Control of Essential Commodities Act 1956 (Act No. I of 1956) এর Section-3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার Gold (Procurement Storage and Distribution) Order, 1987 এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :---

উপরি-উক্ত Order এর Paragraph 5 এর sub-Paragraph (1) এর—

- (ক) Clause (a) তে উল্লিখিত “500.00” সংখ্যার পরিবর্তে “3000.00” সংখ্যা প্রতিস্থাপিত হইবে; এবং
- (২) Clause (b) তে উল্লিখিত “50.00” সংখ্যার পরিবর্তে “500.00” সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই ২০১৩ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম হোসেন

সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৯৩০২৯)

মূল্য : টাকা ৪.০০

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৬ ফাল্গুন, ১৪২১/১৮ ফেব্রুয়ারি, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৬ ফাল্গুন, ১৪২১ মোতাবেক ১৮ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:-

২০১৫ সনের ০৫ নং আইন

ফরমালিন আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার নিয়ন্ত্রণ এবং ক্ষতিকর রাসায়নিক পদার্থ হিসাবে উহার অপব্যবহার রোধ করিবার উদ্দেশ্যে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু ফরমালিন জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর একটি রাসায়নিক পদার্থ; এবং

যেহেতু খাদ্য দ্রব্যের সংরক্ষণ, পচনরোধ বা অন্য কোন উদ্দেশ্যে অননুমোদিত, মাত্রাতিরিক্ত ও অপ্রয়োজনীয় ফরমালিন ব্যবহার অনিরাশয়যোগ্য রোগ ব্যাধির সৃষ্টি করিতেছে; এবং

যেহেতু ফরমালিনের উক্তরূপ ব্যবহারের ফলে সামগ্রিকভাবে জনস্বাস্থ্য হুমকির সম্মুখীন হইতেছে; এবং

যেহেতু ফরমালিনের উক্তরূপ অপব্যবহার রোধ করা প্রয়োজন; এবং

যেহেতু জনস্বাস্থ্য রক্ষার প্রয়োজনে ফরমালিন আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার নিয়ন্ত্রণ এবং ক্ষতিকর পদার্থ হিসাবে উহার অপব্যবহার রোধ করিবার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়:

(১০২৯)

মূল্য ৪ টাকা ১৬.০০

প্রথম অধ্যায় প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১) এই আইন ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

- (১) “অপরাধ” অর্থ এই আইনের অধীন দণ্ডযোগ্য অপরাধ;
- (২) “ফরমালিন” অর্থ ফরমালিন, ফরমালডিহাইড, প্যারাফরমালডিহাইড ও উহার যে কোন মাত্রার দ্রবণ, এবং সরকার কর্তৃক নির্ধারিত ফরমালিন উৎপন্নকারী অন্য কোন পদার্থ;
- (৩) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (৪) “ব্যক্তি” অর্থে কোন ব্যক্তি, কোম্পানি, সমিতি, অংশিদারি কারবার, সংবিধিবদ্ধ সংস্থা বা উহাদের প্রতিনিধিও অন্তর্ভুক্ত হইবে;
- (৫) “লাইসেন্স” অর্থ ধারা ৫ এর অধীন প্রদত্ত লাইসেন্স;
- (৬) “লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ ধারা ৫(১) এ বর্ণিত কর্তৃপক্ষ;
- (৭) “স্থান” অর্থে যে কোন বাড়ি-ঘর, স্থাপনা, যানবাহন, স্থিতাবস্থায় বা চলমান যেভাবেই থাকুক না কেন, ব্যবসা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান, বিমান বন্দর, সামুদ্রিক বন্দর, স্থল বন্দর, নদী বন্দর, ডাকঘর বা বহিরাগমন চেকপোস্টও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। আইনের প্রাধান্য।- আপাতত বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

দ্বিতীয় অধ্যায় লাইসেন্স, ইত্যাদি

৪। ফরমালিন আমদানি, উৎপাদন, ইত্যাদি ক্ষেত্রে লাইসেন্সের অপরিহার্যতা।- কোন ব্যক্তি লাইসেন্স ব্যতীত ফরমালিন আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার করিতে বা দখলে রাখিতে পারিবেন না।

৫। লাইসেন্স, লাইসেন্সিং কর্তৃপক্ষ, ইত্যাদি।- (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে,-

(ক) ফরমালিন আমদানি ও উৎপাদন নিয়ন্ত্রণের উদ্দেশ্যে সরকার;

(খ) ফরমালিনের পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার নিয়ন্ত্রণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক।

(২) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, লাইসেন্স প্রদান ও তত্ত্বাবধান সংক্রান্ত বিষয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষের যাবতীয় কার্যক্রম বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিয়ন্ত্রিত ও পরিচালিত হইবে।

(৩) এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি এই আইনের অধীন লাইসেন্স পাইবার বা নবায়নের যোগ্য হইবেন না, যদি তিনি লাইসেন্সের কোন শর্ত বা বিধি দ্বারা নির্ধারিত অন্য কোন শর্ত ভঙ্গ করেন এবং তজ্জন্য তাহার উক্ত লাইসেন্স বাতিল হইয়া থাকে।

(৪) কোন ব্যক্তি তাহাকে প্রদত্ত লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করিলে বা এই আইন বা অন্য কোন আইনের অধীন কোন অপরাধের জন্য দণ্ডিত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ, তাহাকে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া, তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন প্রদত্ত কোন আদেশের দ্বারা কোন ব্যক্তি সংক্ষুদ্ধ হইলে তিনি আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, বিধি দ্বারা নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে,-

(ক) আদেশটি সরকার কর্তৃক প্রদত্ত হইলে উহা সরকারের পুনর্বিবেচনার জন্য আবেদন দাখিল;

(খ) আদেশটি জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত হইলে সরকারের নিকট আপিল, করিতে পারিবেন।

(৬) উপ-ধারা (৫) এ উল্লিখিত ক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে, এবং উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আদালতে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৭) কোন লাইসেন্সী কর্তৃক লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘন করা হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ, লিখিত আদেশ দ্বারা, এই আইনের অধীন অন্যান্য ব্যবস্থা গ্রহণসহ লাইসেন্সটি সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে।

৬। হিসাব বহি, রেজিস্ট্রার, ইত্যাদি সংরক্ষণ ও মাসিক প্রতিবেদন দাখিল।-(১) প্রত্যেক লাইসেন্সী ফরমালিন আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, ক্রয়, বিক্রয়, ব্যবহার ও দখলে রাখা সংক্রান্ত হিসাব, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, সংরক্ষণ করিবেন, এবং তদসংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(২) প্রত্যেক লাইসেন্সী উপ-ধারা (১) এর অধীন সংরক্ষিত হিসাব লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তাকে, তাৎক্ষণিকভাবে, দেখাইতে বাধ্য থাকিবেন।

৭। প্রবেশ, ইত্যাদির ক্ষমতা।- লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা, এই আইন এবং বিধির বিধান সাপেক্ষে,-

- (ক) ফরমালিন প্রস্তুত বা গুদামজাত করা হইয়াছে বা হইতেছে এইরূপ যে কোন স্থানে যে কোন সময় প্রবেশ ও উহা পরিদর্শন করিতে পারিবেন;
- (খ) ফরমালিন ক্রয় ও বিক্রয়ের সহিত সংশ্লিষ্ট যে কোন দোকানে উহা খোলা রাখিবার সাধারণ সময়ে প্রবেশ ও উহা পরিদর্শন করিতে পারিবেন; এবং
- (গ) দফা (ক) ও (খ) তে উল্লিখিত স্থান বা দোকানে-
 - (অ) রক্ষিত হিসাব বই, রেজিস্ট্রার ও অন্যান্য নথিপত্র পরীক্ষা করিতে পারিবেন;
 - (আ) প্রাপ্ত ফরমালিন এবং ফরমালিন জাতীয় পদার্থ প্রস্তুতের সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি ও উপাদান পরীক্ষা, ওজন ও পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন; এবং
 - (ই) রক্ষিত হিসাব বই, রেজিস্ট্রার ও অন্যান্য নথিপত্র, ব্যবহৃত পরিমাপ যন্ত্র বা পরীক্ষা যন্ত্র পরীক্ষান্তে ত্রুটিপূর্ণ পাওয়া গেলে বা প্রাপ্ত ফরমালিন এবং ফরমালিন জাতীয় পদার্থ বিধি দ্বারা নির্ধারিত পরিমানের অধিক পাওয়া গেলে উহা আটক করিতে পারিবেন।

৮। ফরমালিন বিক্রয়ের দোকান, ইত্যাদি সাময়িকভাবে বন্ধ ঘোষণা করিবার ক্ষমতা।- (১) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন ফরমালিন বিক্রয়ের দোকান বা ব্যবসা প্রতিষ্ঠান বা ফরমালিন পরিবহনকারী কোন যান চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা প্রয়োজন, তাহা হইলে তিনি, অনধিক ১৫ (পনের) দিনের জন্য, উক্ত দোকান বা ব্যবসা প্রতিষ্ঠান বা যান চলাচল বন্ধ রাখিবার আদেশ প্রদান করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত আদেশ লিখিত হইতে হইবে, এবং উহাতে উক্তরূপ আদেশ প্রদানের সুনির্দিষ্ট কারণ উল্লেখ করিতে হইবে।

তৃতীয় অধ্যায় ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি, ইত্যাদি

৯। ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি, ইত্যাদি।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক জেলায় ও উপজেলায় ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি নামে একটি করিয়া কমিটি থাকিবে।

(২) জেলা ও উপজেলায় ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির গঠন, দায়িত্ব ও কর্তব্য, সভা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয়াদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

চতুর্থ অধ্যায়

তদন্ত, তল্লাশী, আটক, বাজেয়াপ্তকরণ, ইত্যাদি

১০। তদন্তের ক্ষমতা।- (১) সরকার, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, জেলা প্রশাসক বা তাহার অধস্তন কোন কর্মকর্তা বা কোন পুলিশ কর্মকর্তাকে এই আইনের অধীন অপরাধ তদন্তের জন্য ক্ষমতা প্রদান করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন তদন্তের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুরূপ ক্ষমতা থাকিবে।

১১। পরোয়ানা জারী, ইত্যাদির ক্ষমতা।- (১) এই আইনের অধীন সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার যদি এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে,-

(ক) কোন ব্যক্তি এই আইনের অধীন কোন অপরাধ করিয়াছেন, বা

(খ) এই আইনের অধীন অপরাধ সংক্রান্ত কোন বস্তু বা উহা প্রমাণের জন্য প্রয়োজনীয় কোন দলিল-দস্তাবেজ বা কোন প্রকার জিনিসপত্র কোন স্থানে বা ব্যক্তির নিকট রক্ষিত আছে,

তাহা হইলে অনুরূপ বিশ্বাসের কারণ লিপিবদ্ধ করিয়া তিনি উক্ত ব্যক্তিকে গ্রেফতার করিবার জন্য বা উক্ত স্থানে যে কোন সময় তল্লাশীর জন্য পরোয়ানা জারী করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন জারীকৃত কোন পরোয়ানা যে থানায় পাঠানো হইবে সেই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উহা কার্যকর করিবেন।

- (খ) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে আয় হইতে পরিশোধ (Pay as you earn scheme) প্রকল্পের অধীন কেবল বাংলাদেশ ব্যাংকের ছাড়পত্রের ভিত্তিতে আমদানি, যথা -

(অ) আমদানিযোগ্য নতুন এবং অনধিক ১০ (দশ) বৎসরের পুরাতন প্ল্যান্ট এবং মেশিনারী;

(আ) নতুন অথবা অনধিক ৫(পাঁচ) বৎসরের পুরাতন বা রিকন্ডিশন মটর গাড়ী;

(ই) যে কোন পরিমাণ পরিবহণ ক্ষমতাসম্পন্ন নতুন অথবা অনধিক পনের বৎসরের পুরাতন রিফ্রিজারেটেড জাহাজসহ ইম্পাত অথবা কাঠের তৈরী মালবাহী ও যাত্রীবাহী জাহাজঃ

তবে শর্ত থাকে যে, সমুদ্রগামী জাহাজের ক্ষেত্রে অনধিক পঁচিশ বৎসরের পুরাতন জাহাজও আমদানিযোগ্য হইবে;

- (ঈ) উপযুক্ত কর্তৃপক্ষের ছাড়পত্র গ্রহণ করিয়া রপ্তানিমুখী শিল্প প্লান্ট এবং মেশিনারি;
 (উ) সমুদ্রে মাছ ধরার জন্য নূতন অথবা অনধিক ২৫ (পঁচিশ) বৎসরের পুরাতন জাহাজ ও ট্রলারঃ

তবে শর্ত থাকে যে, এই প্রকল্পের অধীন আমদানির অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অনুমোদন পত্রের কপি প্রধান নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করিবেন এবং আমদানিকারকগণ পণ্য আমদানির জন্য প্রয়োজনীয় কাগজপত্র সহকারে প্রধান নিয়ন্ত্রকের নিকট পূর্বানুমতির জন্য আবেদন করিবেন;

- (গ) বিদেশ হইতে প্রত্যগত যাত্রী কর্তৃক ব্যাগেজ রুলসমূহের আওতায় নির্দিষ্ট পরিমাণ বা মূল্যের অতিরিক্ত পণ্য আমদানি যদি উক্ত আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট ব্যাগেজ রুলের অধীন আমদানিযোগ্য হয়;
- (ঘ) নমুনা, বিজ্ঞাপন সামগ্রী এবং উপহার দ্রব্য আমদানি সংক্রান্ত অনুচ্ছেদ ১৩ তে উল্লিখিত বিধানে বর্ণিত মাত্রার অধিক পরিমাণ বিনা মূল্যের নমুনা, বিজ্ঞাপন সামগ্রী এবং উপহার দ্রব্যাদি আমদানি;
- (ঙ) শুধু ভেষজ এবং ঔষধাদি বোনাস পদ্ধতিতে এই শর্তে আমদানি যে, সংশ্লিষ্ট আমদানিকারকগণ উক্ত আমদানির সুবিধা ভোক্তাগণকে ভোগ করিতে দিতে বাধ্য থাকিবেন। এই উদ্দেশ্যে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর যথাযথ পদ্ধতি উদ্ভাবন করিবেন;
- (চ) দেশী-বিদেশী যৌথ উদ্যোগে ও ১০০% বিদেশী উদ্যোগে স্থাপিত বা স্থাপিতব্য অনুমোদিত শিল্পের বিদেশী অংশীদারের মূলধন হিসাবে ক্যাপিটাল মেশিনারি ও যন্ত্রাংশ আমদানি; এবং
- (ছ) পারমিট হইতে সুনির্দিষ্টভাবে অব্যাহতি দেওয়া হয় নাই এইরূপ অন্যান্য পণ্য আমদানি।
- (৬) বিলম্বিত মূল্য পরিশোধের (ডেফার্ড পেমেন্ট) ভিত্তিতে অথবা সরবরাহকারীর ঋণের বিপরীতে আমদানি- এই আদেশে বর্ণিত বিধি-নিষেধ সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিধিবদ্ধ পদ্ধতির ভিত্তিতে বিলম্বিত মূল্য পরিশোধের মাধ্যমে অথবা সরবরাহকারীর ঋণের বিপরীতে মালামাল আমদানি করা যাইবে।
- (৭) সরাসরি বিদেশে মূল্য পরিশোধের মাধ্যমে আমদানি- শুধু প্রবাসী বাংলাদেশী কর্তৃক সরাসরি বিদেশে মূল্য পরিশোধের মাধ্যমে যে কোন আমদানিযোগ্য পণ্য মূল্যসীমা নির্বিশেষে বাংলাদেশে বসবাসরত বাংলাদেশীর নামে প্রেরণ করা যাইবে এবং প্রাপকের নাম ও ঠিকানা আমদানি সংক্রান্ত দলিলে উল্লেখ করিতে হইবে, এইরূপ ক্ষেত্রে-
- (ক) আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কোন অনুমতি বা আমদানি পারমিট প্রয়োজন হইবে না;
- (খ) বৈদেশিক মুদ্রা উপার্জনকারী হিসাবে ঐ দেশের বাংলাদেশ দূতাবাসের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে, এই প্রত্যয়নপত্রে প্রেরকের পাসপোর্ট নম্বর, পেশা, বাৎসরিক আয়, বিদেশে অবস্থানের মেয়াদ ইত্যাদি উল্লেখ থাকিতে হইবে; এবং
- (গ) মূল্য পরিশোধের রসিদে দূতাবাসের প্রত্যয়ন থাকিতে হইবে।
- (৮) ঋণপত্র খোলার সময়সীমা-
- (ক) ভিন্নতর নির্দেশ না থাকিলে, নগদ অর্থে আমদানির ক্ষেত্রে সকল আমদানিকারককে এল,সি,এ ফরম জারি/নিবন্ধনের একশত পঞ্চাশ দিনের মধ্যে ঋণপত্র খুলিতে হইবেঃ
- তবে শর্ত থাকে যে, প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি উক্ত সময়সীমা উপযুক্ত মেয়াদ পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন;
- (খ) বিদেশী ঋণ বা অনুদান হিসাবে এবং বার্টার/এস টি এ এর অধীন প্রধান নিয়ন্ত্রক কর্তৃক ঘোষিত সময়সীমার মধ্যে ঋণপত্র খুলিতে হইবে।
- (৯) পণ্য জাহাজীকরণ সময়সীমা-
- (ক) ভিন্নরূপ নির্দেশ না থাকিলে, ব্যাংক কর্তৃক এল,সি,এ ফরম জারীর তারিখ হইতে যন্ত্রপাতি এবং যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে ১৭ (সতের) মাস এবং অন্যান্য সকল পণ্যের ক্ষেত্রে ০৯ (নয়) মাসের মধ্যে পণ্য জাহাজীকরণ করিতে হইবে;

- (খ) পণ্য ঋণ বা অনুদান এবং একাউন্ট ট্রেড এয়ারেঞ্জমেন্ট/কাউন্টার ট্রেড এয়ারেঞ্জমেন্ট এর অধীন আমদানির ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রক কর্তৃক ঘোষিত সময়সীমার মধ্যে পণ্য জাহাজীকরণ করিতে হইবে; এবং
- (গ) আমদানিকারকের নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে কোন পণ্য নির্ধারিত সময়সীমার মধ্যে জাহাজীকরণ করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট পরিস্থিতি বিবেচনায় গুণাগুণের ভিত্তিতে প্রধান নিয়ন্ত্রক জাহাজীকরণের সময়সীমা উপযুক্ত মেয়াদের জন্য বর্ধিত করিতে পারিবেন।
- (১০) নিষেধাজ্ঞা বা বাধা-নিষেধ আরোপের পর ঋণপত্রের উপর বিধি-নিষেধ- কোন পণ্যের আমদানি নিষিদ্ধ অথবা শর্তযুক্ত বলিয়া ঘোষিত হইলে মনোনীত ব্যাংক অথবা আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সেই পণ্যের জন্য পূর্বের খোলা ঋণপত্রের জন্য জাহাজীকরণের সময়সীমা বর্ধন অথবা ঋণপত্রের সংশোধন অথবা পণ্যের মূল্য বা পরিমাণ বৃদ্ধি করিতে পারিবে না।
- (১১) এল,সি,এ ফরমের সহিত যে সকল দলিলপত্র দাখিল করা আবশ্যিক- সরকারি এবং বেসরকারি উভয় খাতের আমদানিকারকগণ ঋণপত্র খুলিবার জন্য এল,সি,এ ফরমের সহিত নিম্নলিখিত দলিলপত্র তাঁহাদের মনোনীত ব্যাংকে দাখিল করিবেন, যথা:-
- (ক) আমদানিকারক কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত ঋণপত্র দরখাস্ত ফরম;
- (খ) ইন্ডেন্টর কর্তৃক মালামালের জন্য প্রদত্ত ইনডেন্ট অথবা বিদেশী সরবরাহকারী প্রদত্ত প্রোফরমা ইনভয়েস, যাহা প্রযোজ্য; এবং
- (গ) ইস্যুরেস কভার নোট।
- (১২) সরকারি খাতের আমদানিকারকগণ কর্তৃক যে সকল অতিরিক্ত কাগজপত্র দাখিল করা আবশ্যিক- উপ-অনুচ্ছেদ (১১) এ বর্ণিত কাগজপত্রাদির অতিরিক্ত হিসাবে প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগ বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের মঞ্জুরীপত্রের সত্যায়িত প্রতিলিপি সরকারি খাতের আমদানিকারকগণকে দাখিল করিতে হইবে।
- (১৩) বেসরকারি আমদানিকারকগণ কর্তৃক যে সকল অতিরিক্ত কাগজপত্র দাখিল করা আবশ্যিক- উপ-অনুচ্ছেদ (১১) এ বর্ণিত কাগজপত্রাদি ছাড়াও নিম্নলিখিত কাগজপত্রাদি বেসরকারি খাতের আমদানিকারকগণকে দাখিল করিতে হইবে, যথা:-
- (ক) নিবন্ধনকৃত স্থানীয় বণিক ও শিল্প সমিতি অথবা নিখিল বাংলাদেশ ভিত্তিক তাহার নিজ ব্যবসার প্রতিনিধিত্বকারী সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশন হইতে উহার বৈধ সদস্য হিসাবে প্রত্যয়নপত্র;
- (খ) সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্র;
- (গ) আমদানিকারক পূর্ববর্তী বৎসরের আয়কর পরিশোধ করিয়াছেন অথবা আয়কর রিটার্ণ দাখিল করিয়াছেন এই মর্মে তিন প্রস্থ ঘোষণাপত্র;
- (ঘ) ব্যক্তিগত ব্যবহার ব্যতীত অন্য উদ্দেশ্যে আমদানির ক্ষেত্রে ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) গ্রহণের প্রমাণপত্র;
- (ঙ) এই আদেশের অধীন প্রধান নিয়ন্ত্রক কর্তৃক বিভিন্ন সময় জারিকৃত সরকারি বিজ্ঞপ্তি অথবা নির্দেশের মাধ্যমে চাওয়া হইয়াছে এইরূপ কাগজপত্র;
- (চ) এই আদেশ অনুযায়ী প্রয়োজনীয় অন্য যে কোন কাগজ বা দলিলপত্র;
- (ছ) সাধারণ বীমা কর্পোরেশন বা বাংলাদেশী ইস্যুরেস কোম্পানীর কভার নোট এবং উহার বিপরীতে স্ট্যাম্পযুক্ত বীমা পলিসি, যাহা পণ্য খালাসের সময় শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (১৪) এল,সি,এ বা এল, সি'র শর্ত বা নিয়ম লংঘন-
- (ক) মনোনীত ব্যাংক কর্তৃক এল,সি,এ ফরম ইস্যুকরণ এবং তাহা অনুমোদিত ডিলার ব্যাংকে নিবন্ধন, যেরূপ প্রযোজ্য, এবং ঋণপত্র খোলার পূর্বে বা এল,সি,এ ফরম বা এল,সি'র মেয়াদ শেষ হওয়ার পর মালামাল জাহাজীকৃত করা হইলে তাহা এই আদেশ লংঘনক্রমে আমদানি হিসাবে গণ্য হইবে; এবং
- (খ) মিথ্যা অথবা সঠিক নহে এইরূপ তথ্য প্রদান করিয়া অথবা জালিয়াতির মাধ্যমে প্রাপ্ত এল,সি,এ ফরম অবৈধ এবং বাতিল বলিয়া গণ্য হইবে।

- (১৫) ইনডেন্ট এবং প্রোফরমা ইনভয়েসের বিপরীতে আমদানি- নিবন্ধিত স্থানীয় ইনডেন্টের কর্তৃক জারিকৃত ইনডেন্ট অথবা বিদেশী উৎপাদনকারী বা বিক্রেতা বা সরবরাহকারী কর্তৃক জারিকৃত প্রোফরমা ইনভয়েসের বিপরীতে ঋণপত্র প্রতিষ্ঠা করা যাইবে।
- (১৬) এল, সি, এ ফরমের ক্ষেত্রে ব্যাংকসমূহের অনুসরণীয় পদ্ধতি- এল, সি, এ ফরম গ্রহণ বা জারি করিবার ক্ষেত্রে ব্যাংকসমূহকে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:-
- (ক) মনোনীত ব্যাংক কর্তৃক এল, সি, এ ফরম গ্রহণ:-
- (অ) বেসরকারি খাতে স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান এবং নিবন্ধিত বাণিজ্যিক আমদানিকারকগণ কর্তৃক মালামাল আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খোলার জন্য এল, সি, এ ফরম ও আনুষঙ্গিক কাগজ-পত্রাদি তাহাদের নিজ নিজ মনোনীত ব্যাংকে দাখিল করিতে হইবে;
- (আ) বেসরকারি সকল আমদানিকারকের নিকট হইতে এল, সি, এ ফরম গ্রহণ করিবার সময় মনোনীত ব্যাংক এই মর্মে নিশ্চিত হইবে যে, সংশ্লিষ্ট আমদানিকারকের বৈধ আমদানি নিবন্ধন সনদপত্র (আই, আর, সি) রহিয়াছে, সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য প্রদেয় নবায়ন ফি যথাযথভাবে পরিশোধ করা হইয়াছে এবং সংশ্লিষ্ট ট্রেজারিচালানের বিবরণ উক্ত আমদানিকারকের আই, আর, সি'তে যথারীতি রেকর্ড করা হইয়াছে। বেসরকারি খাতের কোন আমদানিকারককে আই, আর, সি হইতে সুনির্দিষ্টভাবে অব্যাহতি প্রদান করা না হইলে বৈধ অথবা বৈধভাবে নবায়নকৃত আই, আর, সি ব্যতীত তাহার এল, সি, এ ফরম গ্রহণ করা যাইবে না অথবা ঋণপত্র খোলা যাইবে না;
- (ই) স্থূলপথে পণ্য আমদানির ক্ষেত্রে বাংলাদেশে গন্তব্য স্থূলবন্দর সংশ্লিষ্ট ঋণপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে;
- (ঈ) নতুন শিল্প স্থাপনের উদ্দেশ্যে ক্যাপিটাল মেশিনারী এবং প্রাথমিক যন্ত্রাংশ আমদানির জন্য আমদানি নিবন্ধন সনদপত্র (আই, আর, সি) ছাড়াই এল, সি খোলা যাইবে। এইরূপ ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রকের নিকট হইতে আই, আর, সি অব্যাহতি পত্র গ্রহণের প্রয়োজন হইবে না। অবাধ সেক্টরভুক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে নগদ বৈদেশিক মুদ্রায় ক্যাপিটাল মেশিনারী ও যন্ত্রাংশ আমদানির জন্য পোষকের কোন আনুষ্ঠানিক অনুমোদন পত্রের প্রয়োজন হইবে না; এবং
- (উ) বিদেশী বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্যাপিটাল মেশিনারী ও যন্ত্রাংশ আমদানি বাবদ ব্যয় বিনিয়োগকারীদের ইকুইটি অংশ হইতে নগদ বৈদেশিক মুদ্রায় পরিশোধিত হইবে মর্মে সংশ্লিষ্ট ব্যাংকের সনদপত্র প্রয়োজন হইবে।
- (খ) এইচ, এস, কোড নম্বর লিপিবদ্ধকরণ- যথাযথভাবে এইচ, এস, কোড নম্বর লিপিবদ্ধ না করিয়া ব্যাংক কোন এল, সি, এ ফরম অথবা এল, সি কার্যকর করিবে না। তফসিলী ব্যাংকগুলি উপরোক্ত ব্যবস্থা পালন করিতেছে কি না সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক মনিটর করিবে;
- (গ) এল, সি, এ ফরম নিবন্ধন- এল, সি অথবা এল, সি ব্যতিরেকে আমদানির ক্ষেত্রে এল, সি, এ ফরম ইস্যুকারী অনুমোদিত ডিলার ব্যাংক এল, সি, এ ফরম নিবন্ধন সম্পাদন করিয়া এল, সি, এ ফরমের কপি মূল্য পরিশোধের পর মাসিক বিবরণীর সহিত বাংলাদেশ ব্যাংক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়, আমদানিকারক এবং শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে এবং ১(এক) কপি নিজে সংরক্ষণ করিবে। ডিলার ব্যাংক কর্তৃক এল, সি, এ ফরম লিপিবদ্ধকরণের সকল তথ্যাদি একটি বিবরণী আকারে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয়ে মাসিক ভিত্তিতে দাখিল করিতে হইবে;
- (ঘ) সরকারি বরাদ্দের বিপরীতে যে সকল এল, সি, এ ফরম নিবন্ধনের আবশ্যিকতা নাই সেই সকল ক্ষেত্রের বিধান- ঋণ, অনুদান, বিনিময় অথবা বিশেষ বাণিজ্য চুক্তির অধীন আমদানির ক্ষেত্রে মনোনীত ব্যাংক, আমদানিকারকের এল, সি, এ ফরমে উল্লিখিত বিবরণ লিপিবদ্ধ করিয়া এল, সি, এ ফরম বা এল, সি দরখাস্ত ফরম এবং অন্যান্য আবশ্যিকীয় দলিলপত্র এল, সি খুলিবার অনুরোধ জানাইয়া নির্ধারিত ব্যাংকের নিকট প্রেরণ করিবে এবং নির্ধারিত ব্যাংক তখন এল, সি খুলিয়া সংশ্লিষ্ট

এল,সি,এ ফরমের ৩য় ও ৪র্থ কপি আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রেরণ করিবে;

- (ঙ) আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রেকর্ডভুক্তির জন্য ঋণপত্রের কপি প্রেরণ- ঋণপত্র খোলার পর সংশ্লিষ্ট ব্যাংক ঋণপত্রের একটি পঠনযোগ্য কপি এবং সংশোধিত হইয়া থাকিলে উহার একটি কপি সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট তাহাদের রেকর্ডভুক্তির জন্য ১৫ (পনের) দিনের মধ্যে প্রেরণ করিবে;
- (চ) বেসরকারি আমদানিকারক কর্তৃক দাখিলকৃত আয়কর ঘোষণাপত্র প্রেরণ- সংশ্লিষ্ট বেসরকারি আমদানিকারকের মনোনীত ব্যাংক আমদানিকারক কর্তৃক দাখিলকৃত আয়কর ঘোষণাপত্রের একটি কপি নিজের কাছে রাখিবে এবং অপর একটি কপি পরিচালক (গবেষণা এবং পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট প্রেরণ করিবে;
- (ছ) মনোনীত ব্যাংক পরিবর্তন- সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তরাধীন এলাকার মধ্যে উভয় ব্যাংকের অনাপত্তি সাপেক্ষে মনোনীত ব্যাংক পরিবর্তন করা যাইবে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকদ্বয়ের অনাপত্তি পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

তৃতীয় অধ্যায়

আমদানি সংক্রান্ত ফিস

- ৯। নিবন্ধন সনদপত্র।- (১) ২০১২-২০১৩ হইতে ২০১৪-২০১৫ অর্থ বৎসরের জন্য বাণিজ্যিক এবং শিল্প খাতের আমদানিকারকগণ বার্ষিক মোট আমদানি মূল্য-সীমার ভিত্তিতে নিম্নবর্ণিত ছয়টি শ্রেণীতে শ্রেণীভুক্ত হইবেন এবং তাহাদের নিবন্ধন (আইআরসি) ও নবায়ন ফিস হইবে নিম্নরূপ, যথা:-

শ্রেণী নং	বার্ষিক মোট আমদানির সর্বোচ্চ মূল্যসীমা	প্রাথমিক নিবন্ধন ফিস	বার্ষিক নবায়ন ফিস
প্রথম	টঃ ৫,০০,০০০	টঃ ৫,০০০	টঃ ৩,০০০
দ্বিতীয়	টঃ ২৫,০০,০০০	টঃ ১০,০০০	টঃ ৬,০০০
তৃতীয়	টঃ ৫০,০০,০০০	টঃ ১৮,০০০	টঃ ১০,০০০
চতুর্থ	টঃ ১,০০,০০,০০০	টঃ ৩০,০০০	টঃ ১৫,০০০
পঞ্চম	টঃ ৫,০০,০০,০০০	টঃ ৪৫,০০০	টঃ ২২,০০০
ষষ্ঠ	টঃ ৫,০০,০০,০০০ এর উপরে	টঃ ৬০,০০০	টঃ ৩০,০০০

- (২) যে কোন আমদানিকারক তাহার ইচ্ছা অনুযায়ী উপরে বর্ণিত ছয়টি শ্রেণীর মধ্যে যে কোন একটি শ্রেণীর আমদানিকারক হিসাবে নিবন্ধনের জন্য উক্ত শ্রেণীর বিপরীতে উল্লিখিত ফিস পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বরাবরে আবেদন জানাইবেন এবং ফিস পরিশোধের প্রমাণস্বরূপ ট্রেজারী চালানের মূল কপি এবং আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র দাখিল করিবেন।
- (৩) প্রত্যেক আমদানিকারকের আই,আর,সি'তে নবায়ন ফিসের হার এবং বার্ষিক মোট আমদানির সর্বোচ্চ মূল্যসীমা সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক সীল-স্বাক্ষরসহ রেকর্ড করিয়া দেওয়া হইবে।
- (৪) নিবন্ধিত সকল শ্রেণীর আমদানিকারকগণ নিবন্ধন সনদপত্র নবায়নের জন্য উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত ছয়টি শ্রেণীর মধ্যে কোন শ্রেণীভুক্ত হইতে ইচ্ছুক, সেই বিষয়ে লিখিত দরখাস্তের দুই কপি, আই,আর,সি'র মূলকপি, বাংলাদেশ ব্যাংক অথবা যেখানে বাংলাদেশ ব্যাংকের শাখা নাই সেখানে সোনালী ব্যাংকে "১/১৭৩১/০০০১/১৮০১" হিসাব খাতে সংশ্লিষ্ট শ্রেণীর নবায়ন ফি জমাদানের ট্রেজারী চালানের কপিসহ নবায়ন বই সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বরাবরে জমা প্রদান করিবেন।

- (৫) সকল শ্রেণীর আমদানিকারকগণ নিজ নিজ মনোনীত ব্যাংকের মাধ্যমেও আই,আর,সি নবায়ন করিতে পারিবেন।
- (৬) আমদানিকারকগণ আই,আর,সি-এর মূলকপিসহ আবেদনপত্র সংশ্লিষ্ট শ্রেণীর জন্য নির্ধারিত নবায়ন ফিস যথাযথ রশিদ গ্রহণপূর্বক মনোনীত ব্যাংকে নগদ টাকায় প্রদান করিবেন।
- (৭) ব্যাংকসমূহ নবায়ন ফিস বাবদ গৃহীত অর্থ বাংলাদেশ ব্যাংক অথবা যেখানে বাংলাদেশ ব্যাংকের শাখা নাই সেখানে সোনালী ব্যাংকে “১/১৭৩১/০০০১/১৮০১” হিসাব খাতে পৃথক পৃথকভাবে জমা দিবে।
- (৮) ব্যাংক কর্তৃক বার্ষিক নবায়ন ফিসের ও বার্ষিক মোট আমদানির সর্বোচ্চ মূল্যসীমা আমদানিকারকের আই,আর,সি-তে সীল স্বাক্ষরসহ রেকর্ড করা হইবে এবং আই,আর,সি-এর মূলকপি আমদানিকারককে ফেরত দেওয়া হইবে।
- (৯) আমদানিকারকের দরখাস্তের এক কপি মনোনীত ব্যাংক নিজের নিকট রাখিবে এবং অপর এক কপি নবায়ন ফিস প্রদান সম্পর্কিত ট্রেজারী চালানের মূল কপিসহ বিভিন্ন শ্রেণীর আমদানিকারকের পৃথক পৃথক তালিকা প্রতি মাসের প্রথম সপ্তাহে সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করিবে।
- (১০) আমদানিকারকগণ কর্তৃক সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য উক্ত অর্থ বৎসরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত নবায়ন ফিস কোন প্রকার সারচার্জ ব্যতিরেকে পরিশোধ করিতে পারিবে।
- (১১) উপ-অনুচ্ছেদ (১০) এ উল্লিখিত তারিখের পূর্বে পণ্য সামগ্রী আমদানির উদ্দেশ্যে কোন প্রকার ঋণপত্র খুলিতে অগ্রহী হইলে সংশ্লিষ্ট আমদানিকারককে প্রথমে নির্ধারিত হারে উক্ত বৎসরের জন্য নবায়ন ফিস যথাযথভাবে পরিশোধ করিতে হইবে।
- (১২) উপ-অনুচ্ছেদ (১০) এ উল্লিখিত সময়সীমার মধ্যে নবায়ন ফিস প্রদান করিতে ব্যর্থ হইলে বকেয়া নবায়ন ফিসসহ নিম্নবর্ণিত হারে সারচার্জ প্রদান করিতে হইবে, যথাঃ-

সময়সীমা	সারচার্জের পরিমাণ
এক বৎসর বা উহার কম বিলম্বের জন্য সারচার্জ	টঃ ৫০০
এক বৎসরের উর্ধ্বে কিন্তু দুই বৎসরের উর্ধ্বে নহে এইরূপ বিলম্বের জন্য সারচার্জ	টঃ ১,০০০
দুই বৎসরের উর্ধ্বে কিন্তু তিন বৎসরের উর্ধ্বে নহে এইরূপ বিলম্বের জন্য সারচার্জ	টঃ ২,০০০
তৃতীয় বৎসরের পর পরবর্তী প্রতি বৎসরের জন্য সারচার্জ	পূর্ববর্তী বৎসরের দ্বিগুণ হারে

- (১৩) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত শ্রেণীর মধ্যে নিবন্ধিত কোন আমদানিকারক উচ্চতর শ্রেণীতে অন্তর্ভুক্ত হইয়া বর্ধিত অংকের আমদানি সুবিধা গ্রহণ করিতে অগ্রহী হইলে তিনি উচ্চতর শ্রেণীর জন্য প্রযোজ্য নবায়ন ফিসের অবশিষ্ট অংশ উপ-অনুচ্ছেদ (৪), (৫) এবং (৬) এ বর্ণিত পদ্ধতিতে প্রদান করিবেন।
- (১৪) আই,আর,সি-তে প্রয়োজনীয় সংশোধনীর পর ব্যাংক কর্তৃক আবেদন পত্রের এক কপি নবায়ন ফিসের অবশিষ্ট অংশ প্রদান সম্পর্কিত ট্রেজারী চালানের মূলকপিসহ প্রেরণপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।
- (১৫) কোন আমদানিকারক তাহার ক্ষেত্রে প্রযোজ্য বার্ষিক সর্বোচ্চ মূল্যসীমার অতিরিক্ত অংকের পণ্য সামগ্রী আমদানির জন্য ঋণপত্র খুলিতে পারিবেন না।
- (১৬) উপ-অনুচ্ছেদ (১৫) এর শর্ত লংঘিত হইলে সংশ্লিষ্ট আমদানিকারক ও তাহার মনোনীত ব্যাংক উভয়েই সমভাবে দায়ী হইবে।
- (১৭) নতুন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে আই,আর,সি প্রদানের জন্য প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি দপ্তরে সুপারিশ প্রেরণ করিবার সময় বার্ষিক সর্বোচ্চ মূল্যসীমার ভিত্তিতে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানকে কোন শ্রেণীর আমদানিকারক হিসাবে নিবন্ধিত করিতে হইবে সেই বিষয়ে পোষক কর্তৃপক্ষ তাহাদের সুপারিশপত্রে পরিষ্কারভাবে উল্লেখ করিবেন।
- (১৮) ইনডেন্টর এবং রপ্তানিকারকগণ নিম্নবর্ণিত হারে নিবন্ধন ও নবায়ন ফিস প্রদান করিবেন, যথাঃ-

প্রাথমিক নিবন্ধন ফিস		বার্ষিক নবায়ন ফিস
ইনডেন্টর	টঃ ৪০,০০০	টঃ ২০,০০০
রপ্তানিকারক	টঃ ৭,০০০	টঃ ৫,০০০

- (১৯) ইনডেন্টরগণ নবায়ন ফিস বাংলাদেশ ব্যাংক অথবা যেখানে বাংলাদেশ ব্যাংকের শাখা নাই সেখানে সোনালী ব্যাংকে “১/১৭৩১/০০০১/১৮০১” হিসাব খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানের পর উক্ত চালানের কপি, আই,আর,সি’র মূলকপিসহ নবায়ন বই রেকর্ড এবং যাচাই-এর জন্য সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবরে জমা প্রদান করিতে পারিবেন।
- (২০) ইন্ডেন্টরগণ যথাযথ রশিদ গ্রহণপূর্বক তাহাদের নিজ নিজ মনোনীত ব্যাংকের নগদ টাকায় নিবন্ধন সনদপত্র এবং নবায়ন ফিস প্রদান করিতে পারিবেন।
- (২১) ব্যাংকসমূহ নবায়ন ফিস বাবদ গৃহীত অর্থ বাংলাদেশ ব্যাংক অথবা যেখানে বাংলাদেশ ব্যাংকের শাখা নাই সেখানে সোনালী ব্যাংকে উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত হিসাব খাতে পৃথক পৃথকভাবে জমা দিবে এবং জমাকৃত চালানের মূলকপি রেকর্ড এবং যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করিবে।
- (২২) রপ্তানিকারকগণ নিজ নিজ নবায়ন ফিস বাংলাদেশ ব্যাংক অথবা যেখানে বাংলাদেশ ব্যাংকের শাখা নাই সেখানে সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত হিসাব খাতে জমা দিবেন এবং জমাকৃত চালানের মূলকপি রপ্তানি নিবন্ধন সনদপত্রসহ এই ফিস প্রদানের বিষয়টি লিপিবদ্ধ করিবার জন্য প্রতি মাসের প্রথম সপ্তাহে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করিবেন।
- (২৩) ইনডেন্টর এবং রপ্তানিকারকগণ কর্তৃক সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য উক্ত অর্থ বৎসরের ৩০ সেপ্টেম্বর তারিখ পর্যন্ত নবায়ন ফিস কোন প্রকার সারচার্জ ব্যতিরেকে পরিশোধ করিতে পারিবেন।
- (২৪) উপ-অনুচ্ছেদ (২৩) এ উল্লিখিত সময়-সীমার মধ্যে নবায়ন ফিস প্রদান করিতে ব্যর্থ হইলে বকেয়া নবায়ন ফিসসহ নিম্নবর্ণিত হারে সারচার্জ প্রদান করিতে হইবে, যথা:-

সময়সীমা	ইনডেন্টর	রপ্তানিকারক
এক বৎসর বা উহার কম বিলম্বের জন্য সারচার্জ	টঃ ১,০০০	টঃ ৫০০
এক বৎসরের উর্ধ্বে কিন্তু দুই বৎসরের উর্ধ্বে নহে এইরূপ বিলম্বের জন্য সারচার্জ	টঃ ২,০০০	টঃ ১,০০০
দুই বৎসরের উর্ধ্বে কিন্তু তিন বৎসরের উর্ধ্বে নহে এইরূপ বিলম্বের জন্য সারচার্জ	টঃ ৩,০০০	টঃ ১,৫০০
তৃতীয় বৎসরের পর পরবর্তী প্রতি বৎসরের জন্য সারচার্জ	পূর্ববর্তী বৎসরের দ্বিগুণ হারে	পূর্ববর্তী বৎসরের দ্বিগুণ হারে

- (২৫) যে সকল ইনডেন্টর নবায়ন ফিস প্রদান করিয়া নিবন্ধন সনদপত্র নবায়ন করিবেন, নবায়ন ফিস সংগ্রহের তথ্যসহ তাহাদের তালিকা সংশ্লিষ্ট ব্যাংক প্রতি মাসের প্রথম সপ্তাহে আঞ্চলিক আমদানি নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করিবেন।
- (২৬) তিন বৎসরের অধিক সময়ের জন্য নবায়ন ফিস প্রদানে ব্যর্থ হইয়াছেন এইরূপ আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরগণের নিবন্ধন সনদপত্র নবায়নের আবেদন গুণাগুণের ভিত্তিতে প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি কর্তৃক নিষ্পত্তি করা হইবে।
- (২৭) নিবন্ধন সনদ নবায়ন বই- সকল নিবন্ধিত আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরগণকে নিবন্ধন সনদপত্র নবায়ন সংক্রান্ত তথ্যাদি পৃষ্ঠাংকনের জন্য নিবন্ধন সনদপত্রের বিপরীতে নবায়ন বই গ্রহণ করিতে হইবে।

- (২৮) প্রতিটি নবায়ন বইয়ের জন্য “১/১৭৩১/০০০১/১৮০১” হিসাব খাতে চালানের মাধ্যমে ১,০০০ (এক হাজার) টাকা ফিস প্রদান করিতে হইবে।
- (২৯) নূতন নিবন্ধন সনদপত্র গ্রহণের ক্ষেত্রে নিবন্ধন সনদপত্রের সহিত নবায়ন বই গ্রহণ করিতে হইবে।
- (৩০) ইতিপূর্বে নিবন্ধিত আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরগণকে নিজ নিজ এলাকাধীন সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি লাইসেন্সিং দপ্তর হইতে ফিস পরিশোধের চালান দাখিলপূর্বক নবায়ন বই গ্রহণ করিতে হইবে।

চতুর্থ অধ্যায়

বিবিধ বিধানাবলী

- ১০। যৌথ আমদানি।- (১) সমগ্র বাংলাদেশব্যাপী আমদানিকারকগণ তাঁহাদের সুবিধামত এক বা একাধিক দলে যৌথভাবে আমদানি করিতে পারিবেন।
- (২) যৌথভাবে আমদানির পদ্ধতি পরিশিষ্ট-২ এ উল্লেখ করা হইয়াছে।
- (৩) শিল্প ভোক্তাগণ কেবল অন্য শিল্প ভোক্তার সহিত গোষ্ঠীভুক্ত হইতে পারিবেন।
- (৪) বাণিজ্যিক আমদানিকারকগণ অপর বাণিজ্যিক আমদানিকারকের সহিত এক বা একাধিক গোষ্ঠীভুক্ত হইতে পারিবেন।
- ১১। প্রকৃত ব্যবহারকারী কর্তৃক আমদানি।- (১) আমদানিকারক হিসাবে নিবন্ধিত নহে এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজ ব্যবহারের (personal use) জন্য, অনুমতি ব্যতিরেকে, সর্বোচ্চ পাঁচ হাজার মার্কিন ডলার পর্যন্ত মূল্যের অবাধে আমদানিযোগ্য পণ্য নগদ বৈদেশিক মুদ্রায় আমদানি করিতে পারিবেন।
- (২) পাঁচ হাজার মার্কিন ডলার এর অধিক মূল্যের পণ্য আমদানির ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।
- (৩) সরকারি কর্মচারী এবং সংবিধিবদ্ধ সংস্থাসমূহের কর্মচারীগণের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (১) ও (২) এর বিধান প্রযোজ্য হইবেঃ
- তবে শর্ত থাকে যে, উক্তরূপ কর্মচারীর সাথে সংশ্লিষ্ট বিভাগ বা সংস্থা প্রধানের নিকট হইতে এই মর্মে একটি প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে যে, আমদানিতব্য পণ্য আবেদনকারীর প্রকৃত ব্যবহারের জন্য, বিক্রয়ের জন্য নহে।
- (৪) উপ-অনুচ্ছেদ (১), (২) ও (৩) এ উল্লিখিত প্রকৃত ব্যবহারকারীগণ কর্তৃক আমদানিকৃত পণ্য আমদানির তারিখ হইতে এক বৎসরের মধ্যে সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিক্রয় করা যাইবে না।
- ১২। প্রবাসী পেশাজীবী কর্তৃক আমদানি।- প্রবাসী বাংলাদেশী পেশাজীবীগণ আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কোন অনুমতি বা পারমিট গ্রহণ ব্যতিরেকে বিদেশে উপার্জিত নিজ অর্থ হইতে মূল্যসীমা নির্বিশেষে নিজ পেশাগত কর্মের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি আমদানি করিতে পারিবেন।
- ব্যাখ্যা।- এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে পেশাজীবী অর্থে ডাক্তার, প্রকৌশলী, বিজ্ঞানী, আইনজীবীসহ সকল শ্রেণীর পেশাজীবিকে বুঝাইবে।
- ১৩। নমুনা, বিজ্ঞাপন সামগ্রী ও উপহার দ্রব্য আমদানি।- (১) প্রতি অর্থ বৎসরে প্রধান নিয়ন্ত্রকের অনুমতি এবং পারমিট ব্যতিরেকেই, বিনা মূল্যে নিম্নবর্ণিত ক্ষেত্রে সিএফআর মূল্যসীমার মধ্যে নমুনা, বিজ্ঞাপন সামগ্রী এবং উপহার দ্রব্য আমদানি করা যাইবে, যথা:-

আমদানিকারকের শ্রেণী	নমুনা, বিজ্ঞাপন সামগ্রী এবং উপহার দ্রব্যাদি	সিএফআর মূল্যসীমা
১	২	৩
ঔষধের আমদানিকারক, তদীয় ইনডেন্টর ও এজেন্ট।	ভেষজ এবং ঔষধাদি।	টাঃ ২,০০,০০০ (দুই লক্ষ) মাত্র।
সকল আমদানিকারক, ইনডেন্টর এবং এজেন্ট	অন্যান্য নমুনা এবং বিজ্ঞাপন সামগ্রী।	টাঃ ২,০০,০০০ (দুই লক্ষ) মাত্র।

বাংলাদেশে নিয়োজিত বিদেশী প্রস্তুতকারকের এজেন্ট	ভোজ্যাগণের নিকট পরিচিতির উদ্দেশ্যে বিক্রয়ের জন্য নতুন ব্র্যান্ডের পণ্য।	টঃ ১,০০,০০০ (এক লক্ষ) মাত্র।
ব্যক্তি/প্রতিষ্ঠান	যথার্থ উপহার সামগ্রী	টঃ ১,০০,০০০ (এক লক্ষ) মাত্র।
	সংশ্লিষ্ট আমদানিকারকের ব্যবসার সহিত জড়িত অন্যান্য সামগ্রীর মধ্যে ডায়েরী, পুস্তিকা, পোষ্টার, দিনপঞ্জি, প্রচারপত্র, কারিগরী পুস্তিকা ও কোম্পানীর নাম মুদ্রিত/খোদাইকৃত বলপেন, চাবির রিং এবং লাইটার বিজ্ঞাপন সামগ্রীর অন্তর্ভুক্ত হইবে।	

- (২) রপ্তানির উদ্দেশ্যে নতুন নতুন ডিজাইনের সামগ্রী উৎপাদনের সুবিধার্থে অথবা বিদেশী ক্রেতাদের পছন্দ অনুসারে স্থানীয়ভাবে মালামাল উৎপাদনের সুবিধার্থে প্রতি অর্থ বৎসরে প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতি ও পারমিট ছাড়া বিনামূল্যে নমুনা আমদানির জন্য বিভিন্ন শ্রেণীর রপ্তানিকারকগণ নিম্নরূপ সুবিধা পাইবেন, যথা :-

ক্রমিক নং	রপ্তানিকারকের শ্রেণী	নমুনা আমদানির বার্ষিক মূল্যসীমা/সর্বোচ্চ সংখ্যা	শর্ত
(১)	(২)	(৩)	(৪)
১।	রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্প	(ক) ক্যাটাগরী প্রতি ১০(দশ)টি করিয়া সর্বোচ্চ ৫০০ (পাঁচশত) টি নমুনা; (খ) তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পুরাতন তৈরী পোষাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে পূর্ববর্তী বৎসরে রপ্তানিকৃত পোষাকে ব্যবহৃত কাপড়ের ১% আমদানি সুবিধা পাইবে; (গ) নতুন কারখানার ক্ষেত্রে অনুমোদিত ক্ষমতার অর্ধেকের জন্য যে পরিমাণ কাপড়/ ফেব্রিক্স/ ইয়ার্ণ/ উল/এক্সক্লিক প্রয়োজন তার ১% আমদানি সুবিধা পাইবে।	-
২।	রপ্তানিমুখী যন্ত্রচালিত জুতা শিল্প	সর্বোচ্চ ২০০ (দুইশত) জোড়া নমুনা।	-
৩।	রপ্তানিমুখী ট্যানারী শিল্প	সর্বোচ্চ ২০০ (দুইশত) পিস পাকা চামড়ার নমুনা।	-
৪।	অন্যান্য রপ্তানিকারক/উৎপাদক	মার্কিন ডলার ১০,০০০ (দশ হাজার) মাত্র।	রপ্তানি উন্নয়ন ব্যুরো হইতে প্রত্যয়নপত্র/ সুপারিশপত্র দাখিল সাপেক্ষে।

- (৩) রপ্তানি অর্ডার সম্পাদনের জন্য এইরূপ নমুনা আমদানির প্রকৃত প্রয়োজন হইলে এবং সংশ্লিষ্ট বিদেশী সরবরাহকারী বিনামূল্যে তাহা সরবরাহ করিতে সম্মত না হইলে, সংশ্লিষ্ট রপ্তানিকারক/ উৎপাদনকারীগণ রপ্তানি উন্নয়ন ব্যুরোর সুপারিশ ও প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতিক্রমে উপরে উল্লিখিত নিজ নিজ মূল্য/পরিমাণের মধ্যে নগদ বৈদেশিক মুদ্রার অধীনে স্বাভাবিক ব্যাংকিং পদ্ধতিতে মূল্য পরিশোধ করিয়াও নমুনা আমদানি করিতে পারিবেন।
- (৪) রপ্তানির উদ্দেশ্যে পণ্য প্রস্তুতের জন্য প্রয়োজনবোধে নিষিদ্ধ বা শর্তযুক্ত দ্রব্যাদিও উপরে উল্লিখিত নিজ নিজ মূল্য/পরিমাণের মধ্যে নমুনা হিসাবে আমদানি করা যাইবে।
- (৫) উপ-অনুচ্ছেদ (১) ও (২) এ বর্ণিত মূল্যসীমার অতিরিক্ত পণ্য আমদানি করার প্রয়োজন হইলে প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতি এবং আমদানি পারমিট গ্রহণ করিতে হইবে।
- (৬) তৈরী অবস্থায় আমদানি নিষিদ্ধ দ্রব্যাদি স্থানীয়ভাবে সংযোজন/উৎপাদনের জন্য প্রয়োজন হইলে সংশ্লিষ্ট সেক্টরের স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতিক্রমে এইরূপ পণ্যের প্রত্যেক প্রকার মডেল অনূর্ধ্ব দুইটি করিয়া বিনামূল্যে আমদানি করা যাইবে। বিদেশী সরবরাহকারীর স্থানীয় এজেন্টগণও টেন্ডারে অংশগ্রহণের জন্য প্রয়োজন হইলে এইরূপ সামগ্রী নমুনা হিসাবে আমদানির অনুরূপ সুবিধা পাইবেন।
- (৭) প্রবাসী বাংলাদেশীগণ কর্তৃক দেশে অবস্থানরত নিজ পরিবারের সদস্যদের ব্যবহারের জন্য অবাণিজ্যিক পরিমাণে প্রেরিত দশ হাজার টাকা মূল্যসীমা পর্যন্ত উপহার সামগ্রী (নিয়ন্ত্রিত তালিকাভুক্ত পণ্যসহ) কোন

প্রকার পারমিট ব্যতিরেকে প্রদেয় শুল্ক ও কর যথারীতি পরিশোধ সাপেক্ষে শুল্ক কর্তৃপক্ষ হইতে সরাসরি ছাড় করা যাইবে এবং উল্লিখিত মূল্যসীমার মধ্যে প্রতি অর্থ বৎসরে আমদানিকৃত কোন একটি পণ্যের সংখ্যা ইলেকট্রনিক্স সামগ্রীর ক্ষেত্রে একটির অধিক এবং অন্যান্য পণ্যের ক্ষেত্রে পাঁচটির অধিক হইবে না।

- ১৪। পুনঃ রপ্তানির জন্য অস্থায়ী আমদানি।- (১) বিদেশী প্রস্তুতকারীগণের এজেন্ট এবং প্রতিনিধিগণ বাংলাদেশে প্রদর্শনের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে তাহাদের প্রিন্সিপাল অথবা প্যারেন্ট কোম্পানীর যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম আমদানি করিতে পারিবেন, যথা:-
- (ক) আমদানিকৃত যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম এক বৎসরের মধ্যে পুনঃ রপ্তানি করিতে হইবে; এবং
- (খ) সময়মত পুনঃরপ্তানি করা হইবে মর্মে প্রত্যয়নপত্র এবং একটি ব্যাংক গ্যারান্টি অথবা আইনগত দলিল যাহা মাল খালাসের সময় আমদানিকারক কর্তৃক দাখিল করিতে হইবে।
- (২) বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অথবা অন্য কোন সুনির্দিষ্ট প্রয়োজনে, ফেরতের ভিত্তিতে, যে সমস্ত সরঞ্জাম/সামগ্রী আমদানি করিবার প্রয়োজন হয়, তাহাতে কোন নিষিদ্ধ কিংবা শর্তযুক্ত পণ্য অন্তর্ভুক্ত থাকিলে ঐ সকল পণ্য প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতিক্রমে/পুনঃরপ্তানির জন্য অস্থায়ী ভিত্তিতে আমদানি করা যাইবে।
- (৩) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত পুনঃরপ্তানির জন্য আমদানিকৃত সরঞ্জাম/সামগ্রী যে কোন স্থানীয় ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতিক্রমে রেয়াতি শুল্কে হস্তান্তর করা যাইবে।
- (৪) অন্ট্রাপো বাণিজ্যের লক্ষ্যে আমদানি- আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে প্রদত্ত Import permit on returnable basis এর মাধ্যমে ক্রেতা কর্তৃক প্রদেয় ব্যাক-টু-ব্যাংক ঋণপত্রের বিপরীতে অন্ট্রাপো বাণিজ্যের নিমিত্ত পণ্য আমদানি করা যাইবে এবং উক্তরূপ অন্ট্রাপো আমদানির ক্ষেত্রে পণ্যের ঘোষণায় অন্ট্রাপো বা সাময়িক আমদানি (Temporary Import) কথাটি উল্লেখ থাকিতে হইবে।
- (৫) আমদানি ও রপ্তানি বন্দর একই হইলে আমদানিকৃত পণ্য বন্দরের বাহিরে নেওয়া যাইবে না।
- (৬) আমদানি ও রপ্তানি বন্দর ভিন্ন হইলে ডিউটি ড্র-ব্যাংকের আওতায় শুল্ককর পরিশোধ অথবা ১০০% ব্যাংক গ্যারান্টির বিপরীতে শুল্ক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রপ্তানি বন্দরে স্থানান্তরপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে পণ্য রপ্তানি করিতে হইবে।
- (৭) পুনঃ রপ্তানির লক্ষ্যে আমদানি- আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে প্রদত্ত Import permit on returnable basis এর মাধ্যমে ক্রেতা কর্তৃক প্রদেয় রপ্তানি ঋণপত্রের বিপরীতে ডিউটি ড্র ব্যাংকের আওতায় শুল্ককর পরিশোধ অথবা ১০০% ব্যাংক গ্যারান্টি অথবা বন্ডেড ওয়্যার হাউজ এর আওতায় ১০০% রপ্তানির উদ্দেশ্যে যে কোন পণ্য আমদানি করা যাইবে।
- (৮) পুনঃ রপ্তানি পণ্যের প্যাকেট বা মোড়কে “বাংলাদেশে প্রক্রিয়াকৃত” বলিয়া উল্লেখ করিতে হইবে এবং পণ্যের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ, প্যাকিং-এর তারিখ, প্যাকিং-এর মধ্যে কি আছে তাহা প্রতিটি পাত্র/কন্টেইনার/মোড়কের গায়ে লিপিবদ্ধ/ছাপানো থাকিতে হইবে।
- (৯) আমদানিকৃত পণ্য পুনঃ রপ্তানির ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল পদ্ধতি ও আনুষ্ঠানিকতা পালন করিতে হইবে।
- (১০) মেশিনারী, ইকুইপমেন্ট বা সিলিন্ডার মেরামত, রি-ফিলিং বা মেইনটেন্যান্স ইত্যাদির জন্য বিদেশে প্রেরণের ক্ষেত্রে পণ্যের সমমূল্যের ব্যাংক গ্যারান্টি প্রদান করতঃ আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হইতে রপ্তানি-কাম-আমদানি পারমিট বা অনুমতি গ্রহণ করিতে হইবে।
- (১১) উপ-অনুচ্ছেদ (১০) এর বিধানাবলী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং উক্তরূপ প্রযোজ্যতার ক্ষেত্রে পোষক কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে।
- (১২) বিদ্যুৎ উৎপাদনে সক্ষম টারবাইন (গিয়ারবক্স সহ বা ছাড়া) বা সমজাতীয় মেশিনারীর ক্ষেত্রে টারবাইন উৎপাদনকারী অথবা ওভারহোল্ডকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত/ ঋণপত্র মোতাবেক টারবাইন (গিয়ার বক্সসহ বা ছাড়া) ও অন্যান্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি করতঃ উহা প্রতিস্থাপন (Replacement) পূর্বক মেয়াদ উত্তীর্ণ টারবাইন (গিয়ার বক্সসহ বা ছাড়া) সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি করিবার জন্য আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হইতে রপ্তানি কাম আমদানি পারমিট এর অনুমতি গ্রহণ করিতে হইবে। এইক্ষেত্রে ওভারহোল্ডকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি মোতাবেক সার্ভিস চার্জ/প্রতিস্থাপন ব্যয় ঋণপত্র প্রতিষ্ঠান মাধ্যমে পরিশোধ করিয়া প্রদান করা যাইবে।

(১৩) (ক) তৈরী পোশাক রপ্তানির পর ক্রটিপূর্ণ হওয়ায় তাহা ফেরত আসিলে বন্দর হইতে খালাস ও পুনঃরপ্তানির ক্ষেত্রে:

(অ) বন্ডেড ওয়্যারহাউসের ক্ষেত্রে যে সকল তৈরী পোশাক রপ্তানি করা হইয়াছে তাহা ক্রটিযুক্ত হওয়ায় অথবা অন্য কোন কারণে উহা ফেরত আসার প্রেক্ষিতে বন্দর হইতে খালাস ও পুনঃ রপ্তানির ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে প্রধান নিয়ন্ত্রক কর্তৃক তাহা খালাস ও পুনঃ রপ্তানির জন্য ছাড়পত্র প্রদান করা হইবে;

(আ) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স বিহীন অথবা স্থানীয় কাঁচামাল ব্যবহারপূর্বক রপ্তানিকৃত ক্রটিযুক্ত তৈরী পোশাক ফেরত আসিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ১ (এক) বৎসরের মধ্যে পুনঃ রপ্তানি করার অঙ্গীকার নামার ভিত্তিতে প্রধান নিয়ন্ত্রকের ছাড়পত্র গ্রহণপূর্বক রপ্তানিকৃত পণ্য ফেরত আনিতে পারিবেন। তবে, অঙ্গীকারনামা অনুযায়ী পণ্য পুনঃরপ্তানি করিতে ব্যর্থ হইলে প্রচলিত মূসক আইন অনুযায়ী স্থানীয় পর্যায়ে মূসক প্রদান সাপেক্ষে মূসক-১১ অনুযায়ী গৃহীত রেয়াতের সমপরিমাণ মূসক পরিশোধ সাপেক্ষে (শুধুমাত্র স্থানীয় কাপড়ের ক্ষেত্রে) স্থানীয় বাজারে বিক্রয় করিতে পারিবেন।

(খ) ক্রটিযুক্ত কাপড় ফেরত প্রদানের ক্ষেত্রে:

(অ) যে সকল ক্রটিযুক্ত কাপড় সরবরাহকারী/রপ্তানিকারক কর্তৃক ফেরত নিতে আগ্রহী এবং বাংলাদেশ হইতে কোন বৈদেশিক মুদ্রা প্রেরণ করা হয় নাই সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে প্রধান নিয়ন্ত্রক পুনঃ রপ্তানির জন্য ছাড়পত্র প্রদান করিবেন;

(আ) যে সকল ক্রটিযুক্ত কাপড় সরবরাহকারী/রপ্তানিকারক ফেরত নিতে আগ্রহী এবং বাংলাদেশ হইতে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করা হইয়া থাকিলে ক্রেতা-বিক্রেতার (Buyer-seller) এর দ্বিপাক্ষিক সম্মতিতে ইনভেন্টরি (Inventory) প্রস্তুতের ভিত্তিতে ক্রটিযুক্ত কাপড়ের পরিমাণ নির্দিষ্ট করতঃ তৎবাবদ বৈদেশিক মুদ্রা টি, টি (TT) অথবা এল, সি এর মাধ্যমে মূল্য পরিশোধ অথবা সমপরিমাণ পণ্য প্রতিস্থাপনের পর সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে প্রধান নিয়ন্ত্রক ক্রটিযুক্ত কাপড় পুনঃ রপ্তানির ছাড়পত্র প্রদান করিবেন।

(১৪) ওয়ারেন্ট রিপ্রেসমেন্ট হিসাবে পণ্যাদি আমদানি এবং তদপ্রেক্ষিতে ক্রটিপূর্ণ মালামাল সংশ্লিষ্ট সরবরাহকারীর নিকট ফেরত প্রদানের জন্য আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নিকট হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে।

১৫। রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় (ই.পি.জেড) আমদানি এবং উক্ত এলাকা হইতে রপ্তানি।- (১) রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় আমদানি এবং উক্ত স্থান হইতে রপ্তানি এই আদেশের বহির্ভূত থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, এই আদেশের পরিশিষ্ট-১ এ বর্ণিত নিষিদ্ধ পণ্যাদি আমদানি করা যাইবে না এবং পরিবেশ ও জনস্বাস্থ্য সংক্রান্ত বিধি-নিষেধ আবশ্যিকভাবে প্রতিপালন করিতে হইবে।

(২) রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় বাংলাদেশের বাহিরে অন্য কোন দেশ হইতে আমদানি অথবা তথা হইতে বিদেশে রপ্তানি সম্পর্কিত ব্যাংকিং ও শুল্ক পদ্ধতি যথাক্রমে বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশাবলী দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৩) রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় আমদানি এবং উক্ত এলাকা হইতে রপ্তানি বিষয়ক সকল পরিসংখ্যান সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক রক্ষিত হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৫) এবং (৬) এ উল্লিখিত ব্যতিক্রম সাপেক্ষে রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকা এবং উক্ত এলাকার বাহিরে বাংলাদেশের অন্য যে কোন স্থানের মধ্যে পণ্য চলাচল প্রচলিত আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ রেগুলেশন অনুযায়ী নিয়ন্ত্রিত হইবে।

(৫) ই,পি,জেড, এলাকায় ব্যবহারের জন্য বাংলাদেশের অভ্যন্তর হইতে ক্রয় করিবার প্রয়োজন আছে এইরূপ পণ্যের তালিকা ই,পি,জেড কর্তৃপক্ষ কর্তৃক প্রণয়ন করিবার পর, জাতীয় রাজস্ব বোর্ডের অনাপত্তি সাপেক্ষে, বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে। উক্ত তালিকায় যে কোন পরিবর্তন বা সংশোধন একই পদ্ধতিতে করা যাইবে। এই তালিকা মোতাবেক বাংলাদেশের অভ্যন্তর হইতে পণ্য ক্রয়

বাবদ ই,পি,জেড এলাকায় অবস্থিত শিল্পসমূহকে তাহাদের বৈদেশিক মুদ্রার একাউন্ট হইতে কনভার্টিবল মুদ্রায় মূল্য পরিশোধ করিতে হইবে। প্রতি বৎসর, প্রতি অর্থ বৎসর বা প্রতি তিন মাস সময়কালে স্থানীয়ভাবে কত টাকার দ্রব্যাদি ক্রয় করা যাইবে তাহা উল্লেখক্রমে ই,পি, জেড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিল্প ইউনিটের অনুকূলে একটি পাস বুক ইস্যু করিবে। পাস বুকের প্রোফরমা ও হিসাব পদ্ধতি ই,পি, জেড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের সহিত আলোচনাক্রমে ঠিক করিবেন। এইভাবে একটি পাস বুক মূল্যসীমা শেষ হইয়া গেলে ই,পি, জেড কর্তৃপক্ষ নূতন মূল্যসীমা এনডোর্স করিবে অথবা নূতন পাস বুক ইস্যু করিবে।

- (৬) ই,পি,জেড এলাকার যে সকল যন্ত্রপাতি মেরামতের জন্য এলাকার বাহিরে আনার প্রয়োজন হইবে সেইগুলির জন্য ই,পি, জেড কর্তৃপক্ষ প্রয়োজনীয় “ইন পাস” ও “আউট পাস” ইস্যু করিবে। এই পাসের ভিত্তিতে শুল্ক কর্তৃপক্ষ যথাযথ রেজিস্টারে এন্ট্রি করিয়া সেইগুলি মেরামতের উদ্দেশ্যে বাহিরে আনিবার ও মেরামত শেষে ভিতরে নিবার অনুমতি প্রদান করিবে। তবে বাহিরে ও ভিতরে আনা-নেওয়ার হিসাব ও ডকুমেন্টেশন পদ্ধতি ই,পি, জেড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের সহিত আলোচনার মাধ্যমে স্থির করিবে।

১৬। মানুষের খাদ্য দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে প্রযোজ্য শর্তাদি।- (১) যে কোন দেশে উৎপন্ন দুগ্ধ, দুগ্ধজাত খাদ্য দ্রব্যাদি, ভোজ্য তৈল ও অন্যান্য খাদ্য সামগ্রী আমদানির ক্ষেত্রে তাহাদের পারমাণবিক তেজস্ক্রিয়তা পরীক্ষা বাধ্যতামূলক। এই ক্ষেত্রে রপ্তানিকারক দেশের সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদ আমদানি সংক্রান্ত দলিলের সাথে শুল্ক কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে। আমদানিকৃত দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যদ্রব্য মেলামাইন ও ভারী ধাতুমুক্ত এবং হরমোনবিহীন রহিয়াছে মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আমদানিকারককে অবশ্যই শুল্ক কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে। উল্লেখ্য যে, যে সমস্ত সবজি বীজ সরাসরি খাদ্য হিসাবে ব্যবহৃত হইতে পারে সেই সমস্ত সবজি বীজ আমদানির ক্ষেত্রেও উপরোক্ত বিধান প্রযোজ্য হইবে।

- (২) যে কোন দেশ হইতে খাদ্য দ্রব্য আমদানির ক্ষেত্রে শিপিং ডকুমেন্টের সহিত রপ্তানিকারক দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তেজস্ক্রিয়তা পরীক্ষণ প্রতিবেদন বাধ্যতামূলকভাবে থাকিতে হইবে এবং এই প্রতিবেদন তেজস্ক্রিয়তা পরীক্ষায় আমদানিতব্য দ্রব্যাদির জাহাজীকরণ অবস্থায় প্রতি কিলোগ্রাম সিজিয়াম-১৩৭ এর মাত্রা কি পরিমাণ পাওয়া গিয়াছে তাহা উল্লেখ করিতে হইবে। অবশ্য ইহা ছাড়াও খাদ্যদ্রব্য মানুষ-এর খাওয়ার উপযোগী এই সাধারণ সার্টিফিকেটও প্রয়োজন হইবেঃ

তবে শর্ত থাকে যে, উল্লিখিত খাদ্যদ্রব্য আমদানির ক্ষেত্রে লোডিং পোর্ট হইতে জাহাজজাত খাদ্যসামগ্রীর নমুনা সংগ্রহ করিয়া প্রেরণ করিবার প্রয়োজন হইবে না।

- (৩) যে কোন দেশ হইতে আমদানিতব্য এই অনুচ্ছেদে উল্লিখিত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তার পর্যায়ে পরীক্ষার ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে, যথা:-

(ক) আমদানিতব্য উল্লিখিত খাদ্যসামগ্রী জাহাজীকরণের পূর্বে সরবরাহকারীর পরীক্ষণ এজেন্ট অথবা ক্রেতা/প্রাপকের পরীক্ষণ এজেন্ট এই সমস্ত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তার পর্যায় পরীক্ষা করাইবার বন্দোবস্ত করিবেন;

(খ) ক্রেতা/প্রাপক বা তাহার পরীক্ষণ এজেন্ট উপরোক্ত পণ্যবাহী কোন জাহাজ বাংলাদেশী বন্দরে আগমনের পূর্বেই তেজস্ক্রিয়তা পরীক্ষণ সম্পর্কিত প্রত্যয়নপত্র কুরিয়ার সার্ভিস যোগে শুল্ক কর্তৃপক্ষের নিকট পাঠাইবার ব্যবস্থা করিবেন;

(গ) তেজস্ক্রিয়তার মাত্রা নির্ধারিত সর্বোচ্চ গ্রহণযোগ্য সীমা অপেক্ষা অধিক হইলে উক্ত খাদ্যসামগ্রী জাহাজীকরণ করা যাইবে না;

(ঘ) যে সমস্ত খাদ্য ইউরোপীয় দেশে উৎপন্ন নহে এবং তৃতীয় কোন দেশে প্যাকেটজাত/টিনজাত অথবা জাহাজজাতও নহে সে সমস্ত খাদ্যসামগ্রী আমদানির ক্ষেত্রে তেজস্ক্রিয়তা পরীক্ষা সম্পর্কিত প্রত্যয়নপত্র কুরিয়ার সার্ভিসযোগে শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবার প্রয়োজন হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, আমদানিতব্য খাদ্যসামগ্রীর তেজস্ক্রিয়তা পরীক্ষণের একটি প্রতিবেদন দাখিল করিতে হইবে যাহাতে তেজস্ক্রিয়তা পরীক্ষায় আমদানিতব্য দ্রব্যাদির প্রতি কিলোগ্রামে সিজিয়াম-১৩৭ কি মাত্রায় পাওয়া গিয়াছে মর্মে উল্লেখ থাকিতে হইবে; এবং

- (ঙ) উক্ত খাদ্যসামগ্রী যে মানুষের খাওয়ার উপযোগী সেই মর্মে সার্টিফিকেট, বিল অব লোডিং (বি,এল) এর সঙ্গে প্রেরণ করিতে হইবে।

- (৪) উপ-অনুচ্ছেদ (২) এবং দফা (৩) এ বর্ণিত শর্তাদি সন্তোষজনকভাবে পূরণ করার পরই শুদ্ধ বিভাগ ও বন্দর কর্তৃপক্ষ জাহাজ হইতে সংশ্লিষ্ট মাল জেটিতে নামাইবার অনুমতি প্রদান করিবেন।
- (৫) জাহাজ বন্দরে পৌঁছবার পর-
- (ক) আমদানিকারকের প্রতিনিধি এবং বন্দর কর্তৃপক্ষ (বন্দর এলাকা হইতে নমুনা সংগ্রহের ক্ষেত্রে) অথবা জাহাজের মাস্টার (বহির্নোংগর বা মুরিং-এ জাহাজ থাকিবার ক্ষেত্রে সেখানে স্পেশাল এপ্রেইজমেন্ট করা হইবে) এর উপস্থিতিতে শুদ্ধ কর্তৃপক্ষ জাহাজযোগে প্রেরিত মালামালের প্রয়োজনীয় সংখ্যক নমুনা সংগ্রহ করিবেন এবং নমুনা যথাযথভাবে প্যাকিং করিবার পর উহার সহিত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক নির্দেশিত প্রোফরমা সম্বলিত হার্ডবোর্ডের একটি ট্যাগ লাগাইবেন;
- (খ) উক্ত ট্যাগে নমুনা সংগ্রহে জড়িত কাস্টমস কর্তৃপক্ষ, আমদানিকারকদের প্রতিনিধি, বন্দর কর্তৃপক্ষ ও জাহাজের মাস্টারের স্বাক্ষর সুস্পষ্ট থাকিতে হইবে;
- (গ) এইভাবে প্যাকিং-এর পর ট্যাগসহ নমুনাটি সংগ্রহকারী কাস্টমস কর্মকর্তা কাস্টমস নমুনারূমে পাঠাইয়া দিবেন;
- (ঘ) নমুনা রুমের দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তা সকল নমুনার যথাযথ রেকর্ড রাখিবেন এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের কর্মকর্তা/কর্মচারীর নিকট যথাযথ রেকর্ড রক্ষণ ও স্বাক্ষর গ্রহণ সাপেক্ষে হস্তান্তর করিবেন;
- (ঙ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন পরবর্তী চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ সকল নমুনা পরীক্ষণের ফলাফল নমুনা রূমে হস্তান্তর করিবার ব্যবস্থা করিবেনঃ
- তবে শর্ত থাকে যে, কোন নমুনা অফিস সময়ের পর সংগৃহীত হইলে তাহা দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তার ব্যক্তিগত তদারকিতে থাকিবে এবং পর দিন অফিস খোলার সঙ্গে সঙ্গে তিনি তাহা নমুনা রূমে হস্তান্তর করিবেন;
- (চ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রতিনিধি যথাযথ খবর সাপেক্ষে সকাল বেলায় নমুনারূম হইতে ঐ নমুনা সংগ্রহ করিবেন এবং প্রয়োজনীয় পরীক্ষণ শেষে পরীক্ষণ ফলাফল রিপোর্ট কাস্টমস- এর নমুনা রূমে পাঠানোর ব্যবস্থা করিবেন;
- (ছ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রতিনিধি নমুনা রূম হইতে দিনে দুইবার অর্থাৎ সকাল ও বিকালে নমুনা সংগ্রহ করিবেন।
- (৬) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের পরীক্ষায় আমদানিকৃত খাদ্যদ্রব্যে তেজস্ক্রিয়তার মাত্রা গ্রহণযোগ্য সীমার উর্ধ্বে প্রমাণিত হইলে প্রেরিত মালামাল খালাস করা হইবে না এবং রপ্তানিকারক/সরবরাহকারী উহা নিজ ব্যয়ে ফেরত লইতে বাধ্য থাকিবেন।
- (৭) উপ-অনুচ্ছেদ (৩), (৪) এবং (৫) এ বর্ণিত পরীক্ষণ পদ্ধতি যে কোন দেশে উৎপন্ন দুগ্ধ, দুগ্ধ খাদ্য, দুগ্ধজাত দ্রব্যাদি, মৎস্যজাত খাদ্য-দ্রব্যাদি, ভোজ্য তেল ও অন্যান্য খাদ্যসামগ্রী ভিন্ন কোন দেশে টিনজাত/প্যাকেটজাত বা জাহাজীকরণ করা হইলে সেই ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।
- (৮) উপ-অনুচ্ছেদ (৩), (৪), (৫) এবং (৬) এ বর্ণিত শর্তগুলি সংশ্লিষ্ট এল, সি/ক্রয় চুক্তিতে সন্নিবেশিত হইবে।
- (৯) আমদানিকৃত খাদ্যসামগ্রী বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক পরীক্ষার পর উহার তেজস্ক্রিয়তা গ্রহণযোগ্য সীমার মধ্যে রহিয়াছে এইরূপ প্রত্যয়নপত্র পাওয়ার পরই কেবল শুদ্ধ কর্তৃপক্ষ যথা নিয়মে তাহা ছাড় করিবার অনুমতি দিবেন।
- (১০) উপ-অনুচ্ছেদ (১) এবং (৯) এ যাহা কিছুই থাকুক না কেন, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায় উৎপন্ন এবং মালয়েশিয়া, সিংগাপুর ও ইন্দোনেশিয়া হইতে আমদানিকৃত বা আমদানিতব্য পাম অয়েল, পামগুলিন ও আরবিডি পাম স্টিয়ারিনের কোন তেজস্ক্রিয়তা পরীক্ষার প্রয়োজন হইবে নাঃ
- তবে শর্ত থাকে যে, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন মাঝে মাঝে বাজার হইতে উক্ত দ্রব্যাদির নমুনা সংগ্রহ করিয়া পরীক্ষা করিবে এবং তাহাতে ক্ষতিকর মাত্রার তেজস্ক্রিয়তা পাওয়া গেলে ঐ সিদ্ধান্ত পরিবর্তন করা হইবে।
- (১১) আমদানিকৃত আরবিডি পাম স্টিয়ারিনের বিশুদ্ধতা নির্ণয়ের জন্য বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)/বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) কর্তৃক

পরীক্ষা করাইতে হইবে। এই উদ্দেশ্যে শুষ্ক কর্তৃপক্ষ, বন্দর কর্তৃপক্ষ, আমদানিকারক ও তাহার প্রতিনিধির উপস্থিতিতে আরবিডি পাম স্টিয়ারিনের নমুনা সংগ্রহ করিবে এবং তাহা সীল করিয়া বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন /বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ঢাকা অথবা চট্টগ্রাম-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষার জন্য প্রেরণ করিবে। বিএসটিআই/বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আমদানিকৃত উক্ত দ্রব্যাদির নমুনা ত্বরিত পরীক্ষার ব্যবস্থা করিবেন এবং তাহা আমদানি দলিলে উল্লিখিত আরবিডি পাম স্টিয়ারিন কিনা সেই সম্পর্কে একটি বিশেষজ্ঞ প্রতিবেদন প্রদান করিবেন। বিএসটিআই/বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ উক্ত প্রতিবেদন শুষ্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

- (১২) আমদানিকৃত/আমদানিতব্য উল্লিখিত খাদ্য দ্রব্যাদির তেজস্ক্রিয়তার পর্যায় পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয় আমদানিকারক বহন করিবেন। আমদানিকৃত/আমদানিতব্য আরবিডি পাম স্টিয়ারিন, বিএসটিআই/বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ কর্তৃক পরীক্ষণ সংক্রান্ত ব্যয়ও আমদানিকারক বহন করিবেন।
- (১৩) সিগারেট, সিগারেট পেপার, পাইপের তামাক, হুইস্কি, বিয়ার ও অন্যান্য মদ জাতীয় পানীয়, কনসেনট্রেটেড এসেস, মশলা, ঔষধ আমদানির ক্ষেত্রে কোন তেজস্ক্রিয়তা পরীক্ষার প্রয়োজন হইবে না।
- (১৪) আমদানিকৃত/আমদানিতব্য যে সমস্ত খাদ্যের তেজস্ক্রিয়তার সীমা এবং পরীক্ষণ পদ্ধতি খাদ্য মন্ত্রণালয় নির্ধারণ করিয়াছে সেই সকল খাদ্য দ্রব্যের ক্ষেত্রে এই আদেশে উল্লিখিত পদ্ধতি প্রযোজ্য হইবে না। খাদ্য মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পদ্ধতিই সেই সমস্ত দ্রব্যের ক্ষেত্রে অনুসৃত হইবে।
- (১৫) দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্য দ্রব্যের সর্বোচ্চ গ্রহণযোগ্য তেজস্ক্রিয়তার সীমা প্রতি কিলোগ্রামে সিজিয়াম-১৩৭ এর ৯৫ বি. কিউ এবং অন্যান্য খাদ্যদ্রব্যের জন্য সর্বোচ্চ গ্রহণযোগ্য তেজস্ক্রিয়তার সীমা প্রতি কিলোগ্রাম সিজিয়াম-১৩৭ এর ৫০ বি. কিউ। আমদানিকৃত দ্রব্যাদিতে বিদ্যমান সিজিয়াম-১৩৭ এর তেজস্ক্রিয়তার কোন প্রকার তরলীকরণ, ঘনীভূতকরণ, বা প্রক্রিয়াকরণ ব্যতিরেকে যে অবস্থায় বন্দরে পৌঁছাবে তদবস্থায়ই বিবেচ্য হইবে। স্থানীয় দ্রব্যাদির ক্ষেত্রে বাজারজাত অবস্থায় সিজিয়াম-১৩৭ এর তেজস্ক্রিয়তার পরিমাণ ধরা হইবে। এই সর্বোচ্চ গ্রহণযোগ্য তেজস্ক্রিয়তার সীমা সরকার কর্তৃক সময় সময় পুনঃ নির্ধারিত হইতে পারিবে।
- (১৬) সার্কভুক্ত, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় দেশসমূহ হইতে সরাসরি চাউল, গম, অন্যান্য খাদ্যশস্য এবং খাদ্যদ্রব্য আমদানির ক্ষেত্রে তেজস্ক্রিয়তা পরীক্ষা সংক্রান্ত উপরোক্ত বাধ্যবাধকতা নিম্নবর্ণিত শর্তাদি পালন সাপেক্ষে শিথিলযোগ্য হইবে, যথা:-
- (ক) আমদানিকৃত চাউল, গম, অন্যান্য খাদ্যশস্য এবং খাদ্যদ্রব্য সার্কভুক্ত বা দক্ষিণ-পূর্ব এশীয় কোন দেশে উৎপন্ন হইতে হইবে এবং আমদানি সংক্রান্ত দলিলাদির সঙ্গে রপ্তানিকারক দেশের সংশ্লিষ্ট সরকারি বা অনুমোদিত সংস্থা কর্তৃক ইস্যুকৃত উৎস দেশ সংক্রান্ত সনদপত্র (সার্টিফিকেট অব অরিজিন) শুষ্ক কর্তৃপক্ষের নিকট দাখিলকরণ;
- (খ) আমদানিকৃত চাউল, গম, অন্যান্য খাদ্যশস্য এবং খাদ্যদ্রব্যের মান ও গুণাগুণ মানুষের খাওয়ার উপযোগী এবং সর্বপ্রকার ক্ষতিকারক জীবাণুমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের সরকারি বা অনুমোদিত সংস্থা কর্তৃক প্রত্যয়নপত্র শুষ্ক কর্তৃপক্ষ ও সংগনিরোধ কর্মকর্তার (Quarantine Officer) নিকট প্রদান;
- (গ) সার্কভুক্ত দেশসমূহ হইতে দ্রুত পঁচনশীল খাদ্য সামগ্রী যথা- তাজা ফলমূল, মাছ, শাকসবজি ইত্যাদি আমদানির ক্ষেত্রে রপ্তানিকারক দেশের সরকার বা সংস্থা কর্তৃক প্রদত্ত তেজস্ক্রিয়তা সংক্রান্ত সনদ দাখিল করা; এবং
- (ঘ) পঁচনশীল খাদ্যসামগ্রী হিসাবে বিদেশ হইতে হিমায়িত মাংস ও সামুদ্রিক খাদ্য আমদানির ক্ষেত্রে শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট ব্যাংক গ্যারান্টির বিপরীতে আমদানিকারকের জিম্মায় তাহার ওয়্যারহাউজে সাময়িকভাবে রাখা যাইবে।
- (১৭) দুগ্ধজাত খাদ্য (মিল্ক ফুড) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এইচ এস হেডিং নম্বর ০৪.০২ বা ১৯.০১ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোডে উল্লিখিত দুগ্ধজাত খাদ্য, ননীযুক্ত শিশু খাদ্যসহ সকল প্রকার দুগ্ধজাত খাদ্য সামগ্রী আমদানি করা যাইবে, যথা:-

- (ক) দুগ্ধজাত শিশুখাদ্য খুচরা মোড়কে ২.৫ কেজি পর্যন্ত কেবল টিনসহ বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box এ আমদানি করিতে হইবে;
- (খ) ননীযুক্ত দুগ্ধজাত খাদ্য খুচরা মোড়কে ২.৫ কেজি পর্যন্ত টিন বা Bag in Box পাতে আমদানি করিতে হইবে;
- (গ) বিনিয়োগ বোর্ড বা বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন বা পরিচালক জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (আইপিএইচএন) কর্তৃক স্বীকৃত প্যাকিং বা ক্যানিং সেক্টরের স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক স্থানীয়ভাবে মোড়কজাতকরণের (খুচরা) উদ্দেশ্যে বৃহৎ বায়ুরুদ্ধ (Hermetic Container) মোড়কে ননীযুক্ত দুগ্ধজাত খাদ্য ও শিশুখাদ্য আমদানি করিতে হইবে;
- (ঘ) আমদানিকৃত ননীযুক্ত দুগ্ধজাত খাদ্য ও শিশু খাদ্য টিন বা বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box-এর উপর দৃশ্যমান স্থানে “মায়ের দুধের বিকল্প নাই” কথাটি বাংলায় সুস্পষ্টভাবে ও অপেক্ষাকৃত বড় হরফে লিখিত থাকিতে হইবে;
- (ঙ) মিল্ক ফুডের টিন বা বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box এর উপর দুধের উপাদান এবং বিভিন্ন উপকরণের আনুপাতিক হার বাংলায় লিখিত থাকিতে হইবে;
- (চ) প্রতিটি টিনসহ বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box এর গায়ে মিল্ক ফুড প্রস্তুতের তারিখ ও মানুষের খাদ্য হিসাবে ব্যবহারের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ বাংলা বা ইংরেজীতে সুস্পষ্টভাবে এমবুস অথবা অমোচনীয় কালি দ্বারা কম্পিউটারাইজড প্রিন্টিং করা থাকিতে হইবে;
- (ছ) প্রতিটি টিনসহ বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box এর গায়ে মিল্ক ফুড এর প্রকৃত ওজন (নেট ওয়েট) বাংলা বা ইংরেজীতে লিখিত থাকিতে হইবে। ইহা ছাড়া দুগ্ধ ও দুগ্ধজাত শিশুখাদ্য আমদানির ক্ষেত্রে পরিচালক জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (IPHN) কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর স্পষ্ট অক্ষরে প্রতিটি টিন/ টিনসহ বায়ুরুদ্ধ মোড়ক/ Bag in Box এর গায়ে উল্লেখ থাকিতে হইবে;
- (জ) দফা (ঘ), (ঙ), (চ) এবং (ছ) এ বর্ণিত শর্তাবলী টিনসহ বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box এর গায়ে এমবুস করা থাকিতে হইবে এবং উহা কোনক্রমেই পৃথকভাবে লেবেল ছাপাইয়া টিনসহ বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box এর গায়ে লাগানো যাইবে না; এবং
- (ঝ) শিশু খাদ্যের অর্থাৎ যাহাতে ১৯% পর্যন্ত ফ্যাট জাতীয় দ্রব্য থাকে সেই ক্ষেত্রে প্রতিটি টিনসহ বায়ুরুদ্ধ মোড়ক বা Bag in Box এর মধ্যে মাপিবার চামচও সরবরাহ করিতে হইবে।
- (১৮) ননীবিহীন গুঁড়াদুধ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানি করা যাইবে, যথা:-
- (ক) বস্তায় অথবা টিনের সীলযুক্ত প্যাকিংয়ে;
- (খ) রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত বিশ্লেষণ সনদ পেশকরণ এবং উক্ত সনদে এই মর্মে একটি ঘোষণা বিবৃত থাকিতে হইবে যে, আমদানিকৃত গুঁড়া দুধ মানুষের খাওয়ার জন্য যোগ্য;
- (গ) বস্তা বা টিন বা পাত্রের উপর দুধ তৈয়ারীর তারিখ ও মানুষের খাওয়ার উপযোগিতার মেয়াদ শেষ হওয়ার তারিখ লিপিবদ্ধ করিতে হইবে;
- (ঘ) দুগ্ধজাত খাদ্য ও গুঁড়া দুধ আমদানির ক্ষেত্রে তেজস্ক্রিয়তার মাত্রা নির্ধারণের জন্য প্রাক-জাহাজীকরণ পরীক্ষণ (প্রি-শিপমেন্ট ইন্সপেকশন) এবং তেজস্ক্রিয়তার মাত্রা সরকার কর্তৃক অনুমোদিত সীমার মধ্যে থাকিলেই কেবল উহা জাহাজজাত করা যাইবে এবং এতদসংক্রান্ত পরীক্ষণ রিপোর্ট শিপিং ডকুমেন্ট হিসাবে অন্যান্য কাগজপত্রের সহিত সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে; এবং
- (ঙ) আমদানিকৃত দুগ্ধজাত খাদ্য ও গুঁড়াদুধ দেশে পৌঁছবার পর ছাড় করিবার পূর্বে দ্বিতীয়বার তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষা করা হইবে এবং তাহা গ্রহণযোগ্য ও অনুমোদিত সীমার মধ্যে পাওয়া গেলেই শুধু ছাড় করিতে দেওয়া হইবে। আমদানিকৃত দুগ্ধজাত খাদ্য ও গুঁড়া দুধ দেশে পৌঁছবার পর ইহার তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষার এই আদেশে বর্ণিত পদ্ধতি যথারীতি প্রযোজ্য হইবে।

(১৯) সকল প্রকার খাদ্য ও পানীয় আমদানির ক্ষেত্রে উৎপাদনের তারিখ ও মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ প্রতিটি পাত্র বা কন্টেইনার বা মোড়কের গায়ে সুস্পষ্টভাবে এমবুস থাকিতে হইবে এবং পৃথকভাবে লেবেল ছাপাইয়া তাহা মোড়ক বা পাত্র বা কন্টেইনারের গায়ে লাগানো যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, মেয়াদ উত্তীর্ণ খাদ্যদ্রব্য কোন ক্রমেই আমদানি করা যাইবে না।

- (২০) মদ্য জাতীয় পানীয় আমদানির ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ উল্লেখ করিবার প্রয়োজন নাই।
- (২১) সংরক্ষিত খাদ্যে preservative, additive এবং রং ব্যবহার করিলে উহার মাত্রা ও বিবরণ উল্লেখ থাকিতে হইবে এবং পৃথকভাবে লেবেল লাগানো যাইবে না। এইরূপ ক্ষেত্রে এমবুস করিতে হইবে।
- (২২) খাদ্য ও পানীয় প্রস্তুতে ব্যবহার্য কাঁচামালসমূহের মধ্যে যেইগুলি নির্দিষ্ট মেয়াদান্তে ব্যবহার অনুপযোগী হইয়া পড়ে সেই সকল পণ্য আমদানির ক্ষেত্রেও উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ পাত্র বা কন্টেইনার বা মোড়কের গায়ে লিখিত বা মুদ্রিত থাকিতে হইবে।
- (২৩) আমদানিকৃত সকল খাদ্যদ্রব্য (সরাসরি খাওয়া/পান করা যায় বা প্রক্রিয়াকরণের পরে খাদ্য বা পানীয় হিসাবে ব্যবহৃত হয়) আমদানির ক্ষেত্রে উৎস নির্বিশেষে এইরূপ খাদ্যদ্রব্য ক্ষেত্র অনুসারে কোন বয়সের মানুষের খাওয়ার উপযোগী তাহা উল্লেখসহ “মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নয়”, “ক্ষতিকর কোন দ্রব্য মিশ্রিত নাই” এবং “সর্বপ্রকার জীবানুমুক্ত” মর্মে রপ্তানিকারক দেশের সরকার বা সরকার অনুমোদিত উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র শিপিং ডকুমেন্টের সহিত অবশ্যই সংযোজন করিতে হইবে।
- (২৪) বাংলাদেশে খাদ্যদ্রব্য আমদানির ক্ষেত্রে আমদানিকারক উক্ত খাদ্যদ্রব্যের মধ্যে অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (২৮) এ প্রদত্ত অন্তর্ভুক্ত খাদ্যদ্রব্যেও প্রয়োজনীয় সকল তথ্য বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর নির্ধারিত ফরমে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর নিকট এবং অন্যান্য খাদ্যদ্রব্যের প্রয়োজনীয় তথ্যাদি বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এ সরবরাহ করিবেন।
- (২৫) খাদ্যদ্রব্য বাংলাদেশে পৌঁছিলে শুদ্ধ কর্তৃপক্ষ উক্ত খাদ্যদ্রব্য ছাড় করিবার পূর্বে খাদ্যদ্রব্যের নমুনা বিএসটিআই বা বিসিএসআইআর এর নিকট সরবরাহ করিবেন এবং বিএসটিআই বা বিসিএসআইআর এর পরীক্ষায় খাদ্যদ্রব্য মান সম্পন্ন না হইলে শুদ্ধ কর্তৃপক্ষ আমদানিকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।
- (২৬) বিএসটিআই নির্ধারিত খাদ্যমানের চাইতে নিম্নমানের খাদ্যদ্রব্য আমদানি হইলে তাহা আমদানিকারকের নিজ খরচে রপ্তানি উৎস দেশে বা তৃতীয় কোন দেশে ফেরৎ পাঠাইতে হইবে। খাদ্যদ্রব্য আমদানির ক্ষেত্রে ঋণপত্রে উক্তরূপ শর্ত সংযোজন করিতে হইবে।
- (২৭) সরকারি ত্রাণসামগ্রী হিসাবে খাদ্যদ্রব্য আমদানি করা হইলে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত ল্যাবটেস্ট পরীক্ষায় মানুষের খাওয়ার উপযোগি প্রাপ্তি সাপেক্ষে খালাস করা যাইবে। এইক্ষেত্রে এই আদেশের অনুচ্ছেদ ১৬(৩)(ঙ) শর্ত শিথিলযোগ্য হইবে।
- (২৮) মানুষের খাদ্য হিসাবে জিএমও (GMO-Genetically Modified Organism), এলএমও (LMO-Living Modified Organism) আমদানির ক্ষেত্রে Bangladesh Biosafety Guidelines অনুসরণ করিতে হইবে।

১৭। মৎস্য খাদ্য, হাঁস-মুরগীর খাদ্য ও পশুর খাদ্য আমদানির ক্ষেত্রে প্রযোজ্য অতিরিক্ত শর্তাদি।- (১) মৎস্য খাদ্য, হাঁস-মুরগীর খাদ্য ও পশুর খাদ্য আমদানির ক্ষেত্রে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তেজস্ক্রিয়তা পরীক্ষণ সম্পর্কিত প্রতিবেদন এবং উক্ত খাদ্যদ্রব্য মৎস্য বা হাঁস-মুরগী বা পশুর খাওয়ার উপযোগী মর্মে প্রত্যয়নপত্র শিপিং ডকুমেন্টস এর সাথে বাধ্যতামূলকভাবে থাকিতে হইবে এবং উক্ত প্রতিবেদনে তেজস্ক্রিয়তা পরীক্ষায় আমদানিতব্য দ্রব্যে জাহাজীকরণ অবস্থায় প্রতি কিলোগ্রামে সিজিয়াম-১৩৭ এর মাত্রা কি পরিমাণ পাওয়া গিয়াছে তাহা সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

- (২) (ক) আমদানিকৃত মৎস্য খাদ্য ক্লোরামফেনিকল ও নাইট্রোফিউরানসহ ক্ষতিকর ঔষধ, হরমোন ও স্টেরয়েড মুক্ত থাকিতে হইবে;
- (খ) হাঁস-মুরগী ও পশুর খাদ্য আমদানির ক্ষেত্রে উহার প্যাকেট এর গায়ে উক্ত খাদ্যের উপাদানসমূহ উল্লেখ থাকিতে হইবে এবং উক্ত খাদ্য ‘ক্লোরামফেনিকল, নাইট্রোফিউরান ও মেলামাইন মুক্ত’ মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র দাখিল করিতে হইবে। (এস আর ও নং- ২৮৩-আইন/২০১৩ তাং ২২-০৮-২০১৩ এর মাধ্যমে সংশোধিত)

- (৩) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত প্রতিবেদন অনুযায়ী আমদানিতব্য দ্রব্যের তেজস্ক্রিয়তা গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকিলেই শুধু তাহা ছাড় করা যাইবে, অন্যথায় সরবরাহকারী নিজ ব্যয়ে সংশ্লিষ্ট চালান ফেরত নিতে বাধ্য থাকিবে।
- (৪) প্রাণিসম্পদ অধিদপ্তরের পূর্বানুমতিক্রমে Meat ও Bone Meal আমদানি করা যাইবে এবং উহা আমদানির ক্ষেত্রে উৎস ও প্রাণীর নাম উল্লেখ করিতে হইবেঃ
- তবে শর্ত থাকে যে, শুরুর Meat ও Bone Meal আমদানি করা যাইবে না এবং আমদানিকারককে রপ্তানিকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ হইতে নিম্নলিখিত প্রত্যয়নপত্র পণ্য খালাসের সময় শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে, যথা:-
- (ক) আমদানিকৃত পণ্যটি ক্ষতিকারক এন্টিবায়োটিকসহ ক্লোরামফেনিকল ও নাইট্রোফিউরানমুক্ত;
- (খ) আমদানিকৃত পণ্যটি শুরুর বাই প্রোডাক্ট (By Product) মুক্ত;
- (গ) আমদানিকৃত পণ্যটি ম্যালামাইনমুক্ত।
- (৫) অন্যান্য প্রাণীর উৎস হইতে উৎপাদিত Meat ও Bone Meal আমদানির ক্ষেত্রে রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE), Transmissible Spongiform Encephalopathy (TSE), এ্যানথ্রাক্স ও টিবিমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।
- (৬) পোল্ট্রি ও পোল্ট্রিজাত শিল্পে ব্যবহারের নিমিত্ত রেজিস্টার্ড ভ্যাকসিন ও ডায়গনস্টিক রিএজেন্ট মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুমতিক্রমে আমদানিযোগ্য হইবে।
- (৭) হাঁস-মুরগী ও পাখি আমদানির ক্ষেত্রে Avian Influenza মুক্ত মর্মে রপ্তানিকারক দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (৮) মৎস্য বা হাঁস-মুরগী বা পশুখাদ্য আমদানির জন্য ঋণপত্র খোলার সময় এই অনুচ্ছেদে উল্লিখিত শর্তগুলি ঋণপত্রে উল্লেখ করিতে হইবে।
- (৯) মৎস্য বা হাঁস-মুরগী বা পশুর খাদ্য আমদানির ক্ষেত্রে বাংলাদেশের বন্দরে পৌঁছার পর তেজস্ক্রিয়তার মাত্রা পুনরায় পরীক্ষা করার প্রয়োজন হইবে না।
- (১০) টিন জাতীয় মোড়কে আমদানিকৃত মাছের ক্ষেত্রে (Canned Fish) মোড়কের গায়ে পণ্য প্রস্তুত ও মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ এবং প্রকৃত ওজন (নেট ওয়েট) বাংলা বা ইংরেজিতে সুস্পষ্টভাবে এমবুস অথবা অমোচনীয় কালি দ্বারা কম্পিউটারাইজড প্রিন্টিং করা থাকিতে হইবে এবং পৃথকভাবে লেবেল ছাপাইয়া মোড়কের গায়ে লাগানো যাইবে না।
- (১১) মাছ আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানিকারক দেশের সরকার বা সরকার কর্তৃক স্বীকৃত সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক মাছে ফরমালিন নাই মর্মে সনদপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (১২) আমদানিকৃত মাছে ফরমালিন ব্যবহার করা হইয়াছে কিনা তাহা সরকার স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশের প্রবেশ বন্দরে (Port of Entry) পরীক্ষা করাইতে হইবে এবং ফরমালিন নাই মর্মে প্রত্যয়ন সাপেক্ষে খালাসযোগ্য হইবে।
- (১৩) গরু, ছাগল ও মুরগীর মাংস ও মানুষের খাওয়ার উপযোগী অন্যান্য পশুর মাংস আমদানির ক্ষেত্রে মোড়কের গায়ে রপ্তানিকারক দেশের মাংস উৎপাদনের তারিখ ও মেয়াদোত্তীর্ণের তারিখ এমবুস বা প্রিন্টেড থাকিতে হইবে এবং উহাতে সংরক্ষণের পদ্ধতি উল্লেখ করিতে হইবে এবং পৃথকভাবে লেবেল ছাপাইয়া মোড়কের গায়ে লাগানো যাইবে না।
- (১৪) আমদানিকৃত পণ্য Bovine Spongiform Encephalopathy (BSE) এবং Avian influenza মুক্ত মর্মে রপ্তানিকারক দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।
- (১৫) ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ হইতে মাংস আমদানির ক্ষেত্রে “ম্যাড কাউ ডিজিজ মুক্ত” মর্মে রপ্তানিকারক দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষ হইতে প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(১৬) আমেরিকা ও ইউরোপসহ অন্যান্য দেশ হইতে বোনামিল, মিটমিল ও মিট এন্ড বোনামিলের দ্বারা প্রস্তুতকৃত প্রোটিন কনসেনট্রেট আমদানির ক্ষেত্রে রপ্তানিকারক দেশের ভেটেরিনারী কর্তৃপক্ষের নিকট হইতে “উৎপাদিত পণ্য কোনভাবেই Transmissible Spongiform Encephalopathy দ্বারা সংক্রমিত নহে” মর্মে প্রত্যয়নপত্র এবং আমদানিকারককে রপ্তানিকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ হইতে নিম্নলিখিত প্রত্যয়নপত্র শিপিং ডকুমেন্টস এর সাথে অবশ্যই দাখিল করিতে হইবে, যথা:-

- (ক) আমদানিকৃত পণ্যটি ক্ষতিকারক এন্টিবায়োটিক ক্লোরামফেনিকল ও নাইট্রোফিউরান মুক্ত;
- (খ) আমদানিকৃত পণ্যটি শুকরের বাই প্রোডাক্ট (By Product) মুক্ত;
- (গ) আমদানিকৃত পণ্যটি ম্যালামাইন মুক্ত; এবং
- (ঘ) আমদানিকৃত পণ্যটি এ্যানথ্রাক্স ও টিবিমুক্ত।

১৮। শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক আটককৃত মালামাল খালাস।- (১) শুষ্ক কর্তৃপক্ষ আমদানিকৃত কোন পণ্যের চালান আটক করিলে, সংশ্লিষ্ট আমদানিকারক চালানটি খালাসের জন্য শুষ্ক কর্তৃপক্ষের বরাবরে প্রয়োজনীয় নির্দেশদানের অনুরোধ জানাইয়া প্রধান নিয়ন্ত্রকের নিকট আবেদন করিতে পারিবেন; তবে শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক লিখিতভাবে আপত্তি জানাইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে এইরূপ আবেদনপত্র প্রধান নিয়ন্ত্রকের নিকট দাখিল করিতে হইবে এবং বিশেষ কোন কারণ না থাকিলে উক্ত সময়সীমার পরে দাখিলকৃত কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত আবেদনপত্রের সহিত শুষ্ক কর্তৃপক্ষের লিখিত অথবা চালানটি আটক করার কারণ সম্বলিত আটক মেমো দাখিল করিতে হইবে।

(৩) প্রধান নিয়ন্ত্রক উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত কেসসমূহ আনুষংগিক সকল বিষয়াদি যথাযথ বিচার-বিবেচনা করিয়া নিয়ন্ত্রিত পণ্যের তালিকাভুক্ত পণ্য এবং অন্যান্য অনুচ্ছেদে যে সকল পণ্যের আমদানি নিয়ন্ত্রিত করা হইয়াছে সেই সকল পণ্য ছাড় করার জন্য আইপি বা সিপি জারি ব্যতীত অন্যান্য ক্ষেত্রে আমদানি নীতি আদেশের বিধান মোতাবেক দ্রুত নিষ্পত্তি করিবেন।

(৪) আমদানি নিয়ন্ত্রিত পণ্য এবং অন্যান্য অনুচ্ছেদে যে সকল পণ্যের আমদানি নিয়ন্ত্রিত করা হইয়াছে সেই সকল পণ্যের ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রক মতামতসহ আমদানি নীতির বিধান শিথিল করিবার ব্যাপারে সিদ্ধান্ত প্রদানের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

১৯। রিভিউ, আপীল এবং রিভিশনের উদ্দেশ্যে গৃহীত ক্ষেত্রসমূহে আমদানি সুবিধার দাবী।- কোন পণ্য সংশ্লিষ্ট সময়ে আমদানিযোগ্য না হইলে উহা Review, Appeal and Revision Order, 1977 এর অধীন গৃহীত ক্ষেত্রসমূহে উক্ত পণ্য আমদানির কোন দাবী গ্রাহ্য হইবে না।

২০। আদেশ লংঘনক্রমে আমদানি।- এই আদেশের কোন বিধান অথবা উহার অধীন প্রধান নিয়ন্ত্রক কর্তৃক জারিকৃত কোন প্রজ্ঞাপন লংঘন করিয়া কোন পণ্য আমদানি করা হইলে উহা আইনের বিধানাবলী লংঘনক্রমে করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২১। আদেশ সংশোধন অথবা পরিবর্তন।- সরকার, প্রয়োজনবোধে, যে কোন সময় এই আদেশের যে কোন বিধান সংশোধন, পরিবর্তন অথবা শিথিল করিতে পারিবে।

২২। রপ্তানি সম্পর্কিত বিধানাবলীর প্রযোজ্যতা।- এই আদেশে রপ্তানি সম্পর্কিত যে সকল বিধান রহিয়াছে তাহা রপ্তানির ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

পঞ্চম অধ্যায়

শিল্প খাতে আমদানির সাধারণ বিধানাবলী

২৩। শিল্প খাতে আমদানির সাধারণ নিয়মাবলী।- এই আদেশে ভিন্নরূপ কিছু না থাকিলে-

- (ক) যে সকল পণ্যের বাণিজ্যিক আমদানি নিষিদ্ধ এবং যাহাদের আমদানি, একমাত্র শিল্প খাতের জন্য বৈধ, সেই সকল পণ্য নিয়মিত ভিত্তিতে অনুমোদিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিয়মিত স্বত্ব অনুসারে আমদানি স্বত্বের সর্বাধিক ৩ (তিন) গুণ পর্যন্ত আমদানি করা যাইবে;

- (খ) এডহক ভিত্তিতে অনুমোদিত শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শর্তযুক্ত পণ্য পোষক কর্তৃক সুপারিশকৃত যান্মাসিক আমদানি স্বত্বের সর্বোচ্চ দ্বিগুণ মূল্যসীমা পর্যন্ত আমদানি করা যাইবে;
- (গ) প্রথম এডহক শেয়ার গ্রহণ করার পর সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক তাহাদের আমদানির স্বত্ব নিয়মিতকরণের জন্য সংশ্লিষ্ট পোষক কর্তৃপক্ষের মাধ্যমে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে আবেদন করিতে হইবে;
- (ঘ) প্রথম এডহক শেয়ারের ন্যূনতম ৭০% ব্যবহার করা হইলে পোষক কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের আমদানি স্বত্ব এবং আই, আর, সি নিয়মিত করা হইবে; অন্যথায় দ্বিতীয় এডহক শেয়ারের জন্য ছাড়পত্র প্রদান করা হইবে ;
- (ঙ) আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পোষকের সুপারিশের ভিত্তিতে দ্বিতীয় এডহক শেয়ার প্রদানের বা আমদানি স্বত্ব নিয়মিতকরণের জন্য ছাড়পত্র জারি না করা পর্যন্ত সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের এডহক আই, আর, সি নবায়ন করা যাইবে না;
- (চ) কোন শিল্প প্রতিষ্ঠানকে প্রথম এডহক শেয়ার ব্যবহারের পর তাহাদের আমদানির স্বত্ব নিয়মিতকরণের পরিবর্তে পোষক কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে দ্বিতীয় এডহক শেয়ারের জন্য অনুমতি প্রদান করা হইলে সেই শিল্প প্রতিষ্ঠান দ্বিতীয় এডহক শেয়ার ব্যবহারের পর তাহাদের আমদানি স্বত্ব নিয়মিতকরণের জন্য পুনরায় পোষক কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে এবং পোষক কর্তৃপক্ষের সুপারিশ অনুযায়ী তাহাদের এডহক আমদানি স্বত্ব ও এডহক শিল্প আই, আর, সি নিয়মিত করা হইবে;
- (ছ) যে সকল শিল্প খাতের জন্য একাধিক শিফটে উৎপাদন ক্ষমতার ভিত্তিতে আমদানি স্বত্ব নির্ধারণ করা হইয়াছে সেই সকল খাতের অন্তর্ভুক্ত কোন শিল্প প্রতিষ্ঠানের আমদানি স্বত্ব শর্তযুক্ত কোন কাঁচামাল বা মোড়ক সামগ্রী অন্তর্ভুক্ত থাকিলে তাহা নিয়মিত ভিত্তিতে অনুমোদিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বার্ষিক আমদানি স্বত্বের ১০০% এবং এডহক ভিত্তিতে অনুমোদিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে যান্মাসিক আমদানি স্বত্বের ১০০% এর বেশী আমদানি করা যাইবে না;
- (জ) সরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান কর্তৃক শর্তযুক্ত পণ্য আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের মোট বার্ষিক প্রয়োজন অর্থ বৎসরের প্রারম্ভে প্রশাসনিক মন্ত্রণালয়ের সুপারিশের ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয় হইতে অনুমোদন গ্রহণ করিতে হইবে;
- (ঝ) নিয়মিত শিল্প আই, আর, সি এর বিপরীতে যে সকল ক্ষেত্রে শিল্পের কাঁচামাল বা মোড়কসামগ্রী বা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে অগ্রীম আয়কর প্রদান হইতে রেয়াতসহ বিশেষ আর্থিক সুবিধাদি প্রদত্ত হইয়াছে সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যাদি অবাধে আমদানিযোগ্য হইলেও উহা আমদানি স্বত্বের সর্বোচ্চ ৩ (তিন) গুণের অধিক হইবে না;
- (ঞ) শিল্প প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তর হইতে যে আমদানি নিবন্ধন সনদপত্র (আই,আর,সি) ইস্যু করা হইবে উহাতে মোট অনুমোদিত আমদানি স্বত্বের পরিমাণ (টাকার অংকে ও কথায়) সুস্পষ্টভাবে উল্লিখিত থাকিবে এবং আই,আর,সি জারির সময় আমদানি ও রপ্তানির সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তর পোষক কর্তৃক সুপারিশকৃত এনটাইটেলমেন্ট পেপারের একটি কপিতে প্রতিস্বাক্ষরপূর্বক শিল্প প্রতিষ্ঠানকে প্রদান করিবে;
- (ট) এনটাইটেলমেন্ট পেপারের পৃষ্ঠাংকনের একটি কপি সংশ্লিষ্ট পোষক কর্তৃপক্ষকে প্রদান করিতে হইবে;
- (ঠ) এই অনুচ্ছেদের দফা (খ) ও (ছ) এ উল্লিখিত বিধানাবলী ঔষধ শিল্প ও বন্ডেড ওয়্যারহাউজ পদ্ধতিতে পরিচালিত রপ্তানিমুখী পোষক, হোসিয়ারী ও স্পেশালাইজড টেক্সটাইল শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না; তবে উহাদের ক্ষেত্রে যথাক্রমে অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৬) এবং (৯) এর বিধানাবলী প্রযোজ্য হইবে;
- (ড) নগদ বৈদেশিক মুদ্রায় আমদানি- এই অনুচ্ছেদের দফা (খ) ও (ছ) এর শর্ত পূরণ সাপেক্ষে যে সকল নিয়মিত শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে কোন সরকারি বরাদ্দ ঘোষিত হয় নাই সেই সকল নিয়মিত শিল্প প্রতিষ্ঠান উহাদের প্রয়োজনীয় কাঁচামাল, মোড়ক সামগ্রী এবং যন্ত্রাংশ (নিয়ন্ত্রিত তালিকাভুক্ত পণ্য বা বিভিন্ন অনুচ্ছেদে আমদানি নিয়ন্ত্রিত পণ্যসমূহ ব্যতীত) নগদ বৈদেশিক মুদ্রায় কোন নির্দিষ্ট সীমা ছাড়াই অবাধে আমদানি করিতে পারিবে; এবং
- (ঢ) কোন শিল্প প্রতিষ্ঠান বিলুপ্ত হইলে সেই শিল্পের শিল্প নিবন্ধন সনদ (আই,আর,সি) বিলুপ্তির ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তরে হস্তান্তর করিতে হইবে ।

- ২৪। শিল্প প্রতিষ্ঠানের পণ্যাদি আমদানির জন্য নির্ধারিত শর্তাবলী।- (১) বৈদেশিক মুদ্রা অর্জনকারী হোটেলসমূহ এইচ এস হেডিং নম্বর ২২.০৩, ২২.০৬ ও ২২.০৮ ও উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর এবং এইচ এস হেডিং নম্বর ১৬.০১ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য এইচ এস কোড নম্বর ১৬০১.০০.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য শুকরের মাংসের সসেজসহ আমদানিযোগ্য পণ্যসমূহ, বৈদেশিক মুদ্রায় ক্রয় করিয়া আমদানি করিতে পারিবে।
- (২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত পণ্যসমূহ বিদেশ হইতে আমদানির পরিবর্তে প্রচলিত হারে শুল্ক ও কর প্রদান সাপেক্ষে বৈদেশিক মুদ্রা অর্জনকারী হোটেলসমূহ বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের শুল্কমুক্ত বিপণী হইতেও ক্রয় করিতে পারিবে।
- (৩) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত আমদানি (স্থানীয়ভাবে ক্রয়কৃত পণ্যসহ) এর জন্য সংশ্লিষ্ট হোটেলগুলিকে নিম্নবর্ণিত নিয়ম পালন করিতে হইবে, যথা:-
- (ক) শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য পণ্যগুলির আমদানি সংশ্লিষ্ট হোটেল কর্তৃক বিগত বৎসরে অর্জিত মোট বৈদেশিক মুদ্রার শতকরা বিশ ভাগের মধ্যে সীমাবদ্ধ থাকিবে;
- (খ) মোট অর্জিত বৈদেশিক মুদ্রার সর্বোচ্চ শতকরা সাড়ে সাত ভাগের মধ্যে এ্যালকোহলিক বেভারেজ ও যন্ত্রাংশ আমদানি সীমাবদ্ধ থাকিবে এবং অবশিষ্ট শতকরা সাড়ে বারো ভাগ অন্যান্য শর্তাধীনে আমদানিযোগ্য পণ্য আমদানির জন্য ব্যবহার করা যাইবে;
- (গ) দফা (ক) তে বর্ণিত শর্ত অনুসারে শর্তাধীনে আমদানিযোগ্য পণ্যসমূহের মোট আমদানির মূল্য অর্জিত মোট বৈদেশিক মুদ্রার শতকরা বিশ ভাগের বেশী হইতে পারিবে না;
- (ঘ) সংশ্লিষ্ট হোটেল কর্তৃক অর্জিত বৈদেশিক মুদ্রার হিসাব বৈদেশিক মুদ্রা ক্রয়কারী ব্যাংক রেকর্ড করিবে এবং শর্তাধীনে আমদানিযোগ্য পণ্য আমদানির জন্য ঋণপত্র খোলার সময় মনোনীত ব্যাংক হোটেল কর্তৃক ব্যবহৃত মুদ্রার হিসাব রেকর্ড করিবে;
- (ঙ) শর্তাধীনে আমদানিযোগ্য পণ্য আমদানির জন্য এল, সি, এ ফরম দাখিলের এবং ঋণপত্র খোলার পূর্বে বৈদেশিক মুদ্রা অর্জনকারী হোটেলসমূহ সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হইতে উহাদের আই, আর, সি-তে প্রয়োজনীয় এনডোর্সমেন্ট করাইয়া নিবে।
- (৪) বিয়ার ও সকল প্রকার মদ এইচ.এস. হেডিং নম্বর ২২.০৩ হইতে ২২.০৬ এবং উহাদের বিপরীতে সকল এইচ.এস. কোড কেবল বৈদেশিক মুদ্রা উপার্জনকারী হোটেল কর্তৃক উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বিধান সাপেক্ষে আমদানি করা যাইবে এবং বিশেষ ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ও প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি এর পূর্বানুমতির ভিত্তিতে অনুরূপ পানীয় নির্দিষ্ট শর্তাধীনে আমদানি করা যাইতে পারে; তবে, বিয়ার ও মদ জাতীয় পানীয় আমদানির জন্য সকল ক্ষেত্রেই সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক প্রথমে মহা-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে প্রয়োজনীয় লাইসেন্স বা অনুমতিপত্র অবশ্যই গ্রহণ করিতে হইবে।
- (৫) এম,এস,শীট ও প্লেট (হট রোল্ড), জিপি শীট, বিপি শীট, স্টেইনলেস স্টীল, সিআরসিএ শীট, টিন প্লেট, এমএস শীট ও সিলিকন শীট-
- (ক) স্বীকৃত শিল্প প্রতিষ্ঠানের জন্য এম, এস শীট, স্টেইনলেস স্টীল শীট, সিআরসিএ শীট, সিলিকন শীট, বিপি শীট বা টিন প্লেট (মিস প্রিন্ট) এর আমদানি স্বত্ব অন্তর্ভুক্ত থাকিলে সেকেন্ডারী কোয়ালিটির এই সকল দ্রব্যও আমদানি করা যাইবে এবং এই সকল পণ্যের প্রাইম কোয়ালিটি ও সেকেন্ডারী কোয়ালিটি বাণিজ্যিক ভিত্তিতে আমদানিযোগ্য হইবে; এবং
- (খ) কোন প্রকার মূল্যসীমা, সাইজ, গেজ বা জিংক প্রলেপের পরিমাণের বাধ্যবাধকতা ছাড়াই জি পি শীট বা কোয়ালিটির জি পি শীট বাণিজ্যিক আমদানিকারক এবং শিল্প প্রতিষ্ঠান কর্তৃক অবাধে আমদানিযোগ্য হইবে।
- (৬) ঔষধ শিল্পের কাঁচামাল ও মোড়ক সামগ্রী-

- (ক) সরকার কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত ঔষধ প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উহাদের বার্ষিক উৎপাদন কর্মসূচীর ভিত্তিতে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর হইতে কাঁচামাল ও মোড়ক সামগ্রীর বিবরণ, মূল্য ও পরিমাণ সম্বলিত তালিকার (ব্লকলিষ্ট) অনুমোদন গ্রহণ করিতে হইবে;
- (খ) ঔষধ শিল্পে আমদানির ক্ষেত্রে ব্লকলিষ্ট ব্যবহৃত হইবে এবং ব্লকলিষ্টে বর্ণিত শর্তযুক্ত তালিকাভুক্ত বা শর্তযুক্ত তালিকা বহির্ভূত কাঁচামাল ও মোড়ক সামগ্রী সংশ্লিষ্ট ব্লকলিষ্টে উল্লিখিত মূল্য ও পরিমাণ অনুসারে যথারীতি আমদানি করা যাইবে। উক্ত ব্লকলিষ্ট বহির্ভূত কোন পণ্য অবাধে আমদানিযোগ্য হইলেও সংশ্লিষ্ট ঔষধ শিল্প কর্তৃক উহা আমদানি করা যাইবে না;
- (গ) ঔষধ শিল্পের যে সকল কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদনের অতিরিক্ত কোন কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণের শর্ত এই আদেশে উল্লেখ রহিয়াছে ঐ সকল কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করিতে হইবে এবং অনুমোদিত ব্লকলিষ্টের অনুলিপি যথারীতি মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক শুদ্ধ কর্তৃপক্ষের নিকট এবং প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি দপ্তরে সরবরাহ করিতে হইবে; এবং
- (ঘ) আমদানিকৃত কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানি সংক্রান্ত ইনভয়েস ও কাঁচামালের বিশ্লেষণ প্রতিবেদন মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রত্যয়নপত্র অথবা সরকার কর্তৃক অনুমোদিত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রাক-জাহাজীকরণ পরিদর্শন এজেন্ট (Pre-shipment Inspection Agent)এর নিকট হইতে প্রতিটি পণ্যের পরিমাণ, মূল্য ও গুণাগুণ সম্পর্কে প্রদত্ত সনদপত্রের ভিত্তিতে শুদ্ধ কর্তৃপক্ষ ছাড় প্রদান করিবে।
- (৭) আর বি ডি পাম স্টিয়ারিন এবং ট্যালো-
- (ক) সাবান শিল্পের অধীনে স্বীকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহকে পোষকের সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে কেবল উহাদের আমদানি-স্বত্ব অনুসারে আর বি ডি পাম স্টিয়ারিন এবং ট্যালো আমদানি করা যাইবে;
- (খ) আর বি ডি পাম স্টিয়ারিন এবং ট্যালো আমদানির পর পোষক কর্তৃপক্ষকে উহার আমদানির পরিমাণ ও ব্যবহার সম্পর্কে অবহিত করিতে হইবে। পূর্ববর্তী সুপারিশের ভিত্তিতে আমদানিকৃত পণ্যের যথাযথ ব্যবহার সম্পর্কে নিশ্চিত হওয়ার পর পোষক কর্তৃপক্ষ পরবর্তী শেয়ার আমদানির অনুমতি প্রদান করিবে; এবং
- (গ) আর বি ডি পাম স্টিয়ারিন এবং ট্যালো অর্থের উৎস নির্বিশেষে বাণিজ্যিক ভিত্তিতে আমদানিযোগ্য হইবে না।
- (৮) এডহক আইডব্লিউটি অপারেটর, হাঁস-মুরগী ও গবাদি পশুর খামার (পোলট্রি এন্ড ডেইরী ফার্ম) এবং মাছ ধরা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পণ্যাদি আমদানি- শিল্প প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃত নহে এইরূপ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ অপারেটর, মাছ ধরা প্রতিষ্ঠান এবং হাঁস-মুরগী ও গবাদি পশুর খামার উহাদের প্রয়োজনমত আমদানিযোগ্য পণ্যসমূহ কাহারও সুপারিশ/অনুমতি ব্যতিরেকে আমদানি করিতে পারিবে, তবে এইরূপ আমদানির জন্য এই আদেশের শর্তাদি ও নিয়মাবলী যথাযথভাবে পালন করিতে হইবে।
- (৯) রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পণ্যাদি আমদানি-
- (ক) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে নিশ্চয়কৃত ও অপ্রত্যাহারযোগ্য ঋণপত্রের ভিত্তিতে তৈয়ারী পোশাক রপ্তানির জন্য বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির অধীন পরিচালিত স্বীকৃত তৈয়ারী পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) কর্তৃক জারিকৃত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) তে অনুমোদিত পরিমাণের কাঁচামাল ও মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে, তবে গ্রে-কাপড় ছাড়া অন্যান্য কাপড় আমদানির ক্ষেত্রে কেবল ১৮.২৯ মিঃ বা তদূর্ধ্ব পরিমাণ নিয়মিত ও অবিচ্ছিন্ন থান কাপড় আমদানি করা যাইবে;

- (খ) দফা (ক) এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠানসমূহকে টুকরা কাপড় বা যে কোন আকারের কাটা কাপড় আমদানি করিতে দেওয়া হইবে না এবং ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের অধীন স্টেপল পিন আমদানি করা যাইবে না;
- (গ) গ্রে-কাপড় আমদানির ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ (২৯) এর দফা (ঘ) এর বিধান প্রযোজ্য হইবে, তবে ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের অধীনে চারশত গ্রামের ডুপ্লেক্স বোর্ড (গ্রে-ব্যাক) পাস বইতে এন্ট্রি করিয়া আমদানি করা যাইবে;
- (ঘ) কলার ও ব্যাক বোর্ড হিসাবে ব্যবহার্য স্বল্পতর পুরুত্বের (রগুনি উন্নয়ন ব্যুরো কর্তৃক ধার্যকৃত) ডুপ্লেক্স বোর্ড পাস বইতে এন্ট্রি করিয়া ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে আমদানি করা যাইবে;
- (ঙ) দফা (ক) তে উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান মনোনীত ব্যাংকে যথাযথভাবে পূরণকৃত এল,সি,এ ফরম দাখিল করিয়া ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানি করিতে পারিবে এবং এইরূপ ব্যবস্থায় ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে আমদানিকৃত কাঁচামাল ও মোড়ক সামগ্রী খালাস করিবার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হইতে আই পি বা সি পি নিতে হইবে না;
- (চ) তৈয়ারী পোশাক শিল্পের অধীনে দফা (ক) তে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহকে রগুনি আদেশ সম্পাদনের জন্য বিনামূল্যে (অন নো কষ্ট বেসিস) নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে কাঁচামাল আমদানি করিতে দেওয়া হইবে, যথা:-
- (অ) প্রতিটি কেইস পৃথকভাবে কনসাইনমেন্ট ভিত্তিতে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) কর্তৃক ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) জারির বিপরীতে খালাস করা হইবে এবং উহার জন্য বাংলাদেশ হইতে কোন বৈদেশিক মুদ্রা প্রেরণ করা যাইবে না;
- (আ) তৈয়ারী সামগ্রী রগুনির ব্যাপারে প্রাক-জাহাজীকরণ পরিদর্শন (পিএসআই) সার্টিফিকেট চাওয়া হইলে তাহা ক্রেতার খরচে প্রস্তুত করতঃ রগুনি সম্পাদন করার সময় দাখিল করিতে হইবে; তবে এইরূপ ক্ষেত্রে রগুনির উদ্দেশ্যে তৈয়ারী পোশাক প্রত্যাখ্যান করা যাইবে না;
- (ই) তৈয়ারী পোশাক রগুনির ক্ষেত্রে মূল্য সংযোজনের সম্পূর্ণ পরিমাণ বা অংক বাংলাদেশে প্রত্যাভাসন করিতে হইবে এবং মূল্য সংযোজনের ন্যূনতম হার নিম্নরূপ হইতে হইবে, যথা:-

টেবিল

ক্ষেত্রে	মূল্য সংযোজনের ন্যূনতম হার
নীট পোশাক রগুনির ক্ষেত্রে	শতকরা বিশ ভাগ
সকল নন-কোটা ক্যাটাগরীর ওভেন পোশাক রগুনির ক্ষেত্রে	শতকরা বিশ ভাগ
কোটা ক্যাটাগরীর প্রতি ডজন এফওবি চল্লিশ মার্কিন ডলার পর্যন্ত মূল্যের ওভেন পোশাক রগুনির ক্ষেত্রে	শতকরা বিশ ভাগ
প্রতি ডজন এফওবি চল্লিশ মার্কিন ডলারের অধিক মূল্যের কোটা ক্যাটাগরীর ওভেন পোশাক রগুনির ক্ষেত্রে	শতকরা বিশ ভাগ
অধিকতর উচ্চ মূল্যের পোশাক রগুনির ক্ষেত্রে	তবে কোনক্রমেই ডজন প্রতি মূল্য সংযোজন হার ১২ (বার) মার্কিন ডলারের কম হইবে না মূল্য সংযোজনের হার কোটা ও নন-কোটা অনুযায়ী শতকরা পনের এবং দশ ভাগ তবে এইরূপ ক্ষেত্রে প্রতি ডজনের এফওবি মূল্য ৬০ (ষাট) মার্কিন ডলার বা তাহার অধিক হইতে হইবে
সকল প্রকার স্যুয়েটার রগুনির ক্ষেত্রে	শতকরা বিশ ভাগ
সকল প্রকার শিশু পোশাক রগুনির ক্ষেত্রে	শতকরা পনের ভাগ

- (ঈ) কনসাইনমেন্ট ভিত্তিতে আমদানিকৃত সামগ্রীর বর্ণনা, পরিমাণ ও মূল্য অবশ্যই ইনভয়েসে উল্লেখ করিতে হইবে, তবে আমদানিকৃত কাঁচামাল ও মোড়ক সামগ্রী ইন্টার বন্ড ট্রান্সফার এর মাধ্যমে হস্তান্তর বা স্থানান্তর করা যাইবে এবং গ্রে কাপড়, নিট কাপড় ও সাদা কাপড় বিভিন্ন ডাইং এবং প্রিন্টিং বা প্রেসেসিং প্লান্টে স্থানান্তর করা যাইবে।
- (১০) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতিতে পরিচালিত রপ্তানিমুখী তৈয়ারী পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শুধু রোল বা থান আকারে নীটেড কাপড় আমদানি করিতে হইবে।
- (১১) এই আদেশে ভিন্নরূপ কিছু না থাকিলে অন্যান্য রপ্তানি পণ্যের ক্ষেত্রে, অভ্যন্তরীণ মূল্য সংযোজনের হার এবং ঐ সমস্ত পণ্যের ক্ষেত্রে রপ্তানি ঋণপত্রের নীট এফ, ও, বি মূল্যের বিপরীতে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রজ্ঞাপিত সর্বোচ্চ শতাংশ পর্যন্ত ব্যাক-টু-ব্যাক ঋণপত্র স্থাপন করা যাইবে।
- (১২) নিশ্চয়কৃত ও অপ্রত্যাহারযোগ্য ঋণপত্রের ভিত্তিতে স্পেশালাইজড টেক্সটাইল পণ্যাদি রপ্তানির জন্য বন্ডেড ওয়্যারহাউজ পদ্ধতির অধীনে পরিচালিত স্বীকৃত স্পেশালাইজড টেক্সটাইল শিল্পসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণে কাঁচামাল ও মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে এবং ইহার জন্য প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতির প্রয়োজন হইবে না।
- (১৩) নিশ্চয়কৃত ও অপ্রত্যাহারযোগ্য ঋণপত্রের ভিত্তিতে হোসিয়ারী ও নীটেড পোশাক দ্রব্যাদি রপ্তানির জন্য বন্ডেড ওয়্যারহাউজ পদ্ধতির অধীনে পরিচালিত স্বীকৃত রপ্তানিমুখী হোসিয়ারী শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণের কাঁচামাল ও মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে এবং ইহার জন্য প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতির প্রয়োজন হইবে না, তবে হোসিয়ারী ও নীটেড পোশাক দ্রব্যাদির জন্য অনুমোদিত পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহকে সুতা আমদানির ক্ষেত্রে সুতা এবং নীটেড ফ্যাব্রিক্স আমদানির ক্ষেত্রে নীটেড ফ্যাব্রিক্স থান বা রোল আকারে আমদানির অনুমতি দেওয়া হইবে।
- (১৪) টুकरা আকারে কোন কাপড় এবং থান বা রোল আকার ব্যতীত নীটেড ফ্যাব্রিক্স আমদানির অনুমতি দেওয়া হইবে না। স্যুয়েটার খাতের অনুমোদিত পোশাক শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্যুয়েটার, জাম্পার, পুলওভার, মাফলার, হাতমোজা ও মোজা টুकरা আকারে, প্যানেল বা রোল বা থান আকারে বা খন্ড খন্ড আকারে আমদানির অনুমতি দেওয়া হইবে না, তবে এই সকল পণ্যের কাঁচামাল হিসাবে কেবল সব ধরনের সুতা আমদানির অনুমতি দেওয়া হইবে।
- (১৫) রপ্তানিমুখী তৈয়ারী পোশাক বা হোসিয়ারী ও স্পেশালাইজড টেক্সটাইল ব্যতীত অন্যান্য রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে পোষকের সুপারিশের ভিত্তিতে এবং প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতিক্রমে সুনির্দিষ্ট রপ্তানি আদেশ সম্পাদনের জন্য প্রয়োজন হইলে নিষিদ্ধ বা শর্তাধীন আমদানিযোগ্য কাঁচামাল, মোড়ক সামগ্রী এবং যন্ত্রাংশ রপ্তানিমুখী শিল্পসমূহকে আমদানির অনুমতি দেওয়া হইবে, এই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানসমূহকে আমদানিকৃত নিষিদ্ধ অথবা শর্তাধীন আমদানিযোগ্য পণ্য বা পণ্যসমূহের মূল্যের শতকরা একশতভাগ ব্যাংক গ্যারান্টি দাখিল করিতে হইবে, তবে যে সকল রপ্তানিমুখী শিল্প বন্ডেড ওয়্যার হাউজ লাইসেন্সের অধীনে পরিচালিত উহাদের ক্ষেত্রে অনুরূপ ব্যাংক গ্যারান্টি দাখিলের প্রয়োজন হইবে না।
- (১৬) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির অধীনে পরিচালিত অন্যান্য সকল সেক্টরের স্বীকৃত প্রস্তুতকারী ও রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে উহাদের কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানি করিতে পারিবে এবং এইরূপ প্রত্যক্ষ রপ্তানিকারক ও পরোক্ষ রপ্তানিকারক উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।
- (১৭) প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বন্ডেড ওয়্যার হাউজের মাধ্যমে কাঁচামাল আমদানি করা যাইবে।
- (১৮) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির আওতায় পরিচালিত কেবল ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে অথবা মাস্টার রপ্তানি ঋণপত্র এবং ব্যাক-টু-ব্যাক এল,সি ছাড়াই শুধুমাত্র ক্রেতা কর্তৃক নিশ্চিত চুক্তির বিপরীতে চার মাসের প্রয়োজনীয় কাঁচামাল এবং মোড়ক সামগ্রী রিভলভিং পদ্ধতিতে আমদানি করিতে পারিবে, এইরূপ ক্ষেত্রে-

- (ক) বিদ্যমান ফ্যাক্টরীর বেলায় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিগত বৎসরের রপ্তানি তথা পারফরমেন্সের ব্যাপারে ইস্যুকৃত সনদপত্রের উপর ভিত্তি করিয়া পরিমাণ নির্ধারণ করা হইবে; এবং
- (খ) নতুন ফ্যাক্টরীর ক্ষেত্রে বিনিয়োগ বোর্ড কর্তৃক নির্ধারিত উৎপাদন ক্ষমতার উপর ভিত্তি করিয়া চার মাসের পরিমাণ নির্ধারণ করা হইবে।
- (১৯) উপ-অনুচ্ছেদ (১৭) এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ব্যাক-টু-ব্যাংক ঋণপত্রের মাধ্যমে গণ্য আমদানির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অথরাইজেশনের প্রয়োজন হইবে না এবং প্রচলিত বিধান অনুযায়ী রপ্তানি ঋণপত্র ছাড়াও চুক্তির বিপরীতে ব্যাংক গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সাইট বা ইউজেন্স ঋণপত্রের মাধ্যমে কাঁচামাল আমদানি করা যাইবে।
- (২০) তৈয়ারী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত বস্ত্রের কন্টেইনারে বা চালানে নগণ্য পরিমাণ বা মূল্যের টুকরা বা কাটা কাপড় পাওয়া গেলে শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক সম্পূর্ণ কন্টেইনার বা চালান আটক না করিয়া কেবল টুকরা বা কাটা কাপড় আটক করা হইবে।
- (২১) তৈয়ারী পোশাক শিল্পের ক্ষেত্রে সুনির্দিষ্ট রপ্তানি আদেশ সম্পাদনের জন্য আমদানিকৃত এমব্রয়ডার্ড কাপড়, ব্যাজ, লেবেল, স্টিকার ও প্যাচ এর ক্ষেত্রে ১৮.২৯ মিঃ এর নিম্নোক্ত প্রযোজ্য হইবে না।
- (২২) রপ্তানিমুখী তৈয়ারী পোশাক বা বস্ত্র শিল্পের জন্য ব্যাক-টু-ব্যাংক ঋণপত্র প্রতিষ্ঠার পূর্বে ক্রেতা/সরবরাহকারী কর্তৃক কাঁচামাল ও মোড়ক সামগ্রী যদি জাহাজীকরণ করা হয় তাহা হইলে ইহা আমদানি নীতি লংঘন হিসাবে গণ্য হইবে না, যদি চালানের মেনিফেস্ট দাখিলের পূর্বে ব্যাক-টু-ব্যাংক এল,সি খোলা হয়।
- (২৩) বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রাপ্তি সাপেক্ষে ১০০% রপ্তানিমুখী অলংকার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের জন্য অনুমোদিত উপকরণ আমদানির ক্ষেত্রে ঋণপত্র খোলার প্রয়োজন হইবে না, তবে উক্তরূপে ঋণপত্র না খুলিয়া আমদানিকৃত উপকরণ ছাড়করণের জন্য শুষ্ক কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।
- (২৪) পোশাক শিল্প কারখানায় ব্যবহারের উদ্দেশ্যে কাঁচামাল ও মূলধনী যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে ঋণপত্র প্রতিষ্ঠা ব্যতিরেকে মূল্যসীমা নির্বিশেষে আমদানি করা যাইবে।
- (২৫) **অস্বচ্ছ হীরা (Rough Diamond) (এইচ, এস, কোড নম্বর ৭১০২.১০, ৭১০২.২১, ৭১০২.৩১)-**
- (ক) সুপারভাইজড বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির অধীন পরিচালিত ১০০% রপ্তানিমুখী ফিনিশড হীরা প্রস্তুতকারক শিল্প প্রতিষ্ঠানসমূহ, ঋণপত্র খোলা ব্যতিরেকে, কাঁচামাল হিসাবে অস্বচ্ছ হীরা (Rough Diamond) মূল্য পরিশোধ ব্যতিরেকে, কনসাইনমেন্ট ভিত্তিতে অথবা বিদেশী ক্রেতা কর্তৃক নিশ্চিত রপ্তানি চুক্তি বা আদেশের বিপরীতে এই উপ-অনুচ্ছেদের অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে সাইট বা ইউজেন্স পদ্ধতিতে অস্বচ্ছ/অমসৃণ হীরা (Rough Diamond) আমদানি করিতে পারিবে, তবে রপ্তানি চুক্তি বা আদেশের বিপরীতে আমদানির ক্ষেত্রে, মূল্য সংযোজন অর্থসহ আমদানি ব্যয় ন্যূনতম রপ্তানি মূল্য হিসাবে বিবেচিত হইবে, যাহা বৈধ ব্যাংকিং চ্যানেলে প্রত্যাবাসন করিতে হইবে;
- (খ) অমসৃণ হীরা প্রসেসিং এর ক্ষেত্রে কাটিং লস হইবে অনূর্ধ্ব ৭৫%;
- (গ) আমদানিকৃত প্রতি ক্যারেট অমসৃণ হীরার মূল্য সংযোজন অর্থ ন্যূনতম ১০ (দশ) মার্কিন ডলার হিসাবে মোট রপ্তানিযোগ্য ফিনিশড হীরার মোট মূল্য সংযোজন অর্থ ব্যাংকিং চ্যানেলে এল,সি, ডকুমেন্টারী কালেকশন, Cash Against Document (CAD) বা টিটি (TT) এর মাধ্যমে, প্রত্যাবাসনের শর্তে, রপ্তানিকারকগণ ফিনিশড হীরা রপ্তানি করিতে পারিবে; এবং
- (ঘ) অমসৃণ হীরা (Rough Diamond) আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বাংলাদেশ ব্যাংক ও শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়ম অনুসরণ সাপেক্ষে অমসৃণ হীরা আমদানি ও রপ্তানি করিতে হইবে।
- (২৬) বন্ডেড ওয়্যারহাউজ পদ্ধতির অধীনে পরিচালিত করোগেটেড কার্টুন, থ্রেড, পলিব্যাগ, বাটার ফ্লাই, লেবেল, ইন্টারলাইনিং গামটেপ, চামড়া, চামড়াজাত দ্রব্যাদি, ফুটওয়্যার ইত্যাদি প্রস্তুতকারক ১০০% রপ্তানিমুখী প্রতিষ্ঠানের কেমিক্যালসহ কাঁচামাল ও এক্সেসরিজ আমদানির ক্ষেত্রে প্রচলিত ব্যাক-টু-ব্যাংক এল,সি সুবিধার পাশাপাশি পূর্ববর্তী প্রক্রিয়া অর্থাৎ বন্ডেড ওয়্যারহাউজ এর আওতায় এস,ই,এম বা ক্যাশ এল,সি পদ্ধতিতে আমদানির ব্যবস্থাও চালু থাকিবে।

- (২৭) প্রতিটি প্রাচীন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইউটিলাইজেশন পারমিট (ইউপি) প্রদান করা যাইবে, যথা:-
- (ক) যে ক্ষেত্রে কোন ঋণপত্রের বিপরীতে উপকরণাদি আমদানি করিবার পর কার্টুন ও এক্সেসরিজ আমদানির পণ্যমূল্য পরিশোধ করা সম্ভব না হয় সে ক্ষেত্রে অন্য কোন ঋণপত্রের বিপরীতে উপকরণাদি আমদানি করিবার পর নির্ধারিত সীমার অর্থ উদ্বৃত্ত থাকিলে উক্ত উদ্বৃত্ত অর্থ সংশ্লিষ্ট ঋণপত্রের বিপরীতে কার্টুন ও এক্সেসরিজ আমদানির পণ্য মূল্য পরিশোধকল্পে সমন্বয় করা যাইবে এবং উক্তরূপ সমন্বয় অনধিক সাতটি ঋণপত্রের মধ্যে করিতে হইবে;
- (খ) যে ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের সহিত অন্য যে সকল ঋণপত্রের উদ্বৃত্ত অর্থ সমন্বয় করা হয় উহার সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাদি যথাঃ সংশ্লিষ্ট ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর, সূত্র ও তারিখ ঋণপত্র গ্রহীতার নাম ও ঠিকানা, পণ্যের বিবরণী এবং পরিমাণ ও আনুষংগিক অন্যান্য তথ্য এইরূপ ইউ,পি-তে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে;
- (গ) সরবরাহকৃত পণ্যের 'এ্যাকসেসরিজ' কাঁচামাল ব্যাক-টু-ব্যাক ঋণপত্র কোন অবস্থাতেই ৬ (ছয়) মাসের অধিক সময় অসম্বিত অবস্থায় রাখা যাইবে না;
- (ঘ) ৬ (ছয়) মাসের মধ্যে অভ্যন্তরীণ (ইনল্যান্ড) ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের অর্থের সমন্বয় সাধন করিতে হইবে; এবং
- (ঙ) পণ্য চালানসমূহের মূল্য নির্বিশেষে দফা (ক) হইতে (ঘ) এর শর্তসমূহ প্রযোজ্য হইবে।
- (২৮) আমদানি পারমিট এবং বিশেষ ক্ষেত্রে ক্লিয়ারেন্স পারমিট (জরিমানাসহ খালাসের নিমিত্তে) এর মাধ্যমে আমদানি:-১০০% বিদেশী উদ্যোগে স্থাপিত/স্থাপিতব্য অনুমোদিত শিল্পের ক্যাপিটাল মেশিনারী ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে এল,সি,এ ফরম এর অথবা ঋণপত্র খুলিবার প্রয়োজন হইবে না, তবে আমদানিকারককে আমদানি পারমিট অথবা ক্ষেত্রবিশেষে ক্লিয়ারেন্স পারমিট গ্রহণ করিতে হইবে।
- (২৯) গ্রে-কাপড়-
- (ক) স্বীকৃত টেক্সটাইল ফিনিশিং (মেকানাইজড) ইউনিট কর্তৃক ব্যাক-টু-ব্যাক এল,সি'র বিপরীতে বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতিতে সকল প্রকার গ্রে-কাপড় এই শর্তে আমদানি করা যাইবে যে আমদানিকৃত সমস্ত গ্রে-কাপড় ফিনিশিং, ডাইং বা প্রিন্টিং এর পর রপ্তানিমুখী পোশাক শিল্পকে সরবরাহ করিতে হইবে অথবা তাহা সম্পূর্ণরূপে বিদেশে রপ্তানি করিতে হইবে;
- (খ) আমদানিকৃত গ্রে-কাপড় ফিনিশিং, ডাইং বা প্রিন্টিং-এর পর সরাসরি বিদেশে রপ্তানি করা হইলে একই অর্থ বৎসরে আমদানিকৃত গ্রে-কাপড়ের সমপরিমাণ স্থানীয় গ্রে-কাপড় ফিনিশিং, ডাইং বা প্রিন্টিং এর পর রপ্তানিমুখী পোশাক শিল্পের নিকট সরবরাহ করিতে হইবে অথবা বিদেশে রপ্তানি করিতে হইবে, তবে আমদানিকৃত গ্রে-কাপড় ফিনিশিং, ডাইং বা প্রিন্টিং এর পর রপ্তানিমুখী পোশাক শিল্পের নিকট সরবরাহ করা হইলে সমপরিমাণ স্থানীয় গ্রে-কাপড় ব্যবহারের শর্ত প্রয়োজন হইবে না;
- (গ) গ্রে-কাপড় আমদানি সম্পর্কিত শর্তাবলী যথাযথভাবে পালনের বিষয়ে রপ্তানি উন্নয়ন ব্যুরো মনিটর করিবে;
- (ঘ) স্বীকৃত টেক্সটাইল ফিনিশিং (মেকানাইজড) ইউনিট ছাড়াও রপ্তানিমুখী পোশাক প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ব্যাক-টু-ব্যাক এল, সি'র বিপরীতে ও বন্ডেড ওয়্যারহাউজ পদ্ধতিতে নিজ নিজ শুল্ক পাস বুক অস্ত্রুজির মাধ্যমে কাস্টম্‌স্‌ এস, আর, ও অথবা বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত ইউটিলাইজেশন এক্সপার্ট কমিটি কর্তৃক নির্ধারিত অথবা সুপারিশকৃত পরিমাণ গ্রে-কাপড় আমদানি করা যাইবে, তবে আমদানিকৃত উক্ত গ্রে-কাপড় দ্বারা তৈয়ারী পোশাক সম্পূর্ণরূপে বিদেশে রপ্তানি করতঃ বর্তমান নিয়ম অনুযায়ী ঐ পরিমাণ গ্রে-কাপড় পাস বুক অস্ত্রুজ করায়া সমন্বয় করিতে হইবে;
- (ঙ) সুনির্দিষ্ট রপ্তানি আদেশের বিপরীতে রপ্তানি শিল্পে ব্যবহার ও সরাসরি রপ্তানির উদ্দেশ্যে প্রচলিত পদ্ধতি অনুসরণ করিয়া গ্রে-কাপড় আমদানি করা যাইবে;
- (চ) রপ্তানিমুখী স্পেশলাইজড টেক্সটাইল (ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং অথবা ডাইং, প্রিন্টিং, ফিনিশিং, উইভিং/স্পিনিং) কেবল যাহাদের প্রযুক্তিগত যোগ্যতা আছে, সুপারভাইজড বন্ডেড ওয়্যার হাউজের আওতায় ব্যাক-টু-ব্যাক ঋণপত্র ব্যতিরেকেও চার মাসের প্রয়োজনীয় গ্রে-

কাপড় ও সুতা রিভলভিং পদ্ধতিতে (উৎপাদন ক্ষমতার সর্বোচ্চ ৩৩%) দফা (ক) হইতে (গ) এ বর্ণিত শর্তে আমদানি করিতে পারিবে এবং এইরূপ ক্ষেত্রে বিদ্যমান ফ্যাক্টরীর বেলায় সংশ্লিষ্ট ব্যাংক প্রদত্ত বিগত বৎসরের রপ্তানি তথা পারফরমেন্সের ব্যাপারে ইস্যুকৃত সনদপত্রের উপর ভিত্তি করিয়া পরিমাণ নির্ধারণ করা হইবে; এবং

(ছ) সুপারভাইজড বন্ডেড ওয়্যারহাউজের আওতায় ১০০% রপ্তানিমুখী স্পেশালাইজড টেক্সটাইল মিল ব্যাক-টু-ব্যাক ঋণপত্র ব্যতিরেকে ১২ (বার) মাসের প্রয়োজনীয় কাঁচামাল রিভলভিং পদ্ধতিতে আমদানি করিতে পারিবে এবং এইরূপ ক্ষেত্রে বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানের বেলায় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিগত বৎসরের রপ্তানি তথা পারফরমেন্সের ব্যাপারে ইস্যুকৃত সনদপত্রের উপর ভিত্তি করিয়া পরিমাণ নির্ধারণ করা হইবে।

(৩০) পার্টস, এক্সেসরিজ ও কম্পোন্যান্টস এর আমদানি- যে সকল পার্টস, এক্সেসরিজ ও কম্পোন্যান্টস এর আমদানি নিয়ন্ত্রিত সেই সকল পার্টস, এক্সেসরিজ ও কম্পোন্যান্টস মেশিনারীর অখন্ড ও অপরিহার্য অংশ হিসাবে আমদানিযোগ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট মেশিনারীও আমদানিযোগ্য হইতে হইবে।

(৩১) সেকেন্ড হ্যান্ড বা রিকভার্ড ক্যাপিটাল মেশিনারীজ-

(ক) শিল্প কারখানায় ব্যবহার্য সেকেন্ড হ্যান্ড বা রিকভার্ড ক্যাপিটাল মেশিনারীজ ও জেনারেটর বা জেনারেটিং সেট মূল্যসীমা নির্বিশেষে আমদানিযোগ্য হইবে, তবে জেনারেটর বা জেনারেটিং সেট ব্যতীত প্রতিটি মেশিনারীজ এর অর্থনৈতিক আয়ুষ্কাল কমপক্ষে ১০ (দশ) বৎসর রহিয়াছে এই মর্মে আমদানি উৎসে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত বা নির্ধারিত বা স্বীকৃত সার্ভেয়ার কর্তৃক প্রদত্ত সনদপত্র অবশ্যই বিল অব লেডিং এর সহিত দাখিল করিতে হইবে; এবং

(খ) পুরাতন বা রিকভার্ড জেনারেটর বা জেনারেটিং সেট আমদানির ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসরের অধিক পুরাতন নয় এই মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন প্রদান করিতে হইবে।

(৩২) বৈদ্যুতিক মিটার (বৈদ্যুতিক কিলোওয়াট মিটার)-

(ক) সিংগেল ফেজ বৈদ্যুতিক মিটার (এইচ এস কোড নম্বর ৯০২৮.৩০.১০, ৯০২৮.৩০.২০ ও ৯০২৮.৩০.৯০) সম্পূর্ণ তৈরী অবস্থায় আমদানির ক্ষেত্রে, উহার মান এসি এনার্জি মিটারস অংশ-১ (একুরেসি ক্লাস-২) বিডিএস ১৩১ (অংশ-১)ঃ ১৯৯৮ এবং এসি এনার্জি মিটার অংশ-২ (একুরেসি ক্লাস-১) বিডিএস ১৩১ (অংশ-২)ঃ ১৯৯৯ অনুযায়ী হইতে হইবে; এবং

(খ) বৈদ্যুতিক মিটারের যন্ত্রাংশ (এইচ এস কোড নম্বর ৯০২৮.৯০.১০ ও ৯০২৮.৯০.৯০) আমদানি পর্যায়ে মান পরীক্ষার প্রয়োজন হইবে না, তবে আমদানিকৃত যন্ত্রাংশ দ্বারা পূর্ণাঙ্গ মিটার প্রস্তুত করিয়া বাজারজাত করিবার পূর্বে উহার মান বিডিএস ১৩১ঃ ১৯৯৮ অনুযায়ী হইতে হইবে, যাহা বিএসটিআই কর্তৃক পরীক্ষা করা হইতে হইবে।

(৩৩) প্যাকিং অথবা ক্যানিং সেক্টরের স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান উহার আমদানি সীমা পর্যন্ত নিম্নবর্ণিত বিধান পালন সাপেক্ষে ননীয়ুক্ত গুড়োদুধ, হরলিক্স জাতীয় খাদ্য টিনের পাত্রে অথবা বৃহৎ মোড়কে আমদানি করিতে পারিবে, যথা:-

(ক) আমদানিকৃত দ্রব্যের প্রতিটি চালানের সাথে রপ্তানিকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ (সরকারি স্বাস্থ্য বা খাদ্য বিভাগীয়) কর্তৃক ইস্যুকৃত উক্ত দ্রব্যের উপাদান ও বিভিন্ন উপকরণের আনুপাতিক হার, উহা প্রস্তুতের তারিখ এবং মানুষের খাদ্য হিসাবে ব্যবহারের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ সম্বলিত একটি প্রত্যয়নপত্র সংযুক্ত থাকিতে হইবে;

(খ) উক্ত দ্রব্যসামগ্রী আমদানির ক্ষেত্রে অনুচ্ছেদ ১৬ এ বর্ণিত তেজস্ক্রিয়তা পরীক্ষা সংক্রান্ত বিধান প্রযোজ্য হইবে;

(গ) উক্ত দ্রব্যসামগ্রী টিনের পাত্রে আমদানির ক্ষেত্রে এবং টিনের পাত্রে অথবা বৃহৎ মোড়কে আমদানিকৃত দ্রব্য খুচরা মোড়কে প্যাকিং/ক্যানিং করিয়া বিক্রয়ের ক্ষেত্রে অনুচ্ছেদ ১৬ এর উপ-অনুচ্ছেদ (১৭) এর বিধান প্রযোজ্য হইবে; এবং

(ঘ) উক্ত দ্রব্যসামগ্রী বৃহৎ মোড়কে আমদানির ক্ষেত্রে উক্ত দ্রব্যের উপাদান ও বিভিন্ন উপকরণের আনুপাতিক হার, উহার প্রস্তুতের তারিখ এবং মানুষের খাদ্য হিসাবে ব্যবহারের মেয়াদ উত্তীর্ণ

হওয়ার তারিখ সম্বলিত তথা বৃহৎ মোড়কের গায়ে অথবা লেবেলে অথবা স্টীকারে স্থায়ীভাবে মুদ্রিত থাকিতে হইবে।

- (৩৪) **নারিকেল তৈল-** নারিকেল তৈল (এইচ এস হেডিং নম্বর ১৫.১৩ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) স্বীকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আমদানি করা যাইবে, তবে মাথায় ব্যবহারের জন্য আমদানিতব্য নারিকেল তৈলের এসিড ভ্যালু ০.৬ এর উর্ধ্বে হইবে না এবং সাবান শিল্পের জন্য আমদানিতব্য নারিকেল তৈলের এসিড ভ্যালু ১০.০ পর্যন্ত থাকিতে পারিবে এবং নারিকেল তৈল বাণিজ্যিক ভিত্তিতে অবাধে আমদানিযোগ্য হইবে এবং এই ক্ষেত্রে উহার এসিড ভ্যালু ০.৬ এর উর্ধ্বে হইবে না।
- (৩৫) **ওয়েস্ট এন্ড স্ক্র্যাপ আমদানি-**
- (ক) কেবল শিল্পের কাঁচামাল হিসাবে প্রকৃত ব্যবহারকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান উহার আমদানি স্বত্ব অনুসারে আয়রণ ও স্টিল ওয়েস্ট এন্ড স্ক্র্যাপ (এইচ এস হেডিং নম্বর ৭২.০৪ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড) আমদানি করিতে পারিবে;
- (খ) কেবল শিল্পের কাঁচামাল হিসাবে প্রকৃত ব্যবহারকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান উহার আমদানি স্বত্ব অনুসারে এ্যালুমিনিয়াম ওয়েস্ট এন্ড স্ক্র্যাপ (এইচ এস হেডিং নম্বর ৭৬.০২ এর এইচ এস কোড নম্বর ৭৬০২.০০.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য) আমদানি করিতে পারিবে।
- (গ) কেবল শিল্পের কাঁচামাল হিসাবে প্রকৃত ব্যবহারকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান উহার আমদানি স্বত্ব অনুসারে কালোট স্ক্র্যাপ অব গ্লাস (এইচ এস হেডিং নম্বর ৭০০১.০০.০০) আমদানি করিতে পারিবে; এবং
- (ঘ) দফা (ক), (খ) ও (গ) এ উল্লিখিত দ্রব্যসামগ্রী টেক্সটাইল বা তেজস্ক্রিয় পদার্থমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আমদানিকারককে অবশ্যই শুল্ক কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে।
- (৩৬) **রিকভারড পেপার অথবা পেপার বোর্ড (ওয়েস্ট এন্ড স্ক্র্যাপ)-** শিল্পের কাঁচামাল হিসাবে ব্যবহারের জন্য (এইচ এস হেডিং নম্বর ৪৭.০৭ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) আমদানিযোগ্য হইবে।
- (৩৭) **ব্রেক এ্যাকরেলিক-** ব্রেক এ্যাকরেলিক (এইচ এস হেডিং নম্বর ৩৯.১৫ এর এইচ এস কোড নম্বর ৩৯১৫.৯০.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য) নিম্নবর্ণিত শর্তে আমদানি করা যাইবে, যথা:-
- (ক) যে সকল শিল্প প্রতিষ্ঠানের কাঁচামাল হিসাবে এ্যাকরেলিক ব্যবহার করে কেবল ঐ সকল স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান উহাদের আই,আর,সি-তে উল্লিখিত উৎপাদন ক্ষমতা অনুযায়ী আমদানি করিতে পারিবে;
- (খ) আমদানির সঙ্গে সঙ্গে আমদানিকৃত ব্রেক এ্যাকরেলিকের উৎস এবং উৎস দেশ সম্পর্কে পরিবেশ অধিদপ্তরকে অবহিত করিতে হইবে;
- (গ) পরিবেশ সংক্রান্ত আন্তর্জাতিক কনভেনশন অনুযায়ী আমদানিকৃত ব্রেক এ্যাকরেলিক টেক্সটাইল বা তেজস্ক্রিয় কোন দ্রব্য, যা পরিবেশ দূষণের কারণ হইতে পারে, আছে কিনা সে সম্পর্কে জাহাজীকরণের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সার্ভেয়ার বা পিএসআই কোং এর নিকট হইতে প্রাক-জাহাজীকরণ পরিদর্শন (পিএসআই) সার্টিফিকেট আমদানিকারককে উপস্থাপন করিতে হইবে এবং উক্ত সার্টিফিকেট অনুযায়ী আমদানিকৃত মালামাল শুল্ক সংক্রান্ত প্রচলিত আইন অনুযায়ী খালাস করিতে হইবে।
- (৩৮) ১০০% রপ্তানিমুখী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান পুনঃপ্রক্রিয়াকরণের মাধ্যমে রপ্তানির উদ্দেশ্যে পণ্য উৎপাদনের জন্য আমদানি নিষিদ্ধ পণ্য ব্যতীত সংশ্লিষ্ট কাঁচামাল পোষকের নির্ধারিত আমদানি স্বত্ব অনুসারে আমদানি করিতে পারিবে।
- (৩৯) **মিথানল/মিথাইল এ্যালকোহল-**

- (ক) কেবল শিল্পের কাঁচামাল হিসাবে প্রকৃত ব্যবহারকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান উহার আমদানি স্বত্ব অনুসারে মিথানল/মিথাইল এ্যালকোহল (এইচ,এস হেডিং নম্বর ২৯.০৫ এর এইচ,এস কোড নম্বর ২৯০৫.১১.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য) আমদানি করিতে পারিবে;

তবে শর্ত থাকে যে, অনুরূপ মিথানল আমদানির ক্ষেত্রে শিল্প খাতে আমদানির সাধারণ নিয়মাবলী সংক্রান্ত বিধান প্রযোজ্য হইবে না;

- (খ) স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান ছাড়াও বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান মিথানল বা মিথাইল এ্যালকোহল আমদানি করিতে পারিবে।

৩৯(ক): ফরমালিন-নিম্নবর্ণিত শর্তে ফরমালিন আমদানিযোগ্য হইবে, যথাঃ

- (ক) বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে সকল প্রকার ফরমালিন আমদানি করিতে হইবে;
- (খ) ফরমালিন আমদানিকারকগণকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সুপারিশপত্রসহ বাণিজ্য মন্ত্রণালয়ের নিকট অনুমতির জন্য আবেদন করিতে হইবে;
- (গ) ফরমালিন আমদানিকারকগণকে ফরমালিন ক্রেতাদের নিকট ফরমালিন বিক্রয়ের হিসাব রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে; এবং
- (ঘ) বাণিজ্য মন্ত্রণালয় বা সরকার কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষ, সময়ে সময়ে, আমদানিকারকগণের বিক্রয় রেজিস্টার পরীক্ষা করিয়া দেখিবে।

(এস আর ও নং ৭০-আইন/২০১৩ তাং ১৪ মার্চ ২০১৩ এর মাধ্যমে সন্নিবেশিত)

- (৪০) **ক্রুড সয়াবিন-** ক্রুড সয়াবিন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত ভোজ্য তৈল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের নিজস্ব রিফাইনারী থাকিলে অথবা অন্য কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান কোন রিফাইনারীর সহিত চুক্তিবদ্ধ থাকিলে উক্ত শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠান বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদনক্রমে চুক্তিতে উল্লিখিত পরিমাণ ক্রুড সয়াবিন তৈল (এইচ এস হেডিং নম্বর ১৫.০৭ এর এইচ এস কোড নম্বর ১৫০৭.১০.১০ ও ১৫০৭.১০.৯০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য) আমদানি করিতে পারিবে এবং এইরূপ ক্ষেত্রে উক্ত বাণিজ্যিক প্রতিষ্ঠান শিল্প প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে।

(৪১) **শোধিত পাম অলিন ও ক্রুড পাম অলিন-**

- (ক) শোধিত পাম অলিন (এইচ এস হেডিং নম্বর ১৫.১১ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) আমদানির জন্য এই আদেশের অনূচ্ছেদ ১৬ এ বর্ণিত সকল বিধান প্রতিপালন করিতে হইবে এবং রপ্তানিকারক দেশের স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং শিল্প ও বণিক সমিতির নিকট হইতে উহা মানুষের খাওয়ার উপযোগী মর্মে পৃথক পৃথক সনদপত্র পেশ করিতে হইবে। পণ্য খালাসের সময় এই সনদপত্রগুলি সংশ্লিষ্ট আমদানিকারককে শুদ্ধ কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে;
- (খ) ভোজ্য তৈল হিসাবে নিম্নরূপ পণ্য আমদানিযোগ্য হইবে না, যথা:-
- (অ) ঘন (সলিড) বা আধাঘন (সেমি সলিড) পাম তৈল, যাহা দেখিতে ভেজিটেবল ঘি এর অনুরূপ;
- (আ) আরবিডি পাম স্টিয়ারিন এবং ট্যালো;
- (ই) অশোধিত পাম স্টিয়ারিন।
- (গ) ফ্রাকশোনেশন প্লান্ট আছে এমন সব ভোজ্য তৈল উৎপাদনকারী কারখানা বিনিয়োগ বোর্ডের সুপারিশক্রমে শোধিত এবং অশোধিত (রিফাইন্ড এন্ড ক্রুড পাম অয়েল) পাম তৈল আমদানি করিতে পারিবে এবং বিষয়টি বিনিয়োগ বোর্ড মনিটর করিবে;
- (ঘ) ক্রুড পাম অয়েল বা ক্রুড পাম অলিন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ভোজ্য তৈল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের নিজস্ব রিফাইনারী থাকিলে অথবা অন্য কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান কোন রিফাইনারীর সহিত চুক্তিবদ্ধ থাকিলে উক্ত শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠান বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদনক্রমে

চুক্তিতে উল্লিখিত পরিমাণ ক্রুড পাম অয়েল বা ক্রুড পাম অলিন আমদানি করিতে পারিবে এবং এইক্ষেত্রে উক্ত বাণিজ্যিক প্রতিষ্ঠান শিল্প প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে;

- (ঙ) ট্যাংক টার্মিনালে সংরক্ষণের মাধ্যমে ক্রুড সয়াবিন তৈল এবং ক্রুড পাম অলিন আমদানি- ক্রুড সয়াবিন তৈল এবং ক্রুড পাম অলিন (ক্রুড সয়াবিন তৈল ও ক্রুড পাম অলিন আমদানি এইচ,এস, হেডিং নম্বর ১৫.০৭ ও ১৫.১১) উপ-অনুচ্ছেদ (৪০) এবং (৪১) এর দফা (ঘ) এ বর্ণিত আমদানিকারক কর্তৃক আমদানিকৃত তৈল মাদার ভেসেল হইতে ট্যাংকারের মাধ্যমে শুষ্ক কর্তৃপক্ষের তত্ত্বাবধানে ট্যাংক টার্মিনালে সংরক্ষণ করিবে এবং ট্যাংক টার্মিনালে সংরক্ষিত তৈল বন্ডেড ওয়্যার হাউস প্রক্রিয়ার মাধ্যমে শুষ্ক পরিশোধ সাপেক্ষে খালাস করা যাইবে;
- (চ) ট্যাংক টার্মিনালে মজুদকৃত ভোজ্য তৈল স্থানীয় প্রতিষ্ঠানকে সরবরাহ দেওয়ার পূর্বে সঠিক শুষ্ককর, ভ্যাট ইত্যাদি পরিশোধ করা হইয়াছে কিনা শুষ্ক কর্তৃপক্ষ উহা নিশ্চিত করিবে এবং যে পরিমাণ ভোজ্য তৈল সংশ্লিষ্ট ট্যাংকে গ্রহণ বা সংরক্ষণ করা হইবে উহার অতিরিক্ত পরিমাণ অবৈধভাবে বিক্রি দেখাইয়া যদি কোন বৈদেশিক মুদ্রা প্রেরিত হয় এবং আমদানি, বিক্রয় ও রপ্তানির মধ্যে কোন গরমিল পরিলক্ষিত হয় তাহা হইলে সংশ্লিষ্ট ট্যাংক টার্মিনাল দায়ী থাকিবে এবং বিষয়টি শুষ্ক কর্তৃপক্ষ নিশ্চিত করিবে এবং এই ব্যাপারে প্রতিটি কনসাইনমেন্ট আমদানি, বিক্রি ও ফেরত প্রদানের হিসাব বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগে প্রেরণ করিতে হইবে;
- (ছ) এই অনুচ্ছেদে উল্লিখিত আমদানির ক্ষেত্রে অনুচ্ছেদ ১৬ এর বিধানসহ সংশ্লিষ্ট সকল বিধি-বিধান এবং সরকারি সকল নিয়ম নীতি যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে; এবং
- (জ) ভিন্ন ভিন্ন তারিখে আমদানিকৃত পণ্য ভিন্ন ভিন্ন ট্যাংকে রক্ষিত থাকিবে, যাহাতে মেয়াদোত্তীর্ণ তারিখ নিশ্চিত করা যায়।
- (৪২) যে কোন শিল্পে ব্যবহৃত জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকারক উপাদান, বিষাক্ত রাসায়নিক উপাদান এবং কাঁচামাল আমদানির ক্ষেত্রে প্রতিটি ড্রামে, বোতলে বা প্যাকেটে বিষ (Poison) কথাটি দৃশ্যমান স্থানে লিখিত/মুদ্রিত থাকিতে হইবে।

ষষ্ঠ অধ্যায়

বাণিজ্যিক আমদানিকারকগণ কর্তৃক আমদানির বিধানাবলী

- ২৫। বাণিজ্যিক আমদানি।- (১) নগদ বৈদেশিক মুদ্রায় বাণিজ্যিক পণ্য আমদানি করিতে হইবে, তবে অর্থের সংস্থান সাপেক্ষে সরকারি বরাদ্দের বিপরীতেও বাণিজ্যিক পণ্য আমদানির জন্য অনুমতি দেওয়া যাইবে, এই ক্ষেত্রে পণ্যের নাম ও তহবিলের উৎস এবং অন্যান্য শর্ত, সময় সময় প্রধান নিয়ন্ত্রক কর্তৃক প্রজ্ঞাপিত হইবে।
- (২) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক শিল্পের কাঁচামাল, মোড়কসামগ্রী ও খুচরা যন্ত্রাংশ আমদানি- নিয়ন্ত্রিত পণ্যের তালিকা বহির্ভূত সকল শিল্পের কাঁচামাল, মোড়ক সামগ্রী ও খুচরা যন্ত্রাংশ নগদ বৈদেশিক মুদ্রায় বাণিজ্যিক ভিত্তিতে অবাধে আমদানিযোগ্য হইবে।
- (৩) বিদেশী সংস্থা কর্তৃক বাণিজ্যিক আমদানি- কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে বাংলাদেশে রেজিস্ট্রীকৃত বিদেশী কোম্পানী বা সংস্থাগুলি উহাদের বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদপত্রের বিপরীতে আমদানিযোগ্য বাণিজ্যিক পণ্য প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতি ছাড়াই আমদানি করিতে পারিবে, তবে বিদেশী কোম্পানী বা সংস্থাগুলি এইরূপ বাণিজ্যিক পণ্য আমদানির পূর্বে প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি দপ্তরকে লিখিতভাবে উক্ত পণ্যের এইচ এস কোড নম্বর, পণ্যের বিবরণ, পরিমাণ, মূল্য, বিদেশী রপ্তানিকারক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, ইত্যাদি সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি অবহিত করিবে।
- (৪) বাণিজ্যিক ভিত্তিতে ক্যাপিটাল মেশিনারী আমদানি- নূতন এবং সেকেন্ডহ্যান্ড বা রিকভার্ড ক্যাপিটাল মেশিনারী ও জেনারেটর বা জেনারেটিং সেট নগদ বৈদেশিক মুদ্রায় কোন মূল্যসীমা ছাড়াই বাণিজ্যিক

আমদানিকারক কর্তৃক, এই আদেশের বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে, বাণিজ্যিক উদ্দেশ্যে আমদানি করা যাইবে।

পণ্য আমদানির লক্ষ্যে প্রযোজ্য বিধানাবলী

২৬। বিস্ফোরক আমদানি।- (১) (ক) বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রধান বিস্ফোরক পরিদর্শকের পূর্বানুমতি ব্যতিরেকে এইচ, এস হেডিং নম্বর ২৯.০৪ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য ট্রাইনাইট্রোটলুইন, এইচ এস হেডিং নম্বর ৩৬.০১ হইতে ৩৬.০৪ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য বিস্ফোরকসহ কোন প্রকার বিস্ফোরক দ্রব্য আমদানি করিবার অনুমতি দেওয়া হইবে না;

(খ) প্রজ্বলনীয় কঠিন পদার্থ, জারক পদার্থ, বিষাক্ত পদার্থ: প্রধান বিস্ফোরক পরিদর্শক এর পূর্বানুমতি ব্যতিরেকে এইচ এস হেডিং নম্বর ২৫.০৩ ও ২৮.০২ এর বিপরীতে শ্রেণী বিন্যাসযোগ্য সালফার, এইচ এস হেডিং নম্বর ২৮.০৪ এর বিপরীতে শ্রেণীবিন্যাস যোগ্য ফসফরাস, এইচ এস হেডিং নম্বর ২৮.২৯ এর বিপরীতে শ্রেণী বিন্যাসযোগ্য পটাশিয়াম ক্লোরেট, এইচ এস হেডিং নম্বর ২৮.৩৪ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য পটাশিয়াম নাইট্রেট, বেরিয়াম নাইট্রেট, সোডিয়াম নাইট্রেট, এ্যামুনিয়াম নাইট্রেট, এইচ এস হেডিং নম্বর ২৮.০৫ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য এ্যালুমিনিয়াম পাউডার, এইচ এস হেডিং নম্বর ২৮.৩০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য আর্সেনিক সালফাইড এবং ক্যালসিয়াম কার্বাইডসহ কোন প্রকার প্রজ্বলনীয় কঠিন পদার্থ, জারক পদার্থ, বিষাক্ত পদার্থ আমদানি করার অনুমতি দেওয়া হইবে না।

- (২) টিসিবি এর মাধ্যম ছাড়া অন্য কাহাকেও বাণিজ্যিক ভিত্তিতে বিস্ফোরক পদার্থ আমদানি করিবার অনুমতি দেওয়া হইবে না।
- (৩) টিসিবি কর্তৃক আমদানিকৃত বিস্ফোরক পদার্থ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবগত করাইয়া, প্রকৃত ব্যবহারকারীর নিকট বিক্রয় করা যাইবে।
- (৪) সরকার কর্তৃক স্বীকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহ, প্রধান বিস্ফোরক পরিদর্শকের পূর্বানুমতি সাপেক্ষে, উহাদের রেজিস্ট্রীকৃত স্তর পর্যন্ত ঐ জাতীয় বিস্ফোরক সামগ্রী আমদানি করিতে পারিবে, তবে এইরূপ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক অনুচ্ছেদ ২৩ এর আওতায় আমদানি স্বত্ব বা অংকের অতিরিক্ত বিস্ফোরক দ্রব্য আমদানি করা যাইবে না।
- (৫) প্রধান বিস্ফোরক পরিদর্শক, ছাড়পত্র প্রদানের সঙ্গে সঙ্গে, আমদানিতব্য পটাশিয়াম ক্লোরেটের পরিমাণ জাতীয় রাজস্ব বোর্ডকে লিখিতভাবে অবহিত করিবে।
- (৬) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানি স্বত্বের বিপরীতে আমদানিকৃত বিস্ফোরক পদার্থ শুধু উহাদের কারখানায় উৎপাদন কাজে ব্যবহৃত হইবে এবং উহা বিক্রয়, স্থানান্তর অথবা অন্য কোনভাবে ব্যবহার করা যাইবে না।
- (৭) তেজস্ক্রিয় পদার্থ- এইচ,এস, হেডিং নম্বর ২৮.৩৪ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য থোরিয়াম নাইট্রেট, এইচ,এস, হেডিং নম্বর ২৮.৪৪ হইতে ২৮.৪৬ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য তেজস্ক্রিয় রাসায়নিক দ্রব্য ও আইসোটোপসহ সকল পণ্য, এইচ এস হেডিং নম্বর ৯০.২২ এর এইচ এস কোড নম্বর ৯০২২.১৯.০০, ৯০২২.২১.০০ ও ৯০২২.২৯.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য এক্সরে যন্ত্রসহ আয়নায়নকারী বিকিরণ উৎপাদনক্ষম সকল যন্ত্র, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের পূর্বানুমতি সাপেক্ষে আমদানিযোগ্য।
- (৮) পারমাণবিক রি-এ্যাক্টর এবং ইহার যন্ত্রাংশ পোষক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে পারমাণবিক রি-এ্যাক্টর এবং ইহার যন্ত্রাংশ (এইচ,এস, হেডিং নম্বর ৮৪.০১ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ,এস, কোড নম্বর) কেবল বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক আমদানিযোগ্য।

- (৯) এসিড- কোন শিল্প প্রতিষ্ঠান এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১ নং আইন) এবং এসিড (আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০০৪ এর অধীন লাইসেন্স গ্রহণ করিয়া কাঁচামাল হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে পোষক কর্তৃক নির্ধারিত আমদানি স্বত্বে উল্লিখিত পরিমাণ গাঢ়, তরল অথবা মিশ্রণসহ যেকোন প্রকার সালফিউরিক এসিড, হাইড্রোক্লোরিক এসিড, নাইট্রিক এসিড, ফসফরিক এসিড, কস্টিক পটাশ, কার্বলিক এসিড, ব্যাটারি ফুইড (এসিড), ক্রোমিক এসিড ও এ্যাকুয়া-রেজিয়া এবং সরকার কর্তৃক নির্ধারিত এসিড জাতীয় (করসিভ) অন্যান্য দ্রব্যাদি আমদানি করিতে পারিবে, তবে শিল্প প্রতিষ্ঠান ছাড়াও সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান, বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে, উক্ত এসিড আমদানি করিতে পারিবে।
- (১০) কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি বাণিজ্যিক ভিত্তিতে বা নিজস্ব ব্যবহারের উদ্দেশ্যে এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১ নং আইন) এবং এসিড (আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০০৪ এর অধীন লাইসেন্স গ্রহণ করিয়া বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে উপ-অনুচ্ছেদ (৯) এ উল্লিখিত এসিড আমদানি করিতে পারিবে।
- (১১) রাসায়নিক সার- রং মিশ্রিত ও দানাদার এস এস পি এবং পাউডার এস এস পি অর্থাৎ যে কোন প্রকার রং মিশ্রিত এস এস পি এবং সকল প্রকার দানাদার এস এস পি এবং পাউডার এস এস পি সার (এইচ এস কোড নম্বর ৩১০৩.১০.১০, ৩১০৩.১০.২০ ও ৩১০৩.১০.৯০) এবং দানাদার ফিউজড ম্যাগনেশিয়াম ফসফেট সার (এইচ এস কোড নম্বর ৩১০৩.৯০.০০) আমদানি নিষিদ্ধঃ

তবে শর্ত থাকে যে, এইচ এস হেডিং নম্বর ৩১.০২ হইতে ৩১.০৫ এবং উহাদের বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য অন্যান্য রাসায়নিক সার নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য, যথা:-

- (ক) আমদানিকৃত সার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নকৃত সার উৎপাদনে ব্যবহৃত উপাদানসমূহের তালিকা জাহাজীকরণ দলিলের সাথে থাকিতে হইবে;
- (খ) আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন পরিদর্শন কোম্পানী কর্তৃক প্রদত্ত প্রাক-জাহাজীকরণ পরিদর্শন সনদ জাহাজীকরণ দলিলের সাথে থাকিতে হইবে এবং এতদসঙ্গে বর্ণিত আমদানিকৃত সারের বিনির্দেশিকা (স্পেসিফিকেশন) কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিনির্দেশিকার সাথে সংগতিপূর্ণ হইতে হইবে;
- (গ) কেবল ম্যানুফ্যাকচারার কিংবা তাহার প্রতিনিধির নিকট হইতে সার আমদানি করা যাইবে;
- (ঘ) জাহাজীকরণ দলিলের ইনভয়েস এ আমদানিকৃত সারের বিনির্দেশিকা এবং বাহ্যিক ও রাসায়নিক গুণাবলী (ফিজিক্যাল এন্ড কেমিক্যাল প্রোপারটিজ) সম্পর্কে তথ্যাদি পরিবেশন করিতে হইবে;
- (ঙ) দফা (ঘ) এ উল্লিখিত পরিবেশিত বিনির্দেশিকা ও গুণাবলী কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিনির্দেশিকা ও গুণাবলীর সহিত সংগতিপূর্ণ হইতে হইবে;
- (চ) বিল অব লেডিং এ আন্তর্জাতিক বিধান অনুসারে অন্যান্য তথ্যাদি পরিবেশন করিতে হইবে; এবং
- (ছ) আমদানিকারককে বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশনের সদস্য হইতে হইবে।
- (১২) উপ-অনুচ্ছেদ (১১) এ উল্লিখিত শর্তাদি পূরণ হইলে আমদানিকৃত সার “পোষ্ট ল্যাডিং ইন্সপেকশন” ছাড়াই খালাস করা যাইবেঃ
- তবে শর্ত থাকে যে, পরবর্তীতে পরীক্ষায় দৃশ্যীয় পদার্থ পাওয়া গেলে সরবরাহকারী ও আমদানিকারক যৌথভাবে দায়ী থাকিবে।
- (১৩) গ্রাউন্ড রক ফসফেট (এইচ এস হেডিং নম্বর ২৫.১০ এর এইচ এস কোড নম্বর ২৫১০.২০.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য)- গ্রাউন্ড রক ফসফেট নিম্নবর্ণিত বিধানাবলী পালন করিয়া আমদানি করা যাইবে, যথা:-
- (ক) Total Phosphates (as P²O⁵) percent 28.00 by weight minimum;
- (খ) Particle size minimum 90 percent the materials shall pass through 0.15 mm IS sieve and the balance 10 percent of the materials shall pass through 0.25 mm IS sieve;

- (গ) মান নিশ্চিত করিতে নমুনা কৃষি মন্ত্রণালয় অথবা কৃষি মন্ত্রণালয় অনুমোদিত সংস্থায় পরীক্ষার জন্য দাখিল করিতে হইবে। নমুনা পরীক্ষায় যথাযথ মান সম্পন্ন পাওয়া গেলে কৃষি মন্ত্রণালয় অনাপত্তি দিবে;
- (ঘ) কৃষি মন্ত্রণালয়ের অনাপত্তি পত্র ব্যাংকে দাখিল করা হইলে ব্যাংক ঋণপত্র প্রতিষ্ঠা করিবে; এবং
- (ঙ) আমদানিকৃত গ্রাউন্ড রক ফসফেট কৃষি মন্ত্রণালয় নির্ধারিত সংস্থায় পোস্টল্যান্ডিং ইমপেকশন করাইতে হইবে এবং পরীক্ষায় নমুনা সঠিক পাওয়া গেলে শুদ্ধ কর্তৃপক্ষ পণ্য খালাস করিবে।
- (১৪) কীটনাশক এবং বালাইনাশক- Pesticide Ordinance, 1971 (Ord. No. II of 1971) এবং উহার অধীনে প্রণীত বিধিমালার বিধান অনুযায়ী বালাই নাশকের আমদানিযোগ্যতা নির্ধারিত হইবে এবং কীটনাশক ও বালাইনাশক দ্রব্যাদি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানি করা যাইবে, যথা:-
- (ক) আধার মজবুত এবং সমুদ্র পথে পরিবহনসহ উঠানো-নামানোর সকল প্রকার ঝুঁকি প্রতিরোধ করিবার উপযোগী হইতে হইবে;
- (খ) আধারের গায়ে অভ্যন্তরস্থ বস্তুর রাসায়নিক/টেকনিক্যাল নাম লিখিত থাকিতে হইবে;
- (গ) আধারের গায়ে নিম্নরূপ তথ্যাদি বাংলায় স্পষ্টভাবে লিখিত থাকিতে হইবে, যথা:-
- (অ) পণ্যের নাম;
- (আ) উৎপাদনকারী বা সূত্রবন্ধকারীর বা যাহার নামে কীটনাশক ঔষধটির নিবন্ধন করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা;
- (ই) আধারের অভ্যন্তরস্থ পণ্যের প্রকৃত পরিমাণ;
- (ঈ) উৎপাদনের তারিখ;
- (উ) পরীক্ষার তারিখ;
- (ঊ) মজুদের সাধারণ মেয়াদ ও স্থায়িত্ব;
- (ঋ) সক্রিয় উৎপাদনসমূহের নাম ও ওজনের হার এবং অন্যান্য উৎপাদনের মোট শতাংশ, “শিশুদের নিকট হইতে দূরে রাখুন”, “বিপদজনক”, “হুশিয়ার” বা “সাবধান” ইত্যাদি সাবধান বাণী বা বিপদ সংকেত; এবং
- (এ) সাধারণ গুদামজাত অবস্থায় ভাল থাকার গুণাগুণ।
- (১৫) পুরাতন কাপড়- কেবল নির্বাচিত আমদানিকারকগণ কর্তৃক তাহাদের অনুকূলে প্রদত্ত পূর্বানুমতির ভিত্তিতে এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, পুরাতন কাপড় (এইচ এস হেডিং নম্বর ৬৩.০৯ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) আমদানি করা যাইবে, যথা:-
- (ক) কেবল কম্বল, স্যুয়েটার, লেডিস কার্ডিগ্যান, জীপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট, পুরুষের ট্রাউজার এবং সিনথেটিক ও ব্লেণ্ডেড কাপড়ের শার্ট পুরাতন কাপড় হিসাবে আমদানিযোগ্য হইবে;
- (গ) প্রত্যেক আমদানিকারকের হিস্যা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা হইবে এবং উক্ত হিস্যার মধ্যে পুরাতন কাপড় আমদানির সর্বোচ্চ পরিমাণ নিচের টেবিলে সংশ্লিষ্ট পণ্যের বিপরীতে উল্লিখিত ওজনের মধ্যে সীমাবদ্ধ থাকিবে, যথা:-

ক্রঃ নং	পণ্যের নাম	পরিমাণ
০১।	কম্বল	২ (দুই) মেঃ টন
০২।	স্যুয়েটার	৬ (ছয়) মেঃ টন
০৩।	লেডিস কার্ডিগ্যান	৬ (ছয়) মেঃ টন
০৪।	জীপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট	৬ (ছয়) মেঃ টন
০৫।	পুরুষের ট্রাউজার	৬ (ছয়) মেঃ টন
০৬।	সিনথেটিক ও ব্লেণ্ডেড কাপড়ের শার্ট	২ (দুই) মেঃ টন

- (গ) কোন একজন আমদানিকারক উপরের টেবিলে উল্লিখিত ৬ (ছয়) টি পণ্যের মধ্যে একাধিক পণ্য আমদানি করিতে চাহিলে সেই ক্ষেত্রে তাহার প্রাপ্য ১ (এক) লক্ষ টাকার সামগ্রিক

হিস্যার মধ্যে সংশ্লিষ্ট পণ্যগুলির মূল্যের আনুপাতিক হারে নিরূপিত ওজনের মধ্যেই সেগুলির আমদানি সীমাবদ্ধ থাকিবে;

- (ঘ) অন্যান্য প্রাসংগিক শর্তাদি উল্লেখপূর্বক পৃথকভাবে যথাসময়ে প্রধান নিয়ন্ত্রক কর্তৃক গণ বিজ্ঞপ্তি জারি করা হইবে এবং উক্ত গণ বিজ্ঞপ্তির ভিত্তিতে নির্বাচিত আমদানিকারকগণ কর্তৃক পুরাতন কাপড় আমদানির জন্য ঋণপত্র খোলা যাইবে;
- (ঙ) পুরাতন কাপড়ের সকল চালানের সঙ্গে রপ্তানিকারক দেশের শিল্প ও বণিক সমিতি হইতে এই মর্মে একটি সনদপত্র দাখিল করিতে হইবে যে, সংশ্লিষ্ট চালানের মধ্যে আমদানি নিষিদ্ধ কোন পণ্য নাই;
- (চ) পুরাতন কাপড়ের জন্য নিবন্ধিত বাণিজ্যিক আমদানিকারকগণ নির্বাচন প্রক্রিয়া বহির্ভূতভাবে পুরাতন কাপড় আমদানি করিতে পারিবে না;
- (ছ) জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট জেলা কমিটি কর্তৃক মোট ৬,০০০ (ছয় হাজার) আমদানিকারক শুধু প্রকাশ্য লটারীর মাধ্যমে জনসংখ্যার ভিত্তিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয় কর্তৃক নির্ধারিত জেলা কোটা অনুযায়ী নির্বাচন করা হইবে; এবং
- (জ) সংশ্লিষ্ট আমদানিকারকগণ যাহাতে আমদানিকৃত পুরাতন কাপড় নিজ নিজ জেলায় লইয়া যায় সেই বিষয়ে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় তদারকির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
- (১৬) ঔষধ- ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশিত আমদানিযোগ্য ঔষধের তালিকাভুক্ত ঔষধসমূহ (এইচ এস হেডিং নম্বর ২৯.৩৫ এর এইচ এস কোড নম্বর ২৯৩৫.০০.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সালফোনামাইড, এইচ এস হেডিং নম্বর ২৯.৩৭ হইতে ২৯.৩৯ এবং উহাদের বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল পণ্য, এইচ এস হেডিং নম্বর ২৯.৪১ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য এন্টিবায়োটিকস, এইচ এস হেডিং নম্বর ৩০.০১ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল পণ্য, এইচ এস হেডিং নম্বর ৩০.০২ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য জীবিত ভ্যাকসিনসহ সকল পণ্য, এইচ এস হেডিং নম্বর ৩০.০৩ ও ৩০.০৪ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল পণ্য) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক পূর্বে অনুমোদন করাইয়া আমদানি করিতে হইবে এবং উক্ত অনুমোদন পত্রে ঔষধের পরিমাণ, ট্রেড নাম ও জেনেরিক নাম, মূল্য ও ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর এবং উৎপাদনের তারিখ ও মেয়াদোত্তীর্ণের তারিখ উল্লেখ থাকিতে হইবে।
- (১৭) ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমতিক্রমে অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৬) এবং অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (১৬) এ উল্লিখিত শর্ত সাপেক্ষে এইচ, এস, হেডিং নম্বর ২৯.৩৬ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল পণ্য এবং এইচ, এস, হেডিং নম্বর ৩৫.০৭ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য এনজাইমস ঔষধ আমদানিকারক এবং ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিযোগ্য এবং এইচ, এস, হেডিং নম্বর ২৯.৩৬ এর আওতাধীন ভিটামিন এ এন্ড ডি (ফুড গ্রুপ) এবং এইচ, এস, হেডিং নম্বর ৩৫.০৭ এর আওতাধীন এনজাইমস (ফুড গ্রুপ) অবাধে আমদানিযোগ্য হইবে।
- (১৮) ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমতিক্রমে এবং এই আদেশের অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৬) ও অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (১৬) এ উল্লিখিত শর্ত সাপেক্ষে এইচ, এস, হেডিং নম্বর ৩০.০৫ এর এইচ, এস, কোড নম্বর ৩০০৫.৯০.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য ব্যাভেজ (স্টেরাইল সার্জিক্যাল), এইচ, এস, হেডিং নম্বর ৩৮.২২ এর এইচ, এস, কোড নম্বর ৩৮২২.০০.০০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য কম্পোজিট ডায়াগনস্টিকস (ইনভিভো), এইচ, এস, হেডিং নম্বর ৯০.১৮ এর এইচ, এস, কোড নম্বর ৯০১৮.৩১.১০ ও ৯০১৮.৩১.৯০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সিরিঞ্জ (ডিসপোজেবল নিডলসহ অথবা নিডল ছাড়া) রিস্টার প্যাকে অথবা রিবন প্যাকে ও Sterile Prefill Glass Syringe, এইচ, এস, হেডিং নম্বর ৯০.১৮ এর এইচ, এস, কোড নম্বর ৯০১৮.৯০.১০, ৯০১৮.৯০.২০, ৯০১৮.৯০.৩০ ও ৯০১৮.৯০.৯০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য ব্লাড ব্যাগস (স্টেরাইল) ফর ট্রান্সফিউশন এবং এইচ, এস, কোড নম্বর ৯০১৮.৩৯.১০ ও ৯০১৮.৩৯.৯০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য Complete Infusion Set আমদানিযোগ্য।
- (১৯) ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমতিক্রমে এবং অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৬) ও অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (১৬) এ বর্ণিত শর্ত সাপেক্ষে এইচ, এস, হেডিং নম্বর ৩৯.২৬ এর এইচ, এস, কোড নম্বর ৩৯২৬.৯০.১০, ৩৯২৬.৯০.৩০, ৩৯২৬.৯০.৭১, ৩৯২৬.৯০.৭২, ৩৯২৬.৯০.৮০,

৩৯২৬.৯০.৯১ ও ৩৯২৬.৯০.৯৯ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য পার্টস এন্ড ফিটিংস ফর ইনফিউশন সেট আমদানিযোগ্য।

- (২০) সিগারেট- আমদানিযোগ্য সিগারেটের প্যাকেটের গায়ে বাংলায় সংবিধিবদ্ধ সতর্কীকরণ “ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর” স্পষ্টভাবে মুদ্রিত থাকিতে হইবে, তবে বন্ডেড ওয়্যারহাউজ কর্তৃক সিগারেট আমদানির ক্ষেত্রে সিগারেটের প্যাকেটের গায়ে উক্তরূপ সংবিধিবদ্ধ সতর্কীকরণ বাংলা ব্যতীত অন্য যে কোন ভাষায় মুদ্রিত থাকিতে হইবে।
- (২১) কম্পিউটার- কম্পিউটার ব্যবসায় নিয়োজিত বিদেশী বাণিজ্যিক সংস্থা তাহাদের নিজস্ব (প্রোপাইটরী) পণ্য অর্থাৎ নূতন কম্পিউটার ও উহার যন্ত্রাংশ এবং সরঞ্জামাদি ঋণপত্র খুলিয়া অথবা সরাসরি বিদেশে মূল্য পরিশোধের ভিত্তিতে আমদানি করিতে পারিবে।
- (২২) স্বর্ণ ও রৌপ্য- Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) এর প্রদত্ত শর্ত পূরণ সাপেক্ষে স্বর্ণ ও রৌপ্য আমদানি করা যাইবে।
- (২৩) গ্যাস সিলিন্ডার বা গ্যাসাধার- বিস্ফোরক অধিদপ্তর হইতে ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে গ্যাস সিলিন্ডার বা গ্যাসাধার আমদানি করা যাইবে।
- (২৪) প্রধান বিস্ফোরক পরিদর্শকের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে গ্যাস ইন সিলিন্ডার (এইচ এস হেডিং নম্বর ২৭.০৫ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) আমদানি করা যাইবে।
- (২৫) পেট্রোলিয়াম তৈল এবং বিটুমিনাস মিনারেল ক্রুড হইতে সংগৃহীত সকল তৈল- বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক পেট্রোলিয়াম তৈল, বিটুমিনাস মিনারেল ক্রুড হইতে সংগৃহীত সকল তৈল (এইচএস হেডিং নম্বর ২৭.০৯ এর এইচএস কোড নম্বর ২৭০৯.০০.০০) আমদানিযোগ্য, তবে বেসরকারি খাতে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন ও বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে আমদানিযোগ্য হইবে এবং বেসরকারি খাতের আমদানিকারককে এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ অনুযায়ী এনার্জি রেগুলেটরি কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে।
- (২৬) ইথাইলিন অক্সাইড গ্যাস-
- (অ) প্রশাসনিক মন্ত্রণালয় বা বিনিয়োগ বোর্ড বা ঔষধ প্রশাসন অধিদপ্তরের সুপারিশ মোতাবেক, প্রধান বিস্ফোরক পরিদর্শকের পূর্বানুমতিক্রমে, শিল্প প্রতিষ্ঠান (Bottling কারখানা সহ) কর্তৃক সিলিন্ডারে করিয়া বা বাস্ক আকারে (এইচ এস হেডিং নম্বর ২৭.০৯ এর এইচ এস কোড নম্বর ২৭.০৯.০০.০০) আমদানিযোগ্য হইবে;
- (আ) বাস্ক আকারে আমদানীর পর সিলিন্ডারভুক্ত করিয়া Explosives Act, 1884 (Act. IV of 1884) ও তদধীন প্রণীত বিধিমালার আওতায় গৃহীত লাইসেন্সধারীদের নিকট বিক্রয়যোগ্য হইবে এবং উক্তরূপে বিক্রিত গ্যাসের বিক্রয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।”।
(এস আর ও নং ১৯০-আইন/২০১৪ তাং ১৬ জুলাই, ২০১৪ এর মাধ্যমে সন্নিবেশিত)
- (২৭) পেট্রোলিয়ামজাত সকল পণ্য ও Liquefied Natural Gas (LNG) নিম্নবর্ণিত শর্তে আমদানিযোগ্য হইবে, যথা:-
- (ক) তরল প্যারাফিন ব্যতীত, পেট্রোলিয়ামজাত সকল পণ্য (এইচ এস হেডিং নম্বর ২৭.১০ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক আমদানিযোগ্য হইবে, তবে মোটর গাড়ীর ইঞ্জিনের জন্য অন্যান্য এপিআইএসসি বা সিসি ইঞ্জিন অয়েল ২ (দুই) স্ট্রোক ইঞ্জিনের জন্য টিসি অথবা জেএএসও-এফবি গ্রেডের লুব্রিকেটিং অয়েলসহ সকল প্রকার ফিনিশড লুব্রিকেটিং অয়েল, গ্রীজ ও ট্রান্সফরমার অয়েল বেসরকারি পর্যায়েও আমদানিযোগ্য হইবে;
- (খ) দফা (ক) তে যাহা কিছুই থাকুক না কেন, সকল প্রকার Lube Base Oil (এইচ এস কোড নম্বর ২৭১০.১৯.২২) বেসরকারি লুব রেলিভিং প্লান্টসমূহ কর্তৃক আমদানিযোগ্য হইবে;
- (গ) বেসরকারি খাতের আমদানিকারককে এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ অনুযায়ী এনার্জি রেগুলেটরি কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে;

- (ঘ) লিকুইফাইড ন্যাচারাল গ্যাস (এলএনজি), লিকুইফাইড প্রপেন ও বিউটেনস (এইচএস হেডিং নম্বর ২৭.১১ এর এইচএস কোড নম্বর ২৭১১.১১.০০, ২৭১১.১২.০০ ও ২৭১১.১৩.০০) বেসরকারি খাতে আমদানিযোগ্য, তবে বেসরকারি আমদানিকারককে এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ অনুযায়ী এনার্জি রেগুলেটরি কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে;
- (ঙ) বেসরকারি খাতে লিকুইফাইড ন্যাচারাল গ্যাস (এলএনজি) আমদানির ক্ষেত্রে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে; এবং
- (চ) নিম্নলিখিত শর্ত সাপেক্ষে কনডেনসেট আমদানি করা যাইবে :-
- (অ) শুধুমাত্র অনুমোদিত ফ্লাকশনেশন প্লান্টের মালিকগণ নিজস্ব প্লান্টে ব্যবহারের জন্য চাহিদা অনুযায়ী কনডেনসেট আমদানি করিতে পারিবে;
- (আ) প্রতিষ্ঠানটিকে Bangladesh Petroleum Act, 1974 (Act LXIX of 1974) অনুযায়ী বিপিসি'র সাথে চুক্তিবদ্ধ হইতে হইবে এবং উক্ত আইনসহ সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত এতদসম্পর্কিত বিধিবিধান আমদানিকারকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;
- (ই) প্রতি বৎসর আমদানিতব্য কনডেনসেটের পরিমাণ ও কনডেনসেট হইতে উৎপাদিত পণ্যসমূহের আনুপাতিক হার সম্পর্কে পূর্বাহেই বিপিসি'র অনুমোদন গ্রহণ করিতে হইবে;
- (ঈ) প্রতিটি চালানের পূর্বে আমদানিতব্য কনডেনসেটের পরিমাণ বিপিসিকে অবহিত করিয়া “কেবল চালুরত অবস্থায় নিজস্ব প্লান্টে ব্যবহারের জন্য কনডেনসেট আমদানি করা হইতেছে” এই মর্মে বিপিসি'র ন্যূনতম পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তার প্রত্যয়ন গ্রহণ করিতে হইবে।
- (২৮) (ক) কতিপয় পণ্য- নিবর্ণিত টেবিলে উল্লিখিত পণ্যসমূহ উহাদের নামের বিপরীতে উল্লিখিত বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) কর্তৃক নির্ধারিত বাংলাদেশ মান (বিডিএস) অনুযায়ী চালান ভিত্তিক আমদানিকৃত পণ্যের নমুনা পরীক্ষার পর পরীক্ষার রিপোর্ট সংক্রান্ত প্রত্যয়নপত্র, শুষ্ক কর্তৃপক্ষের নিকট দাখিল সাপেক্ষে, পণ্য খালাস করিতে পারিবে। সরকার, প্রয়োজনে, এই তালিকা, সময় সময়, পরিবর্তন করিতে পারিবে, যথা-

টেবিল

ক্রঃ নং	পণ্যের নাম	বিডিএস নং	
১.	সিমেন্ট পার্ট-১ঃ কম্পোজিশন, স্পেসিফিকেশন এন্ড কনফর্মিটি ক্রাইটেরিয়া ফর কমন সিমেন্ট	বিডিএস ইএন ১৯৭-১ঃ ২০০৩	
২.	জিপি শীট (উইথ করোগেশন)	বিডিএস-১১২২ঃ১৯৮৭, রিএফার্মড ২০০৭	
৩.	টয়লেট সোপ	বিডিএস-১৩ঃ২০০৬ এমেন্ড ১ঃ ২০০৮	
৪.	শ্যাম্পু, সিনথেটিক ডিটারজেন্ট বেজড	বিডিএস-১২৬ঃ১ঃ২০০২ এমেন্ডমেন্ট ১ঃ২০০৩	
৫.	ডাবল ক্যাপড ফ্লোরোসেন্ট ল্যাম্পস পারফরমেন্স রিকোয়ারমেন্টস	বিডিএস-আইআইসি ৬০০৮ঃ১ঃ২০০৬	
৬.	ব্যালাস্ট ফর ফ্লোরোসেন্ট ল্যাম্পস পারফরমেন্স রিকোয়ারমেন্টস	বিডিএস আইআইসি-৬০৯২ঃ১ঃ২০০৫	
৭.	ইলেকট্রিক সার্কুলেটিং ফ্যান্স এন্ড রেগুলেটরস (সিলিং এন্ড ডেক হেড ফ্যান্স, প্যাডাস্টাল ফ্যান্স ও টেবিল/কেবিন ফ্যান্স উইথ ইন-বিল্ট রেগুলেটরস)	বিডিএস-১৮ঃ১ঃ১৯৯৮ এমেন্ডমেন্ট-১ঃ২০০৬	
৮.	প্রাইমারী ব্যাটারীজঃ-		
	(ক)	পার্ট-১ জেনারেল	বিডিএস আইআইসি ৬০০৮ঃ৬ (পার্ট-১)ঃ২০০৫
	(খ)	পার্ট-২ ফিজিক্যাল এন্ড ইলেকট্রিক্যাল স্পেসিফিকেশন	বিডিএস আইআইসি ৬০০৮ঃ৬ (পার্ট-২)ঃ২০০৫

	(গ)	পার্ট-৩ ওয়াচ ব্যাটারীজ	বিডিএস আইইসি ৬০০৮৬ (পার্ট-৩)ঃ২০০৫
	ঘ)	পার্ট-৪ সেফটি অব লিথিয়াম ব্যাটারীজ	বিডিএস আইইসি ৬০০৮৬ (পার্ট-৪)ঃ২০০৫
	(ঙ)	পার্ট-৫ সেফটি অব ব্যাটারীজ উইথ এ্যাকুয়াস ইলেকট্রোলাইট	বিডিএস আইইসি ৬০০৮৬ (পার্ট-৫)ঃ ২০০৫
৯.		কোকোনাট অয়েল	বিডিএস-৯৯ঃ২০০৭
১০.		সিরামিক তৈজসপত্র এইচ এস হেডিং নম্বর ৬৯.১১ ও ৬৯.১২	বিডিএস-৪৮৫ঃ২০০০, এমেন্ডমেন্ট ১,২,৩ঃ২০০৬
১১.		মিল্ক পাউডার এন্ড ক্রীম পাউডার	বিডিএস সিএসি-২০৭ঃ২০০৮
১২.		বিঙ্কুট	বিডিএস-৩৮৩ঃ২০০১
১৩.		লজেসেস	বিডিএস-৪৯০ঃ২০০১ এমেন্ডমেন্ট- ১ঃ২০০৭
১৪.		জ্যামস (ফুট প্রিজার্ভস) এন্ড জেলীস	বিডিএস-সিএসি ৭৯ঃ২০০৮
১৫.		সয়াবিন অয়েল	বিডিএস-৯০৯ : ২০০০
১৬.		চিনি	বিডিএস-২১২ : ২০০৬
১৭.		ফুট জুসেস এন্ড ক্রেকটারস	বিডিএস-সিইসি ২৪৭ঃ২০০৮
১৮.		চীপস/ক্রেকারস	বিডিএস-১৫৫ঃ৬ঃ১৯৯৭, এমেন্ডমেন্ট নং ১ঃ২০০৪
১৯.		হানি	বিডিএস সিএসি-১২ঃ২০০৭
২০.		ফুট কর্ডিয়েল	বিডিএস-৫০৮ঃ২০০৬
২১.		সস্ (ফুট এন্ড ভেজিটেবল)	বিডিএস-৫১২ঃ২০০৭
২২.		টমেটো কেচাপ	বিডিএস/সিএসি-৫৩০ঃ২০০২
২৩.		ইনফ্যান্ট ফর্মুলা এন্ড ফর্মুলাস ফর স্পেশাল মেডিকেল পারপাজেস ইনটেনডেড ফর ইনফ্যান্টস	বিডিএস/সিএসি-৭২ঃ২০০৩
২৪.		সফট ড্রিংস্ পাউডার	বিডিএস-১৫৮ঃ২০০৭
২৫.		ইন্সট্যান্ট নুডলস	বিডিএস-১৫৫ঃ২ঃ২০০৭
২৬.		এডিবল সানফ্লাওয়ার অয়েল	বিডিএস-সিএসি-২৩ঃ২০০২
২৭.		টুথপেস্ট	বিডিএস-১২১৬ঃ২০০১,এমেন্ডমেন্ট- ১,২,৩ঃ২০০৬
২৮.		ফ্রিন ক্রীম	বিডিএস-১৩৮ঃ১৯৯২, এমেন্ডমেন্ট- ১,২,৩ঃ২০০৬
২৯.		ফ্রিন পাউডারস	বিডিএস-১৩৩ঃ১৯৯১ এমেন্ডমেন্ট-১ঃ২০০৬
৩০.		লিপস্টিক	বিডিএস ১৪২ঃ১৯৯৩, এমেন্ডমেন্ট-১,২ঃ২০০৬
৩১.		আফটার সেভ লোশন	বিডিএস-১৫২ঃ২ঃ২০০৬
৩২.		টু-পিন প্লাগস্ এন্ড সকেট আউটলেটস	বিডিএস-১০২ঃ২ঃ২০০৫
৩৩.		থ্রি-পিন প্লাগস্ এন্ড সকেট আউটলেটস	বিডিএস-১১৫ঃ২ঃ২০০৫
৩৪.		সুইচেস ফর হাউজহোল্ড এন্ড সিমিলার ফিক্সড ইলেকট্রিক্যাল ইন্সটলেশন পার্ট-১ জেনারেল রিকোয়ারমেন্ট	বিডিএস-আইআইসি ৬০৬৬৯-১ঃ২ঃ২০০৭
৩৫.		পলিয়েস্টার ব্লেন্ড সুটিং	বিডিএস-১১৭ঃ৫ঃ২ঃ২০০১
৩৬.		পলিয়েস্টার কটন শাটিং (মার্কেট ভ্যারাইটিজ)	বিডিএস-১১৪ঃ৮ঃ২ঃ২০০৩
৩৭.		সিরামিক টাইলস-ডেফিনিশনস্, ক্লাসিফিকেশন ক্যারেক্টারিস্টিকস এন্ড মার্কিং এইচ এস হেডিং নম্বর ৬৯.০৭ ও ৬৯.০৮	বিডিএস আইএসও ১৩০০৬ঃ২ঃ২০০৬
৩৮.		টফিস	বিডিএস-১০০০ঃ২ঃ২০০১
৩৯.		প্রসেসড সিরিয়াল বেইজড ফুডস্ ফর ইনফ্যান্টস্ এন্ড ইয়াং চিলড্রেন	বিডিএস-০৭৪ঃ২ঃ২০০৭
৪০.		সিরামিক স্যানিটারীওয়্যার	বিডিএস-১১৬ঃ২ : ২০০৬

৪১.	কার্বনেটেড বেভারেজেস	বিডিএস-১১২৩ : ২০০২, এমেড ১: ২০০৭
৪২.	সেলফ ব্যালাস্টেড ল্যাম্পস ফর জেনারেল লাইটিং সার্ভিসেস পারফরমেন্স রিকোয়ারমেন্টস্	বিডিএস-১৭৩৪ : ২০০৩
৪৩.	ইলেকট্রনিক টাইপ ফ্যান রেগুলেটরস্	বিডিএস ১৩২৩ : ১৯৯১, এমেডমেন্ট ১ : ২০০৬

- (খ) এইচ এস কোড নম্বর ৭০১৩.১০.০০ হইতে ৭০১৩.৯৯.০০ এর অন্তর্ভুক্ত পাইরেক্স ও গ্লাসওয়্যার দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে মানুষের ব্যবহারের উপযোগী মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদপত্র শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (২৯) সকল প্রকার খেলনা ও বিনোদনমূলক পণ্য- প্রতিটি খেলনা কোন বয়সের শিশুর জন্য প্রযোজ্য হইবে উহা “খেলনার গায়ে অথবা প্যাকেটের গায়ে”এমবুস করিয়া লিখা থাকিবে।
- (৩০) আলু বীজ- নিম্নে বর্ণিত বিধানাবলী পালন করিয়া আলু বীজ (এইচ এস হেডিং নম্বর ০৭.০১ এর এইচ এস কোড নম্বর ০৭০১.১০.১০ ও ০৭০১.১০.৯০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য) আমদানি করা যাইবে:-
- (ক) আমদানিকারকের কাগজপত্রের সহিত মূল সরবরাহকারী কর্তৃক প্রদত্ত উদ্ভিদ সংগরোধ (কোয়ারেন্টাইন) সংক্রান্ত প্রত্যয়ন পত্র এবং আলুবীজ রপ্তানিকারক দেশের সরকারি সংস্থা কর্তৃক Phytosanitary Certificate (উদ্ভিদ স্বাস্থ্য প্রমাণপত্র) রপ্তানি সংক্রান্ত দলিলাদির সঙ্গে আমদানিকারককে দাখিল করিতে হইবে;
- (খ) আমদানিকৃত আলুবীজ শুদ্ধ কর্তৃপক্ষ হইতে ছাড়করণের পূর্বে উহার সংগরোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ হইতে গ্রহণ করিতে হইবে; এবং
- (গ) আলুবীজ আমদানির নিমিত্তে উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র গ্রহণ সাপেক্ষে এল,সি খুলিতে হইবে।
- (৩১) নিম্ন বর্ণিত বিধানাবলী পালন করিয়া ধান বীজ (এইচ এস হেডিং নম্বর ১০.০৬ এর এইচ এস কোড নম্বর ১০০৬.১০.১০ এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য) আমদানি করা যাইবে, যথা:-
- (ক) আমদানিকারকের কাগজপত্রের সহিত মূল সরবরাহকারী কর্তৃক প্রদত্ত উদ্ভিদ সংগরোধ সংক্রান্ত প্রত্যয়ন পত্র এবং ধানবীজ রপ্তানিকারক দেশের সরকারি সংস্থা কর্তৃক Phytosanitary Certificate (উদ্ভিদ স্বাস্থ্য প্রমাণপত্র) রপ্তানি সংক্রান্ত দলিলাদির সঙ্গে আমদানিকারককে দাখিল করিতে হইবে;
- (খ) হাইব্রীড ধানবীজ আমদানির ক্ষেত্রে Phytosanitary Certificate এ Hot Water Treatment ও অনুমোদিত বালাই নাশক দ্বারা বীজ শোধন করা হইয়াছে মর্মে উল্লেখ থাকিতে হইবে;
- (গ) আমদানিকৃত ধানবীজ শুদ্ধ কর্তৃপক্ষ হইতে ছাড়করণের পূর্বে উদ্ভিদ সংগরোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ হইতে গ্রহণ করিতে হইবে; এবং
- (ঘ) ধানবীজ আমদানির নিমিত্তে উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র গ্রহণ সাপেক্ষে এল,সি খুলিতে হইবে।
- (৩২) কয়লা/পাথুরে কয়লা (হার্ড কোক)- (এইচ এস হেডিং নম্বর ২৭.০১ ও ২৭.০৪ এবং উহাদের বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) সরকারি ও বেসরকারি উভয় খাতে কয়লা ও হার্ড কোক (পাথুরে কয়লা) আমদানির ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সার্ভেয়ারের নিকট হইতে এই মর্মে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্টিফিকেট গ্রহণ করিতে হইবে যে, পণ্যের ঘোষিত পরিমাণ, মাপ ও গুণগতমান যথাযথ রহিয়াছে এবং পণ্যে সালফারের পরিমাণ ৩% (শতকরা তিন ভাগ) এর অধিক নাই।
- (৩৩) এম এস বিলেট- কেবল উত্তম মানের (প্রাইম কোয়ালিটি) এম এস বিলেট (এইচ এস হেডিং নম্বর ৭২.০৭ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) অর্থের উৎস নির্বিশেষে আমদানি করা যাইবে, তবে জাহাজীকরণের পূর্বে আন্তর্জাতিকভাবে খ্যাতি সম্পন্ন সার্ভেয়ার কর্তৃক পরিদর্শন সাপেক্ষে এম এস বিলেট আমদানিযোগ্য হইবে এবং প্রাক-জাহাজীকরণ পরিদর্শন সংক্রান্ত প্রয়োজনীয় সার্টিফিকেট মালামাল খালাসের সময় শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

- (৩৪) বয়লার- বয়লারের (এইচ এস হেডিং নম্বর ৮৪.০২ ও ৮৪.০৪ এবং উহাদের বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) গুণগত মান সম্পর্কে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সার্ভেয়ারের সনদপত্রের ভিত্তিতে বয়লার আমদানিযোগ্য হইবে।
- (৩৫) পরিমাপক যন্ত্র- (এইচ এস হেডিং নম্বর ৮৪.২৩ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল পণ্য) মেট্রিক পদ্ধতির উল্লেখ ব্যতীত প্রস্তুতকৃত ওজন, পরিমাপ, মাপিবার যন্ত্রপাতি যথা সকল ধরণের ওয়েইং স্কেল, দৈর্ঘ্য মাপক (স্টীল টেপ, কাঠের স্কেল, কাপড় মাপার জন্য দর্জীদের কাজে ব্যবহৃত ফ্লেক্সিবল টেপ, সেপ কাঠ) ও উহাদের যন্ত্রাংশ (সংযুক্ত বা বিযুক্ত অবস্থায়) আমদানি করা যাইবে নাঃ
- তবে শর্ত থাকে যে, বাণিজ্যিক ভিত্তিতে আমদানির ক্ষেত্রে আমদানিকারক বা ডিলারগণকে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এ নিবন্ধিত হইতে হইবে।
- (৩৬) ওজন ও বাটখারা- (এইচ এস হেডিং নম্বর ৯০.১৬ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) মেট্রিক পদ্ধতির উল্লেখ ব্যতীত প্রস্তুতকৃত ওজন পরিমাপক (বুরেট, পিপেট, বিকার, মেজারিং ফ্লাস্ক, মেজারিং সিলিন্ডার ইত্যাদি) মাপিবার যন্ত্র (থার্মোমিটার, প্রেশার গেজ, টেক্সমিটার, ওয়াটার মিটার ইত্যাদি) ও বাটখারা আমদানি করা যাইবে নাঃ
- তবে শর্ত থাকে যে, বাণিজ্যিক ভিত্তিতে আমদানির ক্ষেত্রে আমদানিকারক বা ডিলারগণকে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর নিবন্ধিত হইতে হইবে।
- (৩৭) সমুদ্রগামী জাহাজ, অয়েল ট্যাংকার ও মৎস্য ট্রলার- সমুদ্রগামী জাহাজ, অয়েল ট্যাংকার ও মৎস্য ট্রলার (এইচ এস হেডিং নম্বর ৮৯.০১ ও ৮৯.০২ এবং উহাদের বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) ২৫ (পঁচিশ) বৎসরের অধিক পুরাতন হইলে আমদানিযোগ্য হইবে না।
- (৩৮) সকল প্রকার যুদ্ধ জাহাজ- সকল প্রকার যুদ্ধ জাহাজ (নূতন এবং পুরাতন উভয়েই) (এইচ এস হেডিং নম্বর ৮৯.০৬ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) কেবল প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আমদানিযোগ্য।
- (৩৯) স্ক্রাপ ভেসেল - স্ক্রাপ ভেসেল (এইচ এস হেডিং নম্বর ৮৯.০৮) আমদানির ক্ষেত্রে, শিপিং ডকুমেন্টের সহিত, “জাহাজে ইনবিল্ট দ্রব্যাদি ব্যতীত অন্য কোন বিষাক্ত বা বিপজ্জনক বর্জ্য পরিবহন করা হইতেছে না” মর্মে সর্বশেষ রপ্তানিকারক প্রতিষ্ঠান বা মালিকের প্রত্যয়নপত্র এবং আমদানিকারকের ঘোষণাপত্র দাখিল করিতে হইবে:
- তবে শর্ত থাকে যে, জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এবং এতদসংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।
- (৪০) তরবারী ও বেয়োনেটসহ সকল পণ্য- তরবারী ও বেয়োনেটসহ সকল পণ্য (এইচ এস হেডিং নম্বর ৯৩.০৭ এবং উহার বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য সকল এইচ এস কোড নম্বর) কেবল ব্যবহারকারী সংস্থাসমূহ কর্তৃক পোষক বা প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্রের ভিত্তিতে আমদানিযোগ্য।
- (৪১) প্রাণী, উদ্ভিদ ও উদ্ভিজ্জ পণ্য- প্রাণী, উদ্ভিদ ও উদ্ভিজ্জ পণ্য আমদানির ক্ষেত্রে কোয়ারান্টাইন শর্তাবলী প্রযোজ্য হইবে।
- (৪২) টায়ার কর্ড ফেব্রিক্স- টায়ার কর্ড ফেব্রিক্স (সেকেভারী কোয়ালিটি) মাছ ধরার জাল তৈরী উপযোগী সেকেভারী কোয়ালিটির টায়ার কর্ড ফেব্রিক্স বাণিজ্যিক ভিত্তিতে অবাধে আমদানিযোগ্য হইবে।
- (৪৩) পরিশোধিত এডিবল অয়েল- পরিশোধিত এডিবল অয়েল নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আমদানি করা যাইবে, যথা:-
- (ক) পরিশোধিত এডিবল অয়েল বাস্ক আকারে পরিশোধিত এডিবল অয়েল বহনকারী ট্যাংকারে আমদানি করিতে হইবে;
- (খ) উক্ত পণ্য খালাসের পর পরিশোধিত এডিবল অয়েল সংরক্ষণ উপযোগী ট্যাংক টারমিনালে সংরক্ষণ করিতে হইবে এবং সংশ্লিষ্ট আমদানিকারককে উক্ত পণ্য দেশের অভ্যন্তরে পরিবহন বা সরবরাহ করার সময় উহা অবশ্যই পরিশোধিত এডিবল অয়েল বহনকারী ট্যাংকারে বা নূতন কনটেইনারে পরিবহন বা সরবরাহ করিতে হইবে;

- (গ) আমদানিতব্য পরিশোধিত এডিবল অয়েল রপ্তানিকারক দেশের স্ট্যান্ডার্ড মান সম্পন্ন এবং বাংলাদেশের বিএসটিআই মান সম্পন্ন হইতে হইবে এবং এতদসংক্রান্ত বিষয়ে উভয় দেশের কর্তৃপক্ষের বৈধ সনদপত্র পণ্য খালাসের সময় শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;
- (ঘ) ড্রাম বা বোতল বা কনটেইনারে আমদানির ক্ষেত্রে উহাদের গায়ে পণ্য উৎপাদনের ও মেয়াদ উত্তীর্ণের তারিখ উল্লেখ থাকিতে হইবে; এবং
- (ঙ) অনুচ্ছেদ ১৬ এর বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।
- (৪৪) মুরগীর বাচ্চা- কেবল ১ (এক) দিনের মুরগীর বাচ্চা (এইচ,এস, হেডিং নম্বর ০১.০৫) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানি করা যাইবে, যথা:-
- (ক) আমদানিতব্য বাচ্চা সংক্রামক ব্যাধিমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের পশু সম্পদ বিভাগের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র থাকিতে হইবে;
- (খ) রপ্তানিকারক দেশ এভিয়ান ইনফ্লুয়েঞ্জা মুক্ত এই মর্মে World Organization of Animal Health এর সার্টিফিকেট দাখিল করিতে হইবে;
- (গ) আমদানিকারককে অবশ্যই ঋণপত্র খোলার সময় তাহার হ্যাচারী বা ব্রীডার ফার্ম রহিয়াছে এই মর্মে পশুসম্পদ অধিদপ্তরের পরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র ব্যাংকে প্রদর্শন করিতে হইবে।
- (৪৫) হাঁস-মুরগী ও পাখির ডিম- হাঁস-মুরগী ও পাখির ডিম (এইচ,এস, হেডিং নম্বর ০৪.০৭ ও কোড নম্বর ০৪০৭.০০.০০) হাঁস-মুরগী ও পাখির ডিম বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে নিম্নলিখিত শর্তে আমদানি করা যাইবে, যথা:-
- (ক) Avian Influenza বা Bird Flu মুক্ত দেশ থেকে সীমিত আকারে ডিম আমদানি করিতে হইবে; এবং
- (খ) আমদানিকৃত ডিমের প্রতিটি চালানোর জন্য রপ্তানিকারক দেশের প্রাণিসম্পদ বিভাগ/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Avian Influenza বা Bird Flu ভাইরাস ও ক্ষতিকর ব্যাকটেরিয়া মুক্ত মর্মে সনদ থাকিতে হইবে।
- (৪৬) গবাদিপশুর হিমায়িত সীমেন- (এইচ,এস, হেডিং নম্বর ০৫.১১ এর এইচ,এস, কোড নম্বর ০৫১১.১০.০০) গবাদিপশুর হিমায়িত সীমেন ও এমব্রায়ো (Embryo), ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রস, এএফএস, এএফএস ক্রস জাতের গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন সীমেন) ব্যতীত অন্যান্য গরুর সীমেন আমদানি নিষিদ্ধ, তবে ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রস, এএফএস, এএফএস ক্রস, ব্রামাহ (Bramah), Murrah, Nilliravi এবং Mediteranean মহিষের জাতের গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন সীমেন), এমব্রায়ো (Embryo) আমদানি করা যাইবে।
- (৪৭) উপ-অনুচ্ছেদ (৪৬) এ উল্লিখিত সীমেনের জাত এবং উহা সংক্রামক ও যৌনব্যাধিমুক্ত এবং রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE) মুক্ত এই মর্মে উক্ত দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।
- (৪৮) ইথানল (ইথাইল এ্যালকোহল)- ইথানল (ইথাইল এ্যালকোহল) এনালার গ্রেড (আনডিনেচার্ড) ব্যতীত সকল পণ্য আমদানি নিষিদ্ধঃ
- তবে শর্ত থাকে যে, কেবল ইথানল (ইথাইল এ্যালকোহল) এনালার গ্রেড (আনডিনেচার্ড) স্বীকৃত ঔষধ শিল্প কর্তৃক ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমতি ও নির্ধারিত শর্ত সাপেক্ষে, আমদানিযোগ্য।
- (৪৯) সাউন্ড ট্র্যাকসহ/ট্র্যাক ছাড়া চলচ্চিত্র-
- (ক) ইংরেজী ভাষায় প্রস্তুতকৃত ছায়াছবি, কোন প্রকার সাব-টাইটেল ব্যতীত এবং অন্যান্য ভাষায় প্রস্তুতকৃত, উপ-মহাদেশীয় ভাষা ব্যতীত, ছায়াছবি বাংলা অথবা ইংরেজী সাব-টাইটেলসহ আমদানি করা যাইবে;
- (খ) উপ-মহাদেশীয় ভাষায় প্রস্তুতকৃত কোন ছায়াছবি, সাব-টাইটেলসহ বা সাব-টাইটেল ব্যতীত, আমদানি করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, এফডিসি এর সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে যৌথ প্রযোজনায় তৈয়ারী ছায়াছবির প্রিন্ট নেগেটিভ আমদানি বা রপ্তানির জন্য, প্রয়োজন অনুসারে, আমদানি বা রপ্তানি পারমিট প্রদান করা যাইবে;

- (গ) বাংলাদেশে নির্মিত চলচ্চিত্র রপ্তানির বিপরীতে SAFTA ভুক্ত দেশগুলি হইতে সমান সংখ্যক চলচ্চিত্র আমদানি করা যাইবে;
- (ঘ) সকল ছায়াছবি আমদানি সেন্সর বিধি সাপেক্ষে হইবে।

[ব্যাখ্যা।- দফা (ক) এবং (খ) এর উদ্দেশ্য পূরণকল্পে “উপ-মহাদেশীয় ভাষা” অর্থ পাক-ভারত উপ-মহাদেশে (Indo-Pak-Sub Continent) প্রচলিত যে কোন ভাষা।]

(৫০) পুরাতন, রিকভিশনড ইঞ্জিন ও গিয়ার বক্স-

- (ক) বাস, ট্রাক, কার, মিনিবাস ও মাইক্রোবাসের পুরাতন বা রিকভিশনড ইঞ্জিন ও গিয়ার বক্স বাণিজ্যিক ভিত্তিতে আমদানিযোগ্য, তবে এইরূপ ইঞ্জিন ও গিয়ার বক্স আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের অর্থনৈতিক আয়ুষ্কাল কমপক্ষে ৭ (সাত) বৎসর রহিয়াছে এই মর্মে রপ্তানিকারক দেশের শিল্প ও বণিক সমিতি অথবা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ারের নিকট হইতে প্রত্যয়নপত্র পণ্যাদি খালাসের সময় গুণকর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এবং
- (খ) কোষ্টার, লঞ্চ, স্বয়ং চালিত বার্জ এবং এই ধরনের অন্যান্য জলযানে ব্যবহার্য ৩৫ (পঁয়ত্রিশ) অশ্ব শক্তির অধিক শক্তি সম্পন্ন সেকেন্ডহ্যান্ড বা রিকভিশনড বা মেরিন ডিজেল ইঞ্জিন বাণিজ্যিক ভিত্তিতে আমদানিযোগ্য।

(৫১) টেলিযোগাযোগ ব্যবস্থার যন্ত্রপাতি-

- (ক) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে বেতার ফ্রিকুয়েন্সি ব্যবহারের অনুমতি সাপেক্ষে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্রের ভিত্তিতে বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, বেসরকারি টেলিভিশন এবং বেসরকারি রেডিও কর্তৃক রেডিও ট্রান্সমিটার ও ট্রান্সরিসিভার ওয়্যারলেস ইকুইপমেন্ট, ওয়াকিটকি এবং সাউন্ড রেকর্ডার বা রিপ্ৰডিউসারসহ অন্যান্য রেডিও ব্রডকাস্ট রিসিভার আমদানিযোগ্য; এবং
- (খ) সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্র এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর অনাপত্তির ভিত্তিতে এই উপ-অনুচ্ছেদের দফা (ক) এ উল্লিখিত সরকারি সংস্থা ছাড়াও অন্যান্য সরকারি, আধা সরকারি এবং স্বায়ত্বশাসিত সংস্থা এবং বেসরকারি খাতেও দফা (ক) এ উল্লিখিত পণ্যাদি আমদানিযোগ্য হইবে।

(৫২) রেডিও নেভিগেশনাল এইড এ্যাপারেটাস, রাডার এ্যাপারেটাস এবং রেডিও রিমোট কন্ট্রোল এ্যাপারেটাস-
রেডিও নেভিগেশনাল এইড এ্যাপারেটাস, রাডার এ্যাপারেটাস এবং রেডিও রিমোট কন্ট্রোল এ্যাপারেটাস পোষক মন্ত্রণালয়ের ছাড়পত্রের ভিত্তিতে ব্যবহারকারী এজেন্সী কর্তৃক আমদানিযোগ্য হইবে।

(৫৩) ট্যাংক এবং সঁজোয়া যান- ট্যাংক এবং সঁজোয়া যানসহ সকল পণ্য প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আমদানিযোগ্য হইবে।

(৫৪) সমরাস্ত্রসহ সকল পণ্য- সমরাস্ত্রসহ সকল পণ্য প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আমদানিযোগ্য হইবে।

(৫৫) কম্বাট কাপড়- কেবল প্রতিরক্ষা এবং আইন শৃংখলা রক্ষাকারী সার্ভিসসমূহ কর্তৃক কম্বাট কাপড় আমদানিযোগ্য হইবে।

(৫৬) ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য- ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য দ্বারা প্রস্তুতকৃত বা উক্ত দ্রব্য সম্বলিত পণ্য আমদানির ক্ষেত্রে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ অনুসরণ এবং পরিবেশ অধিদপ্তরের অনুমতি গ্রহণ করিতে হইবে।

- (৫৭) উড প্যাকিং ম্যাটেরিয়ালস বা যন্ত্রপাতিসহ সকল প্রকার পণ্য আমদানিতে কাঠ বা কাঠ জাতীয় দ্রব্যাদি যাহা প্যাকিং ম্যাটেরিয়ালস হিসাবে ব্যবহৃত হয় তাহা আমদানির ক্ষেত্রে IPPC (International Plant Protection Convention) এর ISPM-15 (International Sanitary and Phytosanitary Measures-15) নীতি অনুসরণে রপ্তানীকারক দেশের সংশ্লিষ্ট সরকারি সংস্থা কর্তৃক কাঠ ও কাঠ জাতীয় দ্রব্য Heat Treatment দ্বারা জীবানুমুক্ত করিয়া উহার Phytosanitary Certificate (উদ্ভিদ স্বাস্থ্য প্রমাণপত্র) রপ্তানি সংক্রান্ত দলিলাদির সহিত আমদানিকারককে সংশ্লিষ্ট উদ্ভিদ সংগরোধ কর্তৃপক্ষের নিকট ছাড়পত্রের জন্য দাখিল করিতে হইবে।
- (৫৮) লবণ-সাধারণ লবণ (এইচ এস হেডিং নং ২৫.০১) (পরিশোধিত বা বোল্ডার বা অন্যবিধ) আমদানিযোগ্য হইবে না। তবে, Customs Act, 1969 (Act IV of 1969) এর FIRST SCHEDULE এর চ্যাপ্টার ২৮ ও ২৯ এর আওতাভুক্ত কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান (সোডিয়াম ক্লোরাইড বা অন্যবিধ কোন লবণ উৎপাদনকারী প্রতিষ্ঠান ব্যতীত) কর্তৃক সংশ্লিষ্ট শিল্পের মৌলিক কাঁচামাল হিসাবে এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদিত ব্লক লিস্ট অনুযায়ী স্বীকৃত ঔষধ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক লবণ আমদানি করা যাইবে।
- (৫৯) এই আদেশের পরিশিষ্ট ৩ এ উল্লিখিত কেমিক্যালসমূহ, রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৭ নং আইন) এবং উহার অধীনে প্রণীত তালিকাভুক্তিকরণ বিধিমালা, ২০১০ এর শর্ত পূরণ সাপেক্ষে, আমদানি করা যাইবে।
- (৬০) আমেরিকান কটন অর্থাৎ Western Hemisphere এলাকায় উৎপাদিত এবং প্যাকিংকৃত সকল কাঁচাতুলা আমদানির ক্ষেত্রে ফিউমিগেশন বাধ্যতামূলক।

সপ্তম অধ্যায়

সরকারি খাতের আমদানিকারকগণ কর্তৃক আমদানি

- ২৭। সরকারি খাতে আমদানি।-(১) সরকার কর্তৃক সুনির্দিষ্ট বরাদ্দের বিপরীতে মন্ত্রণালয় এবং সরকারি বিভাগসমূহ আমদানি লাইসেন্স বা পারমিট ব্যতিরেকে পণ্য আমদানি করিতে পারিবে। তবে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য আমদানির ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ অনুযায়ী উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষের নিকট হইতে ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।
- (২) প্রতিরক্ষা মন্ত্রণালয় ব্যতীত অন্যান্য মন্ত্রণালয় ও সরকারি বিভাগ কর্তৃক পণ্যসামগ্রী আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খোলার পূর্বে প্রথমে নিজ মনোনীত ব্যাংকের মাধ্যমে যথাযথভাবে এল,সি অথরাইজেশন ফরম জারি করাইতে হইবে।
- (৩) সুনির্দিষ্ট বরাদ্দের বিপরীতে আমদানি- সরকার কর্তৃক প্রদত্ত সুনির্দিষ্ট বরাদ্দের বিপরীতে সকল সরকারি সংস্থা, কর্পোরেশন, গবেষণা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান এবং পাবলিক বিশ্ববিদ্যালয় সরকারি বরাদ্দের বিপরীতে আমদানিযোগ্য পণ্য আমদানি করিতে পারিবে। অনুরূপভাবে সকল যোগ্য আমদানিকারক তাহাদের অনুকূলে বরাদ্দের মাধ্যমে বা উপ-বরাদ্দের মাধ্যমে কোন আমদানি লাইসেন্স ব্যতিরেকেই সরাসরি তাহাদের মনোনীত ব্যাংকের মাধ্যমে আমদানিযোগ্য পণ্যের জন্য এল,সি,এ ফরমের ভিত্তিতে ঋণপত্র খুলিতে পারিবেন।
- (৪) শিল্প প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক সরকারি বরাদ্দের বিপরীতে আমদানি- বৈদেশিক মুদ্রার সংস্থান সাপেক্ষে সরকারি বরাদ্দের বিপরীতে আমদানির জন্য সরকারি খাতের সকল শিল্প প্রতিষ্ঠান বা সংস্থার অনুকূলে উহাদের প্রয়োজন মিটাইবার জন্য আনুপাতিক হারে অর্থ বরাদ্দ করা যাইতে পারে, এইরূপ সরকারি আমদানিকারকগণ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সকল পণ্য উহাদের সামগ্রিক বরাদ্দের মধ্যে যে কোন অনুপাতে আমদানি করিতে পারিবে, তবে তাহারা উহাদের আমদানিকৃত মালামাল কোন অবস্থাতেই অপ্রক্রিয়াজাত অবস্থায় বিক্রি, হস্তান্তর বা অন্য কোনভাবে ব্যবহার করিতে পারিবে না।
- (৫) নগদ বৈদেশিক মুদ্রায় অনুমোদিত আমদানি- সরকারি খাতের আমদানিকারকগণ সরকারি বরাদ্দের অতিরিক্ত নগদ বৈদেশিক মুদ্রায় আমদানিযোগ্য যে কোন পণ্য আমদানি করিতে পারিবে।

- (৬) সরকারি খাতে আমদানি নিবন্ধন সনদের প্রয়োজনীয়তা- সরকারি খাতের আমদানিকারকগণের ক্ষেত্রে আমদানি নিবন্ধন সনদের প্রয়োজন হইবে না।
- (৭) সি এ ডি এর ভিত্তিতে আমদানি- বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে সরকারি সংস্থাসমূহ “ক্যাশ এগেইনস্ট ডেলিভারী (সিএডি)” ভিত্তিতে আমদানি করিতে পারিবে।
- (৮) সরকারি সংস্থাসমূহ কর্তৃক পণ্য আমদানির শর্তাবলী- সরকারি সংস্থা কর্তৃক পণ্য আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করিতে হইবে, যথা:-
- (ক) পণ্য আমদানির জন্য ঋণপত্র খোলার পূর্বে তুলনামূলক বাজার দর যাচাই এর উদ্দেশ্যে দরপত্র আহ্বান করিতে হইবে এবং সর্বাপেক্ষা প্রতিযোগিতামূলক হারে পণ্য আমদানি করিতে হইবে এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ প্রদত্ত বিধানাবলী প্রযোজ্য হইবে; এবং
- (খ) নগদ অর্থ এবং শর্তযুক্ত ঋণ অথবা অনুদানের অধীনে পণ্য আমদানির ক্ষেত্রে নিবন্ধনপ্রাপ্ত ইনডেন্টর বা বিদেশী সরবরাহকারীর নিকট হইতে অন্ততঃপক্ষে তিনটি দরপত্র নিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিজস্ব পণ্য (প্রোপ্রাইটরী আইটেম) আমদানির ক্ষেত্রে বা চালান মূল্য এক লক্ষ টাকার কম হইলে এই শর্ত প্রযোজ্য হইবে না।

- (৯) জাহাজীকরণের পূর্বে মালামাল পরিদর্শন- যে সকল ক্ষেত্রে একটি মাত্র পণ্যের মূল্য পঞ্চাশ লক্ষ টাকা বা উহার অধিক সেই সকল ক্ষেত্রে আমদানিকারক সংস্থা জাহাজীকরণের পূর্বে মালামাল পরিদর্শনের ব্যবস্থা করাইবেন।
- (১০) জাহাজীকরণের পূর্বে একটি আন্তর্জাতিক মানের সমীক্ষক দ্বারা পণ্য পরিদর্শন করাইতে হইবেঃ
- তবে শর্ত থাকে যে, সরকারি সংস্থা কর্তৃক আমদানিকৃত মালামাল প্রাক-পরিদর্শন সনদ ছাড়াই ছাড় করানো যাইবে, যদি আমদানিকারক সংস্থার প্রশাসনিক মন্ত্রণালয় এই মর্মে প্রত্যয়ণ করে যে, মন্ত্রণালয় কর্তৃক প্রাক-পরিদর্শনের শর্ত সংশ্লিষ্ট আমদানির ক্ষেত্রে শিথিল করা হইয়াছে অথবা কোন একটি নির্দিষ্ট চালানোর ক্ষেত্রে প্রাক-পরিদর্শন প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হয় নাই।
- (১১) ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টি সি বি) কর্তৃক আমদানি- টিসিবি যে কোন আমদানিযোগ্য পণ্য, অস্ত্রশস্ত্র, গোলাবারুদ এবং বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে নির্দিষ্ট সময় সীমার মধ্যে অনুমোদিত পরিমাণ নিষিদ্ধ বা শর্তযুক্ত পণ্য আমদানি করিতে পারিবে এবং টিসিবি এই আদেশে প্রদত্ত শিল্প ও বাণিজ্যিক আমদানি সংক্রান্ত সকল সুবিধা ভোগ করিবে।

অষ্টম অধ্যায়

ইম্পোর্ট ট্রেড কন্ট্রোল (আই টি সি) কমিটি

- ২৮। আইটিসি কমিটি।- (১) আমদানিকারক এবং শুল্ক কর্তৃপক্ষের মধ্যে আমদানিকৃত পণ্যের আইটেমের শ্রেণীবিন্যাস অথবা বিবরণ সম্পর্কে কোন বিরোধের ক্ষেত্রে, আমদানিকারক চট্টগ্রাম, ঢাকা, খুলনা, বেনাপোল এবং সিলেটে গঠিত সংশ্লিষ্ট স্থানীয় আই,টি,সি কমিটির নিকট বিষয়টি ন্যায়সংগত নিষ্পত্তির জন্য আবেদন করিতে পারিবেন।
- (২) প্রধান নিয়ন্ত্রক, স্থানীয় শিল্প ও বণিক সমিতি এবং শুল্ক কর্তৃপক্ষের প্রতিনিধি সমন্বয়ে স্থানীয় আই,টি,সি কমিটি গঠিত হইবে এবং আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তরের প্রতিনিধি এই কমিটির প্রধান হইবেন।
- (৩) বিশেষ কোন শ্রেণীর পণ্য সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন থাকিলে ঐ শ্রেণীর প্রতিনিধিত্বকারী সংশ্লিষ্ট পেশাভিত্তিক সমিতির প্রতিনিধিকে স্থানীয় আই,টি,সি কমিটির সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানাইতে হইবে।

- (৪) স্থানীয় আই,টি,সি কমিটিতে সংশ্লিষ্ট আমদানিকারককে তাহার বক্তব্য পেশ করার সুযোগ প্রদান করিতে হইবে এবং উক্ত কমিটি কর্তৃক ১৫ (পনের) দিনের মধ্যে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।
- (৫) আমদানিকারক স্থানীয় আই,টি,সি কমিটির সিদ্ধান্তে সন্তুষ্ট না হইলে প্রধান নিয়ন্ত্রকের সভাপতিত্বে এবং জাতীয় রাজস্ব বোর্ড, সংশ্লিষ্ট পোষক ও ফেডারেশন অব চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির প্রতিনিধি সমন্বয়ে গঠিত ঢাকাস্থ কেন্দ্রীয় আই,টি,সি কমিটির বরাবরে আপীল করিতে পারিবেন।
- (৬) আমদানিকারক আপীল পর্যায়ে সিদ্ধান্তে সন্তুষ্ট না হইলে Review, Appeal and Revision Order, 1977 এর বিধান অনুসারে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিবের নিকট রিভিশন আবেদন করিতে পারিবেন।
- (৭) আপীল আবেদন ছাড়াও প্রধান নিয়ন্ত্রক আই,টি,সি সম্পর্কিত যে কোন কেস, প্রয়োজনবোধে, কেন্দ্রীয় আই, টি, সি কমিটির নিকট উপস্থাপন করিতে পারিবেন।

নবম অধ্যায়

স্বীকৃতিপ্রাপ্ত চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এবং ট্রেড এসোসিয়েশন এর বাধ্যতামূলক সদস্য পদ

- ২৯। সদস্য পদ গ্রহণ ইত্যাদি।- (১) সকল আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরকে স্বীকৃত শিল্প ও বণিক সমিতির অথবা সমগ্র বাংলাদেশ ভিত্তিক তাহার নিজ ব্যবসার প্রতিনিধিত্বকারী সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের সদস্য পদ বাধ্যতামূলকভাবে গ্রহণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, জনস্বার্থে সরকার এই ধারার বিধান হইতে যে কোন আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরকে অব্যাহতি প্রদান করিতে পারিবেন।

- (২) যে সকল ক্ষেত্রে আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরগণকে স্বীকৃত শিল্প ও বণিক সমিতি অথবা সমগ্র বাংলাদেশ ভিত্তিক বা ট্রেড এসোসিয়েশনের সাময়িক সদস্য পদ প্রাথমিক সদস্যপদের বিপরীতে আইআরসি বা ইআরসি জারি করা হইবে সেই সকল ক্ষেত্রে তাহাদের আইআরসি বা ইআরসি এর মেয়াদ সাময়িক সদস্য পদ বা প্রাথমিক সদস্য পদের মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে স্থায়ী বা নিয়মিত সদস্য সনদপত্র দাখিল করা হইলে সাময়িক ইআরসি বা আইআরসি ফেরত নেওয়ার পর স্থায়ী বা নিয়মিত আইআরসি বা ইআরসি জারী করা হইবে।

নিয়ন্ত্রিত পণ্যের তালিকা

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
১	২	৩
০৩.০৬	সকল এইচ এস কোড	চিংড়ি মাছ আমদানি নিষিদ্ধ। (এস আর ও নং ৭০-আইন/২০১৩ তাং ১৪ মার্চ ২০১৩ এর মাধ্যমে সন্নিবেশিত)।
১২.০৭	সকল এইচ এস কোড	পপি সীড ও পোস্ত দানা আমদানি নিষিদ্ধ (মসল্লা হিসাবে অথবা অন্য কোন ভাবেও পোস্ত দানা আমদানি যোগ্য হইবে না)।
১২.১১	সকল এইচ এস কোড	ঘাস (এনড্রোপোজেন এসপিপি) এবং ভাং (ক্যানাবিস সাটিভা) আমদানি নিষিদ্ধ।
১৩.০২	সকল এইচ এস কোড	আফিম আমদানি নিষিদ্ধ। আগরআগর ও পেকটিন ব্যতীত সকল পণ্য ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং ঔষধ শিল্প ব্যতীত অন্যান্য শিল্পের জন্য আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট পোষক/মন্ত্রণালয়/সংস্থা এর পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।
২৩.০৭	২৩০৭.০০.০০	ওয়াইন লীজ, আরগোল আমদানি নিষিদ্ধ।
২৭.১০	২৭১০.০০.৭১	(ক) নিজস্ব শিল্প কারখানা/ব্যবসা প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য ফার্নেস অয়েল আমদানির ক্ষেত্রে:- (১) Bangladesh Petroleum Act, 1974 (Act LXIX of 1974) এবং সময় সময়, সরকার কর্তৃক জারিকৃত এতদসম্পর্কিত বিধি-বিধান আমদানিকারকগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে; (২) আমদানিতব্য ফার্নেস অয়েলের পরিমাণ ও গুণগতমান আমদানিকারক কর্তৃক বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনকে প্রতি মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে অবহিত করিতে হইবে; এবং (৩) আমদানিকারককে প্রচলিত আইন অনুযায়ী বিস্ফোরক এবং অন্যান্য প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করিতে হইবে। (খ) অন্যান্য ব্যবহারকারীদের নিকট বিক্রয়/বিপণনের জন্য আমদানির ক্ষেত্রে:- (১) Bangladesh Petroleum Act, 1974 (Act LXIX of 1974) এর বিধান অনুসারে এতদ্বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সাথে চুক্তি স্বাক্ষর করিতে হইবে এবং সময় সময় সরকার কর্তৃক জারিকৃত এতদসম্পর্কিত বিধি-বিধান প্রযোজ্য হইবে; (২) বিক্রিতব্য পেট্রোলিয়াম পণ্যের গুণগতমান বিএসটিআই এর স্পেসিফিকেশন অনুযায়ী হইতে হইবে; (৩) আমদানিকারককে ফার্নেস অয়েল সংগ্রহ, মজুদ ও বিপণনের যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে; (৪) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ও বিএসটিআই এর প্রতিনিধিদল বিক্রিতব্য পণ্যের গুণগতমান পরীক্ষার জন্য যে কোন সময়ে আমদানিকারকের যে কোন স্থাপনা পরিদর্শন করিতে পারিবে;

		<p>(৫) আমদানিকৃত ফার্গেস অয়েল বাজার মূল্যে বিক্রয় করিতে হইবে;</p> <p>(৬) আমদানিকারককে প্রচলিত আইন অনুযায়ী বিস্ফোরক এবং অন্যান্য প্রয়োজনীয় লাইসেন্স সংগ্রহ করিতে হইবে;</p> <p>(৭) কেবল ফার্গেস অয়েল ব্যবহারকারী শিল্প কারখানার নিকট সরাসরি ফার্গেস অয়েল বিক্রয় করিতে হইবে; এবং</p> <p>(৮) মাসিক আমদানিকৃত এবং বিপণনকৃত ফার্গেস অয়েলের পরিমাণ ও গুণগতমান উল্লেখপূর্বক প্রতি মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিকট প্রতিবেদন প্রেরণ করিতে হইবে।</p>
২৭.১১	সকল এইচ এস কোড	লিকুইফাইড ন্যাচারাল গ্যাস (এলএনজি), লিকুইফাইড প্রপেন ও বিউটেনস(যাহা এলপিগ্যাসের অংশ) ব্যতীত পেট্রোলিয়াম গ্যাস এবং অন্যান্য গ্যাসীয় হাইড্রো-কার্বন আমদানি নিষিদ্ধ।
২৭.১৩	সকল এইচ এস কোড	পেট্রোলিয়াম কোক এবং পেট্রোলিয়াম বিটুমিন ব্যতীত পেট্রোলিয়াম তৈলের রেসিডিউ সমূহসহ সকল পণ্য আমদানি নিষিদ্ধ।
২৯.২৯	২৯২৯.৯০.০০	ঘন চিনি (Sodium Cyclamate) আমদানি নিষিদ্ধ।
২৯.৩০	২৯৩০.৯০.০০	কৃত্রিম সরিষার তৈল (এ্যালাইল আইসোথায়ো সায়োনেট) আমদানি নিষিদ্ধ।
৩৮.০৮	সকল এইচ এস কোড	<p>হেপ্টক্লোর-৪০, ডব্লিউপি, ডিডিটি, ডাইক্রোটোপস জেনেরিক নামে বাইড্রিন ব্রান্ড, মিথাইল ব্রোমাইড, ক্লোরোডেন-৪০ ডব্লিউপি এবং ডায়ালড্রিন নামক কীটনাশকসমূহ আমদানি নিষিদ্ধ। তবে এই এইচ এস হেডিং এর বিপরীতে শ্রেণীবিন্যাসযোগ্য অন্যান্য পণ্যসমূহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য, যথা:-</p> <p>(ক) এই আদেশের অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (১৪) তে বর্ণিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য;</p> <p>(খ) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সার্টিফিকেট ও নিশ্চয়তা প্রদানের ভিত্তিতে কেবল জনস্বাস্থ্যে ব্যবহারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বনুমতিক্রমে সিনথেটিক পাইরিথ্রয়েড গ্রুপের ডেলটামেথ্রিন আমদানি করা যাইবে;</p> <p>(গ) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিনথেটিক পাইরিথ্রয়েড গ্রুপের-</p> <ol style="list-style-type: none"> (1) Cyhalothrin, (2) Cypermethrin, (3) Cyfluthrin, (4) Fenvelarate, (5) Alpha Cypermethrin, (6) Es-Fenvalerate, (7) Deltamethrin, (8) Danitol 10 EC (Fenpropathrin) <p>কীটনাশক আমদানি করা যাইবে, যথা:-</p> <p>(অ) আমদানিকৃত কীটনাশকের বিবরণ অবশ্যই কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে প্রদান করিতে হইবে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উহার ব্যবহার মনিটর করিবে;</p> <p>(আ) Pesticide Rules, 1985 মোতাবেক অনুমোদিত মাত্রা অনুযায়ী উহা ব্যবহার করিতে হইবে।</p>

৫৬.০৮	সকল এইচ এস কোড	৪.৫ সেন্টিমিটার এর কম ব্যাস বা দৈর্ঘ্যের ফাঁস বিশিষ্ট মাছ ধরার জাল তথা কারেন্ট জাল (গীলনেট) আমদানি নিষিদ্ধ। তবে ৪.৫ সেন্টিমিটার এবং তদূর্ধ্ব ফাঁস বিশিষ্ট জাল Marine Fisheries Ordinance, 1983 (Ord. No. XXXV of 1983) এর আওতায় মৎস্য অধিদপ্তরের মহাপরিচালকের পূর্বানুমোদনক্রমে কেবল ডীপ সি ফিশিং নৌযান কর্তৃক আমদানিযোগ্য হইবে। মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক ফি বৎসর ট্রলার প্রতি এক জন আমদানিকারককে ৪.৫ সেন্টিমিটার ব্যাস ফাঁস বিশিষ্ট জালের ক্ষেত্রে সর্বাধিক ৮(আট) ব্যাগ-স্যাক পর্যন্ত আমদানির অনুমতি প্রদান করিতে পারিবেন।
৬৩.০৫	৬৩০৫.৩৩.০০	পলিপ্রোপাইলিন ব্যাগ ও পলিইথিলিন ব্যাগ আমদানি নিষিদ্ধ।
৮৪.০৮	৮৪০৮.৯০.১০ ৮৪০৮.৯০.২০ ৮৪০৮.৯০.৯০	ত্রি হুইলার যানবাহনের (টেম্পু, অটোরিক্সা ইত্যাদি) দুই স্ট্রোক ইঞ্জিনসহ চেসিস আমদানি নিষিদ্ধ।
৮৭.০১ হইতে ৮৭.০৪	সকল এইচ এস কোড	(ক) যে কোন সিসি এর মোটর কার, মাইক্রোবাস, মিনিবাস, জীপসহ অন্যান্য পুরাতন যানবাহন এবং ট্রাক্টর নিম্নশর্তে আমদানিযোগ্য, যথা:- (১) জাহাজীকরণ করিবার ক্ষেত্রে কোন যানবাহনই ৫(পাঁচ) বৎসরের অধিক পুরাতন হইবে না; (২) যে দেশে গাড়ী তৈরী হইয়াছে কেবল সেই দেশ (কান্দ্রি অব অরিজিন) হইতেই পুরাতন গাড়ী আমদানি করা যাইবে। তৃতীয় কোন দেশের মাধ্যমে পুরাতন গাড়ী আমদানি করা যাইবে না; তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে পুরাতন গাড়ী তৃতীয় কোন দেশে ব্যক্তিগতভাবে ব্যবহৃত পুরাতন/রিকম্বিশড গাড়ী ভিন্ন অন্য কোন পুরাতন/রিকম্বিশড গাড়ী তৃতীয় কোন দেশ হইতে আমদানি করা যাইবে না এবং তৃতীয় কোন দেশ হইতে আমদানির ক্ষেত্রে, যে দেশে গাড়ীটি ব্যবহার করা হইয়াছে (কান্দ্রি অব ইউজ) সেই দেশে গাড়ীটির রেজিস্ট্রেশন সনদ এবং রেজিস্ট্রেশন বাতিলের সনদ কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; (৩) জাপান হইতে পুরাতন গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটো এ্যাপ্রেইজাল ইনস্টিটিউট (জে এ এ আই) ও অন্যান্য দেশে তৈরী পুরাতন গাড়ী আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক গাড়ীর বয়স, মডেল নম্বর এবং চেসিস নম্বর উল্লেখ সম্বলিত প্রত্যয়নপত্র শুক্কায়ন পর্যায়ে দাখিল করিতে হইবে; (৪) আমদানিকৃত পুরাতন গাড়ী তৈরীর তারিখ/বয়স নির্ধারণের ক্ষেত্রে গাড়ীর চেসিস তৈরীর তারিখের পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গাড়ী তৈরীর তারিখ/বয়স গণনা শুরু করিতে হইবে; (৫) জাপান হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক এবং অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক স্বীকৃত অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক পরীক্ষা করিয়া গাড়ী তৈরীর তারিখ নির্ধারিত হইবে। যে সকল দেশ হইতে চেসিস বুক প্রকাশিত হয় না সেই সকল দেশ হইতে পুরাতন গাড়ী বা যানবাহন আমদানি করা যাইবে না;

		<p>(৬) পেট্রোল চালিত গাড়ীর ক্ষেত্রে ক্যাটালাইটিক কনভার্টার এবং ডিজেল চালিত গাড়ীর ক্ষেত্রে ডিজেল পার্টিকুলেট ফিল্টার সংযোগ সম্পর্কে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস আর ও নং-২৯-আইন/২০০২, তারিখ ১৬ ফেব্রুয়ারি, ২০০২ মোতাবেক কার্যক্রম গ্রহণ করিতে হইবে;</p> <p>(৭) সীটবেল্ট ব্যতীত কোন প্রকার মটরগাড়ী আমদানি করা যাইবে না; এবং</p> <p>(৮) উইন্ডশিল্ড গ্লাস এবং ড্রাইভিং সিটের উভয় পার্শ্বের জানালার গ্লাস স্বচ্ছ হইতে হইবে যাহাতে গাড়ীর অভ্যন্তর দৃশ্যমান (Visible) হয়।</p> <p>(খ) ১৫০০ সিসির উর্ধ্বে যে কোন সিসির পুরাতন ট্যাক্সিক্যাব :- উপরের দফা (২) হইতে (৬) এ উল্লিখিত শর্তাবলী পালন সাপেক্ষে অনধিক ৩ (তিন) বৎসরের পুরাতন ট্যাক্সিক্যাব আমদানি করা যাইবে।</p>
	৮৭০৩.২২১	দুই স্ট্রোক ইঞ্জিন বিশিষ্ট থ্রি হুইলার যানবাহন (টেম্পু, অটোরিক্সা ইত্যাদি) আমদানি নিষিদ্ধ।
৮৭.০৮	সকল এইচ এস কোড	<p>নিম্নে উল্লিখিত মোটরযানের ব্যবহৃত যন্ত্রাংশ শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য-</p> <p>(ক) বডি যন্ত্রাংশ</p> <p>(১) বাম্পার;</p> <p>(২) ফ্রন্ট গ্রীল;</p> <p>(৩) ডোর এসেম্বলি;</p> <p>(৪) উইন্ড শীল্ড/উইন্ড শীল্ড গ্লাস;</p> <p>(৫) মিররস;</p> <p>(৬) রেডিয়েটর এসেম্বলি;</p> <p>(৭) লাইট/ল্যাম্প;</p> <p>(৮) ডেশ বোর্ড এসেম্বলি;</p> <p>(৯) বোনেট এসেম্বলি;</p> <p>(১০) ফেলডার এসেম্বলি;</p> <p>(১১) ডোর মিরর এসেম্বলি;</p> <p>(১২) সিটস (Seats)</p> <p>(১৩) রিয়ার মার্ডগার্ড এসেম্বলি;</p> <p>(১৪) কেবিন এসেম্বলি/বডিস (Bodies);</p> <p>(১৫) হেড লাইটস (বাল্ব ব্যতীত)</p> <p>(১৬) টেইল ল্যাম্পস (বাল্ব ব্যতীত);</p> <p>(১৭) সাইড লাইটস এসেম্বলি;</p> <p>(১৮) ওয়্যারিং সেট;</p> <p>(১৯) ইএফআই কন্ট্রোল ইউনিট;</p> <p>(২০) স্টার্টার;</p> <p>(২১) অল্টারনেটর;</p> <p>(২২) এডি কম্প্রসর/কন্ডেরসার/কুলিং চেম্বার এসেম্বলি;</p> <p>(২৩) অন্যান্য রাবার চ্যানেলস এন্ড রাবার মোল্ডিংস;</p>

		<p>(২৪) ফিউজ বক্স;</p> <p>(২৫) ডিসট্রিবিউটর;</p> <p>(২৬) ডাম্পার;</p> <p>(২৭) নোস কার্ট ।</p>
		<p>(খ) আন্ডার টেরেন যন্ত্রাংশ</p> <p>(১) পাওয়ার স্টিয়ারিং এসেম্বলী;</p> <p>(২) সাসপেনশন স্ক এ্যাবজর্ভারস;</p> <p>(৩) স্টিয়ারিং হুইলস এসেম্বলি;</p> <p>(৪) স্টিয়ারিং কলাম এন্ড স্টিয়ারিং বক্সেস;</p> <p>(৫) ডিফারেন্সিয়াল এসেম্বলি;</p> <p>(৬) প্রপেলার শেফট এসেম্বলি;</p> <p>(৭) এক্সেলস এসেম্বলি;</p> <p>(৮) ব্রেক ড্রাম এন্ড হাবস (Hubs) এসেম্বলি;</p> <p>(৯) ভ্যাকুয়াম বুসটার উইথ ব্রেক মাস্টার পাম্প এসেম্বলি;</p> <p>(১০) ব্রেক ড্রামস এসেম্বলি;</p> <p>(১১) হুইল সিলিডার এসেম্বলি;</p> <p>(১২) সাইলেন্সর এন্ড এক্সস্ট পাইপস;</p> <p>(১৩) মাউন্টিং;</p> <p>(১৪) ফুয়েল পাম্প;</p> <p>(১৫) এয়ার ক্লিনার বক্স ।</p> <p>শর্তসমূহ:-</p> <p>(১) বিনিয়োগ বোর্ড/বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন/সংশ্লিষ্ট অটোমোবাইল ও গাড়ী রিপেয়ারিং ও সার্ভিসিং এসোসিয়েশন/রেজিস্ট্রার জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক নিবন্ধিত স্বীকৃত রিপেয়ারিং ও সার্ভিসিং প্রতিষ্ঠান বর্ণিত যন্ত্রাংশ আমদানি করিতে পারিবে ।</p> <p>(২) ব্যবহৃত মটরযানের যন্ত্রাংশ বাণিজ্যিক ভিত্তিতে আমদানিযোগ্য হইবে না ।</p> <p>(৩) উল্লিখিত যন্ত্রাংশসমূহ আমদানির ক্ষেত্রে গুণগতমান সম্পর্কে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভিসিং কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সনদপত্র দাখিল করিতে হইবে ।</p> <p>(৪) বিক্রিত অথবা সংযোজিত যন্ত্রাংশের জন্য বিক্রেতা অথবা সংযোজনকারীকে কমপক্ষে ২(দুই) বৎসরের লিখিত গ্যারান্টি প্রদান করিতে হইবে ।</p> <p>(৫) রিপেয়ারিং ও সার্ভিসিং প্রতিষ্ঠানকে অটোমোবাইল এন্ড রিপেয়ারিং সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্য হইতে হইবে ।</p> <p>(৬) সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক আমদানিকৃত ব্যবহৃত যন্ত্রাংশ বিক্রয়ের সঠিক রেজিস্ট্রার সংরক্ষণ করিতে হইবে এবং প্রতি তিন মাস অন্তর বিক্রয়ের প্রতিবেদন সিসিআইএন্ডই এর নিকট দাখিল করিতে হইবে ।</p> <p>(৭) আমদানির পর সিসিআইএন্ডই আমদানিকৃত যন্ত্রাংশের ব্যবহার সম্পর্কে নিয়মিত মনিটর</p>

		করিবে। (৮) স্বীকৃত রিপেয়ারিং এন্ড সার্ভিসিং প্রতিষ্ঠান হিসাবে মূসক নিবন্ধন ও টিআইএন থাকিতে হইবে এবং এতদসংশ্লিষ্ট কাগজপত্র ও দলিলাদি শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
৮৭.১১	সকল এইচ এস কোড	৩ (তিন) বৎসরের অধিক পুরাতন এবং ১৫৫ (একশত পঞ্চাশ) সিসি এর উর্ধ্বে সকল প্রকার মোটর সাইকেল আমদানি নিষিদ্ধ। তবে পুলিশ বিভাগের ক্ষেত্রে ১৫৫ সিসি'র উর্ধ্বসীমার এই বিধান প্রযোজ্য হইবে না। অনধিক তিন বৎসরের পুরাতন মোটর সাইকেল আমদানির ক্ষেত্রে এই তিন বৎসর সময়কাল যানবাহন তৈরীর পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গণনা করা হইবে। পুরাতন মোটর সাইকেলের বয়স নির্ধারণের জন্য রেজিস্ট্রেশন ক্যানসেলেশন সার্টিফিকেটের বিকল্প হিসাবে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদিত পরিদর্শন কোম্পানীর (পিএসআই) প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হইবে।
৯০.১৮	৯০১৮.৩১	গ্যাস সিরিজ আমদানি নিষিদ্ধ।
৯৩.০২	সকল এইচ এস কোড	রিভলভার ও পিস্তলসহ সকল পণ্য এবং এ্যামিনিউশন আন্স্লেয়াস্ত্রের অনুমোদিত ডিলার কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে আমদানিযোগ্য। বেসরকারি খাতের জন্য টিসিবি/নির্ধারিত সংস্থা/ব্যক্তি বিশেষ কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি/সুপারিশের ভিত্তিতে ১(এক) টি এনপিবি রিভলভার/ পিস্তলসহ ৫০ রাউন্ড গুলি/ এ্যামিনিউশন এবং ২২ বোর রাইফেল/ ১২ বোর শটগান/বন্দুকসহ ১০০ রাউন্ড গুলি/ এ্যামিনিউশন বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতিক্রমে আমদানি করা যাইবে।
৯৩.০৩ হইতে ৯৩.০৫	সকল এইচ এস কোড	এয়ারগান আমদানি নিষিদ্ধ। তবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে ক্রীড়া ও শুটিং ক্লাবে ব্যবহারের জন্য এয়ারগান আমদানি করা যাইবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে নিষিদ্ধ বোর ব্যতীত অন্যান্য আন্স্লেয়াস্ত্রসহ সকল পণ্য আন্স্লেয়াস্ত্রের অনুমোদিত ডিলার কর্তৃক আমদানিযোগ্য। বেসরকারি খাতের জন্য টিসিবি/নির্ধারিত সংস্থা/ব্যক্তি বিশেষ কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি/সুপারিশের ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতিক্রমে আমদানি করা যাইবে।
৯৩.০৬	সকল এইচ এস কোড	(ক) এয়ারগান এ্যামিনিউশন আমদানি নিষিদ্ধ। তবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি/ সুপারিশের ভিত্তিতে ক্রীড়া ও শুটিং ক্লাবে ব্যবহারের জন্য এয়ারগান এ্যামিনিউশন আমদানি করা যাইবে। (খ) অন্যান্য এ্যামিনিউশন প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আমদানিযোগ্য।

আমদানি নিষিদ্ধ পণ্য তালিকার ফুট নোট

নিম্নবর্ণিত পণ্যসমূহ আমদানিযোগ্য নহে, যথা:—

- (১) বাংলাদেশ সার্ভে ডিপার্টমেন্ট কর্তৃক প্রকাশিত মানচিত্র অনুযায়ী বাংলাদেশের সীমারেখা দেখানো হয় নাই এইরূপ মানচিত্র, চার্ট ও ভৌগোলিক গ্লোব;
- (২) ভীতি প্রদায়ক কৌতুক, অশ্লীল ও নাশকতামূলক সাহিত্য ও অনুরূপ ধরনের পুস্তিকা, সংবাদপত্র, সাময়িকী, পোস্টার, ফটো, ফিল্ম, গ্রামোফোন রেকর্ড এবং অডিও ও ভিডিও ক্যাসেট, টেপ ইত্যাদি;
- (৩) এইরূপ বই-পুস্তিকা, সংবাদপত্র, সাময়িকী, দলিল দস্তাবেজ, কাগজ-পত্রাদি, পোস্টার, ফটো ফিল্ম, গ্রামোফোন রেকর্ড, অডিও ও ভিডিও ক্যাসেট, টেপ ইত্যাদি যাহার বিষয়সমূহ বাংলাদেশের যে কোন শ্রেণীর নাগরিকদের ধর্মীয় বিশ্বাস অথবা অনুভূতিতে আঘাত হানিতে পারে;
- (৪) এই আদেশে ভিন্নরূপ বিধান না থাকিলে, সেকেন্ডারী বা সাব-স্ট্যান্ডার্ড কোয়ালিটি বা নিম্নমানের পণ্য অথবা পুরাতন, ব্যবহৃত, পুনঃসংস্কৃত (রিকন্ডিশন্ড) পণ্য অথবা কারখানায় বাতিলকৃত বা জব লট ও স্টক লটের পণ্য;
- (৫) রিকন্ডিশন্ড অফিস ইকুইপমেন্ট, ফটোকপিয়ার, টাইপরাইটার মেশিন, টেলেক্স, ফোন, ফ্যাক্স, পুরাতন কম্পিউটার, পুরাতন কম্পিউটার সামগ্রী, পুরাতন ইলেকট্রনিক্স সামগ্রী ;
- (৬) এইরূপ পণ্যাদি ও উহার পেটিকা যাহাতে কোন ধর্মীয় গুঢ়ার্থ সম্পর্কীয় এমন কোন শব্দ বা উৎকীর্ণ লিপি বিদ্যমান আছে যাহার ব্যবহার বা বিবরণ বাংলাদেশের কোন নাগরিকের ধর্মীয় বিশ্বাস বা অনুভূতিতে আঘাত হানিতে পারে;
- (৭) এইরূপ পণ্যসামগ্রী ও উহার পেটিকা যাহাতে অশ্লীল ছবি লিখন বা উৎকীর্ণ-লিপি অথবা দৃশ্যমান নিদর্শন বিদ্যমান আছে;
- (৮) জীবিত শুকর এবং শুকরজাত সকল ধরনের পণ্য;
- (৯) সকল প্রকার শিল্প স্লাজ (Industrial Sludge) ও স্লাজ দ্বারা প্রস্তুতকৃত সার এবং যেকোনো সামগ্রী; এবং
- (১০) এই আদেশে ভিন্নরূপ বিধান না থাকিলে, সকল প্রকার বর্জ্য পদার্থ।

যৌথভিত্তিতে (জয়েন্ট বেসিস-এ) আমদানির পদ্ধতি
(অনুচ্ছেদ- ১০ দ্রষ্টব্য)

- ১। বাণিজ্যিক আমদানিকারকদের দল গঠন।- বাণিজ্যিক আমদানিকারকগণকে, স্বল্পমূল্যে আমদানির জন্য, যৌথভিত্তিতে আমদানি সুবিধা প্রদান করা হইয়াছে। উক্তরূপ সুবিধা গ্রহণের উদ্দেশ্যে এই আদেশের বিধান সাপেক্ষে আমদানির জন্য মনোনীত অনুমোদিত ডিলার ব্যাংকে এল, সি, এ ফরম নিবন্ধিকরণের পূর্বে বা পরে, প্রযোজ্য ক্ষেত্রে আমদানিকারকদের দল গঠন করা যাইবে। এই সকল আমদানিকারক, যাহাদের ভিন্ন ভিন্ন মনোনীত ব্যাংক ঋণপত্র খোলার ব্যাংক রহিয়াছে, তাঁহারা নগদ, ঋণ, ক্রেডিট, অথবা একাউন্ট ট্রেড এ্যারেঞ্জমেন্ট/কাউন্টার ট্রেড এ্যারেঞ্জমেন্ট এর মাধ্যমে যৌথভিত্তিতে তাহাদের শেয়ার নিম্নবর্ণিত পদ্ধতি অনুযায়ী আমদানি করিতে পারিবে।
- ২। মনোনীত অনুমোদিত ডিলার ব্যাংক শাখা এল, সি, এ ফরম নিবন্ধিকরণের পূর্বে যৌথভিত্তিতে আমদানির জন্য দল গঠনের পদ্ধতি।- (১) আমদানিকারককে তাহার মনোনীত ব্যাংকে যথারীতি যথাযথভাবে পূরণকৃত এবং স্বাক্ষরিত এল,সি, এ, ফরম দাখিল করিতে হইবে এবং তৎসহ এই মর্মে ঘোষণা করিতে হইবে যে-

(ক) তিনি বর্তমান আর্থিক বৎসরে তাঁহার শেয়ার এককভাবে আমদানির জন্য কোনরূপ আবেদন করেন নাই এবং তিনি সর্বজনাব

(দলনেতার নাম ও ঠিকানা, আই,আর,সি, নম্বর এবং তাঁহার মনোনীত ব্যাংকের নাম উল্লেখ করিতে হইবে) এর নেতৃত্বে উহা যৌথভাবে আমদানি করিতে সম্মত আছেন; এবং

(খ) দলনেতা অথবা দলের সদস্যের সহিত কোনরূপ খেলাপ অথবা বিরোধের উৎপত্তি হইলে সে বিষয়ে আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট কোন দাবী উত্থাপন করিবেন না এই মর্মে অঙ্গীকার করিতেছেন। আমদানিকারকের স্বাক্ষর তাঁহার মনোনীত ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তারিখসহ প্রতিপাদন করিতে হইবে।

(২) এল,সি, এ, ফরম আমদানিকারক কর্তৃক প্রদত্ত ঘোষণা এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সকল দিক দিয়া সম্পূর্ণ এবং সঠিক বলিয়া নিশ্চিত হওয়ার পর আমদানিকারকের মনোনীত ব্যাংক এই সকল কাগজপত্র দলনেতার মনোনীত ব্যাংকের নিকট প্রেরণ করিবে এবং এল,সি, এ, ফরমের উপর নিম্নরূপ প্রত্যয়ন করিবে, যথা:-

“..... এর দলনেতৃত্বে উপরি উল্লিখিত দল গঠনে আমাদের কোন আপত্তি নাই। এই আমদানিকারক টাকা মূল্যের (পণ্য) আমদানি করিবার যোগ্য।”

.....
আমদানিকারকের ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার
তারিখ সম্বলিত স্বাক্ষর এবং সীল

(৩) দলনেতা একই নিয়মে এল,সি,এ, ফরম দাখিল করিবেন। এল,সি,এ, ফরম ছাড়াও তিনি নিজের শেয়ারসহ দলের সকল সদস্যের এল,সি,এ, ফরমে উল্লিখিত মোট মূল্যের জন্য এল,সি আবেদন ফরম দাখিল করিবেন। তিনি একটি ঘোষণাপত্রও এই মর্মে দাখিল করিবেন যে-

- (ক) এল,সি,এ, ফরমে প্রদত্ত তথ্যাদি তাঁহার জানামতে সঠিক;
- (খ) তিনি বর্তমান শিপিং মৌসুমে তাঁহার শেয়ার দলের একজন সদস্য হিসাবে ছাড়া পৃথকভাবে আমদানির জন্য কোন আবেদন করেন নাই;
- (গ) দলভুক্ত (সদস্য) আমদানিকারকগণ (এখানে দলনেতা তাঁহার নিজের এবং সকল সদস্যদের নাম, ঠিকানা, আই,আর,সি, নম্বর এবং প্রত্যেকের পৃথক পৃথক শেয়ার লিপিবদ্ধ করিবেন) যাহাতে স্বল্পমূল্যে আমদানি করিতে পারেন তজ্জন্য তিনি যৌথভাবে আমদানির জন্য দলনেতা হিসাবে কাজ করিতে অঙ্গীকারাবদ্ধ হইয়াছেন; এবং
- (ঘ) দলের সদস্যদের সহিত কোন প্রকার খেলাপ অথবা বিরোধ উৎপত্তি হইলে, সে বিষয়ে আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষসমূহের নিকট কোনরূপ দাবী উত্থাপন করিবেন না এই মর্মে অঙ্গীকার করিতেছেন। দলনেতার স্বাক্ষর তাঁহার ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তারিখসহ সত্যায়ন করিবে।
- (৪) এল,সি,এ, ফরম এবং দলনেতা কর্তৃক প্রদত্ত ঘোষণা সকল দিক দিয়া সম্পূর্ণ এবং সঠিক বলিয়া নিশ্চিত হওয়ার পর দলনেতার ব্যাংক এল,সি,এ ফরমের উপর নিম্নরূপ প্রত্যয়ন করিবে, যথা:—
- “দলের সদস্যদের দলনেতা হিসাবে উপরে বর্ণিত আমদানিকারক কর্তৃক কার্যসম্পাদনের বিষয়ে আমাদের কোন আপত্তি নাই।”

.....
 দলনেতার ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার
 তারিখ সম্বলিত স্বাক্ষর এবং সীল

- (৫) ইহার পর দলনেতার ব্যাংক প্রত্যয়নকৃত এল,সি,এ ফরমসহ অন্যান্য সকল এল,সি,এ ফরম নিবন্ধিকরণের কাজ সম্পন্ন করিবে।
- (৬) এল,সি,এ, ফরমগুলি নিবন্ধিকরণের পর সংশ্লিষ্ট নিবন্ধনকারী ব্যাংক সত্বর ঘোষণা পত্র এবং প্রত্যয়নপত্রসহ এল,সি,এ, ফরমের দুই কপি করিয়া আমদানিকারকের নিজ নিজ আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট অনুবর্তী পরীক্ষার জন্য প্রেরণ করিবে।
- (৭) যে সকল ক্ষেত্রে একই মনোনীত ব্যাংক বা তাহার শাখাসমূহের অধীনস্থ যোগ্য বাণিজ্যিক আমদানিকারকগণ তাহাদের নগদ/আই,ডি,এ,ঋণ অথবা মুক্তঋণ বা ক্রেডিটের শেয়ারের অধীনে আমদানি করিতে ইচ্ছুক সেই সকল ক্ষেত্রে যৌথভাবে আমদানির পদ্ধতি অভিন্ন হইবে। ব্যাংক উপরে বর্ণিত সকল কাগজপত্র যথা— এল,সি,এ ফরম, ঘোষণাপত্র ইত্যাদি এল,সি,এ, ফরমে প্রয়োজনীয় প্রত্যয়নপত্র এনডোর্স করিয়া দলনেতার মনোনীত ব্যাংক শাখায় প্রেরণ করিবে। দলনেতার মনোনীত ব্যাংক উপরে বর্ণিত একই পদ্ধতিতে এল,সি,এ, ফরমগুলি প্রক্রিয়াকরণ ও নিবন্ধিকরণের কাজ সম্পন্ন করিবে।
- (৮) এ্যাকাউন্ট ট্রেড এ্যারেঞ্জমেন্ট/কাউন্টার ট্রেড এ্যারেঞ্জমেন্ট এবং শর্তাধীন লোন বা ক্রেডিটের অধীনে আমদানির ক্ষেত্রে যৌথভিত্তিতে আমদানি করিতে ইচ্ছুক যোগ্য বাণিজ্যিক আমদানিকারকগণ নির্ধারিত পদ্ধতিতে তাহাদের নিজ নিজ মনোনীত ব্যাংকে বিহীত ব্যবস্থা মোতাবেক এল,সি,এ, ফরম দাখিল করিবে। তবে এই ক্ষেত্রে তাহাদিগকে ঋণপত্র খোলার আবেদনপত্র দাখিল করিতে হইবে না। মনোনীত ব্যাংক, এল,সি,এ, ফরম সঠিক আছে এই মর্মে নিশ্চিত হওয়ার পর, আমদানিকারকের আমদানি নিবন্ধন সনদপত্রে প্রয়োজনীয় পৃষ্ঠাংকন করিয়া এল,সি,এ, ফরমের সকল কপি দলনেতার মনোনীত ব্যাংকে প্রেরণ করিবে। দলনেতার মনোনীত ব্যাংক দলনেতা এবং দলের সদস্যগণ কর্তৃক দাখিলকৃত

এল,সি,এ ফরমসমূহ সঠিক আছে এবং যৌথভিত্তিতে আমদানির সকল নিয়মাবলী সম্পূর্ণ করা হইয়াছে ইহা নিশ্চিত হওয়ার পর দলনেতা এবং দলের সদস্যদের এল,সি,এ, ফরম এবং দলনেতা কর্তৃক দাখিলকৃত মোট মূল্যের জন্য ঋণপত্র খুলিবার আবেদনপত্র নির্ধারিত ব্যাংকে প্রেরণ করিবে। নির্ধারিত ব্যাংক ঋণপত্র খোলার পর এল,সি,এ ফরমের দুই কপি করিয়া সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করিবে।

- ৩। এল,সি,এ ফরম রেজিস্ট্রিকরণের পর যৌথভিত্তিতে আমদানির জন্য দল গঠনের পদ্ধতি।- (১) এল,সি,এ ফরম নিবন্ধিকরণের পর যৌথ ভিত্তিতে আমদানির জন্য দলগঠনের ক্ষেত্রে, আমদানিকারক যথারীতি তাহার মনোনীত ব্যাংকে এল,সি,এ ফরম দাখিল করিবেন এবং লিখিতভাবে তাহার ব্যাংককে জানাইবেন অথবা ঘোষণাপত্র দাখিল করিবেন যে, তিনি এল,সি,এ ফরম নিবন্ধনের পরে দল গঠনে ইচ্ছুক। এল,সি,এ ফরম সম্পূর্ণ এবং সকল দিক দিয়া সঠিক বলিয়া নিশ্চিত হওয়ার পর আমদানিকারকের মনোনীত ব্যাংক ঘোষণাপত্রসহ নিবন্ধিকরণপূর্বক উহা অবিলম্বে আমদানিকারকের একটি অথবা একাধিক দল গঠন করিতে বলিবে।
- (২) দল গঠনের সময় আমদানিকারককে তাহার ব্যাংকে এই পরিশিষ্টের অনুচ্ছেদ ২(১) এ বিবৃত একই শর্তে একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে। আমদানিকারকের স্বাক্ষর তাহার মনোনীত ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তারিখসহ সত্যায়ন করিবে। উক্ত ব্যাংক এই সকল কাগজপত্র যথা- এল,সি,এ ফরম এবং ঘোষণাপত্র, এই পরিশিষ্টের অনুচ্ছেদ ২(২) এ উল্লিখিত প্রত্যয়নপত্রসহ দলনেতার মনোনীত ব্যাংকে প্রেরণ করিবে।
- (৩) দলনেতাও এই পরিশিষ্টের অনুচ্ছেদ ২(৩) এ উল্লিখিত ঘোষণাপত্রসহ এল,সি,এ ফরম এবং ঋণপত্র খোলার আবেদন ফরম দাখিল করিবে। দলনেতার স্বাক্ষর তাহার ব্যাংকের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তারিখসহ সত্যায়ন করিবে এবং এল,সি,এ ফরমের উপর এই পরিশিষ্টের অনুচ্ছেদ ২(৪) এ বর্ণিত প্রয়োজনীয় প্রত্যয়নপত্র এনডোর্স করিবে।
- (৪) দলনেতার ব্যাংক ঋণপত্র খুলিবার জন্য দলনেতা এবং দলের সকল সদস্য কর্তৃক প্রদত্ত ঘোষণাপত্র, তাঁহাদের ব্যাংকসমূহ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং এল,সি,এ ফরমগুলির দুইটি করিয়া কপি রাখিবেন এবং এল,সি,এ ফরমসমূহের অপর দুইটি কপি সকল কাগজ পত্রসহ (ঘোষণাপত্র এবং প্রত্যয়নপত্র) সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট অনুবর্তী পরীক্ষার জন্য প্রেরণ করিবে। দলের সদস্যগণ বিভিন্ন আমদানি নিয়ন্ত্রণ দপ্তর এলাকার হইলে কাগজপত্রের পূর্ণ সেট দলের সদস্যদের সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ দপ্তরে অনুবর্তী পরীক্ষার জন্য প্রেরণ করিতে হইবে।
- (৫) যে সকল ক্ষেত্রে একই আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের এলাকায় অবস্থিত ও একই আমদানি নিয়ন্ত্রণ দপ্তরের এলাকাধীন একই মনোনীত ব্যাংক বা উহার শাখাসমূহের অন্তর্ভুক্ত যোগ্য বাণিজ্যিক আমদানিকারকগণ নিজেদের শেয়ার যৌথভিত্তিতে আমদানি করিতে ইচ্ছুক সেই সকল ক্ষেত্রে যৌথভাবে আমদানির পদ্ধতি উপরের বর্ণনা মোতাবেক হইবে। তবে ব্যাংকের সকল শাখা উপরে বর্ণিত সকল কাগজপত্র দলনেতার মনোনীত ব্যাংক শাখায় প্রেরণ করিবে। দলনেতার মনোনীত ব্যাংক উপরে বর্ণিত পদ্ধতিতে এল,সি,এ ফরমগুলি বিষয়ক কার্যপ্রক্রিয়া চালু করিবে।
- (৬) একাউন্ট ট্রেড এয়ারেঞ্জমেন্ট/কাউন্টার ট্রেড এয়ারেঞ্জমেন্ট এবং শর্তাধীন লোন বা ক্রেডিটের ভিত্তিতে যৌথভাবে আমদানির ক্ষেত্রে এই পরিশিষ্টের অনুচ্ছেদ ২(৮) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।
- ৪। উভয় প্রকার দল গঠনের ক্ষেত্রেই, ঋণপত্র খোলা এবং উহা বিদেশী সরবরাহকারীর নিকট প্রেরণের পরপরই মনোনীত ব্যাংক ক্ষেত্রমত, দলনেতার আই,আর,সি-তে লিখিত সমর্থন প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষগণকে ও দলের সদস্যগণের নিজ নিজ ব্যাংককে দলের প্রত্যেক সদস্যের শেয়ার উল্লেখ করিয়া ঋণপত্রে বিবরণ জানাইবে।
- (ঠ) আবেদনকারী কোম্পানী কর্তৃক বিপণনকৃত পণ্য বা সেবা ভোক্তা পর্যায়ে ন্যায্য মূল্য নিশ্চিতকরণকল্পে গৃহীত পদক্ষেপের বিবরণ;
- (ড) পণ্যের সংগ্রহ, ক্রয়, উৎপাদন বা সেবার প্রকৃত খরচের উপর শতকরা কত হারে লভ্যাংশ যোগ করিয়া বিক্রয় মূল্য নির্ধারিত হইবে উহার সম্ভাব্য পরিমাণ সংক্রান্ত বিবরণ;
- (ঢ) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক যে সকল স্তরে উহার পণ্য ও সেবা বিপণন করিবে উহার বিস্তারিত বিবরণ;
- (ণ) আবেদনকারী কোম্পানী কর্তৃক নির্ধারিত পরিমাণ পয়েন্ট বা টার্গেট অর্জন বা নির্দিষ্ট পরিমাণ পণ্য বা সেবা বিপণনে ব্যর্থতার জন্য কোন অংশগ্রহণকারী সদস্য বা ক্রেতা-পরিবেশক বা বিক্রয়কর্মীকে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ কোন স্তরের কোন অংশগ্রহণকারী সদস্য বা ক্রেতা-পরিবেশক বা বিক্রয়কর্মীকে এমন কোন চুক্তিতে আবদ্ধ করিবে না মর্মে একটি অঙ্গিকার পত্র; এবং
- (ত) নির্ধারিত অন্যান্য কাগজপত্রাদি ও তথ্যসমূহ।

ব্যাখ্যা।- উপ-ধারা (২) এর দফা (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে, ‘টার্গেট’ অর্থ বিক্রেতা বা ক্রেতা-পরিবেশক পর্যায়ে কোন পণ্য বা সেবা বিক্রয়ের জন্য একটি পূর্বনির্ধারিত সংখ্যাসূচক একক যাহার ভিত্তিতে নির্ধারিত হারে কমিশন বা মুনাফা প্রযোজ্য ক্ষেত্রে প্রদেয় হয়।

৭। **লাইসেন্স ইস্যু, ইত্যাদি।-** (১) ধারা ৬ এর উপ-ধারা (১) এর অধীন আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকার, নির্ধারিত পদ্ধতিতে, আবেদনে উল্লিখিত ব্যবসা প্রতিষ্ঠানের স্থান সরেজমিনে পরিদর্শন ও তদন্ত করিবে এবং প্রাপ্ত তথ্যাবলী পরীক্ষার পর, লাইসেন্স মঞ্জুর অথবা নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন পরিদর্শন ও তদন্তের পর সরকার সম্মুখ হইলে অনধিক ৩০(ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারী বরাবরে লাইসেন্স ইস্যু করিবে, অথবা সম্মুখ না হইলে কারণ উল্লেখপূর্বক লাইসেন্স নামঞ্জুর করিবার সিদ্ধান্ত আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) সরকার তৎকর্তৃক ইস্যুকৃত প্রতিটি লাইসেন্সের অনুলিপি সংরক্ষণ করিবে এবং যে কোন ব্যক্তি নির্ধারিত ফিস পরিশোধ সাপেক্ষে উক্ত অনুলিপি পরিদর্শন বা উহার প্রতিলিপি সংগ্রহ করিতে পারিবে।

৮। **লাইসেন্স প্রদর্শন।-** লাইসেন্সি কর্তৃক, ধারা ৭ এর অধীন ইস্যুকৃত লাইসেন্স সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের একটি দৃষ্টিগ্রাহ্য স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৯। **লাইসেন্সের শর্তাবলী।-** সরকার এই আইন ও বিধির সহিত সংগতিপূর্ণ যে কোন শর্ত লাইসেন্সে উল্লেখ করিতে পারিবে এবং লাইসেন্স ইস্যুর পর প্রয়োজনে, কোন নূতন বা অতিরিক্ত শর্ত আরোপ করিতে পারিবে, যাহা লাইসেন্সে উল্লিখিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১০। **লাইসেন্স হস্তান্তর।-** (১) সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে কোন লাইসেন্স বা উহার অধীনে অর্জিত স্বত্ব সম্পূর্ণ বা আংশিকভাবে হস্তান্তরযোগ্য হইবে না।

(২) উপ-ধারা (১) এর বিধান লংঘন করিয়া কোন হস্তান্তর করা হইলে উহা অকার্যকর বলিয়া গণ্য হইবে।

১১। **লাইসেন্সের মেয়াদ ও নবায়ন।-** (১) ধারা ৭ এর অধীন ইস্যুকৃত প্রতিটি লাইসেন্সের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ১ (এক) বৎসর।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে ইস্যুকৃত লাইসেন্স, নির্ধারিত পদ্ধতিতে ও ফিস প্রদান সাপেক্ষে, নবায়নযোগ্য হইবে।

(৩) এই ধারার অধীন লাইসেন্স নবায়নের জন্য আবেদন, নির্ধারিত পদ্ধতিতে, সরকারের নিকট দাখিল করিতে হইবে এবং উক্তরূপ আবেদন প্রাপ্তির পর সরকার ধারা ৭এর উপ-ধারা (১) এর বিধান অনুসরণক্রমে নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গণ্যগ্রহণ করিবে।

১২। **লাইসেন্সের শর্তাবলী সংশোধন।-** এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, তৎকর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের যে কোন শর্ত সংশোধন করিতে পারিবে।

১৩। লাইসেন্স স্থগিত, বাতিলকরণ ও পুনর্বহাল।- (১) সরকার নিম্ন বর্ণিত যে কোন কারণে, যুক্তিসংগত মনে করিলে, কোন লাইসেন্স বাতিল বা স্থগিত করিতে পারিবে, যদি লাইসেন্সি-

- (ক) এই আইন বা বিধির কোন বিধান বা লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করিয়া থাকেন; বা
- (খ) কোন অসত্য তথ্য প্রদান করিয়া বা কোন তথ্য গোপন করিয়া লাইসেন্স গ্রহণ করিয়া থাকেন; বা
- (গ) লাইসেন্সে নির্ধারিত সময়সীমার মধ্যে উহাতে উল্লিখিত মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনা শুরু করিতে ব্যর্থ হইয়া থাকেন; বা
- (ঘ) লাইসেন্সে অনুমোদিত ব্যবসা পরিত্যাগ করিয়া থাকেন বা অনুমোদনহীন অন্য কোন ব্যবসা পরিচালনা করিয়া থাকেন বা পরিচালনার সহিত জড়িত বা সংশ্লিষ্ট থাকেন; বা
- (ঙ) এই আইনের অধীন দণ্ডনীয় কোন অপরাধ করিয়া থাকেন।

(২) লাইসেন্সিকে যথাযথভাবে কারণ দর্শানো ও শুনানীর সুযোগ প্রদান না করিয়া উপ-ধারা (১) এর অধীন কোন লাইসেন্স বাতিল বা স্থগিত করা যাইবে না; এবং উক্তরূপে কোন লাইসেন্স বাতিল বা স্থগিত করা হইলে বাতিল বা স্থগিতাদেশে উহার উপযুক্ত কারণ লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) এই ধারার অধীন কোন লাইসেন্স বাতিল বা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট লাইসেন্সি যদি প্রমাণ করিতে সক্ষম হন যে, লাইসেন্স বাতিল বা স্থগিতের সিদ্ধান্ত আইনানুগ বা সঠিক ছিল না বা যে কারণে উহা বাতিল বা স্থগিত করা হইয়াছিল উহা যথাযথভাবে সংশোধিত হইয়াছে, তাহা হইলে এতদুদ্দেশ্যে লাইসেন্সির লিখিত বক্তব্য, যদি থাকে, বিবেচনার পর সরকার উক্ত লাইসেন্স পুনর্বহাল করিতে পারিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন গৃহীত ব্যবস্থার কারণে কোন প্রকার ক্ষতির জন্য লাইসেন্সি কোন আদালত বা কর্তৃপক্ষের নিকট কোন প্রকার ক্ষতিপূরণের দাবী উত্থাপন করিতে পারিবে না; এবং উক্তরূপ কোন দাবী উত্থাপিত হইলে উহা অগ্রাহ্য হইবে।

১৪। আইন প্রবর্তনের পূর্বে পরিচালিত মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনা সীমিত মেয়াদে অব্যাহত ও লাইসেন্স গ্রহণ।- (১) এই আইন কার্যকর হইবার তারিখে মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী ব্যক্তিকে এই আইন কার্যকর হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে এই আইনের বিধান অনুসারে লাইসেন্সের জন্য সরকারের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আবেদন দাখিল করা হইলে সরকার উহা, এই আইনের বিধান অনুসারে মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবে।

(৩) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী কোন ব্যক্তি কর্তৃক উপ-ধারা (১) এর অধীন কোন আবেদন দাখিল করা না হইলে, তিনি উপ-ধারা (১) এ উল্লিখিত সময় অতিক্রান্ত হওয়ার পরে মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন না।

তৃতীয় অধ্যায়
পিরামিড সদৃশ বিক্রয় কার্যক্রম

১৫। পিরামিড সদৃশ বিক্রয় কার্যক্রম, ইত্যাদি নিষিদ্ধ।-- এই আইন কার্যকর হইবার পর মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার আওতায়--

- (ক) পিরামিড সদৃশ বিক্রয় কার্যক্রম পরিচালনা করা যাইবে না; বা
- (খ) অবস্তুগত বা অলীক পণ্য এবং সময়ের ধারাবাহিকতা বা পর্যায়ক্রমিক প্রক্রিয়াকরণের মাধ্যমে ভবিষ্যতে বিপণনযোগ্য হইবে এইরূপ কোন পণ্য বা সেবা বিপণন করা যাইবে না।

ব্যাখ্যা।- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, “পিরামিড সদৃশ বিক্রয় কার্যক্রম” অর্থ এইরূপ বিপণন ব্যবস্থা বা প্রক্রিয়া যাহাতে জ্যামিতিক হারে অধিক সংখ্যক ক্রেতা সংযুক্তির শর্তে নির্দিষ্ট লভ্যাংশ বা কমিশন প্রাপ্তির বা প্রদানের প্রত্যাশায় বা প্রতিশ্রুতিতে অগ্রিম ফি প্রদানপূর্বক অংশগ্রহণ করিতে হয় এবং যাহার ফলশ্রুতিতে নিম্নোক্ত এক বা একাধিক অবস্থার সৃষ্টি হয়-

- (ক) উচ্চস্তরের বিক্রেতার লভ্যাংশ বা কমিশন প্রাপ্তি নিশ্চিত হইলেও নিম্নস্তরের ক্রেতা-পরিবেশকের লভ্যাংশ বা কমিশন প্রাপ্তি অনিশ্চিত থাকে;
- (খ) পণ্য বা সেবা প্রকৃতমূল্যে বিনিময় হয় না; বা
- (গ) পণ্য বা সেবার বাস্তব অস্তিত্ব থাকে না।

চতুর্থ অধ্যায়
মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনা

১৬। পণ্যের মোড়কাবদ্ধকরণ।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, মোড়কজাতকরণ ব্যতীত মাল্টি-লেভেল মার্কেটিং পদ্ধতিতে কোন পণ্য বিপণন করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এর অধীন মোড়কাবদ্ধকরণের ক্ষেত্রে প্রত্যেক মোড়কে, অন্যান্য বিষয়ের মধ্যে, স্পষ্টভাবে নিম্নবর্ণিত তথ্য লিপিবদ্ধ করিতে হইবে, যথা:-

- (ক) পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ও দেশের নাম;
- (খ) পণ্যের ওজন, পরিমাণ ও ব্যবহার বিধি;
- (গ) পণ্যের সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য;
- (ঘ) পণ্য উৎপাদনের তারিখ;
- (ঙ) পণ্য প্যাকেটজাতকরণের তারিখ;
- (চ) পণ্যের মেয়াদোত্তীর্ণের তারিখ অথবা ওয়ারেন্টি বা গ্যারান্টির মেয়াদ; এবং
- (ছ) পণ্যের গুণগত মান সংক্রান্ত তথ্য।

১৭। প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ।- কোন ব্যক্তি এই আইনের অধীন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার আওতায় মূল্যের বিনিময়ে প্রতিশ্রুত পণ্য বা সেবা, উক্ত পণ্যের মোড়কে উল্লিখিত নির্ধারিত মূল্য অপেক্ষা বেশী মূল্যে বিক্রয় বা সরবরাহ করিতে পারিবে না, এবং উক্তরূপে কোন পণ্য বা সেবার আংশিক সরবরাহ করিয়া সম্পূর্ণ মূল্য গ্রহণ করা যাইবে না।

১৮। অযৌক্তিক মূল্য বৃদ্ধি রোধ।- মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার আওতায় মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী কোন পণ্য বা সেবার মূল্য নির্ধারিত পদ্ধতি ব্যতিরেকে অন্য কোনভাবে অযৌক্তিক মাত্রা বা হারে নির্ধারণ করিতে পারিবে না।

১৯। নিম্নমানের পণ্য বিপণন নিষিদ্ধ।- মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার আওতায় কোন ব্যক্তি পণ্য বা সেবার জন্য নির্ধারিত মান হইতে নিম্নমানের পণ্য বা সেবা বিপণন করিতে পারিবে না।

২০। বিক্রয়ের উদ্দেশ্যে বেআইনী অবস্থান।- দ্বারে দ্বারে বিক্রয় বা অন্য যে কোন বিক্রয় পদ্ধতিতে পণ্য ও সেবা বিক্রয়ের লক্ষ্যে কোন ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারীর কোন সদস্য কর্তৃক উক্ত ব্যক্তির নিয়ন্ত্রনাধীন বা মালিকানাধীন গৃহ বা আঙ্গিনায় বা স্থাপনায় অবস্থান করিয়া উক্ত ব্যক্তিকে পণ্য বা সেবা ক্রয় করিতে বাধ্য করা যাইবে না।

ব্যাখ্যা।- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, “দ্বারে দ্বারে বিক্রয়” অর্থ নিম্নবর্ণিত পদ্ধতিতে পণ্য বা সেবা বিক্রয়, যথা:-

- (ক) কোন নির্দিষ্ট অবস্থানে ব্যবসা না চালাইয়া এক স্থান হইতে অন্য স্থানে গমন করিয়া বা টেলিফোনে যোগাযোগের মাধ্যমে এমন কোন ব্যক্তি বা ব্যক্তি সমষ্টিকে অনুসন্ধান করা যাহাতে উক্ত ব্যক্তি সাধারণভাবে পণ্য বা সেবা ক্রয় বা বিক্রয় চুক্তিতে আবদ্ধ হন বা হইতে সম্মত থাকেন; এবং
- (খ) প্রথম ক্রেতা বা তৎপরবর্তী ক্রেতা বা পর্যায়ক্রমিকভাবে নিয়োজিত সম্ভাব্য নূতন ক্রেতার সহিত এইরূপ বিক্রয় চুক্তি সম্পাদনের জন্য আলোচনা বা চুক্তি সম্পাদন করা।

২১। পণ্য ও সেবার বাস্তব উপস্থিতি।- কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী ব্যক্তি বা তদ্বিকর্তৃক নিয়োগকৃত কোন ব্যক্তি বা ক্রেতা-পরিবেশক বা উক্ত কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের কোন স্তরের কোন অংশগ্রহণকারী কর্তৃক কাহাকেও প্রলুব্ধকরণের মাধ্যমে এইরূপ কোন চুক্তিতে আবদ্ধ করা যাইবে না, যাহাতে পণ্য বা সেবার বাস্তব উপস্থিতি বা নির্দিষ্ট সময়ে পণ্য বা সেবা পরিবেশনের বাস্তব ও বিশ্বাসযোগ্য আয়োজন বা প্রস্তুতি না থাকা সত্ত্বেও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে উক্তরূপ কোন পণ্য বা সেবা পরিবেশনের নামে অর্থ আদায় করা হয়।

২২। পরিচয়পত্র বহন বা ধারণ।- মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী কর্তৃক সরবরাহকৃত ছবিযুক্ত লেমিনেটেড পরিচয়পত্র প্রকাশ্যে ধারণ ব্যতীত মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রমের আওতায় কোন ক্রেতা -পরিবেশক বা বিক্রেতা বা বিক্রয়কর্মী কোন প্রকার লেনদেন, ক্রয়-বিক্রয় বা অন্য কোন কার্যক্রম সম্পাদন বা পরিচালনা করিতে পারিবে না।

২৩। ব্যবসার প্রচারণা সংক্রান্ত বিধি নিষেধ।— কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারীর ক্রেতা-পরিবেশক, কোন স্তরের কোন সদস্য বা কোন কর্মী-

(ক) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে গঠিত কোম্পানীর সংঘবিধির পরিপন্থী তথ্য সম্বলিত কোন বিজ্ঞাপনের প্রচার বা অন্য কোন ধরনের প্রচারণা বা অন্য কোন ধরনের কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন না; বা

(খ) প্রলুব্ধ বা প্রতারণিত করিবার উদ্দেশ্যে কোন অসত্য বা কাল্পনিক বা বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রচার করিতে পারিবেন না।

পঞ্চম অধ্যায় অপরাধ, দণ্ড ও বিচার

২৪। ধারা ৪ এর বিধান লংঘনের দণ্ড।— কোন ব্যক্তি যদি ধারা ৪ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর এবং অনুন ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড এবং ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৫। ধারা ১০ এর বিধান লংঘনের দণ্ড।— কোন ব্যক্তি যদি ধারা ১০ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ২ (দুই) বৎসর এবং অনুন ১ (এক) বৎসর কারাদণ্ডে এবং ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৬। ধারা ১৫ এর বিধান লংঘনের দণ্ড।— কোন ব্যক্তি যদি ধারা ১৫ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর এবং অনুন ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে এবং ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৭। ধারা ১৪ এর বিধান লংঘনের দণ্ড।— কোন ব্যক্তি যদি ধারা ১৪ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ১০ (দশ) বৎসর এবং অনুন ৬ (ছয়) বৎসর কারাদণ্ডে এবং ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৮। ধারা ১৬ এর বিধান লংঘনের দণ্ড।— কোন ব্যক্তি যদি ধারা ১৬ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ২ (দুই) বৎসর এবং অনুন ১ (এক) বৎসর কারাদণ্ডে এবং ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৯। ধারা ১৭ এর বিধান লংঘনের দণ্ড।— কোন ব্যক্তি যদি ধারা ১৭ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর এবং অনুন ১ (এক) বৎসর কারাদণ্ডে এবং ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩০। ধারা ১৮ এর বিধান লংঘনের দণ্ড।— কোন ব্যক্তি যদি ধারা ১৮ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর এবং অনুন ১ (এক) বৎসর কারাদণ্ডে এবং ৩ (তিন) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩১। ধারা ১৯ এর বিধান লংঘনের দণ্ড- কোন ব্যক্তি যদি ধারা ১৯ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ৫ (পাঁচ) বৎসর এবং অনূ্যন ২ (দুই) বৎসর কারাদণ্ডে এবং ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩২। ধারা ২০ এর বিধান লংঘনের দণ্ড।- কোন ব্যক্তি যদি ধারা ২০ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ১ (এক) বৎসর এবং অনূ্যন ৬ (ছয়) মাস কারাদণ্ডে এবং ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩৩। ধারা ২১ এর বিধান লংঘনের দণ্ড।- কোন ব্যক্তি যদি ধারা ২১ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ৫ (পাঁচ) বৎসর এবং অনূ্যন ২ (দুই) বৎসর কারাদণ্ডে এবং ২০ (বিশ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩৪। ধারা ২৩ এর বিধান লংঘনের দণ্ড।- কোন ব্যক্তি যদি ধারা ২৩ এর বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর এবং অনূ্যন ২ (দুই) বৎসর কারাদণ্ডে এবং ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩৫। এই আইনে সুনির্দিষ্টভাবে দণ্ডের উল্লেখ নেই এইরূপ কোন বিধান লংঘনের দণ্ড।- কোন ব্যক্তি যদি এই আইনে সুনির্দিষ্টভাবে দণ্ডের বিধান উল্লেখ নাই এইরূপ কোন বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূর্ধ্ব ৫ (পাঁচ) বৎসর এবং অনূ্যন ২(দুই) বৎসর কারাদণ্ডে এবং ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩৬। অপরাধ পুনঃসংঘটনের দণ্ড।- এই আইনে উল্লিখিত কোন অপরাধের জন্য কোন ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃপুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করিলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হইবেন।

৩৭। কোম্পানী, ইত্যাদি কর্তৃক অপরাধ সংঘটন।- কোন কোম্পানী কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এইরূপ প্রত্যেক পরিচালক, ম্যানেজার, সচিব, অংশীদার, কর্মকর্তা এবং কর্মচারী উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা- এই ধারায়-

- (ক) “কোম্পানী” অর্থে কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি, সংঘ এবং সংগঠনও অন্তর্ভুক্ত;
- (খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে “পরিচালক” অর্থে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যও অন্তর্ভুক্ত।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কোম্পানী আইনগত ব্যক্তি স্বত্ত্বা বিশিষ্ট (Body Corporate) হইলে, উক্ত উপ-ধারায় উল্লিখিত ব্যক্তিকে অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা ছাড়াও উক্ত কোম্পানীকে আলাদাভাবে একই কার্যধারায় অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা যাইবে, তবে ফৌজদারী মামলায় উহার উপর সংশ্লিষ্ট বিধান অনুসারে শুধু অর্থদন্ড আরোপ করা যাইবে।

৩৮। ফৌজদারী কার্যবিধির প্রয়োগ।- এই আইনের বিধানাবলীর সহিত অসংগতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন অপরাধের তদন্ত, বিচার, আপীল ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

৩৯। অপরাধের আমলযোগ্যতা ও অজামিনযোগ্যতা।- ফৌজদারী কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধসমূহ আমলযোগ্য ও অজামিনযোগ্য হইবে।

ষষ্ঠ অধ্যায় প্রশাসনিক তদন্ত পরিচালনা

৪০। প্রশাসনিক তদন্ত পরিচালনায় সরকারের ক্ষমতা।- (১) প্রত্যেক মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী এই আইনের অধীন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার আওতায় কোন বিক্রয় বা সেবা সংশ্লিষ্ট বিষয়ে ক্রেতা বা সেবা গ্রহণকারীর অভিযোগ সম্পর্কে অবহিত হওয়ার জন্য সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে, সময় সময়, নির্ধারিত সংখ্যক অভিযোগ কেন্দ্রের ব্যবস্থা করিবে এবং উক্তরূপ কেন্দ্রের অবস্থান ও উহার সহিত যোগাযোগ সম্পর্কিত তথ্যাদিসহ উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সদস্যের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রচার করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন স্থাপিত অভিযোগ কেন্দ্রে অভিযোগ দায়ের পদ্ধতি ও অন্যান্য বিষয়াদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৩) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার আওতায় কোন ক্রেতা বা সেবা গ্রহণকারীর নিকট হইতে কোন অভিযোগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কার্যক্রম বা সেবা পরিচালনাকারী অবিলম্বে উহা নিষ্পত্তি করিবে এবং এই বিষয়ে সরকার কর্তৃক নির্ধারিত কার্যপদ্ধতি অনুসরণ করিবে।

(৪) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার আওতায় কোন ক্রেতা বা সেবা গ্রহণকারী তাহার অভিযোগ সম্পর্কে সংশ্লিষ্ট কার্যক্রম বা সেবা পরিচালনাকারীকে অবহিত করা সত্ত্বেও, যথাযথভাবে নিষ্পত্তি না করা হইলে উক্ত ক্রেতা বা সেবা গ্রহণকারী সরকার বা তদ্বকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিতভাবে বিষয়টি সম্পর্কে ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করিতে পারিবেন।

(৫) উপ-ধারা (৪) এর অধীন আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকার বা তদ্বকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত অভিযোগ সম্পর্কে প্রয়োজনীয় তদন্ত পরিচালনার পর সংশ্লিষ্ট কার্যক্রম বা সেবা পরিচালনাকারীকে করণীয় সম্পর্কে যথাযথ নির্দেশ প্রদান করিবে।

৪১। তদন্তকারী কর্মকর্তা নিয়োগ, ইত্যাদি।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, আদেশ দ্বারা, ধারা ৪০ এর অধীন তদন্ত পরিচালনার জন্য, উহার যে কোন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিয়োগ করিতে পারিবে।

(২) এই আইনের অধীন তদন্ত কার্য পরিচালনাকারী তদন্তকারী কর্মকর্তা এই আইনের বিধানাবলী বাস্তবায়নের প্রয়োজনে মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারীর উক্তরূপ কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট যে কোন স্থানে যে কোন যুক্তিসঙ্গত সময়ে প্রবেশ করিতে পারিবেন।

(৩) তদন্তকারী কর্মকর্তা কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী কর্তৃক তদন্তকালে এই আইনের পরিপন্থী কোন কার্যক্রম পরিচালনা করার প্রমাণ পাইলে তিনি, নির্ধারিত পদ্ধতিতে, তদ্বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তা কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালিত হয় এইরূপ কোন স্থানে প্রবেশ করিলে তাহাকে উহার দখলকার বা তত্ত্বাবধানকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত কর্মকর্তার অনুরোধকৃত তথ্য সরবরাহ করিবেন যাহাতে উক্ত কর্মকর্তা এই আইনের অধীন যথাযথভাবে দায়িত্ব পালন করিতে পারেন।

৪২। প্রশাসনিক জরিমানা।- (১) ধারা ৪০ এর অধীন কোন ব্যক্তিকে কোন নির্দেশ দেওয়া হইলে উক্ত ব্যক্তি উক্ত নির্দেশ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন এবং উক্ত ব্যক্তি উক্ত নির্দেশ পালনে ব্যর্থ হইলে সরকার নির্ধারিত পদ্ধতিতে উক্ত ব্যক্তির উপর অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা প্রশাসনিক জরিমানা আরোপ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৪ লংঘনের ক্ষেত্রে এই ধারার অধীন প্রশাসনিক জরিমানা আরোপ করা যাইবে না।

(৩) কোন অভিযুক্ত ব্যক্তি এই ধারার অধীন তাহার উপর আরোপিত প্রশাসনিক জরিমানা পরিশোধ না করিলে উক্তরূপ লংঘন একটি অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তদনুসারে লংঘনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

সপ্তম অধ্যায় পরিবীক্ষণ ও তদারকি, ইত্যাদি

৪৩। পরিবীক্ষণ ও তদারকি করিবার ক্ষমতা।- (১) প্রত্যেক অর্থ বৎসর শেষ হইবার ৩ (তিন) মাসের মধ্যে সরকার বা সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী প্রত্যেক ব্যক্তি উহার বার্ষিক লেনদেন ও অডিট প্রতিবেদনের পূর্ণাঙ্গ বিবরণী দাখিল করিবেন।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, উপ-ধারা (৩) এ উল্লিখিত কর্মকর্তা মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারীর সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারীর নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং উহার যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৩) এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা স্বীয় অধিক্ষেত্রে মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার কর্মকান্ড তদারকি করিবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন দায়িত্ব পালনের ক্ষেত্রে জেলা প্রশাসক বা, ক্ষেত্রমত, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সরকারের পূর্বানুমোদনক্রমে, তাহার অধীনস্থ অন্য কোন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করিতে পারিবেন।

৪৪। নির্দেশনা জারির ক্ষমতা।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনা সংক্রান্ত কর্মকান্ড নিয়ন্ত্রণের উদ্দেশ্যে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রয়োজনীয় নির্দেশনা প্রণয়ন ও জারি করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন নির্দেশনা জারি করা হইলে উহা লাইসেন্সের শর্ত হিসাবে গণ্য হইবে এবং উক্ত শর্ত প্রতিপালনে প্রত্যেক মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী বাধ্য থাকিবেন।

অষ্টম অধ্যায় চুক্তি সম্পাদন, ইত্যাদি

৪৫। কতিপয় চুক্তির শর্ত নিষিদ্ধ।- (১) এই আইনের অধীন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী উহার পণ্য বা সেবার ক্রেতা বা বিক্রেতা বা ক্রেতা-পরিবেশক বা উহার কোন স্তরের কোন সদস্য বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ইহার সহিত এমন কোন চুক্তিতে আবদ্ধ করিতে পারিবে না যাহাতে কোন পণ্য বা সেবার ক্রেতা বা ক্রেতা-পরিবেশক বা বিক্রেতা সংগ্রহ না করার কারণে উক্ত ব্যক্তি কর্তৃক নিয়োগকৃত ক্রেতা বা ক্রেতা-পরিবেশক বা বিক্রেতা বা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, ক্ষতিগ্রস্ত করে।

(২) কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী কোন ব্যক্তির বিরুদ্ধে উপ-ধারা (১) এর বিধান লংঘনের অভিযোগ উত্থাপিত হইলে বা এইরূপ কোন বিষয় লিখিত বা অন্য কোনভাবে সরকারের গোচরীভূত হইলে সরকার উক্ত অভিযোগের ভিত্তিতে বা স্বীয় উদ্যোগে উক্ত বিধান লংঘনের বিষয়ে এই আইনের বিধান অনুসারে তদন্ত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

(৩) তদন্ত কার্যক্রম পরিচালনার পর কোন ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লংঘন করিয়াছে মর্মে প্রমাণিত হইলে সরকার এই আইনের অধীন উক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৪) আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান না করিয়া কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী ব্যক্তির বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

৪৬। ব্যবসায়িক ও আর্থিক লেনদেন সংক্রান্ত বিধান।- (১) এই আইনের অধীন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী ব্যক্তির সকল ব্যবসায়িক ও আর্থিক লেনদেন কোন ব্যাংকের মাধ্যমে পরিচালনা করিতে হইবে।

(২) মাল্টি-লেভেল মার্কেটিং পদ্ধতিতে পণ্য ও সেবা বিক্রয় সংক্রান্ত প্রতিটি চুক্তি ক্রেতা-পরিবেশক কর্তৃক সরাসরি সংশ্লিষ্ট মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারীর সহিত সম্পাদিত হইতে হইবে, এবং কোন ক্রেতা-পরিবেশক অপর কোন ক্রেতা-পরিবেশকের সহিত কোনরূপ বিক্রয় চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে না, তবে এই আইনের উদ্দেশ্যের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে স্পন্সর করা যাইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন চুক্তি সম্পাদনের সময় ক্রেতা পরিবেশকগণের ছবি ও জাতীয় পরিচয়পত্র থাকিতে হইবে এবং ক্রেতা-পরিবেশকগণকে Contract Act, 1872 (Act No. IX of 1872) এর বিধান অনুযায়ী চুক্তি সম্পাদনের যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।

৪৭। চুক্তির শর্তাবলী অনুমোদন।- ক্রেতা ও ক্রেতা-পরিবেশকের সাথে মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী ব্যক্তির চুক্তির শর্তাবলী সরকার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

নবম অধ্যায় প্রশাসক, ইত্যাদি

৪৮। প্রশাসক নিয়োগ।-- (১) এই আইন বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন, সরকার, লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করিয়া, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তৎকর্তৃক নিদিষ্টকৃত সময়ের জন্য এই আইনের অধীন লাইসেন্সপ্রাপ্ত কোন মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী কোম্পানীর ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করিতে পারিবে, এবং তদুদ্দেশ্যে সরকার উক্ত কোম্পানীর পরিচালনা পর্ষদ রহিত করিয়া এক বা একাধিক প্রশাসক নিয়োগ করিতে পারিবে, যদি, যথাযথ তদন্ত পরিচালনা সাপেক্ষে, সরকারের নিকট প্রতীয়মান হয় যে,--

(ক) উক্ত কোম্পানীর ব্যবসা ইহার পাওনাদার, শেয়ারহোল্ডার বা অন্য কোন ব্যক্তিকে প্রতারণার জন্য পরিচালিত হইতেছে অথবা ইহার প্রশাসনিক কার্যক্রম প্রতারণা বা অবৈধ উদ্দেশ্যে অথবা কোন সদস্যকে হয়রানির উদ্দেশ্যে অথবা কোম্পানীটি প্রতারণা বা অবৈধ উদ্দেশ্যে অথবা কোন সদস্যকে হয়রানির উদ্দেশ্যে অথবা কোম্পানীটি প্রতারণা বা অবৈধ উদ্দেশ্যে গঠিত হইয়াছে; অথবা

- (খ) উহার গঠন বা ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিগণ প্রতারণা, অবৈধ কর্ম সম্পাদন অথবা অন্য কোন সদস্যের প্রতি অসদাচরণের দায়ে অভিযুক্ত হইয়াছে; অথবা
- (গ) উহার শেয়ারহোল্ডার ও পাওনাদারদের স্বার্থ সুরক্ষার প্রয়োজন রহিয়াছে; অথবা
- (ঘ) জনস্বার্থে উক্তব্য ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা রহিয়াছে।
- (২) সংশ্লিষ্ট মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনাকারী কোম্পানীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান না করিয়া উপ-ধারা (১) এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।
- (৩) ধারা ১৪ এর অধীন লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন না করা সত্ত্বেও বা এই আইনের অধীন লাইসেন্সপ্রাপ্ত নহেন এমন কোন ব্যক্তির কৃত মাল্টি-লেভেল মার্কেটিং সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ বা অন্য কোনভাবে সরকারের নিকট যদি প্রতীয়মান হয় যে, এই ধারার অধীন প্রশাসক নিয়োগের প্রয়োজনীয় ক্ষেত্র বিদ্যমান রহিয়াছে, তাহা হইলে সরকার, উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, উপ-ধারা (১) এর অধীন প্রশাসক নিয়োগ করিতে পারিবে।
- (৪) প্রশাসকের যোগ্যতা, মেয়াদ, কর্মপরিধি ও অন্যান্য বিষয়াদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

৪৯। জনসেবক।- ধারা ৪৮ এর অধীন নিযুক্ত প্রশাসক Penal Code (Act XLV of 1860) এর section 21 এর Public Servant (জনসেবক) অভিব্যক্তিটি যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে জনসেবক বলিয়া গণ্য হইবেন।

দশম অধ্যায় বিবিধ

৫০। ক্ষমতা অর্পণ।- সরকার এই আইনের অধীন যে কোন ক্ষমতা বা দায়িত্ব, নির্দিষ্ট শর্ত সাপেক্ষে, উহার যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

৫১। সরকার কর্তৃক কোন পণ্য বা সেবার বিক্রয় কার্যক্রম পরিচালনা।- সরকার কর্তৃক কোন পণ্য বা সেবার বিক্রয় বা অন্যবিধ কার্যক্রম পরিচালনা মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম হিসাবে গণ্য হইবে না।

৫২। বিধি প্রণয়নের ক্ষমতা।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৫৩। অসুবিধা দূরীকরণ।- এই আইনের কোন বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে সরকার উক্ত অসুবিধা দূরীকরণার্থ লিখিত আদেশ দ্বারা, প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৫৪। ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ।- এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনুদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের নির্ভরযোগ্য ইংরেজী পাঠ (Authentic English Text) হইবে:

তবে শর্ত থাকে যে, এই বাংলা পাঠ ও উক্ত ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

৫৫। রহিতকরণ ও হেফাজত।- (১) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ২০১৩ (২০১৩ সনের ৬ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত অধ্যাদেশের অধীন কৃত সকল কাজ-কর্ম এবং গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গৃহীত হইবে।

প্রণব চক্রবর্তী
অতিরিক্ত সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ মাঘ ১৪২০ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৬-আইন/২০১৪।- মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৪ নং আইন) এর ধারা ৫২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।-(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

- (ক) 'আইন' অর্থ মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৪ নং আইন);
- (খ) 'নির্ধারিত' অর্থ সরকার কর্তৃক নির্ধারিত;
- (গ) 'ফরম' অর্থ এই বিধিমালার কোন ফরম;
- (ঘ) 'লাইসেন্স' অর্থ আইনের ধারা ২(৯) তে সংজ্ঞায়িত লাইসেন্স;
- (ঙ) 'লাইসেন্সি' অর্থ মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি;
- (চ) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ বিধি ৩ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। লাইসেন্স, ইত্যাদি সংক্রান্ত কার্যাদি নির্বাহকল্পে ক্ষমতাপ্রাপ্ত।--(১) আইনের ধারা ৭ এর অধীন লাইসেন্স সংক্রান্ত যাবতীয় কার্যাদি নির্বাহের উদ্দেশ্যে সরকার রেজিস্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানিকে এতদ্বারা ক্ষমতাপ্রাপ্ত করিল।

(১৭৪৫)

মূল্য : টাকা ১২.০০

(২) উপ-বিধি (১) এর অধীন ক্ষমতাপ্রাপ্ত আইনের ধারা ৫০ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত বলিয়া গণ্য হইবে।

৪। মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে লাইসেন্সের জন্য আবেদনের পদ্ধতি।- (১) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে লাইসেন্সপ্রাপ্তির লক্ষ্যে আইনের ধারা ৬ এর অধীন প্রত্যেক আবেদনকারীকে ফরম 'ক' তে, বিধি ৬ এ উল্লিখিত ফিস প্রদানপূর্বক, সংশ্লিষ্ট কাগজপত্রসহ, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন দাখিল হইবার পর উহাতে উল্লিখিত বিষয়গুলির সত্যতা যাচাই ও প্রাসংগিক তথ্যাদি সম্পর্কে আইনের ধারা ৭ এর অধীন প্রয়োজনীয় পরিদর্শন ও তদন্ত করিয়া, আইন ও বিধি ৬ এর শর্ত পূরণসাপেক্ষে, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ফরম 'খ' তে লাইসেন্স ইস্যু করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স আইনের ধারা ৭ এর অধীন সরকার কর্তৃক ইস্যুকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫। লাইসেন্সের জন্য আবেদন ফিস।- (১) লাইসেন্সের জন্য আবেদন ফিস হইবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন ফিস নির্ধারিত খাতে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিয়া উহার কপি বিধি ৪ এর অধীন দাখিলকৃত আবেদন পত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৬। লাইসেন্স ফিস।- (১) লাইসেন্স ফিস হইবে সংশ্লিষ্ট কোম্পানির অনুমোদিত মূলধনের ০.২৫% (শতকরা শূন্য দশমিক দুই পাঁচ ভাগ)।

(২) লাইসেন্স ফিস (এককালীন এবং অফেরতযোগ্য) নির্ধারিত খাতে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(৩) লাইসেন্স ফিস জমা সংক্রান্ত চালানের মূল কপি দাখিলের পর লাইসেন্সির অনুকূলে লাইসেন্স ইস্যু করা হইবে।

৭। লাইসেন্স নবায়ন ফিস, ইত্যাদি।- (১) লাইসেন্স নবায়ন ফিস হইবে বিধি ৬ এ উল্লিখিত লাইসেন্স ফিস এর ২৫% (শতকরা পঁচিশ ভাগ)।

(২) লাইসেন্স নবায়ন ফিস নির্ধারিত খাতে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিয়া লাইসেন্স নবায়নের জন্য ফরম 'গ' তে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে।

৮। লাইসেন্সের অনুলিপি জন্য ফিস।- (১) লাইসেন্সের অনুলিপি সংগ্রহের ফিস হইবে ১০০০/- (এক হাজার) টাকা।

(২) লাইসেন্সের অনুলিপি সংগ্রহের ফিস নির্ধারিত খাতে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

৯। লাইসেন্সি কর্তৃক নূতন পণ্য বা সেবা কার্যক্রম সংযোজনের ক্ষেত্রে বিধান।- লাইসেন্স প্রাপ্তির পর লাইসেন্সি কর্তৃক আইনের ধারা ৪(২) এর অধীন অনুমোদিত কোন নূতন পণ্য বা সেবা উক্ত কার্যক্রমের সাথে সংযোজনের ক্ষেত্রে উক্ত পণ্য বা সেবার বিস্তারিত বিপণন পদ্ধতি ও পরিকল্পনা উক্তরূপ কার্যক্রম গ্রহণের পূর্বেই ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

১০। মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম শুরু, ইত্যাদি।- লাইসেন্সি কর্তৃক লাইসেন্সের অধীন ব্যবসায়িক কার্যক্রম শুরু করিবার পর অনতিবিলম্বে এতদসংক্রান্ত তথ্যাদি ফরম 'ঘ' তে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

১১। প্রশাসকের যোগ্যতা, মেয়াদ, ইত্যাদি।- (১) আইনের ধারা ৪৮ এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার, প্রথম শ্রেণীর গেজেটেড কোন কর্মকর্তাকে প্রশাসক হিসাবে নিয়োগ করিতে পারিবে।

(২) প্রশাসকের মেয়াদ হইবে তাহার দায়িত্ব গ্রহণের তারিখ হইতে ১ (এক) বৎসর:

তবে সরকার, প্রয়োজনবোধে, উক্ত মেয়াদ হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৩) আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, প্রশাসকের কর্মপরিধি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট সকল প্রকার স্থাবর ও অস্থাবর সম্পত্তির হিসাব সংরক্ষণ;

(খ) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট যাবতীয় আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

(গ) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রশাসন পরিচালনা;

(ঘ) আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন;

(ঙ) সার্বিক আর্থিক দায়িত্ব পালন;

(চ) গ্রাহকদের স্বার্থ সংরক্ষণকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(ছ) সরকার কর্তৃক সময় সময় নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন।

(৪) এই বিধির অধীন দায়িত্ব পালনকালীন প্রশাসক সংশ্লিষ্ট কোম্পানীর প্রধান নির্বাহী হিসাবে কার্য-সম্পাদন করিবেন।

(৫) প্রশাসককে তাহার কার্য-সম্পাদনে সহায়তার উদ্দেশ্যে সরকার, প্রয়োজনবোধে, সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করিতে পারিবে; এবং উক্তরূপে কোন কমিটি গঠিত হইলে প্রশাসক উক্ত কমিটির প্রধান হইবেন।

(৬) সরকার কর্তৃক প্রশাসকের কার্য-সম্পাদনে সহায়তার লক্ষ্যে গঠিত কমিটি নির্ধারিত কর্মপরিধি অনুযায়ী সংশ্লিষ্ট কোম্পানীর পরিচালনা পর্ষদের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিতে পারিবে।

১২। আপিল, ইত্যাদি।- (১) বিধি ৪ এর অধীন লাইসেন্সের জন্য আবেদনের পরিপ্রেক্ষিতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বা প্রদত্ত আদেশের ফলে সংশ্লিষ্ট ব্যক্তি ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস নির্ধারিত খাতে ট্রেজারি চালানোর মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানোর মূল কপিসহ সরকারের নিকট উক্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে উহা প্রদানের পরবর্তী ৩০ দিনের মধ্যে আপিল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আপিল আবেদন দাখিল হইবার ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরকার সংশ্লিষ্ট লাইসেন্সিকে ব্যক্তিগতভাবে বা প্রতিনিধির মাধ্যমে শুনানি প্রদানের জন্য আহ্বানপূর্বক নোটিশ জারি করিবে এবং উক্ত নোটিশে শুনানির স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকিবে।

(৩) নির্ধারিত পদ্ধতিতে উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আপিল আবেদন নিষ্পত্তিপূর্বক ৪৫ (পঁয়তাল্লিশ) কর্মদিবসের মধ্যে তৎবিষয়ে উহার সিদ্ধান্ত প্রদান করিবে এবং উক্তরূপ সিদ্ধান্তের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) কর্মদিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৪) আপিলের বিষয়ে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৭৪৮

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জানুয়ারি ২৯, ২০১৪

ফরম-ক

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে লাইসেন্সের জন্য আবেদনপত্র

- ১। আবেদনকারীর নাম :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। পদবী :
- ৫। কোম্পানির নাম :
- ৬। কোম্পানির রেজিস্ট্রেশন নম্বর :
- ৭। কোম্পানির টিআইএন :
- ৮। কোম্পানির ট্রেড লাইসেন্স নম্বরঃ
- ৯। ঠিকানা :
- ১০। (ক) ফোন.....
- (খ) ফ্যাক্স.....
- (গ) ই-মেইল.....
- ১১। কোম্পানির অনুমোদিত মূলধন :
- ১২। কোম্পানির পরিশোধিত মূলধন :
- ১৩। কোম্পানির ব্যাংক একাউন্ট নম্বর :
- ১৪। কোম্পানির পরিচালকগণের বিবরণ :

ক্রমিক নং	নাম	জাতীয় পরিচয় পত্রের নম্বর	টিআইএন
১			
২			

- ১৫। অডিট ফার্মের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
(ক) ঠিকানা
- (খ) টেলিফোন নম্বর
- ১৬। যে খাতে ব্যবসা পরিচালনা করিতে ইচ্ছুক সেই খাত/খাতসহ পণ্য বা সেবার সুনির্দিষ্ট নাম :
(ক) পণ্য খাত.....
- (খ) সেবা খাত.....
- (গ) অন্যান্য.....
- ১৭। যে প্রশাসনিক এলাকায় ব্যবসা পরিচালনা করিতে ইচ্ছুক উহার নাম ও ঠিকানা :
- ১৮। আইনের ধারা ৬(২) অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি দাখিল করা হইয়াছে কিনা : হ্যাঁ/না।

আমি ঘোষণা করিতেছি যে, উপর্যুক্ত বিবরণ এবং দাখিলকৃত কাগজপত্র ও তথ্যাদি আমার জ্ঞানমতে নির্ভুল ও সত্য। কোন অসত্য তথ্য প্রদান এবং তথ্য গোপন করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স বাতিলসহ আমার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর ও সীল

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জানুয়ারি ২৯, ২০১৪

১৭৪৯

লাইসেন্স এর জন্য আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করিতে হইবে

(মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৬(২) অনুযায়ী)

- (ক) আবেদনকারী কোম্পানীর নিবন্ধন সংক্রান্ত নিগমিতকরণ প্রত্যয়নপত্রের (Certificate of incorporation) অনুলিপি;
- (খ) আবেদনকারী কোম্পানীর সংঘ স্বারক ও সংঘবিধির অনুলিপি;
- (গ) আবেদনকারী কোম্পানীর নিরীক্ষিত সর্বশেষ উদ্বৃত্তপত্র এবং লাভ-ক্ষতির হিসাবসহ নিরীক্ষা প্রতিবেদন;
- (ঘ) যে সমস্ত পণ্য বা সেবা বিপণন করা হইবে উহার নামসহ বিস্তারিত বিপণন পদ্ধতি ও পরিকল্পনা ;
- (ঙ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের অনুলিপি;
- (চ) আয়কর সনদপত্রের অনুলিপি;
- (ছ) আবেদনকারী কোম্পানীর পরিচালকবৃন্দের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;
- (জ) আবেদনকারী কোম্পানী কর্তৃক মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক সঙ্গতি থাকা মর্মে প্রয়োজনীয় তথ্য (ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট);
- (ঝ) লাইসেন্সের জন্য আবেদনের নির্ধারিত ফি পরিশোধের রসিদের অনুলিপি;
- (ঞ) আবেদনকারী কোম্পানীর নাম, ঠিকানা, ফোন, ফ্যাক্স ও ই-মেইল;
- (ট) আবেদনকারী কোম্পানী কর্তৃক পণ্য বা সেবার যথাযথ মান সংরক্ষণের বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদির বিবরণ;
- (ঠ) আবেদনকারী কোম্পানী কর্তৃক বিপণনকৃত পণ্য বা সেবা ভোক্তা পর্যায়ে ন্যায্য মূল্য নিশ্চিতকরণকল্পে গৃহীত পদক্ষেপের বিবরণ;
- (ড) পণ্যের সংগ্রহ, ক্রয়, উৎপাদন বা সেবার প্রকৃত খরচের উপর শতকরা কত হারে লভ্যাংশ যোগ করিয়া বিক্রয় মূল্য নির্ধারিত হইবে উহার সম্ভাব্য পরিমাণ সংক্রান্ত বিবরণ;
- (ঢ) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক যে সকল স্তরে উহার পণ্য ও সেবা বিপণন করিবে উহার বিস্তারিত বিবরণ;
- (ণ) আবেদনকারী কোম্পানী কর্তৃক নির্ধারিত পরিমাণ পয়েন্ট বা টার্গেট অর্জন বা নির্দিষ্ট পরিমাণ পণ্য বা সেবা বিপণনে ব্যর্থতার জন্য কোন অংশগ্রহণকারী সদস্য বা ক্রেতা-পরিবেশক বা বিক্রয়কর্মীকে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ কোন স্তরের কোন অংশগ্রহণকারী সদস্য বা ক্রেতা-পরিবেশক বা বিক্রয়কর্মীকে এমন কোন চুক্তিতে আবদ্ধ করিবে না মর্মে একটি অঙ্গিকার পত্র।

মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স ইস্যু/ইস্যুকৃত লাইসেন্স নবায়ন

- ১। লাইসেন্সের নাম :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। সংশ্লিষ্ট কোম্পানির নাম :
- ৫। কোম্পানির রেজিস্টার্ড ঠিকানা :
- ৬। লাইসেন্স নং :
- ৭। ইস্যুর তারিখ :
- ৮। মেয়াদ উত্তীর্ণের তারিখ :
- ৯। নবায়নের তারিখ :
- ১০। নবায়নকৃত লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ :

মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার শর্তাবলী

- (১) ইস্যুকৃত লাইসেন্স প্রতিষ্ঠানের একটি দৃষ্টিগ্রাহ্য স্থানে প্রদর্শনের ব্যবস্থা করিতে হইবে।
- (২) সরকারের পূর্বনুমোদন ব্যতিরেকে কোন লাইসেন্স বা উহার অধীনে অর্জিত স্বত্ব সম্পূর্ণ বা আংশিকভাবে হস্তান্তরযোগ্য হইবে না।
- (৩) লাইসেন্স গ্রহণের ৩ (তিন) বছরের মধ্যে মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম শুরু করিতে হইবে।
- (৪) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এবং সংশ্লিষ্ট বিধির অধীন নিযুক্ত কোন কর্মকর্তা তদন্তের স্বার্থে এ ধরনের কার্যক্রম পরিচালিত হয় এরূপ কোন স্থানে যুক্তিসংগত সময়ে প্রবেশ করিতে পারিবেন। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অনুরোধকৃত তথ্য কোম্পানির তত্ত্বাবধানকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যথাযথভাবে সরবরাহ করিবেন।
- (৫) লাইসেন্স নবায়নের জন্য যথাসময়ে আবেদন করিতে হইবে এবং সময়সীমা উত্তীর্ণ হইয়া গেলে স্বয়ংক্রিয়ভাবে লাইসেন্স বাতিল বলিয় গণ্য হইবে।
- (৬) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রাপ্তির পর সংশ্লিষ্ট আইনে অনুমোদিত কোন নূতন পণ্য/সেবা সংযোজনের ক্ষেত্রে ঐ পণ্য/সেবার বিস্তারিত বিপণন পদ্ধতি ও পরিকল্পনা কার্যক্রম শুরুর পূর্বেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।
- (৭) লাইসেন্স ইস্যুর পর সরকার কর্তৃক নূতন বা অতিরিক্ত শর্ত আরোপ করা যাইবে যাহা লাইসেন্সে উল্লিখিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।
- (৮) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এবং এই বিধিমালার পরিপন্থী যে কোন কার্যক্রমের জন্য লাইসেন্স বাতিলসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

স্বাক্ষর

রেজিস্ট্রার

জয়েন্ট স্টক কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

ফরম-গ

[বিধি ৭(২) দ্রষ্টব্য]

লাইসেন্স নবায়নের জন্য আবেদনপত্র

- ১। আবেদনকারীর নাম :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৫। কোম্পানির নাম :
- ৬। কোম্পানির রেজিস্ট্রেশন নম্বর :
- ৭। কোম্পানির টিআইএন :
- ৮। কোম্পানির ট্রেড লাইসেন্স নম্বর :
- ৯। ঠিকানা :
- ১০। (ক) ফোন.....
- (খ) ফ্যাক্স.....
- (গ) ই-মেইল.....
- ১১। কোম্পানির অনুমোদিত মূলধন :
- ১২। কোম্পানির পরিশোধিত মূলধন :
- ১৩। কোম্পানির ব্যাংক একাউন্ট নম্বর :
- ১৪। কোম্পানির পরিচালকগণের বিবরণ :

ক্রমিক নং	নাম	জাতীয় পরিচয় পত্রের নম্বর	টিআইএন নম্বর
১			
২			

- ১৫। লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ :
- ১৬। মূল লাইসেন্সের সত্যায়িত অনুলিপি :
- ১৭। নবায়ন ফি জমা সংক্রান্ত ট্রেজারি চালানের মূল কপি :

আমি ঘোষণা করিতেছি যে, উপর্যুক্ত বিবরণ এবং দাখিলকৃত কাগজপত্র ও তথ্যাদি আমার জ্ঞানমতে নির্ভুল ও সত্য। কোন অসত্য তথ্য প্রদান এবং তথ্য গোপন করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স বাতিলসহ আমার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

ফরম-ঘ

[বিধি ১০ দ্রষ্টব্য]

মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম শুরুকরণ সংক্রান্ত তথ্যাদি

- ১। লাইসেন্সির নাম :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। পদবী :
- ৫। কোম্পানির নাম :
- ৬। কোম্পানির রেজিস্ট্রেশন নম্বর :
- ৭। কোম্পানির রেজিস্টার্ড ঠিকানা :
- ৮। (ক) ফোন.....
- (খ) ফ্যাক্স.....
- (গ) ই-মেইল.....
- ৯। লাইসেন্স নং :
- ১০। মেয়াদ উত্তীর্ণের তারিখ :
- ১১। মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম শুরুর তারিখ :
- ১২। যে খাতে ব্যবসা পরিচালনা করিতেছেন সে খাত/খাতসহ পণ্য বা সেবার সুনির্দিষ্ট নাম :
- (ক) পণ্য খাত.....
- (খ) সেবা খাত.....
- (গ) অন্যান্য.....

আমি ঘোষণা করিতেছি যে, উপর্যুক্ত বিবরণ এবং প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞানমতে নির্ভুল ও সত্য। কোন অসত্য তথ্য প্রদান এবং তথ্য গোপন করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স বাতিলসহ আমার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

তারিখ :

লাইসেন্সির স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মাফরুহা সুলতানা
অতিরিক্ত সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। ওয়েবসাইট: www.bgpress.gov.bd

বিঃ দ্রঃ [এমএলএম বিধিমালা সংশোধন, ২০১৪. পরিশিষ্ট-খ]

২.৯ বন্ধ সেল :

তৈরিপোশাক শিল্পের সমস্যা, সম্ভাবনা, সম্প্রসারণসহ এ শিল্পে কমপ্লায়েন্স প্রতিপালনে নীতিগত সহায়তা প্রদান, শ্রমিক কল্যাণ ও নিরাপদ কর্মপরিবেশের নিশ্চয়তা, কারখানার দুর্ঘটনা লাঘব, শ্রমিক অসন্তোষ নিরসন, শ্রমিক/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন, ইত্যাদি কার্যাবলি বস্ত্র সেল থেকে সম্পাদিত হয়ে থাকে। উক্ত কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে তৈরিপোশাক শিল্পের সাথে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সংস্থা, দপ্তর, এসোসিয়েশন, শ্রমিক সংগঠন ইত্যাদির সাথে কাজ করে থাকে।

বস্ত্র সেলের কার্যাবলি :

- তৈরি পোশাক শিল্পে কমপ্লায়েন্স প্রতিপালন করা;
- তৈরী পোশাক শিল্পের রুগ্ন/বন্ধ কারখানা চালুকরণ;
- শ্রমিক অধিকার, শ্রমিক কল্যাণ ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা;
- ইপিবি এবং ব্যবসায়ী সংগঠনসমূহের যথাযথ কর্তৃপক্ষের নমুনা স্বাক্ষর বিদেশের দূতাবাসে প্রেরণ;
- তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান;
- জাতীয় সংসদে বস্ত্র সেল সংশ্লিষ্ট প্রশ্নের জবাব তৈরি করা
- তৈরি পোশাক কারখানার বিরুদ্ধে রপ্তানি সংক্রান্ত অভিযোগ নিরসন করা;
- কটন ওয়াস্ট ও বুট কাপড় রপ্তানির সমস্যা নিরসন করা;
- তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট এসোসিয়েশন (বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএমএ, বিটিটিএলএইএ, বিএসটিএমপিআইএ, বিডিওয়াইএ ইত্যাদি) এর বিবিধ কার্যাবলি সম্পাদন করা।

২.১০ পরিকল্পনা অধিশাখা :

সরকারের উন্নয়ন কর্মকান্ড পরিমাপের মূল চাবিকাঠি হলো এডিপি বাস্তবায়ন অগ্রগতি নিরূপণ। আর এডিপি বাস্তবায়ন অগ্রগতি নিরূপণের একমাত্র উপায় হলো বিভিন্ন মন্ত্রণালয়ের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির হার নির্ণয়। অন্যান্য মন্ত্রণালয়ের ন্যায় বাণিজ্য মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিশাখা হতে উন্নয়ন প্রকল্প সংক্রান্ত গুরুত্বপূর্ণ কার্যাদি সম্পন্ন করা হয়ে থাকে।

পরিকল্পনা অধিশাখার কার্যাবলি :

- বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন সংস্থার আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের (সরকারি অর্থায়ন, বৈদেশিক সাহায্য ও নিজস্ব অর্থায়ন) অনুমোদন প্রক্রিয়াকরণ, জনবল নিয়োগ, প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন, সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাবলি ;
- বাণিজ্য মন্ত্রণালয় ও এর অধীন সংস্থাসমূহের আওতায় এডিপিভুক্ত/সংশোধিত এডিপিভুক্ত বাস্তবায়নাধীন/বাস্তবায়িতব্য উন্নয়ন প্রকল্পসমূহের বরাদ্দ নির্ধারণ;
- অর্থ অবমুক্তি, বরাদ্দ পুনঃউপযোজন, প্রকল্পের পদ সৃষ্টি, প্রকল্পের পদ সংরক্ষণ, স্থানীয় ও বিদেশি বিশেষজ্ঞ নিয়োগের উদ্যোগ গ্রহণ;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত ও নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের এডিপি সভা সংক্রান্ত কার্যাবলি ;
- একনেক ও এনইসি সভা সম্পর্কিত কার্যাবলি ;
- উন্নয়ন প্রকল্পের অডিট সংক্রান্ত কার্যাবলি ;
- মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংক্রান্ত কার্যাবলি;
- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা প্রণয়নে বাণিজ্য মন্ত্রণালয় অংশের কার্যাবলি;
- বৈদেশিক সহায়তা অনুসন্ধানের লক্ষ্যে উন্নয়ন সহযোগীদের সঙ্গে ইআরডি'র মাধ্যমে যোগাযোগ রক্ষা এবং ইআরডি'র সাথে প্রকল্পে অর্থায়নের চুক্তি সংক্রান্ত কাজে সহায়তা প্রদান;
- বিভিন্ন স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী;
- জাতীয় সংসদের প্রশ্নোত্তর, মহামান্য রাষ্ট্রপতির ভাষণে অন্তর্ভুক্তির লক্ষ্যে তথ্য প্রেরণ, প্রধানমন্ত্রীর কার্যালয়ে তথ্য প্রেরণ; এবং
- এসডিজি সম্পর্কিত কার্যাবলি।

বাণিজ্য মন্ত্রণালয়ের অধিনস্থ সংস্থা/দপ্তরসমূহ

৩.০ রপ্তানি উন্নয়ন ব্যুরো :

রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) বাণিজ্য মন্ত্রণালয়স্বত্বাধীন একটি আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উপর অর্পিত দায়িত্ব হচ্ছে রপ্তানি পণ্যের সরবরাহ উন্নয়ন, বাজার সম্প্রসারণ, তীব্র প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব বাণিজ্যের সমান্তরাল রপ্তানি নীতি প্রণয়নে সরকারকে সহায়তা দান এবং রপ্তানি নীতিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন, আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদানকৃত বিভিন্ন সুযোগ সুবিধাদির ব্যবহার নিশ্চিতকরণ, বাণিজ্য তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ এবং রপ্তানিকারকবৃন্দকে রপ্তানি সংশ্লিষ্ট বিভিন্ন সেবা প্রদান ইত্যাদি।

রপ্তানি উন্নয়ন ব্যুরো এর কার্যাবলি :

- রপ্তানি নীতি প্রণয়ন ;
- রপ্তানি সম্ভাবনাময় ১২টি রপ্তানি পণ্যের সরবরাহ ও বিপণন উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ;
- ফার্ণিচার রপ্তানি উন্নয়ন সংক্রান্ত কার্যাবলি;
- জাহাজ নির্মাণ শিল্পের উন্নয়ন সংক্রান্ত কার্যাবলি;
- One District One Product (ODOP) কর্মসূচী বাস্তবায়ন;
- জাতীয় রপ্তানি ট্রিফি প্রদান;
- সিআইপি (রপ্তানি) নির্বাচন;
- আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ;
- রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য নির্বিঘ্নে বিদ্যুৎ সরবরাহের উদ্যোগ গ্রহণ;
- শুল্কমুক্ত সুবিধা প্রাপ্তির জন্য জিএসপি (টেক্সটাইল ও নন টেক্সটাইল) সহ অন্যান্য সনদ ইস্যুকরণ;
- নতুন রপ্তানিকারক প্রতিষ্ঠান নিবন্ধন;
- HR-Pavroll-Accounts Solutions Software তৈরির উদ্যোগ গ্রহণ;
- বস্ত্রসেল অটোমেশন প্রকল্প;
- উন্নয়নমূলক প্রকল্প সংক্রান্ত;
- ব্যুরোর নিজস্ব অর্থায়নে ২০ তলা বিশিষ্ট “জাতীয় রপ্তানি হাউজ” প্রকল্প।

৩.১

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩০ আষাঢ়, ১৪২২/১৪ জুলাই, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৩০ আষাঢ়, ১৪২২ মোতাবেক ১৪ জুলাই, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে
ঃ---

২০১৫ সনের ১৩ নং আইন

The Export Promotion Bureau Ordinance, 1977 (Ordinance No XLVII of 1977) রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অতঃপর “পঞ্চদশ সংশোধনী” বলিয়া উল্লিখিত, দ্বারা সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বিলুপ্তির ফলশ্রুতিতে ১৯৭৫ সালের ২৪ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহ, অতঃপর “উক্ত অধ্যাদেশসমূহ” বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারি সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার ফলশ্রুতিতে উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

(৫৮২১)

মূল্য ৪ টাকা ১২.০০

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ ও উহাদের অধীনে প্রণীত বিধি, প্রবিধান, উপ-আইন ইত্যাদি প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা, আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, অধ্যাদেশসমূহের কার্যকারিতা প্রদান আবশ্যিক; এবং

যেহেতু দীর্ঘসময় পূর্বে জারিকৃত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক যথানিয়মে নূতনভাবে আইন প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

যেহেতু পঞ্চদশ সংশোধনী এবং সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সৃষ্ট আইনী শূন্যতা সমাধানকল্পে সংসদ অধিবেশন না থাকাবস্থায় আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান ছিল বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হওয়ায় তিনি ২১ জানুয়ারি, ২০১৩ তারিখে ২০১৩ সনের ১ নং অধ্যাদেশ প্রণয়ন ও জারি করেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬ নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিবার জন্য সরকারের সিদ্ধান্ত রহিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে The Export Promotion Bureau Ordinance, 1977 (Ordinance No XLVII of 1977) অধ্যাদেশটির বিষয়বস্তু বিবেচনাক্রমে উহা পরিমার্জনপূর্বক নূতনভাবে আইন প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১) এই আইন রপ্তানি উন্নয়ন ব্যুরো আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(১) “চেয়ারম্যান” অর্থ পর্ষদের চেয়ারম্যান;

(২) “তহবিল” অর্থ ব্যুরোর তহবিল;

(৩) “পরিচালনা পর্ষদ” অর্থ ধারা ৬ এর অধীন গঠিত ব্যুরোর পরিচালনা পর্ষদ;

- (৪) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
- (৫) “বুরো” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত রপ্তানি উন্নয়ন বুরো;
- (৬) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (৭) “ভাইস-চেয়ারম্যান” অর্থ পর্ষদের ভাইস-চেয়ারম্যান; এবং
- (৮) “সদস্য” অর্থ পরিচালনা পর্ষদের কোন সদস্য।

৩। বুরো প্রতিষ্ঠা।- (১) The Export Promotion Bureau Ordinance, 1977 (Ordinance No XLVII of 1977) এর অধীন প্রতিষ্ঠিত রপ্তানি উন্নয়ন বুরো (Export Promotion Bureau) এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) বুরো একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং বুরো ইহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

৪। প্রধান কার্যালয়, ইত্যাদি।- (১) বুরোর প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) বুরো, উহার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে বা বিদেশে উহার শাখা কার্যালয় স্থাপন, স্থানান্তর বা বিলুপ্ত করিতে পারিবে।

৫। পরিচালনা ও প্রশাসন।- (১) বুরোর পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব একটি পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে এবং বুরো যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে, পরিচালনা পর্ষদও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত বিধানাবলির সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া, বুরো, ইহার কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে,-

(ক) কোন কার্যের উদ্যোগ গ্রহণ, বরাদ্দকৃত বাজেট বা কোন বিশেষ তহবিল বরাদ্দের আওতায় ব্যয় নির্বাহ, উহার ব্যবহারের জন্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ও যন্ত্রপাতি ক্রয় এবং প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে, যে কোন ধরনের চুক্তি সম্পাদন ও উহা কার্যকর করিতে পারিবে;

(খ) কোন পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নে যে কোন স্থানীয় কর্তৃপক্ষ বা সরকারি সংস্থা বা অন্য কোন জাতীয় বা আন্তর্জাতিক সংস্থার নিকট হইতে পরামর্শ ও সহায়তা চাহিতে বা গ্রহণ করিতে পারিবে।

(৩) পরিচালনা পর্ষদ উহার দায়িত্ব পালন ও কার্য-সম্পাদনের ক্ষেত্রে এই আইন, বিধি, প্রবিধান ও সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা অনুসরণ করিবে।

৬। পরিচালনা পর্ষদ।- (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে পরিচালনা পর্ষদ গঠিত হইবে, যথা:-

- (ক) বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;
- (খ) প্রধান নির্বাহী, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;
- (গ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) - সদস্য;
জন কর্মকর্তা
- (ঘ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) - সদস্য;
জন কর্মকর্তা
- (ঙ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) - সদস্য;
জন কর্মকর্তা
- (চ) বন ও পরিবেশ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব পদমর্যাদার - সদস্য;
১ (এক) জন কর্মকর্তা
- (ছ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব - সদস্য;
পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা
- (জ) পাট ও বস্ত্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব পদমর্যাদার - সদস্য;
১ (এক) জন কর্মকর্তা
- (ঝ) পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) - সদস্য;
জন কর্মকর্তা
- (ঞ) মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অনূন যুগ্ম-সচিব - সদস্য;
পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা
- (ট) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত অনূন সদস্য পদমর্যাদার ১ (এক) - সদস্য;
জন কর্মকর্তা
- (ঠ) বাংলাদেশ ট্যারিফ কমিশন কর্তৃক মনোনীত অনূন সদস্য পদমর্যাদার - সদস্য;
১ (এক) জন কর্মকর্তা
- (ড) বিনিয়োগ বোর্ড কর্তৃক মনোনীত অনূন সদস্য পদমর্যাদার ১ (এক) জন - সদস্য;
কর্মকর্তা
- (ঢ) বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA) কর্তৃক - সদস্য;
মনোনীত একজন উপযুক্ত কর্মকর্তা

- (গ) সরকার কর্তৃক মনোনীত এফবিসিসিআইসহ অন্যান্য ব্যবসা এবং শিল্পের - সদস্য;
প্রতিনিধিত্বকারী ৬ (ছয়) জন প্রতিনিধি
- (ত) বাংলাদেশ ব্যাংক কর্তৃক মনোনীত উক্ত ব্যাংকের ১ (এক) জন জ্যেষ্ঠ - সদস্য;
কর্মকর্তা
- (থ) মহা-পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।
- (২) উপ-ধারা (১) এর দফা (গ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদে স্থায় পদে বহাল থাকিবেন:
তবে শর্ত থাকে যে,-
- (ক) সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বেই কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে;
- (খ) উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্থায় পদ ত্যাগ করিতে পারিবেন:
- (৩) উপ-ধারা (২) এর শর্তাংশের দফা (খ) এর কোন পদত্যাগ চেয়ারম্যান কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কার্যকর হইবে না।
- ৭। প্রধান নির্বাহী।- (১) ব্যুরোর একজন প্রধান নির্বাহী থাকিবেন।
ব্যখ্যাঃ কোন দেশীয় উৎপাদক প্রতিষ্ঠানের কোন পণ্য উহার কোন স্ব-নিয়ন্ত্রিত বা স্ব-পরিচালিত শাখা অফিসে সংযোজন করিয়া থাকিলেও, উক্ত শাখা অফিস উৎপাদক হিসাবে গণ্য হইবে না;

- (৫) "ঔষধ" অর্থ মানুষ, মৎস্য ও গবাদি পশু-পাখির রোগ প্রতিরোধ বা রোগ নিরাময়ের জন্য ব্যবহার্য এলোপ্যাথিক, হোমিওপ্যাথিক, ইউনানী, আয়ুর্বেদিক বা অন্য যে কোন ঔষধ;
- (৬) "কারাদন্ড" অর্থ সশ্রম বা বিনাশ্রম কারাদন্ড;
- (৭) "খাদ্য পণ্য" অর্থ মানুষ বা গবাদি পশু-পাখির জীবন ধারণ, পুষ্টি সাধন ও স্বাস্থ্য রক্ষার জন্য ফল-মূল এবং পানীয়সহ অন্য যে কোন খাদ্যদ্রব্য;
- (৮) "গবেষণাগার" অর্থ কোন আইনের অধীন প্রতিষ্ঠিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোন গবেষণাগার বা প্রতিষ্ঠান, যে নামেই অভিহিত হউক;
- (৯) "নকল" অর্থ বাজারজাতকরণের জন্য অনুমোদিত কোন পণ্যের অননুমোদিত অনুরূপে অনুরূপ পণ্যের সৃষ্টি বা প্রস্তুত, যাহার মধ্যে উক্ত পণ্যের গুণাগুণ, উপাদান, উপকরণ বা মান বিদ্যমান থাকুক বা না থাকুক;
- (১০) "নির্ধারিত" অর্থ বিধি দ্বারা নির্ধারিত এবং বিধি প্রণীত না হওয়া পর্যন্ত মহাপরিচালক কর্তৃক লিখিত আদেশ দ্বারা নির্ধারিত;
- (১১) "পণ্য" অর্থ যে কোন অস্থাবর বাণিজ্যিক সামগ্রী যাহা অর্থ বা মূল্যের বিনিময়ে কোন ক্রেতা-বিক্রেতার নিকট হইতে ক্রয় করেন বা করিতে চুক্তিবদ্ধ হন;
- (১২) "পরিষদ" অর্থ ধারা ৫ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ পরিষদ;
- (১৩) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
- (১৪) "ফৌজদারী কার্যবিধি" অর্থ Code of Criminal Procedure, 1898 (Act No.V of 1898);
- (১৫) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (১৬) "বিক্রেতা" অর্থ কোন পণ্যের উৎপাদনকারী, প্রস্তুতকারী, সরবরাহকারী এবং পাইকারী ও খুচরা বিক্রেতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (১৭) "ব্যক্তি" অর্থ কোন ব্যক্তি, কোম্পানী, সমিতি, অংশীদারী কারবার, সংবিধিবদ্ধ বা অন্যবিধ সংস্থা বা উহাদের প্রতিনিধিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৮) “ভেজাল” অর্থ Pupe Food ordinance, 1959 (Ordinance No. LXVIII of 1959) এর section 3(1) এ সংজ্ঞায়িত adulteration এরং Special Powers Act, 1974 (Act No. XIV of 1974) এর section 25C বা অন্য কোন আইনে উল্লিখিত adulteration বা ভেজাল;

(১৯) “ভোক্তা” অর্থ এমন কোন ব্যক্তি,-

(ক) যিনি পুনঃবিক্রয় ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যতীত-

(অ) মূল্য পরিশোধে বা মূল্য পরিশোধের প্রতিশ্রুতিতে কোন পণ্য ক্রয় করেন;

(আ) আংশিক পরিশোধিত ও আংশিক প্রতিশ্রুত মূল্যেও বিনিময়ে কোন সেবা অন্যভাবে গ্রহণ করেন; বা

(ই) প্রলম্বিত মেয়াদ বা কিস্তির ব্যবস্থায় মূল্য পরিশোধের প্রতিশ্রুতিতে কোন পণ্য ক্রয় করেন;

(খ) যিনি ক্রেতার সম্মতিতে দফা (ক) এর অধীন ক্রীত পণ্য ব্যবহার করেন;

(গ) যিনি পণ্য ক্রয় করিয়া উহা, আত্মকর্ম সংস্থানের মাধ্যমে স্থায়ী জীবিকা অর্জনের উদ্দেশ্যে, বাণিজ্যিকভাবে ব্যবহার করেন;

(ঘ) যিনি,-

(অ) মূল্য পরিশোধে বা মূল্য পরিশোধের প্রতিশ্রুতিতে কোন সেবা ভাড়া বা অন্যভাবে গ্রহণ করেন;
বা

(আ) আংশিক পরিশোধিত ও আংশিক প্রতিশ্রুত মূল্যের বিনিময়ে কোন সেবা ভাড়া বা অন্যভাবে করেন; বা

(ই) প্রলম্বিত মেয়াদ বা কিস্তির ব্যবস্থায় মূল্য পরিশোধের বিনিময়ে কোন সেবা ভাড়া বা অন্যভাবে গ্রহণ করেন; বা

(ঙ) যিনি সেবা গ্রহণকারীর সম্মতিতে দফা (ঘ) এর অধীন গৃহীত কোন সেবার সুবিধা ভোগ করেন;

২০। “ভোক্তা-অধিকার বিরোধী কার্য” অর্থ,-

(ক) কোন আইন বা বিধির অধীন নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে কোন পণ্য ঔষধ বা সেবা বিক্রয় করা বা করিতে প্রস্তাব করা;

- (খ) জ্বাতসারে ভেজাল মিশ্রিত পণ্য বা ঔষধ বিক্রয় করা বা করিতে প্রস্তুত করা;
- (গ) মানুষের স্বাস্থ্যের জন্য মারাত্মকভাবে ক্ষতিকারক কোন দ্রব্য, কোন খাদ্যপণ্যের সহিত যাহার মিশ্রণ কোন আইন বা বিধির অধীন নিষিদ্ধ করা হইয়াছে, উক্তরূপ দ্রব্য মিশ্রিত কোন পণ্য বিক্রয় করা বা করিতে প্রস্তুত করা;
- (ঘ) কোন পণ্য সেবা বিক্রয়ের উদ্দেশ্যে অসত্য বা মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা;
- (ঙ) প্রদত্ত মূল্যের বিনিময়ে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা;
- (চ) কোন পণ্য সরবরাহ বা বিক্রয়ের সময়ে ভোক্তাকে প্রতিশ্রুত ওজন অপেক্ষা কম ওজনের পণ্য বিক্রয় বা সরবরাহ করা;
- (ছ) কোন পণ্য বিক্রয় বা সরবরাহের উদ্দেশ্যে ব্যবসা প্রতিষ্ঠানে ওজন অপেক্ষা কম ওজনের পণ্য বিক্রয় বা সরবরাহ করা;
- (জ) কোন পণ্য বিক্রয় বা সরবরাহের ক্ষেত্রে প্রতিশ্রুত পরিমাপ অপেক্ষা কম পরিমাপের পণ্য বিক্রয় বা সরবরাহ করা;
- (ঝ) কোন পণ্য বিক্রয় বা সরবরাহের উদ্দেশ্যে ব্যবসা প্রতিষ্ঠানে দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতা বা অন্য কিছু প্রকৃত দৈর্ঘ্য অপেক্ষা অধিক দৈর্ঘ্য প্রদর্শনকারী হওয়া;
- (ঞ) কোন নকল পণ্য বা ঔষধ প্রস্তুত বা উৎপাদন করা;
- (ট) মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় করা বা করিতে প্রস্তুত করা; বা
- (ঠ) সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্ন হইতে পারে এমন কোন কার্য করা যাহা কোন আইন বা বিধির অধীন নিষিদ্ধ করা হইয়াছে;
- (২১) “মহাপরিচালক” অর্থ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক; এবং
- (২২) “সেবা” অর্থ পরিবহন, টেলিযোগাযোগ, পানি-সরবরাহ, পয়ঃনিষ্কাশন, জ্বালানী, গ্যাস, বিদ্যুৎ, নির্মাণ, আবাসিক হোটেল ও রেস্টোরাঁ এবং স্বাস্থ্য সেবা, যাহা ব্যবহারকারীদের নিকট মূল্যের বিনিময়ে লভ্য করিয়া তোলা হয়, তবে বিনামূল্যে প্রদত্ত সেবা ইহার অন্তর্ভুক্ত হইবে না।

৩। এই আইন অতিরিক্ত গণ্য হওয়া।— এই আইনের বিধানাবলী সংশ্লিষ্ট বিষয়ে আপাততঃ বলবৎ অন্য কোন আইনের কোন বিধানকে ক্ষুণ্ণ না করিয়া উহার অতিরিক্ত হিসাবে কার্যকর হইবে।

৪। আইনের প্রয়োগ হইতে অব্যাহতি।— সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন সেবা বা এলাকাকে নির্ধারিত মেয়াদের জন্য এই আইনের প্রয়োগ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

দ্বিতীয় অধ্যায়

পরিষদ প্রতিষ্ঠা, ইত্যাদি

৫। পরিষদ প্রতিষ্ঠা।— এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ পরিষদ নামে একটি পরিষদ থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-

- (১) বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;
- (২) বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব, পদাধিকারবলে;
- (৩) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এর মহাপরিচালক, পদাধিকারবলে;
- (৪) বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট এর মহাপরিচালক, পদাধিকারবলে;
- (৫) শিল্প মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৬) কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম -সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৭) মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম -সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৮) খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম -সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (৯) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম -সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (১০) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অন্যান্য যুগ্ম -সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (১১) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্ম -সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (১২) জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান, পদাধিকারবলে;
- (১৩) পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক পদমর্যাদার একজন কর্মকর্তা;

- (১৪) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি, পদাধিকারবলে;
- (১৫) ঔষধ শিল্প সমিতির সভাপতি, পদাধিকারবলে;
- (১৬) কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি, পদাধিকারবলে;
- (১৭) জাতীয় প্রেসক্লাবের সভাপতি, পদাধিকারবলে;
- (১৮) ঔষধ প্রশাসন অধিদপ্তর এর পরিচালক, পদাধিকারবলে;
- (১৯) সরকার কর্তৃক মনোনীত তিনজন বিশিষ্ট নাগরিক;
- (২০) সরকার কর্তৃক মনোনীত বাজার অর্থনীতি, ব্যবসা, শিল্প ও জনপ্রশাসনে অভিজ্ঞতা সম্পন্ন অন্যান্য দুইজন মহিলা সদস্য সমন্বয়ে চারজন সদস্য;
- (২১) সরকার কর্তৃক মনোনীত একজন শিক্ষক প্রতিনিধি;
- (২২) সরকার কর্তৃক মনোনীত একজন শ্রমিক প্রতিনিধি;
- (২৩) সরকার কর্তৃক মনোনীত একজন কৃষক প্রতিনিধি; এবং
- (২৪) মহাপরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

৬। সদস্য পদের মেয়াদ।- (১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে পরিষদের কোন মনোনীত সদস্য তাহার মনোনয়নের তারিখ দুই বৎসর ছয় মাসের জন্য সদস্য পদে বহাল থাকিবেন।

(২) উপ-ধারা (১) এর বিধান সত্ত্বেও মনোনয়নকারী কর্তৃপক্ষ যে কোন সময় উহার প্রদত্ত কোন মনোনয়ন বাতিল করিয়া উপযুক্ত নুতন ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

৭। পরিষদের সভা।— (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, পরিষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) পরিষদের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) প্রতি ২ (দুই) মাসে পরিষদের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৪) পরিষদের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন।

(৫) চেয়ারম্যানের অনুপস্থিতিতে সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, সভায় সভাপতিত্ব করিবেন।

(৬) অন্যান্য ১০ (দশ) জন সদস্যের উপস্থিতিতে পরিষদের সভার কোরাম গঠিত হইবে।

(৭) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে পরিষদের সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির একটি নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৮) শুধুমাত্র কোন সদস্যপদে শূণ্যতা বা পরিষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে পরিষদের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

৮। পরিষদের কার্যাবলী।— পরিষদের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ভোক্তা-অধিকার সংরক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং উহা বাস্তবায়নে মহাপরিচালক ও জেলা কমিটিকে নির্দেশনা প্রণয়ন;

(খ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় প্রবিধানমালা প্রণয়ন;

(গ) ভোক্তা-অধিকার সংরক্ষণ সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত যে কোন বিষয় বিবেচনা করা এবং মতামত প্রদান;

(ঘ) ভোক্তা-অধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইন ও প্রশাসনিক নির্দেশনা প্রণয়নের বিষয়ে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান;

(ঙ) ভোক্তা-অধিকার সম্পর্কে জনসাধারণকে সচেতন করিবার জন্য প্রয়োজনীয় শিক্ষা ও প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ;

(চ) ভোক্তা-অধিকার সংরক্ষণ সূফল এবং ভোক্তা-অধিকার বিরোধী কার্যের কুফল সম্পর্কে গণসচেতনতা গড়িয়া তুলিবার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ছ) ভোক্তা-অধিকার সম্পর্কে গবেষণা কার্যক্রম পরিচালনা;

(জ) অধিদপ্তর, মহাপরিচালক এবং জেলা কমিটির কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ; এবং

(ঝ) উপরি-উক্ত দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ।

৯। পরিষদের তহবিল।— (১) পরিষদের কার্যাবলী পরিচালনার জন্য উহার একটি নিজস্ব তহবিল থাকিবে এবং নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ উক্ত তহবিলে জমা হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) সরকারের অনুমোদনক্রমে কোন বিদেশী সরকার, সংস্থা বা কোন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;

- (ঘ) পরিষদের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত মুনাফা; এবং
- (ঙ) অন্য কোন বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।
- (২) পরিষদের তহবিল বা উহার অংশবিশেষ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।
- (৩) তহবিলে জামকৃত অর্থ পরিষদের তৎকর্তৃক অনুমোদিত তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে।
- (৪) প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিল রক্ষণ ও উহার অর্থ ব্যয় করা যাইবে।

১০। জেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি প্রতিষ্ঠা।— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক জেলায় জেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি নামে একটি জেলা কমিটি থাকিবে, যাহ নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

- (ক) জেলা প্রশাসক, পদাধিকারবলে, যিনি উহার সভাপতিও হইবেন;
- (খ) জেলা শিল্প ও বণিক সমিতির সভাপতি, পদাধিকারবলে;
- (গ) সরকার কর্তৃক স্বীকৃত কোন ভোক্তা-অধিকার প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;
- (ঘ) সিভিল সার্জন, পদাধিকারবলে;
- (ঙ) পুলিশ সুপার, পদাধিকারবলে
- (চ) পৌরসভা বা, ক্ষেত্রমত, সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;
- (ছ) সরকার কর্তৃক মনোনীত বাজার অর্থনীতি, ব্যবসা, শিল্প এবং জনপ্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন, চারজন প্রতিনিধি;
- (জ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত তাহার কার্যালয়ে কর্মরত অন্যান্য সহকারী কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি উহার সচিবও হইবেন।
- (২) জেলা কমিটির মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসর ছয় মাসের জন্য সদস্য পদে বহাল থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, মনোনয়ন প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন সময় তৎকর্তৃক মনোনীত বাতিল করিয়া নূতন কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন।

১১। জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী।—জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-
 (ক) ভোক্তা-অধিকার সংরক্ষণ সম্পর্কে পরিষদ কর্তৃক প্রদত্ত নির্দেশনা, যদি থাকে, প্রতিপালন করা;
 (খ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পরিষদের কার্যাবলী সম্পাদনে উহাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

(গ) ভোক্তা-অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করিবার জন্য প্রয়োজনীয় প্রচার-প্রচারণা, সভা. সেমিনার ও কর্মশালা আয়োজন করা;

(ঘ) পাইকারী ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য প্রয়োজনীয় অন্যান্য পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী তদারক ও পরিবীক্ষণ করা;

(ঙ) পরিষদ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং

(চ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোন কার্য সম্পাদন করা।

১২। জেলা কমিটির সভা।—(১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, জেলা কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) জেলা কমিটির সভা উহার সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে; তবে শর্ত থাকে যে, প্রতি মাসে জেলা কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) জেলা কমিটির সভাপতি উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) অনূন ৫(পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে।

(৫) শুধুমাত্র কোন সদস্যপদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে জেলা কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

১৩। উপজেলা কমিটি, ইউনিয়ন কমিটি ইত্যাদি।—(১) অধিদপ্তর, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনবোধে, প্রতিটি উপজেলায় উপজেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি এবং প্রতিটি ইউনিয়নে ইউনিয়ন ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি গঠন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রত্যেক উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির-

(ক) সদস্য সংখ্যা, সদস্যদের মনোনয়ন, যোগ্যতা, অপসারণ ও পদত্যাগ সংক্রান্ত বিধানাবলী; এবং

(খ) দায়িত্ব, কার্যাবলী এবং সভার কার্যপদ্ধতি, প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৪। জেলা কমিটি, ইত্যাদির তহবিল।—(১) প্রতিটি জেলা কমিটি, উপজেলা কমিটি এবং ইউনিয়ন কমিটির একটি করিয়া তহবিল থাকিবে।

(২) জেলা কমিটি, উপজেলা কমিটি এবং ইউনিয়ন কমিটির তহবিল রক্ষণ, উহার অর্থ ব্যয় এবং তৎসংক্রান্ত বিষয়াদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

(৩) এই আইনের অধীন মামলা, ল্যাবরেটরী পরীক্ষার খরচসহ জেলা কমিটির প্রয়োজনীয় অন্যান্য ব্যয় প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, জেলা কমিটি, উপজেলা কমিটি বা, ক্ষেত্রমত, ইউনিয়ন কমিটি এবং ইউনিয়ন কমিটির তহবিল হইতে নির্বাহ করা যাইবে।

১৫। বাজেট।— পরিষদ প্রতি বৎসর, সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, পরবর্তী অর্থ-বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকার কর্তৃক নির্ধারিত ফরমে, অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ-বৎসরে সরকারের নিকট হইতে জেলা কমিটি, উপজেলা কমিটি এবং ইউনিয়ন কমিটিসহ পরিষদের কী পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে।

১৬। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।—(১) পরিষদ যথাযথভাবে উহার তহবিলের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত, বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বৎসর পরিষদের তহবিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও পরিষদের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি পরিষদের সকল রেকর্ড, দলিল ও কাগজপত্র, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং পরিষদের যে কোন সদস্য, মহাপরিচালক এবং পরিষদের কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

১৭। বার্ষিক প্রতিবেদন।—পরিষদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে পূর্ববর্তী ৩১ ডিসেম্বর সমাপ্ত এক বৎসরের স্বীয় কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে এবং সরকার, যথাশীঘ্র সম্ভব, উহা জাতীয় সংসদে উত্থাপনের ব্যবস্থা গ্রহণ করিবে।

তৃতীয় অধ্যায়

অধিদপ্তর, মহাপরিচালক, ইত্যাদি

অধিদপ্তর প্রতিষ্ঠা, ইত্যাদি।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে একটি অধিদপ্তর থাকিবে, যাহা জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর প্রতিষ্ঠা করিবে।

(৩) অধিদপ্তর পরিষদের যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য সহায়তা প্রদান করিবে এবং পরিষদের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবে।

১৯। অধিদপ্তরের প্রধান কার্যালয়, ইত্যাদি। (১) অধিদপ্তরের প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে।

(২) সরকার, প্রয়োজন মনে করিলে, ঢাকার বাহিরে যে কোন জেলায় অধিদপ্তরের জেলা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

২০। মহাপরিচালক।—(১) অধিদপ্তরের একজন মহাপরিচালক থাকেবেন।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) মহাপরিচালক অধিদপ্তরের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, পরিষদ কর্তৃক নির্দেশিত কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন।

(৪) মহাপরিচালক কর্তৃক কার্যাবলী সম্পাদনের সুবিধার্থে কোন ব্যক্তি মহাপরিচালক বরাবরে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন উপায়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করিতে পারিবে।

(৫) মহাপরিচালকের পদ শূন্য হইলে, বা অনুপস্থিত, অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বা মহাপরিচালক পুনরায় স্থায়ী দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক নিযুক্ত কোন ব্যক্তি অস্থায়ীভাবে মহাপরিচালকের দায়িত্ব পালন করিবেন।

২১। মহাপরিচালকের ক্ষমতা ও কার্যাবলী।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ভোক্তা সাধারণের অধিকার সংরক্ষণ, ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধ এবং ভোক্তা-অধিকার লঙ্ঘনজনিত অভিযোগ নিষ্পত্তি করিবার লক্ষ্যে সমীচীন ও প্রয়োজনীয় বলিয়া বিবেচিত সকল কার্যক্রম মহাপরিচালক গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া মহাপরিচালক নিম্নবর্ণিত সকল বা যে কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন, যথাঃ—

(ক) এই আইনের উদ্দেশ্যের সহিত সম্পর্কযুক্ত কোন প্রতিপক্ষ বা সংস্থার কার্যাবলীর সহিত সমন্বয় সাধন;

- (খ) ভোক্তার অধিকার ক্ষুণ্ণ হইতে পারে এইরূপ সম্ভাব্য কার্য প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, উহাদের প্রতিকারমূলক ব্যবস্থা নির্ধারণ ও তৎসম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (গ) কোন পণ্য বা সেবার নির্ধারিত মান বিক্রেতা কর্তৃক সংরক্ষণ করা হইতেছে কি না উহা তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ঘ) কোন পণ্যেও বিক্রয় বা সরবরাহের ক্ষেত্রে ওজন বা পরিমাপে কারচুচি করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ঙ) কোন পণ্য বা ঔষধের নকল প্রস্তুত, উৎপাদন ও বাজারজাত করা হইতেছে কিনা উহার দ্বারা ক্রেতা সাধারণ প্রতারণার শিকার হইতেছে কিনা উহা তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (চ) কোন পণ্য বা ঔষধে ভেজাল মিশ্রণ করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ছ) কোন আইন বা বিধির অধীন নির্দেশিত মতে কোন পণ্য ঔষধের মোড়ক উক্ত পণ্য বা ঔষধ উৎপাদনের তারিখ ও মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ, সঠিক ব্যবহার-বিধি ও পরিমাণ মুদ্রণ করা হইয়াছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (জ) মেয়াদ উত্তীর্ণ কোন পণ্য বা ঔষধ বিক্রয় করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ঝ) মানুষের জীবন ও স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ কোন খাদ্য-পণ্য, উৎপাদন বা বিক্রয় করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ঞ) মানুষের জীবন বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হয় এমন কোন প্রক্রিয়ায় কোন পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ট) বৈধ লাইসেন্স ব্যতিরেকে অবৈধভাবে কোথাও কোন ঔষধ প্রস্তুত বা উৎপাদন করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ঠ) কোন পণ্য বা সেবা বিক্রয়ের জন্য অসত্য বিজ্ঞাপন দ্বারা ভোক্তা সাধারণকে প্রতারিত করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ড) সাধারণ যাত্রী পরিবহনকারী কোন যানবাহন যথা।—মিনিবাস, বাস, লঞ্চ, স্টিমার ও ট্রেন অবৈধভাবে অদক্ষ ও অননুমোদিত চালক দ্বারা চালনা করিয়া যাত্রীদের জীবন ঝুঁকিপূর্ণ করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

(ঢ) কোন আইন বা বিধির অধীন আরোপিত নিষেধাজ্ঞা লঙ্ঘন করিয়া সেবা গ্রহীতাদের জীবন বা নিরাপত্তা বিপন্ন করা হইতেছে কিনা উহার তদারকি করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৩) মহাপরিচালক প্রতি বৎসর ৩০ এপ্রিলের মধ্যে পূর্ববর্তী ৩১ ডিসেম্বরে সমাপ্ত ১ (এক) বৎসরের স্থায়ী কার্যাবলী এবং জেলার কার্যাবলী, যদি থাকে, সম্পর্কে একটি সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং উহা পরিষদের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

২২। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ।—অধিদপ্তরের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনে উদ্দেশ্যে সরকার প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২৩। মহাপরিচালক বা অন্য কর্মকর্তার তদন্তের ক্ষমতা।—(১) এই আইনের অধীন অপরাধ তদন্তের বিষয়ে মহাপরিচালকের থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুরূপ ক্ষমতা থাকিবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, মহাপরিচালকের অধঃস্তন কোন কর্মকর্তাকে এই আইনের অধীন অপরাধী তদন্তের জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরূপ ক্ষমতা প্রদান করিতে পারিবে।

২৪। পরোয়ানা জারীর ক্ষমতা।—(১) মহাপরিচালক অথবা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার যদি এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, —

(ক) কোন ব্যক্তি এই আইনের অধীন কোন অপরাধ করিয়াছেন; বা

(খ) এই আইনের অধীন অপরাধ সংক্রান্ত কোন বস্তু বা উহা প্রমাণের জন্য প্রয়োজনীয় কোন দলিল, কাগজপত্র বা কোন প্রকান জিনিসপত্র কোন স্থানে বা কোন ব্যক্তির নিকট রক্ষিত আছে;

তাহা হইলে, অনুরূপ বিশ্বাসের কারণ লিপিবদ্ধ করিয়া, তিনি উক্ত ব্যক্তিকে প্রেফতার করিবার জন্য বা অপরাধ সংশ্লিষ্ট উক্ত বস্তু, দলিল, কাগজপত্র বা জিনিসপত্র যে স্থানে রক্ষিত আছে সে স্থান তল্লাশীর জন্য পরোয়ানা জারী করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত কোন পরোয়ানা কার্যকর করিবার জন্য যাহার নিকট প্রেরণ করা হইবে, উহা কার্যকর করিবার বিষয়ে তাহার ধারা ২৩ এ উল্লেখিত কর্মকর্তার সকল ক্ষমতা থাকিবে।

২৫। প্রকাশ্য স্থান, ইত্যাদিতে আটক বা গ্রেফতারের ক্ষমতা।—এই আইনের অধীন গৃহীত কোন অনুসন্ধান বা তদন্ত কার্যক্রমে কোন কর্মকর্তার যদি এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, কোন প্রকাশ্য স্থানে বা কোন চলমান যানবাহনে এই আইনের পরিপন্থী পণ্য রহিয়াছে, তাহা হইলে তাহার অনুরূপ বিশ্বাস করিবার কারণ লিপিবদ্ধ করিয়া তিনি উক্ত পণ্য তল্লাশী করিয়া আটক করিতে পারিবেন এবং উক্ত পণ্যের সহিত সংশ্লিষ্ট অভিযুক্তকে গ্রেফতার করিতে পারিবেন।

২৬। তল্লাশী, ইত্যাদির পদ্ধতি।—এই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে, এই আইনের অধীন জারীকৃত সকল তদন্ত, পরোয়ানা, তল্লাশী, গ্রেফতার ও আটক বিষয়ে ফৌজদারী কার্যবিধির সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হইবে।

২৭। ভোক্তা-অধিকার বিরোধী কার্যের জন্য দোকান, ব্যবসা প্রতিষ্ঠান, ইত্যাদি সাময়িকভাবে বন্ধের নির্দেশ।— (১) কোন দোকান, ব্যবসা প্রতিষ্ঠান, ফ্যাক্টরী, কারখানা বা গুদামে ভোক্তা-অধিকার বিরোধী কোন পণ্য বিক্রয় বা উৎপাদিত হইতেছে কিংবা গুদামজাত করিয়া রাখা হইয়াছে এইরূপ প্রতীয়মান হইলে, মহাপরিচালক বা অধিদপ্তরে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা উক্ত দোকান বা ব্যবসা প্রতিষ্ঠান, ফ্যাক্টরী, কারখানা বা গুদাম সাময়িকভাবে বন্ধ রাখিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত নির্দেশ পালন করিতে ব্যর্থ হইলে অধিদপ্তরের পক্ষ হইতে উক্ত দোকান বা ব্যবসা প্রতিষ্ঠান, ফ্যাক্টরী, কারখানা বা গুদাম তালাবদ্ধ করিয়া তাৎক্ষণিক ব্যবস্থা হিসাবে সাময়িকভাবে বন্ধ করা যাইবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীন ব্যবস্থা গৃহীত হইবার পর অধিদপ্তর নিয়মিত শুনানী, পরীক্ষা-নিরীক্ষা ও তদন্ত করিয়া ভোক্তা-অধিকারের বিষয়টি বিবেচনায় গ্রহণ করিয়া এবং প্রকৃতই এই আইনের কোন বিধানের লঙ্ঘনের ফলে ভোক্তা-অধিকার বিরোধী কার্য হইয়াছে কিনা উহা সঠিকভাবে নিরূপণ করিয়া প্রয়োজনীয় চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) সেবা প্রদানকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এই আইনের অধীন কোন বিধান লঙ্ঘন করিয়া ভোক্তা-অধিকার বিরোধী কোন কার্য করিয়া থাকিলে মহাপরিচালক বা অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট ব্যবসা সাময়িকভাবে স্থগিত রাখিবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন প্রদত্ত নির্দেশ পালন করিতে ব্যর্থ হইলে অধিদপ্তরের পক্ষ হইতে সেবা সম্পর্কিত উক্ত ব্যবসা সাময়িকভাবে বন্ধ করা যাইবে।

(৬) উপ-ধারা (৪) ও (৫) এর অধীন কোন সেবামূলক ব্যবসা সাময়িকভাবে স্থগিত করা হইলে অধিদপ্তর নিয়মিত শুনানী, পরীক্ষা-নিরীক্ষা ও তদন্ত করিয়া ভোক্তা-অধিকারের বিষয়টি বিবেচনায় গ্রহণ করিয়া এবং প্রকৃতই এই আইনের কোন বিধানের লঙ্ঘনের ফলে ভোক্তা-অধিকার বিরোধী কার্য হইয়াছে কিনা উহা সঠিকভাবে নিরূপণ করিয়া প্রয়োজনীয় চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করিবে।

২৮। আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ।—এই আইনের অধীন কোন ক্ষমতা প্রয়োগ বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবার জন্য মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আইন প্রয়োগকারী সংস্থা বা অন্য কোন সরকারী বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে অনুরোধ করিতে পারিবেন, এবং এইরূপ অনুরোধ করা হইলে উক্ত সংস্থা বা কর্তৃপক্ষ উক্তরূপ সহায়তা প্রদান করিবে।

২৯। মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রী উৎপাদন, বিক্রয় ইত্যাদির উপর বাধা-নিষেধ।—
কোন পণ্য মানুষের স্বাস্থ্যের জন্য বিশেষভাবে ক্ষতিকর বলিয়া প্রমাণিত হইলে, মহাপরিচালকের পরামর্শক্রমে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সমগ্র দেশে বা কোন নির্দিষ্ট এলাকায় এইরূপ পণ্যের উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার সম্পূর্ণভাবে বন্ধ করিবার বা প্রজ্ঞাপনে নির্ধারিত শর্তাধীনে ঐ সকল কার্যক্রম পরিচালনা বা ব্যবস্থাপনার বিষয়ে নির্দেশ জারী করিতে পারিবে।

৩০। প্রবেশ, ইত্যাদির ক্ষমতা।—(১) এই ধারার বিধানাবলী সাপেক্ষে, মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত, কোন ব্যক্তি যুক্তিসংগত সময়ে, তাহার বিবেচনায় প্রয়োজনীয় সহায়তা সহকারে যে কোন ভবনে স্থানে নিম্নবর্ণিত উদ্দেশ্যে প্রবেশ করিবার অধিকারী হইবেন, যথা:-

- (ক) এই আইন বা বিধির অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদন করা;
- (খ) এই আইন বা বিধি বা তদধীন প্রদত্ত নোটিশ, আদেশ বা নির্দেশ মোতাবেক উক্ত ভবনে বা স্থানে কোন কার্য পরিদর্শন করা;
- (গ) কোন পণ্য বা সেবা সম্পর্কিত রেকর্ড, রেজিষ্টার, দলিল অথবা তৎসংশ্লিষ্ট অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য পরীক্ষা এবং যাচাই করা;
- (ঘ) এই আইন বা বিধি বা তদধীন প্রদত্ত কোন আদেশ বা নির্দেশ ভঙ্গ করিয়া কোন ভবনে বা স্থানে কোন অপরাধ সংঘটিত হইয়াছে বলিয়া উক্ত ব্যক্তিকে যুক্তিসংগতভাবে বিশ্বাস করিবার কারণ থাকিলে, উক্ত ভবনে বা স্থানে তল্লাশী পরিচালনা করা;
- (ঙ) এই আইন বা বিধির অধীন দণ্ডনীয় কোন অপরাধ সংঘটনের প্রমাণ হিসাবে ব্যবহার হইতে পারে এইরূপ কোন পণ্য, উপাদান, রেকর্ড, রেজিষ্টার, দলিল ইত্যাদি আটক করা।

(২) কোন পণ্য বা সেবা বিক্রয় বা উৎপাদনের সহিত সংশ্লিষ্ট যে কোন ব্যক্তি এই ধারার অধীন দায়িত্ব সম্পাদনের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে সকল প্রকার সাহায্য সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৩১। নমুনা সংগ্রহের ক্ষমতা, ইত্যাদি।—(১) মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বিশ্লেষণের উদ্দেশ্যে যে কোন দোকান, গুদাম, কারখানা, প্রাঙ্গন বা স্থান হইতে যে কোন পণ্য বা পণ্য উৎপাদনে ব্যবহৃত উপাদানের নমুনা সংগ্রহ কতি পারিবেন।

(২) উপ-ধারা (৩) বা, ক্ষেত্রমত, উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, এই ধারার অধীন গৃহীত নমুনা সম্পর্কে উক্ত উপ-ধারায় উল্লিখিত নমুনা বা গবেষণাগারের রিপোর্ট বা উভয়ই সংশ্লিষ্ট কার্যধারায় সাক্ষ্য হিসাবে গ্রহণীয় হইবে।

- (৩) উপ-ধারা (৪) এর বিধানাবলী সাপেক্ষে, উপ-ধারা (১) এর অধীন নমুনা সংগ্রহকারী কর্মকর্তা—
- (ক) উক্ত স্থানের দখলদার বা এজেন্টকে, অনুরূপ নমুনা সংগ্রহের বিষয়ে তাহার অভিপ্রায় সম্পর্কে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, নোটিশ প্রদান করিবেন;
- (খ) উক্ত দখলদার বা এজেন্ট এর উপস্থিতিতে নমুনা সংগ্রহ করিবেন;
- (গ) উক্ত নমুনা একটি পাত্রে রাখিয়া ইহাতে নিজের ও উক্ত দখলদার বা এজেন্ট এর স্বাক্ষর দ্বারা চিহ্নিত করিয়া সীলমোহর প্রদান করিবেন;
- (ঘ) সংগৃহীত নমুনার একটি রিপোর্ট প্রস্তুত করিয়া উহাতে নিজে স্বাক্ষর করিবেন এবং দখলদার বা এজেন্টের স্বাক্ষর গ্রহণ করিবেন;
- (ঙ) মহাপরিচালক কর্তৃক নির্ধারিত গবেষণাগারে উক্ত পাত্র অবিলম্বে প্রেরণ করিবেন।
- (৪) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন নমুনা সংগ্রহ করা হয় এবং সংগ্রহকারী কর্মকর্তা উপ-ধারা (৩) এর (ক) দফার অধীন নোটিশ প্রদান করেন, সেক্ষেত্রে যদি দখলদার বা এজেন্ট অনুপস্থিতি বা, ক্ষেত্রমত, স্বাক্ষরদানে অস্বীকৃতির কথা উল্লেখ করিয়া মহাপরিচালক কর্তৃক নির্ধারিত গবেষণাগারে বিশ্লেষণের জন্য অবিলম্বে প্রেরণ করিবেন।

৩২। বাজেয়াপ্তযোগ্য পণ্য, ইত্যাদি।—এই আইনের কোন অপরাধ সংঘটিত হইলে, যে পণ্য, উপাদান, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, উপরকরণ, আধার, পাত্র, মোড়ক সহযোগে উক্ত অপরাধ সংঘটিত হইয়াছে সেইগুলি বাজেয়াপ্তযোগ্য হইবে।

৩৩। বাজেয়াপ্তকরণ পদ্ধতি।—(১) এই আইনের অধীন পরিচালিত বিভাগীয় তদন্তে যদি প্রমাণিত হয় যে, কোন পণ্য ধারা ৩২ এর অধীন বাজেয়াপ্তযোগ্য, তাহা হইলে কোন ব্যক্তির বিরুদ্ধে অপরাধ প্রমাণিত হউক বা না হউক, তদন্তকারী কর্মকর্তা পণ্যটি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবেন।

(২) যদি কোন ক্ষেত্রে ধারা ৩২ এর অধীন বাজেয়াপ্তযোগ্য কোন বস্তু আটক করা হয়, কিন্তু উহার সহিত সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তিকে পাওয়া না যায়, তাহা হইলে মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা, যিনি বস্তু আটককারী কর্মকর্তা উর্ধ্বতন কর্মকর্তা হইবেন, লিখিত আদেশ দ্বারা উহা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুন না কেন, উক্তরূপ বাজেয়াপ্তকরণের আদেশ প্রদানের পূর্বে বাজেয়াপ্তকরণের বিরুদ্ধে আপত্তি উত্থাপনের সুযোগ প্রদানের জন্য নির্ধারিত পদ্ধতিতে নোটিশ জারী করিতে হইবে এবং নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে, যাহা নোটিশ জারীর তারিখ হইতে অনূন ১৫ (পনের) দিন হইবে, আপত্তি উত্থাপনকারীকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান করিতে হইবে।

- (৪) কোন ব্যক্তি উপ-ধারা (২) এর অধীন প্রদত্ত কোন আদেশের দ্বারা সংক্ষুব্ধ হইলে, তিনি আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে—
- (ক) মহাপরিচালকের অধঃস্তন কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত কোন আদেশের বিরুদ্ধে মহাপরিচালকের নিকট; এবং
- (খ) মহাপরিচালক কর্তৃক প্রদত্ত আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপীল করিতে পারিবেন।
- (৫) উপ-ধারা (৪) এ উল্লিখিত আপীল কর্তৃপক্ষের রায় চূড়ান্ত হইবে এবং উহার বিরুদ্ধে আদালতে কোন মামলা দায়ের করা যাইবে না।

৩৪। পঁচনশীল পণ্যের নিষ্পত্তি।—এই আইনের অধীন আটককৃত কোন পণ্য, —মাছ, শাক-সবজি, ইত্যাদি পণ্য দ্রুত পঁচনশীল হইয়া থাকিলে উহা সংরক্ষণ না করিয়া নির্ধারিত পদ্ধতিতে উহার ব্যবহার, হস্তান্তর ধ্বংস বা অন্য প্রকার বিলি বিলিবন্দোবস্ত করা যাইবে।

৩৫। বাজেয়াপ্ত ও আটককৃত দ্রব্যাবদির নিষ্পত্তি বা বিলি বন্দোবস্ত।—এই আইনের অধীন বাজেয়াপ্তযোগ্য কোন দ্রব্যের বাজেয়াপ্তকরণে আদেশ প্রদানের সংগে সংগে দ্রব্যাদি মহাপরিচালকের নিকট হস্তান্তর করিতে হইবে এবং মহাপরিচালক উহা, নির্ধারিত পদ্ধতিতে, ব্যবহার হস্তান্তর বা ধ্বংস করিবার বা অন্য কোন প্রকারে উহার বিলি বন্দোবস্তের ব্যবস্থা করিবেন।

৩৬। ভেজাল পণ্যের সরাসরি আটক ও নিষ্পত্তি।—এই আইনের অধীন গৃহীত কোন অনুসন্ধান, তদন্ত বা বিচার কার্যক্রমে যদি প্রতীয়মান হয় যে, কোন পণ্য দৃশ্যতঃ ভেজাল এবং মানুষের খাদ্য হিসাবে ভক্ষনের অযোগ্য বা মানুষের জন্য ক্ষতিকর, এবং অনুরূপ অভিযোগ প্রতিপক্ষ কর্তৃক স্বীকৃত হয় বা অস্বীকার না করা হয়, তাহা হইলে উক্ত পণ্য সরাসরি আটক করিয়া নির্ধারিত পদ্ধতিতে ব্যবহার, হস্তান্তর, ধ্বংস বা অন্য কোন প্রকারে বিলি বন্দোবস্ত করা যাইবে।

চতুর্থ অধ্যায় অপরাধ, দণ্ড, ইত্যাদি

৩৭। পণ্যের মোড়ক, ইত্যাদি ব্যবহার না করিবার দণ্ড।—কোন ব্যক্তি কোন আইন বা বিধি দ্বারা কোন পণ্য মোড়কবদ্ধভাবে বিক্রয় করিবার এবং মোড়কের গায়ে সংশ্লিষ্ট পণ্যের ওজন, পরিমাণ, উপাদান, ব্যবহার-বিধি, সর্বোচ্চ খুচড়া বিক্রয় মূল্য, উৎপাদনের তারিখ, প্যাকেটজাতকরণের তারিখ এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ স্পষ্টভাবে লিপিবদ্ধ করিবার বাধ্যবাধকতা লঙ্ঘন করিয়া থাকিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৮। মূল্যের তালিকা প্রদর্শন বা করিবার দণ্ড।—কোন ব্যক্তি কোন আইন বা বিধি দ্বারা আরোপিত বাধ্যবাধকতা অমান্য করিয়া তাহার দোকান বা প্রতিষ্ঠানে সহজে দৃশ্যমান কোন স্থানে পণ্যের মূল্যের তালিকা লটকাইয়া প্রদর্শন না করিয়া থাকিলে অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৯। সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করিবার দণ্ড।—কোন ব্যক্তি আইন বা বিধি দ্বারা আরোপিত বাধ্যবাধকতা অমান্য করিয়া তাহার দোকান বা প্রতিষ্ঠানের সেবার মূল্যের তালিকা সংরক্ষণ না করিলে এবং সংশ্লিষ্ট স্থানে বা সহজে দৃশ্যমান কোন স্থানে উক্ত তালিকা লটকাইয়া প্রদর্শন না করিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪০। ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য, ঔষধ বা সেবা বিক্রয় করিবার দণ্ড।—কোন ব্যক্তি কোন আইন বা বিধির অধীন নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে কোন পণ্য, ঔষধ বা সেবা বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪১। ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়ের দণ্ড।—কোন ব্যক্তি জ্ঞাতসারে ভেজাল মিশ্রিত পণ্য বা ঔষধ বিক্রয় করিলে বা করিতে প্রস্তাব করিলে তিনি অনূর্ধ্ব তিন বৎসর কারাদণ্ড, বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪২। খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের দণ্ড।—মানুষের জীবন বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক কোন দ্রব্য, কোন খাদ্য পণ্যের সহিত যাহার মিশ্রণে কোন আইন বা বিধির অধীন নিষিদ্ধ করা হইয়াছে, কোন ব্যক্তি উক্তরূপ দ্রব্য কোন খাদ্য পণ্যের সহিত মিশ্রিত করিলে তিনি অনূর্ধ্ব তিন বৎসর কারাদণ্ড, বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৩। অবৈধ্য প্রক্রিয়া পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণের দণ্ড।—কোন ব্যক্তি মানুষের জীবন বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হয় এমন কোন প্রক্রিয়ায়, যাহা কোন আইন বা বিধির অধীন নিষিদ্ধ করা হইয়াছে, কোন পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করিলে তিনি অনূর্ধ্ব দুই বৎসর কারাদণ্ড, বা অনধিক এক লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৪। মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করিবার দণ্ড।—কোন ব্যক্তি কোন পণ্য বা সেবা বিক্রয়ের উদ্দেশ্যে অসত্য বা মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৫। প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করিবার দণ্ড।—কোন ব্যক্তি প্রদত্ত মূল্যের বিনিময়ে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৬। ওজন কারচুপির দণ্ড।—কোন ব্যক্তি কোন পণ্য সরবরাহ বা বিক্রয়ের সময় ভোক্তাকে প্রতিশ্রুত ওজন অপেক্ষা কম ওজনে উক্ত পণ্য বিক্রয় বা সরবরাহ করিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৭। বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির দণ্ড।—কোন পণ্য বিক্রয় বা সরবরাহের উদ্দেশ্যে কোন ব্যক্তির দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানে ওজন পরিমাপের কার্যে ব্যবহৃত বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্র প্রকৃত ওজন অপেক্ষা অতিরিক্ত ওজন প্রদর্শনকারী হইলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৮। পরিমাপে কারচুপির দন্ড।—কোন ব্যক্তি কোন পণ্য সরবরাহ বা বিক্রয়ের সময় ভোক্তাকে প্রতিশ্রুত প্রতিশ্রুত পরিমাপ অপেক্ষা কম পরিমাপে উক্ত পণ্য বিক্রয় বা সরবরাহ করিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদন্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৪৯। দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতা বা অন্য কিছুতে কারচুপির দন্ড।—কোন পণ্য বিক্রয় বা সরবরাহের উদ্দেশ্যে কোন ব্যক্তি দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানে দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতা বা অন্য কিছুতে কারচুপি করা হইলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদন্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৫০। পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন করিবার দন্ড।—কোন ব্যক্তি কোন পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন করিলে তিনি অনূর্ধ্ব তিন বৎসর কারাদন্ড, বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৫১। মেয়াদ উত্তীর্ণ কোন পণ্য বা ঔষধ বিক্রয় করিবার দন্ড।—কোন ব্যক্তি মেয়াদ উত্তীর্ণ কোন পণ্য বা ঔষধ বিক্রয় করিলে বা করিতে প্রস্তুত করিলে তিনি অনূর্ধ্ব এক বৎসর কারাদন্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৫২। সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য করিবার দন্ড।—কোন ব্যক্তি, কোন আইন বা বিধির অধীন নির্ধারিত বিধি-নিষেধ অমান্য করিয়া সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্ন হইতে পারে এমন কোন কার্য করিলে তিনি অনূর্ধ্ব তিন বৎসর কারাদন্ড, বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৫৩। অবহেলা, ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি, ইত্যাদি ঘটাইবার দন্ড।—কোন সেবা প্রদানকারী অহেলা, দায়িত্বহীনতা বা অসতর্কতা দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য বা জীবনহানী ঘটাইলে তিনি অনূর্ধ্ব তিন বৎসর কারাদন্ড, বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৫৪। মিথ্যা বা হয়রানিমূলক মামলা দায়েরের দন্ড।—কোন ব্যক্তি, কোন ব্যবসায়ী বা সেবা প্রদানকারীকে হয়রানি বা জনসমক্ষে হয় করা বা তাহার ব্যবসায়িক ক্ষতি সাধনের অভিপ্রায়ে মিথ্যা বা হয়রানিমূলক মামলা দায়ের করিলে, উক্ত ব্যক্তি তিন বৎসর কারাদন্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৫৫। অপরাধ পুনঃসংঘটনের দন্ড।—এই আইনে উল্লেখিত কোন অপরাধের জন্য দন্ডিত ব্যক্তি যদি পুনরায় একই অপরাধ করেন তবে তিনি উক্ত অপরাধের জন্য সর্বোচ্চ যে দন্ড রহিয়াছে উহার দ্বিগুন দন্ডে দন্ডিত হইবেন।

৫৬। বাজেয়াপ্তকরণ ইত্যাদি।—এই অধ্যায়ে পূর্ববর্তী ধারাসমূহের বর্ণিত দন্ডের অতিরিক্ত, আদালত যথাযথ মনে করিলে, অপরাধের সংশ্লিষ্ট ও অবৈধ পণ্য বা পণ্য প্রস্তুতের উপাদান, সামগ্রী, ইত্যাদি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তের আদেশ করিতে পারিবন।

পঞ্চম অধ্যায়
বিচার, ইত্যাদি

৫৭। বিচার।— (১) এই আইনের অধীন অপরাধসমূহ প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কিংবা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

(২) Code of Criminal Procedure, 1898 এ নির্ধারিত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক অর্থদণ্ড আরোপ সম্পর্কিত সীমাবদ্ধতা এই আইনের অধীন নির্ধারিত অর্থদণ্ড আরোপে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের ক্ষমতাকে সীমিত করিবে না।

৫৮। সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার।—ধারা ৫৭ এর বিধানকে ক্ষুণ্ণ না করিয়া, আদালত, ক্ষেত্রমত, এই আইনের অধীন অপরাধসমূহ বিচার ক্ষেত্রে Code of Criminal Procedure, 1898 এর Chapter XXII তে বর্ণিত সংক্ষিপ্ত পদ্ধতি, যতদূর প্রযোজ্য হয়, অনুসরণ করিবে।

৫৯। অপরাধের জামিন, আমলযোগ্যতা ও আপোষযোগ্যতা।—এই আইনে অধীন সকল অপরাধ জামিনযোগ্য (bailable) আমলযোগ্য cognizable) ও আপোষযোগ্য (compoundable) হইবে।

৬০। অভিযোগ।—কোন ব্যক্তি, কারন উদ্ভব হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এই আইনের অধীন ভোক্তা-অধিকার বিরোধী কার্য সম্পর্কে মহাপরিচালক কিংবা অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার নিকট অভিযোগ না করিলে উক্ত অভিযোগ গ্রহণযোগ্য হইবে না।

৬১। তামাদি।—Limitation Act, 1908 (Act No. IX of 1908) এ ভিনতর যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৬০ এর অধীন অভিযোগ দায়ের হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে মামলা দায়েরের নিমিত্ত অভিযোগপত্র দাখিল করা না হইলে, ম্যাজিস্ট্রেট সংশ্লিষ্ট অপরাধ বিচারার্থ আমলে গ্রহণ করিবেন না।

৬২। পণ্যের ত্রুটি পরীক্ষা।— (১) কোন পণ্যের ত্রুটি সম্পর্কে অভিযোগের সত্যতা নিরূপণের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট যদি মনে করেন যে, উক্ত পণ্যের ত্রুটি যথাযথ বিশ্লেষণ বা পরীক্ষা ব্যতীত অভিযোগের সত্যতা নিরূপণ করা সম্ভব নহে. সেই ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট, —

(ক) অভিযোগকারীর নিকট হইতে উক্ত পণ্যের একটি নমুনা সংগ্রহ করিয়া উহা সীলমোহর ও প্রচলিত পদ্ধতিতে প্রত্যয়ন করিবেন; এবং

(খ) দফা (ক) এর অধীন সীলমোহরকৃত পণ্যটির বিরুদ্ধে উত্থাপিত ত্রুটি বা অন্য কোন ত্রুটি বিদ্যমান থাকিবার বিষয়ে পরীক্ষার প্রয়োজনীয় নির্দেশসহ উহা যথাযথ গবেষণাগারে প্রেরণ করিবেন।

(২) কোন গবেষণাগারে উপ-ধারা (১) এর অধীন কোন পণ্য পরীক্ষার জন্য প্রেরণ করা হইলে, প্রেরণের তারিখ হইতে ২(দুই) মাসের মধ্যে উহার রিপোর্ট ম্যাজিস্ট্রেট আদালতে প্রেরণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, গবেষণাগারে চাহিদামতো উক্ত সময় বৃদ্ধি করা যাইবে।

(৩) ম্যাজিস্ট্রেট কোন পণ্যের কোন নমুনা কোন গবেষণাগারে প্রেরণের পূর্বে উক্ত পণ্যের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ যাচাইয়ের জন্য প্রয়োজনীয় পরীক্ষার ব্যয় নির্বাহের উদ্দেশ্যে নির্ধারিত অর্থ বা ফি জমা দানের জন্য অভিযোগকারীকে নির্দেশ প্রদান করিবেন।

৬৩। ম্যাজিস্ট্রেটের ক্ষমতা।—এই অধ্যায়ের অধীন অনুষ্ঠিত বিচারে ম্যাজিস্ট্রেট দোষী সাব্যস্ত কোন ব্যক্তিকে সংশ্লিষ্ট অপরাধের জন্য এই আইনে অনুমোদিত যে কোন দণ্ড আরোপ করিতে পারিবেন।

৬৪। দ্বিতীয়বার বিচার নিষিদ্ধ।—এই আইনের অধীন দণ্ডনীয় কোন অপরাধে কোন ব্যক্তিকে এই আইনের বিধান অনুসারে বিচার করিয়া দোষী বা নির্দোষ সাব্যস্ত করা হইলে, তাহাকে উক্ত একই অপরাধের জন্য পুনর্বার অন্য কোন আইনের অধীন বিচার করা যাইবে না।

৬৫। আপীল।—ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত রায় বা আদেশ দ্বারা কোন পক্ষ সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত রায় বা আদেশ প্রদত্ত হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে স্থানীয় অধিক্ষেত্রের সেশন জজের আদালতে আপীল দায়ের করিতে পারিবেন।

ষষ্ঠ অধ্যায় দেওয়ানী কার্যক্রম ও প্রতিকার

৬৬। দেওয়ানী প্রতিকার।—(১) ভোক্তা-অধিকার বিরোধী কার্যের জন্য কোন ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রম সূচিত হইবার কিংবা উক্ত ব্যক্তি অনুরূপ কার্যের জন্য ফৌজদারী অপরাধে দণ্ডিত হইবার কারণে, উপযুক্ত ক্ষেত্রে, ক্ষতিগ্রস্ত কোন ভোক্তা কর্তৃক উক্ত ব্যক্তির বিরুদ্ধে দেওয়ানী প্রতিকার দাবী করিয়া দেওয়ানী আদালতে দেওয়ানী মামলা দায়ের করিতে আইনগত কোন বাধা থাকিবে না।

(২) এই আইনের অধীন উপযুক্ত দেওয়ানী আদালত বলিতে সংশ্লিষ্ট স্থানীয় অধিক্ষেত্রের যুগ্ম-জেলা জজের আদালতকে বুঝাইবে।

(৩) কোন বিক্রেতার ভোক্তা-অধিকার বিরোধী কার্যের দ্বারা কোন ভোক্তা ক্ষতিগ্রস্ত হইয়া থাকিলে এবং উক্ত ক্ষতির পরিমাণ আর্থিক মূল্যে নিরূপণযোগ্য হইলে, উক্ত নিরূপিত অর্থের অনূর্ধ্ব পাঁচগুন পরিমাণ আর্থিক ক্ষতিপূরণ দাবী করিয়া উপযুক্ত আদালতে দেওয়ানী মামলা দায়ের করা যাইবে।

(৪) আদালত বাদীর আরজি, বিবাদীর জবাব, সাক্ষ্য প্রমাণ এবং পারিপার্শ্বিক সকল বিষয় পর্যালোচনা করিয়া নিরূপিত ক্ষতির সঠিক পরিমাণের অনূর্ধ্ব পাঁচগুন সীমার মধ্যে যে কোন অংকের ক্ষতিপূরণ, যাহা ন্যায় বিচারের স্বার্থে যথাযথ বলিয়া তাহার বিবেচিত হইবে, প্রদান করিতে পারিবে।

(৫) Code of Civil Procedure, 1908, Contract Act, 1872 এবং Civil Courts Act, 1887 এ ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার বিধানাবলী কার্যকর হইবে।

৬৭। দেওয়ানী আদালতের ক্ষমতা।—দেওয়ানী আদালত নিম্নবর্ণিত সকল বা যে কোন প্রতিকার প্রদান করিতে পারিবে, যথাঃ-

- (ক) ক্রটিপূর্ণ পণ্য যথাযথ পণ্য দ্বারা প্রতিস্থাপনের জন্য বিবাদীকে নির্দেশ প্রদান;
- (খ) ক্রটিপূর্ণ পণ্য ফেরত গ্রহণ করিয়া উক্ত পণ্যের মূল্য বাদীকে ফেরত প্রদান করিবার জন্য বিবাদীকে নির্দেশ প্রদান;
- (গ) ক্ষতিপূরণের জন্য বাদীকে উপযুক্ত ক্ষতিপূরণ, যাহা আর্থিক মূল্যে নিরূপিত ও প্রমাণিত ক্ষতির অনূর্ধ্ব পাঁচগুণ পর্যন্ত হইতে পারিবে, প্রদানের জন্য বিবাদীকে নির্দেশ প্রদান; মামলার খরচ প্রদানের জন্য বিবাদীকে নির্দেশ প্রদান।

৬৮। দেওয়ানী আপীল।— Code of Civil Procedure, 1908, এবং Civil Courts Act, 1887 এ ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৬৭ এর অধীন আদালত কর্তৃক প্রদত্ত রায় ও ডিক্রীর বিরুদ্ধে ৯০ (নব্বই) দিনের মধ্যে কেবল হাইকোর্ট বিভাগে আপীল দায়ের করা যাইবে।

সপ্তম অধ্যায় বিবিধ

৬৯। আইনের অধীন জেলা ম্যাজিস্ট্রেটের ক্ষমতা।—(১) এই আইনের অধীন মহাপরিচালকের যে সকল ক্ষমতা ও কার্যাদি রহিয়াছে ঐ সকল ক্ষমতা ও কার্যাদি কোন জেলার স্থানীয় অধিক্ষেত্রে উক্ত জেলার জেলা ম্যাজিস্ট্রেটের থাকিবে এবং মহাপরিচালকের পূর্বানুমোদন ব্যতীতই তিনি ঐ সকল ক্ষমতা প্রয়োগ বা কার্যাদি সম্পাদন করিতে পারিবেন।

(২) জেলা ম্যাজিস্ট্রেট তাহার পক্ষে কার্য সম্পাদনের জন্য তাহার ক্ষমতা, তৎকর্তৃক নির্ধারিত কোন শর্তে, তাহার অধঃস্থ কোন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে অর্পণ করিতে পারিবেন।

(৩) এই ধারার অধীন গৃহীত কোন কার্যক্রম সম্পর্কে জেলা ম্যাজিস্ট্রেট, বা ক্ষেত্রমত, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মহাপরিচালক লিখিতভাবে অনতিবিলম্বে অবহিত করিবেন।

৭০। অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য প্রশাসনিক ব্যবস্থা।—(১) এই আইনের অধীন ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধকল্পে বা ভোক্তা-অধিকার বিরোধী অপরাধ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে অধিদপ্তরের মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা এই আইনের চতুর্থ অধ্যায় এ বর্ণিত কোন

অপরাধ সংঘটিত হইয়া থাকিলেও সমীচীন মনে করিলে দোষী ব্যক্তির বিরুদ্ধে, দণ্ড আরোপ না করিয়া এবং ফৌজদারী মামলা দায়েরের লক্ষ্যে কোন ব্যবস্থা গ্রহণ না করিয়া, কেবল জরিমানা আরোপ, ব্যবসার লাইসেন্স বাতিল, ব্যবসায়িক কার্যক্রম সাময়িক বা স্থায়ীভাবে স্থগিতকরণ সম্পর্কিত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রশাসনিক ব্যবস্থায় জরিমানা আরোপের ক্ষেত্রে সংশ্লিষ্ট অপরাধের জন্য এই আইনের অধীন সর্বোচ্চ যে অর্থদণ্ড রহিয়াছে উহার অতিরিক্ত অর্থ দণ্ড আরোপ করা যাইবে না।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীন প্রশাসনিক ব্যবস্থায় আরোপিত কোন জরিমানার ক্ষেত্রে অনাদায়ে কারাদণ্ড আরোপ করা যাইবে না।

(৪) এই ধারার অধীন আরোপিত জরিমানা দোষী ব্যক্তি স্বেচ্ছায় অনূর্ধ্ব ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে প্রদান করিবেন।

(৫) উপ-ধারা (৪) এর বিধানমতে আরোপিত জরিমানা দোষী ব্যক্তি স্বেচ্ছায় প্রদান না করিলে দণ্ড আরোপকারী কর্তৃপক্ষ ফৌজদারী কার্যবিধির ধারা ৩৮৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী ক্রোক ও বিক্রয়ের মাধ্যমে জরিমানার উক্ত অর্থ আদায় করিতে পারিবেন এবং আরোপিত জরিমানার ২৫ শতাংশ পরিমাণ অতিরিক্ত অর্থ খরচ বাবদ আদায় করিতে পারিবেন।

৭১। ফৌজদারী কার্যক্রমের সীমাবদ্ধতা।— (১) এই আইনের অধীন ভোক্তা-অধীকার বিরোধী কার্যের অভিযোগ কোন ব্যক্তি বিরুদ্ধে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে কোন মামলা সরাসরি দায়ের করা যাইবে না।

(২) কোন ভোক্তা বা অভিযোগকারী মহাপরিচালক বা মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা অথবা জেলা ম্যাজিস্ট্রেট বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নিকট অভিযোগ দায়ের করিতে পারিবেন।

৭২। ঔষধ বিষয়ক বিশেষ বিধান।— (১) ঔষধে ভেজাল মিশ্রণ বা নকল ঔষধ প্রস্তুত করা হইতেছে কিনা অনুসন্ধান করিয়া উহা উদ্ঘাটন করিবার ক্ষমতা ও দায়িত্ব মহাপরিচালকের থাকিলেও, উহাদের বিষয়ে এই আইনের অধীন কোন বিচার বিভাগীয় কার্যক্রম গ্রহণ বা ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়ের করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত অপরাধের ক্ষেত্রে Special Powers Act, 1974 (Act No. XIV of 1974) এর section 25C এর অধীন মামলা দায়ের করিতে হইবে।

৭৩। বেসরকারী স্বাস্থ্য পরিষেবা পরিবীক্ষণ।—(১) বেসরকারী খাতে পরিচালিত স্বাস্থ্য পরিষেবা পরিবীক্ষণ করিয়া পরিলক্ষিত ত্রুটি-বিচ্যুতি উদ্ঘাটন করিবার ক্ষমতা মহাপরিচালকের থাকিবে।

(২) উপ-ধারা (১) এর বিধানের অধীন বেসরকারি স্বাস্থ্য পরিষেবা খাতে পরিলক্ষিত ত্রুটি-বিচ্যুতির বিষয়ে প্রতিকারমূলক কোন ব্যবস্থা মহাপরিচালক গ্রহণ করিবেন না; তিনি সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয় এবং মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে বিষয়টি অবহিত করিবেন মাত্র।

৭৪। গ্রেফতার বা আটক সম্পর্কে উর্ধ্বতন কর্মকর্তাকে অবহিতকরণ।—এই আইনের অধীন কোন ব্যক্তিকে গ্রেফতার করা হইলে বা কোন বস্তু আটক করা হইলে, গ্রেফতারকারী বা আটককারী কর্মকর্তা তৎসম্পর্কে লিখিত প্রতিবেদনের মাধ্যমে তাহার উর্ধ্বতন কর্মকর্তাকে অবিলম্বে অবহিত করিবেন এবং প্রতিবেদনের একটি অনুলিপি মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

৭৫। অন্য আইনে অপরাধ হইবার ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি।—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুন না কেন, এই আইনের অধীন কোন অপরাধ যেমন-পণ্যে ভেজাল মিশ্রণ, পণ্যের নকল প্রস্তুত, ইত্যাদি) যদি অন্য কোন বিশেষ আইনে বিশেষ অপরাধ হিসাবে উচ্চতর দণ্ডযোগ্য অপরাধ হইয়া থাকে, তাহা হইলে এই আইন ভোক্তা-অধিকার বিরোধী বিশেষ অপরাধ হিসাবে গণ্য করিয়া বিচারার্থ গ্রহণের ক্ষেত্রে আইনত কোন বাধা থাকিবে না।

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট অপরাধের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনা করিয়া যদি অধিদপ্তর মনে করে যে, উক্ত অপরাধের জন্য সংশ্লিষ্ট বিশেষ ট্রাইব্যুনালে বিচার ও উপযুক্ত শাস্তি হওয়া সমীচীন হইবে, তাহা হইলে অধিদপ্তর কার্যকর বিচারের উদ্দেশ্যে ম্যাজিস্ট্রেট আদালতে মামলা না করিয়া বিশেষ ট্রাইব্যুনালে অধিদপ্তরের পক্ষ হইতে মামলা দায়েরের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৭৬। অভিযোগ এবং জরিমানার টাকায় অভিযোগকারীর অংশ।— (১) যে কোন ব্যক্তি, যিনি, সাধারণভাবে একজন ভোক্তা বা ভোক্তা হইতে পারেন, এই অধ্যাদেশের অধীন ভোক্তা-অধিকার বিরোধী কার্য সম্পর্কে মহাপরিচালক বা এতদুদ্দেশ্যে মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করিয়া লিখিত অভিযোগ দায়ের করিতে পারিবেন।

(২) কর্তৃপক্ষ, উপ-ধারা (১) এর অধীন লিখিত অভিযোগ প্রাপ্তির পর, অনতিবিলম্বে অভিযোগটি অনুসন্ধান বা তদন্ত করিবেন।

(৩) তদন্তে অভিযোগটি সঠিক প্রমাণিত হইলে মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দোষী ব্যক্তিকে প্রশাসনিক ব্যবস্থায় জরিমানা আরোপ করিতে পারিবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন আরোপিত জরিমানার অর্থ আদায় হইয়া থাকিলে উক্ত আদায়কৃত অর্থের ২৫ শতাংশ তাৎক্ষণিকভাবে উপ-ধারা (১) এ উল্লিখিত অভিযোগকারীকে প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, অভিযোগকারী অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারী হইয়া থাকিলে, তিনি এই উপ-ধারায় উল্লিখিত আদায়কৃত অর্থের ২৫ শতাংশ প্রাপ্য হইবেন না।

(৫) এই ধারার অধীন আদালতে বা বিশেষ ট্রাইব্যুনালে নিয়মিত ফৌজদারী মামলা দায়ের করা হইলে এবং নিয়মিত মামলার অভিযুক্তকে দোষী সাব্যস্ত করিয়া জরিমানা করা হইলে এবং উক্ত জরিমানার অর্থ আদায় করা হইলে, উহার ২৫ শতাংশ অর্থ উপ-ধারা (১) এ উল্লিখিত অভিযোগকারীকে প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, অভিযোগকারী অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারী হইয়া থাকিলে, তিনি এই উপ-ধারায় উল্লিখিত আদায়কৃত অর্থের ২৫ শতাংশ প্রাপ্য হইবেন না।

(৬) যে কোন ব্যক্তি এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, কোন পণ্যের নকল বা ভেজালের বিষয়টি ব্যক্তিগত উদ্যোগে কোন সরকারী বা বেসরকারী সংস্থা বা গবেষণাগারে পরীক্ষা করাইয়া ফলাফলসহ অভিযোগ দায়ের করিতে পারিবেন।

৭৭। সরল বিশ্বাসে কৃত কার্য।—এই আইনের বা কোন বিধির অধীন সরল বিশ্বাসে কৃত কোন কার্যের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা তাহার ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, তজ্জন্য সরকার, পরিষদ, পরিষদের কোন সদস্য, অধিদপ্তর, অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

৭৮। দায় হইতে অব্যাহতি।—(১) এই আইনের কোন বিধানের লঙ্ঘনজনিত কোন কার্যের সহিত কোন বিক্রেতার জ্ঞাতসারে সংশ্লিষ্টতা না থাকিলে তাহাকে এই আইনের অধীন কোন অপরাধের জন্য দায়ী করিয়া তাহার বিরুদ্ধে শাস্তিমূলক কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

(২) কোন দোকান হইতে বিক্রিত কোন পণ্য ভেজাল বা ত্রুটিপূর্ণ হইবার ক্ষেত্রে, উক্ত দোকানের মালিক বা পরিচালককে দায়ী করিয়া কোন ফৌজদারী বা প্রশাসনিক কার্যক্রম বা ব্যবস্থা গ্রহণ করা যাইবে না, যদি উক্ত পণ্য অন্য কোন বৈধ বা অনুমোদিত কারখানা, ফ্যাক্টরী বা প্রতিষ্ঠানে উৎপাদিত বা প্রস্তুত হইয়া থাকে এবং উক্ত কারখানা, ফ্যাক্টরী বা প্রতিষ্ঠান বা উক্ত পণ্য প্রস্তুত বা উৎপাদন প্রক্রিয়ার সহিত তাহার কোন সংশ্লিষ্টতা না থাকে।

(৩) জীবিকা অর্জনের উদ্দেশ্যে কোন ব্যক্তি কোন পণ্য ক্রয় করিয়া হকার বা ফেরিওয়ালার হিসাবে বিক্রয় করিলে এবং অনুরূপ বিক্রিত পণ্যে যদি নকল, ভেজাল বা অন্য কোনরূপ ত্রুটি থাকে এবং উহার দ্বারা কোন ভোক্তার স্বার্থ ক্ষুণ্ণ হইয়া থাকে, তাহা হইলে অনুরূপ কারণে উক্ত ব্যক্তিকে এই আইনের অধীন দায়ী করা যাইবে না, যদি না ইহা সন্দেহাতীতভাবে বোধগম্য হয় যে, তিনি পণ্য বিক্রয়ের উদ্দেশ্যে ক্রয় করিয়া ক্রেতার নিকট বিক্রয় করিয়াছেন।

(৪) কাঁচা মাছ, শাক-সবজি ন্যায় দ্রুত পঁচনশীল কোন পণ্য কোন হকার বা ফেরিওয়ালার নিকট বা কোন দোকানে স্বাভাবিক প্রাকৃতিক কারণে পঁচিয়া যাওয়া অবস্থায় পাওয়া গেলে উক্ত কারণে উক্ত হকার, ফেরিওয়ালার বা দোকানদারকে দায়ী করিয়া কোন ফৌজদারী বা প্রশাসনিক কার্যক্রম বা ব্যবস্থা গ্রহণ করা যাইবে না, যদি না ইহা সহজেই বোধগম্য হয় যে, পঁচিয়া গিয়াছে জানিয়াও তিনি উক্ত পণ্য বিক্রয়ের জন্য রাখিয়াছেন বা বিক্রয়ের চেষ্টা করিয়াছেন।

(৫) এই ধারার অধীন দায় হইতে অব্যাহতিপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃপক্ষ কর্তৃক আদিষ্ট বা অনুরুদ্ধ হইয়া নকল বা ভেজালের উৎস উদ্‌ঘাটনের বিষয়ে কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৭৯। ক্ষমতা অর্পণ।—মহাপরিচালক, প্রয়োজনবোধে, পরিষদ কর্তৃক নির্ধারিত শর্ত সাপেক্ষে, এই আইনের অধীন তাহার উপর অর্পিত যে কোন ক্ষমতা বা দায়িত্ব, লিখিত আদেশ দ্বারা, অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারীকে অর্পণ করিতে পারিবেন।

৮০। বিধি প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

৮১। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৮২। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ, ইত্যাদি।— (১) এই আইনের মূল পাঠ বাংলাতে হইবে এবং সরকার, প্রয়োজন মনে করিলে, মূল পাঠের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

আশফাক হামিদ
সচিব।

মোঃ মাজুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবু ইউসুফ (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২৯, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ১৫ আষাঢ় ১৪১৭ বঙ্গাব্দ/২৯ জুন ২০১০ খ্রিস্টাব্দ

এস,আর, ও নং ২৩৫-আইন/২০১০।-ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নং আইন) এর ধারা ৮০ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা “ভোক্তা-অধিকার সংরক্ষণ (সভা ও কার্যক্রম) বিধিমালা, ২০১০” নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) “অধিদপ্তর” অর্থ ধারা ১৮ এর উপ-ধারা (২) এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর;

(২) “অভিযোগ” অর্থ ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত অভিযোগ;

(৩) “অভিযোগকারী” অর্থ ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত অভিযোগকারী;

(৬৩২১)

মূল্য : টাকা ৬.০০

- (৪) “আইন” অর্থ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নং আইন);
- (৫) “গবেষণাগার” অর্থ ধারা ২ এর দফা (৮) এ সংজ্ঞায়িত গবেষণাগার;
- (৬) “ধারা” অর্থ আইনের কোন ধারা;
- (৭) “পরিষদ” অর্থ ধারা ৫ এর অধীন গঠিত জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ পরিষদ;
- (৮) “ভোক্তা-অধিকার বিরোধী কার্য” অর্থ ধারা ২ এর দফা (২০) এ সংজ্ঞায়িত ভোক্তা-অধিকার বিরোধী কার্য; এবং
- (৯) “মহাপরিচালক” অর্থ অধিদপ্তরের মহাপরিচালক।

৩। গণসচেতনতামূলক কার্যক্রম।- ধারা ৮ এর দফা (ঙ) এবং (চ) এর বিধান বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তর যে সব কার্যক্রম গ্রহণ করিতে পারিবে তাহা নিম্নরূপ, যথাঃ-

- (১) প্রয়োজনীয় শিক্ষা ও প্রচারমূলক অভিযান পরিচালনা করিবে এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে;
- (২) সভা, সেমিনার, সিম্পোজিয়াম, গোলটেবিল বৈঠক, টক-শো, ইত্যাদির আয়োজন করিবে;
- (৩) ভোক্তা-অধিকার সংরক্ষণের সুফল এবং ভোক্তা-অধিকার বিরোধী কার্যের কুফল সম্পর্কে জনগণকে নিয়মিত অবহিত বা উদ্বুদ্ধ করিবার লক্ষ্যে আবশ্যিকীয় Theme সরবরাহের মাধ্যমে ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করিবে;
- (৪) উপ-বিধি (৩) অনুসারে প্রচারমূলক ব্যবস্থায় সরকারি/বেসরকারি টিভি চ্যানেলসমূহ, রেডিও, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এবং সর্বোপরি তথ্য মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করিতে পারিবে;
- (৫) সংক্ষিপ্ত ভিডিও চিত্র নির্মাণ, পোস্টার, লিফলেট ও পুস্তিকা মুদ্রণ, সরকারি নিয়মিত প্রকাশনাসমূহে প্রতিবেদন বা শ্লোগান প্রচার এবং নিয়মিতভাবে একটি মাসিক নিউজলেটার প্রকাশ করিবে; এবং

(৬) ভোক্তা-অধিকার সংরক্ষণ এবং ভোক্তা-অধিকার বিরোধী কার্য সম্পর্কে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ অধিদপ্তর, প্রয়োজনবোধে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে স্থানীয় আন্তর্জাতিক সম্প্রদায়, দাতা সংস্থা ও উন্নয়ন সহযোগীদের নিকট তুলিয়া ধরিবার ভূমিকা পালন করিবে।

৪। গবেষণাগার ও গবেষণা কার্যক্রম।-(১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে পণ্যের গুণগত মান যাচাই এর লক্ষ্যে নমুনা পরীক্ষার জন্য অধিদপ্তরের এক বা একাধিক ল্যাবরেটরী বা গবেষণাগার থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে অধিদপ্তরের নিজস্ব ল্যাবরেটরী বা গবেষণাগার প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত কোন পণ্যের নমুনা যাচাই এর লক্ষ্যে উহা পরীক্ষার জন্য সরকার বা, ক্ষেত্রমত, পরিষদ কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত সরকারী বা ক্ষেত্রমত, বেসরকারী গবেষণাগারকে তালিকাভুক্ত করা যাইবে, যথাঃ-

- (ক) বিএসটিআই;
- (খ) সরকারী সাধারণ ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহ;
- (গ) বিসিএসআইআর;
- (ঘ) আণবিক শক্তি কমিশন;
- (ঙ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
- (চ) স্বাস্থ্য অধিদপ্তর;
- (ছ) বিসিক;
- (জ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর;
- (ঝ) লেদার টেকনোলজী, ইত্যাদি;
- (ঞ) এতদসংশ্লিষ্ট কার্যক্রমে অভিজ্ঞ ও পারদর্শী সরকারী যে কোন প্রতিষ্ঠান বা গবেষণাগার।

৩। অধিদপ্তর উপ-বিধি (২) অনুসারে গবেষণা কাজের জন্য সরকারী/বেসকারী বিশ্ববিদ্যালয়, রিসার্চ ইনস্টিটিউট ও ভোক্তা-অধিকার প্রতিষ্ঠান এর সাথে সরকারী-বেসকারী অংশীদারিত্বে (পিপিপি) বা আউট সোর্সিং এর মাধ্যমে সেমিনার, পলিসি ডায়ালগ এবং গবেষণা কার্যক্রম পরিচালনা করিবে।

(৪) উপ-বিধি (২) এবং (৩) এ উল্লিখিত কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে, পরিষদের অনুমোদন সাপেক্ষে, সরকারী নিয়ম-নীতি অনুসরণক্রমে, প্রয়োজনীয় ফি পরিশোধ ও ব্যয় নির্বাহ করা হইবে।

৫। পরিষদের সভা পরিচালনা।- (১) চেয়ারম্যান পরিষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন।

(২) ধারা ৭ এর উপ-ধারা (৫) এর বিধান অনুসারে চেয়ারম্যানের অনুপস্থিতিতে সচিব, বাণিজ্য মন্ত্রণালয় সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) পরিষদ উহার যে কোন সভায় যে কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট বিষয়ের উপর মতামত প্রদানের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

(৪) কোন সভা উহার কোন আলোচ্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে ব্যর্থ হইলে বিষয়টি আলোচনার জন্য পরবর্তী সভার আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৫) কোন সভা অনিষ্পন্ন থাকলে সভাপতি উক্ত সভা মূলতবী ঘোষণা করিয়া চলমান পরবর্তী সভার তারিখ, সময় ও স্থান ঘোষণা করিবেন।

৬। সভায় নিষ্পত্তিযোগ্য কার্যাবলী।- আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য, আইনের বিধানাবলীকে ক্ষুণ্ণ না করিয়া, নিম্নবর্ণিত আর্থিক, অপারেশনাল ও বিবিধ বিষয়সমূহ পরিষদের সভায় উপস্থাপন করিতে হইবে, যথাঃ-

আর্থিক :

- (১) পরিষদ তহবিল সংক্রান্ত সকল বিষয়;
- (২) পরিষদের বার্ষিক বাজেট বিবরণী;
- (৩) চলতি অর্থ বৎসরে বাজেটে অন্তর্ভুক্ত হয় নাই এইরূপ ব্যয়ের প্রস্তাব;
- (৪) পরিষদের বার্ষিক হিসাব বিবরণী;
- (৫) পরিষদ কর্তৃক বাস্তবায়নযোগ্য কাজের মান এবং এস্টিমেট অনুমোদন;
- (৬) পরিষদের তহবিল বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব;
- (৭) পরিষদের ব্যয়ের অডিট।

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ২৯, ২০১০

৬৩২৫

অপারেশনাল :

- (১) সরকার কর্তৃক পরিষদে ন্যস্তকৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীসহ পরিষদের সকল কর্মকর্তা-কর্মচারী সংক্রান্ত বিষয়াদি;

(২) পরিষদের তহবিল দ্বারা বাস্তবায়িত সকল ধরনের কাজের মাসিক অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন।

বিবিধ : আইনের উদ্দেশ্য বাস্তবায়নকল্পে পরিষদ কর্তৃক বিবেচিত সকল বা যে কোন বিষয়।

৭। সভার সিদ্ধান্ত।- (১) আলোচ্যসূচীর কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য ভোট গ্রহণের প্রয়োজন হইলে, সদস্যগণ কর্তৃক উক্ত বিষয় উত্থাপিত ও সমর্থিত হইবার পর, সভাপতি বিষয়টি ভোটে দিবেন।

(২) কোন সদস্য ভোট প্রদানে বিরত থাকতে পারিবেন, তবে বিষয়টি সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত হইবে।

(৩) কোন সদস্য, কোন বিষয়ে, এই মর্মে ভিন্নমত পোষণ করিয়া সংক্ষিপ্ত মন্তব্য করিতে বা ভিন্নমত সম্বলিত মন্তব্য দাখিল করিতে পারিবেন যে, তিনি উক্ত সিদ্ধান্তের বিরোধিতা করিতেছেন এবং উক্তরূপ ক্ষেত্রে বিষয়টি সিদ্ধান্তের সহিত সংলগ্নী হিসাবে সংযোজন করিতে হইবে।

(৪) সভায় উত্থাপিত সকল বিষয়ে, যতদূর সম্ভব, সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে, তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোন বিষয়ে মতদ্বৈততা দেখা দিলে, সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে বিষয়টি নিষ্পত্তি করা হইবে।

৮। সভার কার্যবিবরণী।- (১) পরিষদ কর্তৃক নিযুক্ত উহার একজন কর্মকর্তা সভার আলোচনা লিপিবদ্ধ করিবেন এবং সভার কার্যবিবরণীতে উহা বিশ্বস্ততার সহিত উপস্থাপন করিবেন।

(২) পরবর্তী সভার আলোচ্যসূচীর প্রথম বিষয় হইবে পূর্ববর্তী সভার কার্যবিবরণী বিবেচনা করা এবং সংশোধনের পর, যদি প্রয়োজন হয়, উহা গ্রহণ করা :

তবে শর্ত থাকে যে, কার্যবিবরণী বিবেচনাকালে নূতন কোন বিষয় উত্থাপন, আলোচনা বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে না।

৬৩২৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ২৯, ২০১০

(৩) কার্যবিবরণী বিবেচনাকালে প্রাসঙ্গিক নূতন কোন বিষয় গুরুত্বপূর্ণ বলিয়া মনে হইলে, সিদ্ধান্তের জন্য, উহা পরবর্তী কোন সভার আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৪) কোন ব্যক্তি, পরিষদের অনুমোদন ও শর্ত সাপেক্ষে, সভার ভিডিও টেপ, আলোক চিত্র গ্রহণ, চিত্রায়ন বা বর্ণনা লিপিবদ্ধ করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্ত রূপভিডিও টেপ, আলোক চিত্র, চিত্রায়ন বা বর্ণনা সভার কার্যবিবরণী বা প্রামাণিক দলিল হিসাবে চিহ্নিত হইবে না।

৯। সিদ্ধান্তসমূহের অনুবর্তী কার্যক্রম।- সভার সিদ্ধান্তসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উহার সকল সদস্য বরাবরে পরিষদ কর্তৃক জারী করা হইবে।

১০। সভাসমূহের কার্যবিবরণী ও অন্যান্য দলিলাদির হেফাজত।- পরিষদ সভার কার্যবিবরণী এবং আনুষঙ্গিক দলিলাদি গোপনীয় দলিল হিসাবে গণ্য হইবে এবং “কার্যবিবরণী ও অন্যান্য” নামীয় একটি রেজিস্টারে তালিকাভুক্ত করিয়া উহার পরিষদের প্রশাসনে স্থায়ীভাবে সংরক্ষণ করিতে হইবে।

১১। তথ্য প্রচার।- (১) সভায় উপস্থাপিত বিষয়াদি পরিষদ কর্তৃক চূড়ান্তভাবে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোন ব্যক্তি, সরকারী বা বেসরকারী সংগঠন কিংবা গণমাধ্যমে প্রকাশ করা যাইবে না।

(২) চেয়ারম্যান গণমাধ্যমকে ব্রিফিং প্রদান করিবেন এবং চেয়ারম্যানের অনুমতি গ্রহণ ব্যতিরেকে অন্য কোন কর্মকর্তা নীতি-নির্ধারণী বিষয়ে গণমাধ্যমে কোন বক্তব্য রাখিতে পারিবেন না।

১২। অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তিকরণ।- (১) আইনের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে অভিযোগকারী ভোক্তা-অধিকার বিরোধী কার্য সম্পর্কে বা ভোক্তা-অধিকার ক্ষুণ্ণ হইলে প্রতিকার চাহিয়া যে কোন সময় ধারা ২০ এর উপ-ধারা (৪) অনুসারে অধিদপ্তরের নির্ধারিত সেল ফোন (এসএমএস করে), ই-মেইল, ফ্যাক্স, ইত্যাদি ইলেক্ট্রনিক মিডিয়া মাধ্যমে বা অন্য কোন উপায়ে লিখিতভাবে অভিযোগ দায়ের করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, অভিযোগকারী তাঁহার পূর্ণাঙ্গ নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, ফোন নম্বর, ফ্যাক্স ও ই-মেইল (যদি থাকে) এবং পেশা উল্লেখ করিবেন।

(২) অভিযোগকারী কর্তৃক উপস্থাপিত অভিযোগ আমলযোগ্য হইলে মহাপরিচালক বা এতদসম্পর্কে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা তাৎক্ষণিকভাবে যথাযথ কার্যক্রম গ্রহণ করিবেন এবং আইনের বিধান অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন কোন ব্যক্তি মিথ্যা অভিযোগ দাখিল করিলে তাহার বিরুদ্ধে দেশে প্রচলিত আইনের বিধান অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১৩। পরিদর্শন, তদন্ত বা নমুনা সংগ্রহ, ইত্যাদি।- (১) পরিদর্শন, তদন্ত এবং নমুনা সংগ্রহের জন্য মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা সংশ্লিষ্ট স্থানের মালিক, দখলদার বা এজেন্টকে অনূর্ধ্ব ৭ (সাত) দিন পূর্বে নোটিশ প্রদান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উল্লিখিত ৭ (সাত) দিন পূর্বে নোটিশ জারী করার ফলে পরিদর্শন, তদন্ত বা নমুনা সংগ্রহের উদ্দেশ্যে ব্যাহত করিতে পারে মর্মে সুস্পষ্টভাবে প্রতীয়মান হইলে সেইক্ষেত্রে ভোক্তা-অধিকার সংরক্ষণের স্বার্থে মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ঘটনাস্থলে উপস্থিত হইয়া, তাৎক্ষণিক নোটিশের মাধ্যমে, পরিদর্শন, তদন্ত বা নমুনা সংগ্রহ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর বিধান বাস্তবায়নের লক্ষ্যে পরিদর্শন, তদন্ত বা নমুনা সংগ্রহ, ইত্যাদির উদ্দেশ্যে সকল নোটিশ মালিক বা দখলদার বা এজেন্টকে নির্ধারিত পত্রবাহক কিংবা রেজিস্ট্রীয়ুক্ত ডাকে প্রেরণ করিতে হইবে এবং প্রতিটি পত্রের প্রাপ্তিস্বীকার/রেজিস্ট্রী রশিদ সংরক্ষণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) অনুসারে প্রেরিত নোটিশ গ্রহণে মালিক, দখলদার কিংবা এজেন্ট অস্বীকৃতি জানাইলে ঘটনাস্থলে বা অভিযুক্ত স্থানে উপস্থিত দুইজন স্থানীয় সাক্ষীর উপস্থিতিতে সংশ্লিষ্ট স্থান বা ভবনের প্রকাশ্য স্থানে, যাহা সহজেই জনসাধারণের দৃষ্টিগোচর হইবে, লটকাইয়া নোটিশ জারী করিতে হইবে। এইক্ষেত্রে নোটিশের আরেকটি কপি পিছনে লটকাইয়া নোটিশ জারীর কারণ উল্লেখ করিয়া সাক্ষীগণের স্বাক্ষর ও নাম-ঠিকানা লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে।

১৪। বাজেয়াপ্তকরণ পদ্ধতি।- (১) ধারা ৩৩ এর বিধান প্রতিপালনের লক্ষ্যে মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা-

- (ক) বাজেয়াপ্তকরণের বিষয় উল্লেখক্রমে সংশ্লিষ্ট পণ্যের মালিক বা অভিযুক্ত বা দখলকারকে যথাশীঘ্র সম্ভব, রেজিস্ট্রী ডাকযোগে নোটিশের মাধ্যমে অবহিত করিবেন এবং উহার প্রাপ্তিস্বীকার/রেজিস্ট্রী রশিদ সংরক্ষণ করিবেন;
- (খ) উক্ত নোটিশে সার্বিক বিষয় উল্লেখ থাকিবে এবং উহার বিরুদ্ধে সময় নির্ধারণ করিয়া আপত্তি দাখিলের জন্য নির্দেশনা থাকিবে;
- (গ) নির্ধারিত সময়ের মধ্যে আপত্তি দাখিল করা না হইলে বিষয়টি একতরফাভাবে নিষ্পত্তি করা হইবে এবং পণ্যটি তাৎক্ষণিকভাবে বাজেয়াপ্ত করা হইবে;

(ঘ) উপ-দফা (খ) এর সূত্রে আপত্তি দাখিল করা হইলে উভয় পক্ষকে শুনানীর সুযোগ প্রদান করিয়া বিষয়টি আইনানুগভাবে নিষ্পত্তি করিবেন।

১৫। পরিষদের রেকর্ডপত্র সংরক্ষণ।- পরিষদের সচিব উহার নথিপত্র সংরক্ষণ ও ব্যবস্থাপনার সার্বিক তত্ত্বাবধান করিবেন এবং উক্তরূপ তত্ত্বাবধানের নিমিত্ত চেয়ারম্যান কর্তৃক, সময়ে সময়ে, প্রদত্ত নির্দেশনা ও পরামর্শ প্রতিপালন করিবেন।

১৬। প্রতিবেদন প্রকাশ, সংরক্ষণ ইত্যাদি।- অধিদপ্তর তৎকর্তৃক সম্পাদিত কর্মকাণ্ডের ত্রৈমাসিক, ষান্মাসিক এবং বাৎসরিক প্রতিবেদন প্রকাশ করিবে, যাহা বৎসরওয়ারী অধিদপ্তরে সংরক্ষণ করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শওকত আলী ওয়ারেছী
যুগ্ম-সচিব (আইআইটি)।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৩০, ২০১০

জাতীয় ভোজা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ১৫ আষাঢ় ১৪১৭/২৯ জুন ২০১০ খ্রিস্টাব্দ

এস,আর, ও নং ২৩৬ আইন/২০১০।-ভোজা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৮১ তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় ভোজা অধিকার সংরক্ষণ পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই প্রবিধানমালা “ভোজা-অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরীক্ষা) প্রবিধানমালা, ২০১০” নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

- (১) “অধিদপ্তর” অর্থ ধারা ১৮ এর উপ-ধারা (২) এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় ভোজা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর;
- (২) “আইন” অর্থ ভোজা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নম্বর আইন);
- (৩) “জেলা কমিটি” অর্থ ধারা ১০ এর অধীন গঠিত জেলা ভোজা-অধিকার সংরক্ষণ কমিটি;
- (৪) “তহবিল” অর্থ পরিষদের তহবিল এবং জেলা কমিটির তহবিল;
- (৫) “ধারা” অর্থ আইনের কোন ধারা;
- (৬) “পরিষদ” অর্থ ধারা ৫ এর অধীন গঠিত জাতীয় ভোজা-অধিকার সংরক্ষণ পরিষদ;
- (৭) “ফরম” অর্থ এই প্রবিধানমালার কোন ফরম;
- (৮) “ভোজা-অধিকার বিরোধী কার্য” অর্থ ধারা ২ এর দফা (২০) এ সংজ্ঞায়িত ভোজা অধিকার বিরোধী কার্য; এবং
- (৯) “মহাপরিচালক” অর্থ অধিদপ্তরের মহাপরিচালক।

(৬৩৪৩)

মূল্য : টাকা ৪.০০

৩। পরিষদ তহবিল এর ব্যয় এবং পরিচালনা।- (১) ধারা ৯ এর বিধান অনুসারে পরিষদের তহবিলে জমাকৃত অর্থ হইতে, উপ-ধারা (৪) এর বিধান এবং পরিষদের অনুমোদন সাপেক্ষে, ধারা ৮ এ উল্লিখিত পরিষদের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদন এবং উহার উপর অর্পিত দায়িত্ব পালনের লক্ষ্যে, নিম্নবর্ণিত এক বা একাধিক উদ্দেশ্যে অর্থ ব্যয় করা হইবে, যথাঃ-

- (ক) ভোক্তা-অধিকার সংরক্ষণ সংক্রান্ত তথ্যাবলী সম্বলিত পুস্তিকা মুদ্রণ ও প্রকাশনা ব্যয়;
- (খ) ভোক্তা-অধিকার সম্পর্কে জনসাধারণকে সচেতন করিবার জন্য শিক্ষা ও প্রচারমূলক কার্যক্রম গ্রহণসহ সংশ্লিষ্ট বিষয়ে সভা, সেমিনার, প্রশিক্ষণ, সিম্পোজিয়াম, গোলটেবিল বৈঠক, কর্মশালা, টক-শো, ইত্যাদি আয়োজনের লক্ষ্যে যাবতীয় ব্যয়;
- (গ) ভোক্তা-অধিকার সংরক্ষণের সুফল এবং ভোক্তা-অধিকার বিরোধী কার্যের কুফল সম্পর্কে গণসচেতনতা গড়িয়া তুলিবার লক্ষ্যে সংক্ষিপ্ত ভিডিও চিত্র নির্মাণ, পোস্টার লিফলেট প্রস্তুত, টানানো ও বিতরণসহ বিভিন্ন ধরনের বাস্তবসম্মত কর্মসূচী গ্রহণের লক্ষ্যে যাবতীয় ব্যয়;
- (ঘ) ভোক্তা-অধিকার সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহের জন্য যে কোন ধরনের গবেষণা বা জরিপ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে যাবতীয় ব্যয়;
- (ঙ) ভোক্তা-অধিকার বিরোধী কর্মকাণ্ড সরেজমিনে তদারকি, পরিবীক্ষণ, ইত্যাদি কার্যক্রম গ্রহণের লক্ষ্যে যাবতীয় ব্যয়;
- (চ) অধিদপ্তরের পক্ষে মামলা দায়ের এবং উহার বিপক্ষে মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যয়;
- (ছ) ল্যাবরেটরী পরীক্ষা, উহার ধরন অনুসারে, করিতে বা করাইতে পারিবে এবং উক্তরূপ পরীক্ষার জন্য বিভিন্ন ল্যাবরেটরীতে বা গবেষণাগারে নির্ধারিত ফিস পরিশোধ করিতে পারিবে;
- (জ) সভায় উপস্থিতির জন্য পরিষদের সদস্যদের বরাবরে প্রদত্ত সম্মানী;
- (ঝ) জেলা কমিটির কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণের লক্ষ্যে বিভিন্ন স্থান ও জেলায় ভ্রমণের ক্ষেত্রে, সরকারি নিয়ম-নীতি অনুসরণক্রমে, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান;
- (ঞ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাজেট অর্থ বরাদ্দ সাপেক্ষে, পরিষদ সদস্য এবং অধিদপ্তরের কর্মকর্তাগণের বিদেশে প্রশিক্ষণ, সফর, সভা, সেমিনার বা কর্মশালায়, সরকারের নিয়ম-নীতি অনুসরণক্রমে, অংশগ্রহণজনিত ব্যয়;
- (ট) তহবিল পরিচালনার জন্য যে কোন নির্বাহী ব্যয়; এবং
- (ঠ) পরিষদ কর্তৃক, সময়ে সময়ে, প্রয়োজনীয় বলিয়া বিবেচিত যে কোন ব্যয়।
- (২) পরিষদ কর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংকে জমাকৃত অর্থ উহার চেয়ারম্যান ও পরিষদের সচিব এর যৌথ স্বাক্ষরে উত্তোলন করা যাইবে এবং তাঁহারা উক্ত তহবিল পরিচালনার জন্য পরিষদের নিকট দায়ী থাকিবেন।

৪। জেলা কমিটির তহবিল।- পরিষদ কর্তৃক বরাদ্দকৃত অর্থ জেলা কমিটির তহবিলে জমা হইবে।

৫। জেলা কমিটির তহবিল এর ব্যয় এবং পরিচালনা।- (১) ধারা ১১ এর বিধান অনুসারে জেলা কমিটি উহার উপর অর্পিত দায়িত্ব পালন ও কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে উহার তহবিলে রক্ষিত অর্থ হইতে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(২) জেলা কমিটির পক্ষে মামলা দায়ের এবং উহার বিপক্ষে মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(৩) ল্যাবরেটরী পরীক্ষা, উহার ধরন অনুসারে, করিতে বা করাইতে পারিবে এবং উক্তরূপ পরীক্ষার জন্য বিভিন্ন ল্যাবরেটরীতে বা গবেষণাগারে নির্ধারিত ফিস পরিশোধ করিতে পারিবে।

(৪) প্রবিধান ৩ এ উল্লিখিত খাতসমূহের মধ্যে জেলা কমিটির জন্য প্রয়োজ্য এইরূপ খাতে পরিষদের ন্যায় ব্যয় নির্বাহ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, এইরূপ ব্যয় নির্বাহের পূর্বে পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৫) উপ-প্রবিধান (৪) ব্যতীত জেলা কমিটির অন্যান্য প্রয়োজনীয় ব্যয় উহার তহবিল হইতে, সময়ে সময়ে, নির্বাহ করা হইবে এবং উক্তরূপ ব্যয় সংক্রান্ত একটি ত্রৈমাসিক বিবরণী পরিষদের নিকট পেশ করিবে।

(৬) জেলা কমিটির সভাপতি ও জেলা কমিটির সচিব-এর যৌথ স্বাক্ষরে, পরিষদ কর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংকে জমাকৃত জেলা কমিটির তহবিল এর অর্থ উত্তোলন করা যাইবে এবং তাঁহারা উক্ত তহবিল পরিচালনা জন্য জেলা কমিটি ও পরিষদের নিকট দায়ী থাকিবেন।

৬। পরিষদ এর তহবিল হইতে অর্থ মঞ্জুরী।-(১) পরিষদ কর্তৃক অনুমোদিত খাতে পরিষদের সচিব পরিষদ তহবিল হইতে অর্থ মঞ্জুরীর আদেশ জারী করিতে পারিবেন এবং মঞ্জুরীকৃত অর্থ একাউন্ট পেইয়ী চেক বা ব্যাংক হিসাবে স্থানান্তরের মাধ্যমে প্রদান করিতে হইবে।

(২) পরিষদ হইতে অর্থ মঞ্জুরী গ্রহণকারী ব্যক্তি বা সংস্থা, উক্ত মঞ্জুরীকৃত অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য পরিষদের সচিবের নিকট দায়ী থাকিবেন এবং পরিষদের সচিব পরিষদের নিকট দায়ী থাকিবেন।

৭। পরিষদ এবং জেলা কমিটির হিসাব সংরক্ষণ পদ্ধতি।-(১) পরিষদের সচিবের সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে তৎকর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যাবতীয় হিসাব রেকর্ড সংরক্ষণ করিবেন এবং সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন।

(২) পরিষদ তহবিল এর যাবতীয় ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য উপ-প্রবিধান (১) এ উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিষদের সচিব এর নিকট দায়ী থাকিবেন এবং পরিষদের সচিব পরিষদের নিকট দায়ী থাকিবেন।

(ক) পরিষদ তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণী “ফরম-ক” অনুসারে করিতে হইবে এবং ধারা ১৬ এর অধীন হিসাব রক্ষণ ও নিরীক্ষার কাজে সহায়তার জন্য এতদসংশ্লিষ্ট সকল কাগজাদি, তথ্য ভাউচার, ইত্যাদি সংরক্ষণ করিতে হইবে এবং এ সংক্রান্ত একটি পৃথক রেজিস্টারে সকল তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে;

(খ) পরিষদ কর্তৃক অনুমোদিত খাতে অর্থ ব্যয়ের জন্য কোন কর্মকর্তার বরাবরে অর্থ বরাদ্দ করা হইলে বরাদ্দকৃত অর্থের হিসাব প্রতি তিন মাস অন্তর সংশ্লিষ্ট কর্মকর্তা প্রত্যয়নসহ পরিষদের সচিব কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর পেশ করিবেন এবং তিনি সেই প্রত্যয়নে অনুস্বাক্ষর করিবেন;

৬৩৪৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ৩০, ২০১০

(গ) দফা (খ) এ উল্লিখিত কর্মকর্তা প্রতি তিন মাস অন্তর পরিষদের তহবিলের হিসাব বিবরণী “ফরম-খ” অনুসারে পরিষদের সচিবের নিকট দাখিল করিবেন এবং পরিষদের সচিব উক্ত বিবরণী পরিষদ সভায় উপস্থাপন করিবেন;

- (ঘ) প্রবিধান ৩ এ উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন ও সম্পাদনের উদ্দেশ্যে প্রদত্ত অর্থের অব্যয়িত হিসাব, যদি থাকে, প্রতি বৎসর ৩০ জুন তারিখের মধ্যে অর্থ বরাদ্দকৃত কর্মকর্তা বরাবর প্রদান করিতে হইবে;
- (ঙ) পরিষদের সচিব এবং তৎকর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতি অর্থ বৎসর শেষে পরিষদ তহবিল এর ক্যাশ বহি ও ব্যাংক একাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন;
- (চ) পরিষদ তহবিল এর অর্থ ব্যয়ের জন্য “ফরম-ক” অনুসারে জমা ও খরচের হিসাব বিবরণী রেজিস্টার পরিষদের সচিবের সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে তৎকর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংরক্ষণ করিবেন।

(৩) জেলা কমিটির সভাপতির সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে জেলা কমিটির সচিব তহবিলের যাবতীয় হিসাব ও রেকর্ড সংরক্ষণ করিবেন।

- (ক) জেলা কমিটির তহবিলের যাবতীয় অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত জেলা কমিটির সচিব জেলা কমিটির নিকট দায়ী থাকিবেন এবং জেলা কমিটি পরিষদের নিকট দায়ী থাকিবে;
- (খ) জেলা কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণী “ফরম-ক” অনুসারে সংরক্ষণ করিতে হইবে এবং ধারা ১৬ এর অধীন হিসাব রক্ষণ ও নিরীক্ষার কাজে সহায়তার জন্য এতদসংশ্লিষ্ট সকল কাগজাদি, তথ্য, ভাউচার, ইত্যাদি সংরক্ষণ করিতে হইবে এবং এ সংক্রান্ত একটি পৃথক রেজিস্টারে সকল তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে;
- (গ) জেলা কমিটি প্রতি তিন মাস অন্তর জেলা কমিটির তহবিলের হিসাব বিবরণী “ফরম-খ” অনুসারে পরিষদের সচিবের নিকট দাখিল করিবে এবং পরিষদের সচিব উক্ত বিবরণী পরিষদ সভায় উপস্থাপন করিবেনঃ

তবে শর্ত থাকে যে, জেলা কমিটি উহার আয়-ব্যয় সংক্রান্ত বিবরণী প্রতিমাসে অনুষ্ঠিত উহার সভায় উপস্থাপন করিবে এবং সংশ্লিষ্ট জেলা কমিটির অনুমোদন সংক্রান্ত তথ্যাদি, আপত্তি থাকিলে, উহাসহ, পরিষদের নিকট দাখিল করিবে;

- (ঘ) জেলা কমিটির সচিব প্রতি অর্থ বৎসর শেষে জেলা কমিটির তহবিল এর ক্যাশ বহি ও ব্যাংক একাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন।
- (ঙ) প্রবিধান ৫ এ উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন ও সম্পাদনের উদ্দেশ্যে প্রদত্ত অর্থের অব্যয়িত হিসাব (যদি থাকে) প্রতি বৎসর ১৫ জুন তারিখের মধ্যে বরাদ্দকৃত কর্মকর্তা বরাবর প্রদান করিতে হইবে;
- (চ) জেলা কমিটির তহবিল এর অর্থ ব্যয়ের জন্য “ফরম-ক” অনুসারে জমা ও খরচের হিসাব বিবরণী রেজিস্টার দায়িত্বপ্রাপ্ত জেলা কমিটির সচিব সংরক্ষণ করিবেন।

৮। আয় ও ব্যয়ের খাতওয়ারী শ্রেণীবিন্যাস।- (১) পরিষদ ও জেলা কমিটি কর্তৃক সকল আয় ও ব্যয় পৃথক হিসাবের খাতে বিন্যাস করিতে হইবে।

(২) সকল প্রকার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

(৩) প্রবিধান ৩ এবং ৫ এ উল্লিখিতব্যয়ের ক্ষেত্রে, প্রয়োজন অনুযায়ী, নির্ধারিত অর্থের হিসাব পৃথকভাবে যথাযথ হিসাবের ক্ষেত্রে নির্দিষ্ট করিতে হইবে।

৯। বাজেট।- (১) ধারা ১৫ এর বিধান বাস্তবায়নের লক্ষ্যে জেলা কমিটি উহার কি পরিমাণ অর্থের প্রয়োজন তাহার যথার্থতা উল্লেখপূর্বক, সরকারের নিকট উপস্থাপনের লক্ষ্যে, পরিষদের নিকট প্রতি বৎসর পরিষদ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে পেশ করিবে।

(২) পরিষদ উক্তরূপ চাহিত অর্থের উপর ভিত্তি করিয়া ধারা ১৫ অনুসারে সরকারের নিকট পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী পেশ করিবে।

১০। বাজেট বিবরণী।- পরিষদ উহার বাজেটের সহিত সংশ্লিষ্ট অর্থ বৎসর সংক্রান্ত নিম্নবর্ণিত বিবরণীসমূহ সংযুক্ত করিবে, যথাঃ-

- (ক) নিয়মিত কর্মকর্তা কর্মচারীদের নাম ও পদের তালিকা, তাঁহাদের বেতন ও বেতনক্রম এবং বেতন-ভাতা বাবদ বার্ষিক প্রয়োজনীয় অর্থের পরমাণ;
- (খ) সরকার হইতে প্রাপ্ত অর্থ এবং উহার সম্ভাব্য ব্যয় ও অর্থ বৎসর শেষের উদ্ভূতের বিবরণী;
- (গ) কোন অর্থ বৎসরের বাজেটের নতুন খাতে বাজেটে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হইলে উহার যৌক্তিকতাসহ বিস্তারিত ব্যাখ্যা;
- (ঘ) চলতি অর্থ বৎসর এবং পরবর্তী অর্থ বৎসরে কোন ব্যয়ের খাতে ব্যয়ের পরিমাণে উল্লেখযোগ্য হ্রাস-বৃদ্ধি ঘটিলে উহার কারণ সম্বলিত ব্যাখ্যা;
- (ঙ) সংশোধিত বাজেট প্রণয়নের, যদি প্রয়োজন হয়, যৌক্তিকতাসহ উহার পরিমাণ।

১১। বাজেট প্রণয়ন পদ্ধতি।- বাজেট বিবরণীতে ধারা ১৫ অনুসারে সম্ভাব্য প্রাপ্ত আয়ের এবং সম্ভাব্য ব্যয়ের বিষয়াদি সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

১২। বাজেট অনুমোদনের জন্য বিশেষ সভা।- অর্থ বৎসরের পূর্ববর্তী ৩০ জুন তারিখের মধ্যে পরিষদের বাজেট উহার একটি বিশেষ সভা কর্তৃক বিবেচিত ও অনুমোদনপূর্বক তাহার অনুলিপি সরকার এবং সংশ্লিষ্ট জেলা কমিটির সভাপতির নিকট দাখিল করিতে হইবে।

১৩। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।- (১) ধারা ১৬ এর বিধান মোতাবেক পরিষদ যথাযথভাবে উহার তহবিলের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) ধারা ১৬ এর উপ-ধারা (২) এবং (৩) এর বিধান মোতাবেক পণ্ডিতের তহবিলের নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হইবে।

(৩) জেলা কমিটি যথাযথভাবে উহার তহবিলের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(৪) বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত, বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি প্রতি বৎসর জেলা কমিটির তহবিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি পরিষদ ও জেলা কমিটির নিকট পেশ করিবেন।

(৫) উপ-প্রবিধান (৪) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি জেলা কমিটি সকল রেকর্ড, দলিল ও কাগজপত্র, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং জেলা কমিটির যে কোন সদস্যকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

৬৩৪৮

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ৩০, ২০১০

“ফরম-ক”

[প্রবিধান ৭(২)(ক) দ্রষ্টব্য]

(পরিষদ তহবিল/জেলা কমিটির তহবিল এর জমা ও খরচের হিসাব বিবরণী)

(ক) জমার বিবরণী					(খ) খরচের বিবরণী			
তারিখ	অর্থ প্রাপ্তির	ব্যাংক ড্রাফট/চেক	টাকার পরিমাণ	মোট টাকা	খরচ খাতের	ব্যাংক ড্রাফট/চেক	টাকার পরিমাণ	পরিষদের সচিব

	উৎসের বিবরণী	নং, ব্যাংক ও শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)			বিবরণী	নং, ব্যাংক ও শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)		কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুস্বাক্ষর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	মোট প্রাপ্ত টাকা				মোট খরচ			
	প্রারম্ভিক মোট				সমাপ্তি জের			
	সর্বমোট				সর্বমোট			

পরিষদ/জেলা কমিটি এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা স্বাক্ষর

পরিষদের সচিব/জেলা কমিটির সভাপতি এর

স্বাক্ষর

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ৩০, ২০১০

৬৩৪৯

“ফরম-খ”

[প্রবিধান ৭(৩)(গ) দ্রষ্টব্য]

(পরিষদের তহবিলের/জেলা কমিটির হিসাব বিবরণী)

তিন মাসের নাম : [সুনির্দিষ্টভাবে সময়কাল উল্লেখ করিতে হইবে]

বৎসর :

প্রারম্ভিক জের	তিন মাসে মোট প্রাপ্তি (খাতওয়ারী) [সময়কাল উল্লেখ]	মোট অর্থ	তিন মাসে মোট ব্যয় (খাতওয়ারী)	তিন মাসের অব্যয়িত অর্থের পরিমাণ	মন্তব্য

	করিতে হইবে]			(খাতওয়ারী)	
১	২	৩	৪	৫	৬

পরিষদের সচিব কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/জেলা কমিটির সচিব এর স্বাক্ষর	
--	--

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ এর
আদেশক্রমে,

মোঃ আবুল হোসেন মিল্লি
মহাপরিচালক

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও
সচিব

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ পরিষদ।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১৫, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২০ বৈশাখ ১৪১৯ বঙ্গাব্দ/৩ মে ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর, ও নং ১১৭-আইন/২০১২।-ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নং আইন) এর ধারা ৮০, ধারা ২২ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) “অধিদপ্তর” অর্থ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর;

(খ) “কর্তৃপক্ষ” অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ;

(গ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(ঘ) “তফসিল” অর্থ এই বিধিমানার সহিত সংযোজিত তফসিল;

(ঙ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(৬৬২২৫)

মূল্য : টাকা ৬.০০

(চ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ছ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(জ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঝ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩ নিয়োগ পদ্ধতি।-- (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথাঃ-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে;

(ঘ) আউট সোর্সিং এর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

(৪) সরাসরি নিয়োগ।--(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেনা, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা

বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, তিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি--

- (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক কৈল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং
- (খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি--

- (ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;
- (খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে বাছাই কমিটি, তফসিল-২, তফসিল-৩ বা তফসিল-৪ এ উল্লিখিত লিখিত ও মৌখিক পরীক্ষা, বা ক্ষেত্রমত, শুধু মৌখিক পরীক্ষা এর ভিত্তিতে উহার সুপারিশ প্রণয়ন করিবে।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।-- (১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী বা প্রথম শ্রেণী অথবা দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

- (২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।-- (১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে-

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

- (২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসের মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ-
- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।
- (৩) শিক্ষানবিসের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ-
- (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসের মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং
- (খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ-
- (অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং
- (আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।
- (৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল-১

[বিধি ২(ঘ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
(১)	পরিচালক	..	(ক) মোট পদের শতকরা পঞ্চাশ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) মোট পদের শতকরা পঞ্চাশ ভাগ পদ, সরকার কর্তৃক সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ উপ-পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মে ১৫, ২০১২

৬৬২২৯

১	২	৩	৪	৫
(২)	উপ-পরিচালক	..	(ক) মোট পদের শতকরা পঁচাত্তর ভাগ	পদোন্নতির ক্ষেত্রেঃ

			<p>পদ পদোন্নতির মাধ্যমেঃ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সমপদমর্যাদা সম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে; এবং (খ) মোট পদের শতকরা পঁচিশ ভাগ পদ, সরকার কর্তৃক সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্যে হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।</p>	<p>সহকারী পরিচালক বা সহকারী পরিচালক (গবেষণাগার) পদে অন্যান্য ১২ (বার) বৎসরের চাকুরী।</p>
(৩)	সহকারী পরিচালক	অনুর্ধ্ব ৩০ বৎসর	<p>(ক) মোট পদের শতকরা পাঁচ ভাগ পদ পদোন্নতির মাধ্যমেঃ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) মোট পদের শতকরা পঁচাত্তরই ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমেঃ সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওনা না গেলে, সরকার কর্তৃক সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্যে হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।</p>	<p>পদোন্নতির ক্ষেত্রেঃ ব্যক্তিগত সহকারী পদে অন্যান্য ১২ (বার) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>
(৪)	সহকারী পরিচালক (গবেষণাগার)	অনুর্ধ্ব ৩০ বৎসর	<p>পদোন্নতির মাধ্যমেঃ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং</p>	<p>পদোন্নতির ক্ষেত্রেঃ পরীক্ষক পদে অন্যান্য ০৬ (ছয়) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ অন্যান্য দ্বিতীয় শ্রেণীর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী; অথবা (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যান্য প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; এবং (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>

১	২	৩	৪	৫
(৫)	সহকারী প্রোগ্রামার	অনুর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে : পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ (ক) ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যন ১২(বার) বৎসরের চাকুরী; (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যন স্নাতক বা সমমানের ডিগ্রী; (গ) প্রোগ্রামিং এ স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ; এবং (ঘ) যে কোন উচ্চতর Language যেমন COBAL, FORTRAN, BASIC ইত্যাদিতে প্রশিক্ষণপ্রাপ্ত। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ, ফলিত পদার্থ, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি বা ব্যবসায় প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রী অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং); (খ) প্রোগ্রামিং এ স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ; এবং (গ) কোন পেশাজীবী কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য।
(৬)	পরীক্ষক	অনুর্ধ্ব ৩০ বৎসর	(ক) মোট পদের দুই-তৃতীয়াংশ পদ পদোন্নতির মাধ্যমেঃ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) মোট পদের এক-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ গবেষণাগার সহকারী পদে অন্যন ৮ (আট) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বা রসায়ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী;

১	২	৩	৪	৫
				<p>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে বিএসসি পরীক্ষায় উত্তীর্ণ; অথবা</p> <p>(গ) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ডিপ্লোমা) ডিগ্রী;</p> <p>(ঘ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>
(৭)	হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে : পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : সহকারী হিসাব রক্ষক পদে অনূন্য ৮ (আট) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।</p>
(৮)	ব্যক্তিগত সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে : পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অনূন্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্য স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং</p> <p>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>

১	২	৩	৪	৫
(৯)	গবেষণা সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) মোট পদের শতকরা বিশ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) মোট পদের শতকরা আশি ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : (ক) নমুনা সংগ্রহকারী পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকুরী; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে অনূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।
(১০)	ডাটা এন্ড্রি অপারেটর	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।		
(১১)	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অনূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ড্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজী ২০ শব্দ।
(১২)	ক্যামেরাম্যান	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অনূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ডিজিটাল স্টীল ক্যামেরায় ছবি ধারণ, সংরক্ষণ ও প্রিন্ট করার ও ভিডিও ক্যামেরা পরিচালনায় অনূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

১	২	৩	৪	৫
১৩.	সহকারী হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্যে অনূন্য দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৪.	অভিযোগ গ্রহণকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৫.	গাড়ী চালক (হালকা ও ভারী লাইসেন্স)	Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী, তবে কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।		
১৬.	নমুনা সংগ্রহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বিজ্ঞানে অনূন্য দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৭.	প্রসেস সার্ভার/ডেচপাস রাইডার	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী।		
১৮.	এমএলএসএস	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী।		
১৯.	নিরাপত্তা প্রহরী	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী।		
২০.	ক্লিনার	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী।		

তফসিল-২
[বিধি ২(ঘ) ও ৪(৬) দ্রষ্টব্য]

ব্যক্তিগত সহকারী/অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের
পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
১।	(ক) লিখিত পরীক্ষা বাংলা ইংরেজী গণিত সাধারণ জ্ঞান (খ) মৌখিক পরীক্ষা	১০০ ৩০ ৩০ ২০ ২০ ১০	৫০%	৯০ মিনিট
সর্বমোট = ১১০				

ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় এবং তফসিল-৩/তফসিল-৪ এ বর্ণিত সাঁটলিপি/কম্পিউটার মুদ্রাক্ষরিক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

তফসিল-৩
[বিধি ২(ঘ) ও ৪(৬) দ্রষ্টব্য]

ব্যক্তিগত সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষার গতি, নম্বর
ইত্যাদি।

ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজী পরীক্ষায় মোট নম্বর	বাংলা পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজী পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
সাঁটলিপি							
৮০ শব্দ	৫০ শব্দ	১০০	১০০	৪০%	৫০%	৫ মিনিট	৫ মিনিট
কম্পিউটার মুদ্রাক্ষর							
৩০ শব্দ	২৫ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

তফসিল-৪
[বিধি ২(ঘ) ও ৪(৬) দ্রষ্টব্য]

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি।

ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজী মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	বাংলা মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয়ে পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজী পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
২০ শব্দ	২০ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

- ব্যাখ্যা : (১) বাংলা ও ইংরেজী উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।
- (২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।
- (৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ সদর আলী বিশ্বাস
উপ-সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ আষাঢ় ১৪২০/৯ জুলাই ২০১৩

এস. আর. ও. নম্বর ২৪৭-আইন/২০১৩।- ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নম্বর আইন) এর ধারা ৮১, ধারা ১৩ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই প্রবিধানমালা উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন প্রবিধানমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

- (১) “আইন” অর্থ ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নম্বর আইন);
- (২) “ইউনিয়ন কমিটি” অর্থ প্রবিধান ৪ এর অধিন গঠিত ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;
- (৩) “উপজেলা কমিটি” অর্থ প্রবিধান ৩ এর অধিন গঠিত উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;
- (৪) “জেলা কমিটি” অর্থ আইনের ধারা ১০ এর অধিন গঠিত জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;
- (৫) “তহবিল” অর্থ পরিষদের তহবিল, জেলা কমিটির তহবিল, উপজেলা কমিটির তহবিল এবং ইউনিয়ন কমিটির তহবিল;
- (৬) “পরিষদ” অর্থ আইনের ধারা ৫ এর অধিন গঠিত পরিষদ; এবং
- (৭) “ফরম” অর্থ এই প্রবিধানমালার কোন ফরম।

৩। উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন।- (১) আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, প্রত্যেক উপজেলায় উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি নামে একটি উপজেলা কমিটি থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :-

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যিনি উহার সভাপতি হইবেন;

(খ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (পদাধিকারবলে);

(গ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (পদাধিকারবলে);

(ঘ) চেয়ারম্যান, বি. আর. ডি. বি. (পদাধিকারবলে);

(ঙ) পৌরসভা, যদি থাকে, এর মেয়র বা মেয়র কর্তৃক মনোনিত একজন প্রতিনিধি;

(চ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (পদাধিকারবলে);

(ছ) উপজেলা কৃষি অফিসার (পদাধিকারবলে);

(জ) উপজেলা প্রাণিসম্পদ অফিসার (পদাধিকারবলে);

(ঝ) উপজেলা মৎস্য অফিসার (পদাধিকারবলে);

(ঞ) থানা অফিসার-ইন-চার্জ (পদাধিকারবলে);

(ট) উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা অফিসার (পদাধিকারবলে);

(ঠ) উপজেলা মহিলা বিষয়ক অফিসার (পদাধিকারবলে);

(ড) অধ্যক্ষ, স্থানীয় সরকারি/বেসরকারি মহাবিদ্যালয় (পদাধিকারবলে);

(ঢ) কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ (পদাধিকারবলে);

(ণ) প্রধান শিক্ষক, স্থানীয় সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয় (পদাধিকারবলে);

(ত) অধিদপ্তর কর্তৃক মনোনিত জনপ্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন দুই জন প্রতিনিধি; এবং

(থ) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সদস্য সচিব হইবেন।

(২) উপজেলা কমিটির মনোনিত সদস্যগণ তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসর ছয় মাসের জন্য সদস্য পদে বহাল থাকিবেন; তবে শর্ত থাকে যে, অধিদপ্তর যে কোন সময় তৎকর্তৃক প্রদত্ত মনোনয়ন বাতিল করিয়া নতুন কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

৪। ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন।-আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি নামে একটি ইউনিয়ন কমিটি থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :-

(ক) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, যিনি উহার সভাপতি হইবেন;

(খ) ইউনিয়ন পরিষদের সকল সদস্য;

(গ) ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সকল সদস্য;

(ঘ) মেডিকেল অফিসার, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র;

(ঙ) ইউনিয়ন উপ সহকারি কৃষি অফিসার;

(চ) ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা;

(ছ) গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিয়ন দলনেতা (পুরুষ);

(জ) ইউনিয়ন তথ্য সেবাকেন্দ্রের উদ্যোক্তা (পুরুষ);

(ঝ) স্থানীয় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক; এবং

(ঞ) সচিব, ইউনিয়ন পরিষদ যিনি উহার সদস্য-সচিব হইবেন।

৫। উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি।—উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে পরিষদ বা জেলা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা, যদি থাকে, প্রতিপালন করা;

(খ) পরিষদ বা জেলা কমিটির কার্যাবলি সম্পাদনে পরিষদ বা জেলা কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

(গ) ভোক্তা অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করিবার জন্য প্রয়োজনীয় প্রচার কার্যক্রম পরিচালনাসহ (যেমন-প্যাম্পলেট, লিফলেট, ইত্যাদি বিতরণ ও পোস্টার, ইত্যাদি টানানো) সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা;

(ঘ) উপজেলা পর্যায়ের পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি তদারক ও পরিবীক্ষণ করা;

(ঙ) পরিষদ বা জেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং

(চ) উপরি-উক্ত কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোন কার্য সম্পাদন করা।

৬। ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলি।—ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা, যদি থাকে, প্রতিপালন করা;

(খ) পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটির কার্যাবলি সম্পাদনে পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

(গ) ভোক্তা অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করিবার জন্য প্রয়োজনীয় প্রচার কার্যক্রম পরিচালনাসহ (যেমন-প্যাম্পলেট, লিফলেট, ইত্যাদি বিতরণ ও পোস্টার, ইত্যাদি টানানো) সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা;

(ঘ) ইউনিয়ন পর্যায়ের পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি তদারক ও পরিবীক্ষণ করা;

(ঙ) পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং

(চ) উপরি-উক্ত কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোন কার্য সম্পাদন করা।

৭। উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সভা।—(১) এই প্রবিধানমালার অন্যান্য প্রবিধান সাপেক্ষে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভা উহার সদস্য-সচিব সভাপতির সাথে আলোচনাক্রমে নির্ধারিত স্থান ও সময়ে আস্থান করিবেন : তবে শর্ত থাকে যে, প্রতি মাসে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভাপতি উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে উপজেলা কমিটির ক্ষেত্রে, সভাপতির অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের অনুপস্থিতিতে মহিলা ভাইস চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করিবেন এবং ইউনিয়ন কমিটির ক্ষেত্রে, সভাপতির অনুপস্থিতিতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ও মেডিকেল অফিসারের অনুপস্থিতিতে ইউনিয়ন পরিষদের একজন প্যানেল চেয়ারম্যান ক্রমিকানুযায়ী সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) অনূন ৭ (সাত) জন সদস্যের উপস্থিতিতে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভার কোরাম গঠিত হইবে।

(৫) শুধু কোন সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন ফোরামে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৮। উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির তহবিল।—পরিষদ কর্তৃক বরাদ্দকৃত অর্থ উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির তহবিলে জমা হইবে।

৯। উপজেলা ও ইউনিয়ন কমিটির তহবিলের ব্যয় এবং পরিচালনা।—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার উপর অর্পিত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে উহার তহবিলে রক্ষিত অর্থ হইতে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(২) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির পক্ষে মামলা দায়ের এবং উহার বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(৩) ল্যাবরেটরি পরীক্ষা, উহার ধরন অনুসারে, করিতে বা করা হইতে পারিবে এবং উক্তরূপ পরীক্ষার জন্য বিভিন্ন ল্যাবরেটরিতে বা গবেষণাগারে নির্ধারিত ফি পরিশোধ করিতে পারিবে।

(৪) ভোক্তা অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরীক্ষা) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ এ উল্লিখিত খাতসমূহের মধ্যে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির জন্য প্রযোজ্য, এইরূপ খাতে পরিষদের ন্যায় ব্যয় নির্বাহ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, এইরূপ ব্যয় নির্বাহের পূর্বে পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৫) উপ-প্রবিধান (৪) ব্যতিত উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির অন্যান্য প্রয়োজনীয় ব্যয় উহার তহবিল হইতে, সময়ে সময়ে, নির্বাহ করা হইবে এবং উক্তরূপ ব্যয় সংক্রান্ত একটি ত্রৈমাসিক বিবরণী পরিষদের নিকট পেশ করিবে।

(৬) উপজেলা কমিটির ক্ষেত্রে উপজেলা কমিটির সভাপতি ও সদস্য সচিব এবং ইউনিয়ন কমিটির ক্ষেত্রে ইউনিয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে, পরিষদ কর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংকে জমাকৃত উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে এবং তাঁহারা উক্ত তহবিল পরিচালনার জন্য সংশ্লিষ্ট কমিটি ও পরিষদ এর নিকট দায়ী থাকিবেন।

১০। উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির হিসাব সংরক্ষণ পদ্ধতি।- (১) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সভাপতির সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে উপজেলা ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব তহবিলের যাবতীয় হিসাব ও রেকর্ড সংরক্ষণ করিবেন।

(২) উপজেলা ও ইউনিয়ন কমিটির তহবিলের যাবতীয় অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত উপজেলা কমিটির সদস্য সচিব উপজেলা কমিটির নিকট ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব ইউনিয়ন কমিটির নিকট দায়ী থাকিবেন এবং উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি পরিষদের নিকট দায়ী থাকিবে।

(৩) উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণী “ফরম-ক” অনুসারে সংরক্ষণ করিতে হইবে এবং আইনের ধারা ১৬ এর অধিন হিসাব রক্ষণ ও নিরীক্ষার কাজে সহায়তার জন্য এতদসংশ্লিষ্ট সকল কাগজাদি, তথ্য, ভাউচার, ইত্যাদি সংরক্ষণ করিতে হইবে এবং এ সংক্রান্ত একটি পৃথক রেজিস্টারে সকল তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে।

(৪) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর হিসাব বিবরণী “ফরম-খ” অনুসারে পরিষদের সচিবের নিকট দাখিল করিবে এবং পরিষদের সচিব উক্ত বিবরণী পরিষদ সভায় উপস্থাপন করিবেন :

তবে শর্ত থাকে যে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার আয়-ব্যয় সংক্রান্ত বিবরণী প্রতি মাসে অনুষ্ঠিত উহার সভায় উপস্থাপন করিবে এবং সংশ্লিষ্ট কমিটির অনুমোদন সংক্রান্ত তথ্যাদি, আপত্তি থাকিলে, উহাসহ, পরিষদের নিকট দাখিল করিবে।

(৫) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব প্রতি অর্থ বৎসর শেষে উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর ক্যাশ বহি ও ব্যাংক একাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন;

(৬) প্রবিধান ৯ এ উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন ও সম্পাদনের উদ্দেশ্যে প্রদত্ত অর্থের অব্যয়িত হিসাব (যদি থাকে) প্রতি বৎসর ১৫ জুন তারিখের মধ্যে অর্থ বরাদ্দকৃত কর্মকর্তা বরাবর প্রদান করিতে হইবে।

(৭) জেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর অর্থ ব্যয়ের জন্য “ফরম-ক” অনুসারে জমা ও খরচের হিসাব বিবরণী রেজিস্টার, দায়িত্বপ্রাপ্ত উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব সংরক্ষণ করিবেন।

১১। আয় ও ব্যয়ের খাতওয়ারি শ্রেণীবিন্যাস।-(১) উপজেলা ও ইউনিয়ন কমিটি কর্তৃক সকল আয় ও ব্যয় পৃথক হিসাবের খাতে বিন্যাস করিতে হইবে।

(২) সকল প্রকার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

(৩) ভোক্তা অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরীক্ষা) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ এবং এই প্রবিধানমালার প্রবিধান ৯ এ উল্লিখিত ব্যয়ের ক্ষেত্রে, প্রয়োজন অনুযায়ী, নির্ধারিত অর্থের হিসাব পৃথকভাবে যথাযথ হিসাবের খাতে নির্দিষ্ট করিতে হইবে।

১২। বাজেট।- প্রত্যেক উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার কী পরিমাণ অর্থের প্রয়োজন তাহার যথার্থতা উল্লেখপূর্বক, সরকারের নিকট উপস্থাপনের লক্ষ্যে, পরিষদের নিকট প্রতি বৎসর, পরিষদ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে পেশ করিবে।

১৩। হিসাবরক্ষণ ও নিরীক্ষা।-- (১) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি যথাযথভাবে উহার তহবিলের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি প্রতি বৎসর উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি পরিষদ এবং সংশ্লিষ্ট কমিটির নিকট পেশ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধিন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সকল রেকর্ড, দলিল ও কাগজপত্র, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর যে কোন সদস্যকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি

“ফরম-ক”

[উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ১০(৩) দ্রষ্টব্য]

উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণীঃ

অর্থ উৎসব :

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সদস্য সচিবের নাম ও পদবি :

জমার বিবরণী					খরচের বিবরণী			
তারিখ	অর্থ প্রাপ্তির উৎসের বিবরণী	ব্যাংক ড্রাফট/চেক নম্বর, ব্যাংক শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে), ইত্যাদি	টাকার পরিমাণ	মোট প্রাপ্তি	খরচ খাতের বিবরণী	ব্যাংক ড্রাফট/চেক নম্বর, ব্যাংক শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে), ইত্যাদি	টাকার পরিমাণ	মোট প্রাপ্তি
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
মোট প্রাপ্ত টাকা :					মোট প্রাপ্ত টাকা :			
প্রারম্ভিক মোট :					প্রারম্ভিক মোট :			
সর্বমোট :					সর্বমোট :			

উপজেলা/ইউনিয়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর

উপজেলা/ইউনিয়ন কমিটির সভাপতির স্বাক্ষর

উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি

“ফরম-খ”

[উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ১০(৪) দ্রষ্টব্য]

উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণীঃ

তিন মাসের নাম :

অর্থ উৎসব :

প্রিস্টান্দ :

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সদস্য সচিবের নাম ও পদবি :

প্রারম্ভিক জেরমাসের মোট প্রাপ্তি		মোট অর্থ (১+৩)মাসের মোট ব্যয়		মাসের অধ্যায়িত অর্থের পরিমাণ	মন্তব্য
	তারিখ	মোট প্রাপ্তি		ব্যয়ের খাত	ব্যয় বিবরণী	মোট ব্যয়		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

উপজেলা/ইউনিয়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর

উপজেলা/ইউনিয়ন কমিটির সভাপতির স্বাক্ষর

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ এর আদেশক্রমে

মোঃ আবুল হোসেন শিঞা

মহাপরিচালক

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও

সচিব

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ।

৬.০ যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় :

পরিবর্তনশীল ও প্রতিযোগিতামূলক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে কর্পোরেট বাণিজ্য প্রসারে জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস (আরজেএসসি) নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে আরজেএসসি আন্তর্জাতিক প্রতিষ্ঠান কর্পোরেট রেজিস্ট্রার ফোরাম (সিআরএফ) এর নিয়মিত সদস্য। সরকারের “ডিজিটাল বাংলাদেশ” অঙ্গীকারের আলোকে ২০১০ সন থেকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর হচ্ছে বাংলাদেশের প্রথম ডিজিটাল অফিস। এ অফিসের যাবতীয় কার্যাদি বর্তমানে অনলাইনে সম্পন্ন হচ্ছে। পূর্বেকার চিত্র ছিল গ্রাহকদের নিকট ম্যানুয়াল পদ্ধতির অশেষ বিড়ম্বনা। বর্তমানে ব্যাংকের মাধ্যমে ফিস প্রদানের সুযোগ সৃষ্টি হওয়ায় সেবা প্রদান দ্রুততর ও স্বচ্ছ হয়েছে। তাছাড়া অনলাইনে নথি পর্যবেক্ষণ এবং কঠোর জবাবদিহিতার ফলে ইতোমধ্যে বাংলাদেশে ব্যবসা নিবন্ধন প্রক্রিয়া বিশ্বমানে উন্নীত হয়েছে।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের ঢাকাস্থ সদর দপ্তর ব্যতীত পুরাতন ৩টি বিভাগীয় সদরে এর কার্যালয় রয়েছে। এ পরিদপ্তর থেকে কোম্পানি আইন-১৯৯৪, অংশীদারি আইন-১৯৩২, ট্রেড অর্গানাইজেশন অধ্যাদেশ- ১৯৬১ এবং সোসাইটি রেজিস্ট্রেশন আইন- ১৮৬০ এর ভিত্তিতে প্রতিদিন বিভিন্ন কোম্পানি/অংশীদারি ফার্ম/বাণিজ্য সংগঠন ও সোসাইটির নিবন্ধন ও নিবন্ধন পরবর্তী কার্যাদি অনলাইনের মাধ্যমে সম্পন্ন হচ্ছে। বর্তমানে কোম্পানি, পার্টনারশীপ, সোসাইটি এবং ট্রেড অর্গানাইজেশনসহ মোট প্রতিষ্ঠানের সংখ্যা প্রায় ১,৮৬,০০০/- (এক লক্ষ ছিয়াশি হাজার) এ উন্নীত হয়েছে। স্বাধীনতাত্তোর কালে এ সংখ্যা ছিল আনুমানিক ৫ (পাঁচ) হাজার। বলাবাহুল্য, এ অফিসের কাজের পরিধি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় এর বর্তমান অনলাইন সেবাসমূহ/কার্যাবলি :

১. নামের ছাড়পত্র প্রদান;
২. কোম্পানি/অংশীদারি ফার্ম/বাণিজ্য সংগঠন ও সোসাইটি নিবন্ধন;
৩. রিটার্ন ফাইলিং;
৪. প্রত্যায়িত অনুলিপি প্রদান;
৫. কোম্পানির অবসায়ন;
৬. নিষ্ক্রিয় কোম্পানির নাম কর্তন;
৭. কোম্পানির মালিকানা সংক্রান্ত হালনাগাদ তথ্য সংরক্ষণ;
৮. বন্ধক এবং ঋণ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ।

The Companies Act (Bangladesh), 1994

(See section 404)

(Published by Notification No. SRO 177-law dated 1-10-95. of Ministry of Commerce)

17. The Corporation shall, by such date in each year as may be prescribed by rules, submit to the Government for approval as statement, to be called the annual Budget Statement, in the prescribed form for each financial year showing the estimated receipts and expenditure as the sums which are likely to be required from the Government during the financial year.
18. (1) The Corporation shall maintain proper accounts and shall prepare annual statement of accounts, including the profit and loss account and balance sheet, in accordance with such general directions as may be issued and in such form as may be prescribed, by the Government.

(2) The accounts of the Corporation shall be audited by not less than two auditors, being chartered accounts within the meaning of the Chartered Accountants Ordinance, 1961 (Ord. No. X of 1961), Who shall be appointed by the Government.

(3) Every auditor appointed under clause (2) shall be given a copy of the annual balance sheet and other accounts of the corporation and shall examine it together with the account books and vouchers relating thereto; and shall have a list delivered to him of all books kept by the Corporation and shall at all reasonable times have access to the books, accounts and other documents of the Corporation, and may in relation to such account examine any Director or officer of the Corporation.

(4) The auditors shall report to the Government upon the annual balance sheet and accounts, and in their report they shall state whether in their opinion, the balance-sheet contains all necessary particulars and is properly drawn up so as to exhibit a true and correct view of the state of the Corporation's affairs, and they have called for any explanation or information from the Board, whether it has been given and whether it is satisfactory.

(5) The Government may, at any time issue directions to the auditors requiring them to report to it upon the adequacy of measure taken by the Corporation for the protection of the interest of the Government and of the creditors of the Corporation or upon the sufficiency of their procedure in auditing the affairs of the Corporation and may, at any time, enlarge or extend the scope of the audit or direct that different procedure in audit shall be adopted or that any other examination shall be made by the auditors or any other person or persons if, in its opinion, the interest of the Government so requires.

19. (1) The Corporation shall furnish to the Government such returns, reports and statements as the Government may from time to time require.

(2) The Corporation shall, as soon as possible after the end of every financial year, furnish to the Government a statement of accounts audited by the auditors under Article 18 together with an annual report on the conduct of its affairs for that year and on its proposal for the next ensuing financial year.

(3) The copies of the audited accounts and annual report received by the Government under clauses (2) shall be published in the official Gazette and shall be laid before the Legislature.

20. After making Provisions for bad and doubtful debts, depreciation of assets and such other matter as may be prescribed by regulations, the Corporation may, out of its net annual profits, establish a reserve fund and any surplus remaining thereafter shall be paid to the Government.

21. Every Director shall be liable to the Corporation against all losses and expenses incurred by him in the discharge of his duties except such as are caused by his own wrongful act or default.

22. No provision of law relating to the winding up of companies shall apply to the Corporation and the Corporation shall not be wound up or dissolved by order of the Government and in such manner as it may direct.

23. Notwithstanding anything contained in any other law for the time being in force or any memorandum or articles of association, deed or other instrument, on the commencement of this Order,-

(a) all assets of the Trading Corporation of Pakistan Limited, hereinafter referred to as the said company, in Bangladesh shall stand transferred to and vested in, the Corporation.

Explanation- The expression “assets” includes all rights, powers, authorities and privileges all property, movable and immovable, including lands, building, cash balance, bank deposit, reserve funds, investments and all other rights and interest in, or arising out of, such property and all books of accounts, registers, records and all other documents of whatever nature relating thereto;

(b) all debts and liabilities incurred, all obligations undertaken, all contracts entered into all agreements made in Bangladesh by or with the said company shall, unless the Government otherwise directs stand transferred to and be deemed to, have been incurred, undertaken, entered into or made by or with, the Corporation;

(c) all suits or other legal proceeding instituted by or against the said company in Bangladesh before the commencement of this Order shall, unless the Government otherwise directs, be deemed to have been instituted by or against the Corporation and may be continued or processed with accordingly;

(d) all officers and other employees of the said company in Bangladesh shall stand transferred to the Corporation on such terms and conditions as the Corporation any determine;

Provided that an officer or other employee so transferred shall have the Corporation not to continue in the service of the Corporation.

24. The Government may, by notification in the official Gazette, make rules for the purpose of giving effect to the provisions of this Order.

25. 1) The Board may, with the previous approval of the Government make regulations, not inconsistent with the provisions of this Order and the rules, to provide for all matters for which provisions is necessary or expedient for the purpose of this Order.

(2) All regulations made under this Article shall be published in the Official Gazette and shall come into force such publications.

The Government may, by notification in the official Gazette, make rules for the purpose of giving effect to the provisions of this Order.

Dhaka
The 12th June of 1972

ABU SAYEED CHOWDHURY
President of the
People’s Republic of Bangladesh

AZIMUDDIN AHMED
Deputy Secretary

N.B. [Trading Corporation of Bangladesh (Amendment) Act, 1974. পরিশিষ্ট-চ]



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৩০, ১৯৯২

৮ম খন্ড - বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
প্রশাসন বিভাগ
প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই মে, ১৯৯২/৩০শে বৈশাখ, ১৩৯৯

এস,আর, ও নং-১০৭-আইন/৯২- Trading Corporation of Bangladesh Order, 1972 (P.O. No.68 of 1972) এর Article-25 এ প্রদত্ত ক্ষমতাবলে Trading Corporation of Bangladesh Gi Board of Directors সরকারের পূর্বানুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথাঃ-

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ। - (১) এই প্রবিধানমালা ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরী শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা। - বিষয় বা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে এই প্রবিধানমালায় -

(ক) “অসদাচরণ” বলিতে চাকুরীর শৃংখলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারীর বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয়, এমন আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথাঃ-

(১) উর্দ্ধতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;

(২) কর্তব্যে গুরুতর অবহেলা;

(৩) কোন আইন সংগত কারণ ব্যতিরেকে সংস্থা এর কোন আদেশ পরিপত্র এবং নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং

(৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর, মিথ্যা ও অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশ করা।

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ বলিতে সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;

- (গ) কর্পোরেশন বলিতে Trading Corporation of Bangladesh Order. 1972 (P.O. No.68 of 1972) এর অধীনে প্রতিষ্ঠিত কর্পোরেশনকে বুঝাইবে;
- (ঘ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য বোর্ড কর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং উক্ত কর্মকর্তার উর্দ্ধতন কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঙ) “কর্মকর্তা” বলিতে কর্পোরেশন এর স্থায়ী ও অস্থায়ী কোন কর্মকর্তাকে বুঝাইবে;
- (চ) “কর্মচারী” বলিতে কর্পোরেশন এর যে কোন কর্মচারীকে, অস্থায়ী বা স্থায়ী যাহাই হউক বুঝাইবে এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ছ) “তফসিল” বলিতে এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;
- (জ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে কর্পোরেশনকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য ছয় মাসের মধ্যে বোর্ডের অনুমোদন সাপেক্ষে চেয়ারম্যানকে বুঝাইবে;
- (ঝ) “পদ” বলিতে তফসিলে উল্লিখিতকোন পদকে বুঝাইবে;
- (ঞ) “পলায়ন” বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্তব্যস্থল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদুর্ধ্ব সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদুর্ধ্ব সময় পুণঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা এবং ত্রিশ দিন বা তদুর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অননুমোদিত সময়ের পর ষাট দিন বা তদুর্ধ্ব সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে;
- (ট) “বোর্ড” বলিতে কর্পোরেশন এর বোর্ড অব ডাইরেক্টরকে বুঝাইবে;
- (ঠ) “বিজ্ঞাপন” বলিতে ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা অন্যান্য গণ-মাধ্যমে প্রকাশিত বিজ্ঞাপনকে বুঝাইবে;
- (ড) “শিক্ষানবিস” বলিতে কোন স্থায়ী শূণ্যপদের বিপরীতে শিক্ষানবীস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীকে বুঝাইবে; এবং
- (ঢ) “সম্মানী” বলিতে মাঝে মাঝে প্রয়োজন হয় এইরূপ বিশেষ বা কষ্টসাধ্য কাজের স্বীকৃতিস্বরূপ অনাবর্তক ধরনের নগদ পুস্কারকে বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়

সরাসরি নিয়োগ

৩। সরাসরি নিয়োগ দান। - (১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবে না, যদি তিনি-

- (ক) বাংলাদেশের নাগরিক না হয়; অথবা
- (খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন;
- (২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবে না যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়ঃসীমা তফসীলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়;
- (৩) কোন পদেই সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না যে পর্যন্তনা-
- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে সংস্থা কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পরীক্ষা বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন।
- (খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, কর্পোরেশন এর চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।
- (৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদে উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে পূরণ করা হইবে এবং বিভিন্ন সময়ে এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকারের জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৫) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে এতদুদ্দেশ্যে চেয়ারম্যান অথবা পর্ষদ কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগ দান করা হইবে।

৪। শিক্ষানবিসি। - (১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের জন্য শিক্ষানবিসি থাকিবেন;

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অতিরিক্ত অনূর্দ্ধ ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবেন।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বিভিন্ন সময়ে সংস্থা কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিয়া থাকেন।

তৃতীয় অধ্যায় চাকুরীর সাধারণ শর্তাবলী

৫। যোগদানের সময়। - (১) অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে কোন নুতন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথাঃ -

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন; এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পন্থায় ভ্রমণে প্রকৃতপক্ষে অতিবাহিত সময়ঃ তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে বন্ধের দিন গণনা করা হইবে না।

(২) কোন বিশেষ ক্ষেত্রে কর্পোরেশন উপ-প্রবিধান(১) এর অধীনে প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৩) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্যত্র বদলী হইলে, অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এমন কোন নুতন পদে নিয়োগ প্রাপ্ত হইলে, তাহার পুরাতন চাকুরীস্থল, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দুইয়ের মধ্যে যে স্থান কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয় সে স্থান হইতে তাহার যোগদানের সময় গণা করা হইবে।

(৪) যদি কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বা এক পদ হইতে অন্য পদে, যোগদানের অন্তর্বর্তীকালীন সময় ছুটি গ্রহণ করেন, তবে তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে যে সময় অতিবাহিত হয় তাহা মেডিক্যাল সার্টিফিকেট পেশ করিয়া ছুটি গ্রহণ না করিলে, ছুটির অন্তর্ভুক্ত হইবে।

৬। বেতন ও ভাতা। - সরকার বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেরূপ হইবে।

৭। প্রারম্ভিক বেতন। - কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন বেতনই তাহার প্রারম্ভিক বেতন।

(২) সংশ্লিষ্ট ব্যক্তির বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ তাহাকে, উপরোক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে, নির্দেশাবলী জারী করে তদনুসারে সংস্থা এর কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

৮। পদোন্নতির ক্ষেত্রে বেতন। - কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত ক্ষেত্রের বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্য বেতনক্রম তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

৯। বেতন বর্ধন। - (১) বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত বেতন বর্ধন মঞ্জুর করা হইবে।

(২) যদি বেতন বৃদ্ধি স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ তাহা উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিসি সাফল্যজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কর্তৃপক্ষ সংস্থার কোন কর্মচারীকে এক সংগে অনধিক দুইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবেন।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মঞ্জুরী ব্যতীত তাহার দক্ষতা সীমার অব্যবহিত উপরের বেতন বৃদ্ধি অনুমোদন করা যাইবে না। এইরূপ মঞ্জুরীর ক্ষেত্রে প্রতিবেদনকারী কর্মকর্তার এই মর্মে সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম ছিল দক্ষতা সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত।

১০। জ্যেষ্ঠতা। - (১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন পদে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাদের মেধা তালিকা অনুসারে সংশ্লিষ্ট বাছাই কমিটি যে সুপারিশ করেন সেই সুপারিশের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতি প্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হইবেন।

(৪) যেক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হয় সেক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।

(৫) সংস্থা ইহার কর্মচারীদের গ্রেডওয়ারী জ্যেষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবেন এবং সময় সময় তাহাদের অবগতির জন্য প্রকাশ করিবেন।

(৬) কর্মচারীদের ক্ষেত্রে The Govt. Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এর বিধানসমূহে, উহাতে প্রয়োজনীয় সংশোধনসহ, প্রযোজ্য হইবে।

১১। পদোন্নতি। - (১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতির দাবী করিতে পারিবে না।

(৩) টাকা ৩৭০০-৪৮২৫ ও তদুর্ধ্ব বেতনক্রমের পদসমূহে পদোন্নতি মেধা তথা জ্যেষ্ঠতার ভিত্তিতে হইবে।

(৪) কোন কর্মচারীকে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে ব্যতিক্রমী ক্ষেত্রে হিসাবে পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১২। প্রেষণ ও পূর্বস্বত্ব। - (১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, সংস্থা যদি মনে করে যে উহার কোন কর্মকর্তার পারদর্শিতা তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন কর্পোরেশন, অতঃপর হাওলাত গ্রহণকারী কর্পোরেশন বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে সংস্থা এবং হাওলাত গ্রহীতা কর্পোরেশনের মধ্যে পারস্পরিকভাবে সম্মত মেয়াদে ও শর্তাধীনে হাওলাত গ্রহণকারী কর্পোরেশনের অনুরূপ বা সদৃশ পদে কর্মরত থাকিবার জন্য কোন কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারেঃ

তবে শর্ত থাকে যে কোন কর্মকর্তাকে তাহার সম্মতি ব্যতিরেকে হাওলাত গ্রহীতা কর্পোরেশনে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া যাইবে না।

(২) কোন পাবলিক কর্পোরেশন সংস্থার কোন কর্মকর্তার চাকুরীর আবশ্যিকতা রহিয়াছে বলিয়া বোধ করিলে (অতঃপর হাওলাত গ্রহণকারী কর্পোরেশন বলিয়া উল্লিখিত) সংস্থা এর নিকট অনুরূপ আবশ্যিকতার কারণ বর্ণনা করিয়া অনুরোধ জানাইবেন এবং অনুরোধ প্রাপ্তির পর সংস্থা উক্ত কর্মকর্তার সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী কর্পোরেশন কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) তে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ-

(ক) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্রে ছাড়া, তিন বৎসরের অধিক হইবে না।

(খ) সংস্থার চাকুরীতে কর্মকর্তার পূর্বস্বত্ব থাকিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপূর্বেই ইহার অবসান ঘটিলে তিনি কর্পোরেশনে প্রত্যাবর্তন করিবেন।

(গ) হাওলাত গ্রহীতা কর্পোরেশন কর্মকর্তার ভবিষ্যৎ তহবিল ও পেনশন তহবিল, যদি থাকে, তবে উহাতে অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে, তিনি সংস্থায় এ পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয় অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে সংস্থায় প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকা কালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে সংস্থায় তাহাকে ফেরৎ চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তবে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মকর্তাকে হাওলাত গ্রহীতা কর্পোরেশনের স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে কোন আর্থিক সুবিধা ছাড়া Next below Rule অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে।

(৭) শৃংখলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহীতা কর্পোরেশন প্রেষণে কর্মরত কর্মকর্তার বিরুদ্ধে শৃংখলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে সংস্থা এর ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃংখলামূলক কার্যক্রম গ্রহণ সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী কর্পোরেশন অত্র সংস্থাকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মকর্তার বিরুদ্ধে সূচিত শৃংখলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী কর্পোরেশন যদি এইরূপ মত পোষণ করেন যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক তাহা হইলে উক্ত কর্পোরেশন উহার রেকর্ডসমূহ সংস্থা এর নিকট প্রেরণ করিবেন এবং অতঃপর সংস্থা যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করেন সেইরূপ আদেশ প্রদান করিবেন।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৩। বিভিন্ন প্রকারের ছুটি। - (১) কোন কর্মচারী নিম্নবর্ণিতযে কোন ধরনের ছুটি পাইবেন, যথাঃ-

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অস্বাভাবিক ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগরোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যবিধ ছুটি মঞ্জুর করিতে পারেন এবং ইহা বন্ধের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান হইতে পারে।

(৩) পর্ষদ/চেয়ারম্যান এর পূর্ব অনুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারেন।

১৪। পূর্ণ বেতনে ছুটি। - (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা ছুটির হিসাবের অন্য খাতে জমা দেখানো হইবে, উহা হইতে ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিত্ত-বিনোদনের জন্য পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৫। অর্ধ বেতনে ছুটি। - (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে অর্ধ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) অর্ধ বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে, ডাক্তারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, একদিনের পূর্ণ বেতনে ছুটির হারে গড় বেতনে ছুটিতে সর্বোচ্চ বার মাস পর্যন্ত পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৬। প্রাপ্যতাবিহীন ছুটি। - (১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে তিন মাস পর্যন্ত অর্ধ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) যখন কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসেন তখন তিনি পূর্বেই যে ছুটি ভোগ করিয়াছেন সেই ছুটি অর্জিত না হওয়া পর্যন্ত নতুনভাবে গড় অর্ধ বেতনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৭। অসাধারণ ছুটি।— (১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে, বা অন্য কোন প্রকার ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে অস্বাভাবিক ছুটির জন্য আবেদন করেন তখন তাহাকে অসাধারণ ছুটির মঞ্জুর করা যাইতে পারে।

(২) অসাধারণ ছুটির মেয়াদ একেবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিতক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারেঃ—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি সংস্থার এ চাকুরী করিবেন, অথবা—

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা

(গ) যে ক্ষেত্রে সংস্থা এই মর্মে সন্তুষ্ট হয় যে, কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বর্হিভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) ছুটি মঞ্জুর করার ক্ষমতা সম্পন্ন কর্তৃপক্ষ কোন কর্মচারী বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকারিতাসহ অসাধারণ ছুটিতে রূপান্তর করিতে পারেন।

১৮। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাত প্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করিতে পারেন।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে ব্যক্তি অক্ষম হন সেই ব্যক্তি অনুরূপ অক্ষমতার কারণে অবিলম্বে কর্তৃপক্ষকে অবহিত না করিলে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া চিকিৎসা পরিষদ প্রত্যায়ন করিবে সেই মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে এবং চিকিৎসা পরিষদের প্রত্যায়ন ব্যতিরেকে তাহা বর্ধিত করা হইবে না, এবং উক্ত ছুটি কোনক্রমেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরনের অবস্থার পরবর্তী কালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে। তবে অনুরূপ ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না এবং তাহা যে কোন একটি অক্ষমতার কারণে মঞ্জুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আনুতোষিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্য হয় সেক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণ্য হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথাঃ— (ক) উপরিউক্ত উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোনমেয়াদের ছুটির প্রথম চার মাসের জন্য পূর্ণ বেতন; এবং (খ) এইরূপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানসমূহের প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আঘাত প্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ঝুঁকি বর্হিভূত অসুস্থতা বা জখম বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতার দরুন অক্ষম হইয়াছেন।

১৯। সংগরোধ ছুটি।— (১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয় তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সে সময়কাল হইবে সংগরোধ ছুটি।

(২) অফিস প্রধান কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অনুর্ধ্ব ২১(একুশ) দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০ দিনের জন্য সংগরোধ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৩) সংগরোধের জন্য প্রয়োজনীয় উপ-প্রবিধান (২) এ উল্লেখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে উহা সাধারণ ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্য সর্বাধিক ছুটি সাপেক্ষে প্রয়োজন হইবে অন্যবিধ ছুটির সহিত সংগরোধ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সংগরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২০। প্রসূতি ছুটি। - (১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাবে হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্য অন্য কোন ছুটির সহিত একত্রে বা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) এ সংস্থায় চাকুরী জীবনে কোন কর্মচারীকে দুইবারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২১। অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি- (১) কোন কর্মচারীর ছয় মাস পর্যন্তপূর্ণ বেতনে এবং আরও ছয় মাস অর্ধ বেতনে অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পরেও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু আটাল বৎসরের বয়স-সীমা অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে এক মাস পূর্বে অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটিতে যাইবেন।

২২। অধ্যয়ন ছুটি। - (১) সংস্থা তাহার চাকুরীর জন্য সহায়ক এইরূপ বৈজ্ঞানিক কারিগরী বা অনুরূপ সমস্যাদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন কর্মচারীকে কর্তৃপক্ষ অর্ধ বেতনে অনধিক বার বাস অধ্যয়নের জন্য ছুটি মঞ্জুর করিতে পারেন যাহা তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ শিক্ষা কোর্স ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম সে ক্ষেত্রে সময়ের স্বল্পতা পূরণকল্পে সংস্থা তাহাকে অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারেন।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্জুরকৃত ছুটি কোনক্রমেই একত্রে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৩। নৈমিত্তিক ছুটি। - (১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবেন কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৪। ছুটির পদ্ধতি। - (১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব সংস্থা কর্তৃক নির্ধারিত নিয়ম পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন সংস্থা কর্তৃক নির্ধারিত ফরমে হইতে হইবে।

(৩) আবেদনকারী কর্মচারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে তবে তিনি আনুষ্ঠানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে তাহাকে অনূর্ধ্ব ১৫(পনের) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৩। ছুটিকালীন বেতন। - (১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষে যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবে না।

২৬। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।— (১) ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তারিখ তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এই এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য তিনি ভ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৭। ছুটি নগদায়ন।—(১) যে কর্মচারী অবসর ভাতা বা ভবিষ্যৎ তহবিলের সুবিধা গ্রহণের জন্য সিদ্ধান্তগ্রহণ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালের জন্য সর্বাধিক বার মাস পর্যন্ত ডু, প্রতি বৎসরে প্রত্যাখ্যাত ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

২৮। ভ্রমণ ভাতা ইত্যাদি।— কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থে ভ্রমণকালে, বা বদলী উপলক্ষ্যে ভ্রমণকালে, সরকার কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী, ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৯। সম্মানী, ইত্যাদি।— (১) সংস্থা উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্মসম্পাদনের জন্য অথবা বিশেষ মেধায় প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা উন্নয়নমূলক কর্মসম্পাদনের জন্য সম্মানী অর্থ বা নগদ অর্থ বা পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ পুরস্কার মঞ্জুর করা হইবে না যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশ না করা হয়।

৩০। দায়িত্ব ভাতা।— কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১(একুশ) দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে তাহাকে মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে।

৩১। বোনাস।— সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক সংস্থা এর কর্মচারীদেরকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর বৃত্তান্ত

৩২। চাকুরীর বৃত্তান্ত—(১) পৃথক পৃথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত রক্ষণাবেক্ষণ করা হইবে এবং সংস্থা কর্তৃক নির্দিষ্ট চাকুরী বহি সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারীর কর্তব্য প্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পরে উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি পরিদর্শকালে উহাতে কোন ভুল বা বিলুপ্তি দেখিতে পান, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়াদি লিখিতভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন।

৩৩। বার্ষিক প্রতিবেদন।— (১) সংস্থা কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে এবং সংস্থার কোন কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রয়োজন হইলে তাহাও সংস্থা চাহিতে পারিবেন।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিরূপ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ৎ প্রদানের কিংবা তাহার নিজের সংশোধনের সুযোগ দেওয়ার জন্য তাহাকে তৎসম্পর্কে অবহিত করা হইবে।

সপ্তম অধ্যায়
সাধারণ আচরণ ও শৃংখলা

৩৪। আচরণ ও শৃংখলা। –(১) প্রত্যেক কর্মচারী-

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন; এবং
- (গ) সততা ও অধ্যবসায়ের সহিত সংস্থায় চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী –

- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং সংস্থা এর স্বার্থের পরিপন্থি কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না।
- (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না।
- (গ) সংস্থা এর সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না।
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না।
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবে না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসায়ের পরিচালনা করিবেন না।
- (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না এবং
- (ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতীত অন্য কোন খন্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারী সংস্থা এর নিকট বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না, কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবী সমর্থনে সংস্থার বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী/সরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।

(৬) কোন কর্মচারী সংস্থার বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঋণ গ্রহণতা পরিহার করিবেন।

৩৫। দন্ডের ভিত্তি। – কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী-

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা
- (খ) অসাদাচরণের দায়ে দোষী হন; অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা
- (ঘ) অদক্ষ হন অথবা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা
- (ঙ) নিম্নবর্ণিত কারণে দুর্নীতিপরায়ন হন বা যুক্তিসংগতভাবে দুর্নীতিপরায়ন বলিয়া বিবেচিত হন; যথাঃ-

(১) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ এইরূপ অর্থ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন;

- (২) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবনযাপন করেন, অথবা
- (চ) চুরি, আত্মসাৎ, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী হন, অথবা
- (ছ) কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত হন, বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে যে উক্ত অন্যান্য ব্যক্তিগণ কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং তাহাকে চাকুরীতে রাখা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারেন।

৩৬। দণ্ডসমূহ। - (১) এই প্রবিধানের অধীনে নিম্নোক্ত দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথাঃ-

(অ) লঘু দণ্ড-

- (ক) তিরস্কার;
- (খ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন স্থগিত রাখা;
- (গ) ৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন;

(আ) গুরু দণ্ড-

- (ঘ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;
- (ঙ) কর্মচারী কর্তৃক সংঘটিত সংস্থা এর আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য খাতের পাওনা হইতে আদায়করণ;
- (চ) চাকুরী হইতে অপসারণ; এবং
- (ছ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণ এর ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে ভবিষ্যতে কর্পোরেশন এর চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবে।

৩৭। ধ্বংসাত্মক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি। - (১) প্রবিধান ৩৫(ছ) অনুসারে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ-

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন;
- (খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন; এবং
- (গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তোষ হন যে, বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সে ক্ষেত্রে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে না।

(২) যে ক্ষেত্রে, উপ-প্রবিধান ১(গ) অনুসারে তদন্ত কমিটি হয়, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার নিচে নহেন এমন তিন জন কর্মচারীর সমন্বয়ে, তদন্ত কমিটি গঠন করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেরূপ উপযুক্ত বলিয়া মনে করিবেন সেইরূপ নির্দেশ প্রদান করিবেন।

৩৮। লঘু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি। - (১) প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যে তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরস্কার অপেক্ষা কঠোরতর কোন দণ্ড প্রদান করা হইলে, তাহা হইলে কর্তৃপক্ষ-

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবেন এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ৎ দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবেন; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ৎ যদি কিছু থাকে, বিবেচনা করিবেন এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ৎ পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ-সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারেনঃ-

তবে শর্ত থাকে যে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবেন, এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তের প্রতিবেদন দাখিল করিবেন।

(২) তদন্তকারী কর্মকর্তার সিদ্ধান্তপাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্তগ্রহণ করিবেন অথবা প্রয়োজন মনে করিলে অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারেন।

(৩) অধিকতর তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্তগ্রহণ করিবেন।

(৪) বিলুপ্ত হইয়াছে।

(৫) যে ক্ষেত্রে প্রবিধান ৩৫ এর দফা (ক) বা (খ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কারের দণ্ড প্রদান করা হইবে সেক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে তাহার শুনানী গ্রহণ করতঃ দণ্ডের কারণ লিপিবদ্ধ করার পর অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দণ্ড আরোপ করিতে পারেন, তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকার করেন, তাহা হইলে শুনানী ব্যতিরেকেই তাহার উপর উক্ত দণ্ড আরোপ করা যাইবে, অথবা উপ-প্রবিধান (১) (খ) ও (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুদণ্ড আরোপ করা যাইবে এবং যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে লিখিতভাবে অভিযোগ জানাইতে হইবে, তাহা হইলে উপ-প্রবিধান (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে; এবং অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কার অপেক্ষা গুরুত্বর দণ্ড আরোপ করিতে হইবে।

৩৯। গুরুত্বর দণ্ডের ক্ষেত্রে তদন্তের কার্যপ্রণালী।-(১) যেক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরুত্বর দণ্ড আরোপ করা প্রয়োজন হইবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ -

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবেন এবং প্রস্তাবিত দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবেন এবং যেসকল অভিযোগের ভিত্তিতে অভিযোগ নামাটি প্রণীত হইয়াছে তাহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময়ে অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করেন তাহাও কর্মচারীকে অবহিত করিবেন;

(খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগ নামা অবহিত করার পর দশটি কার্যদিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না তৎসম্পর্কে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাহাও উল্লেখ করিবেন;

তবে শর্ত থাকে যে, উল্লেখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারেন।

(২) যে ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উল্লেখিত বা বর্ধিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিষয়াদির সাক্ষ্য প্রমাণসহ তাহার উক্ত বিবৃতি বিবেচনা করিবেন এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যে-

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবেন এবং তদুপাসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে লঘু দণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগদান করিয়া তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে যে কোন একটি লঘু দণ্ড প্রদান করিতে পারিবেন অথবা লঘু দণ্ড আরোপের উদ্দেশ্যে প্রবিধান ৩৮ এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রবিধানে বর্ণিত কার্যপ্রণালীর অনুসরণ করিতে পারিবেন; এবং

(গ) উক্ত কার্যধারার অভিযুক্ত ব্যক্তির উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি বোর্ড নিয়োগ করিবেন।

(৩) যে ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উল্লিখিতবা বর্ণিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ণিত সময় শেষ হওয়ার তারিখ পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি হইতে দশটি কার্যদিবসের মধ্যে অভিযোগ নামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির তদন্ত বোর্ড নিয়োগ করিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্র বিশেষে তদন্ত বোর্ড তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান ৪০এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবেন এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, এবং অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্ত টি জানাইবেন।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেন, তবে প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে তাহাকে কারণ দর্শাইবার নির্দেশ দিবেন।

(৭) কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবেন।

(৮) বিলুপ্ত হইয়াছে।

(৯) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে, এবং সে ক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড নিযুক্ত করা হয়, সেক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা বোর্ডের তদন্তের প্রতিবেদন ও উহার যুক্তিসংগত কারণ থাকিতে হইবে।

(১০) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৪০। তদন্ত কর্মকর্তা অনুসরণীয় কার্য প্রণালী। - (১) তদন্ত কর্মকর্তা প্রতিদিন সংশ্লিষ্ট বিষয়ে শুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত শুনানী মুলতবী রাখিবেন না।

(২) এই প্রবিধানের অধীনে পরিচালিত তদন্তেরক্ষেত্রে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অনুষ্ঠিতব্য অনুরূপ তদন্তে সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্যের শুনানী ও লিপিবদ্ধ করা হইবে এবং অভিযোগের ব্যাপারে প্রাসংগিক বা গুরুত্বপূর্ণ দলিলী সাক্ষ্য বিবেচিত হইবে। অভিযুক্ত ব্যক্তি তাহার প্রতিপক্ষের সাক্ষ্যগণকে জেরা করার এবং ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করার এবং তাহার পক্ষ সমর্থন করার জন্য কোন সাক্ষীকে তলব করার অধিকারী হইবেন। অভিযোগের সমর্থনে উক্ত বিষয় উপস্থাপনকারী ব্যক্তি ও অভিযুক্ত ব্যক্তি এবং তাহার সমর্থনকারী সাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন। অভিযুক্ত ব্যক্তি প্রাসংগিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন তবে তাহাকে নথির টোকার অংশ কোন প্রকারেই দেখিতে দেওয়া হইবে না। অভিযুক্ত ব্যক্তিকে যে লিখিত বিবৃতি প্রদানের নির্দেশ দেওয়া হইবে, তিনি তাহা লিখিয়া স্বাক্ষর করিবেন। যদি অভিযুক্ত ব্যক্তি তাহা স্বাক্ষর করিতে অস্বীকার করেন তাহা হইলে তদন্তকারী কর্মকর্তা বিষয়টি লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

(৩) তদন্তকারী কর্মকর্তা, কারণ লিপিবদ্ধ করিয়া কোন নির্দিষ্ট সাক্ষীকে বা কোন নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারে।

(৪) কর্তৃপক্ষ অভিযোগের সমর্থনে তদন্তকারী কর্মকর্তার নিকট বিষয়টি উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাঁধা প্রদান বা বাঁধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং ইহার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন তাহা হইলে তিনি সেই মর্মে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করেন সেই পদ্ধতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ তাহার কার্যালয়ের জন্য অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসংগিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে প্রবিধান ৩৫(খ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারেন।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে তাঁহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কি না তাহা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত প্রদান করিবেন। তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।

(৯) কর্তৃপক্ষ কোন বিষয়ে উপযুক্ত বলিয়া মনে করিলে, এই প্রবিধানমালার অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একাধিক ব্যক্তির সমন্বয়ে একটি তদন্ত বোর্ড নিয়োগ করিতে পারেন, এবং যেক্ষেত্রে অনুরূপ কোন তদন্ত বোর্ড নিয়োগ করা হয়। সেক্ষেত্রে এই প্রবিধানে তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উল্লেখিত বিষয় বোর্ডের ক্ষেত্রে উল্লেখিত বিষয় বলিয়া বিবেচিত হইবে।

(১০) উপ-প্রবিধান (৯) এর অধীনে নিযুক্ত বোর্ডের কোন একজন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৪১। সাময়িক বরখাস্ত।-(১) প্রবিধান ৩৬ এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারেন;

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মচারীদের সাময়িকভাবে বরখাস্ত করার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লেখিত তারিখ হইতে তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(২) বিলুপ্ত হইয়াছে।

(৩) যে ক্ষেত্রে কোন কর্মচারীর প্রতি আরোপিত চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণে দণ্ড কোন আদালতে বা প্রশাসনিক ট্রাইবুনালের সিদ্ধান্তের দ্বারা বা উহার ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত হয় এবং কর্তৃপক্ষ বিষয়টি পরিস্থিতি বিবেচনারপর মূলতঃ যে অভিযোগের ভিত্তিতে তাহাকে বরখাস্ত বা অপসারণের দণ্ড দেওয়া হইয়াছিল সেই ব্যাপারে তাহার বিরুদ্ধে আরও তদন্ত কার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করেন, সেক্ষেত্রে উক্ত বরখাস্ত বা অপসারণের দণ্ড আরোপের মূল আদেশের তারিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৪) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে সরকারী বিধি ও আদেশানুযায়ী খোরাকী ভাতা পাইবেন।

(৫) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপার্দ (কারাগারে সোপার্দ অর্থে “হেফাজতে” রক্ষিত ব্যক্তিগণও অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে) কর্মচারীকে গ্রেফতারের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাঁহার বিরুদ্ধে এই প্রবিধান মালার অধীন সূচিত কার্যধারা পরিসমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকী ভাতা পাইবেন।

৪২। পূর্ণবহাল।-(১) যদি প্রবিধান-৩৭ (১) (ক) মোতাবেক ছুটিতে প্রেরিত কোন কর্মচারীকে বরখাস্ত, অপসারণ বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে অথবা ক্ষেত্র বিশেষে তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদা প্রদান করা হইবে এবং ঐ ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

(২) সাময়িকভাবে বরখাস্তের পর পূর্ণবহালের বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

৪৩। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী। - ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মচারী কারাগারে সোপার্দ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতি কালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন বেতন বা ভাতাদি পাইবেন না। মামলার পরিস্থিতি অনুসারে তাঁহার বেতন ও ভাতাদির সমন্বয় সাধন করা হইবে। তিনি অপরাধ হইতে খালাস পাইলে, অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে উক্ত দায় নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, তাহার প্রাপ্য বেতন- ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে। এইরূপে তাহাকে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত প্রাপ্য বেতন-ভাতাদি বাবদ সম্পূর্ণ টাকা অপেক্ষা কম টাকা প্রদান করা হইলে, উক্ত সময় কর্তব্যকালে বা ছুটি বলিয়া গণ্য হইবে। কিন্তু আদেশদানকারী কর্তৃপক্ষ তদনুযায়ী নির্দেশ না করিলে এইরূপ গণ্য করা হইবে না।

৪৪। আদেশের বিরুদ্ধে আপীল। - (১) কোন কর্মচারী সংস্থা কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশবলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অথবা যেক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সেক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপীলের প্রস্তাব হইবে, তিনি যে কর্তৃপক্ষের অব্যবহিত অধস্তন তাহার নিকট, অথবা যেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোন কর্তৃপক্ষ আদেশ দান করিয়াছেন, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবেন যথাঃ-

- (ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কিনা, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কি না;
- (খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায়সংগত কি না;
- (গ) আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত পর্যাপ্ত বা অপরিপূর্ণ কি না, এবং যে আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে সেই আদেশ প্রদান করিবেন।

৪৫। আদালতে বিচারাধীন কার্যধারা। - (১) কোন কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সমাপনের ব্যাপারে কোন বাধা থাকিবে না, কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে উক্ত আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পন্ন না হওয়া পর্যন্ত এই দণ্ডারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মচারী Public Servant (Dismissal on Conviction) Ordinance, 1985 (V of 1985) এ বর্ণিত কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইলে এইরূপে সাজাপ্রাপ্ত উক্ত কর্মচারীকে এই প্রবিধানমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কিনা কর্তৃপক্ষ তাহা স্থির করিবেন।

(৩) কর্তৃপক্ষ এই প্রবিধানমালার অধীনে তাহাকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে বিষয়টি পরিস্থিতিতে যেক্ষেত্রে উপযুক্ত বলিয়া বিবেচনা করেন সেইরূপ দণ্ড প্রদান করিতে পারেন এবং এইরূপ দণ্ড প্রদানের জন্য কোন কার্যধারা সূচনা করার প্রয়োজন হইবে না এবং প্রস্তাবিত দণ্ডের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্যও ঐ সরকারী কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩) এর অধীনে উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ না করার সিদ্ধান্তগ্রহণ করিলে, যে ক্ষেত্রে তাহাকে চাকুরীতে পূর্ণবহাল বা বহাল রাখার সিদ্ধান্ত হইতেছে সেক্ষেত্রে পর্যদ এর বা সরকারের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

অষ্টম অধ্যায়

অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৪৬। ভবিষ্য তহবিল। - ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানের ব্যাপারে কোন কর্মচারী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য সকল বিধি বা প্রবিধান দ্বারা পরিচালিত হইবেন।

৪৭। আনুতোষিক। - (১) নিম্নোক্ত যে কোন কর্মচারী আনুতোষিক পাইবেন, যথাঃ-

(ক) যিনি কর্পোরেশনের কমপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তিস্বরূপ চাকুরী হইতে বরখাস্ত, পদচ্যুত বা অপসারিত হন নাই;

(খ) যিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করেন নাই।

(গ) তিন বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নের কোন কারণে যে কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথাঃ-

(অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাটাই হইয়াছেন।

(আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে; অথবা

(ই) চাকুরীরত থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।

(২) কোন কর্মচারীকে তাহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসর বা উহার অংশ বাবদ একশত বিশটি কার্য দিবসের উর্দে কোন সময়ের জন্য দুই মাসের মূল বেতনের হারে আনুতোষিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোষিক গণনার মূল ভিত্তি হইবে।

(৪) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোষিক প্রাপ্য হইলে যাহাতে তাহার মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন।

(৫) কোন কর্মচারী প্রবিধান (৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে, তাহার মনোনয়নপত্র, তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন আনুতোষিকের সম্পূর্ণ টাকা উহাতে অন্তর্ভুক্ত হয় এবং যদি এইরূপ উল্লেখ করা না হয় তবে টাকার পরিমাণ সমান অংশে ভাগ করা হইবে।

(৬) কোন কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপত্র বাতিল করিতে পারেন এবং এইরূপ করার সময়ে উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫) এর অনুসারে একটি নূতন মনোনয়নপত্র প্রেরণ করিবেন।

(৭। কোন মনোনয়নপত্র না থাকিলে কর্মচারীর মৃত্যুর পর তাহার আনুতোষিকের টাকা উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৪৮। অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা। - (১) কর্পোরেশন অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা পরিকল্পনা প্রবর্তন করিলে, যে কোন কর্মচারী উক্ত পরিকল্পনার অধীনে অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা গ্রহণের ইচ্ছা প্রকাশ করিতে পারিবেন।

(২) এই উপ-প্রবিধান(১) অনুসারে ইচ্ছা করা হইলে তাহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং এইরূপ ইচ্ছা প্রকাশ করার পর সংশ্লিষ্ট কর্মচারী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুযায়ী অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধাদি পাইবেন।

(৩) কোন কর্মচারীর ভবিষ্যৎ তহবিল হিসাবে কর্পোরেশন এর অংশ প্রদান বাবদ জমা টাকা কর্পোরেশন এর নিকট সমর্পণ করিলে, তিনি উপ-প্রবিধান(২) অনুসারে অবসর ভাতা ও অন্যান্য অবসর গ্রহণ সুবিধাদি পাইতে পারেন।

নবম অধ্যায়

অবসর গ্রহণ, চাকুরী অবসান ও অব্যাহতি

৪৯। অবসর গ্রহণ, ইত্যাদি।- অবসর গ্রহণ এবং উহার পর পুনঃ নিয়োগের ব্যাপারে কোন কর্মচারী Public Servants Retirement Act. 1974 (XII of 1974) এর বিধানাবলী দ্বারা পরিচালিত হইবেন।

৫০। চাকুরীর অবসান।- (১) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া এবং এক মাসের নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া, কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিস তাহার চাকুরী অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানের ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, কর্পোরেশনের কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তিন মাসের আগাম নোটিশ দিয়া অথবা তৎপরিবর্তে তিন মাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ পরিশোধ করিয়া যে কোন কর্মচারীর চাকুরীর অবসান ঘটাইতে পারিবে।

৫১। ইস্তফাদান, ইত্যাদি।- (১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না, এবং এরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি সংস্থাকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি কর্পোরেশনকে তাহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মচারীর বিরুদ্ধে শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে তিনি তাহার এ চাকুরী হইতে ইস্তফাদান করিতে পারিবেন না।

তবে শর্ত এই যে, বোর্ড যেইরূপ বলিয়া বিবেচনা করিবেন সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইস্তফা দানের অনুমতি দিতে পারেন।

বোর্ড এর আদেশক্রমে

মোঃ নেফাউর রহমান

বিঃ দ্রঃ ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯২ এর সংশোধনীসমূহ. পরিশিষ্ট

“তফসিল”

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের জন্য বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদোন্নতির জন্য যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০১	পরিচালক	অপ্রযোজ্য	সরকার কর্তৃক ৩৩% পদোন্নতি এবং ৬৬% প্রেষণের মাধ্যমে নিয়োগ করা হইবে।	অপ্রযোজ্য	সরকার কর্তৃক নির্ধারিত হইবে
০২।	সচিব	-এ-	শতকরা ১০০% (একশত) ভাগ পদোন্নতির মাধ্যমে। বিভাগীয় উপযুক্ত প্রার্থীর অভাবে প্রেষণের মাধ্যমে শূন্যপদ পূরণযোগ্য।	উক্ত পদে সরকারের উপ-সচিব পদ মর্যদার নিম্নে কোন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগ করা যাইবে না।	বিভাগীয় প্রার্থীর পদোন্নতির ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ ১৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। উহার মধ্যে ১০ (দশ) বছরের উর্দ্ধতন কার্যনির্বাহী হিসাবে অভিজ্ঞতা

					থাকিতে হইবে। পরবর্তী সংশোধনী “১০ (দশ) সংখ্যা, বন্ধনীসমূহ ও শব্দটির পরিবর্তে “৩(তিন)” সংখ্যা বন্ধনীসমূহ ও শব্দটি প্রতিস্থাপিত হইবে;
০৩।	প্রধান কর্মকর্তা	৩৫-৪০ বৎসর	উর্দ্ধতন কার্যনির্বাহীগণের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে পদোন্নতি জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা উহার সমমানের পর্যায়ভুক্ত ডিগ্রী। কোন সুখ্যাতি বাণিজ্যিক প্রতিষ্ঠান অথবা সরকারী বিভাগ/এজেন্সীতে কমপক্ষে উর্দ্ধতন কার্যনির্বাহী/কর্মকর্তা হিসাবে স্ব স্ব ক্ষেত্রে কমপক্ষে ১৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। ব্যবসা প্রশাসন, বাণিজ্য স্নাতকোত্তর প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	-এ-
০৪।	প্রধান কর্মকর্তা (হিসাব ও নিরীক্ষা)	-এ-	-এ-	সি, এ, অথবা আই, সি,এম,এ ডিগ্রীসহ সরকারী/আধা-সরকারী অথবা প্রথম শ্রেণীর বাণিজ্যিক প্রতিষ্ঠানে নির্বাহী কর্মকর্তা হিসাবে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	বিভাগীয় প্রার্থীর পদোন্নতির ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ ১৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। ইহার মধ্যে ১০ (দশ) বছরের উর্দ্ধতন কার্যনির্বাহী হিসাবে অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৫।	প্রধান কর্মকর্তা(ফার্মা সেল)	-এ-	-এ-	ফার্মাসিতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ফার্মাসিতে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। উহার মধ্যে ৩(তিন) বৎসরের উর্দ্ধতন কার্যনির্বাহী পদে চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।	বিভাগীয় প্রার্থীর পদোন্নতির বেলায় কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফার্মাসিতে স্নাতক(সম্মান) ডিগ্রীসহ ১৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। উহার মধ্যে ১০ (দশ) বৎসরের উর্দ্ধতন কার্যনির্বাহী পদে চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৬।	চীফ মেডিক্যাল অফিসার	৩৫-৪০ বছর	সরাসরি নিয়োগের মাধ্যমে	ডাক্তার হিসাবে ১৫ বছরের অভিজ্ঞতাসহ অবশ্যই এম.বি.বি.এস/এমআরসিপিএফসিএস অথবা মেডিসিনে সমমানের ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।	-
০৭।	উর্দ্ধতন কার্যনির্বাহী	অপ্রযোজ্য	শতকরা ১০০ ভাগ পদোন্নতির মাধ্যমে।	-	বিভাগীয় প্রার্থীদের পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ ১০ বছরের বাস্‌ডব অভিজ্ঞতা। তন্মধ্যে কমপক্ষে ৫ বছরের জুনিয়র একজিকিউটিভ বা সম-মান পদে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন হতে হইবে। স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন। পরবর্তী সংশোধনী বিভাগীয় প্রার্থীর পদোন্নতির

					ক্ষেত্রে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ ১০ (দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা, তন্মধ্যে কমপক্ষে ২(দুই) বছরের উপ-উর্দ্ধতন কার্যনির্বাহী (ডেপুটি সিনিয়র একজিকিউটিভ) পদে কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৮।	নির্বাহী প্রকৌশলী	৩০-৩৫ বছর	পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য ব্যক্তি পাওয়া না গেলে সরাসরি কিংবা প্রেষণের মাধ্যমে নিয়োগ করা যাইবে।	অবশ্যই বিএসসি(সিভিল ইঞ্জিনিয়ারিং) অথবা উহার সমতুল্য ডিগ্রীসহ তত্ত্বাবধানমূলক পদে কোন সুখ্যাতি সম্পন্ন নির্মাণ প্রতিষ্ঠান/সরকারী/ আধাসরকারী প্রতিষ্ঠান এর ৮(আট) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।	বিভাগীয় প্রার্থীর পদোন্নতি ক্ষেত্রে বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রী ও সহকারী প্রকৌশলী হিসাবে ৮(আট) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৯।	নিম্নমান কার্যনির্বাহী/ সংরক্ষন কর্মকর্তা <u>পরবর্তী সংশোধনী</u> “নিম্নমান কার্যনির্বাহী/ সংরক্ষণ কর্মকর্তা” শব্দগুলি ও চিহ্নটির পরিবর্তে উপ-উর্দ্ধতন কার্যনির্বাহী (ডিপুটি সিনিয়র একজিকিউটিভ)” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।	অপ্রযোজ্য	শতকরা ১০০ ভাগ পদোন্নতির মাধ্যমে	-	বিভাগীয় প্রার্থীদের পদোন্নতির ক্ষেত্রে স্নাতক ডিগ্রীসহ সহকারী কার্যনির্বাহী হিসাবে কমপক্ষে ১০(দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। <u>পরবর্তী সংশোধনী</u> নিম্নমান কার্যনির্বাহী/ সংরক্ষন কর্মকর্তার স্থলে উপ-উর্দ্ধতন কার্যনির্বাহী (ডিপুটি সিনিয়র একজিকিউটিভ) ১০ বছরের স্থলে ৫ বছর।
১০।	পরিসংখ্যান কর্মকর্তা	৩০-৩৫ বছর	সরাসরি নিয়োগের মাধ্যমে	পরিসংখ্যানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর নীচে নহে ও স্ব-স্ব ক্ষেত্রে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	-
১১।	নিরাপত্তা কর্মকর্তা	অনুর্ধ্ব ৪৭ বছর	সরাসরি নিয়োগের মাধ্যমে	স্নাতক শ্রেণীপাস হইতে হইবে। প্রার্থী সেনাবাহিনীর প্রাক্তন কমিশন্ড অফিসার অথবা জুনিয়র কমিশন্ড অফিসার অথবা সমমানের পদের পর্যায়ভুক্ত হইলে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইবে।	-
১২।	সহকারী প্রকৌশলী	৩০-৩৫ বৎসর	৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	অবশ্যই বিএসসি (সিভিল ইঞ্জিনিয়ারিং) ডিগ্রীসহ তত্ত্বাবধায়কমূলক কাজে কোন সুখ্যাতি সম্পন্ন নির্মাণ	বিভাগীয় প্রার্থীদের নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে ডিপে-মাধারী/উপ-সহকারী প্রকৌশলী হিসাবে কমপক্ষে ১০

				প্রতিষ্ঠান/সরকারী প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	(দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে বিবেচনা করা যাইতে পারে।
১৩।	সহকারী কার্যনির্বাহী/সহকারী সংরক্ষণ কর্মকর্তা	সর্বোচ্চ ৩০ বৎসর (মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থী বাদে) মহিলা ও উপ-জাতীয়দের ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর	শতকরা ৫০(পঞ্চাশ) ভাগ সরাসরি নিয়োগ এবং ৫০(পঞ্চাশ) ভাগ পদোন্নতির মাধ্যমে। বিভাগীয় প্রার্থী স্নাতক ডিগ্রীধারী হইলে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বহিরাগতদের সংগে আবেদন করিতে পারিবেন।	প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর নীচে নহে। শতকরা ১০ ভাগ পদের জন্য বাণিজ্য বিভাগ উপরোক্ত ডিগ্রীধারী হইতে হইবে, বিভাগীয় প্রার্থীর নিয়োগের ক্ষেত্রে স্নাতক ডিগ্রীসহ ১০ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	বিভাগীয় প্রার্থীর পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ উচ্চমান সহকারী/সাঁট-লিপিকার হিসাবে ৮(আট) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৪।	সহকারী নিরাপত্তা কর্মকর্তা	৩৫-৪০ বৎসর	পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ করা যাইবে।	কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ পুলিশ বাহিনীতে চাকুরীর জন্য প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা তবে সশস্ত্র বাহিনীর জুনিয়র কমিশন অফিসার অথবা সমপর্যায়ভুক্ত ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	নিরাপত্তা পরিদর্শক পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ।
১৫।	উপ-সহকারী প্রকৌশলী	সর্বোচ্চ ৩০ বৎসর (মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থী বাদে) উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর।	সরাসরি নিয়োগ	সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাদারী হইতে হইবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	-
১৬।	উচ্চমান সহকারী সমমান	সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর।	শতকরা ৭৫% ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শত করা ২৫% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। পরবর্তী সংশোধনী “শতকরা ৫০% ভাগ অফিস সহকারী-তথা-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, শতকরা ২৫% ভাগ জেটি সুপারভাইজার/বিক্রয় সহকারী/টেলিফোন অপারেটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ২৫% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে”।	স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে কোন সরকারী শিল্প অথবা বাণিজ্যিক প্রতিষ্ঠানে ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	পরবর্তী সংশোধনী মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ অফিস সহকারী-তথা-মুদ্রাক্ষরিক/জেটি সুপারভাইজার/বিক্রয় সহকারী/টেলিফোন অপারেটর হিসাবে কমপক্ষে ০৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
১৭।	সাঁট-লিপিকার	সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর	শতকরা ৫০% ভাগ সাঁট-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং শত করা ৫০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে	উচ্চমাধ্যমিকসহ সাঁটলিপিতে গতি প্রতি মিনিটে যথাক্রমে ইংরেজীতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দ এবং মুদ্রাক্ষরে যথাক্রমে ইংরেজীতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ হইতে হইবে।	বিভাগীয় প্রার্থীদের নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

		ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর।			
১৮।	ফার্মসিষ্ট	সর্বোচ্চ ৩০ বৎসর (মহিলা, মুক্তিযোদ্ধা উপ-জাতীয় প্রার্থী বাদে)। মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস এবং ফার্মাসিতে ডিপে-মা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান/হাসপাতাল হইতে সমপর্যায় ট্রেনিংসহ এই ক্ষেত্রে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।	-
১৯।	কোষাধ্যক্ষ	সর্বোচ্চ ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর	শতকরা ১০০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।	বাণিজ্য স্নাতক ডিগ্রী থাকিতে হইবে। সরকারী শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠানে যাহাদের ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা রহিয়াছে তাহাদেরকে অগ্রাধীকার দেওয়া হইবে।	-
২০।	অভ্যর্থনাকারী ন	সর্বোচ্চ ৩০ বৎসর	-এ-	স্নাতক ডিগ্রীধারিনী হইতে হইবে।	-
২১।	সাঁট-মুদ্রাক্ষরিক	সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ এবং ইংরেজী সাঁট-লিপি ও মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে যথাক্রমে ৭০ এবং ২৮ শব্দ এবং বাংলায় ৪৫ ও ২৩ শব্দ সম্পন্ন হতে হইবে। সরকারী শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে যাহাদের ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে তাহাদের ক্ষেত্রে অগ্রাধীকার দেওয়া হইবে।	-
২২।	নিরাপত্তা পরিদর্শক	সর্বোচ্চ ৪০ বৎসর	শতকরা ৭৫% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং শত করা ২৫% ভাগ পদোন্নতির মাধ্যমে।	এইচ ,এস,সি পাশ হইতে হইবে। তবে প্রার্থী সশস্ত্রবাহিনীর কমিশনবিহীন অবসরপ্রাপ্ত কর্মকর্তা হইলে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইবে।	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ/ নিরাপত্তা প্রহরীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।
২৩।	নিম্নমান সহকারী তথা -মুদ্রাক্ষরিক	সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে)	শতকরা ৮০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে একং শত করা ২০% ভাগ পদোন্নতির মাধ্যমে। প্রয়োজনীয়	কমপক্ষে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশসহ মুদ্রাক্ষরের গতি ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২৮ ও ২০ শব্দ থাকিতে হইবে।	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ। মুদ্রাক্ষরের যোগ্যতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের মধ্য হইতে পদোন্নতি দেওয়া হইবে।

		মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর	শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বিভাগী প্রার্থীর মধ্যে হইতে সরাসরি নিয়োগ করা যাইতে পারে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।		
২৪।	জেটি সুপারভাইজার/বিক্রয় সহকারী/কেয়ারটেকার <u>পরবর্তী সংশোধনী</u> “নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক শব্দগুলির পরিবর্তে” অফিস সহকারী-তথা-মুদ্রাক্ষরিক শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।	সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর	শতকরা ৮০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে একশত করা ২০% ভাগ পদোন্নতির মাধ্যমে। প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বিভাগী প্রার্থীর মধ্যে হইতে সরাসরি নিয়োগ করা যাইতে পারে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	কমপক্ষে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ হইতে হইবে। যাহাদের সরকারী বিভাগ বা প্রতিষ্ঠানে বিক্রয় ও মাল খালাস, আসবাবপত্র রক্ষণাবেক্ষনের পূর্ব অভিজ্ঞতা রহিয়াছে তাদের অগ্রাধিকার দেওয়া হইবে।	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ। ন্যূনতম ৮ (আট) বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের মধ্য হইতে।
২৫।	টেলিফোন অপারেটর/টেলেক্স অপারেটর।	সর্বোচ্চ ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর	ঐ	কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস হইতে হইবে। তবে বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে উহা শিথিল করা যাইতে পারে।	-
২৬।	মহিলা মেডিক্যাল এটেনডেন্ট	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ উক্ত ক্ষেত্রে পূর্ব অভিজ্ঞতা থাকিতে হইবে।	-
২৭।	ইলেকট্রিশিয়ান/মটর মেকানিক/প্লাম্বার/ড্রাইভার/পাম্প অপারেটর।	সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর।	-ঐ-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ স্ব স্ব পদে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। বিশেষভাবে যোগ্য প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য। ড্রাইভারদের ক্ষেত্রে প্রার্থীর হালকা/ভারী যানবাহন চালানোর লাইসেন্সসহ ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	-
২৮।	কম্পাউন্ডার	সর্বোচ্চ ৩০	-ঐ-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ	-

		বৎসর (মহিলা, মুক্তিযোদ্ধা, উপ-জাতীয় প্রার্থী বাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর।		সরকার কর্তৃক স্বীকৃত হাসপাতাল/প্রতিষ্ঠান হইতে কম্পাউন্ডারশীপ সার্টিফিকেট থাকিতে হইবে। পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।	
২৯।	গ্রহণ ও প্রেরণ সহকারী/ফটো স্ট্যাট অপারেটর/ডুপিপ-কেটিং মেশিন অপারেটর/ডাক রাইডার।	সর্বোচ্চ ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর	শত করা ৫০% ভাগ পদোন্নতির মাধ্যমে একং ৫০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস হইতে হইবে।	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস এবং তৎসহ কর্পোরেশনে এম, এল, এস, এস, হিসাবে চাকরীর অভিজ্ঞতা।
৩০।	এম, এল, এস, /নিরাপত্তা প্রহরী/ক্লিনার/সুইপার/মালী/ওয়েটার/বাস সহকারী/পানি পরিবহনকারী/বাবুচী।	সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর(মহিলা, মুক্তিযোদ্ধা ও উপ-জাতীয় প্রার্থীবাদে) মহিলা ও উপ-জাতীয় প্রার্থীর ক্ষেত্রে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৩২ বৎসর	শতকরা ১০০% ভাগ সরাসরি নিয়োগ।	প্রার্থীকে কমপক্ষে অষ্টম শ্রেণী পাস হইতে হইবে।	-

৯.০ বাংলাদেশ ট্যারিফ কমিশন :

Protective Duties Act, 1950 (Act No. LXI of 1950) মোতাবেক দেশীয় শিল্পের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের ফরেন ট্রেড ডিভিশনের ২৮-০৭-১৯৭৩ তারিখের রেজুল্যুশন নং- ADMN-IE-২০/৭৩/৬৩৬ এর মাধ্যমে ১৯৭৩ খ্রিস্টাব্দের ২৮ জুলাই তারিখে প্রতিষ্ঠিত “ট্যারিফ কমিশন” বাণিজ্য মন্ত্রণালয়ের একটি দপ্তর হিসেবে কাজ শুরু করে। পরবর্তীতে দেশীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ, মান উন্নয়ন এবং সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ৬ নভেম্বর ১৯৯২ তারিখে জারিকৃত “বাংলাদেশ ট্যারিফ কমিশন আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৪৩ নং আইন) অনুযায়ী ট্যারিফ কমিশনকে পুনর্গঠন করে একটি বিধিবদ্ধ সংস্থা হিসেবে “বাংলাদেশ ট্যারিফ কমিশন” প্রতিষ্ঠা করা হয়। কমিশনের কাজে কাজিহিত গতিশীলতা আনয়ন ও প্রাত্যহিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কমিশনকে তিনটি বিভাগে ভাগ করা হয়েছে, যথাঃ (১) বাণিজ্য নীতি বিভাগ, (২) বাণিজ্য প্রতিবিধান বিভাগ এবং (৩) আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ।

ট্যারিফ কমিশনের কার্যাবলি : ট্যারিফ কমিশন নিম্নবর্ণিত বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করেঃ

- দেশীয় শিল্পের স্বার্থ রক্ষা;
- শিল্প সম্পদ উৎপাদনে প্রতিযোগিতায় উৎসাহ;
- শিল্প সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ;
- দেশী পণ্য রপ্তানির উন্নয়ন;
- দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক চুক্তির মাধ্যমে দেশে এবং বিদেশে দেশীয় শিল্প সম্পদ ব্যবহারের উন্নয়ন;
- ডাম্পিং ও বিদেশী পণ্যের আমদানি ও বিক্রয়ের বিষয়ে অসাপু পছার প্রতিরোধকল্পে পদক্ষেপ গ্রহণ;

কার্যসম্পাদনে কমিশন বাজার অর্থনীতি, অর্থনৈতিক পরিবেশ, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বাণিজ্য ও শুল্ক চুক্তি, জনমত ইত্যাদি বিষয় যথাযথভাবে বিবেচনা করে।

৯.১

বাংলাদেশ ট্যারিফ কমিশন আইন, ১৯৯২
(১৯৯২ সনের ৪৩ নং আইন)

বাংলাদেশ ট্যারিফ কমিশন প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন।
যেহেতু বাংলাদেশ ট্যারিফ কমিশন প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন বাংলাদেশ ট্যারিফ কমিশন আইন, ১৯৯২ নামে অভিহিত হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “কমিশন” অর্থ এই আইনের অধীন গঠিত বাংলাদেশ ট্যারিফ কমিশন;

(খ) “চেয়ারম্যান” অর্থ কমিশনের চেয়ারম্যান;

(গ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঘ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঙ) “সদস্য” অর্থ কমিশনের সদস্য;

(চ) “সচিব” অর্থ কমিশনের সচিব।

কমিশন প্রতিষ্ঠা

৩। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ ট্যারিফ কমিশন নামে একটি কমিশন প্রতিষ্ঠা করিবে।

(২) কমিশন একটি স্থায়ী ধারাবাহিকতা সম্পন্ন বিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার-

(ক) একটি সীলমোহর থাকিবে;

(খ) স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে;

(গ) বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে এবং ইহা মামলা দায়ের করিতে পারিবে।

কমিশনের প্রধান কার্যালয়

৪। কমিশনের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা, প্রয়োজনবোধে, যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

কমিশনের গঠন

৫। (১) একজন চেয়ারম্যান এবং অনূর্ধ্ব তিনজন সদস্য সমন্বয়ে কমিশন গঠিত হইবে।

(২) চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) চেয়ারম্যান পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য চেয়ারম্যানরূপে কার্য করিবেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা

৬। চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি কমিশনের অন্যান্য সদস্যদের দায়িত্ব বন্টন করিবেন।

কমিশনের কার্যাবলী, ইত্যাদি

৭। (১) কমিশন নিম্নবর্ণিত বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করিবে, যথা:-

(ক) দেশীয় শিল্পের স্বার্থ রক্ষা;

(খ) শিল্প সম্পদ উৎপাদনে প্রতিযোগিতায় উৎসাহ;

(গ) শিল্প সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ;

(ঘ) দেশী পণ্য রপ্তানীর উন্নয়ন;

(ঙ) দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক চুক্তির মাধ্যমে দেশে এবং বিদেশে দেশীয় শিল্প সম্পদ ব্যবহারের উন্নয়ন;

(চ) ডাম্পিং ও বিদেশী পণ্যের আমদানী ও বিক্রয়ের ব্যাপারে অসাধু পন্থার প্রতিরোধকল্পে পদক্ষেপ গ্রহণ;

(ছ) দফা (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) এ উল্লিখিত বিষয়ে সরকার কর্তৃক কমিশনের নিকট প্রেরিত বিষয়।

(২) ধারা ১ এ উল্লিখিত কার্য সম্পাদনে কমিশন, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত বিষয়গুলি যথাযথভাবে বিবেচনা করিবে, যথা:-

(ক) বাজার অর্থনীতি;

(খ) অর্থনৈতিক পরিবেশ;

(গ) দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বাণিজ্য ও শুল্ক চুক্তি;

(ঘ) জনমত

(৩) এই ধারার অধীন পেশকৃত সুপারিশ বাস্তবায়নের ফলে সম্ভাব্য ক্ষতিগ্রস্ত শিল্প, ভোক্তা ও জনসাধারণের স্বার্থ বিবেচনা করিয়া কমিশন ক্ষতি লাঘবের জন্য, উহার মতে প্রয়োজনীয়, বক্তব্য ও সুপারিশ সরকারের নিকট পেশ করিবো।

(৪) এই ধারার অধীন কমিশন কর্তৃক পেশকৃত সুপারিশকে সরকার স্বীকৃতি দিবে এবং যথাযথভাবে বিবেচনা করিবো।

তদন্ত অনুষ্ঠান

৮। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন যে কোন শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠান অনুসন্ধান বা তদন্ত করিতে পারিবে এবং উক্তরূপ অনুষ্ঠান বা তদন্তের জন্য কমিশন কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন ব্যক্তিকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করিতে বাধ্য থাকিবে।

কতিপয় ক্ষেত্রে কমিশনের দেওয়ানী আদালতের ক্ষমতা

৯। কমিশন কর্তৃক এই আইনের অধীন অনুসন্ধান বা তদন্ত কার্যধারায় উহা নিম্নবর্ণিত বিষয়সমূহে সেই সকল ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে যে সকল ক্ষমতা কোন দেওয়ানী আদালত Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর অধীন উক্ত বিষয়সমূহে প্রয়োগ করিতে পারে, যথা:-

(ক) আদালতে উপস্থিত হইবার জন্য কোন ব্যক্তির উপর সমন জারী এবং তাহাকে আদালতে উপস্থিত হইতে বাধ্য করা এবং শপথ গ্রহণ করাইয়া তাহাকে জিজ্ঞাসাবাদ করা;

(খ) কোন তথ্য সরবরাহ এবং কোন তদন্ত বা অনুসন্ধানে প্রয়োজনীয় কোন দলিল দাখিল।

সভা

১০। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কমিশন উহার সভার কার্য পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কমিশনের সভা, উহার চেয়ারম্যানের সম্মতিক্রমে, উহার সচিব কর্তৃক আহূত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) কমিশনের সভায় সভাপতিত্ব করিবেন উহার চেয়ারম্যান, এবং তাহার অনুপস্থিতিতে, চেয়ারম্যান কর্তৃক মনোনীত কমিশনের কোন সদস্য।

(৪) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা কমিশন গঠনে ত্রুটি থাকার কারণে কমিশনের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তত্সম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

সচিব

১১। (১) কমিশনের একজন সচিব থাকিবেন।

(২) সচিব সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরকৃত হইবে।

(৩) সচিব-

(ক) কমিশনের বাজেট প্রস্তুত করিয়া অনুমোদনের জন্য উহা কমিশনের নিকট উপস্থাপন করিবেন;

(খ) কমিশনের হিসাব সংরক্ষণ, হিসাবের বার্ষিক বিবরণী প্রণয়ন এবং হিসাব নিরীক্ষার ব্যবস্থা করিবেন;

(গ) কমিশনের অর্থ ও সম্পত্তি সংরক্ষণ, হেফাজত, নিয়ন্ত্রণ ও পরিচালনা করিবেন এবং দলিল ও কাগজপত্র সংরক্ষণ ও হেফাজত করিবেন;

(ঘ) কমিশনের প্রশাসনিক কাজ তদারক করিবেন এবং যাহাতে তাহা সুষ্ঠুভাবে সম্পাদিত হয় সেই দিকে লক্ষ্য রাখিবেন;

(ঙ) কমিশন বা চেয়ারম্যান কর্তৃক অর্পিত বা নির্দিষ্টকৃত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

কমিশনের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী

১২। (১) কমিশন উহার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনে অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিযুক্ত করিতে পারিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে:

তবে শর্ত থাকে যে, সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে কমিশন কোন কর্মকর্তা বা কর্মচারীর পদ সৃষ্টি করিতে পারিবে না।

কমিটি

১৩। কমিশন উহার দায়িত্ব পালনে উহাকে সহায়তাদানের জন্য এক বা একাধিক কমিটি নিয়োগ করিতে পারিবে।

কমিশনের তহবিল

১৪। (১) কমিশনের একটি তহবিল থাকিবে এবং উহাতে সরকারের অনুদান, অন্য কোন উত্স হইতে প্রাপ্ত দান ও অনুদান এবং কমিশন কর্তৃক প্রাপ্ত ফি এবং অন্য যে কোন অর্থ জমা হইবে।

(২) এই তহবিল কমিশনের নামে তৎকর্তৃক অনুমোদিত কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে এবং বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিল হইতে অর্থ উঠানো যাইবে।

(৩) এই তহবিল হইতে কমিশনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

বাজেট

১৫। কমিশন প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কমিশনের কি পরিমাণ অথের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

হিসাব রক্ষণ ও নিরীক্ষা

১৬। (১) কমিশন যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত প্রতি বৎসর কমিশনের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও কমিশনের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কমিশনের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং কমিশনের কোন সদস্য, কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

নির্দেশ প্রদানে সরকারের ক্ষমতা

১৭। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কমিশনকে যে কোন নির্দেশ প্রদান করিতে পারিবে এবং কমিশন উহা পালন করিতে বাধ্য থাকিবে।

প্রতিবেদন

১৮। (১) প্রতি বৎসর ৩০শে জুনের মধ্যে কমিশন তত্কর্তৃক পূর্ববর্তী বৎসরে সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজনমত কমিশনের নিকট হইতে উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী আহ্বান করিতে পারিবে এবং কমিশন উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ

১৯। এই আইন বা কোন বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা হওয়ার সম্ভাবনা থাকিলে তজ্জন্য কমিশনের চেয়ারম্যান, সদস্য বা কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের করা যাইবে না।

জনসেবক

২০। কমিশনের চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা ও কর্মচারীগণ Penal Code (Act XLV of 1860) এর section 21 এ “public servant” (জনসেবক) কথাটি যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে “Public servant” (জনসেবক) বলিয়া গণ্য হইবেন।

ক্ষমতা অর্পণ

২১। কমিশন উহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব সুনির্দিষ্ট শর্তে উহার চেয়ারম্যান, কোন সদস্য বা কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

২২। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

প্রবিধান প্রণয়নের ক্ষমতা

২৩। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন, সরকারের পূর্বনুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা কোন বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

ট্যারিফ কমিশন বিলোপ, ইত্যাদি

২৪। (১) বাংলাদেশ ট্যারিফ কমিশন প্রতিষ্ঠার সংগে সংগে বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮শে জুলাই, ১৯৭৩ সনের রিজিলিউশন নং এডমিন-১ই-২০/৭৩/৬৩৬, অতঃপর উক্ত রিজিলিউশন বলিয়া উল্লিখিত, বাতিল হইয়া যাইবে।

(২) উক্ত রিজিলিউশন বাতিল হইবার সংগে সংগে-

(ক) উক্ত রিজিলিউশনের অধীন গঠিত ট্যারিফ কমিশন, অতঃপর বিলুপ্ত কমিশন বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) বিলুপ্ত কমিশনের স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ কমিশনে হস্তান্তরিত হইবে এবং কমিশন উহার অধিকারী হইবে;

(গ) বিলুপ্ত কমিশন এবং উহার প্রাতিষ্ঠানিক উন্নয়ন প্রকল্প (IDTC Project) এর সকল কর্মকর্তা ও কর্মচারী কমিশনে বদলী হইবেন এবং তাহারা কমিশন কর্তৃক নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং এইরূপ বদলীর পূর্বে তাহারা যে শর্তে

চাকুরীতে নিয়োজিত ছিলেন, কমিশন কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে তাহারা কমিশনে চাকুরীতে নিয়োজিত থাকিবেন।

Copyright © 2010, Legislative and Parliamentary Affairs Division
Ministry of Law, Justice and Parliamentary Affairs

১০.০ বিজনেস প্রমোশন কাউন্সিল :

বিজনেস প্রমোশন কাউন্সিল মূলত: বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ছয়টি পণ্যভিত্তিক কাউন্সিল এর সমন্বয়কারী প্রতিষ্ঠান। “Bangladesh Export Diversification Project (BDXDP)” শীর্ষক বিশ্ব ব্যাংকের বাস্তবায়িত একটি প্রকল্পের কার্যকারিতার আলোকে এবং জাতীয় রপ্তানি নীতি ২০০০-২০০৬ এর নিরিখে ২০০২ ইং সালে আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিল গঠনের মাধ্যমে বিজনেস প্রমোশন কাউন্সিল যাত্রা শুরু করে। এক্ষেত্রে পিছিয়ে পড়া রপ্তানি সম্ভাবনাময় খাতসমূহের দক্ষতা ও উৎপাদনশীলতা অর্জনের লক্ষ্যে সরকারী ও বেসরকারী অংশীদারিত্বের ভিত্তিতে একটি কমন প্ল্যাটফর্ম তৈরী করা হইছিল বিপিসি’র মূল উদ্দেশ্য। বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে ও সরাসরি তত্ত্বাবধানে রপ্তানি বহুমুখীকরণ, পণ্যের মান উন্নয়ন ও নিশ্চিতকরণ, লাগসই ও আধুনিক প্রযুক্তি আহরণ, কমপ্লয়েস প্রতীপালন, পণ্য বিপণন ইত্যাদি বিষয় সামনে রেখে সরকারি ও বেসরকারি (বাণিজ্য এসোসিয়েশন সমূহ) খাতের যৌথ উদ্যোগে কোম্পানি আইন, ১৯৯৪ এর আওতায় খাত (পণ্য ও সেবা) ভিত্তিক বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন করা হয়েছে। খাতভিত্তিক কাউন্সিল গঠনের আওতায় যথাক্রমেঃ (ক) আইসিটি, (খ) লেদার সেক্টর, (গ) লাইট ইঞ্জিয়ারিং প্রোডাক্টস, (ঘ) মেডিসিনাল প্লান্টস এন্ড হারবাল প্রোডাক্টস, (ঙ) ফিসারী প্রোডাক্টস এবং (চ) এগ্রো প্রোডাক্টস বিজনেস প্রমোশন কাউন্সিল ইতোমধ্যে সক্রিয় রয়েছে এবং উক্ত কাউন্সিলগুলো খাত ভিত্তিক বিভিন্ন রপ্তানিমুখী উন্নয়নের কাজে অবদান রেখে চলেছে। বিজনেস প্রমোশন কাউন্সিলের আওতায় পণ্য ভিত্তিক কাউন্সিলসমূহ মূলত কৌশলগতভাবে নির্বাচিত পণ্য ও সেবা সম্পর্কিত উপখাত সমূহের সার্বিক উন্নয়ন ও যোগান সংশ্লিষ্ট সীমাবদ্ধতা উত্তরণের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করে থাকে। উল্লেখ্য বিজনেস প্রমোশন কাউন্সিল সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (PPP) মডেলের একটি সফল নিদর্শন।

বিজনেস প্রমোশন কাউন্সিলসমূহ প্রতিষ্ঠালগ্ন হতেই পরিবেশ দূষণ ও কমপ্লয়েস বিষয়ে প্রশিক্ষণ, সেলস কীট প্রণয়ন, ডকুমেন্টরী তৈরি, উন্নয়ন নীতি বিশ্লেষণ ও প্রতিক্রিয়া প্রদান, পলিসি এডভোকেসি কার্যক্রম, দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি, পণ্যের মান উন্নয়ন ও উৎপাদন ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান, বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক ওয়ার্কশপ ও সেমিনার আয়োজন, দেশীয় ও আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণে সহায়তা প্রদান ইত্যাদি বিষয়ে কর্মসূচী বাস্তবায়ন করে আসছে:

- এছাড়াও বিজনেস প্রমোশন কাউন্সিলসমূহঃ (ক) বাজার সংশ্লিষ্ট তথ্য ও অভিজ্ঞতা বিনিময়, (খ) রপ্তানি খাতে ব্যবসায়িক নিয়মনীতি পরিবর্তনের প্রভাব (গ) রপ্তানি খাতে প্রযুক্তি উন্নয়নের প্রভাব এবং (ঘ) রপ্তানি খাতে স্থানীয় ও আন্তর্জাতিক অর্থনৈতিক অবস্থার পরিবর্তনের প্রভাব ইত্যাদি বিষয়ে আলোচনা ও মতবিনিময়ের ফোরাম হিসাবে কাজ করে থাকে;
- গুরুত্বপূর্ণ দেশীয় ও আন্তর্জাতিক ইভেন্টসমূহের (যেমনঃ পণ্য প্রদর্শনী, প্রশিক্ষণ ও কর্মশালা, বাজার ব্যবস্থার পরিবর্তন ইত্যাদি) বিষয়ে তথ্য বিতরণের কেন্দ্র হিসেবে বিজনেস প্রমোশন কাউন্সিলসমূহ কাজ করে থাকে।
- বিজনেস প্রমোশন কাউন্সিলসমূহঃ (ক) নতুন বাজার যাচাই ও প্রচলিত বাজারের পরিসমাপ্তি। (খ) বাজার অধিগ্রহণ ও সংযুক্তির ফলাফল বিশ্লেষণ। (গ) দেশীয় ও বিদেশী প্রেসারগ্রুপ এর কার্যক্রম (ঘ) দেশীয় রপ্তানি বাজার বিশ্লেষণ (ঙ) বাজার জরিপ এবং (চ) রপ্তানি প্রাসঙ্গিক বিষয়াবলী, ইত্যাদি নিয়ে গবেষণা পরিচালনা ও প্রতিবেদন প্রণয়ন করে থাকে। এসকল ক্ষেত্রে গবেষণার উদ্দেশ্য থাকে কাউন্সিল সংশ্লিষ্ট পণ্য সেক্টরসমূহের সক্ষমতা, দুর্বলতা, বাজার সুবিধা ও বাজার ঝুঁকি বিশ্লেষণ।
- বিজনেস প্রমোশন কাউন্সিল সংশ্লিষ্ট পণ্যভিত্তিক সেক্টরসমূহের প্রতিনিধিত্বকারী ও স্বার্থ রক্ষাকারী সংঘ এবং পলিসি এডভোকেসির ক্ষেত্রে সেক্টরসমূহের মুখপাত্র হিসেবে কাজ করে।

১০.১

বিজনেস প্রমোশন কাউন্সিল
বাণিজ্য মন্ত্রণালয়
প্রবিধানমালা

বিজনেস প্রমোশন কাউন্সিলের কোঅর্ডিনেশন কমিটি নিম্নবর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথাঃ

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রয়োগ - (১) এই প্রবিধানমালা বিজনেস প্রমোশন কাউন্সিল কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা বিজনেস প্রমোশন কাউন্সিল-এর সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত অথবা চুক্তি বা খন্ডকালীণ ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরী শর্তে স্পষ্টভাবে উল্লেখিত না থাকিলে ইহা প্রযোজ্য হইবে না।

(৩) এই প্রবিধানমালা বিজনেস প্রমোশন কাউন্সিল উন্নয়নের যাবতীয় পরিকল্পনা, অর্থায়ন, সচেতনতা বৃদ্ধিকরণ, মূল্যায়ন ও প্রতিনিধিত্বকরণের কেন্দ্রীয় প্রতিষ্ঠান হিসেবে কোম্পানী আইনের অধীনে প্রতিষ্ঠিত “পণ্যভিত্তিক বিজনেস প্রমোশন কাউন্সিল” সমূহের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতিও প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা - বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই প্রবিধানমালায়ঃ

(ক) “কাউন্সিল” বলিতে “বিজনেস প্রমোশন কাউন্সিল” বুঝাইবে;

(খ) “পণ্যভিত্তিক কাউন্সিল” বলিতে পণ্য ভিত্তিক বা সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিলসমূহ বুঝাইবে;

(গ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে কাউন্সিল কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;

(ঘ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ঙ) “কর্মকর্তা” বলিতে কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল-এর কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(চ) “কর্মচারী” বলিতে কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল-এর যে কোন কর্মচারীকে অস্থায়ী বা স্থায়ী যাহাই হউক, বুঝাইবে এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ছ) “তফসিল” বলিতে এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(জ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে কাউন্সিলকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য কাউন্সিল কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) “অসদাচরণ” বলিতে চাকুরীর শৃংখলা ও সুব্যবস্থার পক্ষে ক্ষতিকর অথবা কোন কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য নহে এবং অশোভনীয় আচরণ করা বুঝাইবে, যাহার মধ্যে অন্তর্ভুক্ত -

(১) উপরস্থ কর্মকর্তার আইন সংগত আদেশ অমান্য করা;

(২) কর্তব্যে চরম অবহেলা;

(৩) আইন সংগত কোন কারণ ছাড়া সরকারের বা কর্তৃপক্ষের কোন আদেশ, পরিপত্র সমূহ এবং নির্দেশাবলীকে বিদ্রূপ করা; এবং

(৪) কোন কর্মচারীর বিরুদ্ধে নগ্ন, বিরক্তিকর বা মিথ্যা বা তুচ্ছ অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশ করা;

(ঞ) “বিনা অনুমতিতে কার্যত্যাগ” (desertion) বলিতে বুঝাইবে -

(১) বিনা অনুমতিতে চাকুরী পরিত্যাগ;

- (২) কার্য হইতে ৬০ (ষাট) দিন বা তদুর্ধ্বে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকা;
- (৩) অনুমতি সহকারে কর্তব্য কাজে অনুপস্থিতির অনুবৃত্তিক্রমে ৬০ (ষাট) দিন বা তার অধিক পুনঃঅনুমতি ব্যতিরেকে অনুপস্থিত থাকা;
- (৪) বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা এবং বিদেশে ৩০ (ত্রিশ) দিন বা তার অধিক অবস্থান করা;
- (৫) অনুমতিক্রমে দেশ ত্যাগ করার পরও বিনা অনুমতিতে অনুমোদনকৃত সময়ের অতিরিক্ত ৬০ দিন বিদেশে থাকা;
- (ট) “পদ” বলিতে এই প্রবিধানমালার তফসিল-১-এ বর্ণিত স্থায়ী পদকে বুঝাইবে;
- (ঠ) “ফিডার পদ” বলিতে তফসিল-১-এ বর্ণিত পদ ক্রমিকের নিম্নোক্ত পদ বুঝাইবে। অর্থাৎ “ফিডার পদ” এর ক্রমিক নম্বরের উপরের ক্রমিক পদে পদোন্নতির জন্য বিবেচিত হইবে;
- (ড) “পরিবার” বলিতে কোন কর্মচারীর স্ত্রী বা স্বামী, পুত্র-কন্যা, বা পিতা-মাতাকে অর্থাৎ যারা সার্বক্ষণিকভাবে উক্ত চাকুরের সঙ্গে বা তাঁর উপর নির্ভরশীল হয়ে বসবাস করেন, বুঝাইবে;
- (ঢ) “কমিটি” বলিতে কাউন্সিল-এর ক্ষেত্রে “কোঅর্ডিনেশন কমিটি” এবং পণ্যভিত্তিক কাউন্সিল-এর ক্ষেত্রে “এক্সিকিউটিভ কমিটি” বুঝাইবে;
- (ণ) “চেয়ারম্যান” বলিতে কাউন্সিল-এর ক্ষেত্রে “কোঅর্ডিনেশন কমিটি”র চেয়ারম্যান এবং পণ্যভিত্তিক কাউন্সিল-এর ক্ষেত্রে “এক্সিকিউটিভ কমিটি”র চেয়ারম্যান বুঝাইবে;
- (ত) “শিক্ষানবিস” বলিতে কোন স্থায়ী শূণ্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসেবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীকে বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়

নিয়োগ ও সাধারণ বিধিমালা

- ৩। পদ সৃষ্টি ও নিয়োগ - (১) কমিটির অনুমোদন ছাড়া কাউন্সিল অথবা পণ্য ভিত্তিক কাউন্সিল-এর কোন পদ সৃষ্টি করা যাইবে না।
- (২) কর্তৃপক্ষ সরাসরি অথবা পদোন্নতিঅথবা প্রেষণ/অতিরিক্ত দায়িত্ব প্রদান অথবা চুক্তিভিত্তিক/অস্থায়ীভাবে কর্মচারী নিয়োগ করিতে পারিবে।
- ৪। সরাসরি নিয়োগ দান - (১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবে না, যদি তিনি বাংলাদেশের নাগরিক না হন।
- (২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়স সীমা তফসিল-২এ বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।
- (৩) সরাসরি নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে কাউন্সিলের নিজস্ব/নির্ধারিত ডাক্তার কর্তৃক প্রদত্ত সাধারণ স্বাস্থ্য ও মানসিক যোগ্যতার প্রমাণাদি দাখিল করিতে হইবে।
- (৪) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না, যদি তিনি সৎ চরিত্রের অধিকারী না হন এবং যদি অসততা বা নৈতিকতার পরিপন্থী কাজের জন্য ইতঃপূর্বে চাকুরি থেকে বরখাস্ত বা অপসারিত হইয়া থাকেন অথবা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইয়া থাকেন।
- (৫) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে পূরণ করা হইবে।
- (৬) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হইবে।
- ৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ - (১) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে মেধা, কাজের মূল্যায়ণ, জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা যোগ্যতার মাপকাঠি হিসাবে বিবেচিত হইবে।

(২) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে ফিডার পদের সময়কালসহ অন্যান্য বিষয়াবলী নির্ধারণের ক্ষেত্রে তফসিল-২এ বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হইবে।

(৩) কোন পদোন্নতিকে অধিকার হিসাবে দাবী করা যাইবে না। কোন কর্মচারী যোগ্য বিবেচিত হইলে উপযুক্ত পদের প্রাপ্যতার ভিত্তিতে পদোন্নতি পাইবেন।

(৪) পদোন্নতির জন্য কোন স্তরের পদকে নির্দিষ্ট করিয়া রাখা যাইবে না এবং সকল স্তরের পদই সরাসরি নিয়োগের জন্য উন্মুক্ত থাকিবে।

(৫) কোন পদে সর্বনিম্ন ৫ বছর সন্তোষজনকভাবে চাকুরী সম্পাদন সাপেক্ষে কোন কর্মচারীকে উহা অপেক্ষা উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইবে।

৬। শিক্ষানবিসি - (১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ এক বৎসরের জন্য শিক্ষানবিসি থাকিবেনঃ তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অতিরিক্ত অনুর্ধ ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন।

(৩) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি শিক্ষানবিসি মেয়াদ সন্তোষজনকভাবে সমাপ্ত করিতে না পারিলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এবং বিনা নোটিশে তাহাকে চাকরি হইতে অব্যাহতি প্রদান করা যাইবে।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৭। যোগদান - (১) কোন কর্মচারী চাকরিতে যোগদানের সময় তাহার “স্থায়ী আবাসের ঘোষণাপত্র”, “বিশ্বস্ততা ও গোপনীয়তার ঘোষণাপত্র” এবং “জীবন বৃত্তান্ত” সমূহ দাখিল করিবেন এবং দাখিলকৃত কোন দলিলে কোনরূপ অসত্য তথ্য প্রদান করা হইলে বা তথ্য গোপন করা হইলে উক্ত কর্মচারীকে চাকরিচ্যুতিসহ তার বিরুদ্ধে অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(২) কাউন্সিলের যে কোন কর্মচারীকে কাউন্সিলের প্রয়োজনে বাংলাদেশের অভ্যন্তরে বা বাইরে যে কোন স্থানে কাজ করিতে প্রস্তুত থাকিতে হইবে।

৮। অব্যাহতি প্রদান - (১) শিক্ষানবিসি কর্মচারী এবং চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারীকে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এবং বিনা ক্ষতিপূরণে এক মাসের নোটিশে চাকরি হইতে অব্যাহতি প্রদান করা যাইবে।

(২) কোন স্থায়ী কর্মচারীকে বিনা কারণে চাকরি থেকে অব্যাহতি দেওয়া যাইবে না এবং এইরূপ ক্ষেত্রে শৃংখলা সংক্রান্ত প্রয়োজনীয় বিধি বিধান প্রতিপালনযোগ্য হইবে।

(৩) শৃংখলাজনিত কারণে কোন কর্মচারীকে চাকুরি হইতে অব্যাহতি প্রদান, অপসারণ অথবা বরখাস্ত করার ক্ষেত্রে কোনরূপ ক্ষতিপূরণ প্রদান করা হইবে না।

৯। চাকুরী ত্যাগ - (১) কোন স্থায়ী কর্মচারী তিন মাস পূর্বে নোটিশ প্রদান পূর্বক এবং অস্থায়ী কর্মচারী এক মাস পূর্বে নোটিশ প্রদান পূর্বক কমিটির সম্মতি সাপেক্ষে চাকুরি ত্যাগ বা পদত্যাগ করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীর বিরুদ্ধে কোনরূপ শৃংখলাজনিত বা বিভাগীয় কার্যক্রমচলমান থাকিলে উহা শেষ হওয়ার পর তার পদত্যাগ কার্যকর হইবে।

(২) যদি কোন কর্মচারী দফা (১) এ উল্লেখিত সময়ের চেয়ে কম সময়ে চাকুরি ত্যাগের নোটিশ দেন তবে উল্লেখিত সময় অপেক্ষা যত কম সময়ে নোটিশ দিবেন তাহার জন্য উক্ত কর্মচারীর নিকট হইতে তাহার সর্বশেষ মূল বেতনের হিসাবে নোটিশ পে (Notice pay) আদায় করা হইবে।

(৩) পদত্যাগকারী কর্মচারীর নিকট কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল-এর কোন অর্থ বা অন্যবিধ পাওনা থাকিলে, উহা তাহার বেতন বা অন্যবিধ পাওনা হইতে কর্তন পূর্বক আদায় করা যাইবে।

১০। বেতন ও ভাতা - (১) কাউন্সিল বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবেন, কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

(২) চাকুরিতে যোগদানের তারিখ হইতে কর্মচারী তাহার বেতন ও ভাতা প্রাপ্য হইবেন এবং চাকুরি শেষ হওয়ার দিন পর্যন্ত উহা অব্যাহত থাকিবে।

১১। প্রারম্ভিক বেতন - (১) সরাসরি নিয়োগপ্রাপ্ত অস্থায়ী কর্মচারীর ক্ষেত্রে স্ব স্ব পদের বিপরীতে কমিটি কর্তৃক নির্ধারিত কনসোলিডেটেড বেতন প্রযোজ্য হইবে এবং শিক্ষানবিস কাল সমাপ্ত না হওয়া পর্যন্ত উহার মেয়াদ থাকিবে।

(২) অস্থায়ী বা চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ তাহাকে কমিটির অনুমোদনের ভিত্তিতে উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) স্থায়ী কর্মচারীর ক্ষেত্রে স্ব স্ব পদের বিপরীতে কমিটি কর্তৃক নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন ধাপই হইবে তাহার প্রারম্ভিক বেতন এবং উহা তাহার স্থায়ী হওয়ার তারিখ হইতে প্রযোজ্য হইবে।

১২। পদোন্নতির ক্ষেত্রে বেতন - (১) কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতিপ্রদান করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন ধাপে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত বেতন উচ্চতর হইলে বর্তমান উচ্চতর পদের জন্য প্রাপ্য বেতনক্রমে তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

(২) পদোন্নতি প্রাপ্তির পর কোন কর্মচারী যে তারিখে নতুন পদে যোগদান করিবেন, সেই তারিখ হইতে তিনি উক্ত পদের বেতন পাইবেন।

১৩। বেতন বর্ধন - (১) বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত বেতন বর্ধন মঞ্জুর করা হইবে।

(২) যদি বেতন বৃদ্ধি স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকারী কর্তৃপক্ষ তাহা উল্লেখ করিবেন।

(৩) কোন অস্থায়ী ব্যক্তি সাফল্যজনকভাবে শিক্ষানবিসি সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) কোন কর্মচারীর পদোন্নতি প্রাপ্তির ক্ষেত্রে এক বছর পদোন্নতি প্রাপ্ত পদে চাকরি করিবার পর তাহার বার্ষিক বেতন বর্ধন পাওনা হইবে।

(৫) কোন বেতনক্রমে দক্ষতার সীমা থাকিলে উহা অতিক্রমের ক্ষেত্রে কমিটির অনুমোদন প্রয়োজন হইবে এবং সেক্ষেত্রে উর্ধ্বতন কর্মকর্তার সুপারিশ থাকিতে হইবে যে সংশ্লিষ্ট কর্মচারীর কাজ ছিল দক্ষতা সীমা অতিক্রমের করিবার জন্য উপযুক্ত।

১৪। জ্যেষ্ঠতা - (১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রতি স্তরের কর্মচারীদের জন্য পৃথক পৃথক জ্যেষ্ঠতা তালিকা সংরক্ষণ করা হইবে।

(৩) কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে প্রথম পছন্দ হইবে যোগদানের তারিখ, অর্থাৎ কোন কর্মচারী তার যোগদানের তারিখের পরবর্তী কোন তারিখে যোগদানকারী কর্মচারী অপেক্ষা চাকুরিতে জ্যেষ্ঠ হইবেন।

(৪) যোগদানের তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নিরূপন করা না গেলে অর্থাৎ একই তারিখে যোগদানকারীর সংখ্যা একাধিক হইলে তাহাদের নিয়োগের সময়ে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে তৈরী মেধা তালিকা তাহাদের ক্ষেত্রে পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণের ভিত্তিরূপে গণ্য হইবে।

(৫) যেক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হয়, সেক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেইপদে জ্যেষ্ঠতার ভিত্তিতে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৫। বিভিন্ন প্রকার ছুটি - কোন কর্মচারী নিম্নবর্ণিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথাঃ-

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) সংগনিরোধ ছুটি;
- (ঙ) প্রসুতি ছুটি; এবং
- (চ) নৈমিত্তিক ছুটি।

১৬। পূর্ণ বেতনে অর্জিত ছুটি - (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) অর্জিত ছুটির পরিমাণ চারমাসের অধিক হইলে তাহা ছুটির হিসাবের অন্য খাতে জমা দেখানো হইবে, উহা হইতে ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে চিকিৎসার জন্য অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিত্তবিনোদনের জন্য পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পার।

১৭। অর্ধ বেতনে ছুটি - (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্য দিবসের ১/১১ হারে অর্ধ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) অর্ধ বেতনে প্রতি দুইদিনের ছুটির পরিবর্তে, ডাক্তারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, একদিনের পূর্ণ বেতনে ছুটির হারে সর্বোচ্চ বার মাস পর্যন্তপূর্ণ বেতনে অর্জিত ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৮। অসাধারণ ছুটি - (১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে, বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) অসাধারণ ছুটির মেয়াদ তিন মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে -

- (ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা
- (খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের বা শিক্ষা গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ বা শিক্ষা গ্রহণের পর অনূন পাঁচ বৎসর কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল এ চাকুরী করিবেন।

(৩) কোন কর্মচারীর বিনা বেতনে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকারিতাসহ অসাধারণ ছুটিতে রূপান্তরিত করা যাইবে।

১৯। সংগনিরোধ ছুটি - (১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকার কারণে তাহাকে ডাক্তারী সার্টিফিকেট এর

ভিত্তিতে অনূর্ধ্ব ২১ দিনের জন্য সংগনিরোধ ছুটি মঞ্জুর করা যাবে এবং উক্ত কর্মচারী সংগনিরোধ ছুটি ভোগকালে দায়িত্বরত বলিয়া গণ্য হইবে।

(২) সংগনিরোধের জন্য উপ-বিধান (১) এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে উহা অর্জিত ছুটি হিসাবে গণ্য হইবে।

(৩) কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হইলে তাকে সংগনিরোধ ছুটি প্রদান করা যাইবে না।

২০। প্রসূতি ছুটি - (১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক ছয় মাস পর্যন্তপ্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) কোন কর্মচারীকে সমগ্র চাকুরি জীবনে দুইবারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২১। নৈমিত্তিক ছুটি - (১) একজন কর্মচারী প্রতি পঞ্জিকা বছরে সর্বোচ্চ ২০ দিন নৈমিত্তিক ছুটি পাইবেন এবং উক্ত ছুটি ভোগকালীন সময়কে কর্তব্যকাল হিসাবে গণ্য করা হইবে।

(২) নৈমিত্তিক ছুটি একাদিক্রম ৩ (তিন) দিনের বেশী ভোগ করা যাইবে না এবং উহাকে সাপ্তাহিক ছুটির সঙ্গে শুধুমাত্র একদিকে সংযুক্ত করা যাইবে।

(৩) কোন পঞ্জিকা বছরে সম্পূর্ণ নৈমিত্তিক ছুটি ভোগ করা না হইলে উক্ত বছর শেষে অবশিষ্ট নৈমিত্তিক ছুটি তামাদি হইয়া যাইবে।

(৪) নৈমিত্তিক ছুটি গ্রহণের পর কোন কর্মচারী যথাসময়ে কর্মস্থলে যোগদান করিতে না পারিলে সম্পূর্ণ ছুটিকাল অর্জিত ছুটিতে রূপান্তর করিতে হইবে, এবং অর্জিত ছুটি পাওনা না থাকিলে সম্পূর্ণ ছুটিকাল অসাধারণ ছুটি হিসাবে গণ্য করা হইবে।

(৫) প্রতি পঞ্জিকা বছরে সকল কর্মচারীর নৈমিত্তিক ছুটি গ্রহণের হিসাব যথাযথভাবে নৈমিত্তিক ছুটি রেজিষ্টারে সংরক্ষণ করিতে হইবে।

২২। ছুটিকালীন বেতন - (১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সে বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন, সেই বেতনের অর্ধহারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৩। ছুটি সংক্রান্ত অন্যান্য শর্তাবলী - (১) অর্জিত ছুটি ভোগ অধিকার হিসাবে দাবী করা যাইবে না। ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্মের অত্যাব্যশ্যকতা বা জরুরী অবস্থা বিবেচনা করিয়া ছুটির আবেদন মঞ্জুর অথবা প্রত্যাখ্যান অথবা প্রয়োজনবোধে মঞ্জুরকৃত ছুটি বাতিল করিতে পারিবেন।

(২) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং অর্জিত ছুটির হিসাব সার্ভিস বহিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) ছুটির জন্য সকল আবেদন কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফরমে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট করিতে হইবে এবং আবেদনকারী কর্মচারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন, ছুটির আবেদনে তাহার সুপারিশ থাকিতে হইবে।

(৪) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকা অবস্থায় কোনরূপ ছুটি ভোগ করিতে পারিবেন না।

(৫) কোন কর্মচারী চাকরি থেকে অপসারণ/বরখাস্ত হওয়ার পর যদি আপীল বা পুনর্বিবেচনার পর পুনরায় চাকরিতে বহাল হন, তবে তাহার পূর্বের চাকুরির মেয়াদকাল ছুটি অর্জনের জন্য গণ্য হবে।

পঞ্চম অধ্যায়

২৪। ভ্রমণ ভাতা ইত্যাদি - কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থে ভ্রমণ কালে, কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী ভ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৫। বোনাস - কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত আদেশ মোতাবেক উহার কর্মচারীগণকে উৎসব ভাতা অথবা উৎসব বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

২৬। চাকুরির রেকর্ড - (১) পৃথক পৃথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরির রেকর্ড সংরক্ষণ করা হইবে এবং উহাতে চাকুরীকালীণ সময়ের সকল বৃত্তান্ত অন্তর্ভুক্ত করা হইবে।

(২) কাউন্সিল কর্তৃক নির্দিষ্ট চাকুরী বহি সংরক্ষিত থাকিবে।

(৩) প্রত্যেক কর্মচারী উক্ত চাকুরী বহিতে লিপিবদ্ধকৃত তথ্যাদি সঠিক কিনা উহা প্রতি বৎসরে একবার দেখিতে পারিবেন।

২৭। বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদনঃ - (১) সকল কর্মচারীর জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফরমে বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন পরবর্তী বছরের জানুয়ারী মাসে উর্ধ্বতন তদারককারী কর্মকর্তার নিকট দাখিল বাধ্যতামূলক হইবে।

(২) উক্ত বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন অনুস্বাক্ষর, প্রতিস্বাক্ষর ও এতদসংক্রান্ত অন্যান্য বিষয়াদি সরকার কর্তৃক নির্দিষ্টকৃত নীতিমালা অনুযায়ী পরিচালিত হইবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃংখলা

২৮। আচরণ ও শৃংখলা - (১) প্রত্যেক কর্মচারী-

(ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;

(খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন, তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন;

(গ) কাউন্সিল এবং পণ্যভিত্তিক কাউন্সিল এর স্বার্থ রক্ষা ও ইহার উন্নতির জন্য যথাসাধ্য চেষ্টা করিবেন;

(ঘ) কাউন্সিল এবং পণ্যভিত্তিক কাউন্সিল এর সকল তথ্য, নথি ও দলিলপত্রের গোপনীয়তা কঠোরভাবে বজায় রাখিবেন;

এবং

(ঙ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত কাউন্সিল ও পণ্যভিত্তিক কাউন্সিল এর চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী -

(ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশ গ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং কাউন্সিল এবং পণ্যভিত্তিক কাউন্সিল এর স্বার্থের পরিপন্থি কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;

(খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;

(গ) কাউন্সিল এবং পণ্যভিত্তিক কাউন্সিল এর সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না;

(ঘ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসায় পরিচালনা করিবেন না;

(ঙ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না এবং অন্য কোন খন্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না;

(চ) কাউন্সিল এর স্বার্থের পরিপন্থি কোন কাজ করিবেন না; এবং

(ছ) স্থানীয় সংকীর্ণতা, স্বজনপ্রীতি, প্রিয়তোষণ, অকারণে অন্যের ক্ষতি কিংবা ক্ষমতার অপব্যবহার করিবেন না।

(৩) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে কাউন্সিল এর কোন কর্মকর্তার নিকট রাজনৈতিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৪) কোন কর্মচারী কাউন্সিল এবং পণ্যভিত্তিক কাউন্সিল এর বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।

(৫) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঋনগ্রস্ততা পরিহার করিবেন।

২৯। দণ্ডের ভিত্তি - কর্তৃপক্ষের বিবেচনায় কোন কর্মচারী -

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন; অথবা

(গ) বিনা অনুমতিতে কর্মত্যাগ (desertion) এর দায়ে দোষী হন; অথবা

(ঘ) অদক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা

(ঙ) নিম্নবর্ণিত কারণে দূর্নীতিপরায়ন হন বা যুক্তিসংগতভাবে দূর্নীতিপরায়ন বলিয়া বিবেচিত হন, যথা:-

- (১) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ এইরূপ অর্থসম্পদ বা সম্পত্তি দখলে রাখেন যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে ব্যর্থ হন,
- (২) তাহার প্রকাশ্য আয়ের সহিত সংগতি রক্ষা না করিয়া জীবন যাপন করেন, অথবা
- (৩) চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ বা প্রতারণার দায়ে দোষী হন, অথবা
- (৪) এই প্রবিধানমালার পরিপন্থি কোন কার্যের জন্য দোষী হন।

৩০। দন্ডসমূহ - (১) এই প্রবিধানমালার অধীনে নিম্নোক্ত দন্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথাঃ-

(অ) লঘু দন্ড :

(ক) তিরস্কার অর্থাৎ কোন কর্মচারী কর্তৃক কোন গর্হিত কর্মের জন্য তিরস্কার (Censure) করা এবং উহা তাহার সার্ভিস বুক লিপিবদ্ধ করা;

(খ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি স্থগিত রাখা;

(গ) নির্দিষ্ট মেয়াদের জন্য বেতন-বর্ধন বা বেতনক্রমের যোগ্যতা সীমা (Efficiency bar) অতিক্রম স্থগিত রাখা;

(ঘ) ৭ দিনের মূল বেতনের সম পরিমান টাকা কর্তন।

(আ) গুরু দন্ড :

(ঙ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;

(চ) কর্মচারী কর্তৃক সংঘটিত কাউন্সিল এর আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায় করণ;

(ছ) চাকুরী থেকে অপসারণ;

(জ) চাকরি থেকে অপসারণ; এবং

(ঝ) চাকরি থেকে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে ভবিষ্যতে কাউন্সিল এর চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবে।

৩১। লঘু দন্ডের ক্ষেত্রে তদন্ত পদ্ধতি - (১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরস্কার অপেক্ষা কঠোরতর কোন দন্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ -

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ তাহাকে লিখিতভাবে জানাইবেন এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা, তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবেন, এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক দাখিলকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবেন এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘু দন্ড প্রদান করিতে পারেন যাহাতে অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে সমগ্র কার্যক্রম সমাপ্ত হয়ঃ তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি অতিরিক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে কৈফিয়ত পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধির অনুমতি প্রদান করিতে পারিবেন;

তবে আরও শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা, যিনি অভিযুক্ত ব্যক্তির চেয়ে উচ্চ পদমর্যাদাসম্পন্ন হইবেন, যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তবে তিনি তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে সময় বৃদ্ধির জন্য অনুরোধ করিবেন এবং আদেশদানকারী কর্তৃপক্ষ অনুরোধটি বিবেচনার পর প্রয়োজন মনে করিলে, অতিরিক্ত পনেরটি কার্যদিবসের জন্য উক্ত সময় বৃদ্ধি মঞ্জুর করিতে পারেন।

(২) তদন্তকারী কর্মকর্তার সিদ্ধান্ত পাওয়ার পনেরটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা প্রয়োজন মনে করিলে অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং আদেশের তারিখ হইতে পনেরোটি কার্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিতে হইবে।

(৩) অধিকতর তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির বিশটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) যেক্ষেত্রে প্রবিধান ২৯-এর দফা (ক) অথবা (খ)-এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কারের দন্ড প্রদান করা হইবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে তাহার শুনানী গ্রহণ করতঃ দন্ডের কারণ লিপিবদ্ধ করার পর অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দন্ড আরোপ করিতে পারেন, তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকার করেন, তাহা হইলে শুনানী ব্যতিরেকেই

তাহার উপর উক্ত দন্ড আরোপ করা যাইবে, অথবা উপরের উপ-প্রবিধান (১) (খ), (২) ও (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর দন্ড আরোপ করা যাইবে এবং যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে লিখিতভাবে অভিযোগ জানাইতে হইবে, তাহা হইলে উপ-প্রবিধান (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, এবং অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কার অপেক্ষা গুরুতর দন্ড আরোপ করিতে হইবে।

৩২। গুরু দন্ডের ক্ষেত্রে তদন্ত পদ্ধতি - (১) যেক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীনে কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরুতর দন্ড আরোপ করা প্রয়োজন হইবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ -

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবেন এবং প্রস্তাবিত দন্ডের বিষয় উহাতে উল্লেখ করিবেন এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময় অন্য সে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করেন তাহাও কর্মচারীকে অবহিত করিবেন;

(খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা অবহিত করার পর দশটি কার্যদিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দন্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না, তৎসম্পর্কে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহাও উল্লেখ করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারেন।

(২) যে ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উল্লিখিত বা বর্ণিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিষয়াদির সাম্য প্রমাণসহ তাহার উক্ত বিবৃতি বিবেচনা করিবেন এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যেঃ

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবেন এবং তদানুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে লঘু দন্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগদান করিয়া আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে যে কোন একটি লঘু দন্ড প্রদান করিতে পারিবেন অথবা লঘু দন্ড আরোপের উদ্দেশ্যে প্রবিধান ৩২ এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রবিধানে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করিতে পারিবেন; এবং

(গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরু দন্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি তদন্ত বোর্ড নিয়োগ করিবেন।

(৩) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উল্লিখিত বা বর্ণিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ণিত সময় শেষ হওয়ার তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে অভিযোগ নামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি তদন্ত বোর্ড নিয়োগ করিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা, ক্ষেত্র বিশেষে, তদন্ত বোর্ড তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্ত কাজ শুরু করিবেন এবং প্রবিধান ৩৩ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড নিয়োগের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেনঃ তবে শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড নির্ধারিত সময়সীমার মধ্যে তাহার বা উহার সিদ্ধান্তে উপনীত হইতে না পারিলে লিখিতভাবে তাহার কারণ উল্লেখ করিয়া, প্রয়োজন মনে করিলে অনূর্ধ্ব বিশটি কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবেন এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশটি কার্যদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপি সহ সিদ্ধান্তটি জানাইবেন।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতাবেক গুরু দন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেন, তবে প্রস্তাবিত দন্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে তাহাকে কারণ দর্শাইবার নির্দেশ দিবেন।

(৭) কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং পনেরটি কার্যদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবেন।

(৮) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারার পর্যাপ্ত সাম্য প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং যেক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড নিযুক্ত করা হয়, সেক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা বোর্ডের তদন্তের প্রতিবেদন ও উহার যুক্তিসংগত কারণ থাকিতে হইবে।

(৯) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৩৩। তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড কর্তৃক অনুসরণীয় কার্যপ্রণালী - (১) তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড প্রতিদিন সংশ্লিষ্ট বিষয়ে শুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত শুনানী মূলতবী রাখিবেন না।

(২) বাদী পক্ষের সাক্ষীকে অভিযুক্ত ব্যক্তি এবং অভিযুক্ত ব্যক্তিকে বাদী পক্ষ জেরা করিতে পারিবেন, এবং তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড মৌখিক সাক্ষ্য গ্রহণপূর্বক উহা রেকর্ড করিয়া রাখিবেন।

(৩) কর্তৃপক্ষ অভিযোগের সমর্থনে তদন্তকারী কর্মকর্তার নিকট বিষয়টি উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারেন।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা বোর্ড যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং ইহার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন, তাহা হইলে সেই মর্মে তাহার বা উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করেন সেই পদ্ধতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা বোর্ড যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ তাহার বা উহার জন্য অবমাননাকর, তাহা হইলে তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনাবলী লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন। অতঃপর কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃকভাবে কার্যধারা সূচনা করিতে পারিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা বা বোর্ড তদন্ত সমাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন।

(৭) তদন্তকারী কর্মকর্তা বা বোর্ড তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত ব্যক্তি দোষী অথবা নির্দোষ তাহা উল্লেখ করিবেন, তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।

(৮) তদন্ত বোর্ডের ক্ষেত্রে কোন একজন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না।

৩৪। সাময়িক বরখাস্ত - (১) প্রবিধান ৩০ এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরু দণ্ড প্রদানের সম্ভাবনা থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারেনঃ

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মচারীকে তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে ছুটিতে যাইবার জন্য আদেশ দিতে পারেন।

(২) সাময়িক বরখাস্তের আদেশ ত্রিশটি কার্যদিবস অতিবাহিত হওয়ার পর বাতিল হইয়া যাইবে, যদি না উক্ত সময় অতিক্রান্ত হওয়ার পূর্বে প্রবিধান ৩১ অথবা প্রবিধান ৩২ মোতাবেক তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ তাহাকে অবহিত করা হয়।

(৩) সাময়িক বরখাস্ত থাকিবার সময় কোন কর্মচারী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করিতে পারিবেন না।

(৪) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময় কাউন্সিল এর নিয়ম ও আদেশানুযায়ী খোরাকী ভাতা পাইবেন।

(৫) কোন কর্মচারী ফৌজদারী মোকদ্দমাজনিত কারণে পুলিশ কর্তৃক গ্রেফতার হইলে অথবা হাজতে আটক হইলে গ্রেফতারের বা আটকের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য হইবেন।

৩৫। পুনর্বহাল - (ক) সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করার জন্য কমিটির অনুমোদনের প্রয়োজন হইবে।

(২) সাময়িকভাবে বরখাস্তের পর কোন কর্মচারী সসম্মানে চাকুরিতে পুনর্বহাল হইলে সাময়িক বরখাস্তকালীন সময় তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে এবং চাকুরীর সকল সুবিধা প্রাপ্য হইবে।

৩৬। শাস্তি আরোপ - কর্তৃপক্ষ ব্যতীত অপর কোন কর্মকর্তা কোন কর্মচারীর উপর শাস্তির আদেশ দিতে পারিবেন না।

৩৭। আদেশের বিরুদ্ধে আপীল - (১) কোন কর্মচারী তাহার বিরুদ্ধে প্রদত্ত আদেশের বিরুদ্ধে কমিটির নিকট আপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবেন, যথাঃ

(ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পদ্ধতি অনুসরণ করা হইয়াছে কিনা, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কিনা;

(খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায়সংগত কিনা;

(গ) আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপরিপূর্ণ কিনা এবং যে আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে ষাটটি কার্যদিবসের মধ্যে সেই আদেশ প্রদান করিবেন।

৩৮। আদালতে বিচারাধীন কার্যক্রম- কোন কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যক্রম বিচারাধীন থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম সম্পাদনে কোন বাঁধা থাকিবে না, তবে দণ্ড আরোপের ক্ষেত্রে আদালতে চলমান কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত এই দণ্ডারোপ স্থগিত থাকিবে।

অষ্টম অধ্যায়

অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৩৯। ভবিষ্য তহবিল - (১) সকল কর্মচারীর বেতনের নূন্যতম ১০% হারে অর্থ কন্ড্রিবিউটরি ভবিষ্য তহবিলে জমা হিসাবে প্রতি মাসের বেতন হইতে কর্তনযোগ্য হইবে,

(২) কর্মচারীগণের বেতন হইতে এইভাবে কর্তনকৃত অর্থ প্রতি তিন মাস অন্তর “কন্ড্রিবিউটরি ভবিষ্য তহবিল” নামীয় একটি এফডিআর একাউন্টে জমা করা হইবে।

(৩) কাউন্সিল কর্তৃক নির্ধারিত নীতিমালা ও পদ্ধতি অনুসারে উক্ত ভবিষ্য তহবিল পরিচালিত হইবে।

৪০। আনুতোষিক - (১) নিম্নোক্ত যে কোন কর্মচারী আনুতোষিক পাইবেন, যথাঃ

(ক) যিনি কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল এর অধীনে কমপক্ষে দশ বৎসর অব্যাহতভাবে এবং সন্তোষজনকভাবে চাকুরী করিয়াছেন এবং শান্তি স্বরূপ চাকুরী হইতে বরখাস্ত, পদচ্যুত বা অপসারিত হন নাই;

(খ) যিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করেন নাই;

(গ) দশ বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নের কোন কারণে যে কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথাঃ

(অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন, সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাটাই হইয়াছেন;

(আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থ্যের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে; অথবা

(ই) চাকুরীতে থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।

(২) কোন কর্মচারীর অব্যাহতভাবে অথবা সন্তোষজনকভাবে চাকুরীর মেয়াদ দশ বৎসরের বেশী কিন্তু পনের বৎসরের কম হইলে প্রত্যেক পূর্ণ বৎসরের জন্য দেড় মাসের মূল বেতনের হারে তাহাকে আনুতোষিক প্রদান করা যাইবে।

(৩) কোন কর্মচারীর অব্যাহতভাবে অথবা সন্তোষজনকভাবে চাকুরীর মেয়াদ পনের বৎসরের বেশী হইলে প্রত্যেক পূর্ণ বৎসরের জন্য দুই মাসের মূল বেতনের হারে তাহাকে আনুতোষিক প্রদান করা যাইবে।

(৪) সর্বশেষ গৃহীত বেতন আনুতোষিক গণনার মূল ভিত্তি হইবে।

(৫) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোষিক প্রাপ্য হইলে যাহাতে তাহার মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিতে পারিবেন, এবং যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা এইরূপ মনোনয়ন বাতিলও করিতে পারিবেন।

(৬) কোন মনোনয়নপত্র না থাকিলে কর্মচারীর মৃত্যুর পর তাহার আনুতোষিকের টাকা উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৪১। অবসর গ্রহণের পূর্বে ছুটি (Leave Prior to Retirement) - (১) কোন কর্মচারীর বয়স ৫৯ বৎসর অতিক্রমের পর তিনি চাকুরী হতে অবসরপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন।

(২) কোন কর্মচারী অবসর গ্রহণের পূর্বে ছয় মাস পর্যন্ত পূর্ণবেতনে এবং আরও ছয় মাস অর্ধ বেতনে ছুটি বাবদ প্রাপ্য হইবেন এবং উক্ত হিসাব অনুযায়ী প্রযোজ্য বেতন ও ভাতা পাইবেন।

নবম অধ্যায়

চাকুরী অবসান ও অব্যাহতি

৪২। চাকুরীর অবসান - (১) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া এবং এক মাসের নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিস তাহার চাকুরী অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানমালায় ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তিনমাসের আগাম নোটিশ দিয়া অথবা তদপরিবর্তে তিনমাসের মূল বেতনের সম-পরিমাণ অর্থ পরিশোধ করিয়া যে কোন কর্মচারীর চাকুরীর অবসান ঘটাইতে পারিবে।

৪৩। ইস্তফাদান, ইত্যাদি - (১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে

ব্যর্থতার ক্ষেত্রে, তিনি কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিলকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাহার অভিত্রায় উল্লেখপূর্বক একমাসের পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিলকে তাহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মচারীর বিরুদ্ধে শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে তিনি কাউন্সিল বা পণ্যভিত্তিক কাউন্সিল এর চাকুরী হইতে ইস্তফাদান করিতে পারিবেন নাঃ
তবে শর্ত থাকে যে, কমিটি যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবেন সেইরূপ শর্তে কোন কর্মচারীতে ইস্তফাদানের অনুমতি দিতে পারেন।

স্বাক্ষরিত

(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
কোঅর্ডিনেটর, বিপিসি ও উপ সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।

তফসিল-১
পদের তালিকা

ক্রমিক নং	পদের বিবরণ	দায়িত্ব সম্পাদনের ধরণ ও প্রকৃতি
১	কাউন্সিল কোঅর্ডিনেটর	কাউন্সিলের সকল কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনা, বাণিজ্য উন্নয়নে নীতি ও কৌশলগত দিকনির্দেশনা, বাণিজ্য উন্নয়নে স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যোগাযোগ, প্রকল্প বাস্তবায়ন, পরিকল্পনা প্রণয়ন ও সমন্বয় সাধন।
২	ডেপুটি কোঅর্ডিনেটর	পলিসি এ্যাডভোকেসী, পলিসি রিসার্চ, কেইস স্টাডি, নীতিমালা প্রণয়ন, নীতিমালার বৈষম্য বিশ্লেষণ, শিল্পোন্নয়ন, বাণিজ্য উন্নয়নের মাষ্টারপ্লান প্রস্তুত, বাণিজ্য উন্নয়নে রোড-ম্যাপ প্রস্তুত বাণিজ্য উন্নয়নে বাজার ব্যর্থতা নিরূপণ ও বিশ্লেষণ, সরকার প্রণীত দারিদ্র বিমোচন কৌশলপত্র ও অন্যান্য নীতিমালার সাথে বাণিজ্য উন্নয়নের লিংকেজ।
৩	নির্বাহী অফিসার	সংশ্লিষ্ট কাউন্সিলের আওতায় বর্ণিত কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রম বাস্তবায়নে দায়িত্ব পালন।
৪	সহকারী নির্বাহী অফিসার	সংশ্লিষ্ট শাখার আওতায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে নির্বাহী অফিসারকে সাহায্য করা।
৫	একাউন্টস অফিসার	অফিসের একাউন্টিং কাজ এবং তদসহ যাবতীয় কাজে তদারকী করা।
৬	অফিস সহকারী/ প্রোগ্রাম সহকারী	সংশ্লিষ্ট শাখার আওতায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে দায়িত্ব পালন।
৭	প্রশাসনিক সহকারী	প্রশাসন শাখার আওতায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে দায়িত্ব পালন।
৮	একাউন্টস সহকারী	হিসাব শাখার আওতায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে দায়িত্ব পালন।
৯	ড্রাইভার	গাড়ী চালনা এবং গাড়ীর যাবতীয় কাজ রক্ষনাবেক্ষণ করা।
১০	পিয়ন-কাম-ম্যাসেঞ্জার	অফিসের যাবতীয় কাজে সাহায্য করা।
১১	ক্লিনার	নিয়মিত অফিসের সকল ক্লিনিং কাজ এবং অন্যান্য দায়িত্ব পালন করা।

তফসিল-২
চাকুরী বিধিমালা (ধারা-১.৮.১)

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের জন্য বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা	প্রেষণে/লিয়েণে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা
১	২	৩	৪	৫	৬	৭
১	নির্বাহী অফিসার	সর্বোচ্চ ৩৫ বছর	সরাসরি নিয়োগ/পদোন্নতি/অতিঃ দায়িত্ব	সকল পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ৩.০০/বিভাগসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রী। অর্থনীতি, পরিসংখ্যান, ব্যবসাপ্রশাসন, সামাজিক বিজ্ঞান, ব্যবস্থাপনা, ফাইন্যান্স, ব্যাংকিং, আইন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্ট ইঞ্জিনিয়ারিং, ফার্মেসী, ফার্মাকোলজী, ফলিত পদার্থ, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ও আইসিটি, বিষয়গুলোকে অগ্রাধিকার দেয়া হবে	সংশ্লিষ্ট ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক কর্ম সম্পাদন।	কোঅর্ডিনেটর কর্তৃক নির্ধারিত। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাদেও ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য
২	সহকারী নির্বাহী অফিসার	সর্বোচ্চ ৩৫ বছর	সরাসরি নিয়োগ/পদোন্নতি	সকল পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ৩.০০/বিভাগসহ মাস্টার্স ডিগ্রী/বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা নূন্যতম গ্রাজুয়েট ডিগ্রীসহ সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে দুই বৎসর কর্মের অভিজ্ঞতা। অথবা সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে ৩ বৎসরের অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতা গ্রাজুয়েট।	সংশ্লিষ্ট ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক কর্ম সম্পাদন।	
৩	একাউন্টস অফিসার	সর্বোচ্চ ৩৫ বছর	সরাসরি নিয়োগ/পদোন্নতি	সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ/জিপিএ ৩.০০ মাস্টার্স বা সমমানের ডিগ্রী। এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, এমএস এক্সেল এর ক্ষেত্রে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।	সংশ্লিষ্ট ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক কর্ম সম্পাদন।	
৪	একাউন্টস সহকারী/অফিস সহকারী/প্রশাসনিক সহকারী	সর্বোচ্চ ৩৫ বছর	সরাসরি নিয়োগ/পদোন্নতি	সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ/জিপিএ ৩.০০ গ্রাজুয়েট বা সমমানের ডিগ্রী। এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, এমএস এক্সেল এর ক্ষেত্রে ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা।	সংশ্লিষ্ট ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক কর্ম সম্পাদন।	
৫	গাড়ী চালক	সর্বোচ্চ ৩৫ বছর	সরাসরি নিয়োগ	অষ্টম শ্রেণী পাশ। গাড়ী চালক হিসেবে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা এবং গাড়ী চালনায় মটর ভেহিক্যাল এ্যাক্ট অনুযায়ী বৈধ ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত হতে হবে। গাড়ী চালনায় অধিকতর অভিজ্ঞতার ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।	প্রযোজ্য নহে	
৬	পিয়ন-কাম-ম্যাসেঞ্জার	সর্বোচ্চ ৩৫ বছর	সরাসরি নিয়োগ	সংশ্লিষ্ট ক্ষেত্রে সন্তোষজনক পূর্ব অভিজ্ঞতা। এস.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।	সংশ্লিষ্ট ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক	

					কর্ম সম্পাদন।	
৭	ক্লিনার	সর্বোচ্চ ৩৫ বছর	সরাসরি নিয়োগ	সংশ্লিষ্ট ক্ষেত্রে সন্তোষজনক পূর্ব অভিজ্ঞতা। অষ্টম শ্রেণী পাশ।	প্রয়োজ্য নহে	

নথি নং-বিপিসি/মিটিং/২১/০৪/ অংশ-২

তারিখঃ ২৫/১০/২০১২ইং

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১. ভাইস চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (ইপিবি)।
 ২. অতিরিক্ত সচিব (রপ্তানী), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ৩. প্রেসিডেন্ট, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।
 ৪. প্রেসিডেন্ট, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)।
 ৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)।
 ৬. চেয়ারম্যান, বাংলাদেশ ফিনিশড লেদার লেদার গুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন।
 ৭. প্রেসিডেন্ট, লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ।
 ৮. চেয়ারম্যান, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)।
 ৯. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বাইশিমা)।
 ১০. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইলেকট্রিক্যাল মার্চেন্টাইস ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিইএমএমএ)।
 ১১. জেনারেল সেক্রেটারী, বাংলাদেশ অটোমোবাইল অ্যাসোসিয়ার্স এন্ড ম্যানুফ্যাকচারিং এসোসিয়েশন (বামা)।
 ১২. প্রেসিডেন্ট, বাংলাদেশ বাইসাইকেল এন্ড পার্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন।
 ১৩. প্রেসিডেন্ট, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব)।
 ১৪. প্রেসিডেন্ট, বাংলাদেশ আয়ুর্বেদিক ঔষধ শিল্প সমিতি।
 ১৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ হার্বাল প্রোডাক্টস্ ম্যানুফ্যাকচারিং এসোসিয়েশন (বিএইচপিএমএ)।
 ১৬. প্রেসিডেন্ট, বাংলাদেশ হার্বাল ফুড এন্ড কসমেটিকস এসোসিয়েশন (বিএইচএফসিএ)।
 ১৭. প্রেসিডেন্ট, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিসিন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিএইচএমএমএ)।
 ১৮. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইউনানী ঔষধ শিল্প সমিতি (বিইউএএসএস)।
 ১৯. প্রেসিডেন্ট, বাংলাদেশ ফোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিএফএফইএ)।
 ২০. চেয়ারম্যান, বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিশ ফাউন্ডেশন (বিএসএফএফ)।
 ২১. প্রেসিডেন্ট, ন্যাশনাল স্ট্রিম্প ফার্মাস এসোসিয়েশন।
 ২২. প্রেসিডেন্ট, স্ট্রিম্প হ্যাচারী এসোসিয়েশন অব বাংলাদেশ।
 ২৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ সলটেড ডী-হাইড্রেট মেরীন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিএসডিএমএফইএ)।
 ২৪. প্রেসিডেন্ট, বাংলাদেশ ফুডস ভেজিটেবলস্ এন্ড এ্যালাইড প্রোডাক্টস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন।
 ২৫. চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন (বিজিএমসি)।
 ২৬. চেয়ারম্যান, এগ্রো বেইজ প্রোডাক্ট প্রডিউসার এন্ড মার্চেন্টস্ এসোসিয়েশন।
 ২৭. প্রেসিডেন্ট, ব্রিডার্স এসোসিয়েশন অফ বাংলাদেশ।
 ২৮. প্রেসিডেন্ট, বাংলাদেশ ম্যানগো প্রডিউসার মার্চেন্ট এসোসিয়েশন।
 ২৯. প্রেসিডেন্ট, রাইস এক্সপোর্টার্স এসোসিয়েশন।
 ৩০. প্রেসিডেন্ট, সিড গ্রোয়ার, ডিলার এন্ড মার্চেন্টস্ এসোসিয়েশন।
 ৩১. চেয়ারম্যান, বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন।
 ৩২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্লাওয়ার গ্রোয়ার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন।
 ৩৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ অর্গানিক প্রোডাক্টস্ ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন।
 ৩৪. প্রেসিডেন্ট, বাংলাদেশ কল সেন্টার এসোসিয়েশন অফ বাংলাদেশ (ব্যাকো)।
- সদয় অবগতির জন্যঃ
- ১। অতিরিক্ত/যুগ্ম-সচিব (প্রশাসন), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। বাণিজ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাঃ/-

(ড. মোঃ খায়েরুজ্জামান
মজুমদার)
কোঅর্ডিনেটর, বিপিসি ও
উপ সচিব, বাণিজ্য
মন্ত্রণালয়।

১১.০ প্রতিযোগিতা কমিশন :

দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করা, নিশ্চিত ও বজায় রাখার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজশ (Collusion), মনোপলি (Monopoly) ও ওলিগপলি (Oligopoly) অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূলের লক্ষ্যে বাংলাদেশে প্রতিযোগিতা আইন, ২০১২ প্রণয়ন করা হয়েছে। উক্ত আইনের অধীনে সার্বিক কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন গঠন করা হয়েছে।

বাংলাদেশ প্রতিযোগিতা আইনের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে অন্যান্য বিষয়ের সাথে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের প্রধান কার্যাবলিনিম্নরূপঃ

- (ক) বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহকে নির্মূল করা, প্রতিযোগিতাকে উৎসাহিত করা ও বজায় রাখা এবং ব্যবসা-বাণিজ্যের স্বাধীনতাকে নিশ্চিত করা;
- (খ) কোন অভিযোগের ভিত্তিতে অথবা স্ব-প্রণোদিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিযোগিতা বিরোধী সকল চুক্তি, কর্তৃত্বময় অবস্থান এবং অনুশীলনের তদন্ত করা;
- (গ) এই আইনে উল্লিখিত অন্যান্য অপরাধের তদন্ত পরিচালনা এবং উহার ভিত্তিতে মামলা দায়ের ও পরিচালনা করা;
- (ঘ) জোটবদ্ধতা এবং জোটবদ্ধতা সংশ্লিষ্ট বিষয়াদি, জোটবদ্ধতার জন্য তদন্ত সম্পাদনসহ জোটবদ্ধতার শর্তাদি এবং জোটবদ্ধতা অনুমোদন বা নামঞ্জুর সংক্রান্ত বিষয়াদি নির্ধারণ করা ;
- (ঙ) প্রতিযোগিতা সংক্রান্ত বিধিমালা, নীতিমালা, দিক নির্দেশনামূলক পরিপত্র বা প্রশাসনিক নির্দেশনা প্রণয়ন এবং উহা বাস্তবায়নে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা;
- (চ) প্রতিযোগিতামূলক কর্মকাণ্ডের উন্নয়ন এবং প্রতিযোগিতা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত মানদণ্ড নির্ধারণ করা;
- (ছ) সমাজের বিভিন্ন শ্রেণীর লোকজনের মধ্যে প্রতিযোগিতা সম্পর্কিত সার্বিক বিষয়ে প্রচার এবং প্রকাশনার মাধ্যমে ও অন্যান্য উপায়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ করা;

(জ) প্রতিযোগিতা বিরোধী কোন চুক্তি বা কর্মকাণ্ড বিষয়ে গবেষণা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ এবং অনুরূপ অন্যবিধ ব্যবস্থার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি করা এবং গবেষণালব্ধ ফলাফল প্রকাশ ও প্রচার করা এবং উহাদের কার্যকর বাস্তবায়নের জন্য সরকারের নিকট সুপারিশ করা;

(ঝ) সরকার কর্তৃক প্রেরিত প্রতিযোগিতা সংক্রান্ত যে কোন বিষয় প্রতিপালন, অনুসরণ বা বিবেচনা করা;

(ঞ) ভোক্তা অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে অন্য কোন আইনের অধীন গৃহীত ব্যবস্থাদি পর্যালোচনা করা;

(ট) দায়িত্ব পালনের জন্য বা ইহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বিদেশী কোন সংস্থার সহিত কোন চুক্তি বা সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর ও সম্পাদন করা;

(ঠ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে ফিস, চার্জ বা অন্য কোন খরচ ধার্য করা; এবং

(ড) আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি দ্বারা নির্ধারিত অন্য যে কোন কার্য করা।

এছাড়া কমিশন স্ব-প্রণোদিত হয়ে অথবা কোন অভিযোগের ভিত্তিতে এই আইনের অধীন উত্থাপিত অভিযোগ সম্পর্কে অনুসন্ধান করতে পারবে এবং Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর অধীন দেওয়ানী আদালতের ন্যায় ক্ষমতা প্রয়োগ করে জরিমানা এবং দণ্ড প্রদান করার ক্ষমতা রয়েছে।

১১.১

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৭, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ
ঢাকা, ৭ মার্চ, ২০১২/২৪ ফাল্গুন, ১৪১৮

নিম্নলিখিত বিলটি ৭ মার্চ, ২০১২(২৪ ফাল্গুন, ১৪১৮) তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে ঃ—

বা.জা.স. বিল নং ১৯/২০১২

প্রতিযোগিতা আইন প্রণয়নের লক্ষ্যে আনীত বিল

যেহেতু দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করিবার, নিশ্চিত ও বজায় রাখিবার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজশ (Collusion), মনোপলি (Monopoly) ও ওলিগপলি (Oligopoly) অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূলের লক্ষ্যে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন প্রতিযোগিতা আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) “অধিগ্রহণ (Acquisition)” অর্থ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যবসা প্রতিষ্ঠানের শেয়ার, ভোট প্রদানের অধিকার বা সম্পদ অধিগ্রহণ বা অধিগ্রহণের জন্য সম্মত হওয়া বা সম্পদ বা ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ গ্রহণ করা;

(খ) “অনুশীলন (Practice)” অর্থ কোন ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অনুসৃত প্রচলিত রীতি;

(গ) “ওলিগপলি (Oligopoly)” অর্থ কিছু সংখ্যক ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন পণ্য বা সেবার বাজার নিয়ন্ত্রণ করে এমন কোন অবস্থা;

(ঘ) “কমিশন” অর্থ ধারা ৫ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;

(ঙ) “কার্টেল (Cartel)” অর্থ কোন ব্যক্তি বা ব্যক্তিগোষ্ঠীর প্রকাশ্য বা প্রচ্ছন্ন চুক্তির মাধ্যমে কোন পণ্য বা সেবার বাজারে একচেটিয়া ব্যবসা প্রতিষ্ঠার জন্য পণ্যের উৎপাদন, পরিবেশন, বিক্রয়, মূল্য বা লেনদেন অথবা কোন প্রকার সেবা সীমিতকরণ, নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা বা নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা;

(চ) “চেয়ারপার্সন” অর্থ কমিশনের চেয়ারপার্সন;

(ছ) “চুক্তি” অর্থ—

(অ) Contract Act, 1872 (Act IX of 1872) এর section 2(h) এ সংজ্ঞায়িত “Contract”;

(আ) কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়, উৎপাদন, সরবরাহ, বিতরণ, নিয়ন্ত্রণ বা, ক্ষেত্রমত, পণ্যের গুণমানজাতকরণ বিষয়ে সমঝোতা বা ঐকমত্য, আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক, লিখিত বা অলিখিত, প্রকাশ্য বা প্রচ্ছন্ন, যাহাই হউক না কেন, এবং উহা আইনি প্রক্রিয়ায় বলবৎযোগ্য হউক বা না হউক; এবং নিম্নলিখিত বিষয়ও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা—

(১) শর্তযুক্ত ব্যবস্থা (Tie-in-arrangement);

(২) একচ্ছত্র (Exclusive) সরবরাহ চুক্তি;

(৩) একচ্ছত্র (Exclusive) পরিবেশন চুক্তি;

(৪) লেনদেনে অস্বীকার;

(৫) পুনঃবিক্রয় মূল্য সংরক্ষণ;

(জ) “জোটবদ্ধতা (Combination)” অর্থ ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অধিগ্রহণ (Acquisition) বা নিয়ন্ত্রণ গ্রহণ করা বা অংগীভূত বা একীভূত হওয়া (Merger);

(ঝ) “পণ্য (Goods)” অর্থ Sale of Goods Act, 1930 (Act III of 1930) এর section 2(7) এ সংজ্ঞায়িত “goods”;

(এ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ট) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঠ) “ব্যক্তি” অর্থ কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানী, সমিতি, অংশীদারী কারবার, ফার্ম বা সংবিধিবদ্ধ বা অন্য কোন সংস্থা বা উহাদের প্রতিনিধিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) “ব্যবসা-প্রতিষ্ঠান” অর্থ এমন ব্যক্তি বা অর্থনৈতিক সত্ত্বা বা সরকারের এমন কোন বিভাগ যিনি বা যাহা যে কোন প্রকারের পণ্যের উৎপাদন, গুদামজাতকরণ, সরবরাহ, পরিবেশন, অধিগ্রহণ বা নিয়ন্ত্রণ বা সেবার সংস্থান সংক্রান্ত কোন কার্যক্রমে অথবা বিনিয়োগ বা ব্যবসা অর্জন, ধারণ, দায়গ্রহণ বা শেয়ার, ডিবেঞ্চর এবং অন্য কোন বিধিবদ্ধ সংস্থার জামানত সংক্রান্ত লেনদেনসহ অন্যান্য কার্যক্রমে সরাসরি অথবা এক বা একাধিক ইউনিটে বা বিভাগে বা অধীনস্থ (subsidiary) হিসাবে, নিয়োজিত ছিলেন বা আছেন, এইরূপ ইউনিট, বিভাগ বা অধীনস্থতা যেই স্থানে ব্যবসা প্রতিষ্ঠান অবস্থিত সেই স্থানে হউক বা ভিনডুব স্থানে হউক তাহাকে বুঝাইবে; তবে সরকারের মুদ্রা ও প্রতিরক্ষার সহিত সংশ্লিষ্ট এমন কোন কার্যক্রম এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না;

(ঢ) “ব্যবসা-বাণিজ্য (Trade)” অর্থ পণ্যের উৎপাদন, সরবরাহ, পরিবেশন, গুদামজাতকরণ বা নিয়ন্ত্রণ সংক্রান্ত লেনদেন, ব্যবসা, শিল্প, পেশা বা বৃত্তি; এবং কোন সেবার সংস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ণ) “মনোপলি (Monopoly)” অর্থ মাত্র একজন ব্যক্তি বা একটি প্রতিষ্ঠান কোন পণ্য বা সেবার বাজার নিয়ন্ত্রণ করে এমন কোন অবস্থা;

(ত) “মূল্য” অর্থ কোন পণ্য বিক্রয় কিংবা কোন সেবা প্রদানের ক্ষেত্রে মূল্যবান বিনিময় (valuable exchange), প্রত্যক্ষ বা পরোক্ষ বা বিলম্বিত হউক বা না হউক, এবং এমন বিনিময়ও ইহার অন্তর্ভুক্ত হইবে যাহা কার্যতঃ কোন পণ্য বিক্রয় কিংবা সেবা প্রদানের সহিত সম্পৃক্ত কিন্তু দৃশ্যতঃ অন্য কোন বিষয় বা ঘটনার সহিত সংশ্লিষ্ট;

(থ) “ষড়যন্ত্রমূলক যোগসাজশ (Collusion)” অর্থ সুস্থ ও স্বাভাবিক প্রতিযোগিতার পরিবেশ বিনষ্ট করে বাজারকে নিয়ন্ত্রণ করার অসৎ উদ্দেশ্যে সম্পাদিত লিখিত অথবা অলিখিত চুক্তি বা সমঝোতা;

(দ) “সদস্য” অর্থ কমিশনের সদস্য;

(ধ) “সংশ্লিষ্ট বাজার” অর্থ—

(অ) পণ্যের বা সেবার বৈশিষ্ট্য, মূল্য এবং ব্যবহারের ইচ্ছার ভিত্তিতে ভোক্তা কর্তৃক বিনিময়যোগ্য বা পরিবর্তনযোগ্য সংশ্লিষ্ট পণ্য বা সেবার বাজার;

(আ) কোন এলাকা সমন্বয়ে গঠিত বাজার যাহাতে পণ্য সরবরাহ বা সেবা সংস্থান বা পণ্য বা সেবার চাহিদার জন্য প্রতিযোগিতার শর্তাবলী অভিন্ন এবং প্রতিবেশী এলাকায় বিরাজমান শর্তাবলী হইতে পৃথক;

(ন) “সেবা” অর্থ যে কোন প্রকারের সেবা যাহা সম্ভাব্য ব্যবহারকারীর জন্য প্রাপ্তিসাধ্য (available) করা হইয়াছে; এবং কোন শিল্প বা বাণিজ্যিক বিষয় সংক্রান্ত ব্যবসার সহিত সংশ্লিষ্ট সেবার সংস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(২) এই আইনে ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। প্রয়োগ।—বাণিজ্যিক উদ্দেশ্যে কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়, উৎপাদন, সরবরাহ, বিতরণ এবং ক্ষেত্রমত, পণ্যের গুদামজাতকরণের সহিত সংশ্লিষ্ট সকল ব্যবসা-প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হইবে।

৪। আইনের প্রয়োগ হইতে অব্যাহতি।—জাতীয় নিরাপত্তার স্বার্থে সরকার কর্তৃক নিয়ন্ত্রিত এবং বেসরকারি খাতের জন্য উন্মুক্ত নহে এমন পণ্য এবং সেবা এই আইনের আওতা বহির্ভূত থাকিবে।

দ্বিতীয় অধ্যায়

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠা, ইত্যাদি

৫। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠা।—(১) এই আইন প্রবর্তনের পর, যতশীঘ্র সম্ভব, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন নামে একটি কমিশন প্রতিষ্ঠা করিবে।

(২) কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা থাকিবে এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহার পক্ষে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) কমিশনের একটি সাধারণ সীলমোহর থাকিবে, যাহা কমিশন কর্তৃক নির্ধারিত আকৃতির এবং বিবরণ সম্বলিত হইবে; উহা চেয়ারপার্সনের হেফাজতে থাকিবে এবং কমিশন কর্তৃক নির্ধারিত ক্ষেত্রে ব্যবহৃত হইবে।

৬। কমিশনের কার্যালয়।—কমিশনের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং কমিশন, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৭। কমিশন গঠন।—(১) কমিশন এক (১) জন চেয়ারপার্সন এবং অনধিক চার (৪) জন সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(২) চেয়ারপার্সন ও সদস্যগণ, উপ-ধারা (৩) এ উল্লিখিত যোগ্যতা পূরণ সাপেক্ষে, সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর অন্যান্য শর্তাবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৩) অর্থনীতি, বাজার সম্পর্কিত বিষয় বা জন প্রশাসন বা অনুরূপ যে কোন বিষয় বা আইন পেশায় কিংবা সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে আইন বিষয়ক কর্মকাণ্ডে অথবা সরকারের বিবেচনায় কমিশনের জন্য প্রয়োজনীয় অন্য কোন বিষয়ে ১৫ (পনের) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি কমিশনের চেয়ারপার্সন বা সদস্য হিসাবে নিয়োগ লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন :

তবে শর্ত থাকে যে, একই বিষয়ে অভিজ্ঞ একাধিক ব্যক্তিকে সদস্য হিসাবে নিয়োগ করা যাইবে না।

(৪) চেয়ারপার্সন এবং সদস্যগণ কমিশনের সার্বক্ষণিক সদস্য হইবেন এবং দায়িত্ব পালনের ক্ষেত্রে কমিশন সরকারের নিকট দায়ী থাকিবে।

(৫) চেয়ারপার্সন কমিশনের প্রধান নির্বাহী হইবেন।

(৬) চেয়ারপার্সন এবং সদস্যগণ তাহাদের কার্যভার গ্রহণের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য স্ব স্ব পদে বহাল থাকিবেন এবং অনুরূপ একটিমাত্র মেয়াদের জন্য পুনঃ নিয়োগের যোগ্য হইবেন :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তির বয়স ৬৫ (পঁয়ষট্টি) বৎসর পূর্ণ হইলে তিনি চেয়ারপার্সন বা সদস্য পদে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না বা চেয়ারপার্সন বা সদস্য পদে বহাল থাকিবেন না।

(৭) উপ-ধারা (৬) এর অধীন তাহাদের চাকুরীর নির্ধারিত মেয়াদ শেষ হইবার পূর্বে চেয়ারপার্সন বা কোন সদস্য যে কোন সময় সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে অনূন ৩ (তিন) মাসের অধীম নোটিশ প্রদান করিয়া স্ব স্ব পদ ত্যাগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক পদত্যাগ গৃহীত না হওয়া পর্যন্ত চেয়ারপার্সন বা, ক্ষেত্রমত, সদস্য স্ব স্ব কার্য চালাইয়া যাইবেন।

(৮) চেয়ারপার্সনের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে চেয়ারপার্সন তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, নবনিযুক্ত চেয়ারপার্সন তাহার পদে যোগদান না করা পর্যন্ত কিংবা চেয়ারপার্সন পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত জ্যেষ্ঠতম সদস্য চেয়ারপার্সন পদের দায়িত্ব পালন করিবেন।

(৯) চেয়ারপার্সন বা কোন সদস্য মৃত্যুবরণ বা উপ-ধারা (৭) এর বিধান অনুসারে স্বীয় পদ ত্যাগ করিলে বা অপসারিত হইলে, সরকার উক্ত পদ শূন্য হইবার, ৬০ (ষাট) দিনের মধ্যে, এই আইনের বিধান সাপেক্ষে, কোন উপযুক্ত ব্যক্তিকে শূন্য পদে নিয়োগদান করিবেন।

৮। কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলী।—(১) কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহকে নির্মূল করা, প্রতিযোগিতাকে উৎসাহিত করা ও বজায় রাখা এবং ব্যবসা-বাণিজ্যের স্বাধীনতাকে নিশ্চিত করা;

(খ) কোন অভিযোগের ভিত্তিতে অথবা স্ব-প্রণোদিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিযোগিতা বিরোধী সকল চুক্তি, কতৃৎময় অবস্থান এবং অনুশীলনের তদন্ত করা;

(গ) ধারা ১৮ এর প্রাসংগিকতাকে ক্ষুণ্ণ না করিয়া এই আইনে উল্লিখিত অন্যান্য অপরাধের তদন্ত পরিচালনা এবং উহার ভিত্তিতে মামলা দায়ের ও পরিচালনা করা;

(ঘ) জোটবদ্ধতা এবং জোটবদ্ধতা সংশ্লিষ্ট বিষয়াদি, জোটবদ্ধতার জন্য তদন্ত সম্পাদনসহ জোটবদ্ধতার শর্তাদি এবং জোটবদ্ধতা অনুমোদন বা নামঞ্জুর সংক্রান্ত বিষয়াদি নির্ধারণ করা ;

(ঙ) প্রতিযোগিতা সংক্রান্ত বিধিমালা, নীতিমালা, দিক নির্দেশনামূলক পরিপত্র বা প্রশাসনিক নির্দেশনা প্রণয়ন এবং উহা বাস্তবায়নে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা;

(চ) প্রতিযোগিতামূলক কর্মকাণ্ডের উন্নয়ন এবং প্রতিযোগিতা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত মানদণ্ড নির্ধারণ করা;

(ছ) সমাজের বিভিন্ন শ্রেণীর লোকজনের মধ্যে প্রতিযোগিতা সম্পর্কিত সার্বিক বিষয়ে প্রচার এবং প্রকাশনার মাধ্যমে ও অন্যান্য উপায়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচীর গ্রহণ করা;

(জ) প্রতিযোগিতা বিরোধী কোন চুক্তি বা কর্মকাণ্ড বিষয়ে গবেষণা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ এবং অনুরূপ অন্যবিধ ব্যবস্থার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি করা এবং গবেষণালব্ধ ফলাফল প্রকাশ ও প্রচার করা এবং উহাদের কার্যকর বাস্তবায়নের জন্য সরকারের নিকট সুপারিশ করা;

(ঝ) সরকার কর্তৃক প্রেরিত প্রতিযোগিতা সংক্রান্ত যে কোন বিষয় প্রতিপালন, অনুসরণ বা বিবেচনা করা;

(ঞ) ভোক্তা অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে অন্য কোন আইনের অধীন গৃহীত ব্যবস্থাদি পর্যালোচনা করা;

(ট) এই ধারার অধীন দায়িত্ব পালনের জন্য বা ইহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বিদেশী কোন সংস্থার সহিদ কোন চুক্তি বা সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর ও সম্পাদন করা;

(ঠ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ফিস, চার্জ বা অন্য কোন খরচ ধার্য করা; এবং

(ড) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি দ্বারা নির্ধারিত অন্য যে কোন কার্য করা।

(২) কমিশন স্ব-প্রণোদিত হইয়া অথবা কোন অভিযোগের ভিত্তিতে এই আইনের অধীন উত্থাপিত অভিযোগ সম্পর্কে অনুসন্ধান করিতে পারিবে।

(৩) নিম্নবর্ণিত বিষয়ে Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর অধীন একটি দেওয়ানী আদালত যে ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে কমিশন বা, ক্ষেত্রমত, চেয়ারপার্সন বা কোন সদস্যও এই ধারার অধীন সেইরূপ ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন, যথাঃ—

(ক) কোন ব্যক্তিকে কমিশনে হাজির করিবার জন্য নোটিশ জারী করা ও উপস্থিতি নিশ্চিত করা;

(খ) কোন দলিল উদ্ঘাটন ও উপস্থাপন করা;

- (গ) তথ্য যাচাই ও পরিদর্শন করা;
- (ঘ) কোন অফিস হইতে প্রয়োজনীয় কাগজাদি বা উহার অনুলিপি তলব করা;
- (ঙ) সাক্ষীর জিজ্ঞাসাবাদ এবং দলিল পরীক্ষা করিবার জন্য নোটিশ জারী করা;
- (চ) এই উপ-ধারার উদ্দেশ্য পূরণকল্পে যে কোন বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা।

(৪) কমিশন যে কোন ব্যক্তিকে তদন্ত সংশ্লিষ্ট বিষয়ে কোন তথ্য সরবরাহ করিবার জন্য তাহার হেফাজতে বা নিয়ন্ত্রণে থাকা এইরূপ কোন বই, হিসাব বা অন্যান্য দলিল, যাহা বাণিজ্যিক লেনদেনের সহিত সংশ্লিষ্ট এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে পরীক্ষা করা আবশ্যিক, উক্তরূপ বিষয়াদি কমিশন বা তদ্বকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার নিকট উপস্থাপন করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে এবং অনুরূপভাবে নির্দেশিত ব্যক্তি তাহার হেফাজতে রক্ষিত উক্ত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(৫) কমিশন কোন তদন্ত বা কার্যধারা পরিচালনার ক্ষেত্রে উহাকে সহায়তা প্রদানের জন্য অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, হিসাববিজ্ঞান অথবা অন্য কোন ক্ষেত্র হইতে প্রয়োজনীয় সংখ্যক বিশেষজ্ঞকে আমন্ত্রণ জানাইতে পারিবে এবং উক্তরূপ সহায়তা প্রদানের জন্য কমিশনের নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তি যথাযথ উদ্যোগ গ্রহণ করিবেন।

(৬) কমিশনের সম্মুখে সকল কার্যধারা Penal Code, 1860 (Act XLV of 1860) এর section 196 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 193 এবং 228 এর অধীন বিচারিক কার্যধারা বলিয়া গণ্য হইবে, এবং Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর chapter 35 এবং section 195 এর উদ্দেশ্য পূরণকল্পে, কমিশন একটি দেওয়ানী আদালত (Civil Court) বলিয়া গণ্য হইবে।

(৭) চেয়ারপার্সন বা কমিশন হইতে বৈধ ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাকে উপ-ধারা (৩) এর অধীন ক্ষমতা প্রয়োগে কোন ব্যক্তি বাধা প্রদান করিলে বা উক্ত উপ-ধারার অধীন প্রদত্ত কোন নির্দেশ ইচ্ছাকৃতভাবে কোন ব্যক্তি অমান্য করিলে উহা এই আইনের অধীন একটি দণ্ডনীয় অপরাধ হইবে এবং উক্ত অপরাধের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি অনূর্ধ্ব ৩(তিন) বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয় প্রকার দণ্ডে দণ্ডনীয় হইবেন।

৯। চেয়ারপার্সন ও সদস্যের অপসারণ।—(১) সরকার চেয়ারপার্সন বা কোন সদস্যকে তাহার পদ হইতে নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে অপসারণ করিতে পারিবেন, যদি তিনি—

- (ক) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন;
- (খ) পারিশ্রমিকের বিনিময়ে স্বীয় দায়িত্ব বহির্ভূত অন্য কোন পদে নিয়োজিত হন;
- (গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হন;
- (ঘ) নৈতিক স্থলনজনিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হন;
- (ঙ) শারীরিক বা মানসিকভাবে তাহার দায়িত্ব পালনে অক্ষম হন; বা
- (চ) সরকারের বিবেচনায় তাহার পদমর্যাদার এইরূপ অপব্যবহার করিয়া থাকেন, যাহাতে তাহার উক্ত পদে বহাল থাকা জনস্বার্থের পরিপন্থী।

(২) চেয়ারপার্সন বা কোন সদস্যকে কারণ দর্শাইবার যুক্তিসংগত সুযোগ না দিয়া উপ-ধারা (১) এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

১০। চেয়ারপার্সন ও সদস্যগণের পদমর্যাদা, পারিশ্রমিক ও সুবিধাদি।—চেয়ারপার্সন ও সদস্যগণের পদমর্যাদা, পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

১১। কমিশনের সভা।—(১) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, কমিশন উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) প্রতি ৪ (চার) মাসে কমিশনের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান চেয়ারপার্সন কর্তৃক নির্ধারিত হইবে :

তবে শর্ত থাকে যে, কমিশন, বিশেষ প্রয়োজনে, যে কোন সময় উহার জরুরী সভা আহ্বান করিতে পারিবে।

(৩) চেয়ারপার্সন কমিশনের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক নির্বাচিত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) চেয়ারপার্সন এবং অন্যান্য ২(দুই) জন সদস্যের উপস্থিতিতে কমিশনের সভার কোরাম গঠিত হইবে।

(৫) কমিশনের সভায় সিদ্ধান্ত গ্রহণে চেয়ারপার্সন এবং প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের অধিকার থাকিবে।

(৬) শুধুমাত্র কোন সদস্যপদে শূন্যতা বা কমিশন গঠনে ত্রুটি থাকিবার কারণে কমিশনের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৭) প্রত্যেক সভার কার্যবিবরণী সভার সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে এবং উক্ত সভার পরবর্তী ২০(বিশ) দিনের মধ্যে উহার একটি কপি সরকারের নিকট প্রেরণ করিতে হইবে।

১২। কমিশনের সচিব, কর্মকর্তা ও কর্মচারী, ইত্যাদি।—(১) কমিশনের একজন সচিব থাকিবেন, যিনি সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(২) এই আইনের অধীন কমিশন উহার কার্যাবলিসুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(৩) কমিশনের কর্মকর্তা ও কর্মচারীর বেতন, ভাতা ও চাকুরীর অন্যান্য শর্তাদি বিধি দ্বারা নির্ধারিত হইবে :

তবে শর্ত থাকে যে, সরকার, কমিশনের অনুরোধমুখে, প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন কর্মকর্তা ও কর্মচারীকে কমিশনে প্রেরণে নিয়োগ করিতে পারিবে।

১৩। চেয়ারপার্সন এবং সদস্যদের কার্যভার ত্যাগ করার পর কতিপয় নিয়োগের ক্ষেত্রে বিধিনিষেধ।—চেয়ারপার্সন এবং কোন সদস্য তাহার কার্যভার ত্যাগ করার ১(এক) বৎসর সময়ের মধ্যে এমন কোন ব্যবসা প্রতিষ্ঠানে নিযুক্ত হইতে পারিবেন না বা এমন কোন ব্যবসা প্রতিষ্ঠানের প্রশাসন বা ব্যবস্থাপনার সহিত সম্পৃক্ত হইতে পারিবেন না, যাহা এই আইনের অধীন কমিশনের সম্মুখে কোন কার্যধারার পক্ষ ছিল বা আওতায় আসিতে পারে।

১৪। কমিশন এবং সংবিধিবদ্ধ সংস্থার মধ্যে মতামত বিনিময়।—(১) কোন সংবিধিবদ্ধ সংস্থার কার্যক্রম বা উক্ত সংস্থা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এই আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক হইতে পারে মর্মে কোন ব্যক্তি আপত্তি উত্থাপন করিলে বা উক্ত সংবিধিবদ্ধ সংস্থা স্বীয় উদ্যোগে উক্ত কার্যক্রমের উপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত কার্যক্রমের ধারাবাহিকতা স্থগিত রাখিয়া উত্থাপিত আপত্তিটি কমিশন বরাবরে প্রেরণ করিতে পারিবে।

(২) কমিশন উপ-ধারা (১) এ উল্লিখিত বিষয় কোন সংবিধিবদ্ধ সংস্থা হইতে প্রাপ্তির পর অনূর্ধ্ব ৬০(ষাট) দিনের মধ্যে উহার মতামত উক্ত সংবিধিবদ্ধ সংস্থার নিকট প্রেরণ করিবে এবং উক্ত সংস্থা মতামতটি বিবেচনাক্রমে উহার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে বা চলমান কার্যক্রম পরিচালনা করিবে।

